শুদ্ধিতত্ত্বম্।

স্মার্ত্ত-শ্রীরঘুনন্দন-ভট্টাচার্য্য-প্রণীতম্।

মহামহোপাধ্যায়-শ্রীকাশিরাম-বাচস্পতি-
বিরচিতয়া টীকয়া সহিতম্
কলিকাতা-রাজকীয় সংস্কৃতপাঠশালাত্তম-
সংস্কৃতাধ্যাপক-বিদ্যোদয়-সম্পাদক
ভট্টপল্লীবাস্তব্য-
পণ্ডিত-শ্রীহৃষীকেশ-শাস্ত্রিণা
বঙ্গভাষয়ানূদিতং সম্পাদিতঞ্চ।

কলিকাতা,
৩৮।২ নং ভবানীচরণ দত্তের ষ্ট্রীট, "বঙ্গবাসী" ইলেক্‌ট্রো-মেসিন-প্রেসে
শ্রীনটবর চক্রবর্ত্তী কর্ত্তৃক
মুদ্রিত ও প্রকাশিত।

১৩১৫ সাল।

মূল্য ৩৲ তিন টাকা।

বিজ্ঞাপন।

প্রসিদ্ধ-স্মার্ত্ত-মহামহোপাধ্যায়-শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্য-প্রণীত শুদ্ধিতত্ত্ব নামক সুপ্রসিদ্ধ নিবন্ধ, অদ্য মহামহোপাধ্যায় শ্রীকাশিরাম বাচস্পতিকৃত সংস্কৃত টীকা, এবং মৎপ্রণীত বঙ্গভাষায় লিখিত অনুবাদ ও ব্যাখ্যানের সহিত প্রকাশিত হইল। রঘুনন্দনকৃত অষ্টাবিংশতিতত্ত্বগুলিকে এই ভাবে প্রকাশকরা আমার সঙ্কল্প; তন্মধ্যে তিনখানি মাত্র প্রকাশিত হইল, বাকী এখনও পঁচিশখানি। যদি আমার উপর শ্রীভগবানের কৃপাদৃষ্টি থাকে, বঙ্গবাসীর বর্ত্তমান স্বত্বাধিকারী পরম স্নেহাস্পদ শ্রীমান্ বরদাপ্রসাদ বসুকে তিনি সর্ব্বপ্রকার কুশলে রাখেন এবং সহৃদয় পাঠকবৃন্দের যদি এই ভাবে প্রকাশিত রঘুনন্দনের নিবন্ধগুলি রুচিকর হইতেছে বলিয়া জানা যায়, তবে অবশিষ্ট নিবন্ধগুলি যে, অতি অল্প কালের মধ্যেই প্রকাশিত হইবে, তাহাতে সন্দেহ নাই।

কম্পোজ করিবার সুবিধা হইবে বলিয়া, এই শুদ্ধিতত্ত্বের মূল ও টীকা অংশটুকু স্মৃতিশাস্ত্রে বিশেষ ব্যুৎপন্ন পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ মহাশয় কর্ত্তৃক সমুদ্রিত পুস্তক হইতেই সংগ্রহ করা হইয়াছে, এজন্য শ্রীযুক্ত স্মৃতিভূষণ মহাশয়ের নিকট সম্পূর্ণ কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি। তবে এস্থলে ইহাও বক্তব্য যে, তাঁহার মুদ্রিতপুস্তকে মূলে গদ্য পদ্য একসা ক'রেই প্রকাশিত হইয়াছে, পাঠকগণের বোধসৌকর্য্যার্থ আমি এই পুস্তকে গদ্যকে গদ্য এবং পদ্যকে পদ্যাকারেই প্রকাশ করিয়াছি। আর একটি কথা, তাঁহার মুদ্রিত পুস্তকের অধিকাংশ স্থলে "প্যারা" বিভাগ বিষয়ে সম্পূর্ণ বিশৃঙ্খলতাই লক্ষিত হয়, আমরা সে দোষ শোধরাইবার অনেকটা চেষ্টা করিয়াছি, তবে কতদূর কৃতকার্য্য হইয়াছি বলিতে পারি না। তার পর অনুবাদের কথা, ইহা ভালই হোক, আর মন্দই হোক সম্পূর্ণ আমার নিজস্ব; পূর্ব্ব প্রকাশিত উদ্বাহতত্ত্ব এবং তিথিতত্ত্বের অনুবাদে যেরূপ পরিশ্রম করিয়াছি, তদপেক্ষা অধিক পরিশ্রম এবং যত্নসহকারেই এই শুদ্ধিতত্ত্বের অনুবাদ করিয়াছি, তবে "আ পরিতোষাদ্ বিদুষাং ন সাধু মন্যে প্রয়োগবিজ্ঞানম্" যে পর্য্যন্ত ইহা পাঠ করিয়া সহৃদয়গণের পরিতোষলাভ না হয়, সে পর্য্যন্ত নিজের

পরিশ্রমকে সফল মনে করিতে পারিতেছি না। যাহাহোক, আমি সাধ্যানুসারেই এই পুস্তকখানিকে সম্পূর্ণরূপ বিশুদ্ধভাবে মুদ্রিত করিতে চেষ্টা করিয়াছি, এবং সে বিষয়ে বঙ্গবাসীর শাস্ত্রপ্রকাশবিভাগের অধিকৃত পণ্ডিত মহাশয়গণ ইহার প্রুফসংশোধন কার্য্যে সম্পূর্ণ সহায়তা করিয়াছেন। তাঁহারা দয়াপরবশ হইয়া সেরূপ সহায়তা না করিলে, আমি যে কতকালে এই পুস্তকখানিকে লোকসমাজে প্রকাশ করিতে সমর্থ হইতাম, তাহা বলিতে পারি না। এইজন্য তাঁহাদিগকে অসংখ্য ধন্যবাদ দিতেছি।

শ্রীহৃষীকেশ শর্ম্মা।

ভূমিকা।

আজ কাল আমাদের মধ্যে সর্বাণ বিকৃতভাবের প্রাদুর্ভাব পরিলক্ষিত হইলেও স্ত্রীলোকের মধ্যে ব্রত নিয়ম প্রভৃতি নিত্য নৈমিত্তিক ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান এবং সাধারণতঃ অশৌচ গ্রহণ, এইরূপ কতকগুলি কার্য্য এখনও সম্পূর্ণরূপে বিলোপ প্রাপ্ত হয় নাই। এক্ষণে লোকে শ্রদ্ধাতেই হৌক্, বা অশ্রদ্ধাতেই হৌক্ যাহা কিছু ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করে, তাহা কিন্তু ব্যবস্থাপক সুপণ্ডিত পুরোহিতের অভাবে, ঠিক নিয়মিতরূপে সম্পাদিত হয় না বলিয়া, আমরা প্রথমে অতি সরল বঙ্গলা অনুবাদের সহিত তিথিতত্ত্ব প্রকাশিত করিয়াছি, এক্ষণে অশৌচগ্রহণবিষয়ক ব্যবস্থাপ্রার্থীগণ অনেকস্থলে ঠিক শাস্ত্রানুযায়ী ব্যবস্থা প্রাপ্ত হয় না, দেখিতে পাই বলিয়া, সেইরূপ সকলের অনায়াস বোধগম্য বাঙ্গালা অনুবাদের সহিত এই শুদ্ধিতত্ত্ব প্রকাশ করিলাম। দূরস্থিত অজ-পল্লীগ্রামের কথা বলিতেছি না, এই বহু পণ্ডিতপূর্ণ মহানগরী কলিকাতার মধ্যেই দেখিয়াছি, কোন ব্রাহ্মণ-প্রসূতির একটি কন্যা জন্মের দুই একদিন পরে একটি সাত আট বৎসর বয়স্ক পুত্রের মৃত্যু হইলে প্রসূতি ঐ পুত্রমৃত্যুর দশ দিনের দিনই অশৌচান্তকৃত্য করিয়া শুদ্ধ হইল, কিন্তু এবং একাদশ দিনের দিন পুরোহিত ঠাকুর আসিয়া নবজাত কন্যার ষষ্ঠী পূজা করিয়া শান্তিজল প্রদানপূর্ব্বক সব শুদ্ধ করিয়া গেলেন। স্থানবিশেষে ইহাও দেখিতে পাওয়া যায়, কোন কোন ব্রাহ্মণপ্রসূতি এককালে পুত্র ও কন্যা যমজ দুইটি সন্তান প্রসব করিয়াও একুশ দিনের দিন ষষ্ঠীপূজা এবং শান্তিজল লইয়া শুদ্ধ সাব্যস্ত হন। পুরোহিত মহাশয়গণ কোন আপত্তিই উত্থাপন করেন না। যখন উচ্চবর্ণ ব্রাহ্মণের ঘরে এই ব্যবস্থা চলিয়াছে, তখন অপর বর্ণের মধ্যে যে কীদৃশ বিশৃঙ্খলতা ঘটিতেছে, তাহা সহজেই

অনুমেয়। এই সকল বিশৃঙ্খলতা নিবারণের আশা করিয়াই অদ্য আমরা এই শুদ্ধিতত্ত্ব মূল, টীকা, এবং অতি সরল বঙ্গানুবাদের সহিত প্রকাশ করিলাম। কারণ, শুদ্ধিতত্ত্বে সকল বর্ণের সকল প্রকার অশৌচের কথা অতি বিস্তৃতভাবেই আলোচিত হইয়াছে এবং ঐ সকল বাক্যের অনুবাদ এত সরল বাঙ্গালায় করা হইয়াছে যে, অক্ষর-পরিচয়মাত্রসম্পন্ন মহিলাগণও ইহা পাঠ করিয়া আপনাদের আপনাদের অশৌচ স্থির করিয়া লইতে পারিবেন, বিজ্ঞলোকের ত কথাই নাই। উপরে অশৌচের প্রসঙ্গ তুলিয়াছিলাম বলিয়াই, অশৌচ সম্বন্ধে এত অধিক কথা বলিলাম, নতুবা শুদ্ধিতত্ত্বে কেবল যে অশৌচের কথাই আছে, তাহা নহে। ইহাতে (১) স্ত্রীদিগের স্বামীর সহগমন, (২) স্বামীর অনুগমন, (৩) যোগসিদ্ধি প্রকরণ, (৪) কর্ম্মসকলের স্বভাবতঃ বহুফলোৎপাদকত্ব কথন, (৫) অশৌচসঙ্কর, (৬) গুরু অশৌচের সহিত মিলনে লঘু অশৌচের বৃদ্ধি, (৭) পূর্ব্ব উৎপন্ন পূর্ণাশৌচ কিরূপ স্থলে আরও অধিক দুইদিন, আর কিরূপ স্থলেই বা আরও অধিক তিনদিন বৃদ্ধি পাইবে, তাহার নিরূপণ (৮) অশৌচান্তাদিনের কর্ত্তব্য কর্ম্ম ; (৯) জননাশৌচকালে ক্ষৌরকর্ম্মের ব্যবস্থা, (১০) অপর অশৌচের মধ্যেও যে নবজাত পুত্রের জাতকর্ম্মাদি করা যাইতে পারে, তাহার ব্যবস্থা, (১১) গর্ভস্রাব জন্য অশৌচের ব্যবস্থা, (১২) স্ত্রী বালক এবং সন্তানদিগের অশৌচনিরূপণ, (১৩) পূর্ব্বযুগে প্রচলিত সন্তানসম্বন্ধীয় অশৌচের কলিকালে অপ্রচলন, (১৪) পক্ষিণীর লক্ষণ, (১৫) বিদেশস্থ ব্যক্তির মৃত্যু-আদি জন্য অশৌচ, (১৬) সপিণ্ড প্রভৃতির অশৌচ, (১৭) অশৌচকালে সন্ধ্যাদিনিত্যকর্ম্ম বর্জ্জনের কথা, এবং অশৌচী ব্যক্তির নিকট হইতে গ্রাহ্য বস্তুর নির্ণয়, (১৮) মৃত্যুর প্রকারভেদে অশৌচের প্রকারভেদ নিরূপণ, (১৯) সদ্যঃশৌচের বিচার, (২০) শবানুগমন জন্য অশৌচ, (২১) যেরূপ অশৌচে অশুচির শরীর যতকাল অস্পৃশ্য থাকিবে, তাহার নির্ণয়, (২২) দ্রব্যশুদ্ধির বিচার, (২৩) সূতিকার স্পর্শজন্য অস্পৃশ্যত্বের কথা, (২৪) একাদিনে সপিণ্ডদ্বয়ের মৃত্যু জন্য অশৌচের কথা, (২৫) মুমূর্ষুর কর্ত্তব্য, (২৬) কুশপুত্তলদাহের ইতি-কর্ত্তব্যতা, (২৭) স্নান হইতে তর্পণমাত্র পর্য্যন্ত প্রেত-ক্রিয়াতে মাত্র

উত্তরীয় বস্ত্রগ্রহণের অনাবশ্যকতানিরূপণ, (২৮) প্রেততর্পণাদিতে পিত্রাদি সম্বন্ধবোধক পদ ব্যবহারের অনাবশ্যকতা কথন, (২৯) যজুর্ব্বেদীয়গণের তর্পণরীতি, (৩০) শোকাপনোদন, (৩১) রাত্রিকালেও পূরকপিণ্ডদানের ব্যবস্থা, (৩২) অশৌচান্তের পরদিনে কর্ত্তব্য ষোড়শদান ও বৃষোৎসর্গ প্রভৃতি কর্ম্মের নিরূপণ, (৩৩) যথাক্রমে প্রেতকার্য্যে অধিকারীদিগের নির্দ্দেশ, (৩৪) সপিণ্ডাদিভেদে অশৌচের নিরূপণ, (৩৫) (১) পূর্ব্বোল্লিখিত ব্যবস্থা সকলের সংক্ষেপে সারসংগ্রহ, (৩৬) এবং অন্ত্যেষ্টিক্রিয়ার পদ্ধতি; এই ছত্রিশটী বিষয়ের প্রধানতঃ আলোচনা করা হইয়াছে এবং প্রসঙ্গক্রমে উত্থিত অপরাপর অনেক অবশ্যজ্ঞাতব্য কথারও আলোচনা করা হইয়াছে। আমরা বারম্বার বলিয়া আসিতেছি, রঘুনন্দন এইরূপ পাণ্ডিত্যের সহিত নিবন্ধগুলি নির্ম্মাণ করিয়াছেন যে, তাঁহার একখানি মাত্র নিবন্ধ অভিনিবেশ সহকারে পাঠ করিলেই স্মৃতি শাস্ত্রে মোটামুটি একপ্রকার অভিজ্ঞতা জন্মে। আর একটু পরেই প্রদর্শিত এই শুদ্ধিতত্ত্বেরই সূচিপত্র দেখিয়া পাঠকগণ বুঝিতে পারিবেন, এই শুদ্ধিতত্ত্ব পাঠ করিলে কতগুলি জ্ঞাতব্য বিষয়ে অভিজ্ঞতা লাভ হয়।

এক্ষণে এই শুদ্ধিতত্ত্বের মূলতত্ত্ববিষয়ে দুইএকটি কথা বলিয়াই এই ভূমিকার উপসংহার করিব। শ্রুতিতে বলা হইয়াছে "শুচি তৎকালোপজীবী কর্ম্ম কুর্য্যাৎ" ধর্ম্মশাস্ত্রসমূহে যে সকল কর্ম্মানুষ্ঠানের বিধান করা হইয়াছে, সেই সকল কর্ম্মে অধিকার লাভের প্রতি দুইটি কারণ, (১) কর্ম্মানুষ্ঠানকারীর শুচিতা, (২) কর্ম্মানুষ্ঠানকালে তাহার বেঁচে থাকা, অর্থাৎ কর্ম্মানুষ্ঠানকালে কর্ত্তা ব্যক্তি শুচি হইয়া বেঁচে থাকিলেই, স্মৃতিশ্রুতিবিহিত কর্ম্মকলাপানুষ্ঠানে অধিকারী বা সমর্থ হইবে, কেবল তাহা নহে; তথাবিধ সমর্থ হইয়া অবশ্যকর্ত্তব্য কর্ম্ম না করিলে পাপ-

(১) এস্থলে বক্তব্য এই যে, প্রমাদবশতঃ আমাদের বিষয় প্রতিজ্ঞার অনুবাদে একটা বড়ই ত্রুটি হইয়াছে। বিষয়ের সংখ্যা ৩৬ না লিখিয়া ৩৫ লেখা হইয়াছে এবং সংক্ষেপকে একটি স্বতন্ত্র বিষয়রূপে উল্লেখ না করিয়া, সংক্ষিপ্ত 'অন্ত্যেষ্টিক্রিয়া' এইরূপ ভুল লেখা হইয়াছে। ৪ পৃষ্ঠার শেষ পংক্তি দেখুন।

ভাগীও হইবে ; কাজেই উক্তরূপ কর্ম্মাধিকারিগণের শুচিতা কি প্রকারে উৎপন্ন হয়, তাহা জ্ঞাপন করাই শুদ্ধিতত্ত্বের মূলতত্ত্ব। শুচিতা বলিতে বৈদিক কর্ম্মে অধিকারিত্ব-সম্পাদক ধর্ম্মবিশেষ। ইহা বর্ণাশ্রমীদিগের একপ্রকার স্বাভাবিক ধর্ম্মও বটে এবং যত্নসাধ্যও বটে। অনেক সময় স্বাভাবিক শুচিতা অশৌচ দ্বারা অন্তর্হিত হইয়া পড়ে, তখন আবার ক্রিয়াবিশেষ দ্বারা পুনর্ব্বার তাহার লাভ ব্যতিরেকে কর্ম্মানুষ্ঠান করিতে পারা যায় না, এইজন্য উহাকে যত্নসাধ্য ধর্ম্মও বলিতেছি। অশুচিতা বা অশৌচও আর একটি ধর্ম্ম, যাহার উৎপত্তিতে বৈদিক-কর্ম্মানুষ্ঠানযোগ্যতার সম্পাদক শুচিতার অন্তর্দ্ধান হয়। সুতরাং ইহাকে একটি আগন্তুক অথচ যত্নসাধ্য ধর্ম্ম বলিয়া নির্দ্দেশ করা যাইতে পারে. এই অশুচিতা মনুষ্যশরীরে নানাকারণে প্রবেশ লাভ করে বলিয়া, উহাও নানা প্রকারে পরিগণিত হইয়াছে। কি কি অশুচিতা কত কাল পর্য্যন্ত পূর্ব্বোক্ত স্বাভাবিক শুচিতাকে দুর্ব্বল করিয়া রাখে এবং কোন কোন ক্রিয়া দ্বারাই বা কর্ম্মানুষ্ঠাতৃগণ নিজ শরীরে আবিষ্কৃত ঐ সকল অশুচিতার নাশ করিয়া পুনর্ব্বার স্বকীয় স্বাভাবিক শুচিতা বা শুদ্ধিলাভ করিতে সমর্থ হয়, এই গ্রন্থে এই বিষয়েরই প্রধানরূপে আলোচনা করা হইয়াছে বলিয়া ইহার নাম "শুদ্ধিতত্ত্ব" এবং এই জন্যই ইহার প্রারম্ভে বিস্তৃতভাবে অশৌচের আলোচনা করা আবশ্যক হইয়াছে। অশৌচ সকলের মধ্যে আবার সপিণ্ডাদির জন্ম-মৃত্যুই নিবন্ধন অশৌচই প্রধান। এই জন্যই শুদ্ধিতত্ত্বের প্রারম্ভেই জন্ম-মৃত্যু জন্য অশৌচের বিস্তৃতভাবে আলোচনা করা হইয়াছে। তাই বলি, শুদ্ধিতত্ত্ব নিবন্ধখানি হিন্দুদিগের নিত্যনৈমিত্তিক ক্রিয়াকলাপ অনুষ্ঠানের পক্ষে প্রধান সহায়। আপনার শরীরে শুচিতা বা অশুচিতা বিদ্যমান আছে, ইহা ভালরূপে না জানিয়া কর্ম্ম করিলে, অনেক সময় সেই সেই কর্ম্মানুষ্ঠান জন্য শারীরিক ক্লেশ ও অর্থব্যয় সকলই বৃথা হইবার সম্ভাবনা। অশুচি অবস্থায় কর্ম্ম করিলে সে কর্ম্ম যে সম্পূর্ণরূপে নিষ্ফল হয়; তাহা কি আর বলিতে হইবে ? এই কারণে বৈদিককর্ম্মচিকীর্ষু ব্যক্তি মাত্রেরই এক এক খানি শুদ্ধিতত্ত্বের পুস্তক নিজস্ব করিয়া রাখা উচিত।

এস্থলে অনুবাদের কথাটার উল্লেখ করিলে নিতান্ত অসঙ্গত হইবে না। এই অনুবাদটি অনেক সাবধানতা সহকারেই করা হইয়াছে। তথাপি ইহার অনেক স্থলে অনেক প্রকার প্রমাদ থাকিবারই খুব সম্ভাবনা; অথবা সম্ভাবনা কেন বাস্তবিকও ঘটিয়াছে; যেহেতু মনুষ্য মাত্রেই ভ্রমের অধীন। তাই পরিশেষে পণ্ডিতমণ্ডলীর নিকট বদ্ধাঞ্জলি হইয়া বিনীতভাবে প্রার্থনা করিতেছি, এই অনুবাদের যে যে স্থলে তাঁহারা ভ্রমপ্রমাদ দর্শন করিবেন, নিজ মহত্ত্বগুণে সংশোধন করিয়া লইবেন, অধিক আর কি বলিব? ইতি তাং ৫ই আশ্বিন, ১৩১৫ সাল।

শ্রীহৃষীকেশ শর্ম্মা।

ভাটপাড়া।

সূচিপত্রম্।

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
অকৃতপ্রায়শ্চিত্তমৃতস্য প্রায়শ্চিত্তবিধানম্	২৪২ । ৫
অঙ্গারলবণনিরূপণম্	৩৬৯ । ১
অঙ্গারলক্ষণভক্ষণব্যবস্থা	৩৬৮ । ৫
অগ্নিদাতুঃ পূরকপিণ্ডদাতৃত্বনিয়মঃ	৩৮২ । ৩
অঘবৃদ্ধিমদশৌচনিরূপণম্	৫৩ । ২
অঙ্গাস্পৃশ্যত্বজনকাশৌচম্	২৮০ । ৪
অঙ্গাস্পৃশ্যত্বং পুত্রজন্মনি পিত্রাদীনাম্	২৭৮ । ৮
অঙ্গাস্পৃশ্যত্বমেকদিনপাতিত্বে সপিণ্ডমরণাশৌচদ্বয়স্য	২৭৯ । ৮
অদুষ্টপ্রতিগ্রহঃ	৫৪৯ । ৭
অনুপনীতস্যাপি শ্রাদ্ধমন্ত্রপাঠাধিকারঃ	৬১২ । ৪
অনুমরণম্	১০ । ৩
অন্তর্জলাচারাভাবঃ কূপতড়াগাদৌ	২৯৩ । ১
অন্তেবাসিলক্ষণম্	৪৩৩ । ৯
অন্ত্যেষ্টিক্রিয়া কুষ্ঠরোগিণঃ	২৪০ । ১
অন্ত্যেষ্টিক্রিয়াদাবগ্রাহ্যাগ্নিনিরূপণম্	৩১৫ । ২
অন্ত্যেষ্টিপদ্ধতিঃ	৩০৯ । ৯, ৩১৭ । ৬, ৭৩৪ । ৭
অপাত্রদানদোষঃ	৫১৫ ৮
অপুত্রায়াঃ সপিণ্ডীকরণনিষেধঃ	৬৬০ । ১, ৬৬৭ । ৩
অপ্রতিগ্রাহ্যবস্তুকথনম্	৫৪৩ । ১১
অবিভক্তভ্রাতৄণাং পরস্পরং দানপ্রতিগ্রহনিষেধঃ	৫১৭ । ৮
অশুচীনি দশরাত্রং যাবৎ	২৬৯ । ৪
অশুচিদ্রব্যশোধনপ্রকারঃ	২৭৬ । ৮
অশুচিস্পৃষ্টদ্রব্যবিশেষাণাং শুদ্ধিকথনম্	২০৫ । ৭
অশুচ্যন্নভোজনস্য জ্ঞানপূর্ব্বকত্বে প্রায়শ্চিত্তম্	১০৯ । ১

বিষয়ঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।

অশুদ্ধভূম্যাদিশোধনপ্রকারঃ	২৯৭ ২
অশৌচকর্ত্তব্যকর্ম্মাণি	১' । ৩, ১৪ ৫, ২০৩। ৫
অশৌচম্বাবৈব নিমিত্তানাং সাঙ্কর্য্যব্যবস্থা.	১০১ । ১, ১০৬ । ৩
অশৌচানিষিদ্ধকর্ম্মাণি	২০০ ' ৬, ৪১০ । ৭
অশৌচপ্রতিপ্রসবঃ	২1০ । ৩
অশৌচবিচারস্য সংক্ষেপঃ	৭১০ । ৬
অশৌচশৌচয়োঃ স্বরূপনিরূপণম্	৭৮ । ১
অশৌচসাঙ্কর্য্যম্ ৪৮।৭, ৬০ ৪, ৬১'৪, ১১৬।১, ১৮ । ৭, ১'৪ ' ১০, ৭১০ । ৭	
অশৌচান্তদিনকর্ত্তব্যানি	৭১ । ৩
অশৌচান্তদ্বিতীয়দিনকৃত্যানি	৬ ১, ৪১৮ ৩
অশৌচেঽগ্নিহোত্রার্হতা	৮৪ । ৮
অশৌচে পূরকপিণ্ডদানস্য বক্ত্ব্যতা	১১ । ১
অশৌচম্ অতিক্রান্তকালশ্রবণজম্	১৯৪ ৫
„ অন্যপূর্ব্বাসংসর্গজন্যম্	২২০ । ৭
„ অপরিণীতশূদ্রাগর্ভজন্যম্	২২১ । ৬
„ অশুচিসঙ্গজন্যম্	১৪৬ । ৫
„ ক্ষতনিবন্ধনমৃত্যুজন্যম্	২৪৪ । ১
„ গর্ভস্রাবজন্যম্	১৩৫ । ১, ৭১৮ । ৫
„ জন্মজন্যম্	৬১ । ৬
„ জাতমৃত্যুজন্যম্	১৩৬ । ৬
„ দন্তজননাৎপ্রাঙ্মৃত্যুজন্যম্	১৭৫ । ১
„ নৃপতিরহিতযুদ্ধে মৃত্যুজন্যম্	২৪৩ । ৬
„ পৃথক্পিতৃজাতপুত্রয়োঃ পরস্পরম্	২১৮ ১
„ প্রতিলোমজাতসম্বন্ধি	১৬৬ । ০
„ প্রভুগুরুসম্বন্ধি প্রৈষ্যশিষ্যয়োঃ	৪৩২ । ১
„ বালাদিসম্বন্ধি	১২৬ । ১, ৭২১ । ৪
„ ব্রাহ্মণার্থে হতানাং মৃত্যুজন্যম্	২৪৩ । ৩
„ ভোজনকালে অশুচিদ্রব্যস্পর্শজন্যম্	২২৫ । ১

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।

অশৌচম্ মরণজন্যম্	৬০। ৪
„ মরণজন্যং শূদ্রাণাম্	১৬০। ১০, ১৬১। ১, ১৬৪। ৫
„ মাতামহাদিমরণজন্যম্	২০৭। ১
„ মৃত্যুবিশেষজন্যম্	২২৬। ৫, ৭২৮। ৫
„ রজস্বলাত্বনিবন্ধনম্	১৪০। ৩
„ বিদেশস্থমৃত্যুজন্যম্	১৯১। ৩, ৭১৭। ৪
„ শবানুগমনাদিজন্যম্	২৫৯। ৭, ৭৩১। ৩
„ শস্ত্রেণাভিমুখহতস্য মৃত্যুজন্যম্	২৪২। ৮
„ সহগমনাদিসম্বন্ধি	২৮২। ১
„ সদ্যঃশুদ্ধিজনকম্ ২০। ১, ২৪৬। ১, ৪৫৮। ১, ৬০২।১, ৬৩১। ১	
„ সপিণ্ডাদিসম্বন্ধি	২১৭। ৩, ৭২৫। ১
„ সূতিকাস্পর্শজন্যম্	৮১। ৬, ২৭৮। ৫
„ স্বগৃহে অসপিণ্ডাদিমৃত্যুজন্যম্	২১৭। ৩
„ স্ত্রীসম্বন্ধি	১৪২। ৫, ৭২০। ১
অশ্রুতপূর্ব্বাশৌচনিমিত্তকালাদুপরি স্বকালমধ্যে শ্রুতস্য পর-নিমিত্তস্যাশৌচকালত্বম্	১১২। ৩
অস্থিক্ষেপপ্রয়োগঃ	৩২২। ১, ৭৪৪। ৩
অস্থিসঞ্চয়নকালঃ	২৬৭। ৪
আচারঃ সদাচারিশূদ্রাণাম্	১৬৪। ৬
আচার্য্য-লক্ষণম্	৫৯৫। ৬
আতিবাহিকদেহাদিবিবরণম্	৩৮৪। ১, ৩৮৫। ৬
আতুরস্য প্রেতস্নানবিধিঃ	৩৬। ৬
আত্মভোগমাত্রার্থং প্রতিগ্রহনিষেধঃ	৫৫০। ৪
আদ্যশ্রাদ্ধেতিকর্ত্তব্যতা	৪৭৭। ১
আহতবস্ত্রলক্ষণম্	৫৯৬। ৩
ইদানীন্তনক্ষত্রিয়াদীনামপি শূদ্রত্বম্	১৬৩। ৫
ইষ্টতমবস্তুপ্রদানফলম্	৫৫৩। ১
উত্তরচ্ছদধারণাবশ্যকতা	৩০৮। ৪

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
উদকদানানধিকারিণঃ	৬৬২ । ৪
উপনয়নকালঃ	১৬৫ । ৭
উভয়মুখীগোদানফলম্	৫৫৬ । ২
ঋত্বিগ্বৃত্তেনিরূপণম্	৩৯৭ । ১
ঋণত্রয়-তন্মুক্ত্যুপায়কথনম্	৮৬ । ৪
একদিনগম্যদেশস্থায়াঃ সাধ্ব্যা ভর্ত্তৃমরণে কর্ত্তব্য	১৫ । ৩
ওঁতৎসদিত্যস্যোচ্চারণফলম্	৫৬৯ । ৩
কন্যানুপনীতবালকয়োরপি বৃষোৎসর্গাধিকারঃ	৬২৬ । ২
কলিকালনিষিদ্ধকর্ম্মাণি	৮৯।২, ৫৫২ । ২
কুলবধূকার্য্যাণি	৩১১ । ৯
কেশশ্মশ্রুধারণফলম্	৭৪ । ৭
ক্ষৌরকর্ম্মাবসরাঃ	৭৩ । ১
খননব্যবস্থা মৃতদেহ...ার্থম্	১০৩ । ৭
গবাং ষণ্মঙ্গলানি	৭৭ । ৮
গান্ধারীধৃতরাষ্ট্রসংবাদঃ	৪১ । ৫
গুরূণাং গণনম্	৫৫ । ৬
জননমরণনিমিত্তাবধারণস্য ভ্রমপ্রমাসাধারণ্যোনাশৌচ-কারণত্বম্	১১৭ । ১
জলাদিনানাবস্তুদানফলানি	৫৫৯ । ৪, ৫৬৭ । ৭
তামসদানাদানরূপণম্	৫০৮ । ৩
তিলতর্পণবিহিতাবসরাঃ	৩৪৪ । ৭
ত্রিপক্ষগণনাপ্রকারঃ	৪৫০ । ২
ত্রিপুষ্করাশান্তিঃ	২৯২ । ৩
দক্ষিণাদানপ্রকরণম্	৫৩৯ । ৯, ৫৪৩ । ৯
দশাহাভ্যন্তরে গঙ্গায়ামস্থিক্ষেপফলম্	০২০ । ৬
দানকালবিশেষকথনম্	৫০৫ । ১
দানগ্রহণপ্রকারঃ	৫৩৭ । ৭, ৫৪৯ । ৩
দানপাত্রলক্ষণম্	৫০৪ । ১

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
দানপাত্রস্তোত্তমত্বম্	৫০৪ । ৩
দানপাত্রাতিক্রমে দোষঃ	৫১৫ । ২
দানপ্রকরণম্	৪৮১ । ১
দানফলম্—ভূমেঃ	৫৫৮ । ১
,, বিদ্যায়াঃ	৫৫৩ । ১
,, বৈতরণ্যাঃ	৫৬৮ । ১০
,, শালগ্রামশিলায়াঃ	৫৫৬ । ২
দানানুষ্ঠানপ্রকারঃ	৫১৮ । ৪, ৫২১ । ২, ৫২৮ । ৪, ৫৩৪ । ২
দানোপসর্গঃ	৫৩৪ । ৩, ৫১৭৩ । ৬
দারাপুত্রবিক্রেয়বিধিনিষেধৌ	৫০৬ । ৬
দারিদ্র্যপ্রাপ্তস্থ ব্রাহ্মণস্থ সর্বতঃ প্রতিগ্রহবিধানম্	৫৫১ । ৬
দিনদ্বয়াদিবর্দ্ধিত-সপিণ্ডমরণাশৌচৈকাদশদ্বাদশদিনয়োঃ পিত্রাদিমহাগুরুমরণে শুদ্ধিব্যবস্থা	৯৫ । ১
দেবদত্তবস্তূনাং ব্রাহ্মণসাৎকরণম্	৫৫৭ । ৯
দেয়বস্তূনাং দেবতাকথনম্	৫২৯ । ৪
দেশাচারস্থ প্রাবল্যকথনম্	১৯৩ । ৭
দ্রব্যশুদ্ধিঃ	২৭০ । ৯
দ্রব্যাণি নিত্যশুদ্ধানি	২৭৪ । ১
নগ্নদেহ-দাহনিষেধঃ	৩১৮ । ৬
নগ্নভেদনিরূপণম্	৩০৯ । ১
নগ্নাদ্যবস্থাস্থ স্নাননিষেধঃ	৩২১ । ৫
নাগদংশনমৃতস্তোদ্ধরণবিধিঃ	৩২০ । ১
নামকরণম্	১৬৮ । ৫
নৈমিত্তিকাদিকর্ম্মণাং স্বকালকর্ত্তব্যতা	৪৩ । ২
ন্যায্যধনাগমোপায়াঃ	৫০৬ । ৯
পঙ্গুপ্রভৃতিভ্যো দাননিষেধঃ	৫১৭ । ১
পঞ্চশূনাঃ	৪৪৩ । ৫
পতিতস্থ দাহাদিকরণে প্রায়শ্চিত্তম্	২৩৩ । ১

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
পরান্নপরগৃহবাসয়োস্ত্যাজ্যতা	৫৫২। ১
পরিভুক্তাদিবস্ত্রদাননিষেধঃ	৫১৬। ৩
পর্ণনরদাহপ্রকরণম্	৩২১। ১, ৩২৮। ২
পাপরোগাণাং কথনম্	২৩৬। ৬
পুত্রজননাশৌচমধ্যে শুদ্ধিকালকথনম্	৭৮। ৬
পুত্রজন্মষষ্ঠাহকর্ত্তব্যকর্ম্মাণি	৯০। ৫
পুত্রপদস্য মুখ্যার্থনিরূপণম্	৮৭। ১
পুত্রমুখসন্দর্শনফলম্	৮৪। ১
পুত্রস্য নাড়ীচ্ছেদাৎপরত এবাশৌচপ্রবৃত্তিঃ	৮২। ৫
পূরকপিণ্ডদানকালনিয়মঃ	৪০৮। ৩, ৪২৫। ১
পূরকপিণ্ডদানদেশনিয়মঃ	৪০৯। ৩
পূরকপিণ্ডদানব্যবস্থা রজস্বলায়াঃ	৪১২। ১
পূরকপিণ্ডদানব্যবস্থা শূদ্রস্য	৪২৫। ৪
পূরকপিণ্ডদানে কন্যাধিকারকথনম্	৪২৮। ৪
পূরকপিণ্ডদানেন দেহপূর্ত্তিক্রমঃ	৪১২। ১
পূরকপিণ্ডেষু প্রথমপিণ্ডব্যবস্থ্যতদ্দ্রব্যনিয়মনম্	৪০৮। ২
পূরকপিণ্ডোদকাদিদানপ্রকরণম্	১৭৪। ১, ৪৩৮। ২
পূর্ণাশৌচকালনিরূপণং সর্ব্ববর্ণানাম্	৫৭। ৩
পূর্ব্বার্দ্ধে পূর্ব্বনিমিত্তস্য নিমিত্তান্তরপাতে, পরার্দ্ধে চ তদুভয়োর্জ্ঞানে পূর্ব্বনিমিত্তাশৌচকালেনৈব শুদ্ধিঃ	৯৯। ২
পূর্ব্বাশৌচপরার্দ্ধে, পরাশৌচপূর্ব্বার্দ্ধে মৃতপিতৃকস্য স্বাশৌচনিবৃত্ত্যৈব শুদ্ধিবিধানম্	৯৭। ১
পূর্ব্বাশৌচপরার্দ্ধে মৃতপিতৃকয়োর্দ্বিতীয়াশৌচনিবৃত্তিকাল এব শুদ্ধিবিধানম্	৯৮। ১
পৌরুষাদি-ফলসিদ্ধিকারণোল্লেখঃ	২৯। ৪
প্রতিগ্রহাপ্রত্যাখ্যেয়বস্তুকথনম্	৫৪৮। ৩
প্রথমাধিকারিণি কানিচিৎকর্ম্মাণি কৃত্বা মৃতে তৎপরবর্ত্ত্যধিকারিণা শিষ্টানি কর্ম্মাণি সমাপ্যানি	৪০১। ৬, ৬৭৮। ১

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
প্রথমাহে পূরকপিণ্ডদাতুঃ শেষপিণ্ডদাননিয়মঃ	৩৮০ । ১
প্রভাতকালনিরূপণম্	৬২ । ৫
প্রেতকর্ম্মণ্যন্যাধিকার্য্যপেক্ষয়া পুত্রস্য শ্রেষ্ঠত্বম্	৩৮৬ । ৬
প্রেতকার্য্যাকরণে দোষঃ	৩৯৫ । ১, ৬৮০।৫
প্রেতক্রিয়াধিকারিণাং গণনা	৬৩১ । ৪
প্রেতদাহিনাং গৃহপ্রবেশকালকৃত্যানি	৩৬৬ । ১
প্রেতশুদ্ধিকৃতে তিলকাঞ্চনদানফলম্	৫৬৮ । ১
প্রেতস্নানতর্পণপ্রকরণম্	৩২৮ । ৩, ৩৬৩ । ১
প্রেতস্নানাতিরিক্তক্রিয়াস্বেকবস্ত্রব্যবহারনিষেধঃ	৩৩০ । ৫
প্রেতস্পর্শিনাং গ্রামপ্রবেশকালঃ	৩৬৮ । ১
বালাপত্যাদিরমণীনাং সহমরণাদিনিষেধঃ	১২ । ৭
বৃদ্ধমাতাপিতৃপ্রভৃতীনামবশ্যভর্ত্তব্যতা	৫৫০ । ১
ব্রাহ্মণীনামনুমরণনিষেধঃ	১১ । ৭
ভাগবতপুরাণস্য লক্ষণম্	৫৫৫ । ১
ভিন্নকুলজস্যাপি ভাগীরথ্যামস্থিক্ষেপে ফলম্	৩২১ । ৬
মঙ্গলাচরণম্	১ । ১
মরণান্তরকর্ম্মণি কর্ত্তুঃ প্রাচীনাবীতিত্বম্	৩০৩ । ৩
মরণাশৌচস্য বলবত্ত্বম্	১৫৭ । ৭
মাসনিরূপণম্	২৯৭ । ৭
মলমাসে বৃষোৎসর্গবিচারঃ	৪৭০ । ৩, ৪৭৬ । ১
মলমাসে বর্জ্জনীয়ানি কর্ম্মাণি	৪৭২ । ৫
মলস্পর্শে শুদ্ধিব্যবস্থা	২৯৯ । ১১
মলস্পৃষ্টাঙ্গশুদ্ধিপ্রকারাঃ	২৯৯ । ২
মহাগুরুকথনম্	৫৩ । ৫, ৫৪ । ৬
মহাগুরুনিপাতে আকালং ভোজননিষেধঃ	৩৭২ । ৯
মহাগুরুনিপাতবৎসরে নিষিদ্ধকর্ম্মাণি	৩৬১ । ৫, ৩৭০ । ৪
মহাপাতকচিহ্নানি	২৪১ । ৩
মহাপাতকচিহ্নেষু প্রায়শ্চিত্তব্যবস্থা	২৪১ । ১

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
মাতৃপিতৃকুলাসম্বন্ধস্যাস্থিনয়নে প্রায়শ্চিত্তম্	৩২১। ৩
মাতৃপ্রভৃতিভ্যো দানফলম্	৫১৭। ৪
মিত্রনিরূপণম্	২১১। ১
মুমূর্ষুকৃত্যানি	২৮২। ১, ২৯১। ২
মূর্খায়াপ্রদানে দোষাভাবঃ	৫১৫। ৪
মৃতগর্ভবতীদাহব্যবস্থা	৬১৯। ৭
মৃতদ্বিজস্য শূদ্রনির্হারণে দোষঃ	৩০২। ৭
মৃতভ্রান্ত্যা কৃতে পর্ণনরদাহে পশ্চাদাগতস্য শান্তিঃ	১১৭। ৪
মৃতশরীরস্পর্শজন্যাশুচিতা	২৯৩। ১, ২৯৪। ৭
মৃতসূতিকাদাহবিধিঃ	৩১৮। ৬
মৃত্যুকালস্য পবিত্রতাকথনম্	২৯১। ৪
মৃত্যুযোগাস্থাননিরূপণম্	২৮৫। ১১
মৃত্যোর্দ্দশদণ্ডাভ্যন্তরে দাহস্য কর্ত্তব্যতা	৩০৩। ২
যথাকালং প্রেতক্রিয়াকরণাসমর্থে পুত্রে স্থিতেঽপি	
তদন্যস্য প্রেতকর্ম্মাধিকারনিরূপণম্	৩০২। ৭
যমালয়স্য দূরত্বনিরূপণম্	৩৮৫। ৬
যূপলক্ষণম্	৬২৮। ৫
যোগসিদ্ধ্যধিকরণবিচারঃ	২২। ৩
রজস্বলত্বেন দুষ্টস্যাপি নদীজলস্য ব্যবহার্য্যতা	৪২৭। ৭
রজস্বলায়াশ্চিতাধিরোহণনিষেধঃ	১৩। ৫
রাজপ্রজানাং পরস্পরমশৌচবিচারঃ	৪৩৬। ৯
রাত্রিস্নানাবসরনিরূপণম্	৩৮৮। ৩
বস্ত্রপরিধানপ্রকারঃ	৩১১। ৫
বার্ষিকৈকোদ্দিষ্টস্য সর্ব্বৈরেব পুত্রৈঃ পৃথক্	
কর্ত্তব্যত্বম্	৩৯৫। ৬
বিদেশস্থ-জন্মমৃত্যুশ্রবণাশৌচম্	১১১। ৪
বিধবাচারাঃ	১৭। ১
বিধবাসধবয়োঃ পরিধানবস্ত্রনিয়মঃ	৯১১। ৪

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
বিভক্তধনৈরপি পুত্রৈঃ সপিণ্ডীকরণান্তানি ষোড়শশ্রাদ্ধানি ন পৃথক্কার্য্যাণি	৫৮২ । ৯, ৫৮৯ । ৩, ৩১১ । ৫
বিবাহকালঃ শূদ্রাণাম্	১৬৪ । ৫, ১৬৫ । ১০
বিষয়প্রতিজ্ঞা	১ । ৩
বিহিতচৌর্য্যার্জ্জিতস্যাপি ধনস্য ধর্ম্মকার্য্যোপযোগিত্বম্	৫১১ । ২
বৃথামুণ্ডননিষেধঃ	৭৫ । ১
বৃষোৎসর্গপ্রকরণম্	৪৪৮ । ৯, ৪৫৭ । ২, ৫৮০ । ৭
বৃষোৎসর্গমুখ্যকালাঃ	৪৬১ । ৮
বৃষোৎসর্গে বিরাটপাঠাচারঃ	৬২৯ । ৮
বৃষোৎসর্গে শূদ্রাধিকারঃ	৬২১ । ২
শবস্পৃষ্টকম্বলস্য নাশুচিত্বম্	২৭৮ । ৯
শবস্পৃষ্টকূপাদিশুদ্ধিবিধানম্	২৯০ । ৬
শবস্পৃষ্টগৃহশুদ্ধিপ্রকারঃ	২৯৬ । ৪
শুদ্ধধনানি	৫১০ । ৮
শূদ্রান্নস্য দুষ্টত্বম্	২৮৩ । ২
শূদ্রান্নস্য দুষ্টত্বপ্রতিপ্রসবঃ	২৮৪ । ২
শূদ্রেষু ভোজ্যান্নতানিষেধঃ	৬০০ । ৫
শূদ্রোদকবর্জ্জনম্	২৭০ । ৪
শূদ্রকর্তৃকশ্রাদ্ধে পক্বান্নব্যবহারনিষেধঃ	৫৯৯ । ৫
শূদ্রপক্বান্নবিশেষস্য গ্রাহ্যতা	৬০১ । ৮
শোকাপনোদনপ্রকরণম্	৩৬০ । ২
শ্রুতের্বলবত্ত্বনিরূপণম্	৮৭ । ৩
ষোড়শদানক্রমঃ	৫৭১ । ৬
ষোড়শদানপ্রকারঃ	৫৭৩ । ১, ৫৮০ । ৯
ষোড়শদানসঙ্কল্পঃ	৫৭৩ । ১
সৎপুত্রজন্মফলম্	১৮৫ । ১
সন্ধ্যাকালবর্জ্জনীয়কর্ম্মনিরূপণম্	৫০০ । ৬
সপিণ্ডীকরণান্তষোড়শশ্রাদ্ধানাং পর্য্যায়েণ কর্ত্তব্যতানিয়মঃ	৩৮০ । ৫

বিষয়াঃ	পত্রাঙ্ক-পংক্ত্যঙ্কাঃ।
সমর্থপাত্রস্য নিষিদ্ধপ্রতিগ্রহে দোষাভাবঃ	৫৪৫ । ৯
সমর্থপাত্রস্য নিষিদ্ধপ্রতিগ্রহপ্রত্যাখ্যানফলম্	৫৬৭ । ১১
সহ[illegible]বিষয়ে	৭ । ১
সর্ব্বমঙ্গলপ্রয়োগঃ	৪৩ । ৫
[illegible]কৃতাগ্নিচিতা[illegible] প্রায়শ্চিত্তম্	৪৬ । ৫
[illegible]ণীষু মরণয়োরশৌচবিচারঃ	১৫ । ৫
সহমৃতয়োঃ শ্রাদ্ধব্যবস্থা	৪৭ । ১
সাগ্নিকনিরগ্নিকয়োর্মরণাশৌচারম্ভকালঃ	৬৭ । ১
সাধ্বীলক্ষণম্	৮ । ৮
সাপিণ্ড্যাদিবিচারঃ	৬৮৩ । ৩
সুবর্ণধারণফলম্	৮৯ । ৬
সূর্য্যোদয়নিরূপণম্	৬৩ । ৪
স্ত্রীণাং পার্ব্বণনিষেধঃ	৬২৬ । ১
স্বয়ং হোমে ফলাধিক্যম্	৫১৮ । ৭

সূচিপত্র-সমাপ্তিঃ।

শুদ্ধিতত্ত্বম্।

ওঁ নমো গণেশায়।

প্রণম্য সচ্চিদানন্দং জগতামীশ্বরং হরিম্।

শুদ্ধিতত্ত্বানি তৎপ্রীত্যৈ বক্তি শ্রীরঘুনন্দনঃ॥

সহানুগমনং নার্য্যা যোগসিদ্ধির্নয়স্তথা।

নানাফলং তথৈকস্মাদ্বাধাদেকফলং ক্বচিৎ॥

ওঁ নমঃ শ্রীকৃষ্ণায়।

নত্বা গুরোশ্চরণপঙ্কজরজাংসি মূর্দ্ধ্না শ্রীকান্তকান্তচরণঞ্চ নিধায় চিত্তে।

শ্রীকাশিরাম-সুকৃতী কৃতিনাং হিতায় শুদ্ধের্বিতেন বচনা বিবৃতিং তনোতি॥

স্মৃতিশাস্ত্রাম্বুধৌ লীলাকৃতসেতুং জগদ্‌গুরুম্।

বিদিতং ত্রিষু লোকেষু নমামি রঘুনন্দনম্॥

মীমাংসাদিনানাশাস্ত্রপারদৃশ্বা বন্দ্যঘটীয়ঃ শ্রীমান্ রঘুনন্দনভট্টাচার্য্যঃ প্রাচীনবিচক্ষণগণ-নানাবিধ-ব্যাখ্যাজনিতসন্দেহস্য স্মৃতিশাস্ত্রস্য যুক্ততরবচনযুক্তিভ্যাং তত্ত্বং নির্ণীয় ইদানীন্তন-জনানাং সুখবোধায় নিবন্ধাংশ্চকার, তত্র চ স্মৃতিশাস্ত্রস্য স্বভাবতো দুর্গমতয়া কানিচিৎ কঠিনানি সন্তি, অতস্তানি ময়া যথামতি ব্যাখ্যায়ন্তে, তত্র শুদ্ধিতত্ত্বব্যাখ্যা—স্বকর্ত্তব্য-গ্রন্থসমাপ্তিপ্রতিবন্ধকবিঘ্নসম্ভাবনাস্তি, অতঃ সম্ভাবিততাদৃশবিঘ্নবিনাশার্থং গ্রন্থকারঃ

শ্রীগণেশকে নমস্কার। সচ্চিদানন্দ ও জগতের অধীশ্বর শ্রীহরিকে প্রণাম করিয়া তাঁহারই প্রীতির নিমিত্ত রঘুনন্দন শুদ্ধির তত্ত্ব বা রহস্য সকল বলিতেছেন। এই গ্রন্থে শুদ্ধিতত্ত্ব নিরূপণার্থ বক্ষ্যমাণ বিষয়সকলের যথাক্রমে আলোচনা করা হইবে। যথা—(১) স্ত্রীদিগের স্বামীর সহগমন, (২) স্বামীর অনুগমন, *

---

* সহগমন এবং অনুগমন, এই দুইটি শব্দের অর্থ যথাক্রমে সহমরণ এবং অনু-মরণ। সহমরণ শব্দের অর্থ স্বামীর মৃতদেহের সহিত এক চিতায় শয়ন করিয়া দগ্ধ হওয়া, অনুমরণ শব্দের অর্থ স্বামীর কোন বস্তুর সহিত ভিন্ন চিতায় শয়ন করিয়া দগ্ধ হওয়া।

অশৌচসঙ্করো বৃদ্ধিঃ স্বল্পস্য গুরুসঙ্করাৎ।
দিনদ্বয়ত্রয়াভ্যাঞ্চ পূর্ব্বমশৌচসমাপনম্।
অশৌচান্তদিনে কৃত্যং জননেঽপি চ মুণ্ডনম্।
অন্যাশৌচস্য মধ্যে তু জাতকর্ম্মাদিকাঃ ক্রিয়াঃ॥
গর্ভস্রাবে তথাশৌচং স্ত্রিয়াং বালেঽথ সদ্‌গুণে।
কলৌ তৎপ্রতিষেধশ্চ পক্ষিণীলক্ষণং তথা॥

পরমেশ্বরপ্রণামরূপমঙ্গলং কৃতবান্। এতচ্চ শিষ্যশিক্ষার্থমাদৌ লিখিতমিতি—প্রণম্যে ত। সচ্চিদানন্দমিতি কর্ম্মধারয়ঃপ্রবণাৎ সত্যজ্ঞানসুখস্বরূপমিত্যর্থঃ, এতচ্চ বেদান্তমতে নৈয়ায়িকমতে তু সন্তো নিত্যো চিদানন্দো জ্ঞানসুখে যস্য, তং জগতামীশ্বরং জগদ্ধেতুম্। তথাচ—জগদ্ধেতোস্তস্য জগদন্তর্গত-মৎকর্ম্মানিবন্ধং প্রতি সুতরাং হেতুত্বমতস্তৎপ্রণাম উচিত ইতি।

শুদ্ধিপদস্য সংহিতাপরত্বে তত্ত্বং যথার্থবস্তুনির্ণয়ঃ প্রামাণ্যং বা, শৌচাদিপরত্বে তু তত্ত্বম্ অনারোপিতধর্ম্মঃ, স্মৃতিতত্ত্বে শুদ্ধিতত্ত্বমিতি পাঠে। অন্তর্গততত্ত্বং সপ্তম্যর্থঃ। অত্র বক্তব্যা প্রতিজ্ঞা। সহানুগমনমিত্যাদীনি নিরূপ্যন্তে ইত্যনেনান্বয়ঃ, সহগমনমনুগমনঞ্চ, সহানুমরণমিতি কচিৎ পাঠঃ। যোগসিদ্ধিনয়ো যোগসিদ্ধ্যধিকরণং, মানেতি একস্মাৎ কর্ম্মণো নানাবিধং ফলং জায়তে, বাধাৎ কচিদেকস্মাৎ কর্ম্মণঃ একমেব ফলং জায়তে, ন তু নানাবিধম্। অশৌচসঙ্করঃ অশৌচস্য অশৌচান্তরেণ মিশ্রণং, বৃদ্ধিরিতি, গুর্ব্বশৌচসঙ্করাৎ স্বল্পাশৌচস্য বৃদ্ধিঃ দিনদ্বয়ত্রয়েতি পূর্ণাশৌচান্তিমদিনে সজাতীয়সম্পূর্ণাশৌচান্তরপাতে দিনদ্বয়বৃদ্ধিঃ, তাদৃশান্তিমদিবসীয়ারুণোদয়কালে তাদৃশাশৌচান্তরপাতে দিনত্রয়বৃদ্ধিঃ, রাত্রিশেষে দিনদ্বয়েন প্রভাতে দিনত্রয়েণেতি বচনবলাৎ। স্ত্রিয়ামিত্যাদি—স্ত্রিয়াং মৃতায়াং, বালে মৃতে, সদ্‌গুণে চ যদশৌচং, তদপি নিরূপণীয়ং, কলাবিতি তৎপ্রতিষেধঃ

(৩) যোগসিদ্ধি প্রকরণ, (৪) কর্ম্ম সকলের স্বভাবতঃ বহুফলোৎপাদকত্ব এবং বাধস্থলে একমাত্র ফলোৎপাদকত্ব নিরূপণ, (৫) অশৌচের সঙ্কর, (৬) গুরু অশৌচের সহিত সঙ্কর হইয়া স্বল্প অশৌচের বৃদ্ধি, (৭) পূর্ব্বজাত অশৌচ কোন্ স্থলে দুই দিন বৃদ্ধি পাইবে, কোন্ স্থলে বা তিন দিন বৃদ্ধি পাইবে, তাহার নিরূপণ, (৮) অশৌচান্ত দিনের কর্তব্য কর্ম্ম, (৯) জননাশৌচকালে ক্ষৌর কর্ম্মের ব্যবস্থা, (১০) অপর অশৌচের মধ্যেও যে, নবজাত পুত্রের জাতকর্ম্ম করা যাইতে পারে, তাহার ব্যবস্থা, (১১) গর্ভস্রাব ঘটিলে যেরূপ অশৌচ হইবে তাহার ব্যবস্থা, (১২) স্ত্রী, বালক এবং সদ্‌গুণের অশৌচ নিরূপণ, (১৩) পূর্ব্ব পূর্ব্ব যুগে সদ্‌গুণ ব্যক্তি বিষয়ে প্রচলিত অশৌচের কলিকালে যে প্রতিষেধ করা

বিদেশস্থস্য চাশৌচং সপিণ্ডাদেরশৌচকম্।
ত্যাগস্তত্র চ সন্ধ্যাদেরশৌচিগ্রাহ্যনির্ণয়ঃ ॥
অশৌচং মৃত্যুভেদেন সদ্যঃশৌচমনন্তরম্।
শবানুগমনাশৌচমস্পৃশ্যত্বনির্ণয়ঃ ॥
দ্রব্যশুদ্ধিবিচারশ্চ সূতিকাস্পর্শনে পিতুঃ।
মাতুঃ সপত্ন্যাশ্চাশুদ্ধিরেকাহমরণদ্বয়ে ॥
মুমূর্ষুমৃতকৃত্যাদি তথা পর্ণনরক্রিয়া।
উদকাদিক্রিয়া তত্র প্রেতস্নানে চ বাসসঃ ॥

সদ্‌গুণনিবন্ধনাশৌচবিশেষপ্রতিষেধঃ। তথাচ কলৌ গিগুণাশৌচমেবেত্যর্থঃ। বিদেশস্থস্যা-শৌচমধ্যে অজ্ঞাতমরণকস্য সপিণ্ডাদেরিত্যাদিনা সমানোদকাদিপরিগ্রহঃ, তত্রাশৌচমধ্যে সন্ধ্যাদেরিত্যাদিনা পঞ্চযজ্ঞাদিপরিগ্রহঃ অশৌচীতি অশৌচিনো জনাদ্‌যদ্বস্তু গ্রাহ্যং, তস্য নির্ণয়ঃ। মৃত্যুভেদেনেতি—সর্পাদিনা মরণে যদশৌচং তদপি নিরূপণীয়ম্ ইত্যর্থঃ। অঙ্গেতি —যাদৃশেঽশৌচে যাবৎকালমস্পৃশ্যত্বং তস্য, দ্রব্যেতি নির্ণয়ঃ, দ্রব্যং তাম্রাদিকম্। সূতিকাস্পর্শে সতি ভর্ত্তুঃ সপত্ন্যাশ্চাশুদ্ধিরিতি পাঠঃ। সূতিকাস্পর্শনে পিতুর্বিমা-তুশ্চ যথা শুদ্ধিরিতি পাঠঃ ক্বচিৎ। সূতিকাস্পর্শনে পিতুর্মাতুঃ সপত্ন্যা ইতি চ ক্বচিৎ। সূতিকা প্রসবিনী তস্যাঃ স্পর্শনে জাতে, জাতস্য পিতুর্বিমাতুশ্চ সূতিকাতুল্যকালমস্পৃশ্যত্বং, তচ্চ কন্যাপুত্রয়োর্জননে মাতুর্দশরাত্রমস্পৃশ্যত্বং, শূদ্রায়াস্ত্রয়োদশাহমস্পৃশ্যত্বনির্ণয়ঃ। একাহেতি—একাহে জ্ঞাতিদ্বয়মরণে যাবদশৌচং, সর্ব্বগোত্রাণামস্পৃশ্যত্বমিত্যর্থঃ। প্রেত-

---

হইয়াছে, তাহা প্রদর্শন, (১৪) পক্ষিণীর লক্ষণ, (১৫) বিদেশস্থ ব্যক্তির অশৌচ, (১৬) সপিণ্ড প্রভৃতির অশৌচ, (১৭) অশৌচকালে সন্ধ্যা-বন্দনাদির পরি-ত্যাগের কথা, এবং অশৌচী ব্যক্তির নিকট হইতে গ্রাহ্য বস্তুর নির্ণয়, (১৮) মৃত্যুর প্রকার ভেদে অশৌচের ভেদ, (১৯) কোন্ স্থলে সদ্যঃশৌচ হইবে (সদ্যঃ সদ্যই অশৌচনাশ প্রাপ্ত হইবে) তাহার নিরূপণ; (২০) শবানুগমনে যেরূপ অশৌচ হইবে, তাহার নির্ণয়, এবং (২১) যেরূপ অশৌচে শরীর যতকাল অস্পৃশ্য হইবে, তাহার নির্ণয়, (২২) দ্রব্যশুদ্ধির বিচার, (২৩) সূতিকা-স্পর্শে প্রসূত বালকের পিতা ও সপত্নীমাতা, এই উভয়ের কিরূপ অস্পৃশ্যত্ব হইবে, তাহার নিরূপণ, (২৪) একদিনে জ্ঞাতিদ্বয়ের মৃত্যুতে কিরূপ অশৌচ হইবে, তাহার নিরূপণ, (২৫) মুমূর্ষু এবং মৃতের কর্ত্তব্য নিরূপণ, (২৬) কুশপুত্র দাহের ইতিকর্ত্তব্যতা, (২৭) প্রেতস্নান হইতে তর্পণ পর্য্যন্ত প্রেতক্রিয়ার

একত্বং দ্বিত্বমন্ত্রাদেরঃ সম্বন্ধবাচকঃ।
প্রেতক্রিয়াসু সম্বুদ্ধির্যজুষাং তর্পণে সদা॥
গোত্রোক্তির্ন সগোত্রোক্তিঃ শোকাপনোদনাদিকম্।
পিণ্ডোদকাদিদানঞ্চ রাত্রাবপি চ তৎক্রিয়া॥
অশৌচান্তদ্বিতীয়াহঃকৃত্যং দানং বৃষত্যজিঃ।
প্রেতক্রিয়াসু সংক্ষেপাদধিকারিবিনির্ণয়ঃ॥
সপিণ্ডাদিভিদাশৌচং সংক্ষেপোঽন্ত্যেষ্টিপদ্ধতিঃ।
নিরূপ্যন্তেঽত্র সংক্ষেপাৎসতাং মুদমভীপ্সতা॥ ১॥

স্নানে চেতি, তথাচ—"স্নানং তর্পণপর্য্যন্তং কুর্য্যাদেকেন বাসসা।" ইতি বচনং প্রেতস্নান-তর্পণবিষয়ম্, অন্যত্র তু দ্বিবাসা এব স্নানতর্পণে কুর্য্যাদিত্যর্থঃ। অদের ইতি তথাচামুক-গোত্র প্রেত অমুক দেবশর্ম্মন্নিত্যাদিকমেব প্রযোজ্যং, ন তু পিতুরিত্যাদিকমিত্যর্থঃ। সম্বুদ্ধিরিতি তথাচ যজুর্ব্বেদিভিঃ সদা প্রেততর্পণে, প্রাত্যাহিকতর্পণে চ সম্বুদ্ধিপদমেব প্রয়োক্তব্যমিত্যর্থঃ। গোত্রোক্তিরিতি অমুকগোত্র ইত্যেবং বক্তব্যং, ন তু অমুকসগোত্র ইতি, প্রাচাং মতে অমুকসগোত্র ইত্যভিলাপঃ। শোকেতি—অপনোদনং খণ্ডনং, রাত্রা-বিতি তৎক্রিয়া প্রেতোদ্দেশ্যকপিণ্ডোদকাদিক্রিয়া রাত্রাবপি কর্ত্তব্যা। দানমিতি নিরূ-পণীয়মিত্যর্থঃ। বৃষত্যজিঃ বৃষোৎসর্গঃ॥ ১॥

অনুষ্ঠান যে, উত্তরীয় বস্ত্র ব্যতীত একমাত্র বস্ত্র পরিধান করিয়াই করা যাইতে পারে, তাহার ব্যবস্থা; আর প্রেতস্নানাদি ভিন্ন, অন্যত্র যে, উত্তরীয় বস্ত্র গ্রহণ আবশ্যক, তাহারও ব্যবস্থা, (২৮) প্রেত-তর্পণাদিতে প্রেতের সহিত তর্পণাদি কর্ত্তার সম্বন্ধসূচক পদাদির যে ব্যবহার করিতে হইবে না, তাহার ব্যবস্থা, (২৯) যজু র্ব্বেদীয়গণ কি প্রেততর্পণে, কি প্রত্যাহিক তর্পণে, সর্ব্বদাই যে সম্বোধনের এক-বচনান্ত পদের প্রয়োগ করিবে এবং তর্পণে যে কেবল গোত্রেরই উল্লেখ করিতে হইবে, প্রাচীন পণ্ডিতসম্মত 'সগোত্র' এইরূপ পদের উল্লেখ করিতে হইবে না, তাহার ব্যবস্থা, (৩০) কিরূপে শোকের অপনোদন করিতে হইবে, তাহার ব্যবস্থা. (৩১) মৃত ব্যক্তিকে রাত্রিকালেও পিণ্ডোদকাদি প্রদান করা যে কর্ত্তব্য, তাহার ব্যবস্থা, (৩২) অশৌচান্তের পর দিন যাহা কর্ত্তব্য, যাহা দাতব্য এবং বৃষোৎসর্গও যে কর্ত্তব্য, এই সকলের নির্ণয়, (৩৩) প্রেতের শ্রাদ্ধাদি কার্য্যে যথাক্রমে যাহার যাহার অধিকার হয়, তাহার নিরূপণ, (৩৪) সপিণ্ডাদিভেদে অশৌচের নিরূপণ, এবং (৩৫) সংক্ষিপ্ত অন্ত্যেষ্টিক্রিয়ার পদ্ধতি,

অথ সহানুগমনম্।

অঙ্গিরাঃ,—"মৃতে ভর্ত্তরি যা নারী সমারোহেদ্ধুতাশনম্।
সারুন্ধতীসমাচারা স্বর্গলোকে মহীয়তে॥
তিস্রঃ কোট্যোঽর্দ্ধকোটী চ যানি লোমানি মানবে।
তাবন্ত্যব্দানি সা স্বর্গে ভর্ত্তারং যানুগচ্ছতি॥
ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে বিলাৎ।
তদ্বদ্ভর্ত্তারমাদায় তেনৈব সহ মোদতে॥
মাতৃকং পৈতৃকঞ্চৈব যত্র কন্যা প্রদীয়তে।
পুনাতি ত্রিকুলং নারী ভর্ত্তারং যানুগচ্ছতি॥

অথ সহানুগমনম্। ভর্ত্তৃদেহসংস্কারাগ্নি-প্রবেশেন স্বশরীরসংস্কারঃ সহগমনম্, অনুগমনন্তু ভর্ত্তৃশরীরপ্রতিনিধিপাদুকাদিগ্রহণপূর্ব্বকসংস্কারাগ্নিপ্রবেশেন স্বশরীরসংস্কার ইতি, দ্বয়োঃ ক্রমেণ লক্ষণদ্বয়ং বোধ্যং, সংস্কারো দাহঃ। সমারোহেদিতি উভয়পরম্, এবং পরত্র ভর্ত্তারমনুগচ্ছতীত্যত্র ভর্ত্তৃপদেন ভর্ত্তৃদেহঃ, তৎপ্রতিনিধীভূতপাদুকাদিশ্চ উচ্যতে। অরুন্ধতীতি অরুন্ধত্যা বশিষ্ঠভার্য্যায়াঃ সুখপাতিব্রত্যাদিরূপো য আচারঃ ধর্ম্মস্তদ্বর্ত্মাক্রান্তা ভবতীত্যর্থঃ। তিস্রঃ কোট্য ইত্যাদি—ননু মানবাধিকরণক-লোমসমসংখ্যাদাবচ্ছিন্নস্বর্গকামেত্যাদি সংকল্পবাক্যে উল্লেখ্যং, ন তু তিস্রঃ কোট্যোর্দ্ধকোটী চেত্যস্য উল্লেখঃ, তথাচ কিমর্থং, তিস্রঃ কোট্য ইত্যাদ্যুক্তম্? ইতি চেন্ন, তস্য প্ররোচনাবাক্যত্বেন স্তুতি-তায়া বিধিশক্তেরুত্তেজকতয়া প্রবৃত্ত্যুপযোগিত্বাৎ, তদুক্তং ভট্টপাদৈঃ—"প্ররোচনা অঙ্গতয়েব যুজ্যতে" ইতি। অব্দানীতি উক্তলিঙ্গং কচিদ্ব্যভিচরতীতি ক্লীবত্বম্। ব্যালগ্রাহী আহি-তুণ্ডিকঃ, বিলাদ্গর্ত্তাৎ, আদায় নরকাদুদ্ধৃত্য। ননু যত্র কন্যেত্যাদিনা জামাতৃকুলং

এই সকল বিষয় ক্রমশঃ সংক্ষেপে সদ্ব্যক্তিদিগের হিতাভিলাষী হইয়া বলিতেছি। ১।

সহগমন ও অনুগমন—অঙ্গিরা বলিয়াছেন, "স্বামীর মৃত্যুর পর যে স্ত্রী চিতানলে আরোহণ করে, সেই অরুন্ধতীসদৃশ-পবিত্রাচারসম্পন্না রমণী স্বর্গ-লোকে পূজা লাভ করে। যে রমণী স্বামীর অনুগমন করে, সে মনুষ্যশরীরে স্থিত সার্দ্ধ তিনকোটি লোম-পরিমিত বৎসর যাবৎ স্বর্গলোকে বাস করে। সাপুড়ে যেমন গর্ত্ত হইতে সাপ বাহির করে, সেই সাধ্বী স্ত্রীও সেইরূপ স্বীয় ভর্ত্তাকে অধোগতি হইতে বলপূর্ব্বক উদ্ধার করিয়া তাহার সহিত আনন্দে কালযাপন করে। যে স্ত্রী স্বামীর অনুগমন করে, সে নিজের মাতৃকুল, পিতৃকুল

তত্র সা ভর্ত্তৃপরমা পরা পরমলালসা।
ক্রীড়তে পতিনা সার্দ্ধং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ ॥"

ভর্ত্তৃপরমা ভর্ত্তা পরমো যস্যাঃ, সা তথা—"পরা পরমলালসে"ত্যত্র "স্তূয়মানাপ্সরোগণৈরি"তি ব্যাসেন পঠিতম্।

"ব্রহ্মঘ্নো বা কৃতঘ্নো বা মিত্রঘ্নো বাপি যো নরঃ।
তং বৈ পুনাতি সা নারী ইত্যাঙ্গিরসভাষিতম্ ॥
সাধ্বীনামেব নারীণামগ্নিপ্রপতনাদৃতে।
নান্যো ধর্ম্মো হি বিজ্ঞেয়ো মৃতে ভর্ত্তরি কর্হিচিৎ ॥"

"যা নারী"ত্যুপাদানাৎ সহমরণাভাবপক্ষোঽপি সূচিতঃ। নান্যো ধর্ম্ম ইতি তু সহমরণস্তুত্যর্থম্। তথাচ বিষ্ণুঃ,—

লব্ধঃ তথাচ ভর্ত্তৃকুলস্য উদ্ধারাপ্রাপ্তেরবিশিষ্টত্বদোষ ইতি চেন্ন, যত্র ভর্ত্তৃকুলে কন্যা দীয়তে অর্থাৎ পিত্রাদিনা ইত্যর্থাৎ। পরা শ্রেষ্ঠা, পরমলালসা পরমে ভর্ত্তরি লালসা মহানভিলাষো যস্যাঃ সা। নান্যো হি ধর্ম্ম ইতি। নন্বন্যো ধর্ম্মো ন ইত্যনেন অন্যধর্ম্মস্য নিষেধাৎ ব্রহ্মচর্য্যস্যাপি নিষিদ্ধত্বেন বিধবায়া নিষিদ্ধীভূতব্রহ্মচর্য্যাচরণাৎ দূরদৃষ্টাপত্তিরিতি চেন্ন, অত্র নঞোঽপ্রাশস্ত্যার্থকত্বাৎ। যা নারীত্যুপাদানাদিতি তথাহি যৎপদস্য সামানাধিকরণ্যেন বোধজনকত্বনিয়মঃ ন তু অবচ্ছেদাবচ্ছেদেন, প্রকৃতে চ নারীত্বসামানাধিকরণ্যেন বোধঃ, ন তু নারীত্বাবচ্ছেদেনেতি ভাবঃ। স্তুত্যর্থমিতি ন তু সহমরণাতি-

এবং যে কুলে প্রদত্ত হয়, অর্থাৎ শ্বশুর কুল, এই তিন কুলকে পবিত্র করে। সেই পতিদেবতা রমণী, চতুর্দ্দশ ইন্দ্রের অধিকার কাল অবধি স্বর্গলোকে উৎকৃষ্ট ভোগের সহিত বাস করে।" মূল বচনে যে ভর্ত্তৃপরমা শব্দটি আছে, তাহার অর্থ ভর্ত্তাই পরম (উপাস্য) যার, অর্থাৎ পতিদেবতা। ব্যাসস্মৃতিতেও এই বচনটি দৃষ্ট হয়, তবে "পরা পরমলালসা" ইহার পরিবর্ত্তে "স্তূয়মানাপ্সরোগণৈঃ" এইরূপ পাঠ করা হইয়াছে। উহার অর্থ—অপ্সরাগণ কর্ত্তৃক স্তূয়মানা হইয়া। আঙ্গিরস বলিয়াছেন যে, "ঐ সাধ্বী স্ত্রী, স্বকীয় স্বামী ব্রহ্মঘ্ন, কৃতঘ্ন এবং মিত্রঘ্ন হইলেও, তাহাকে পবিত্র করে। ভর্ত্তার মৃত্যুর পর চিতানলে পতন ভিন্ন সাধ্বী রমণীদিগের আচরণীয় আর কোন প্রকার ধর্ম্মই নাই।" উপরি উক্ত অঙ্গিরার বচনে "যে স্ত্রী" এইরূপ কথা বলায়, সকলের পক্ষেই যে সহমরণ অবশ্য কর্ত্তব্য, এরূপ বুঝাইতেছে না, উহাদ্বারা কোন স্ত্রী, ইচ্ছা না হইলে, সহমরণ না করিতেও পারে; ইহাই সূচিত হইতেছে। তবে যে, আর একটী বচনে "অন্যকোন

"মৃতে ভর্ত্তরি ব্রহ্মচর্য্যং তদন্বারোহণং বা" ইতি।
ব্রহ্মচর্য্যং মৈথুনবর্জ্জনং, তাম্বূলাদিবর্জ্জনঞ্চ। যথা প্রচেতাঃ,—
"তাম্বূলাভ্যঞ্জনঞ্চৈব কাংস্যপাত্রে চ ভোজনম্।
যতিশ্চ ব্রহ্মচারী চ বিধবা চ বিবর্জ্জয়েৎ।"
অভ্যঞ্জনমায়ুর্ব্বেদোক্তপারিভাষিকম্ ; যথা,—
মূর্দ্ধ্নি দত্তং যদা তৈলং ভবেৎ সর্ব্বাঙ্গসঙ্গতম্।
স্রোতোভিস্তর্পয়েদ্বাহূ অভ্যঙ্গঃ স উদাহৃতঃ॥
তৈলমল্পং যদঙ্গেষু ন চ স্যাদ্বাহুতর্পণম্।
সা মাষ্টিঃ পৃথগভ্যঙ্গো মস্তকাদৌ প্রকীর্ত্তিতঃ॥" ২

রিক্তস্য ধর্ম্মস্য নিষেধার্থমিতি ভাবঃ, তথাচান্যোঽপি ধর্ম্মোঽস্তি কিন্তু তত্রায়মুৎকৃষ্টো ধর্ম্ম ইত্যর্থঃ। তদন্বারোহণমিতি তেন ভর্ত্তৃদেহেন তৎপ্রতিনিধিনা বা, সহ হুতাশনারোহণমিত্যর্থঃ। অনুঃ সহার্থঃ। স্রোতোভিরিতি তৈলস্যেতি শেষঃ। মাষ্টিরিতিসংজ্ঞা পৃথগভ্যঙ্গ ইতি উক্তাভ্যঙ্গাৎ পৃথক্ অন্যো মস্তকাদৌ চ আয়ুর্ব্বেদে কীর্ত্তিতঃ. যথা— "অভ্যঙ্গমাচরেন্নিত্যং স জরাশ্রমবাতিকা। শিরঃশ্রবণপাদেষু তং বিশেষেণ শীলয়েৎ॥"

ধর্ম্ম নাই" এইরূপ বলা হইয়াছে, উহা সহমরণের স্তুতিবাদ মাত্র। ইহার দ্বারা এরূপ বুঝাইতেছে না যে, ভর্ত্তার মৃত্যুর পর স্ত্রীদিগের একমাত্র সহমরণই কর্ত্তব্য। কারণ, শাস্ত্রে বিধবা স্ত্রীর পক্ষে কর্ত্তব্য ব্রহ্মচর্য্যাদি অপর ধর্ম্মেরও নির্দ্দেশ করা হইয়াছে। তবে সেই সকলের মধ্যে সহমরণই শ্রেষ্ঠ, উহার তুল্য আর কিছু নাই ; উহার এইরূপ তাৎপর্য্যই বুঝিতে হইবে। স্ত্রীদিগের সহমরণ ভিন্ন, অন্য প্রকার ধর্ম্মও যে, আচরণীয় আছে, সে সম্বন্ধে বিষ্ণু এইরূপ বলিয়াছেন, যথা— "স্বামীর মৃত্যু হইবার পর (স্ত্রীগণের পক্ষে) ব্রহ্মচর্য্যের অনুষ্ঠান, অথবা তদীয় চিতায় আরোহণ (এই উভয় প্রকার ধর্ম্ম নির্দ্দিষ্ট হইয়াছে)।" উপরে যে ব্রহ্মচর্য্যের কথা বলা হইল, তাহার অর্থ—মৈথুন পরিত্যাগ এবং তাম্বূলাদি ব্যবহার পরিত্যাগ। প্রচেতা ব্রহ্মচর্য্যাবস্থায় এইরূপ কার্য্য করিতে উপদেশ করিয়াছেন। যথা—"যতি, ব্রহ্মচারী এবং বিধবাগণ তাম্বূল সেবন, অভ্যঞ্জন, এবং কাংস্যপাত্রে ভোজন পরিত্যাগ করিবে।" উক্ত বচনে যে 'অভ্যঞ্জন' কথাটি আছে, তাহা একটী আয়ুর্ব্বেদোক্ত পারিভাষিক শব্দ,—যাহাকে প্রচলিত ভাষায় আভাঙ্ ক'রে, তেল-মাখা বলা হয়। যথা—"যেরূপ তৈল মর্দ্দনে মস্তকে ঢালা তেল আপনা আপনি সর্ব্বাঙ্গে অধিক পরিমাণে সংলগ্ন হয়, এবং উভয়

স্মৃতিঃ,—"একাহারঃ সদা কার্য্যো ন দ্বিতীয়ঃ কদাচন।
পর্য্যঙ্কশায়িনী নারী বিধবা পাতয়েৎ পতিম্॥
গন্ধদ্রব্যস্য সম্ভোগো নৈব কার্য্যস্তয়া পুনঃ।
তর্পণং প্রত্যহং কার্য্যং ভর্ত্তুস্তিলকুশোদকৈঃ॥"
এতৎ তর্পণং পুত্রপৌত্রাদ্যভাববিষয়মিতি মদনপারিজাতঃ।
"বৈশাখে কার্ত্তিকে মাঘে বিশেষনিয়মঞ্চরেৎ।
স্নানং দানং তীর্থযাত্রাং বিষ্ণোর্নামগ্রহং মুহুঃ॥" ৩
অত্র সাধ্বীমাহ হারীতঃ,—
"আর্ত্তার্ত্তে মুদিতা হৃষ্টে প্রোষিতে মলিনা কৃশা।
মৃতে ম্রিয়েত যা পত্যৌ সাধ্বী জ্ঞেয়া পতিব্রতা॥

অয়মপি নিষিদ্ধঃ অন্যথা পৃথগিত্যাদি ব্যর্থং স্যাৎ, যদ্বা পূর্ব্বং মস্তকাদৌ প্রকীর্ত্তিতঃ কথিতো যোঽভ্যঙ্গস্তস্মাৎ ইয়ং মার্ষ্টিঃ পৃথগিত্যর্থঃ। তথাচ মার্ষ্টির্নিষিদ্ধেতি ভাবঃ॥ ২॥

কুশতিলোদকৈরিত্যনন্তরং "তৎপিতুস্তৎপিতুশ্চৈব নামগোত্রাদিপূর্ব্বকম্" ইত্যাদিমন্ত্র লিখিতম্। অতো তত্রাদের্নামগোত্রাদ্যুচ্চার্য্য তর্পণং কার্য্যমিত্যর্থঃ, তর্পণমিত্যুপলক্ষণং শ্রাদ্ধাদ্যপি কার্য্যম্। পুত্রেতি পত্নীসত্ত্বেঽপি সংসৃষ্টেষু তদ্গামী হর্থো ভবতীতি বচনেন পুত্রাদেরেব ধনভাগিত্বাৎ তস্যৈব পিতৃতর্পণাদৌ নিত্যাধিকারঃ "গোত্ররিক্থানুগঃ পিণ্ড" ইতি বচনাদিতি ভাবঃ। তস্যৈব নিয়মং বিবৃণোতি স্নানমিত্যাদি॥ ৩॥

সাধ্বী জ্ঞেয়া পতিব্রতেতি। নন্ সাধ্বীলক্ষণস্য মরণঘটিতত্বে "সাধ্বীনামেব নারীণা-

---

বাহুকে প্লাবিত করে, তাহার নাম অভ্যঙ্গ। এবং যেরূপ তৈল মর্দ্দনে মস্তকে অর্পিত তৈল সর্ব্বাঙ্গে অল্প মাত্রায় সংলগ্ন হয় এবং উভয় বাহুকে প্লাবিত করে না, তাহার নাম 'তৈল-মাখা' উহা অভ্যঙ্গ হইতে পৃথক্।" ২।

স্মৃতিতে বলা হইয়াছে; "বিধবা স্ত্রী একবার মাত্র আহার করিবে, কদাচ দুইবার খাইবে না, এবং যে বিধবা হইয়া পর্য্যঙ্কে শয়ন করে, সে আপনার পতিকে অধঃপাতিত করে। সে (বিধবা) কদাচ গন্ধ দ্রব্যের সম্ভোগ করিবে না, এবং প্রত্যহ তিল, কুশ ও উদক দ্বারা ভর্ত্তার তর্পণ করিবে।" মদন-পারিজাতকার বলেন, এই যে বিধবা কর্ত্তৃক তর্পণের কথা বলা হইয়াছে, উহা যে স্থলে মৃত ব্যক্তির পুত্র-পৌত্রাদির অভাব ঘটিবে, সেই স্থলের জন্যই বুঝিতে হইবে। বিধবাগণ বৈশাখ এবং কার্ত্তিক মাসে একটা একটা ব্রতবিশেষের আচরণ করিবে, এবং স্নান, দান, ও সর্ব্বদা শ্রীবিষ্ণুর নাম জপ করিবে।" ৩।

হারীত, সাধ্বীদিগের এইরূপ লক্ষণ করিয়াছেন—"যে স্ত্রী পতির পীড়ায় আপ-

ছন্দোগপরিশিষ্টীয়মিদমিতি কল্পতরুঃ। সাধ্বীপ্রসাদেন লোকধারণমপ্যাহ মৎস্যপুরাণম্,—

"তস্মাৎ সাধ্ব্যঃ স্ত্রিয়ঃ পূজ্যাঃ সততং দেববজ্জনৈঃ।
তাসাং রাজন্ প্রসাদেন ধার্য্যতে চ জগত্রয়ম্॥"

মহাভারতে,—"অবমত্য চ যাঃ পূর্ব্বং পতিং দুষ্টেন চেতসা।
বর্ত্তন্তে যাশ্চ সততং ভর্তৃণাং প্রতিকূলতঃ॥
ভর্ত্রনুমরণং কালে যাঃ কুর্ব্বন্তি তথাবিধাঃ।
কামাৎ ক্রোধাদ্ভয়ান্মোহাৎ সর্ব্বাঃ পূতাঃ ভবন্তু তাঃ॥"

মগ্নিপ্রপতনাদৃতে' ইতি বচনাসঙ্গতিঃ, অগ্নিপ্রপতনাৎ পূর্ব্বং সাধ্বীত্বাকথনাদিতি চেৎ অত্র কেচিৎ—কৃশান্তং পূর্ব্বার্দ্ধং সাধ্বীলক্ষণং, পত্যৌ মৃতে সতি ম্রিয়েত ইতি তু পতিব্রতালক্ষণং ইত্যাহুঃ, তন্ন সম্যক্, "সতী সাধ্বী পতিব্রতে"ত্যমরে তয়োঃ পর্য্যায়ত্বদর্শনাৎ ম্রিয়েত ইতি বিধ্যর্থত্বাসঙ্গতেশ্চ. বস্তুতস্তু কৃশান্তমেব সাধ্বীলক্ষণং, সা সাধ্বী পত্যৌ মৃতে সতি ম্রিয়েত ইতি বিধিঃ। ন চ অসত্যা এব এতাদৃশবিধানাখ্যাতত্বাৎ সহমরণানধিকার ইতি বাচ্যম্, অসত্যা "অবমত্য চ যাঃ পূর্ব্বম্" ইতি বিধ্যন্তরাজ্ঞাতত্বেন তত্রাধিকারাৎ, ন চ সামান্যবিধিসম্ভবে বিশেষবিধিদ্বয়কল্পনা গৌরবমিতি বাচ্যং সাধ্ব্যাঃ সহমরণে যাদৃক্ ফলং জায়তে অসাধ্ব্যাস্তু ন তাদৃশম্, অগত্যৈব বিধিদ্বয়স্যাবশ্যকত্বাৎ। "তিথিশ্চান্দ্রমসং দিনমি"তিবৎ সা সাধ্বী জ্ঞেয়া, পতিব্রতা চ জ্ঞেয়া ইতি মুনিনা পর্য্যায়ঃ কৃতঃ, অতো ন পৌনরুক্তিদোষঃ ইতি ভাবঃ। তাসাং প্রসাদেনেত্যন্বয়ঃ। ভর্ত্রনুমরণমিতি ক্বচিৎ তথাবিধাঃ পত্যবজ্ঞাকর্ত্র্যঃ ভর্তৃপ্রতিকূলাশ্চ। কামাদিতি কামাদিতোষাঃ কুর্ব্বন্তীত্যর্থঃ। মোহাদিতি যদ্যপি কেনাপ্যৌষধাদিনা মোহিতা সতী সহমরণং করোতি, তথাপি তত্তৎফলভাগিনী ভবতীত্যর্থঃ এবমৌষধাদিনা তৎপ্রবর্ত্তকস্যাপি পুরুষস্যোত্তমকর্ম্মপ্রবর্ত্তক-

নাকে পীড়িত বোধ করে, পতির আনন্দে আনন্দিত হয়, পতি বিদেশগত হইলে, মলিন ও কৃশ হয়, এবং স্বামীর মৃত্যুতে আপনিও মরিয়া যায়, তাহাকে পতিব্রতা সাধ্বী বলে।" কল্পতরুতে এই বচনটিকে ছন্দোগপরিশিষ্টীয় বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। সাধ্বীগণের পুণ্যবলে যে জগৎ অবস্থান করিতেছে, একথা মৎস্য পুরাণে বলা হইয়াছে, যথা—"অতএব মনুষ্যগণ সাধ্বী স্ত্রীদিগকে দেবতার ন্যায় পূজা করিবে, তাহাদের প্রসাদেই রাজা ত্রিজগৎ ধারণ করিতেছেন।" মহাভারতে বলা হইয়াছে,—"যে সকল স্ত্রী প্রথমে পতিকে ঘৃণার সহিত দর্শন করে, অথবা যাহারা পতির প্রতিকূলে বর্ত্তমান হয়, তাহারা সকলেও যদি যথাসময়, কামবশেই হউক, ক্রোধবশেই হউক, অথবা ভয়েতেই হউক, সহমরণ করে,

অত্র চৈহিকব্রহ্মস্বপতের্দ্দাহনিষেধাজ্জন্মান্তরীয়তৎপাপবত এব সহমরণোদ্ধারঃ ॥ ৪

ব্রহ্মপুরাণে,—"দেশান্তরে মৃতে পত্যৌ সাধ্বী তৎপাদুকাদ্বয়ম্।
নিধায়োরসি সংশুদ্ধা প্রবিশেজ্জাতবেদসম্॥
ঋগ্বেদবাদাৎ সাধ্বী স্ত্রী ন ভবেদাত্মঘাতিনী।
ত্র্যহাশৌচে নিবৃত্তে তু শ্রাদ্ধং প্রাপ্নোতি শাস্ত্রবৎ॥"
ঋগ্বেদবাদাদিতি "ইমা নারীরবিধবা" ইত্যাদি বক্ষ্যমাণ-

ত্বাৎ পুণ্যভাগিত্বমপি বোধ্যম্। অত্র চেতি ব্রহ্মঘ্নো বেতি বচনে চেত্যর্থঃ। ঐহিকেতি—নম্ জন্মান্তরীয়ব্রহ্মহত্যায়া স্থানে অকৃতপ্রায়শ্চিত্তস্য দাহাভাবঃ, কৃতপ্রায়শ্চিত্তস্য চ তেনৈব পাপনাশনাৎ তত্র সহমরণস্যানুপযোগিতা অনিশ্চিতজন্মান্তরীয়পাতকস্য উদ্ধারকথনে চ অবিশিষ্টৈহিকতৎপাতকস্যাপি সহমরণেনোদ্ধারাৎ ইয়ং পঙ্‌ক্তিরফলেতি চেন্ন, ঐহিকব্রহ্মঘ্নপতের্নিশ্চিতব্রহ্মহত্যাকস্য পত্যুর্জন্মান্তরীয়তৎপাপবতঃ অনিশ্চিততৎপাতকস্যৈতার্থকরণাদিতি। অত্রেদং বোধ্যং নিশ্চিতব্রহ্মহত্যাকোঽপি যদি দাহভ্রমেণ দহ্যতে, তত্রাপি ভ্রান্ত্যা সহমরণেনোদ্ধারঃ বোদ্ধব্যঃ ইতি। অত্র কশ্চিৎ নিশ্চিতব্রহ্মহত্যাকোঽপি দাহদোষাসহিষ্ণুনা পুত্রাদিনা যদি দহ্যতে, তত্রাপি ব্রহ্মঘ্নপতিসহমরণস্যাপি নিষিদ্ধত্বাৎ তেনোদ্ধার ইত্যাহ, বস্তুতস্তু নিষিদ্ধাচরণাৎ ব্রহ্মঘ্নদাহে পুত্রাদীনামস্তু দোষঃ পাতকে পত্যনুমরণস্তু সম্ভবেৎ অনিষিদ্ধত্বাদিতি যদুচ্যতে তন্ন সমীচীনং, "পতিঃ স্ত্রীভির্ন হাতব্যো লোকেপ্সুভিরপাতকী"তি শ্রীভাগবতীয়পদ্যেঽপাতকীতি বিশেষণেন পাতকিনঃ পত্যুঃ ত্যাজ্যত্বেন বোধনাদিতি। সংশুদ্ধা কৃতস্নানাদিঃ ত্র্যহাশৌচ ইতি এতচ্চ পত্যাশৌচব্যপগমে অনুমরণে ত্র্যহাশৌচব্যবস্থয়া পিণ্ডদানং চতুর্থদিনে শ্রাদ্ধমিতি বোধ্যং, পত্যাশৌচাভ্যন্তরেঽনুমরণে তু ত্র্যহেণ পিণ্ডদানং স্বাম্যাশৌচাপগমে তু শ্রাদ্ধমিতি বোধ্যম্ ॥ ৪ ॥

তাহ'লেও পবিত্র হয়।" পূর্ব্বে যে, "সহগামিনী ব্রহ্মঘ্ন পতিকেও উদ্ধার করে," এইরূপ বলা হইয়াছে, উহা দ্বারা "জন্মান্তরীণ ব্রহ্মহত্যা পাপ বিশিষ্ট পতিকে" এইরূপই বুঝিতে হইবে, কেন না ইহজন্মে ব্রহ্মহত্যাকারীর দাহই নাই। ৪।

ব্রহ্মপুরাণে বলা হইয়াছে "স্বামী দেশান্তরে মৃত হইলে, সাধ্বী স্ত্রী তাহার পাদুকাদ্বয় আপনার বক্ষঃস্থলে স্থাপনপূর্ব্বক সম্যক্ প্রকারে বিশুদ্ধ হইয়া চিতানলে প্রবেশ করিবে। ঋগ্বেদের মন্ত্র অনুসারে ঐরূপে অনুমৃতা সাধ্বী স্ত্রীর আত্মহত্যা-জনিত পাপ হইবে না। ঐরূপে স্বপতির অনুগামিনী স্ত্রীর তিন দিন অশৌচ অতীত হইবার পর শাস্ত্রবিধি অনুসারে শ্রাদ্ধ করিতে হইবে।" মূল বচনে যে, ঋগ্বেদের মন্ত্র বলা হইয়াছে, উহাদ্বারা "এই বিধবারমণী" ইত্যাদি বক্ষ্যমাণ মন্ত্রই

মন্নাৎ। এবঞ্চ অঙ্গিরোব্রহ্মপুরাণবচনপর্য্যালোচনয়া ব্রাহ্মণ্যাদি-সকলভার্য্যাণাং স্বগতভর্ত্তৃগতফলবিশেষার্থিনীনাং গর্ভবতীবালা-পত্যাদিব্যতিরিক্তানাং, সহমরণানুমরণয়োরধিকার ইতি বিবাদ-কল্পতরুরত্নাকরৌ। তত্র ব্রাহ্মণ্যাদ্যনুমরণাধিকারোঽসঙ্গত-স্তস্যাস্তন্নিষেধাৎ। তথাচ মিতাক্ষরায়াং, দেববোধকৃতযাজ্ঞবল্ক্য-টীকায়াঞ্চ গোতমঃ,—

"পৃথক্চিতিং সমারুহ্য ন বিপ্রা গন্তুমর্হতি।"

তস্মাৎ ব্রাহ্মণ্যাঃ সহমরণমেব, ইতরাসান্তূভয়মিতি। কল্প-তরুরত্নাকরশুদ্ধিচিন্তামণিষু পাদুকাদ্বয়মিতি দর্শনাৎ পাদুকা-দিকমিত্যপপাঠঃ। কিন্তু পাদুকাদ্বয়মিত্যুপলক্ষণম্; উশনসা

বিবাদকল্পতরুরত্নাকরয়োর্ম্মতং দূষয়িতুমুপন্যস্যতি এবঞ্চেতি। অঙ্গিরোবচনং "মৃতে ভর্ত্তরি যা নারী"ত্যাদিকং ব্রহ্মপুরাণবচনং "দেশান্তরে"ত্যাদিকম্। বালাপত্যাদীত্যাদিনা গর্ভিণীরজস্বলাদেগ্র্হণং পৃথক্চিতিমিতি, নমু ভর্ত্তৃশ্চিতিকীলাদ্যন্যেঽধ্যান্তরং বিধায় বিপ্রা কথং ন ম্রিয়ন্তে ইতি চেন্ন, বিপ্রা চিতিং সমারুহ্য পৃথগ্গন্তুং নার্হতীত্যর্থাৎ, অথবা প্রমীতদেহসংস্কারকাগ্নিবিশিষ্টঃ প্রদেশশ্চিতিরিতি নাপত্তিঃ। উপলক্ষণমিতি ভর্ত্তৃসম্বন্ধি যৎকিঞ্চিদ্দ্রব্যমাদায় চিতারোহণং কর্ত্তব্যমিত্যর্থঃ। কেবল-চিতারোহণন্ত ন

বুঝিতে হইবে। বিবাদকল্পতরু এবং রত্নাকরে যে বলা হইয়াছে, "অঙ্গিরা এবং ব্রহ্মপুরাণের বচন পর্য্যালোচনা দ্বারা ইহা জানা যাইতেছে যে, গর্ভবতী এবং বালাপত্যা (শিশু সন্তানযুক্ত) স্ত্রী ভিন্ন, নিজের ও স্বামীর মঙ্গলফলপ্রার্থিনী ব্রাহ্মণাদি সকল বর্ণের ভার্য্যামাত্রেরই সহমরণে এবং অনুমরণে অধিকার আছে।" তাহাতে বক্তব্য এই যে, ঐ বাক্যে ব্রাহ্মণী প্রভৃতির যে, অনুমরণে অধিকার আছে বলা হইয়াছে, উহা অসঙ্গত হইয়াছে, কেন না তাহাদের পক্ষে অনুমরণের নিষেধ করাই হইয়াছে। এ সম্বন্ধে মিতাক্ষরায় এবং দেববোধ কৃত যাজ্ঞবল্ক্যের টীকায় গৌতমের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে, যথা—"ব্রাহ্মণী পৃথক্ চিতায় আরোহণ করিয়া ভর্ত্তার অনুগমন করিবে না।" অতএব ব্রাহ্মণী-দিগের কেবল সহমরণেই অধিকার এবং অপর জাতীয় স্ত্রীদিগের সহমরণ, অনুমরণ, এই উভয়েই অধিকার। কল্পতরুরত্নাকর এবং শুদ্ধিচিন্তামণি প্রভৃতি গ্রন্থে "পাদুকাদ্বয়" এইরূপ পাঠ উদ্ধৃত হওয়ায়, কোন কোন পুস্তকে যে "পাদুকাদ্বয়" এই স্থলে "পাদুকাদিকং" এইরূপ পাঠ আছে, সে পাঠ অপপাঠের

বিপ্রেতরাসাং দ্রব্যবিশেষমনুপাদায় পৃথক্‌চিত্যারোহণ-মাত্রোক্তেঃ। যথোশনাঃ,—

"পৃথক্‌চিতিং সমারুহ্য ন বিপ্রা গন্তুমর্হতি।
অন্যাসামেব নারীণাং স্ত্রীধর্ম্মোঽয়ং পরঃ স্মৃতঃ॥"

মদনপারিজাতোঽপ্যেবম্। শিষ্টাচারোঽপি তথা॥ ৫

কৃত্যতত্ত্বার্ণবে বৃহন্নারদীয়ম্,—

"বালাপত্যাশ্চ গর্ভিণ্যো হ্যদৃষ্টঋতবস্তথা।
রজস্বলা রাজসুতে নারোহন্তি চিতাং শুভে॥"

রাজসুতে ইতি সগরমাতুঃ সম্বোধনম্। বৃহস্পতিঃ,—

"বালসম্বর্দ্ধনং ত্যক্ত্বা বালাপত্যা ন গচ্ছতি।

স্মার্ত্তসম্মতমিতি ধ্যেয়ম্। দ্রব্যবিশেষমনুপাদায়েতি—নন্বু উশনোবচনে দ্রব্যবিশেষানুপা-দানেঽপি "সাধ্বী তৎপাদুকাদ্বয়মি"তি বচনৈকবাক্যত্বাৎ পাদুকাদ্বয়ং বিনা নানুমরণমিতি চেন্ন, অনুমরণস্থলেঽপি "সহ ভর্ত্তৃশরীরেণ সংবিশন্তু হুতাশনমি"তি মন্ত্রস্য পঠনীয়ত্বাৎ তস্য সমবেতার্থত্বলাভায় ভর্ত্তৃশরীরপদস্য ভর্ত্তুপভোগ্যপরত্বাৎ, তথাচ—যথা ভর্ত্তুঃ শরীর-মুপভোগ্যং তথা পাদুকাদিকমপি ইত্যনুমরণে ভর্ত্ত্রুপভোগ্যবস্তুমাত্রলাভ ইতি ধ্যেয়ম্॥ ৫

অদৃষ্টঋতব ইতি অদৃষ্টঃ ন আগত ঋতুকালো যাসাং তাঃ, দশবর্ষাভ্যন্তরস্থা ইত্যর্থঃ।

মধ্যেই গণ্য। কিন্তু বিবেচনা করিয়া দেখিলে ইহাই প্রতীত হয় যে, "পাদুকা-দ্বয়ে"র দ্বারা এস্থলে পতি সম্বন্ধীয় দ্রব্যবিশেষেরই উপলক্ষণ করা হইয়াছে মাত্র। কারণ, উশনা স্মৃতিতে ব্রাহ্মণী ভিন্ন স্ত্রীদিগের কোন দ্রব্যবিশেষ না লইয়াও পৃথক্ চিতারোহণ মাত্র উক্ত হইয়াছে। উশনার সেই বচনটি এই—"ব্রাহ্মণী পৃথক্ চিতায় আরোহণ করিয়া স্বামীর অনুগমন করিবে না। অপর বর্ণজাত স্ত্রীগণের পক্ষে এই পৃথক্ চিতায় আরোহণপূর্ব্বক স্বামীর অনুগমনই স্ত্রীজাতিকর্ত্তব্য শ্রেষ্ঠ ধর্ম্ম বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছে।" মদনপারিজাতকারও এইরূপ মীমাংসা করিয়াছেন। শিষ্টাচারও এইরূপ দৃষ্ট হয়। ৫।

কৃত্যতত্ত্বার্ণবে বৃহন্নারদীয় হইতে নিম্নলিখিত বচনটি উদ্ধৃত হইয়াছে—"হে কল্যাণি, রাজপুত্রি, যে সকল স্ত্রী বালাপত্যা অর্থাৎ যাহাদের কোলে শিশু-সন্তান, যাহারা গর্ভবতী, যাহাদের রজোদর্শন হয় নাই, এবং যাহারা রজঃ-স্বলা, ইহারা চিতারোহণ করে না।" মূল বচনস্থিত "রাজসুতে" (রাজপুত্রি) এই পদটি সগর রাজার মাতাকে সম্বোধন করিয়া বলা হইয়াছে। বৃহস্পতি

"রজস্বলা সূতিকা চ রক্ষেদগর্ভঞ্চ গর্ভিণী ॥"

এবমন্তৎশ্চেবালসম্বৰ্দ্ধনং স্যাত্তদা তস্যা অপ্যধিকারঃ ॥ ৬ ॥

ব্যাসঃ,—"দ্বিবৈকগম্যদেশস্থা সাধ্বী চেৎ কৃতনিশ্চয়া ।

ন দহেৎ স্বামিনং তস্যা যাবদাগমনং ভবেৎ ॥"

ভবিষ্যপুরাণে,—তৃতীয়েঽহ্নি উদক্যায়া মৃতে ভর্ত্তরি বৈ দ্বিজাঃ ।

তস্যানুমরণার্থায় স্থাপয়েদেকরাত্রকম্ । তস্য ভর্ত্তুঃ । তথা—

"একাং চিতাং সমাসাদ্য ভর্ত্তারং যানুগচ্ছতি ।

তদ্ভর্ত্তুর্যঃ ক্রিয়াকর্ত্তা স তস্যাশ্চ ক্রিয়াঙ্করেৎ ॥"

এতচ্চ পিণ্ডদানপর্য্যন্তম্ ।

"অত ঊৰ্দ্ধং রজস্বলে'তি বচনাদিতি কেচিৎ, অন্যে তু অদৃষ্টঋতব ইতি ঋতুকালেঽপি অদৃষ্টরজব: সম্ভাবিতগর্ভা ইত্যর্থঃ। গর্ভিণ্যেণ নিশ্চিতগর্ভাঃ, অতো ন পৌনরুক্ত্যমিত্যাহুঃ। রজস্বলেতি রজস্বলা সূতিকয়োর্গমনাভাবেঽশৌচং হেতুঃ ॥ ৬ ॥

অন্যতশ্চেদিতি তথাচ বালসম্বৰ্দ্ধনেত্যাদিকং দৃষ্টার্থকমিতি ভাবঃ। তস্যানুমরণার্থায় ইত্যত্রাহুঃ সহার্থঃ। পিণ্ডদানপর্য্যন্তং পূরকপিণ্ডদানপর্য্যন্তম্, পিণ্ডং দদ্যাৎ পূরকপিণ্ডং

বলেন—"বালাপত্যা স্ত্রী স্বকীয় কোলের ছেলের পোষণ পরিত্যাগ করিয়া অনুগমন করিবে না, রজস্বলা, এবং সূতিকাও অনুগমন করিবে না। গর্ভবতীর পক্ষে আপনার গর্ভরক্ষা অবশ্য কর্তব্য।" উপরি উক্ত বৃহস্পতির বচনে বালাপত্যাকে স্বকীয় কোলের ছেলের পোষণ পরিত্যাগ করিয়া অনুগমন করিতে নিষেধ করায়, ঐ বালকের পোষণের ব্যবস্থা যদি অন্যের দ্বারা সম্ভবপর হয়, তাহা হইলে, বালাপত্যারও চিতারোহণ শাস্ত্রনিষিদ্ধ হয় না। ৬।

ব্যাস বলেন,—"সহগমনে কৃতনিশ্চয়া সাধ্বী যদি মৃত স্বামীর স্থিতিস্থান হইতে একদিনে যাওয়া যায়, এইরূপ দূরদেশে মাত্র অবস্থান করে, তাহা হইলে স্বামীর মৃত্যু সংবাদ শ্রবণের পর যে পর্য্যন্ত সেই সাধ্বী মৃত্যুস্থানে আগমন না করে, সে পর্য্যন্ত শবদেহের দাহ করিবে না।" ভবিষ্য পুরাণে বলা হইয়াছে "হে দ্বিজগণ! যদি রজস্বলা স্ত্রীর তৃতীয় দিনের দিন স্বামীর মৃত্যু হয়, তাহ'লে উহার অনুগমনার্থ একরাত্র শবদেহ রক্ষা করিবে।" মূল বচনে যে "তস্য" (উহার) এই কথাটি আছে, তাহার অর্থ স্বামীর। ভবিষ্য পুরাণে আরও বলা হইয়াছে "যে স্ত্রী এক চিতায় আরোহণ করিয়া স্বামীর অনুগমন করিবে, স্বামীর ঔর্দ্ধদেহিক

"যশ্চাগ্নিদাতা প্রেতস্য পিণ্ডান্ দদ্যাৎ স এব হি।" ইতি বায়ুপুরাণবচনৈকবাক্যত্বাৎ। ব্রহ্মপুরাণে,—

"শ্রাবয়েত্তর্ত্তৃজায়াস্তু সদ্ভর্ত্তৃকুলপামিমাং।
চিতামারোপয়ন্ প্রাজ্ঞঃ প্রমীতে ধর্ম্মমুত্তমম্।"
"ইমাঃ পতিব্রতাঃ পুণ্যাঃ স্ত্রিয়ো যা যাঃ সুশোভনাঃ।
সহ ভর্ত্তৃশরীরেণ সংবিশন্তু বিভাবসুম্॥
এবং শ্রুত্বা ততো নারী শ্রদ্ধাভক্তিসমন্বিতা।
পিতৃমেধেন যজ্ঞেন ইষ্ট্বা স্বর্গমবাপ্নুয়াৎ।" প্রমীতে ভর্ত্তরি ইতি শেষঃ। পিতৃমেধেন যজ্ঞেন চিতারোহণরূপেণ। পাদুকা-

দদ্যাৎ। একবাক্যত্বাদিতি। ন চ কথমেকবাক্যতা সম্ভবতি "যশ্চাগ্নিদাতা প্রেতস্য" ইত্যত্র প্রেতপদোপাদানাৎ তস্যাশ্চ প্রেতত্বাভাবাদিতি বাচ্যং, প্রেতস্য সংস্কৃতাগ্নিদাহস্যেতি তদর্থাৎ ন চৈবমপি তদগ্নিনা দগ্ধস্য উদাসীনস্যাপি পিণ্ডদানাপত্তিরিতি বাচ্যং প্রেতস্য তদগ্নিনা দাহত্বেন বেদবোধিতস্যৈতদর্থে তাৎপর্য্যাৎ। তথাচ তস্যাঃ পুত্রাদিসত্ত্বেঽপি তত্র দিনাত্রেব পূরকপিণ্ডদানং কার্য্যম্ ইতি ভাবঃ। স্বয়ং তত্র দিদানে তু স্বস্বপুত্রেণৈব পিণ্ডদানং কার্য্যমিতি বোধ্যম্। ভর্ত্তৃজায়ামিত্যত্র ভর্ত্তৃপদং তচ্ছরীরপরং ততশ্চ শ্রবণ-কুণ্ডলবৎ তৎকালীনভর্ত্তৃশরীরসত্তাবোধনায় ভর্ত্তৃপদমিতি ভাবঃ। ইমাম্ ইতি পাঠঃ। ইম-মিতি পাঠে ধর্ম্মমিত্যস্য বিশেষণম্। শ্রাবণীয়মন্ত্রমাহ ইমাঃ পতিব্রতা ইত্যাদি। পিতৃমেধেন ইতি পিতৃপদমত্র লক্ষণয়া ত্যক্তদেহপরং, তস্য মেধো দেহদাহঃ চিতারোহণমিতি যাবৎ।

ক্রিয়ার কর্ত্তাই ঐ স্ত্রীর ঔর্দ্ধদেহিক ক্রিয়াও করিবে।" উপরে যে, ঔর্দ্ধ-দেহিক ক্রিয়ার কথা বলা হইয়াছে, উহাতে পূরকপিণ্ডদানান্ত ক্রিয়াই বুঝিতে হইবে; কারণ, তাহ'লেই "যে ব্যক্তি প্রেতের মুখাগ্নি করিবে, পূরক পিণ্ড সেই ব্যক্তিই প্রদান করিবে।" এই বায়ুপুরাণের বচনের সহিত উপরি উক্ত বচনের একবাক্যতা হয়। ব্রহ্মপুরাণে বলা হইয়াছে "প্রাজ্ঞ ব্যক্তি সেই স্বামিকুলের গৌরবরক্ষাকারিণী স্ত্রীকে যৎকালে স্বামীর চিতায় স্থাপিত করিবেন, তৎকালে সহগমনকারিণীদিগের যে সকল শ্রেষ্ঠ ধর্ম্ম লাভ হয়, তাহা শুনাইয়া দিবেন, এবং এই মন্ত্রটি পাঠ করিবেন। "এই স্থলে যে সকল পবিত্রচরিত্রা পতি-ব্রতাগণ অবস্থান করিতেছেন তাঁহারা সকলেই স্বামীর শরীরের সহিত অগ্নিতে প্রবেশ করুন। এই মন্ত্র শুনিয়া যে স্ত্রী ভক্তি ও শ্রদ্ধা সহকারে পিতৃমেধযজ্ঞ করে, সে স্বর্গলাভ করে, সে স্বর্গ প্রাপ্ত হয়।" উপরি উক্ত মূল সংস্কৃত বচনে "প্রমীতে"

স্বয়গ্রহণপূর্ব্বকানুমরণেঽপি সহ ভর্তৃশরীরেণেত্যনূহঃ প্রযোজ্যঃ; "দেশান্তরমৃতে পত্যাবি"ত্যাদিনা শরীরপ্রতিনিধিত্বেন তদীয়দ্রব্যবিধানাৎ। প্রতিনিধৌ চ যথাশ্রুতমন্ত্রপাঠমাহ কাত্যায়নঃ,—"শব্দেঽবিপ্রতিপত্তিরি"ত্যেতদ্বিবৃতমেকাদশীতত্ত্বে ॥ ৭ ॥

ন চ, "অগ্নিজলপ্রবিষ্টানাং ভৃগুসংগ্রামদেশান্তরমৃতানাং গর্ভাণাং জাতদন্তানাং মরণে ত্রিরাত্রেণ শুদ্ধিরি"তি কাশ্যপবচ-

তদ্রূপেণ মন্ত্রেণ ইত্যর্থঃ। অনূহ ইতি তথাহি প্রকৃতিবিকৃতিভাবস্থলে এবোহঃ অনুমরণন্তু ন সহমরণস্য বিকৃতিঃ কিন্তু প্রতিনিধিরিতি ভাবঃ; তথাচ সহ ভর্তৃশরীরেণেত্যেব প্রযোজ্যং ন তু সহ ভর্তৃপাদুকাদ্বয়েনেত্যাদিকমিতি ধ্যেয়ম্। শব্দেঽবিপ্রতিপত্তিরিতীতি শ্রুতশব্দাপরিত্যাগ ইত্যর্থঃ। প্রতিনিধিস্থলে শব্দে শ্রুতশব্দপ্রয়োগে কস্যাপি ন বিপ্রতিপত্তিঃ ন বিরুদ্ধা প্রতিপত্তিঃ; তথাচ প্রতিনিধিস্থলে যথাশ্রুত এব শব্দঃ প্রযোজ্য ইতি ভাবঃ। অতএব শ্রাদ্ধাদৌ মধুপ্রতিনিধিত্বেন গুড়দানেঽপি মধুবাতেতি মন্ত্রোঽবিকৃত এব পাঠ্যঃ ন তু গুড়পদোহেনেতি ॥ ৭ ॥

ন চেতি বাচ্যমিতি পরেণান্বয়ঃ। ভৃগুরুচ্চপ্রদেশঃ। সংগ্রামেতি তত্র বিমুখমৃতানাম্

শব্দের অর্থ—স্বামী মৃত হইলে, এবং পিতৃমেধ যজ্ঞ শব্দের অর্থ—চিতাধিরোহণ পাদুকাগ্রহণপূর্ব্বক অনুমরণ করিলেও "সহ ভর্তুঃ শরীরেণ" (ভর্ত্তার শরীরের সহিত) ইত্যাদি মন্ত্র অবিকলই পাঠ করিতে হইবে, ভর্ত্তার পাদুকার সহিত এইরূপে মন্ত্রের পরিবর্ত্তন করিতে হইবে না; কারণ, অনুমরণের সময় যে পাদুকাগ্রহণের কথা বলা হইয়াছে, ঐ পাদুকাও "পতি দেশান্তরে মৃত হইলে," ইত্যাদি বচন দ্বারা, শরীরের প্রতিনিধিরূপেই যে গৃহীত হয়, ইহাই বুঝাইতেছে, এবং প্রতিনিধিস্থলে যে, যথাশ্রুত অর্থাৎ মন্ত্রটি প্রথমে যেমন উক্ত হইয়াছে, সেইরূপ পাঠ করিতে হইবে, সেকথা কাত্যায়ন বলিয়াছেন। যথা,—যথাশ্রুত শব্দের প্রয়োগে কোনরূপ মতভেদ দৃষ্ট হয় না" এ কথা একাদশীতত্ত্বে বিস্তৃত ভাবে আলোচিত হইয়াছে। ৭।

কেহ আশঙ্কা করিয়াছিল—আমরা কাশ্যপের একটি বচন দেখিতে পাই, "অগ্নিপ্রবিষ্ট, জলপ্রবিষ্ট, ভৃগুপতনে, সংগ্রামে বা দেশান্তরে মৃত ব্যক্তিদিগের এবং জাত-দন্ত বালকদিগের মরণে * তিন রাত্রের পর শুদ্ধি হইবে।"

(*) মূলবচনস্থিত 'গর্ভ' শব্দটার কাশীরাম দুই প্রকার অর্থ ধরিয়াই ব্যাখ্যা করিয়াছেন, যথা,—'গর্ভ' শব্দের যদি 'ভ্রূণ' রূপ অর্থ গ্রহণ করা হয়, তাহা হইলে, সপ্তম ও

নাৎ সহমৃতায়া অপ্যগ্নিপ্রবেশেন ত্রিরাত্রাশৌচং, তত্রৈব তস্যাঃ পিণ্ডদানমিতি বাচ্যং; প্রাগুক্তং ব্রহ্মপুরাণে পৃথক্‌চিতা-সমারোহণমাত্রে ত্র্যহাশৌচবিধানাৎ, অন্যত্র ভর্তৃতুল্যাশৌচ-প্রতীতেঃ। সহমরণে কাশ্যপোক্তত্রিরাত্রাশৌচাঙ্গীকারেঽপি তস্যাশৌচস্য বৃদ্ধ্যাপত্যাশৌচকালাবধিস্থায়িত্বম্।

"অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী।
তাবৎ স্যাদশুচির্ব্বিপ্রো যাবত্তৎস্যাদনির্দ্দশম্॥"

ইত্যর্থঃ, নপুংসমরণে সদ্যঃশৌচবিধানাৎ। গর্ভাণামিতি সপ্তমাষ্টমমাসয়োর্গর্ভপতনে যথেষ্টা-চরণসপিণ্ডানাং ত্রিরাত্রাশৌচবিধানাৎ তৎপরং বোধ্যং. গর্ভাণাং বালানামিত্যর্থকত্বে তু জাত-দন্তানাং বালানাং মরণে পিত্রোস্ত্র্যহাশৌচবিধানাৎ তৎপরং বোধ্যং, তত্রৈব ত্রিরাত্র এব পিণ্ডদানং পূরকপিণ্ডদানম্, অশৌচাভ্যন্তর এব তদ্বিধানাৎ। প্রাগুক্তেতি "ত্র্যহাশৌচ-

এই কাশ্যপের বচনানুসারে সহমৃতা স্ত্রীরও অগ্নিপ্রবেশে মৃত্যু হওয়ায় ত্রিরাত্র অশৌচ হইবে, কাজেই ঐ ত্রিরাত্রাশৌচের মধ্যেই তার পূরক পিণ্ড দান করাইত উচিত হয়? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতে-ছেন, "ন চ বাচ্যম্" একথা বলিতে পার না। পূর্ব্বেই এই আপত্তির উত্তর এক প্রকার বলা হইয়াছে, কারণ ব্রহ্মপুরাণের বচনে কেবলমাত্র পৃথক্ চিতায় আরোহণ কারীর পক্ষেই ত্রিরাত্রাশৌচের বিধান করায়, পৃথক্ চিতারোহণ ভিন্ন স্থলে যে, স্ত্রীর অশৌচ স্বামীর অশৌচের তুল্য হইবে, ইহাই প্রতীত হইতেছে। আরও একটী কথা, যদিও তোমার জেদের অনুরোধে সহমরণে কাশ্যপোক্ত তিনরাত্রি মাত্র অশৌচ স্বীকার করা যায়, তাহইলেও সেই অশৌচ পতির মৃত্যুজন্য অশৌচের যোগে বৃদ্ধি পাইয়া পতির অশৌচের অন্তদিন অবধি স্থায়ী হইবে। কারণ "পূর্ব্বজাত দশাহ অশৌচের মধ্যে যদি আর একটি জনন বা মরণাশৌচ সঙ্ঘটিত হয়, তাহ'লে পূর্ব্বোক্ত দশাহ অশৌচের যে কাল পর্য্যন্ত অন্ত না হয়, ব্রাহ্মণ সেই পর্য্যন্ত অশুচি

অষ্টম মাসের গর্ভ পতনে যথেষ্টাচারী সপিণ্ড দিগের যে, ত্রিরাত্রাশৌচ বিহিত হইয়াছে, কাশ্যপের এই বচনটীকে তদ্বিষয়কই বুঝিতে হইবে, আর গর্ভ' শব্দের যদি 'বালক'রূপ অর্থ ধরা হয়, তাহা হইলে, জাতদন্ত পদটি উহার বিশেষণ, এবং জাতদন্ত বালকের মৃত্যুতে পিতামাতার যে ত্রিরাত্রাশৌচ বিহিত হইয়াছে, এই বচনটি তদ্বিষয়কই বুঝিতে হইবে।

ইতি মনূক্তাশৌচসঙ্করে পরাশৌচস্য পূর্ব্বাশৌচকালা-বধিত্বাখিত্বপ্রতীতেঃ। ততশ্চ যথাশৌচকালসঙ্কোচে তন্মধ্য এব সঙ্কলয্য পিণ্ডদানম্‌, তথশৌচকালবৃদ্ধাবপি যাবদশৌচং যথাক্রমং দশপিণ্ডা দেয়া ইতি ॥ ৮ ॥

কামামপি প্রত্যেকস্য ফলজনকত্বমাহ এবঞ্চেতি। কল্পিতমিতি পুরোডাশমিত্যর্থঃ। নমু যত্র পত্যুর্ম্মুক্তত্বং, তত্র পত্যা সহ মোদমানত্বাদ্যভাবাৎ সহমরণাদিকং ন স্যাৎ? তত্রাহ এবঞ্চেতি সমুচ্চিতফলকামনাধিকারস্য প্রত্যেকফলকামাধিকারিত্বাদেবেত্যর্থঃ। এতচ্চ একত্র দৃষ্ট ইতি ন্যায়াৎ অনুমানবলভ্যং, তথাহি এতৎ কর্ম্ম তত্তৎপ্রত্যেকফলকামাধিকারিকং, সমুচ্চিততত্তৎফলকামাধিকারিকত্বাৎ,যৎকর্ম্ম সমুচ্চিতফলকামাধিকারিকং ভবতি তৎ প্রত্যেকফলকামাধিকারিকমপি ভবতীতি ব্যাপ্তেরিতি বোধ্যম্। কাশ্যাদিমৃতস্যাপীতি সহযোগে তৃতীয়াপ্রাপ্তাবপি সম্বন্ধবিবক্ষয়া ষষ্ঠীতি বোধ্যম্, তথাচ পত্যুর্ম্মুক্তত্বস্থলে পত্যা সহ মোদমানত্বাদিরূপফলাসম্ভবেঽপিফলান্তরসম্ভবাৎ তৎকামনয়ৈব সহমরণং সংগচ্ছতে,

---

ফলগুলি একেবারে সমাস করিয়া একপদে নিবিষ্ট হইলেও ভূপাল (ভোজরাজ) বলিয়াছেন, উহাদের মধ্যে এক একটি ফলের সহিতও কামনার সম্বন্ধ হইতে পারে। এইরূপ সিদ্ধান্ত স্থির হওয়াতেই, অর্থাৎ যে স্থলে কোনও একটি কর্ম্মবিশেষের অনুষ্ঠান দ্বারা কতকগুলি ফল মিলিতরূপে প্রাপ্তি হইবার কথা বলা হইয়াছে, সে স্থলে মিলিত সমুদয় ফলের কামনায় অথবা উহাদের মধ্যে কোনও একটী ফলের কামনায়ও ঐ কর্ম্ম করা যাইতে পারিবে এইরূপ স্থির সিদ্ধান্ত হওয়াতেই, বৌধায়নের—"এই দুইটী ঋক্ পাঠ করত তিল, ব্রীহি, গোধূম, এবং যব দ্বারা একুশদিনে লক্ষ আহুতি দান করিবে।" এই বচনটির বিশ্বেশ্বর ভট্ট কর্ম্মবিপাক নামক গ্রন্থে এইরূপ তাৎপর্য্য প্রদর্শন করিয়াছেন যে, ঐ বচনোক্ত তিলাদি যাবৎ বস্তু যদি পাওয়া যায়, তাহা হইলেই ঐ সমুদয় বস্তু একত্র করিয়া তাহাদের দ্বারা হবন করিবে, আর যদি সমুদয় বস্তুর না মিলিবার সম্ভাবনা থাকে, তাহ'লে উহাদের মধ্যে যে কোনও একটী বস্তু দ্বারা হবন করিবে।" ইহাতে দেখান হইয়াছে যে, বিধিবাক্যে সমুচ্চিত ভাবে উক্তদিগের মধ্যেও ইচ্ছানুসারে যে কোন একটির গ্রহণ করা যাইতে পারে। অধিক কি একেবারে ফলের কামনাশূন্য রমণীরও সহমরণে অধিকার হইবে। দেখ, সমাধিপূর্ব্বক দেহত্যাগকারী অতএব মুক্তিপ্রাপ্ত ধৃতরাষ্ট্রের শরীর যৎকালে পর্ণকুটীরসংলগ্ন অগ্নিদ্বারা দগ্ধ হইয়াছিল, তাঁহার পত্নী

তৎপত্ন্যা গান্ধার্য্যা অগ্নিপ্রবেশদর্শনাদিদানীং গঙ্গাদিমৃতস্য মুক্তস্যাপি পত্যুস্তৎপত্ন্যাঃ সহমরণং সঙ্গচ্ছতে। তদুক্তং ভাগবতে,—

"দহ্যমানেঽগ্নিভির্দ্দেহে পত্যুঃ পত্নী সহোটজে।
বহিঃ স্থিতাপি তৎ সাধ্বী তমগ্নিমনুবেক্ষ্যতি॥"

অনুবেক্ষ্যতি অনুপ্রবেশং করিষ্যতীতি যুধিষ্ঠিরায় নারদস্য ভবিষ্যৎকথনম্।

"দয়িতং যান্যদেশস্থং মৃতং শ্রুত্বা পতিব্রতা।
সমারোহতি শীঘ্রাগ্নৌ তস্যাঃ সিদ্ধিং নিবোধত॥"

মিলিতফলজনকস্যাপি প্রত্যেকফলজনকত্বাদিতি স্মার্ত্তমতম্। অন্যে তু নন্ধ ধৃতরাষ্ট্রেণ গান্ধার্য্যাঃ সহমরণদৃষ্টান্তেন ভবতু মুক্তেন পত্যা পত্ন্যাঃ সহমরণসিদ্ধিঃ, পত্যুর্মুক্তত্বেন জীবভাবাভাবাৎ ইন্দ্রিয়াদ্যভাবেন দেহান্তরপ্রাপ্ত্যভাবাৎ কেন সহ তৎপত্ন্যাঃ ক্রীড়নাদিসিদ্ধিঃ? তথাচ—"ইন্দ্রিয়াণি চ সূক্ষ্মাণি যাশ্চান্যাঃ পঞ্চ দেবতাঃ। জীবেন সহ গচ্ছন্তি যাবত্তত্ত্বং ন বিন্দতি॥" ইতি বিবদন্তঃ কৃতিনস্তত্র দ্বিধা সমাদধিরে; যথা তত্র ফলবাদিনঃ,—"অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্। "না ভুক্তং ক্ষীয়তে কর্ম্ম কল্পকোটিশতৈরপি॥" ইতি দর্শনাৎ পত্যন্তরেণ সহ স্ত্রিয়াস্তৎকর্ম্মজন্যফলভোগঃ, ন চ সাধ্ব্যাস্তস্যাঃ কথং পত্যন্তরসংসর্গ ইতি বাচ্যং, পদ্মপুরাণে প্রাণিধিনাম্নো বৈশ্যস্য ভার্য্যায়াঃ সাধ্ব্যাঃ পদ্মাবত্যাঃ প্রস্তাবে তথোক্তত্বাৎ, যথা প্রয়াগে পদ্মাবত্যুদ্দেশেন ত্যক্তদেহস্য চণ্ডালস্য তৎপতিসদৃশরূপধারণেন তদ্‌গৃহগমনে দৈবাৎ প্রবাসহপ্রাণিধ্যাগমনেন চ তস্যা

গান্ধারী সেই অগ্নিতে প্রবিষ্ট হইয়া সহমরণ করিয়াছিলেন, এই বৃত্তান্তদর্শনে আজকাল গঙ্গাদিতীর্থ স্থানে মৃত অতএব মুক্তিপ্রাপ্ত পতির সহিতও স্ত্রীলোকগণ যে সকল প্রকার কামনাশূন্য হইয়াই সহমরণ করে, তাহাও সঙ্গত বলিয়া প্রতীত হইতেছে। অর্থাৎ ফলপ্রাপ্তি হউক বা নাই হউক, সহমরণ অসিদ্ধ হইবে না। গান্ধারী যে ধৃতরাষ্ট্রের সহমৃতা হইয়াছিলেন, ভাগবতে তাহা এইরূপে বর্ণিত হইয়াছে, যথা, "যৎকালে উটজের সহিত স্বামীর দেহ অগ্নিদ্বারা দহ্যমান হইবে, তখন সেই সাধ্বী বহিঃস্থিতা হইয়াও ঐ অগ্নিতে প্রবেশ করিবেন"—এই কথাটী যুধিষ্ঠিরের নিকট নারদের ভবিষ্যদ্বাক্য বলিয়া 'অনুবেক্ষ্যতি' (প্রবেশ করিবেন) এই ক্রিয়া পদটী ভবিষ্যৎ কালে প্রযুক্ত হইয়াছে। 'যে পতিব্রতা স্বীয় বিদেশস্থ পতিকে মৃত শুনিবামাত্র কাল-

ইতি ব্যাসবচনাদিনা সহমরণানুমরণয়োর্নিরবকাশনৈমিত্তিককাম্যত্বেন মলমাসাদাবপি কর্ত্তব্যতা।

"নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা।
তথা তথৈব কার্য্যাণি ন কালস্তু বিধীয়তে॥" ইতি দক্ষবচনাৎ॥১৪॥

সহমরণপ্রয়োগঃ।

তদয়ং প্রয়োগঃ—পুত্রাদিনা স্বগৃহ্যোক্তবিধিনা অগ্নৌ দত্তে, ভর্ত্তৃজ্বলচ্চিতায়াং সহগন্ত্রী সাধ্বী স্নাতা, পরিহিতবাসোযুগ্মা,

---

অনয়োঃ কো মে পতিরিতি সংশয়ে জাতে, তস্যাঃ সুবর্ণাদিনা তুষ্টৈন শ্রীবিষ্ণুনা তাভ্যাং সহ মোদনং প্রতিপাদিতমিত্যাহুঃ। মুক্তিবাদিনস্তু সহমৃতায়া উদ্দেশ্যা ভর্ত্তুর্গতিরেব গতিঃ বৈদিককর্ম্মণঃ কর্ত্তুরুদ্দেশ্যফলদায়িত্বাদিত্যাহুঃ। উভয়ার্থসম্পাদনবাদিনস্তু যাবতা কালেন কর্ম্মফলভোগঃ সম্পদ্যতে, সৌভর্য্যাদিবৎ তাবন্তং কালং সংকল্প্য কায়ব্যূহেন ভোগং সমাপ্য, উদ্দেশ্যো ভর্ত্তা মুক্তিমেতি, উদ্দেশিকা তু ভার্য্যা পুনর্জ্জায়তে, মুক্তেঃ কালবিলম্বস্তু বৈদিককর্ম্মজন্যফলস্য প্রতিবন্ধকত্বস্বীকারেণ সমাধেয় ইত্যাহুঃ। শীঘ্রেতি শীঘ্রা সতীত্যর্থঃ। নিরবকাশেতি "শীঘ্রে"তি শ্রবণাৎ নিরবকাশত্বং বোধ্যম্, তথাচ নিরবকাশত্বং নৈমিত্তিকত্বঞ্চ ইতি হেতুদ্বয়মিত্যর্থঃ। বিধীয়তে ইতি বিহিতাবিহিতত্বেন বিচার্য্যতে ইত্যর্থঃ॥১৪॥

বিলম্ব না করিয়াই চিতাগ্নিতে আরোহণ করেন, তাঁহারও যে সহমরণ সিদ্ধ হয়, ইহা জানিবে।" ইত্যাদি ব্যাসবচন দ্বারা জানা যাইতেছে যে, সহমরণ এবং অনুমরণ এই দুইটী কার্য্য নিরবকাশ (কালবিলম্ব সহনে অক্ষম, এইরূপ) নৈমিত্তিক কর্ম্ম; সুতরাং পতির মৃত্যুরূপ নিমিত্ত যখনই উপস্থিত হইবে, তখনই অবিলম্বে উহাদের অনুষ্ঠান কর্ত্তব্য, অতএব মলমাসাদিতেও উহাদের অনুষ্ঠান হইতে পারে। নৈমিত্তিক কাম্য কর্ম্ম সকলের যে, নিমিত্তের উপস্থিতিমাত্রেই অনুষ্ঠান করা আবশ্যক, এ সম্বন্ধে একটী বচন দৃষ্ট হয় যথা,—"নিমিত্তবিশেষের অধীন কর্ম্মসকলের অনুষ্ঠানকাল যেমন যেমন উপস্থিত হইবে, তেমন তেমনই উহাদিগের অনুষ্ঠান করিবে, শুদ্ধ কালাদির প্রতীক্ষা করিবে না। ১৪।

সহমরণপ্রয়োগ।

একণে সহমরণের অনুষ্ঠান পদ্ধতি লিখিত হইতেছে। অগ্নিদানে অধিকারী পুত্রাদি কর্ত্তৃক নিজ নিজ গৃহ্য শাস্ত্রোক্ত বিধি অনুসারে চিতায় অগ্নি প্রদত্ত হইলে,

কুশহস্তা, প্রাঙ্মুখী, উদঙ্মুখী বা, দৈবতীর্থেনাচান্তা, তিলজলকুশ-ত্রয়মাদায়—"ওঁ তৎসদি"তি ব্রাহ্মণৈরুচ্চারিতে নারায়ণং সংস্মৃত্য "নমোঽদ্যামুকে মাসি, অমুকে পক্ষে, অমুকতিথৌ, অমুকগোত্রা শ্রীঅমুকী দেবী, অরুন্ধতীসমাচারত্বপূর্ব্বক-স্বর্গ-লোকমহীয়মানত্ব-মানবাধিকরণক-লোমসংখ্যাব্দাবচ্ছিন্ন-স্বর্গবাস-ভর্ত্তৃসহিতমোদমানত্ব-মাতৃপিতৃশ্বশুর-কুলত্রয়পূতত্ব-চতুর্দ্দশেন্দ্রাব-চ্ছিন্নকালাধিকরণকাপ্সরোগণস্তূয়মানত্ব-পতিসহিতক্রীড়মানত্ব-ব্রহ্মঘ্ন কৃতঘ্ন মিত্রঘ্নপতিপূতত্বকামা, ভর্ত্তৃজ্বলচ্চিতারোহণমহং করিষ্যে।" অনুমরণে তু "ভর্ত্তৃজ্বলচ্চিতারোহণমি"ত্যত্র "জ্বলদগ্নি-

---

'প্রাঙ্মুখী উদঙ্মুখী বে"তি আচমনে অন্বিতং, সংকল্পে তু উদঙ্মুখত্বমেব "সাধারণে চোত্তরাস্য" ইতি বচনাৎ, স্বর্গলোকমহীয়মানত্বেতি স্বর্গলোকাধিকরণকগমন-কর্ত্তৃত্বেত্যর্থঃ। মহীঙ্ গতাবিত্যস্য কণ্ড্বাদিগণপঠিতস্য রূপং পবমানাদিবৎ অবর্ত্তমানকালে শানঃ, অতো ন স্বর্গলোকগচ্ছত্বকাম ইত্যাদয়ঃ প্রয়োগাঃ। ভর্ত্তৃসহিতমোদমানত্বেতি ভর্ত্তৃসহিতা স্বর্গে, মোদমানা চেতি, তথেত্যর্থঃ। পতিসহিতক্রীড়মানত্বেতি অত্রাপি পূর্ব্ববৎ কর্ম্মধারয়ঃ, "অনুমরণে" ত্বিতি

স্বামীর সেই প্রজ্জ্বলিত চিতায় সহমরণকারিণী সাধ্বী স্নান করিয়া বস্ত্রযুগল (পরি-ধেয় এবং উত্তরীয়) পরিধানপূর্ব্বক, কুশ হস্তে পূর্ব্বমুখী বা উত্তরমুখী হইয়া উপবেশন করিবে, পরে দৈবতীর্থ অর্থাৎ অঙ্গুলি সকলের অগ্রভাগ দ্বারা মুখে জলের ছিটা দিয়া আচমন করিয়া তিল, জল এবং কুশনির্ম্মিত ত্রিপত্র গ্রহণ করিবে, অনন্তর ব্রাহ্মণগণ "ওঁ তৎসৎ" এই কথা উচ্চারণ করিলে নারায়ণ স্মরণপূর্ব্বক "নমঃ আজ অমুক মাসে, অমুক পক্ষে, অমুক তিথিতে, অমুক গোত্র শ্রীঅমুকী দেবী অরুন্ধতীর মত সদাচারের সহিত স্বর্গলোকে গমন করে। মনুষ্য শরীরে যতগুলি লোম আছে, তাবৎ বৎসর স্বর্গলোকে বাস, এবং স্বামীর সহিত আনন্দে যাপন, মাতা, পিতা এবং শ্বশুর, এই তিন কুলকে পবিত্রীকরণ, যথাক্রমে চতুর্দ্দশ ইন্দ্রের আধিপত্যকাল ব্যাপিয়া অপ্সরোগণ কর্ত্তৃক স্তূয়মান হওয়া, এবং পতির সহিত ক্রীড়াকরণ, এবং ব্রহ্মহত্যাকারী কৃতঘ্ন ও মিত্রদ্রোহী পতিকে পবিত্রকরণ, এই সকল ফলের অভিলাষিণী হইয়া স্বামীর প্রজ্বলিত চিতায় আমি অধিরোহণ করিতেছি।" এইরূপ সঙ্কল্প করিবে, অনুমরণ স্থলেও সঙ্কল্প-বাক্যের অপর পদগুলি ঠিক ঐরূপই থাকিবে, কেবল "স্বামীর প্রজ্বলিত চিতায়

প্রবেশেন ভর্ত্রনুমরণমি”তি সঙ্কল্প্য—“অষ্টৌ লোকপালা আদিত্যচন্দ্রানিলাগ্ন্যাকাশ-ভূমিজলহৃদয়াবস্থিতান্তর্যামিপুরুষযম-দিনরাত্রিসন্ধ্যাধর্ম্মা যূয়ং সাক্ষিণো ভবত, জ্বলচ্চিতারোহণেন ভর্ত্তৃশরীরানুগমনমহং করিষ্যে” ইতি। অনুমরণে তু “ভর্ত্তৃশরীরানুগমনমি”ত্যত্র “ভর্ত্রনুমরণমি”তি চোচ্চার্য্য চিতাগ্নিং ত্রিঃ প্রদক্ষিণীকৃত্য—

“ওঁ ইমা নারীরবিধবা সুপত্নীরঞ্জনেন সর্পিষা সংবিশন্তু।
অনশ্রবো অনমীরা সুরত্না আরোহন্তু জলযোনিমগ্নে॥” ইতি

ঋগ্বেদোক্তে মন্ত্রে—

সংকল্পবাক্যে ফলোল্লেখস্তু তুল্য এব, কিন্ত্বনুমরণস্য সহমরণপ্রতিনিধিত্বাৎ প্রতিনিধিস্থলে চাঙ্গহানেরাবশ্যকত্বাৎ, তত্তৎফলগততারতম্যং কিঞ্চিৎ স্বীক্রিয়তে ইতি বোধ্যম্। অষ্টৌ লোকপালা ইন্দ্রো বহ্নিঃ পিতৃপতির্নৈঋ'তো বরুণো মরুৎ কুবের ঈশ ইতি। আদিত্যেতি আদিত্যচন্দ্রবনিলোঽনলশ্চ দ্যৌর্ভূমিরাপো হৃদয়ং যমশ্চ। অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে ধর্ম্মশ্চ জানাতি নরস্য বৃত্তমিতি শ্লোকোপদর্শিতা দেবতা ইত্যর্থঃ। “ইমা নারীরি”তি ইমা নার্য্য ইত্যর্থঃ: সুপাংসুপ্ ইতি জসি শস্। অবিধবা ভর্ত্রা সহ ক্রীড়ায়া ভাবিত্বাৎ বৈধব্যশূন্যেত্যর্থঃ। সুপত্নীঃ সুপত্ন্যঃ শোভনপতিকাঃ অঞ্জনেন সর্পিষেতি বিশেষণে তৃতীয়া, তথাচ সহ গমনাচ্চক্ষুষোরঞ্জনং গাত্রে চ ঘৃতং দেয়মিত্যর্থঃ। অনশ্রবঃ অশ্রুশূন্যা, তথাচ সহ গমনে রোদনং ন কর্ত্তব্যমিত্যর্থঃ। অনমীরা অমীররহিতা নিষ্পাপা ইত্যর্থঃ। সুরত্না

আমি অধিরোহণ করিতেছি” এইরূপ না বলিয়া, “প্রজ্বলিত অগ্নি প্রবেশ করিয়া আমি স্বামীর অনুগমন করিতেছি” এইরূপ বলিতে হইবে। উক্তরূপে সংকল্প করিবার পর, বলিবে, “হে অষ্ট লোকপালগণ, হে সূর্য্য, হে চন্দ্র, হে বায়ু, হে অগ্নি, হে আকাশ, হে ভূমি, হে জল, হে হৃদয়ের মধ্যে অবস্থিত অন্তর্যামিন্ আত্মা পুরুষ, হে যম, হে দিন, হে রাত্রি, হে সন্ধ্যা, হে ধর্ম্ম, আপনারা সাক্ষী থাকুন, আমি প্রজ্বলিত চিতারোহণপূর্ব্বক স্বামীর শরীরের অনুগমন করিতেছি,” অনুমরণের সময় ঐ সকল কথাই বলিবে, কেবল স্বামীর শরীরের অনুগমন করিতেছি, ইহা না বলিয়া, স্বামীর অনুগমন করিতেছি, এই কথা বলিয়া তিনবার চিতানলকে প্রদক্ষিণ করিবে। অগ্নি প্রদক্ষিণ করা হইলে, ব্রাহ্মণ, “হে অগ্নি, এই শোভন পতিবিশিষ্ট অবিধবা অশ্রুজলশূন্য, নিষ্পাপা, নারী চক্ষে কজ্জল এবং শরীরে ঘৃত লেপনপূর্ব্বক শোভন রত্নে ভূষিতা হইয়া

"ওঁ ইমাঃ পতিব্রতাঃ পুণ্যাঃ স্ত্রিয়ো যা যাঃ সুশোভনাঃ।
সহ ভর্ত্তৃশরীরেণ সংবিশন্তু বিভাবসুমি"তি পৌরাণিকে মন্ত্রে চ, ব্রাহ্মণেন শ্রাবিতে, পশ্চান্নমো নম ইত্যুচ্চার্য্য জ্বলচ্চিতাং সমারোহেৎ। আপস্তম্বঃ,—

"চিতিভ্রষ্টা তু যা নারী মোহাদ্বিচলিতা ভবেৎ।
প্রাজাপত্যেন শুধ্যেত্তু তস্মাদ্বৈ পাপকর্ম্মণঃ॥"

স্ত্রীরত্নস্বরূপা"রত্নং স্বজাতিশ্রেষ্ঠেঽপী"তি অমরঃ। জলযোনিমগ্নিম্। অগ্নে ইতি অগ্ন্যধিষ্ঠাতৃদেবতায়াঃ সম্বোধনম্। "চিতিভ্রষ্টে"তি চিতিমারুহ্য ততো ভ্রষ্টেত্যর্থঃ, চিত্যনারোহণে তু ন দোষঃ, ইতি প্রামাণিকাঃ; বিচলিতা চঞ্চলা। প্রাজাপত্যেনেতি প্রাজাপত্যাশক্তৌ ধেনুরেকা তন্মূল্যং কার্ষাপণত্রয়ং বা দক্ষিণা চ যথাশক্তি দেয়েতি। তত্র প্রাঞ্চঃ,—"যদা নারী বিশেদগ্নিং স্বেচ্ছয়া পতিনা সহ।" ইতি যমবচনাৎ পুত্রাদিভিঃ পিত্রাদিভ্যোঽগ্নৌ দত্তে, পশ্চাৎ চিতামারুহ্য তদগ্নিপ্রবেশঃ কার্য্যঃ, ন তু পত্যা সহ চিতামারূঢ়ায়া একত্রৈবাগ্নিদানং, জীবন্ত্যা অগ্নিদানেন পুত্রাদীনাং মাতৃবধস্ত্রীবধপ্রসঙ্গাৎ। তথা অনুগমনমাহ ব্যাসঃ,—"দেশান্তরমৃতে তস্মিন্ সাধ্বী তৎপাদুকাদ্বয়ম্। নিধায়োরসি সংশুদ্ধা প্রবিশেজ্জাতবেদসম্॥" অত্র সাধ্বীত্যনেন অসাধ্বীনামনুগমনং নিষিদ্ধম্। অঙ্গিরাঃ,—"দয়িতং চান্যদেশস্থং মৃতং শ্রুত্বা পতিব্রতা। সমারোহতি দীপ্তাগ্নৌ তস্যাঃ সিদ্ধিং নিবোধত॥ যদি প্রবিষ্টো নরকং বদ্ধঃ পাশৈঃ সুদারুণৈঃ। ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে বিলাৎ। তদ্বৎ ভর্ত্তারমাদায় দিবং যাতি পতিব্রতা॥ তত্র সা ভর্ত্তৃপরমা স্তূয়মানাপ্সরোগণৈঃ। ক্রীড়তে পতিনা সার্দ্ধং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ" ইতি। ভর্ত্তৃশবানুগমনসহমরণফলমাহাঙ্গিরাঃ,—"শ্মশানং নীয়মানন্ত ভর্ত্তারমনুযাতি যা। পদে পদে চাশ্বমেধো জায়তে নাত্র সংশয়ঃ॥ তিস্রঃ কোট্যোর্দ্ধকোটী চ যানি লোমানি মানবে। তাবন্ত্যব্দানি সা স্বর্গে ভর্ত্তারং যানুগচ্ছতি॥ মাতৃকং পৈতৃকঞ্চৈব যত্র কন্যা প্রদীয়তে। পুনাতি ত্রিকুলং নারী ভর্ত্তারং যানুগচ্ছতি॥ তত্র সা ভর্ত্তৃপরমা পরা পরমলালসা। ক্রীড়তে পতিনা সার্দ্ধং যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ॥ ব্রহ্মঘ্নো বা কৃতঘ্নো বা মিত্রঘ্নো বাপি যো নরঃ। তং বৈ পুনাতি ভর্ত্তারমিত্যাঙ্গিরসভাষিতমি"তি। তত্রায়ং বিধিঃ পুত্রাদিভিরগ্নিদানে কৃতে জ্বলিতে চিতাগ্নৌ স্নাত্বাচম্য প্রাঙ্মুখীভূয় সংকল্পং কুর্য্যাৎ,—অদ্যেত্যাদি কুলত্রয়োদ্ধরণপূর্ব্বক-

---

চিতাগ্নিতে আরোহণ করুক।" এই ঋগ্বেদের মন্ত্রটী, এবং "এই পবিত্রচরিত্রসম্পন্ন, পতিব্রতা, সুশোভনা, স্ত্রীগণ স্বামীর শরীরের সহিত অগ্নিতে প্রবেশ করুন্।" এই পৌরাণিক মন্ত্র শুনাইলে, সহমরণ-কারিণী "নমো নমঃ" এই কথা বলিয়া প্রজ্বলিত চিতানলে আরোহণ করিবে। আপস্তম্ব বলিয়াছেন যে, "সহমরণপ্রবৃত্তা রমণী মোহবশে বিচলিত হইয়া চিতা হইতে ভ্রষ্টা হইলে,

পাশ্চাত্যনির্ণয়ামৃতে স্মৃতিঃ,—
"একচিত্যাং সমারূঢ়ৌ দম্পতী নিধনং গতৌ।
পৃথক্ শ্রাদ্ধং তয়োঃ কুর্য্যাদোদনন্তু পৃথক্ পৃথক্॥"
বিদ্যাকরধৃতা স্মৃতিঃ,—
"একাহেন মৃতানান্তু বহূনামথবা দ্বয়োঃ।
তন্ত্রেণ শ্রপণং কৃত্বা পৃথক্‌শ্রাদ্ধং প্রবর্ত্ততে॥"
যত্তু,—"যদা নারী বিশেদগ্নিং স্বেচ্ছয়া পতিনা সহ।

ভর্তৃগতাশেষপাপক্ষয়চতুর্দ্দশেন্দ্রকালাবচ্ছিন্নপতিসহিতস্বর্গলোকবাসকামনয়া ভর্তৃসম্বন্ধি-চিতাগ্নৌ প্রবেশমহং করিষ্যে ইতি সংকল্প্য, অষ্টলোকপালান্ সাক্ষিণঃ কৃত্বা অগ্নিং প্রদক্ষিণীকৃত্য প্রবিশেৎ। যত্র পত্যুর্গঙ্গামরণাদিনা বৈকুণ্ঠাদিলোকপ্রাপ্তিঃ স্যাৎ, তত্রেদৃশং বাক্যম্।—"অদ্যেত্যাদি গঙ্গামরণাদিনা পতিপ্রাপ্তলোকপ্রাপ্তিকামনয়া ভর্তৃসম্বন্ধিচিতাগ্নৌ প্রবেক্ষ্যে" ইতি। যথা শ্রীভাগবতে,—"সৈষা নূনং ব্রজত্যূর্দ্ধমনু বৈণ্যং পতিং সতী। পশ্যতাস্মানতীত্যার্চ্চির্দুর্বিভাব্যেন কর্ম্মণা॥ স্তুবন্তীত্যমরস্ত্রীষু পত্যুর্লোকং গতা বধূঃ। যং বৈ আত্মবিদাং ধূর্য্যো বৈণ্যঃ পাপাচ্চ্যুতাশ্রয় ইত্যাহুঃ। "পৃথক্ শ্রাদ্ধং তয়োঃ কুর্য্যাদি"তি বিভিন্নতিথিমরণে বিভিন্নতিথৌ শ্রাদ্ধং কুর্য্যাৎ ন পত্যুস্তিথাবেবেত্যর্থঃ। ওদনস্ত্বিতি একচিতিমরণেঽপি পৃথক্ পৃথক্ পাকং কুর্য্যাৎ, এবঞ্চ সুতরামন্যত্র পৃথক্ পাক ইতি ভাবঃ। একাহেন একতিথ্যা বহূনামিতি ভর্ত্রা সহ মৃতানাং বহূনাং সপত্নীনামিত্যর্থঃ। দ্বয়োরিতি সপত্ন্যোরিত্যর্থঃ। তন্ত্রেণ শ্রপণমিতি একং পাকমিত্যর্থঃ। এবম্ভূতসপত্নীভিন্নস্থলেঽপি পাকোঽপি পৃথক্ ইত্যর্থঃ। হরি-

---

সেই পাপকর্ম্মের শুদ্ধির নিমিত্ত প্রাজাপত্য ব্রত আচরণ করিবে।" পাশ্চাত্য নির্ণয়ামৃত নামক গ্রন্থে স্মৃতির এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে, যথা,—"যে দম্পতী (স্ত্রীপুরুষ) এক চিতায় আরোহণ করিয়া নিধন প্রাপ্ত হইয়াছে, তাহাদের শ্রাদ্ধও পৃথক্ পৃথক্ ভাবে করিবে এবং তর্পণও পৃথক্ পৃথক্ ভাবে করিবে।". বিদ্যাকর স্মৃতির এইরূপ একটী বচন উদ্ধৃত করিয়াছেন, "একদিনে মৃত বহু বা দুই ব্যক্তির শ্রাদ্ধীয়ান্ন পাক এক সঙ্গে করিয়া পৃথক্ পৃথক্ ভাবে শ্রাদ্ধের অনুষ্ঠান করিবে।" তবে যে আমরা দেখিতে পাই, হরিদাস তর্কাচার্য্য মহাশয় 'যে স্থলে নারী আপনার ইচ্ছায় পতির সহিত অগ্নিতে প্রবেশ করিবে, তাহার অশৌচ স্বামীর অশৌচের সহিত সমকালব্যাপী হইবে, এবং তাহার উদক-

অশৌচমুদকং তস্যাঃ সহ ভর্ত্তে'তি নিশ্চিতম্ ।

তিথ্যন্তরমৃতায়াস্তু পৃথক্ শ্রাদ্ধং ন বিদ্যতে ॥” ইতি চতুর্ভুজভট্টাচার্য্যধৃতযমবচনাৎ ভিন্নতিথিমৃতায়া অপি পত্যুর্মৃত-তিথৌ শ্রাদ্ধমিতি হরিদাসতর্কাচার্য্যাঃ, তন্ন; অস্য বচনস্যা-মূলকত্বাৎ, সমূলকত্বেঽপি শ্রাদ্ধপদং পিণ্ডপরম্, “একোদ্দিষ্টং মৃতাহনী”তি যমবচনবিরোধাদিতি ॥ ১৫ ॥

অথাশৌচসঙ্করঃ

তত্র মনুঃ ;—“অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী ।

দাসতর্কাচার্য্যমতং দূষয়িতুমুপন্যস্যতি যত্ত্বিতি। পৃথক্ শ্রাদ্ধং ভিন্নতিথৌ শ্রাদ্ধং, প্রাচীনের-স্যোপদ্রলকং বচনান্তরমপি দীয়তে। যথা যমঃ,—“যদা নারী বিশেদগ্নিং স্বেচ্ছয়া স্বামিনা সহ। অশৌচন্তু ভবেত্তস্যাঃ স্বামিতুল্যং ন সংশয়ঃ। পিণ্ডদানোদকং তস্যাঃ সহ ভর্ত্তে'তি নিশ্চয়ঃ। অশৌচমুদকং তস্যাঃ সহ ভর্ত্রা। মৃতং যতঃ॥ তিথ্যন্তরমৃতায়াস্তু পৃথক্ শ্রাদ্ধং ন বিদ্যতে ॥” তথাচ পঠন্তি,—পত্যুর্ভিন্নতিথৌ সাধ্বী পত্যা সহ মৃতা চ যা। তস্যা মাস্যাদিকং শ্রাদ্ধং পত্যুর্মৃতিতিথৌ ভবেদিতি। অমূলত্বাদিতি স্মার্ত্তমতে প্রাচীন-দত্তবচনান্তরমপ্যমূলম্, একোদ্দিষ্টমিত্যাদি হেতোরুভয়ত্রাবিশেষাং। পিণ্ডপদং পূরক-পিণ্ডপরম্। তথাচ তত্র শৌচমধ্যে পিণ্ডদানং, নত্বগ্নিমরণজন্যত্র্যাহাশৌচমধ্যে ইত্যর্থঃ। একোদ্দিষ্টমিতি ন চ একাং চিতামিত্যাদিবচনস্য বিরোধঃ, কথং ন দত্ত ইতি বাচ্যং তদ্বচনস্য মুনিবিশেষনামাঙ্কিতত্বাভাবেন প্রাচীনেরমূলত্বাশঙ্কনাদিতি ॥ ১৫ ॥

নম্ন পূর্ব্বাশৌচেন সঙ্করাং পরাশৌচস্য সংকোচো ভবতু অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেদিত্যাদি

ক্রিয়া স্বামীর সহিত একযোগে করিতে হইবে, ঐরূপ স্থলে স্ত্রীর মৃত তিথি স্বামীর মৃত তিথির সহিত এক না হইলেও উহাদের শ্রাদ্ধ পৃথক্ পৃথক্ ভাবে হইবে না।” চতুর্ভুজ ভট্টাচার্য্যধৃত এই যমবচনটী অবলম্বন করিয়া ভিন্ন তিথিতে মৃতা স্ত্রীরও স্বামীর মৃত তিথিতেই শ্রাদ্ধ করিবার ব্যবস্থা করিয়াছেন, উহা ঠিক নহে, কারণ প্রথমতঃ আমরা ঐ বচনের কোনও মূল খুঁজিয়া পাই না, যদিও ঐ বচনটীকে সমূলক বলিয়া স্বীকার করা যায়, তাহ'লেও ঐ বচনস্থিত শ্রাদ্ধ শব্দের অর্থ “পূরকপিণ্ড” এইরূপই বলিতে হইবে ; তাহা না বলিলে ঐ বচনের সহিত “মৃত তিথিতে একোদ্দিষ্ট করিবে” ঐ যমেরই এই বচনের বিরোধ হইয়া পড়ে ॥ ১৫ ॥

অশৌচসঙ্কর ।

এক্ষণে অশৌচ-সঙ্করের কথা বলা যাইতেছে। কেহ আশঙ্কা করিয়াছিল

তাবৎ স্যাদশুচির্বিপ্রো যাবৎ তৎ স্যাদনির্দ্দশমি”ত্যনেন পরজাতস্য পূর্ব্বজাতাশৌচসমানকালীনাশৌচস্য সঙ্কোচং বিনা শুদ্ধেরসম্ভবাৎ, পূর্ব্বাশৌচকালেন পরাশৌচকালস্য সঙ্কোচো-ঽস্তু, স্বল্পকালীনাশৌচস্য তু বৃদ্ধিং বিনাপি পূর্ব্বাশৌচস্থিতে-রশুচির্ভবিষ্যতীত্যত্র কথং সহমরণে তদ্‌বৃদ্ধিরুক্তা ইতি চেন্ন, শঙ্খেন তথোক্তত্বাৎ। যথা,—

বচনপ্রতিপাদিতত্বাৎ সহমরণস্থলে তু পত্যাশৌচেন গুরুণা সহ গন্ত্র্যা মরণাশৌচস্য বৃদ্ধি-ভবন্তিরুক্তত্বাৎ, কথং সংগচ্ছতাম্‌ ইত্যাতস্তৎ সাধয়িতুম্‌ উপোদ্‌ঘাতসংগত্যা অশৌচসঙ্কর়ং নিরূপয়তি অথাশৌচসঙ্কর ইত্যাদিনা। চিন্তাং প্রকৃতিসিদ্ধ্যর্থামুপোদ্‌ঘাতং বিদুর্ব্বুধাঃ। ইত্যুপোদ্‌ঘাতলক্ষণং প্রকৃতসিদ্ধ্যনুকূলত্বেন চিন্তনীয়মিত্যর্থঃ। পুনরিতি পুনঃশব্দেন মরণোত্তরমরণং, জননোত্তরজননম্‌ ইতি সূচিতম্‌। তাবদিতি পরাশৌচনিমিত্তেন তাবদ-শুচিরিত্যর্থঃ। তৎ পূর্ব্বাশৌচনিমিত্তম্‌। বিপ্র ইত্যুপলক্ষণম্‌, এবমনির্দ্দশমিত্যস্য অনির্গতস্বকালমিত্যর্থঃ। ইত্যনেনেতি সঙ্কোচোঽস্ত ইতি পরেণান্বিতং, সঙ্কোচম্‌ হ্রাসং শুদ্ধেরিতি যাবৎ, তৎ স্যাদনির্দ্দশমিত্যনেনাভিহিতায়াঃ পূর্ব্বজাতনিমিত্তকালোত্তরং শুদ্ধেরিত্যর্থঃ। স্বল্পকালীনেতি প্রকৃতেঃ সহগন্ত্র্যাঃ অগ্নিপ্রবেশেন মরণনিবন্ধনত্র্যা-হাশৌচস্যেতি, বোধ্যম্‌। পূর্ব্বাশৌচস্থিতেরিতি প্রকৃতে ভর্তৃমরণজন্যাশৌচস্থিতিরিতি বোধ্যম্‌। তদ্‌বৃদ্ধিরিতি সহমরণস্থলে সহগন্ত্র্যা মরণজন্যাশৌচবৃদ্ধিরিত্যর্থঃ।

যে, সহমরণে অগ্নিপ্রবেশে মৃত্যুনিবন্ধন সহমৃতা স্ত্রীর ত্রিরাত্র মাত্র অশৌচ স্বীকার করিয়াও স্বামীর অশৌচের অন্তদিবসে উহারও পুরকপিণ্ড দিতে বলি-তেছ, তজ্জন্য স্বামীর অশৌচের সহিত উহার অশৌচের বৃদ্ধি স্বীকার করিতে যাও কেন? দেখ, এ সম্বন্ধে মনুর একটী বচন দৃষ্ট হয়, যথা—“পূর্ব্বজাত দশাহাশৌচের মধ্যে যদি আর একটি দশাহব্যাপী জননাশৌচ বা মরণাশৌচ হয়, তাহা হইলে যাবৎকাল ঐ পূর্ব্ব অশৌচ দশাহ অতিক্রম না করিবে, তাবৎকাল পর্য্যন্ত ব্রাহ্মণ অশুচি থাকিবে।” ইহা দ্বারা পূর্ব্বজাত অশৌচের সমকালব্যাপী পরজাত অশৌচের সঙ্কোচ স্বীকার ব্যতিরেকে পূর্ব্বজাত অশৌচান্তের পর শুদ্ধি হওয়া অসম্ভব বলিয়া, পূর্ব্বাশৌচকালের দ্বারা সমকালব্যাপী পরাশৌচ-কালের সঙ্কোচ করা হউক, কিন্তু পূর্ব্বাশৌচ অপেক্ষা স্বল্পকালব্যাপী পরজাত অশৌচের বৃদ্ধির স্বীকার না করিলেও দীর্ঘকালব্যাপী পূর্ব্বাশৌচের অবস্থিতি নিবন্ধন পূর্ব্বাশৌচের অন্তকাল অবধি একটা অশৌচ ত থাকিবেই; এরূপ অবস্থায় সহমরণ স্থলে স্ত্রীমরণ জন্য স্বল্পকালব্যাপী. অশৌচের বৃদ্ধি কেন স্বীকার করা

"সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ।
অসমানং দ্বিতীয়েন ধর্ম্মরাজবচো যথা।"

প্রথমার্দ্ধে পতিতং সজাতীয়াশৌচং, প্রথমেন সমাপয়েৎ; অত্র প্রথমার্দ্ধপতিতত্বেন বিশেষোঽবৃদ্ধিমদাশৌচবিষয়ঃ।

সমানেতি অত্র সাম্যং স্বস্বজাত্যুক্তাশৌচকালীনত্বমরণীয়ত্বাভ্যাং, স্বস্বজাত্যুক্তাশৌচকালীনত্বজননীয়ত্বাভ্যাঞ্চ বোধ্যং, নত্ববৃদ্ধিমত্বেনাপি, তেন ভ্রাত্যন্তরমরণাশৌচপূর্ব্বার্দ্ধে পিত্রাদিমরণেঽপি পূর্ব্বেণৈব শুদ্ধিঃ, তত্রোক্তসাম্যস্য সত্ত্বাদিতি। প্রথমে প্রথমার্দ্ধে, প্রথমেন প্রথমজাতেন সমানাশৌচেন শুদ্ধিরিত্যর্থঃ। অসমানং পূর্ব্বজাতং জননাশৌচং, দ্বিতীয়েন মরণাশৌচকালেন সমাপয়েদিত্যর্থঃ। নমু প্রথমার্দ্ধে পতিতমিতি যদুক্তং, তন্ন সমীচীনং ভবতি যতো নবমদিনপর্য্যন্তং সমানাশৌচান্তরপাতেঽপি পূর্ব্বেণৈব সমাপনা-

হইতেছে? স্ত্রীর অশৌচ না থাকিলেও স্বামীর অশৌচ যখন থাকিবে তখন অশৌচ কালে পূরক পিণ্ডদানের ব্যাঘাত ত হইবেই। স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আপত্তি করিতে পার না, কারণ শঙ্খ ঐরূপ অশৌচ বৃদ্ধির কথাই বলিয়াছেন, যথা,— "যদি পূর্ব্বোৎপন্ন একটী অশৌচের প্রথমার্দ্ধের মধ্যে তৎসজাতীয় আর একটী অশৌচ হয়, তাহা হইলে ঐ দ্বিতীয়াশৌচ প্রথমোৎপন্ন অশৌচের সহিতই সমাপ্ত হইবে। অর্থাৎ যদি একটী দশদিনব্যাপী জননাশৌচ বা মরণাশৌচের প্রথম পাঁচ দিনের মধ্যে আর একটী দশদিনব্যাপী জননাশৌচ বা মরণাশৌচ হয়, তাহা হইলে পূর্ব্বজাত জননাশৌচের সঙ্গেই পরজাত জননাশৌচের শেষ হইবে, এবং পূর্ব্বজাত মরণাশৌচের সঙ্গেই পরজাত মরণাশৌচের শেষ হইবে। কিন্তু প্রথমে উৎপন্ন দশদিনব্যাপী জননাশৌচের মধ্যে যদি একটী দশদিনব্যাপী মরণাশৌচ হয়, তাহা হইলে পরজাত মরণাশৌচের সহিতই পূর্ব্বজাত জননাশৌচের শেষ হইবে, ধর্ম্মরাজ এই কথা বলিয়াছেন।" এই যে পূর্ব্বজাত পূর্ণাশৌচের প্রথমার্দ্ধে সঙ্ঘটিত তৎজাতীয়, অর্থাৎ সমকালব্যাপী এবং বিশিষ্টত্ব জননত্ব বা মরণত্বধর্ম্মযুক্তরূপে তুল্য জাতীয় আর একটি পূর্ণাশৌচকে প্রথম অশৌচের সহিতই সমাপ্ত করিবার কথা বলা হইল, এবং উক্ত স্থলে পূর্ব্বাশৌচের প্রথমার্দ্ধের মধ্যেই পরাশৌচের সঙ্ঘটন হওয়াকে যে, বিশেষ করিয়া নির্দ্দেশ করা হইয়াছে, অর্থাৎ সম্পূর্ণ অশৌচ কালের মধ্যে না বলিয়া প্রথমার্দ্ধের মধ্যে এইরূপ বিশেষ করিয়া বলা হইয়াছে, উহা

"অঘবৃদ্ধিমদাশৌচমূর্দ্ধঞ্চেত্তেন শুধ্যতি।
অথ চেৎ পঞ্চমীং রাত্রিমতীত্য পরতো ভবেৎ।
অঘবৃদ্ধিমদাশৌচং তদা পূর্ব্বেণ শুধ্যতি॥"

ইতি কূর্ম্মপুরাণবচনাৎ। একস্মাদশৌচজন্মন ঊর্দ্ধং পরতঃ, "বৃক্ষবচ্ছাস্ত্রে ব্যবহার" ইতি ন্যায়াৎ, তেন অশৌচকালমধ্যে যদ্যঘবৃদ্ধিমদাশৌচং, তদা তেনাঘবৃদ্ধিমতা দ্বিতীয়েনাশৌচেন

দত্ত আহ প্রথমার্দ্ধপতিতত্বেনেতি। বিশেষঃ পূর্ব্বেণ সমাপনম্। অঘবৃদ্ধিমদাশৌচাতিরিক্ত-স্থলে তু নবমদিনপর্য্যান্তমশৌচান্তরপাতে, পূর্ব্বেণৈব শুদ্ধিরিতি বোধ্যম্। ঊর্দ্ধমশৌচ-জন্মনঃ পরতঃ। তেন অঘবৃদ্ধিমদাশৌচেন। পরতঃ পঞ্চমীং রাত্রিমতীত্য ভবেৎ, অঘ-বৃদ্ধিমদাশৌচং পূর্ব্বাশৌচস্য পূর্ব্বার্দ্ধে ভবেৎ। হারলতাকারস্ত অঘবৃদ্ধিমদাশৌচমিতি বচনং তদা পূর্ব্বেণেত্যত্রাকারপ্রশ্লেষং কৃত্বা অন্যথা ব্যাচক্ষতে, যথা,—একস্মাদশৌচজন্মন

দ্বারা পরাশৌচটি যে, অঘবৃদ্ধিমৎ অর্থাৎ অস্পৃশ্যত্বাদি অশুদ্ধির বর্দ্ধক, অথচ পূর্ব্বাশৌচের সমকালব্যাপী একটি বিশেষ অশৌচ,[১] তাহাই বলিতে হইবে, এবং তাদৃশ অশৌচই যদি পূর্ব্বাশৌচের প্রথমার্দ্ধের মধ্যে সঙ্ঘটিত হয়, তাহা হইলে ঐ অশৌচকেই পূর্ব্বাশৌচের সহিত শেষ করিবে, এইরূপ অভিপ্রায়ই বুঝিতে হইবে। কারণ কূর্ম্মপুরাণের একটী বচন আছে, "যদি একটী অশৌচ উৎপন্ন হইবার পর, আর একটী তদপেক্ষা অশুদ্ধিবর্দ্ধক অশৌচ উৎপন্ন হয়, তাহা হইলে উহার সহিতই পূর্ব্বোৎপন্ন অশৌচের শুদ্ধি হইবে। কিন্তু যদি পূর্ব্বা-শৌচের শেষ দিন হইতে উল্টাদিক্ দিয়া গণনায় পাঁচ রাত্রি অতিক্রম করিয়া অর্থাৎ পূর্ব্বাশৌচের প্রথম দিন হইতে পাঁচ দিন মধ্যে পূর্ব্বাশৌচের সমকালব্যাপী আর একটী অশুদ্ধিবর্দ্ধক অশৌচ হয়, তাহা হইলে প্রথমাশৌচের সহিতই উহার শুদ্ধি হইবে।" এই বচনের স্মার্ত্ত এই রকম ব্যাখ্যা করিয়াছেন,—একটী অশৌচ উৎপত্তির ঊর্দ্ধে অর্থাৎ শেষভাগে;[১]এস্থলে ঊর্দ্ধ শব্দটীর যে শেষভাগ রূপ অর্থ করা হইল, তাহার বীজ এই যে, শাস্ত্রে বৃক্ষের মত শেষভাগ অর্থেই ঊর্দ্ধ কথাটির ব্যবহার দৃষ্ট হয়, অর্থাৎ বৃক্ষের ঊর্দ্ধ বলিলে যেমন গোড়া না বুঝাইয়া অগ্রভাগ বুঝায়, সেইরূপ এস্থলে ঊর্দ্ধ শব্দটী পূর্ব্বভাগের বাচক না হইয়া, শেষ ভাগেরই বাচক, এইরূপ বুঝিতে হইবে, অর্থাৎ এই বচন দ্বারা প্রথমত একটি সাধারণ নিয়ম করা হইল যে, পূর্ব্বজাত অশৌচের শেষ হইবার পূর্ব্বে যদি আর একটী অশুদ্ধিবর্দ্ধক অশৌচ উৎপন্ন হয়, তাহা হইলে ঐ দ্বিতীয় অশুদ্ধিবর্দ্ধক

শুদ্ধিঃ। অস্যাপবাদমাহ অথ চেদিতি। পরতোঽশৌচকালাবধেঃ প্রাতিলোম্যেন পঞ্চমীং রাত্রিমতিক্রম্য যদি ভবতি পূর্ব্বাশৌচ-প্রথমার্দ্ধ ইতি যাবৎ, তদা পূর্ব্বাশৌচেন শুদ্ধিঃ, শঙ্খবচনৈক-

ঊর্দ্ধং পরতস্তেৎ অঘবৃদ্ধিমদাশৌচং ভবতি, তদা তেনৈব পূর্ব্বেণৈব শুদ্ধিঃ। অস্যাপবাদ-মাহ অথচেদিতি ক্রমেণ পঞ্চমীং রাত্রিমতীত্য যদি অঘবৃদ্ধিমদাশৌচং ভবতি তদা অপূর্ব্বেণ পূর্ব্বভিন্নেন অর্থাদ্দ্বিতীয়েন অঘবৃদ্ধিমদাশৌচেন শুদ্ধিরিতি, অত্র এতাদৃশব্যাখ্যানে ফলভেদা বিশেষাভাবেঽপি অথচেদিত্যত্র পঞ্চমীং রাত্রিমতীত্য ইত্যংশস্যৈব সম্যকৃত্বে পরত ইত্যস্য বৈয়র্থ্যং স্যাদিতি তদ্ব্যাখ্যানমুপেক্ষ্য স্বয়মন্যথা ব্যাখ্যায়তে একস্মাদিতি। অশৌচ-জন্মনঃ অশৌচোৎপত্তেঃ। অশৌচজন্মনঃ পরত ইতি অশৌচাভ্যন্তরে ইত্যর্থঃ। বৃক্ষ-বদিতি যথা পশ্চাজ্জাতো বৃক্ষস্যাগ্রভাগঃ ঊর্দ্ধত্বেন ব্যবহ্রিয়তে, এবং পূর্ব্বং জাতোঽপি মূলভাগঃ অধস্ত্বেন ব্যবহ্রিয়তে, তথেত্যর্থঃ। নমু পূর্ব্বাশৌচস্য প্রথমার্দ্ধেঽপি অঘবৃদ্ধি-মদাশৌচপাতে অঘবৃদ্ধিমদাশৌচেন শুদ্ধির্ভবতু. অতো অথচেদিত্যাদিকং তদপবাদকত্বেন

অশৌচের সহিতই পূর্ব্বাশৌচের শুদ্ধি হইবে। পরে ঐ বচনের পরার্দ্ধ দ্বারা এই সাধারণ নিয়মের অপবাদ বলিতেছেন, উক্ত বচনে "পূর্ব্বাশৌচের শেষ দিন হইতে পাঁচ রাত্রি অতিক্রম করিয়া" যে, বলা হইয়াছে, উহা দ্বারা এরূপ অর্থই বুঝাইতেছে যে, পূর্ব্বাশৌচের শেষ দিন হইতে প্রতিলোম অর্থাৎ উল্টাদিক্ হইতে গণনায় পাঁচ রাত্রি ছাড়াইয়া, যদি অশুদ্ধিবর্দ্ধক অশৌচ হয়, অর্থাৎ পূর্ব্বাশৌচের প্রথম পাঁচদিনের মধ্যে যদি তথাবিধ অশৌচ হয়, তাহা হইলে পূর্ব্বাশৌচের সহিতই দ্বিতীয় অশৌচের নিবৃত্তি হইবে। (১) এইরূপ অর্থ করিলেই পূর্ব্বোক্ত শঙ্খবচনের সহিত কূর্ম্মপুরাণের এই বচনের এক-বাক্যতা হয়। ঐ বচনের যদি এইরূপ অর্থ না করিয়া 'প্রথম পাঁচ রাত্রি অতিক্রম করিয়া দ্বিতীয়াশৌচ উৎপন্ন হয়' এরূপ সোজাসুজি অর্থ করা হয়, তাহা হইলে "পাঁচ রাত্রি অতিক্রম করিয়া" এইরূপ বলাতেই "প্রথম হইতে যথাক্রমে পাঁচ রাত্রি অতিক্রম করিয়া" এইরূপ অর্থের আপনা হইতেই বোধ হইতেছিল, সুতরাং বচনস্থিত "পরতঃ" (পর হইতে) এই কথাটীর ব্যব-

(১) শঙ্খের "প্রথমার্দ্ধে পতিত অশৌচের প্রথম অশৌচের সহিত শেষ হইবে," এই বচনে 'প্রথমার্দ্ধের মধ্যে পতিত', এইরূপ বিশেষ করিয়া উল্লেখ করায়, কূর্ম্মপুরাণের বচনোল্লিখিত এই অশুদ্ধিবর্দ্ধক অশৌচই যে শঙ্খের অভিপ্রেত তাহাই বুঝাইতেছে, কারণ অশুদ্ধিবর্দ্ধক অশৌচ ভিন্ন অপর অশৌচ যে প্রথমার্দ্ধের পর উপান্ত দিনের মধ্যে সংঘটিত হইলেও পূর্ব্বাশৌচের সহিতই শেষ হইবে, ইহা পরে বলা হইবে।

বাক্যত্বাৎ। অন্যথা ক্রমিকপরত্বস্যাভীত্য ইত্যনেন লব্ধত্বাৎ পরত ইত্যস্যানর্থক্যাপত্তেঃ। অঘবৃদ্ধিমত্ত্বন্তু সপিণ্ডজননাশৌচাপেক্ষয়া স্বপুত্রজননাশৌচস্য, সপিণ্ডমরণাপেক্ষয়া মাতৃপিতৃভর্তৃমরণা-শৌচস্য চ, যতঃ স্বপুত্রজননে স্নানাৎ পূর্ব্বমঙ্গাস্পৃশ্যত্বম, অন্যত্র তু ন তথা, মাতৃপিতৃভর্তৃণাং মহাগুরুত্বাৎ তৈষাং মরণে দ্বাদশ-রাত্রমক্ষারলবণান্নাশনং, সপিণ্ডমরণে তু ত্রিরাত্রম। যথা কূর্ম্মপুরাণম্,—

"সূতকে তু সপিণ্ডানাং সংস্পর্শো নৈব দুষ্যতি।
সূতকং সূতিকাঞ্চৈব বর্জ্জয়িত্বা নৃণাং পুনঃ॥"

সূতকং পিতরং, সূতিকাং জননীং, নৃণাং সংস্পর্শ-কর্তৃণাম্॥ ১৬॥

ব্যাখ্যায়তে তস্মেত্যাদিনা, পরতোঽশৌচকালাবধেরিতি পরত ইত্যস্য পরাবধেরিত্যর্থঃ, পরাবধিশ্চাশৌচান্তিমদিনম্। শঙ্খেতি সমানাশৌচং প্রথমে ইতি শঙ্খবচনেনেত্যর্থঃ। একবাক্যত্বাৎ একশ্রুতিমূলকত্বাৎ। হারলতাকারৈস্তু পরত ইতি যথাশ্রুতমেব ব্যাখ্যাতং তত্তন্ন্যা দূষয়তি অন্যথেতি। প্রাতিলোম্যেন পরত্বাবিবক্ষণে ইত্যর্থঃ। ক্রমিকপরত্বস্য আনুলোম্যেন পরত্বস্য। স্মার্ত্তমতে তু পরত ইত্যস্য পরাবধেরিত্যর্থকত্বাৎ ন আনর্থক্যং যতঃ পরত ইত্যস্য অসত্ত্বে, প্রাতিলোম্যেন পঞ্চমীমিত্যস্যালাভঃ স্যাদতস্তল্লাভার্থং পরত ইত্যুক্তম্ ইতি ধ্যেয়ম্। অঘবৃদ্ধিমত্ত্বং পাপবৃদ্ধিমত্ত্বং অশৌচস্য পাপবিশেষরূপত্বাৎ, অন্যত্র

হার সম্পূর্ণ নিরর্থক হইয়াই পড়ে। অশুদ্ধিবর্দ্ধক অশৌচের কথা যে বলা হইয়াছে, ঐ অশুদ্ধিবর্দ্ধক অশৌচের স্বরূপ এইরূপে বুঝিতে হইবে,—সপিণ্ড জ্ঞাতির পুত্রজননাপেক্ষা স্বপুত্রজননাশৌচ অশুদ্ধিবর্দ্ধক, এবং সপিণ্ড জ্ঞাতির মরণাশৌচাপেক্ষা মাতা পিতার মরণাশৌচ এবং স্ত্রীলোকের স্বামি-মরণাশৌচ অশুদ্ধিবর্দ্ধক, কারণ স্বপুত্রের জননে যে পর্য্যন্ত স্নান না করা হইবে, সে পর্য্যন্ত অঙ্গাস্পৃশ্যত্ব থাকিবে, অর্থাৎ পিতার অঙ্গ অস্পৃশ্য থাকিবে, কিন্তু সপিণ্ড জ্ঞাতির পুত্রজননে সেরূপ অঙ্গাস্পৃশ্যত্ব হয় না। এইরূপ মাতা পিতা এবং স্ত্রীলোকের স্বামী মহাগুরু, তাহাদের মরণে ১২ দিন পর্য্যন্ত অক্ষারলবণ ভোজন করিয়া থাকা আবশ্যক হয়, কিন্তু সামান্য সপিণ্ড মরণে তিনরাত্রিমাত্র সেইরূপ করিতে হয়। এ সম্বন্ধে কূর্ম্মপুরাণে এইরূপ বলা হইয়াছে,—যথা

সংবর্ত্তঃ,—

"জাতে পুত্রে পিতুঃ স্নানং সচেলন্তু বিধীয়তে।
মাতা শুধ্যেদ্দশাহেন স্নানাত্তু স্পর্শনং পিতুঃ॥"

শুধ্যেৎ স্পর্শমাত্রে, উত্তরবাক্যে তথা দর্শনাৎ। সপিণ্ডমরণং প্রকৃত্য আশ্বলায়নঃ,—

"ত্রিরাত্রমক্ষারলবণাশিনঃ স্যুর্দ্বাদশরাত্রং মহাগুরুষ্বিতি।" মহাগুরূনাহ বিষ্ণুঃ,—"ত্রয়ঃ পুরুষস্য মহাগুরবো ভবন্তি, মাতা পিতা আচার্য্যশ্চে"তি। আচার্য্যশ্চ "উপনীয়

সপিণ্ডজননে। ন তথা ন স্নানাং পূর্ব্বমস্পৃশ্যত্বম্। ত্রিরাত্রমক্ষারলবণান্নাশনমিতি পূর্ব্বেণান্বয়ঃ॥ ১৭॥

"স্নানং সচেলমি"তি পরিহিতবস্ত্রং প্রক্ষাল্য প্রক্ষালিততদ্বস্ত্রং পুনঃ পরিধায় কৃতং যৎ স্নানং, তৎ সচেলস্নানমুচ্যতে। উত্তরবাক্যে স্নানাত্তু স্পর্শনং পিতুরিতি বাক্যে প্রকৃত্য প্রকরণং কৃত্বা অধিকৃত্যেতি যাবৎ। দ্বাদশরাত্রমিতি দ্বাদশরাত্রং অক্ষারলবণান্নাশনমিতি ন সর্ব্বত্র নিয়মঃ, কিন্তু সম্পূর্ণাশৌচস্থলে এব এতাদৃশনিয়মঃ। তথাচ পিত্রাদেঃ ত্রিরাত্রাশৌচস্থলে ন দ্বাদশরাত্রমক্ষারলবণান্নাশনং, কিন্তু যাবদশৌচম্ তাবদেব। এবং শূদ্রাদের্দ্বাত্রিংশদ্দিনাদিকমক্ষারলবণাশনমিতি। কেচিত্তু দ্বাদশরাত্রপদমশৌচান্ততৃতীয়দিনোপলক্ষণমিতি, তেন পিত্রাদেস্ত্রিরাত্রাদাশৌচস্থলে পঞ্চদিনাদিকমক্ষারলবণান্নাশনমিত্যাহুঃ।

"জননাশৌচ হইলে জাতপুত্রের পিতা মাতা ছাড়া অপর সপিণ্ডদিগের শরীর স্পর্শ করিলে স্পর্শকারী দূষিত হইবে না।" ১৭।

সংবর্ত্ত বলিয়াছেন, "পুত্র উৎপন্ন হইলে, পিতা যেরূপ কাপড় চোপড় পরিয়া থাকিবে, তৎসমস্তের সহিতই স্নান করিবে, এবং মাতা দশ দিনের পর শুদ্ধিলাভ করিবে, পিতা কিন্তু স্নান করিবার পরই স্পর্শনযোগ্য হইবে।" এই বচনে যে মাতার শুদ্ধিলাভের কথা বলা হইল, উহাতে কেবল মাত্র স্পর্শ বিষয়েই যে তাহার শুদ্ধি হইবে, এইরূপই বুঝিতে হইবে, একেবারে তাহার অশৌচের যে নিবৃত্তি হইবে, তাহা নহে; কারণ "স্নান করিবার পরই পিতা স্পর্শনযোগ্য হইবে" এই বাক্যে স্পর্শন বিষয়ে শুদ্ধিলাভের কথাই বলা হইয়াছে। সপিণ্ডমরণের প্রসঙ্গ তুলিয়া আশ্বলায়ন বলিয়াছেন, "ত্রিরাত্রি ধরিয়া অক্ষারলবণ ভোজন করিয়া থাকিবে, এবং মহাগুরুনিপাত স্থলে দ্বাদশ রাত্রি ঐরূপ করিবে।" বিষ্ণু মহাগুরুদিগের এইরূপে গণনা করিয়াছেন,—"পুরুষদিগের মাতা, পিতা এবং আচার্য্য,

যস্ত্বধ্যাপয়তে বেদমাচার্য্যঃ স উদাহৃতঃ।” ইতি যাজ্ঞবল্ক্যোক্তেঃ। তন্মরণে ত্রিরাত্রাশৌচবিধানেন নৈতাদৃশনিয়মঃ। পত্যুর্মহাগুরুত্বমাহ রামায়ণে সীতাং প্রতি অনসূয়াবাক্যম্,—

“নাতো বিশিষ্টং পশ্যামি বান্ধবং বৈ কুলস্ত্রিয়াঃ।
পতির্বন্ধুর্গতির্ভর্ত্তা দৈবতং গুরুরেব চ॥”

শাতাতপঃ,—“গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ।
পতিরেকো গুরুঃ স্ত্রীণাং সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥”

বেদং গায়ত্রীম্। তন্মরণে অসপিণ্ডাচার্য্যমরণে নৈতাদৃশনিয়মঃ, ন দ্বাদশরাত্রমক্ষারলবণান্নাশননিয়মঃ, বিষমশিষ্টত্বাদিতি ভাবঃ। যদা তু সপিণ্ড এবাচার্য্যস্তদা তন্মরণে দ্বাদশরাত্রমক্ষারলবণান্নাশনং বোধ্যম্। বিশিষ্টং বান্ধবম্ ইত্যন্বয়ঃ। পত্যুর্বিশিষ্টবান্ধবত্বে হেতুমাহ পতিরিত্যাদি, পতিঃ পালকত্বাৎ, বন্ধুরিষ্টসাধকত্বাৎ, গতিঃ পরত্র প্রাপ্যত্বাৎ, ভর্ত্তা ভরণকর্ত্তৃত্বাৎ, দৈবতং পূজ্যত্বাৎ, গুরুঃ শুভোপদেষ্টৃত্বাৎ পালনম্ অনিষ্টনিবৃত্ত্যনুকূলব্যাপারঃ। সর্ব্বত্র সর্ব্ববর্ণে অভ্যাগতোঽতিথিঃ। অত্রাদত্তবৃদ্ধিমদাশৌচমিতি

এই তিন জন মহাগুরু।” “যে ব্যক্তি উপনয়ন দিয়া বেদ অধ্যয়ন করায়, তাহার নাম আচার্য্য।” যাজ্ঞবল্ক্য আচার্য্যের এই রকম পরিভাষা করিয়াছেন। কিন্তু ঐ আচার্য্যের মৃত্যুতে ত্রিরাত্রিমাত্র অশৌচ বিহিত হওয়ায় তাহার মৃত্যুতে পূর্ব্বোক্ত দ্বাদশরাত্র অক্ষারলবণ ভোজনরূপ নিয়ম পালনের আবশ্যকতা নাই। * রামায়ণে সীতার প্রতি অনুসূয়ার বাক্য দ্বারা পতির মহাগুরুত্ব ব্যক্ত হইতেছে।—“এই পতির অপেক্ষা কুলস্ত্রীদিগের অধিক আত্মীয় বন্ধু আমি আর দেখি না, কারণ, কুলস্ত্রীদিগের পতিই পালনকর্ত্তা, এবং ইষ্টসাধক বন্ধু, পতিই গতি (মৃত্যুর পর একমাত্র আশ্রয়), পতিই ভরণপোষণকারী, পতিই দেবতা এবং পতিই গুরু।” শাতাতপ বলিয়াছেন, “দ্বিজাতিদিগের অগ্নিই গুরু, অপর বর্ণদিগের ব্রাহ্মণই গুরু, এবং স্ত্রীদিগের পতিই একমাত্র গুরু, এবং সকলের পক্ষেই অভ্যাগত (অতিথি) গুরু।” উপরে যে স্ত্রীদিগের “পতি একমাত্র গুরু” বলা হইয়াছে উহাতে

* সপিণ্ড যদি আচার্য্য হন, তাহলে তাঁহার মৃত্যুতে দশরাত্র অশৌচ হইবে ও দ্বাদশরাত্র অক্ষারলবণ ভোজনরূপ নিয়ম প্রতিপালন করিতে হইবে, এই কথা কাশীরাম বলেন, কিন্তু গোস্বামী ইহার বিপরীত কথা বলেন। দত্তকপুত্রের গ্রহীতাই মহাগুরু এবং তাহার পত্নীও মহাগুরু, তাহাদের মৃত্যুতে উহার দেহাশুদ্ধি হইবে।

অত্রৈকপদেন দত্তস্ত্রীণাং মাতৃপিতৃব্যাবৃত্তিঃ। অত্রাশৌচস্যাঘবৃদ্ধিমদ্বিশেষণেন তদ্রহিতেঽপ্যাশৌচমাত্রে পূর্ব্বার্দ্ধপরার্দ্ধপতিতত্বেন ব্যবস্থা মৈথিলোক্তা হেয়া। অতএব নবমদিনাভ্যন্তরপাতিনি তুল্যাশৌচে তু, প্রথমেন সমাপনং বৌধায়নোক্তং যথা,—"অথ চেদ্দশরাত্রাঃ সন্নিপতেয়ুরাদ্যং দশরাত্রমা নব-

বচনে। তদ্রহিতেঽপি অঘবৃদ্ধিমদ্বিশেষণরহিতেঽপি। মৈথিলোক্তেতি মৈথিলৈঃ পূর্ব্বাশৌচস্য পরার্দ্ধে অঘবৃদ্ধিমদন্যস্যাপি অশৌচান্তরস্য পাতে পরাশৌচেন শুদ্ধিরিতি স্বীক্রিয়তে, মৈথিলা হি অঘবৃদ্ধিমত্ত্ববিশেষণমবিবক্ষিতং বদন্তীতি ধ্যেয়ম্। অতএবাশৌচমাত্রে পূর্ব্বাপরার্দ্ধপাতিত্বেন ব্যবস্থায়াঃ হেয়ত্বাদেব। নবমদিনেতি স্বস্বজাত্যুক্তাশৌচোপান্ত্যদিন ইত্যর্থঃ। আদ্যং দশরাত্রং প্রথমং দশরাত্রকং শুদ্ধিপ্রযো-

---

'একমাত্র' এই কথাটী দ্বারা, দত্ত অর্থাৎ বিবাহিত স্ত্রীদিগের সম্বন্ধে মাতা ও পিতার মহাগুরুত্বের ব্যাবৃত্তি করা হইয়াছে অর্থাৎ বিবাহিত স্ত্রীদিগের মাতা এবং পিতা যে মহাগুরু নয়, এই কথাই সূচিত করা হইয়াছে। এ বিষয়ে ইহাও বক্তব্য যে, যদি শঙ্খ এবং কূর্ম্মপুরাণীয় বচনের পরস্পর একবাক্যতা করিয়া, ইহাই স্থির হইল যে, প্রথম জাত পূর্ণাশৌচের পূর্ব্বার্দ্ধের মধ্যে আর একটি পূর্ব্বাপেক্ষা অশুদ্ধিবর্দ্ধক পূর্ণাশৌচ সঙ্ঘটিত হয়, তাহা হইলে পূর্ব্বাশৌচের সহিতই দ্বিতীয়াশৌচের শেষ হইবে এবং প্রথমজাত পূর্ণাশৌচের পরার্দ্ধে যদি তথাবিধ অশুদ্ধিবর্দ্ধক অশৌচ সংঘটিত হয়, তাহা হইলে দ্বিতীয়াশৌচের সহিতই প্রথম অশৌচের শেষ হইবে, অর্থাৎ ঐ দ্বিতীয়াশৌচটিও আবার ঘটনার দিন হইতে সম্পূর্ণরূপে ভোগ করিতে হইবে। কেবলমাত্র অশুদ্ধিবর্দ্ধক অশৌচের স্থলেই যদি এইরূপ ব্যবস্থা স্থির হইল, তবে মৈথিলগণ যে, অশুদ্ধিবর্দ্ধক হউক বা নাই হউক সাধারণ অশৌচ মাত্রেই একটি অশৌচের পূর্ব্বার্দ্ধের মধ্যে আর একটি সাধারণ অশৌচ সঙ্ঘটিত হইলেই প্রথম অশৌচের সহিতই দ্বিতীয় অশৌচের শেষ হইবে এবং প্রথম অশৌচের পরার্দ্ধে আর একটি পূর্ব্বাশৌচ সজাতীয় সাধারণ অশৌচ সঙ্ঘটিত হইলে, দ্বিতীয়াশৌচের সহিতই প্রথমাশৌচের শেষ হইবে, অর্থাৎ দ্বিতীয়াশৌচটিও আবার ঘটনার দিন হইতে সম্পূর্ণরূপে ভোগ করিতে হইবে, তাহা অগ্রাহ্য বলিয়াই প্রতিপন্ন হইল। অশুদ্ধিবর্দ্ধক ভিন্ন সাধারণ অশৌচ স্থলেই যে, ঐরূপ ব্যবস্থা খাটিবে না, তাহা দেখাইবার জন্যই বৌধায়ন সাধারণ অশৌচ স্থলে প্রথম অশৌচের নয় দিনের দিনও তথাবিধ আর একটি অশৌচের সঙ্ঘটন হইলে, প্রথমাশৌচের সহিতই দ্বিতীয়াশৌচের নিবৃত্তির কথা বলিয়াছেন, যথা ;—"যদি পূর্ব্ব জাত দশ-

মাদ্দিবলাৎ, রাত্রিশেষে দিনদ্বয়েন, প্রভাতে চ দিনত্রয়েণ” ইতি। “দশরাত্রা” ইতি,—

“শুধ্যেদ্বিপ্রো দশাহেন দ্বাদশাহেন ভূমিপঃ।

বৈশ্যঃ পঞ্চদশাহেন শূদ্রো মাসেন শুধ্যতী”তি মনূক্ত স্বস্বজাত্যুক্তপূর্ণাশৌচপরম্। “আ নবমাদি”তি চ তদুপান্ত্যাদিনপরম্। এবং “পঞ্চমীং রাত্রিমি”ত্যপি স্বস্বজাত্যুক্তাশৌচার্দ্ধপরং “সমানাশৌচং প্রথমে” ইত্যেকবাক্যত্বাৎ।

ক্তকমিতি শেষঃ ; মৈথিলানা মত দূষয়িতুং তদ্‌গ্রন্থমনুবদতি অত্রাদামিতি এবং দশরাত্র-

রাত্রাশৌচের নবম দিনের মধ্যে অপর দশরাত্রাশৌচের সন্নিপাত হয়, তাহা হইলে আদ্য অর্থাৎ প্রথমোৎপন্ন দশরাত্রাশৌচই প্রবল থাকিবে, অর্থাৎ উহার সহিতই পরজাত অশৌচের শেষ হইবে, প্রথম অশৌচের রাত্রিশেষে অপর দশরাত্রাশৌচ ঘটিলে, দুই দিন বৃদ্ধি হইবে, এবং প্রভাতে অপর দশরাত্রাশোচ হইলে তিন দিন বৃদ্ধি হইবে।” বৌধায়নের এই সূত্রে দশরাত্রাশৌচের নাম ক'রে বলা হইলেও উহাদ্বারা—“ব্রাহ্মণগণ দশ দিনের পর, ক্ষত্রিয়গণ বার দিনের পর, বৈশ্যগণ পনের দিনের পর এবং শূদ্রগণ এক মাসের পর শুদ্ধিলাভ করিবে” এই মনুবচনে পৃথক্ পৃথক্ বর্ণের জন্য যে, ভিন্ন ভিন্ন রূপ পূর্ণাশৌচের বিধান করা হইয়াছে, ঐ সকল প্রকার পূর্ণাশৌচেরই বোধ করিতে হইবে, এবং ঐ সূত্রে যে নবম দিনের মধ্যে বলা হইয়াছে, উহাদ্বারা উক্ত প্রত্যেক প্রকার পূর্ণাশৌচের উপান্ত্যদিন অর্থাৎ শেষ দিনের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী দিনেরই বোধ করিতে হইবে, তাহা হইলে, বৌধায়নের সূত্রের ব্যাখ্যাটি এইরূপ দাঁড়াইল যে, যদি ব্রাহ্মণাদি বর্ণের স্ব-স্ব-জাত্যুক্ত পূর্ণাশৌচের উপান্ত্যদিনের মধ্যে অপর পূর্ণাশৌচ সঙ্ঘটিত হয়, তাহা হইলে, পূর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের শেষ হইবে। যদি উক্ত সূত্রের এইরূপ ব্যাখ্যাই যুক্তিযুক্ত হইল, তাহা হইলে, পূর্ব্বোক্ত কূর্ম্মপুরাণের বচনে যে “উল্টাদিক্ দিয়া পঞ্চমী রাত্রি অতিক্রম করিবার কথা বলা হইয়াছে, ঐ “পঞ্চমী রাত্রি” শব্দ দ্বারা কেবল “পাঁচ রাত্রি” এরূপ না বুঝিয়া, “প্রত্যেক বর্ণের পূর্ণাশৌচের অর্দ্ধকাল, এইরূপই বুঝিতে হইবে, কেননা, শঙ্খের পূর্ব্বোক্ত “যদি পূর্ব্বোৎপন্ন একটি অশৌচের প্রথমার্দ্ধের মধ্যে তৎসমান জাতীয় অপর একটি অশৌচ হয়” ইত্যাদি বচনের সহিত যে উহার একবাক্যতা, অর্থাৎ একশ্রুতিমূলকত্ব ইহা অবশ্যই স্বীকার করিতে হইবে; অতএব

অত্রাদ্যং দশরাত্রমিত্যাদ্যপদমেকপরম্ ; তথাচ "পূর্ণাশৌচ-পূর্ব্বার্দ্ধে সমানাশৌচপাতে, পূর্ব্বেণ, উপান্ত্যদিনাভ্যন্তরে চেৎ তদা পরেণ, অন্ত্যদিনে মহাগুরুনিপাতেঽপি দিনদ্বয়াদিবৃদ্ধি

মিত্যর্থঃ। তথাচ পূর্ব্বার্দ্ধপাতে প্রাথমিকং দশরাত্রং পরার্দ্ধপাতে তু দ্বিতীয়ং দশরাত্র-মিত্যর্থঃ। তথা চাযবৃদ্ধিমদাশৌচম্ ইতি বচনস্য অথ চেদ্দশরাত্রা ইতি বৌধায়নবচনেন সহ ন বিরোধ ইতি ভাবঃ। মহাগুরুপাতেঽপীত্যাপিনা ভ্রাত্যন্তরমরণনিপাতপবিগ্রহঃ।

শঙ্খের বচনে যখন সামান্যতঃ "পূর্ণাশৌচের প্রথমার্দ্ধের মধ্যে" এইরূপই বিধান করা হইয়াছে, তখন কূর্ম্মপুরাণের বচনেরও ঐরূপ অর্থ করাই সঙ্গত। যদি বল বৌধায়নের সূত্র অনুসারে অশুদ্ধিবর্দ্ধক ভিন্ন সাধারণ অশৌচস্থলে পূর্ব্বজাত অশৌচের উপান্ত্যদিনের মধ্যে অপর একটি তত্তুল্য অশৌচ হইলে, পূর্ব্বাশৌচের সহিতই যে পরাশৌচের শেষ হইবে, একথা ত স্পষ্টরূপেই প্রমাণীকৃত হইতেছে, তবে মৈথিলগণ কিসের জোরে অন্য-রূপ ব্যাখ্যা করিয়াছিলেন ? ইহার উত্তর এই যে, মৈথিল পণ্ডিতগণের ধুরন্ধর বাচস্পতি মিশ্র উক্ত বৌধায়নসূত্রের অন্যপ্রকার ব্যাখ্যা করাতেই মৈথিলগণ ঐরূপ ভ্রমে পতিত হইয়াছিলেন। বাচস্পতি মিশ্র বলিয়াছিলেন, "উক্ত বৌধায়নের সূত্রে যে "আদ্য দশরাত্র" এই কথাটি আছে, ঐ (আদ্য) শব্দের অর্থ 'এক', অর্থাৎ উহার অর্থ যে, প্রথম অশৌচ তাহা নহে, উহাদের মধ্যে একটি অশৌচ, প্রথমই হউক, আর পরবর্ত্তী হউক, একটি অশৌচ, তাহা হইলে বৌধায়নসূত্রের এইরূপ অর্থ হইল,—পূর্ব্বজাত পূর্ণাশৌচের পূর্ব্বার্দ্ধের মধ্যে আর একটী পূর্ণাশৌচ হইলে, পূর্ব্বাশৌচের শেষের সহিতই শুদ্ধি হইবে, এবং পূর্ব্বজাত পূর্ণাশৌচের উপান্ত্যদিনের মধ্যে যদি আর একটি পূর্ণাশৌচ হয়, তাহা হইলে, পরবর্ত্তী অশৌচের সহিতই শুদ্ধি হইবে, অর্থাৎ পরবর্ত্তী অশৌচটিকেও ঘটনার দিন হইতে আবার সম্পূর্ণ ভোগ করিতে হইবে, এবং ঐ সূত্রে পূর্ব্বজাত অশৌচে প্রথমার্দ্ধের অতীত হইবার পর উৎপন্ন অপর অশৌচের প্রাবল্য কথিত হওয়ায়, ঐ সূত্রে যে প্রথমাশৌচের রাত্রিশেষে অপর অশৌচ উৎপন্ন হইলে, দুই দিন মাত্র এবং প্রভাতে অপর অশৌচ উৎপন্ন হইলে, তিন দিন মাত্র, বিশেষ করিয়া বৃদ্ধি হইবার বিধান করা হইয়াছে, ঐ বৃদ্ধিও অবশ্যই পরজাত সকল প্রকার সম্বন্ধেই বুঝিতে হইবে ; কাজেই প্রথম অশৌচের শেষ দিনে এবং তৎপরবর্ত্তী প্রভাতে, মহাগুরুনিপাত জন্য অশৌচেরও যথাক্রমে দুই দিন এবং তিন দিন মাত্রই বৃদ্ধি

রিতি মিশ্রাঃ। তন্ন; আদ্যপদস্যৈকার্থকত্বে লক্ষণাপত্তেঃ। "অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্ম্মরণজন্মনী"তি, "জননাশৌচমধ্য"ইতি "অথ চেৎ দশরাত্রাঃ সন্নিপতেয়ুরি"তি, 'সমানং লঘু চাশৌচমি"ত্যাদি-মনুবিষ্ণুবৌধায়নলঘুহারীতবচনানামেকবাক্যতয়া উপান্ত্যদিনমধ্যে অশৌচান্তরপাতে পূর্ব্বেণৈব শুদ্ধিঃ।

দিনদ্বয়াদিবৃদ্ধিরিতি এতন্মতে বিষমশিষ্টত্বমপি ভবতীতি বোধ্যম্। অথ চেদিতি অশৌচানন্তরং চেদিত্যর্থঃ। অত্রেদং বোধ্যং,—কন্যাজননে অস্পৃশ্যত্বাভাবাৎ ন সপিণ্ডজননাপেক্ষয়া অঘবৃদ্ধিমত্ত্বম্; কেচিত্তু সপিণ্ডজননাশৌচাপেক্ষয়া স্বকন্যাজননাশৌচং গুরু, যতঃ কন্যা সূতিকাস্পর্শে পিতুস্তত্তুল্যমস্পৃশ্যত্বম্ অতস্তত্রাপি পূর্ব্বার্দ্ধপরার্দ্ধপাতিত্বেন ব্যবস্থেত্যাহুঃ। এবং সপিণ্ডান্তরজননাপেক্ষয়া সপত্নীকন্যাপুত্রজননং গুরু, যতঃ সূতিকাস্পর্শে সপত্ন্যাঃ তত্তুল্যাস্পৃশ্যত্বম্। এবমেকদিনে সপিণ্ডদ্বয়মরণাশৌচং গুরু অস্পৃশ্যত্বকালাধিক্যাদিত্যাদিকমূহ্যম্। সমানেতি সামান্যতঃ সমানাশৌচম্ ইত্যভিধানাৎ প্রথমার্দ্ধে ইত্যর্থকল্পা-

হইবে।" বাচস্পতি মিশ্রের এই ব্যাখ্যাটি উদ্ধৃত করিয়া স্মার্ত্ত বলিতেছেন "তন্ন" এই ব্যাখ্যাটি যুক্তিসঙ্গত হয় নাই, কারণ "আদ্য" শব্দটির "যে কোন একটি" এইরূপ অর্থ করিলে, উহার মুখ্য অর্থ ত্যাগ করিয়া লক্ষ্যার্থের আশ্রয় করিতে হয়; ইহার তাৎপর্য্য এই যে, 'আদ্য' এই কথাটি 'আদি' শব্দ হইতেই সিদ্ধ হইয়াছে, সুতরাং প্রথম এই অর্থ টীই উহার মুখ্য অর্থ, 'এক' এই অর্থ টি উহার মুখ্য অর্থ নহে, লক্ষণ দ্বারা ঐ 'এক'রূপ অর্থের বোধ করান যাইতে পারে, এই জন্য উহা লক্ষ্যার্থ, এক্ষণে দেখ, মুখ্যার্থ গ্রহণ করিয়া বাক্যের সম্পূর্ণ অন্বয়বোধ যে স্থলে হয়, সে স্থলে লক্ষ্যার্থের গ্রহণ করা শিষ্টাচারবিরুদ্ধ। বৌধায়নের সূত্রস্থিত 'আদ্য' শব্দটির 'প্রথম'-রূপ মুখ্য অর্থগ্রহণ করায় যখন অন্বয়বোধের কোন প্রকার ক্ষতি হয় না, তখন উহার লক্ষ্যার্থের অনুসরণ করা সর্ব্বপ্রকারেই অনুচিত। দেখ 'আদ্য' শব্দের প্রথম রূপ মুখ্যার্থের গ্রহণ করিলেই "কোন একটি দশাহব্যাপী জননাশৌচের মধ্যে যদি আর একটি তথাবিধ অশৌচ হয়, ইত্যাদি মনুবচনের 'জননাশৌচের মধ্যে" ইত্যাদি বক্ষ্যমাণ বিষ্ণুবচনের, "যদি একটি দশরাত্রি অশৌচের নবম দিনের মধ্যে" ইত্যাদি বৌধায়নসূত্রের এবং সমান অথচ লঘু (অল্পাশুদ্ধিকারক) অশৌচ হইলে পূর্ব্বাশৌচের সহিতই শুদ্ধি হয়", ইত্যাদি লঘুহারীতবচনের পরস্পর এক বাক্যতা হওয়ায়, অশুদ্ধিবর্দ্ধক ভিন্ন অপর সাধারণ অশৌচ মাত্রেরই উপান্ত্যদিনের মধ্যে আর একটি তথাবিধ অশৌচের সঙ্ঘটনে পূর্ব্বাশৌচের সহিতই যে

অন্যথা অঘবৃদ্ধিমদাশৌচমিত্যাদিবচনে অঘবৃদ্ধিপদস্যানর্থক্যাচ্চ "অসমানমি"তি অসমানং পূর্ব্বজাতং জননাশৌচং দ্বিতীয়েন মরণাশৌচকালেন সমাপয়েৎ।

"সূতকে মৃতকং চেৎ স্যাৎ মৃতকে সূতকং তথা।
মৃতেন সূতকং গচ্ছেন্নেতরৎ সূতকেন হি॥" ইতি লঘু-হারীতবচনৈকবাক্যত্বাৎ। এবঞ্চ যদি জননস্য পরভাবিনাপি

ভিধানাচ্চ ইতি ভাবঃ। এতদনুসারেণ চ আ নবমাদিত্যস্য উপান্ত্যদিনপরত্বমিতি। এক-বাক্যত্বাদেকশ্রুতিমূলকত্বাৎ পূর্ব্বজাতং জননাশৌচমিতি অত্র সমকালব্যাপকমশৌচদ্বয়ং বোধ্যং, সমাপয়েদিতি তথাচ পূর্ব্বাশৌচস্য তাবৎ পর্য্যন্তস্থায়িত্বাৎ বৃদ্ধিরিতি ভাবঃ। সূতকে জননাশৌচে মৃতকং মরণাশৌচম্, এবং পরত্রাপি বোধ্যম্। ইতরদিতি মরণাশৌচমিত্যর্থঃ; তথাচ জননাশৌচস্য পূর্ব্বার্দ্ধে মরণাশৌচপাতেঽপি ন জননাশৌচেন মরণাশৌচস্য হ্রাস ইত্যেতদর্থং নেতরদিত্যুক্তমতো ন বৈয়র্থ্যমিতি ধ্যেয়ম্। ইদানীং নন্বিত্যাদিনা কৃতস্য পূর্ব্বপক্ষস্য সমাধানমাহ এবঞ্চেতি। সমাপনমিতি তথাচ ফলতো বৃদ্ধির্জাতেতি ভাবঃ।

পরাশৌচের শুদ্ধি হইবে, ইহা স্পষ্টই প্রতীয়মান হইতেছে। এইরূপ না বলিয়া মিশ্রমতের অনুসরণপূর্ব্বক যদি অশুদ্ধিবর্দ্ধক ভিন্ন সাধারণ অশৌচ স্থলেও একটি অশৌচের পূর্ব্বার্দ্ধের মধ্যেই আর একটী অশৌচ হয়, তবেই পূর্ব্বাশৌচের সহিত পরাশৌচের শুদ্ধি হইবে," ইত্যাদি রূপ ব্যবস্থাকেই যুক্তিযুক্ত ব'লে স্বীকার কর, তবে পূর্ব্বোক্ত কূর্ম্মপুরাণের বচনে অশৌচের "অশুদ্ধিবর্দ্ধক" এই যে বিশেষণ দেওয়া হইয়াছে, উহা সর্ব্বপ্রকারেই নিরর্থক হইয়া পড়ে। পূর্ব্বোক্ত শঙ্খ-বচনের প্রথমার্দ্ধের "কোন একটী অশৌচের প্রথমার্দ্ধের মধ্যে" ইত্যাদি অংশের ব্যাখ্যা করিয়া, এক্ষণে "অসমানং দ্বিতীয়েন" ইত্যাদি দ্বিতীয় অংশের ব্যাখ্যা করিতেছেন,—"অসমান অর্থাৎ পূর্ব্বজাত জননাশৌচকে দ্বিতীয় অর্থাৎ পরজাত মরণাশৌচ কালের সঙ্গেই সমাপ্ত (তাবৎকাল পর্য্যন্ত স্থায়ী) করিবে, অর্থাৎ পরজাত মরণাশৌচের সংযোগে পূর্ব্বজাত জননাশৌচেরই মরণাশৌচের শেষ দিন অবধি বৃদ্ধি হইবে) শঙ্খবচনের এইরূপ অর্থই করিতে হইবে, কারণ, শঙ্খের ঐ বচনটি "যদি জননাশৌচের মধ্যে মরণাশৌচ হয় এবং মরণাশৌচের মধ্যে জননাশৌচ হয়, তাহা হইলে মরণাশৌচের সহিতই জননাশৌচের শেষ হইবে, কিন্তু জননাশৌচের সহিত কখনই মরণাশৌচের শেষ হইবে না।" এই লঘুহারীতবচনের সহিত একশ্রুতিমূলক। এক্ষণে দেখ, অশুদ্ধিবর্দ্ধক অশৌচের

মরণেন সমাপনং, তদা স্বল্পকালীনস্যাপি পূর্ব্বভাবিনা দীর্ঘেণ সুতরাং সমাপনম্। শঙ্খবচনস্য "সমানং লঘু চাশৌচমি"তি পারিজাতপাঠে সুতরাং তথৈবার্থঃ॥ ১৭

বিষ্ণুঃ,—"জননাশৌচমধ্যে তু যদ্যপরং জননং স্যাৎ, তদা পূর্ব্বাশৌচব্যপগমে শুদ্ধিঃ। রাত্রিশেষে দিনদ্বয়েন, প্রভাতে দিনত্রয়েণ, মরণাশৌচমধ্যে জ্ঞাতিমরণেঽপ্যেবমি"তি। "রাত্রি-

তদেতি সহমরণস্থলে ইতি শেষঃ। পারিজাতেতি তথাচ তত্র সমানাশৌচ প্রথমে প্রথমেন সমাপয়েৎ। সমানং লঘু চাশৌচং ধর্ম্মরঃ স্ববচো যথা ইতি পঠিতমিত্যর্থঃ; তদর্থশ্চ একস্মাদশৌচাৎ পরস্তো যদি সমানং লঘু চাশৌচ জাতং তদা প্রথমেন সমাপয়েৎ ইত্যর্থঃ: এতচ্চ সামান্যতঃ অন্তো ন সমানাশৌচ প্রথমে ইত্যস্যাসঙ্গতিঃ, তস্য অম-বৃদ্ধিমদাশৌচবিষয়ত্বাৎ॥ ১৭

রাত্রিঃ শেষোঽবশিষ্টা যত্র, ইতি, যদাপি রাত্রিশেষ ইত্যস্য বহুব্রীহিসমাসাশ্রয়ণেনা-

প্রাবল্য হেতু, শঙ্খের বচনানুসারে যদি ইহাই স্থির হইল যে, পূর্ব্বে সঙ্ঘটিত জননাশৌচের সমকালব্যাপী মরণাশৌচ, পরে সঙ্ঘটিত হইলেও, ঐ মরণাশৌচের সঙ্গেই পূর্ব্বজাত জননাশৌচের সমাপ্তি (বৃদ্ধি) হইবে, তবে সহমরণস্থলে স্ত্রীমরণ জন্য স্বল্পকাল স্থায়ী অশৌচের যে, পূর্ব্বসঙ্ঘটিত দীর্ঘকালব্যাপী পতিমরণ জন্য অশৌচের সহিত বৃদ্ধি হইবে, তাহাতে আর কথা কি? পারিজাত নামক গ্রন্থে পূর্ব্বোক্ত শঙ্খবচনের দ্বিতীয়ার্দ্ধের "অসমানং দ্বিতীয়েন" এই পাঠের পরিবর্ত্তে "সমানং লঘু চাশৌচং" এইরূপ যে পাঠ কল্পিত হইয়াছে, তাহারও অর্থ "পূর্ব্বজাত অশৌচের সমান, জননত্ব বা মরণত্ব ধর্ম্ম সহকারে সজাতীয়, অথচ পূর্ব্বাশৌচ অপেক্ষা অল্পকালস্থায়ী আর একটি অশৌচ যদি পূর্ব্বাশৌচের প্রথমার্দ্ধে সঙ্ঘটিত হয়, তাহলে প্রথমাশৌচের সহিত তাহারও বৃদ্ধি হইবে", এইরূপই হওয়ায়, আমি যে সহমরণস্থলে পূর্ব্বজাত দীর্ঘকালব্যাপী পতিমরণ জন্য অশৌচের সহিত পরজাত স্বল্পকালস্থায়ী স্ত্রীমরণ জন্য অশৌচের বৃদ্ধি হইবে বলিয়াছিলাম, সেই কথারই ত পুষ্টি হইল॥ ১৭॥

অশৌচ সম্বন্ধে বিষ্ণু এইরূপ বলিয়াছেন—"যদি একটি জননাশৌচের মধ্যে আর একটি জননাশৌচ সঙ্ঘটিত হয়, পূর্ব্বাশৌচের অপগমের সহিতই দ্বিতীয়া-শৌচের শুদ্ধি হইবে, রাত্রিশেষে দ্বিতীয় অশৌচ হইলে দিনদ্বয়ে শুদ্ধি হইবে এবং প্রভাতে দ্বিতীয় অশৌচ হইলে, তিন দিনে শুদ্ধি হইবে। পূর্ব্বজাত জ্ঞাতিমরণা-

শেষে” ইতি “পুংনপুংসকয়োঃ শেষ” ইত্যমরসিংহোক্তেঃ শেষ-শব্দস্যাস্ত্রীলিঙ্গত্বাৎ স্ত্রীলিঙ্গবিশেষণত্বেঽপি ন স্ত্রীলিঙ্গত্বং, তেন রাত্রিঃ শেষোঽবশিষ্টা যত্র, তত্র, অশৌচান্তদিনে ইত্যর্থঃ। “অহঃশেষে দ্বিরাত্রকম”ত্যনেনা“নবমাদ্দিবসাদি”ত্যনেন চৈক-বাক্যত্বাৎ। ‘প্রভাতে’ তদ্দিবসীয়োত্তরপ্রভাতে, অরুণোদয়াৎ

শৌচান্তদিনবিশেষণত্বাৎ স্ত্রীলিঙ্গত্বপ্রসক্তিরেব নাস্তি, কিমর্থং তন্নিরাকরণায় পুংনপুংসক-য়োরিত্যুক্তং? তথাপি স্বয়ং কৃতসমাসবাক্যে শেষপদস্য স্ত্রীত্বাশঙ্কায়ান্তথোক্তমিত্যর্থঃ। কেচিত্তু নেদং সমাসবাক্যং, কিন্তু বোধনপ্রকারঃ, সমাসস্তু কর্ম্মধারয় এব, রাত্রিপদঞ্চাহো-রাত্রপরম্, এবঞ্চ সতি পুংনপুংসকয়োরিত্যাদিসকলস্য ন বৈয়র্থ্যমিত্যাহুঃ। অশৌচান্ত-দিনে ইতি দশমাহোরাত্রে ইত্যর্থঃ, ন তু রাত্রিমাত্রে; অত্র প্রমাণমাহ “অহঃশেষে” ইতি। অত্রাপি বহুব্রীহিঃ, কর্ম্মধারয়ে তু অহঃপদম্ অহোরাত্রপরং বোধ্যম্, যদ্বা অহঃপদম্ অশৌচাধিকরণযাবৎকালপরং, শেষপদঞ্চ চরমাহোরাত্রপরং, তথাচাহুঃ শেষ ইতি ষষ্ঠী-সমাসেন অশৌচান্ত্যাহোরাত্রপরিগ্রহ ইতি। উত্তরপ্রভাতে ইতি, ন তু তদ্দিবসস্য পূর্ব্ব-

শৌচের মধ্যে যদি আর একটি জ্ঞাতি মরণ জন্য অশৌচ হয়, সেস্থলেও এইরূপই ব্যবস্থা বুঝিতে হইবে।” এই বিষ্ণুর বচনদ্বারাও পূর্ব্বজাত পতিমরণ জন্য অশৌচের অপগমের সহিতই যে পরজাত স্ত্রী-মরণজন্য অশৌচের শুদ্ধি হইবে, ইহাই বুঝাইতেছে। বিষ্ণুর বচনে যে, “রাত্রিশেষে” কথাটি আছে, তাহার অর্থ স্মার্ত্ত এইরূপ করিতেছেন—অমরসিংহের অভিধানে “শেষ” এই শব্দটী পুংলিঙ্গ এবং নপুংসক লিঙ্গেই ব্যবহৃত হইবে, এইরূপ নিয়ম থাকায়, কোন স্ত্রীলিঙ্গ শব্দের বিশেষণরূপে ব্যবহৃত হইলেও উহা স্ত্রীলিঙ্গ হইবে না। এক্ষণে দেখ, “রাত্রি শেষোঽবশিষ্টং যত্র” (একটি রাত্রিমাত্র শেষ হইতে বাকী আছে) এইরূপ বহুব্রীহিসমাসনিষ্পন্ন “রাত্রিশেষ” শব্দটি অশৌচান্তদিনেরই বাচক হইল। অর্থাৎ পূর্ণাশৌচের শেষদিনে মাত্র যদি আর একটি পূর্ণাশৌচ হয়, তাহলেই দিনদ্বয়ে শুদ্ধি হইবে, সুতরাং শেষ দিনের পূর্ব্বদিন পর্য্যন্ত আর একটি পূর্ণা-শৌচ হইলে, পূর্ব্বাশৌচের সহিতই তাহার শুদ্ধি হইবে।” “রাত্রিশেষ” শব্দটীর পূর্ব্বাশৌচের অন্তদিনরূপ অর্থ করাতেই বিষ্ণুবচনের উক্ত প্রকার অর্থ হইতেছে। বচনটির উক্ত প্রকার অর্থ করিলেই এই “পূর্ব্বাশৌচের একদিন মাত্র বাকী থাকিতে দুই দিনে শুদ্ধি হইবে” এবং “নবমদিনের মধ্যে আর একটি অশৌচ হইলে, পূর্ব্বাশৌচের সহিতই দ্বিতীয়াশৌচের শেষ হইবে” ইত্যাদি বচনের সহিত ঐ বিষ্ণুবচনের একবাক্যত্ব অর্থাৎ একশ্রুতিমূলকত্ব সিদ্ধ করা হয়। ঐ বিষ্ণু-

প্রভৃতি সূর্য্যোদয়প্রাক্‌কালে। "প্রভাতায়াঞ্চ শর্ব্বর্য্যাং ভাস্করেঽনুদিতে তথা" ইতি বিষ্ণুধর্ম্মোত্তরবচনাৎ। উদয়মাহ গৃহ্যসংগ্রহে,—

"রেখামাত্রন্তু দৃশ্যেত রশ্মিভিশ্চ সমন্বিতম্‌।
উদয়ং তং বিজানীয়াদ্ধোমং কুর্য্যাদ্বিচক্ষণঃ॥" অত্র সর্ব্বৈর্নিবন্ধৃভির্দ্দশমদিনাদধিকেন দিনদ্বয়েনেতি ব্যাখ্যানাৎ দিনদ্বয়েন পূর্ব্বাশৌচস্যাপি সমাপনম্‌। অন্যথা পরাশৌচ-

প্রভাতে ইতি। রাত্রিশেষে ইত্যস্য ন খণ্ডাশৌচং বিষয়ঃ, তত্র তু গুরুণা শুদ্ধিঃ সাম্যে চ পূর্ব্বাশৌচেন শুদ্ধিঃ, এবং মরণাশৌচশেষদিনে জননাশৌচপাতে ন দিনদ্বয়াদি-বৃদ্ধিরিতি ধ্যেয়ম্‌। রেখামাত্রঞ্চেতি সূর্য্যমণ্ডলস্য ইত্যাদিঃ, "হোমমি"তি "উদিতে জুহোতি অনুদিতে জুহোতি" ইতি শ্রুতিপ্রতিপাদিতং সায়ংপ্রাতর্হোমমিত্যর্থঃ। ননু রাত্রিশেষে দিনদ্বয়েন, প্রভাতে দিনত্রয়েণেতি যদুক্তং, তৎ কিং পূর্ব্বাশৌচস্য বর্দ্ধকং সৎ পরাশৌচস্য

বচনে যে "প্রভাত" শব্দটি আছে, তাহার অর্থ পূর্ব্বাশৌচের শেষ দিনের পরবর্ত্তী প্রাতঃকাল—অরুণোদয় হইতে সূর্য্যোদয় না হওয়া পর্য্যন্ত সময়। কারণ, বিষ্ণু-ধর্ম্মোত্তরে "রাত্রি পোহাইয়াছে, অথচ সূর্য্যের উদয় হয় নাই" এইরূপ সময়ই "প্রভাত" নামে পরিভাষিত হইয়াছে। গৃহ্যসংগ্রহ নামক নিবন্ধে 'উদয়' শব্দটীর এইরূপ পরিভাষা করা হইয়াছে, যথা—"রশ্মি সমন্বিত সূর্য্যমণ্ডলের রেখা-মাত্র দৃষ্ট হইলেই সূর্য্যের উদয় হইয়াছে, বলিয়া জানিবে এবং বিচক্ষণ ব্যক্তিগণ ঐ সময়েই উদয়কালীন হোমের অনুষ্ঠান করিবে।" কেহ আশঙ্কা করিয়াছিল, এই যে বিষ্ণুর বচনে পূর্ব্বাশৌচের অন্তদিনে আর একটি অশৌচ হইলে, দুই দিনে শুদ্ধি হইবে, এবং অন্তদিনের পরবর্ত্তী প্রভাতে দ্বিতীয় অশৌচ হইলে, তিন দিনে শুদ্ধি হইবে, বলা হইল, এই বিধান দ্বারা কি পূর্ব্বাশৌচের বৃদ্ধি এবং সেই সঙ্গে পরাশৌচের হ্রাস করা হইল? না কেবলমাত্র পরা-শৌচেরই হ্রাস করা হইল? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এ স্থলে বক্তব্য এই যে, পূর্ব্ববর্ত্তী সমুদয় সংগ্রহকারগণই বিষ্ণুর উক্ত বচনের "দশম দিনের অধিক দিনদ্বয়ে শুদ্ধি হইবে" এইরূপ ব্যাখ্যা করায়, উহাদ্বারা পূর্ব্বাশৌচেরও যে, অতিরিক্ত দিনদ্বয় বৃদ্ধি হইবে, এইরূপ বিধানও করা হইয়াছে! এইরূপ না বলিয়া, ঐ বিধানটি দ্বারা যদি কেবল মাত্র পরাশৌচ কালেরই হ্রাস করা হইয়াছে, এইরূপ বল, তাহলে পরাশৌচের নিমিত্ত ভূত দ্বিতীয় মৃত্যুর্ট

কালমাত্রপরত্বে, স্বনিমিত্তাবধ্যেব দিনদ্বয়ং স্যাৎ। ন চ বিধ্যনুবাদবৈষম্যভিয়া নান্ত্যদিনপরিগ্রহ ইতি বাচ্যং, দিনদ্বয়স্য পরাশৌচমাত্রকালত্বেন প্রাপপ্রাপ্তত্বেন দশমদিনস্যানুবাদানুপপত্তেঃ। কিন্তু পূর্ব্বাশৌচস্যান্ত্যদিবসমাদায় দিনদ্বয়াশৌচবিধানে, অন্ত্যদিনস্য পূর্ব্বাশৌচকালত্বেন প্রাপ্তত্বাতদংশেহনু-

---

হ্রাসকমিত্যর্থকম্? উক্ত তৎ পরাশৌচস্য হ্রাসকং যেত্যোকং তত্রাহ "অত্রে"তি। সমাপনমতি তথাচ পূর্ব্বাশৌচস্য দিনদ্বয়বৃদ্ধিরিতি ভাবঃ। অন্যথা পরাশৌচেন পূর্ব্বাশৌচস্যাবৃদ্ধৌ, পিরাশৌচে"তি দিনদ্বয়স্থে ত্যাদিঃ। স্বনিমিত্তেতি পরাশৌচনিমিত্তেত্যর্থঃ। "বিধ্যনুবাদে"তি দশমদিনস্যাশৌচকালত্বেন পূর্ব্বনিমিত্তেনৈব প্রাপ্তত্বাৎ তদংশেহনুবাদঃ *একাদশদিনস্য তু তদ্রূপেণাপ্রাপ্তত্বাৎ তদংশে বিধিরিতি বিধ্যনুবাদবৈষম্যমিত্যর্থঃ অপ্রাপ্তপ্রাপকত্বং বিধিত্বং, প্রাপ্তপ্রাপকত্বঞ্চানুবাদত্বম্। "নান্ত্যদিনে"তি ন দশমদিনেত্যর্থঃ, তথাচ একাদশদ্বাদশদিনয়োরেব গ্রহণং ভবিষ্যতীত্যভিপ্রায়ঃ দিনদ্বয়স্যেতি পূর্ব্বাশৌচান্তিমদিনতদুত্তরদিনরূপস্য দিনদ্বয়স্যেত্যর্থঃ। পরাশৌচেতি তথাচ যদ্রূপেণ প্রাপ্তিস্তদ্রূপেণ চেৎ প্রাপ্যতে, তদেবানুবাদঃ, যদ্রূপেণ চাপ্রাপ্যতে, তদ্রূপেণ চেৎ প্রাপ্যতে তদা বিধিরেব, এবঞ্চ দশম-

যে দিন ঘটিয়াছে, সেই দিন হইতেই ত দিনদ্বয় গণনা করা উচিত হয়, সুতরাং পূর্ব্বাশৌচের অন্তদিন এবং তৎপরদিন, এই দুই দিন মাত্রই পরাশৌচের স্থিতি হয়, ইহা শিষ্টাচারবিরুদ্ধ, কারণ ঐরূপ স্থলে বার দিন অবধি অশৌচ সকলেই গ্রহণ করিয়া আসিতেছেন। যদি বল, বিষ্ণুবচনোক্ত বিধিটি পরাশৌচ মাত্রের হ্রাসকারীই বটে, এবং পরাশৌচের নিমিত্ত দ্বিতীয় মৃত্যুর ঘটনার দিন অর্থাৎ পূর্ব্বাশৌচের অন্তদিন হইতেই উহার প্রবৃত্তি উচিত হওয়ায়, সেই দিন হইতেই দিনদ্বয়ের গণনা উচিত হয় বটে, কিন্তু ঐ বিধিটিকে পূর্ব্বাশৌচের অন্ত্যদিনে প্রবৃত্ত করিলে, উহা বিধ্যনুবাদবৈষম্য দোষে দূষিত হইয়া পড়ে ; এই জন্য পূর্ব্বাশৌচের অন্ত্যদিনে উহার প্রবৃত্তি না করিয়া তৎপরদিনেই প্রবৃত্তি করা হইয়াছে। ইহার তাৎপর্য্য এই—যদিও ঐ বচন দ্বারা পূর্ব্বাশৌচের অন্ত্যদিন এবং তৎপরদিন, এই দুইদিনমাত্র পরাশৌচের স্থিতি বিহিত হওয়াই উচিত ছিল, কিন্তু ঐরূপ বিধান করিলে, বিধিটি বিধ্যনুবাদবৈষম্য দোষে দূষিত হইয়া পড়ে, এই দোষনিবারণের জন্য পূর্ব্বাশৌচের শেষদিনের পরদিন হইতে দুইদিন মাত্র পরাশৌচের স্থিতি বিহিত হইয়াছে। বিধ্যনুবাদবৈষম্য দোষটি না বুঝিলে, উপরিউক্ত বাক্যের মর্ম্মার্থ পরিষ্কার বুঝা যায় না, এইজন্য এস্থলে আমরা বিধ্যনুবাদ দোষটি বুঝাইতেছি। যদি কোন একটি বিধির এক অংশে অনুবাদ এবং অপর অংশে

বাদকত্বং, অপরদিনস্য চাপ্রাপ্তত্বাত্তদংশে বিধিত্বমিতি বিধ্যনুবাদবৈষম্যাদধিকেন ব্যাখ্যানং সংগচ্ছতে ॥ ১৮ ॥

দিনস্য পূর্ব্বাশৌচকালত্বেন প্রাপ্তাবপি ন পূর্ব্বং পরাশৌচকালত্বেন প্রাপ্তিরিতি ভাবঃ। "দিনদ্বয়াশৌচে"তি পূর্ব্বাশৌচান্তিমদিনমাদায় দিনদ্বয়স্য পূর্ব্বাশৌচকালত্ববিধানে ইত্যর্থঃ ॥১৮

বিধি থাকে, তা'হলে ঐ বিধিতে বিধ্যনুবাদ দোষ হয়। পূর্ব্বে অপ্রাপ্ত সম্পূর্ণ নূতন একটি বিষয়ের যে বিধান করা যায়, তাহার নাম বিধি, এবং পূর্ব্ববিহিত বিষয়ের পুনর্ব্বার যে বিধান করা যায়, তাহার নাম অনুবাদ। এক্ষণে দেখ, "সপিণ্ডমরণে মৃত্যুদিন হইতে এতদিন (১০।১২) ইত্যাদিরূপ অশৌচ হইবে." এই বিধি অনুসারে ঐ অশৌচের অন্তদিন পূর্ব্বাশৌচের বিষয়রূপে পূর্ব্বেই প্রাপ্ত হইয়াছিল, তাহার পর "পূর্ব্বজাত সপিণ্ডমরণাশৌচের অন্তদিনে আর একটী সপিণ্ডমরণ জন্য অশৌচের সন্নিপাত হইলে ঐ পরাশৌচ দুই দিন মাত্র স্থায়ী হইবে," এই দ্বিতীয় বিধিটিরও যদি আবার পূর্ব্বাশৌচের অন্তদিন হইতেই প্রবৃত্তি করা হয়, তা'হলে পূর্ব্ববিধি দ্বারা পূর্ব্বাশৌচের বিষয়রূপে প্রাপ্ত, অন্তদিনকে দ্বিতীয় বিধিদ্বারা আবার দ্বিতীয়াশৌচেরও বিষয়রূপে বিহিত করা হইলে, দ্বিতীয় বিধিটি ঐ অন্তদিন অংশে বিধি না হইয়া অনুবাদই হইয়া পড়ে এবং কেবলমাত্র তৎপরদিন অংশেই উহা বিধি হয়, সুতরাং বিধ্যনুবাদ দোষ ঘটিল। এই দোষ পরিহারের জন্য পূর্ব্বাশৌচের অন্তদিন হইতে দ্বিতীয় বিধির প্রবৃত্তি না করিয়া, তৎপরদিন হইতেই উহার প্রবৃত্তি করায় তৎপরদিন হইতেই দুইদিনের গণনা করিতে হইবে। স্মার্ত্ত বলিতেছেন, একথা বলিতে পার না, যদি কোন একটি স্থলে পূর্ব্ববিধি দ্বারা বিহিত বিষয়ই আবার দ্বিতীয় বিধিদ্বারা বিহিত হয়, সেইরূপ স্থলেই দ্বিতীয় বিষয়টি অনুবাদ হয়। এক্ষণে দেখ, পূর্ব্বাশৌচের অন্তদিনটি প্রথমবিধির বিষয়রূপেই পূর্ব্বে প্রাপ্ত হইলেও, "ঐ অন্তদিনে সঙ্ঘটিত সপিণ্ডমরণ জন্য অশৌচ দুইদিন মাত্র স্থায়ী হইবে" এই দ্বিতীয় বিধিদ্বারা বিহিত অশৌচের বিষয়রূপে উহা কিন্তু পূর্ব্বে প্রাপ্ত হয় নাই, সুতরাং ঐ অংশেও দ্বিতীয় বিধির বিধিত্বই বজায় রহিয়াছে, উহা অনুবাদ হইতেছে না। কাজেই দ্বিতীয়বিধিকে মাত্র পরাশৌচ সম্বন্ধী করিয়াও তুমি যে যুক্তির আশ্রয় করিয়া অন্তদিনকে ত্যাগ করিতেছিলে, সে যুক্তি আর খাটিল না। কিন্তু যদি ঐ দ্বিতীয় বিধিকে পূর্ব্বাশৌচ এবং পরাশৌচ এই উভয়াশৌচ সম্বন্ধী করা হয়, অর্থাৎ পূর্ব্বজাত মরণাশৌচের অন্তদিনে সঙ্ঘটিত সপিণ্ডমরণে পূর্ব্বাশৌচেরও দুইদিন বৃদ্ধি

“ন চ পূর্ব্বাশৌচব্যপগমে দিনদ্বয়েনেতি ব্যাখ্যানায় তথাত্ব-” মিতি বাচ্যং, তথাত্বে মরণাশৌচদশমদিনে মৃতস্য তদ্দিনে পিণ্ডোদকাদিদানং ন স্যাৎ, তস্য স্বাশৌচবিধানাৎ। বিষ্ণুঃ,— “যাবদশৌচং তাবৎ প্রেতোদকং পিণ্ডমেকঞ্চ দদ্যুরি”তি। পূর্ব্বাশৌচব্যপগমে ইত্যস্যানুষঙ্গকল্পনে প্রমাণাভাবাৎ।

অধিকেনেতি—দশমদিনাবধিকেনেতি পূর্ব্বাশৌচব্যপগমে ইতি তথাচ পূর্ব্বাশৌচস্য দশমদিনমেব নাশকং, ন তু তস্য বৃদ্ধিঃ, কিন্ত্বধিকং দিনদ্বয়ং পরাশৌচকাল এব, ন তু পূর্ব্বাশৌচকালঃ, স্মার্ত্তমতে তু ত্রিরাত্রাশৌচান্তরং জায়তে পূর্ব্বাশৌচস্য দিনদ্বয়বৃদ্ধিঃ। ব্যাখ্যানাৎ বিষ্ণুসূত্রস্য ব্যাখ্যানাৎ, ন তথাত্বং ন বিধ্যনুবাদবৈষম্যম্। “স্বাশৌচে”তি ভবন্মতে স্বাশৌচকালো দশমদিনাৎ পরং দিনদ্বয়ং, ন তু দশমদিনমপীতি ভাবঃ। অনুষঙ্গ ইতি

পিতার তৎকালীন কর্ম্মমাত্রেরই অনুষ্ঠানের নিমিত্ত পবিত্রতা বা অধিকার হইবে, এবং পূর্ব্বজাত অশৌচও ঐ কর্ম্মানুষ্ঠানের পক্ষে বাধক হইবে না।" এই বচনে, "পুত্রজন্ম" এই কথাটীর সামান্যতঃ ব্যবহার থাকায়, অর্থাৎ জাতিবিশেষের নির্দ্দেশ না থাকায়, জাতকর্ম্মাদির অনুষ্ঠান বিষয়ে শূদ্রেরও যে অধিকার, ইহা বুঝিতে হইবে; এবং ষষ্ঠ দিনে কর্ত্তব্যরূপে বিহিত কর্ম্মেও শূদ্রের অধিকার বুঝিতে হইবে, কারণ পুত্রের রক্ষা সকলেরই কর্ত্তব্য। অতএব পূর্ব্বোক্ত আদিত্যপুরাণের "দ্বিজাতিগণের পুত্র জন্মগ্রহণ করিলে" ইত্যাদি বচনে যে "দ্বিজাতি" শব্দটী প্রযুক্ত হইয়াছে—উহা দ্বারা যে সমুদয় বর্ণেরই উপলক্ষণ করা হইয়াছে, ইহাও বুঝিতে হইবে। এক্ষণে দেখ, উপরে যে বিচার করা হইল, তাহা দ্বারা, আমি আগে যে, শুদ্ধি এবং অশুদ্ধি এই দুইটীকেই ভাব পদার্থরূপে নির্দ্দেশ করিয়াছি, অর্থাৎ জাতিমরণাদি জন্য অপবিত্রতা বা কর্ম্মে অনধিকার সম্পাদক ধর্ম্মবিশেষই অশুদ্ধি বা অশৌচ, এবং ঐ অশুদ্ধির নাশ জন্য পবিত্রতা বা কর্ম্মাধিকার সম্পাদক ধর্ম্মবিশেষই শুদ্ধি, এইরূপ সিদ্ধান্ত করিয়াছি, তাহাই সমর্থিত হইল, কাজেই শুদ্ধি যে, অশুদ্ধির অভাবস্বরূপ এমন কথা আর বলা গেল না। কেন না, যদি অশুদ্ধিকে একটী ভাবরূপ পদার্থ বল, এবং সেই অশুদ্ধির অভাবকে শুদ্ধি বল, তাহা হইলে এককালে একই ব্যক্তিতে, পরস্পরবিরুদ্ধ পদার্থদ্বয়ের স্থিতি সিদ্ধ হইতে পারে না, তাহাতে বিরোধ উপস্থিত হয়। অর্থাৎ, অন্ধকারের অভাব আলোক, এই নিমিত্ত, আলোক এবং অন্ধকার এই দুইটী পরস্পর বিরোধী পদার্থ যেমন এককালে এক

"ততঃ শ্রাদ্ধমশুদ্ধৌ তু কুর্য্যাদেকাদশে তথা।

কর্ত্তুস্তাৎকালিকী শুদ্ধিরশুদ্ধঃ পুনরেব সঃ॥" অশুদ্ধৌ চতুর্থাহাদৌ। কথমশুদ্ধৌ শ্রাদ্ধং? কালাশৌচাধিকরণে শৌচন্যাধিকারিবিশেষণত্বাদিত্যাহ "কর্ত্তুস্তাৎকালিকী"তি।

দিতি ভাবঃ। অতএব শুদ্ধ্যশুদ্ধ্যোঃ সংস্কাররূপেত্বনাবিরোধাদেব। "শ্রাদ্ধ"মিতি

স্থানে থাকিতে পারে না, সেইরূপ অশুদ্ধির অভাবকে শুদ্ধি বলিলে, উহারা (শুদ্ধি এবং অশুদ্ধি) উভয়ে পরস্পর বিরোধী হইয়া উঠে, সুতরাং উহারা উভয়ে এককালে এক ব্যক্তিতে বর্ত্তমান থাকিতে পারে না। কিন্তু উভয়েই ভাবরূপ পদার্থ হওয়ায়, এককালে একই ব্যক্তিতে উভয়ের অবস্থান সংঘটিত হইতে পারিল। অর্থাৎ আমার মতে উহারা পরস্পর সেরূপ বিরোধী নহে, উভয়েই ভাবরূপ পদার্থ, কাজেই এককালে এক ব্যক্তিতে উভয়ের বিদ্যমানতা অসম্ভব হইল না। এইজন্য যৎকালে ব্যক্তিবিশেষের পূর্ব্বজাত অশৌচনিমিত্ত সাধারণ বৈদিককর্ম্মে অনধিকার সম্পাদক অপবিত্রতারূপ একটী ধর্ম্মবিশেষ সংঘটিত হইয়াছে, তৎকালে সেই ব্যক্তিতেই পুত্রজন্মাদিরূপ বিশেষ নিমিত্ত নিবন্ধন কেবলমাত্র জাতকর্ম্মাদিরূপ কতিপয় কর্ম্মবিশেষে অধিকার সম্পাদক পবিত্রতাস্বরূপ আর একটী ধর্ম্মবিশেষ যে বিদ্যমান হইবে, তাহাতে বাধা কি? দেখ, সাধারণ কর্ম্ম সম্পাদনে অযোগ্য ব্যক্তিকেও বিশেষ কর্ম্ম সম্পাদনে যোগ্যরূপে সচরাচর দেখিতে পাওয়া যায়। এই হেতু অর্থাৎ একটী অশৌচের মধ্যে একই ব্যক্তির কর্ম্মবিশেষের নিমিত্ত শুদ্ধি হইতে পারে বলিয়াই আমরা শাস্ত্রে বক্ষ্যমাণ বিধান দেখিতে পাই। যথা, "তাহার পর অশুদ্ধি অর্থাৎ অশৌচের মধ্যে একটী শ্রাদ্ধ করিবে, এবং একাদশ দিনে আর একটী শ্রাদ্ধ করিবে," এই যে অশৌচের মধ্যে শ্রাদ্ধের বিধান করা হইল, ইহাতে, "ঐ শ্রাদ্ধানুষ্ঠান কালমাত্র কর্ত্তার শুদ্ধি হইবে, তাহার পর সে পূর্ব্ববৎ অশুচিই থাকিবে।" এইরূপই বুঝাইতেছে। উক্ত বচনে যে, অশুদ্ধিতে শ্রাদ্ধের কথা বলা হইয়াছে, উহাদ্বারা যমকর্ত্তৃক বিহিত চতুর্থ দিনাদিতে কর্ত্তব্য নবশ্রাদ্ধ নামক শ্রাদ্ধবিশেষেরই উট্টঙ্কন বা সূচনা করা হইয়াছে। কেহ আশঙ্কা করিয়াছিল, শঙ্কা এই যে, অশুদ্ধিতে শ্রাদ্ধবিধান করিলেন, ইহা কিরূপ হইল, কালাশৌচ প্রকরণে কর্ম্মাধিকারীর শৌচযুক্ত এইরূপ বিশেষণ কথিত হওয়ায়, অশুচি ব্যক্তির পক্ষে শ্রাদ্ধ করিতে বিধান করা অনুজ্ঞাত হইল কিরূপে? ইহার উত্তর বলিতেছেন,

শ্রাদ্ধবিধানাক্ষেপাৎ তন্মাত্রনিষ্ঠা শুদ্ধিঃ কল্প্যতে, স পুনরশুদ্ধ এব কর্ম্মান্তরে ইতি শ্রাদ্ধবিবেকঃ। এবং শুদ্ধের্ভাবরূপত্বে অশৌচস্য তদভাবরূপত্বেঽপি বিরোধঃ। তথাত্বে অশৌচ-সঙ্করোঽপি ন স্যাৎ, একস্মিন্ শুদ্ধ্যভাবরূপে অশৌচে সতি, অপরস্য তদ্রূপস্য তদানীং শুদ্ধিরূপপ্রতিযোগ্যন্তরাভাবাদনুৎ-পত্তেঃ। তস্মাৎ শুদ্ধ্যশুদ্ধ্যোর্ভাবরূপত্বম্ ॥ ২৩ ॥

একোদ্দিষ্টরূপং কাম্যং নবশ্রাদ্ধমিত্যর্থঃ। তথাচ যমঃ, চতুর্থে পঞ্চমে চৈব নবমৈকাদশে তথা। যদত্র দীয়তে জন্তোস্তন্নবশ্রাদ্ধমিষ্যতে। ইতি কালাশৌচেতি শুচিতৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ” ইত্যত্রেত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রাদ্ধকর্ত্তার “তৎকালমাত্র শুদ্ধি হইবে,” এই বাক্য দ্বারা পূর্ব্বোক্ত শ্রাদ্ধ বিধানেরই আক্ষেপ হেতু কেবল ঐ চতুর্থাদি দিনবিহিত শ্রাদ্ধকাল মাত্রেই তাহার শুদ্ধি হইবে, কিন্তু কর্ম্মান্তরে তাহাকে অশুদ্ধ বলিয়াই গণ্য করা হইবে, শ্রাদ্ধ বিবেককার ঐ বচনের এইরূপ ব্যাখ্যাই করিয়াছেন। এইরূপ যদি হইল, তাহা হইলে অন্যদিকে শুদ্ধিকে একটী ভাবরূপ পদার্থ বলিয়া স্বীকার ক’রে, অশৌচকে তাহার অভাবরূপ স্বীকার করিলেও বিরোধ ঘটে। কেবল তাহাই নহে, অশৌচকে শুদ্ধির অভাবরূপ স্বীকার করিলে, স্মার্ত্তগণ এক অশৌচের মধ্যে অপর অশৌচের সংঘটনে যে অশৌচসঙ্করের কথা বলিয়াছেন, তথাবিধ অশৌচসঙ্করও আর হইতে পারে না, কারণ শুদ্ধির অভাবরূপ একটি অশৌচ যেখানে বিদ্যমান আছে, সেই স্থলে ঐ অভাবের প্রতিযোগী শুদ্ধি কখনই থাকিতে পারে না, এক্ষণে দেখ, যদি প্রতিযোগিরূপ শুদ্ধিই বিদ্যমান না থাকিল, তবে আবার তাহার অভাব ঘটিবে কিরূপে? সুতরাং একটী অশৌচ বিদ্যমান থাকিতে, আর একটি অশৌচের উৎপত্তির অবসর না হওয়ায়, অশৌচসঙ্কর হইতেই পারিল না। ইহার তাৎপর্য্য এই যে, যাহার অভাব ধরা হয়, সেই বস্তুকে ঐ অভাবের প্রতিযোগী বলিয়া নির্দ্দেশ করা হয়, ঘটের অভাবের প্রতিযোগী ঘট, এইরূপ শুদ্ধির অভাবের প্রতিযোগী শুদ্ধি। অভাব ও তাহার প্রতিযোগী কখনই এককালে একত্র থাকিতে পারে না। এক্ষণে দেখ, শুদ্ধির অভাব যদি অশৌচ হইল, তাহা হইলে, যে স্থলে একটী অশৌচ বিদ্যমান রহিয়াছে, সেই স্থলে যে শুদ্ধি নাই, ইহা অবশ্য

যদা তু সপিণ্ডমরণাশৌচদশদিনে অপরসপিণ্ডমরণে পূর্ব্বাশৌচস্য দিনদ্বয়বৃদ্ধ্যা একাদশদ্বাদশদিনে বা পিত্রাদিমরণং, তদা পূর্ব্বাশৌচদ্বাদশাহেন বহুকালব্যাপিনা গুরুণা লঘুকালব্যাপিনঃ পরতরাশৌচস্য শুদ্ধিঃ। "অঘানাং-যৌগপদ্যে তু জ্ঞেয়া শুদ্ধির্গরীয়সা।" ইতি দেবলবচনাদত্র চ প্রথমমৃতপিতৃকেণ স্বাবধ্যো-

শুদ্ধ্যভাবরূপে শুদ্ধিধ্বংসরূপে। তদ্রূপস্য শুদ্ধিধ্বংসরূপস্য। ইদানীং ব্যবস্থামাহ "যদা" ইতি। "দ্বাদশদিনে বে"তি মরণদ্বয়ে নরস্থে তাদৃশমম্বরবৃদ্ধিমদশৌচং জাতং, তস্য তদন্তিমদিনে পিত্রাদিমরণেঽপি ন দিনদ্বয়াদিবৃদ্ধি রিতিবোধ্যং। যৌগপদ্যে ইতি যৌগপদ্যম্ এককালাবচ্ছেদেন একাধিকরণবৃত্তিত্বম্, "অত্র চে"তি এতাদৃশবিষয়েচেত্যর্থঃ।

স্বীকার করিতে হইবে, সুতরাং, শুদ্ধিরূপ প্রতিযোগীর অভাবে একই ব্যক্তিতে দ্বিতীয় অশৌচ আর হইবে কিরূপে? অতএব শুদ্ধি ও অশুদ্ধি এই উভয়কেই ভাবরূপ পদার্থ বলিয়া স্বীকার করিতে হইবে। ২৩।

এক্ষণে ইহাও বক্তব্য যে, যে স্থলে কোনও এক সপিণ্ডের মৃত্যুর দশ দিনের দিন আর একটী সপিণ্ডের মৃত্যু নিবন্ধন পূর্ব্বাশৌচের দিনদ্বয়বৃদ্ধি ঘটিয়াছে, সুতরাং ঐ পূর্ব্বাশৌচ একটী গুরু অশৌচ হইয়া দাঁড়াইয়াছে,—এরূপ অবস্থায় যদি ঐরূপ দিনদ্বয়বৃদ্ধিপ্রাপ্ত পূর্ব্বাশৌচের একাদশ বা দ্বাদশ দিনে যদি কাহারও পিতা আদি মহাগুরুর মরণ ঘটে. তাহা হইলে, ঐ বহুকালব্যাপী, অতএব গুরুত্বপ্রাপ্ত পূর্ব্বাশৌচের দ্বাদশ দিনেই লঘুকাল অর্থাৎ দশ দিনমাত্র ব্যাপী, পরজাত স্বকীয় পিতৃমরণ জন্য অশৌচেরও শুদ্ধি হইবে। কারণ, "অশৌচ সকলের যৌগপদ্য অর্থাৎ এককালে সংঘটন হইলে, সর্ব্বাপেক্ষা গুরু-অশৌচের সহিতই লঘু অশৌচের নিবৃত্তি হয়।" এইরূপ একটী দেবলের বচন দেখিতে পাওয়া যায়। তাহাতে সকলের শেষে যাহার পিতার মৃত্যু হইয়াছে, তাহার অশৌচ যেন বৃদ্ধি প্রাপ্ত পূর্ব্বাশৌচের দ্বাদশ দিনের দিন শেষ হইবে, একথা বুঝিলাম; কিন্তু যাহার পিতার মৃত্যুতে প্রথমেই সপিণ্ডদিগের দশ দিন অশৌচ হইয়াছিল, এবং ঐ পূর্ব্বাশৌচের দশ দিনের দিন আবার যে দ্বিতীয় ব্যক্তির পিতার মৃত্যু নিবন্ধন সাধারণ সপিণ্ডদিগের ঐ প্রথমজাত অশৌচের দুই দিন বৃদ্ধি হইয়াছিল; এই দুই জনের মধ্যে প্রথম মৃতপিতৃক এবং শেষ মৃতপিতৃক ব্যক্তির পক্ষে এ স্থলে কিরূপ ব্যবস্থা হইবে? ইহার উত্তরে বলিতেছেন, সর্ব্বের আগে যাহার পিতার মৃত্যু হইয়াছে,

কাদশাহ এব কৃত্যং, দ্বিতীয়মৃতপিতৃকেণ পরার্দ্ধপতিতত্বেন পিতৃমরণাবধ্যেকাদশাহ এব কৃত্যং, বৃদ্ধীভূতদিনদ্বয়াভ্যন্তরে তৃতীয়মৃতপিতৃকেণ পূর্ব্বমৃতত্রয়োদশাহ এব কৃত্যং, সপিণ্ড-মাত্রেণ তু পূর্ব্বমৃতত্রয়োদশাহ এব কৃত্যম, কর্ত্তব্যমিতি প্রথমমৃতপিতৃকেণ তু একাদশাহ-দ্বাদশাহান্যতরমৃতস্য তদবধি-দশাহাশৌচমেব কর্ত্তব্যমিতি। ততশ্চাশৌচব্রিতয়ান্তদ্বিতীয়দিন-

একাদশাহ এবেতি স্বপিতৃমরণাবধ্যেকাদশাহ এবেত্যর্থঃ। জ্ঞাতিমরণাশৌচাপেক্ষয়া পিতৃমরণাশৌচস্য অযবৃদ্ধিমত্ত্বেন তস্য ন দিনদ্বয়াদিবৃদ্ধিঃ, তস্যাঃ সমানাশৌচবিষয়কত্বাদিতি বোধ্যম্। "কৃত্য"মিতি কর্ত্তব্যমিতি পরেণান্বিতং, স্বপিতৃমরণে ইত্যর্থঃ; তথাচ অযবৃদ্ধিমতঃ স্বপিতৃমরণাশৌচস্য পূর্ব্বাশৌচপরার্দ্ধপাতিত্বাৎ ন পূর্ব্বাশৌচেন শুদ্ধিরিতি ভাবঃ। ত্রয়োদশাহ এবেতি স্বপিতৃমরণাশৌচাপেক্ষয়া পূর্ব্বমরণাশৌচস্য দ্বাদশাহরূপ-বহুকালব্যাপিত্বেন গুরুত্বাৎ পূর্ব্বমরণাশৌচেন শুদ্ধিরিতি ভাবঃ। তদবধি দশাহেতি প্রথমমৃতপিতৃকস্য একাদশাহে স্বপিতৃমরণাশৌচনিবৃত্তেঃ সাঙ্কর্য্যাভাবাদিতি ভাবঃ।

সে ঐ মৃত্যু ঘটনার দিন হইতে এগার দিনের দিনই পিতৃকার্য্য করিবে, দ্বিতীয় মৃতপিতৃক অর্থাৎ প্রথম অশৌচের দশ দিনের দিন যাহার পিতার মৃত্যু হইয়াছে, প্রথমাশৌচের পরার্দ্ধে তাহার মহাগুরু নিপাত জন্য অশৌচ সঙ্ঘটিত হওয়ায়, তাহার পক্ষে ঐ পিতৃমরণাশৌচ, মরণের দিন হইতেই আবার সম্পূর্ণ দশ দিন অবধিই স্থায়ী হইবে, সুতরাং সেও নিজ পিতৃমরণের এগার দিনের দিনই পিতৃকৃত্য করিবে, আর দশ দিনের দিন সঙ্ঘটিত দ্বিতীয় মৃত্যু নিবন্ধন বৃদ্ধিপ্রাপ্ত প্রথমাশৌচের দিনদ্বয়ের মধ্যে অর্থাৎ প্রথমাশৌচের এগার বা বার দিনের দিন যাহার পিতার মৃত্যু হইয়াছে, সেই তৃতীয় মৃত পিতৃক ব্যক্তি প্রথমাশৌচের তের দিনের দিনই পিতৃকার্য্য করিবে, সাধারণ সপিণ্ডগণও ঐ তের দিনের দিনই নিজ নিজ সন্ধ্যাবন্দনাদি ধর্ম্মকার্য্য করিবে। যাহার পিতৃমরণের দশ দিনের দিন দ্বিতীয় সপিণ্ডের মৃত্যু হইয়াছিল, ঐ দ্বিতীয় মৃত্যুনিবন্ধন সাধারণ সপিণ্ডগণের মত তাহার অশৌচের আর দুই দিন বৃদ্ধি হইবে না। কারণ, সপিণ্ডমরণাশৌচাপেক্ষা স্বীয় পিতৃমরণাশৌচ অধিক অশুদ্ধিজনক, সুতরাং গুরু। তবে, পূর্ব্বাশৌচের অন্ত দিনের দিন আর একটি সপিণ্ডের মরণে দুই দিন পূর্ব্বাশৌচের যে বৃদ্ধির কথা বলা হইয়াছে, তাহাকে সমান অশৌচ স্থলেই, অর্থাৎ পূর্ব্বাশৌচ এবং পরাশৌচ যে স্থলে একজাতীয় হইবে, সেই স্থলেরই

কৃত্যং শয্যাদানাদি অত্রাপি সংগচ্ছতে। পূর্ব্বাশৌচপরার্দ্ধ-পরাশৌচপূর্ব্বার্দ্ধমৃতপিতৃকস্য স্বাশৌচনিবৃত্তিকাল এব শুদ্ধিঃ॥

পূর্ব্বপরার্দ্ধেতি একাশৌচস্য পূর্ব্বার্দ্ধে অপরাশৌচস্য চ পরার্দ্ধে মৃতপিতৃকস্যেত্যর্থঃ। স্বাশৌচেতি তৃতীয়াশৌচেত্যর্থঃ। ক্বচিত্তু তৃতীয়াশৌচেত্যেব পাঠঃ। তথাচ পরাশৌচস্য

কথা বলিয়া বুঝিতে হইবে। ঐ পূর্ব্বজাত অশৌচের দশ দিনের দিন যাহার পিতার মৃত্যুনিবন্ধন অপর সপিণ্ডদিগের পূর্ব্বাশৌচের দুই দিন বৃদ্ধি হইয়াছিল, সেই দ্বিতীয় মৃতপিতৃক ব্যক্তি, পূর্ব্বাশৌচের পরার্দ্ধে স্বকীয় মহাগুরুর নিপাত হওয়াতে, স্বীয় পিতৃমরণ জন্য অশৌচের, মৃত্যুদিন হইতেই সম্পূর্ণ দশ দিন ভোগ করিবে। কিন্তু পূর্ব্বাশৌচের দশ দিনের দিন দ্বিতীয় সপিণ্ডের মৃত্যু নিবন্ধন অতিরিক্ত দুই দিন বৃদ্ধিপ্রাপ্ত পূর্ব্বাশৌচের একাদশ বা দ্বাদশ দিনের দিন যাহার পিতার মৃত্যু হইয়াছে, ঐ তৃতীয় মৃতপিতৃক ব্যক্তির পিতৃমরণ জন্য অশৌচ, উক্তরূপ বৃদ্ধিপ্রাপ্ত পূর্ব্বাশৌচের সহিতই শেষ হইবে, কারণ পূর্ব্বাশৌচ দুইদিন বৃদ্ধি পাইয়া বারদিন স্থায়ী হওয়ায়, তাহার পক্ষে ঐরূপ দীর্ঘকালস্থায়ী পূর্ব্বাশৌচ, দশদিন মাত্র স্থায়ী পিতৃমরণাশৌচাপেক্ষা গুরু হইয়াছিল, ঐ গুরু অশৌচের সহিত পিতৃমরণ জন্য লঘু অশৌচের শেষ হওয়াই শাস্ত্রসম্মত। কাজেই তৃতীয় মৃতপিতৃক ব্যক্তি পূর্ব্বাশৌচের ত্রয়োদশ দিনের দিনই নিজ পিতৃশ্রাদ্ধ করিবে। কিন্তু যাহার পিতার মৃত্যুতে প্রথম দশ দিন অশৌচ হইয়াছিল, দ্বিতীয় সপিণ্ডের মৃত্যুনিবন্ধন তাহার অশৌচের আর বৃদ্ধি না হওয়ায়, উহার কিন্তু পিতৃমরণের একাদশ বা দ্বাদশ দিনে মৃত তৃতীয় সপিণ্ডের অশৌচ ঐ তৃতীয় ব্যক্তির মৃত্যু দিন হইতে সম্পূর্ণ দশ দিনই হইবে। কেন না, ঐ অশৌচের সহিত তাহার নিজ অশৌচের কোনরূপ সাঙ্কর্য্য হয় নাই। সেই প্রথম মৃতপিতৃক ব্যক্তির নিজাশৌচের একাদশাহে তৃতীয় সপিণ্ডের মৃত্যু জন্য একটী সম্পূর্ণরূপ নূতন অশৌচের উৎপত্তি হেতু, যদি পিতৃমরণাশৌচান্ত-দিন-কর্ত্তব্য শয্যাদানাদির ব্যাঘাত হয়, তবে ঐ তৃতীয় সপিণ্ডের মৃত্যুতে তাহার যে নূতন অশৌচ হইয়াছিল, সেই অশৌচান্ত দ্বিতীয় দিনেও সে ঐ সকল কার্য্য করিতে পারিবে। প্রথমে একটি সপিণ্ডের মৃত্যুনিবন্ধন প্রথমে দশ দিন অশৌচ হইয়াছে, ঐ পূর্ব্বাশৌচের পরার্দ্ধে, প্রথম পাঁচদিনের পর নয়দিনের মধ্যে আর একটি সপিণ্ডের মৃত্যু হইয়াছে, এবং সেই দ্বিতীয়-সপিণ্ডমৃত্যুর পূর্ব্বার্দ্ধে অর্থাৎ

পূর্ব্বপরার্দ্ধমৃতপিতৃকয়োঃ দ্বিতীয়াশৌচনিবৃত্তিকাল এব শুদ্ধিঃ

"পরতঃ পরতঃ শুদ্ধিরঘবৃদ্ধৌ বিধীয়তে।
স্যাচ্চেৎ পঞ্চতমাদহ্নঃ পূর্ব্বেণাপ্যনুশিষ্যতে॥"

পূর্ব্বাশৌচাধীনত্বাৎ তৎপূর্ব্বার্দ্ধপাতিত্বমকিঞ্চিৎকরমিতি ভাবঃ। "পরতঃ পরত"ইতি পরার্দ্ধে চেৎ তদাঘবৃদ্ধিমতা পরেণৈব শুদ্ধির্ন তু পূর্ব্বেণেত্যর্থঃ। পঞ্চতমাদহ্ন ইতি প্রাগিতি শেষঃ।

মৃত্যুদিন হইতে প্রথম পাঁচদিনের মধ্যে আবার অপর একটি তৃতীয় সপিণ্ডের মৃত্যু হইলে, ইহাদের মধ্যে সর্ব্বশেষে যাহার পিতার মৃত্যু হইয়াছে, সেই তৃতীয় মৃতপিতৃক ব্যক্তির নিজ পিতৃমরণ দিন হইতে সম্পূর্ণ দশ দিন অশৌচ ভোগ করিবার পরই শুদ্ধি হইবে। দেখ, এ স্থলে প্রথমাশৌচের নয় দিনের মধ্যে সঙ্ঘটিত দ্বিতীয় সপিণ্ডমৃত্যু জন্য অশৌচ সাধারণ সপিণ্ড-দিগের পক্ষে পূর্ব্বাশৌচনাশ্য হওয়ায়, সাধারণ সপিণ্ডদিগের পক্ষে ঐ দ্বিতীয়া-শৌচটি না হইবার মধ্যেই হইয়াছিল, এক্ষণে সেই সাধারণ সপিণ্ডদিগের মধ্যে যদি কাহারও পিতার ঐরূপ অপ্রবল দ্বিতীয়াশৌচের পূর্ব্বার্দ্ধে মৃত্যু ঘটে, তাহলে ঐ মৃত্যুকে পূর্ব্বাশৌচের পরার্দ্ধে সঙ্ঘটিত বলিয়াই গণ্য করা কর্ত্তব্য। অতএব এরূপ স্থলে তৃতীয় মৃতব্যক্তির অশৌচ তদীয় পুত্রের পক্ষে ঐ মৃত্যু-দিন হইতে সম্পূর্ণ দশদিনই হইবে। কিন্তু সপিণ্ডমরণ জন্য পূর্ব্বজাত অশৌচের পরার্দ্ধের মধ্যে ক্রমে ক্রমে (একদিন অন্তর) যদি দুইজন বা ততোধিক লোকের পিতার মৃত্যু হয়, তাহা হইলে উহাদিগের প্রত্যেকের দ্বিতীয়াশৌচের অর্থাৎ নিজ নিজ পিতৃমরণ জন্য অশৌচের পূর্ব্বাশৌচকাল অতীত হইবার পরই শুদ্ধি হইবে। কারণ একটি বচন আছে, "অশুদ্ধিবর্দ্ধক অশৌচ সকল পরার্দ্ধে সঙ্ঘটিত হইলে, উহাদের প্রত্যেকে যেমন পরে পরে সঙ্ঘটিত হইবে, সেইরূপ পরে পরেই শেষ হইবে। কিন্তু তথাবিধ অশুদ্ধিবর্দ্ধক অশৌচ সকল পূর্ব্বা-শৌচের প্রথম পাঁচ দিনের মধ্যে ক্রমে ক্রমে উৎপন্ন হইলেও পূর্ব্বজাত প্রথম অশৌচের সহিতই উহাদের সকলের নিবৃত্তি হইবে।" এই বচনে "পরতঃ পরতঃ" এইরূপ দুইবার বলা হইয়াছে, উহার মধ্যে একটি "পরতঃ" শব্দের অর্থ অবধারণ; কেননা, একটি "পরতঃ" শব্দের অবধারণরূপ অর্থ না করিলে, একটি "পরতঃ" শব্দ দ্বারাই অর্থ-নির্ব্বাহ হওয়ায়, দ্বিতীয় "পরতঃ" শব্দের প্রয়োগ ব্যর্থ হইয়া পড়ে। ইহার তাৎপর্য্য এই যে, উক্ত বচনের পরার্দ্ধে প্রথম পাঁচ দিনের মধ্যে অশুদ্ধিবর্দ্ধক অশৌচ যতই পরে পরে হউক না কেন, ঐ সকলেরই

ইত্যত্র পরতঃ পরত ইত্যবধারণার্থত্বাৎ, অন্যথা বৈয়র্থ্যাৎ।২৪
এবং পূর্ব্বার্দ্ধে নিমিত্তান্তরপাতে পরার্দ্ধে উভয়োর্জ্ঞানে
শুরুণঃ পরনিমিত্তস্যাপি পূর্ব্বনিমিত্তাশৌচকালেনৈব শুদ্ধিঃ,

পূর্ব্বাশৌচেন শুদ্ধিরনুশিষ্যতে ইত্যর্থঃ। অন্যথা অবধারণার্থকত্বাভাবে। বৈয়র্থ্যাদিতি একস্য পরত ইত্যস্য বৈয়র্থ্যাদিত্যর্থঃ। তথাহি পরতঃ শুদ্ধিরিতি অন্বয়ৌ পরেণ শুদ্ধিরিত্যর্থকত্বেন ব্যাখ্যায় অপবাদকত্বেন স্যাচ্চেদিত্যাদিকং ব্যাখ্যেয়মিতি ভাবঃ॥ ২৪॥

নন্বশৌচং প্রতি স্বরূপসন্নিমিত্তং ন, কিন্তু নিমিত্তনিশ্চয় এব, তথাচ যত্র নিমিত্তদ্বয়ং পৌর্ব্বাপর্য্যেণ জাতং, পূর্ব্বার্দ্ধে চ অজ্ঞাতং, তত্র পূর্ব্বার্দ্ধে তন্নিশ্চয়াভাবাৎ তদানীং তেন

পূর্ব্বাশৌচের সহিত শুদ্ধি হইবে, এইরূপ বিশেষ বিধান করায়, দ্বিতীয়ার্দ্ধে উল্লিখিত বিধানটি যে পূর্ব্বাশৌচের পরার্দ্ধে সঙ্ঘটিত অশুদ্ধিবর্দ্ধক অশৌচ-বিষয়ক, ইহা আপনা হইতেই প্রতীত হইতেছে। সুতরাং এইরূপ স্থলে আবার পরার্দ্ধের জ্ঞাপক "পরতঃ" এইরূপ শব্দের ব্যবহার করার কিছুমাত্র প্রয়োজন দৃষ্ট হয় না। কেবলমাত্র "পরতঃ" শুদ্ধিঃ বলিলেই পরপরজাত অশৌচগুলির নিজ নিজ কালেই শুদ্ধি হইবে, এইরূপ অর্থেরই বোধ হইত, এমন স্থলে দুই বার উল্লিখিত "পরতঃ" শব্দের মধ্যে একটির অর্থ অবধারণ রূপ না করিলে, উহার প্রয়োগ ব্যর্থ হইয়া পড়ে (১)। ২৪।

কেহ আশঙ্কা করিয়াছিল, একটি পূর্ব্বজাত অশৌচের নিমিত্ত ঘটনার পূর্ব্বার্দ্ধেই সপিণ্ডিমরণরূপ আর একটি অশৌচের নিমিত্ত ঘটিয়াছে, কিন্তু ঐ পূর্ব্বার্দ্ধের মধ্যে পূর্ব্বাশৌচনিমিত্ত, এবং পরাশৌচনিমিত্ত, এই দুইএর কিছুরই জ্ঞান হয় নাই, অনন্তর পূর্ব্বার্দ্ধ অতীত হইবার পর, উভয় নিমিত্তেরই জ্ঞান হইল,

---

(১) অন্যতর টীকাকার গোস্বামী ভট্টাচার্য্য একটি "পরতঃ" শব্দের অর্থ "পরার্দ্ধে" এবং দ্বিতীয় "পরতঃ" শব্দের "পরেণাশৌচেন শুদ্ধিঃ" (পরজাত স্বকীয় অশৌচের অপগমেই শুদ্ধি হইবে), এইরূপ অর্থ করিয়া স্মার্ত্তের পংক্তির এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। বহু দশরাত্র অশৌচের সন্নিপাত হইলে প্রথম জাত দশরাত্র অশৌচের সহিতই অপর দশরাত্রগুলির শুদ্ধি হইবে, ইত্যাদি; এই সামান্য বিধি থাকিতে আবার "পরতঃ শুদ্ধিঃ" ইত্যাদি বচনের দ্বারাও যদি সেইরূপই আর একটি সামান্য বিধান করা যায়, তাহা হইলে, এই বচনের কোনও সার্থকতাই থাকে না; সুতরাং এই "পরতঃ" ইত্যাদি বচনটি যাহাতে ব্যর্থ না হয়, তজ্জন্য ইহাকে কেবল "অশুদ্ধিবর্দ্ধক" অশৌচ বিষয়েরই বিশেষ বিধান রূপে অবধারণ করিতে হইবে।

"বিপত্তস্তু বিদেশস্থমি"তি বক্ষ্যমাণবচনাৎ। "অথ সর্ব্বস্মৃতি-প্রবলমনুস্মৃতাব"স্বর্দ্ধশাহ" ইতি শ্রবণাদ্‌যদি নিমিত্তস্য মরণাদেঃ

নাশৌচং জনিতমিতি কথং তত্র পূর্ব্বাশৌচেন শুদ্ধিঃ? ইত্যাশঙ্ক্য সমাধত্তে "এবং পূর্ব্বার্দ্ধে" ইতি। অশৌচদ্বারা নিমিত্তসাঙ্কর্য্যবাদিনঃ স্মার্ত্তাঃ কালদ্বারা নিমিত্তসাঙ্কর্য্যবাদি-

---

এরূপ স্থলে পূর্ব্বার্দ্ধে নিমিত্তের অজ্ঞান নিবন্ধন এই কালে কোন অশৌচ হয় নাই, তারপর পরার্দ্ধে উভয় নিমিত্তেরই জ্ঞান হওয়ায়,সেই সময়ই উভয় অশৌচের যৌগপদ্য বা সাঙ্কর্য্য ঘটিল, পরন্তু তৎকালে পূর্ব্বাশৌচ অপেক্ষা পরাশৌচটি অধিক কাল স্থায়িরূপে জ্ঞাত হওয়ায়, উহাকেই গুরু বলিতে হয়; তাহা হইলে, পূর্ব্বজাত নিমিত্ত জন্য অশৌচের অপগমের সহিত শুদ্ধি না হইয়া, পরজাত নিমিত্ত জন্য অশৌচকালের শেষের সহিতই শুদ্ধি না হইবে কেন? ইহার খণ্ডন করিবার নিমিত্ত রঘুনন্দন বলিতেছেন, এইরূপ যদি স্থির হইল যে, কোন একটি অশৌচের পূর্ব্বার্দ্ধের মধ্যে ক্রমে ক্রমে কতকগুলি অশুদ্ধিবর্দ্ধক অশৌচের সন্নিপাত হইলেও পূর্ব্বাশৌচের সহিতই ঐ সকল অশৌচগুলিরই শেষ হইবে, তবে কোন একটি অশৌচ-নিমিত্ত-সজ্বটনের পূর্ব্বার্দ্ধের মধ্যে অপর একটি অশৌচের নিমিত্ত সঙ্ঘটিত হইয়াছে, অথচ পূর্ব্বনিমিত্ত ঘটনার পরার্দ্ধে উভয়ের জ্ঞান হইয়াছে, এরূপ স্থলে পরনিমিত্ত জন্য অশৌচকে গুরুরূপ স্বীকার করিলেও পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচকালের সহিতই উহার শেষ হইবে। কেননা, এরূপ স্থলে নিমিত্তের শ্রবণ বা জ্ঞান পরে ঘটিলেও অশৌচের উৎপত্তি যে, নিমিত্ত ঘটনার দিন হইতে হইবে, সে বিষয়ে "যদি কোন বিদেশস্থিত ব্যক্তির মৃত্যুর পর দশ দিনের মধ্যে তাহাকে "মৃত" বলিয়া শ্রবণ করে, তবে ঐ শ্রবণদিন হইতে যে পর্য্যন্ত দশ দিন পূর্ণ না হয়, সেই কয়টি দিন মাত্র অশুচি থাকিবে।" এই বক্ষ্যমাণ বচনটি প্রমাণ; কারণ, এই বচন দ্বারা নিমিত্তের শ্রবণ বা জ্ঞান পরে হইলেও নিমিত্ত ঘটনার দিন হইতেই যে অশৌচের উৎপত্তি হইবে, ইহাই স্পষ্ট প্রতীত হইতেছে; সুতরাং এই বচনবলেই আশঙ্কিত স্থলেও, উভয় নিমিত্তের জ্ঞান বাশ্রবণ পরে হইলেও, ঐ নিমিত্ত জন্য অশৌচগুলিকে পূর্ব্বোৎপন্ন বলিয়াই বুঝিতে হইবে, তা'হলেই পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচ কালের সহিতই পরনিমিত্ত জন্য অশৌচের শুদ্ধি হওয়াই ব্যবস্থা সিদ্ধ হইল। ইহার উপর কেহ বলিয়াছিল, তুমি যে, উক্ত স্থলে নিমিত্ত জ্ঞান না হইলেও, নিমিত্তের সহিতই অশৌচের

কালমধ্যে নিমিত্তান্তরমুৎপদ্যতে, তদা পূর্ব্বনিমিত্তকালমাত্র-মশৌচম্। ততশ্চ কালদ্বারা নিমিত্তযৌগপদ্যমেব শুদ্ধিপ্রযো-

---

চূড়ামণিমতং নিরসিতুমুপন্যস্যতি অথেতি। "বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতমি"ত্যত উক্তং সর্ব্বস্মৃতিপ্রবলেতি। কালমধ্যে দশাহাদিকালমধ্যে। কালদ্বারা দশাহাদিকালদ্বারা। নিমিত্তযৌগপদ্যং মরণাদিরূপনিমিত্তানাম্ এককালবৃত্তিত্বং শুদ্ধিপ্রযোজকং

উৎপত্তি হইয়া থাকে, এইরূপ স্থির করিয়া, পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচের সহিতই পরনিমিত্ত জন্য অশৌচের শেষ হইবে, এইরূপ মীমাংসা করিলে, ঐ মতের সহিত আমার মতের প্রায় ঐক্য থাকিলেও কিছু বৈষম্যও আছে। তুমি অশৌচ নিমিত্তের সাঙ্কর্য্যের সহিত আবার তজ্জন্য অশৌচেরও সাঙ্কর্য্য স্বীকার করত পূর্ব্বজাত অশৌচের সঙ্গেই পরজাত অশৌচের শুদ্ধি হইবার কথা বলিতেছ। আমি বলিতেছি, ঐরূপস্থলে কেবলমাত্র নিমিত্তের সাঙ্কর্য্যই ঘটিয়া থাকে। কতকগুলি নিমিত্তের একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটনই ঐ নির্দ্দিষ্ট কালের অবসানে শুদ্ধির বিধায়ক হয়। তুমি একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে কতকগুলি অশৌচ নিমিত্ত সঙ্ঘটিত হইলে, প্রত্যেক নিমিত্ত জন্য অশৌচের উৎপত্তি স্বীকার করিয়া, ঐ সকল অশৌচেরও সাঙ্কর্য্য হইয়া, পূর্ব্বাশৌচের সহিত পরাশৌচের শুদ্ধির কথা বলিতেছ। আমি বলিতেছি, কেবলমাত্র একটি বা ততোধিক নিমিত্তের কোন একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটনেই সেই নির্দ্দিষ্ট কালের শেষ পর্য্যন্ত একটা অশুচিতা জন্মে, এবং ঐ নির্দ্দিষ্ট কাল শেষ হইলে, সেই অশুচিতারও শেষ হয়; প্রত্যেক নিমিত্ত জন্য এক একটি স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচ আর উৎপন্ন হয় না, কাজেই অশৌচের সাঙ্কর্য্যও আর হয় না। আমার এই মতই যে, শাস্ত্রপ্রমাণসঙ্গত, তাহা তুমি একটু চিন্তা করিলেই বুঝিতে পারিবে; দেখ, "সাক্ষাৎ বেদার্থের অভিব্যক্তি করে বলিয়াই অপর অপর স্মৃতি অপেক্ষা মনুস্মৃতিই প্রবল," এই বচনানুসারে অন্যান্য স্মৃতিনিবন্ধ হইতে মনুস্মৃতির প্রাবল্য অব্যাহতরূপে প্রতিপন্ন হইতেছে। এবম্বিধ মনুস্মৃতিতে কোন একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত একাধিক নিমিত্তের যৌগপদ্যকেই (এককালে সঙ্ঘটনকেই) সেই নির্দ্দিষ্ট কাল পর্য্যন্ত অশুদ্ধির প্রয়োজক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। দেখ, মনু বলিতেছেন,—"যদি একটি অশৌচের নিমিত্তের, মরণ আদির, সঙ্ঘটন হইবার পর দশ দিনের মধ্যে আবার অন্য একটি মরণ বা জননরূপ অশৌচনিমিত্তের সঙ্ঘটন হয়, তাহ'লে

অবং, ন তু নৈমিত্তিকাশৌচদ্বারা যৌগপদ্যমপীতি। ইত্থঞ্চ পূর্ব্বনিমিত্তে জ্ঞাতেঽজ্ঞাতে বা পরনিমিত্তং পূর্ব্বনিমিত্তকালা-

---

পূর্ব্বনিমিত্ত সঙ্ঘটনের দশ দিন যে পর্য্যন্ত শেষ না হইবে, তাবৎকালই ব্রাহ্মণ অশুচি থাকিবে।" এই বচনে "অন্তর্দ্দশাহে" এই নির্দ্দিষ্ট কালবাচক শব্দটীর ব্যবহার দ্বারা এইরূপ তাৎপর্য্যেরই প্রতীতি হইতেছে। কেবলমাত্র কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনই যে, একটি নির্দ্দিষ্ট কালের জন্য অশুদ্ধির জনক হয়, এই কথাটি একটু পরিষ্কার করিয়া বলিতে গেলে, এইরূপ বলিতে হয়, কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনস্থলে উহাদের মধ্যে প্রথম নিমিত্তের ঘটনার দিন হইতে যাবৎকাল অশৌচ হইবার কথা, তাবৎকাল মাত্রই অশুদ্ধি হয়, ঐ কাল অতীত হইবার পর আর অশৌচ থাকে না। উক্ত মনুবচন হইতে একাধিক নিমিত্তের এককালে সঙ্ঘটনই যে, ঐ নির্দ্দিষ্টকাল পর্য্যন্ত অশুদ্ধির প্রয়োজক হয়, এইরূপ অর্থেরই বোধ হইতেছে; কিন্তু ঐ সঙ্গে এরূপ অর্থেরও বোধ হইতেছে না যে, ঐ সময়ের মধ্যে উহাদের প্রত্যেক নিমিত্ত হইতে স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচ উৎপন্ন হইয়াও পরস্পর সঙ্কর (সম্মিলিত) হয়, এবং উহাদের মধ্যে পূর্ব্বনিমিত্তজাত প্রথম অশৌচ দ্বারা (তাহার সহিতই) অপর নিমিত্ত জন্য অশৌচগুলিরও শুদ্ধি হয়। যদি এইরূপ হইল, অর্থাৎ উক্ত মনুবচন দ্বারা কেবলমাত্র নিমিত্তের সাঙ্কর্য্যই নির্দ্দিষ্ট কালের জন্য অশুদ্ধির জনকরূপে বিবক্ষিত হইয়াছে, এবং ঐ সকল নিমিত্ত জন্য ভিন্ন ভিন্ন অশৌচের উৎপত্তি ও তাহাদের সাঙ্কর্য্য বিবক্ষিত হয় নাই, এইরূপ সিদ্ধান্ত হইল, তাহ'লে কোন একটি একাধিক অশৌচনিমিত্তের যুগপৎ, সঙ্ঘটনস্থলে পূর্ব্বজাত নিমিত্তটি জ্ঞাতই হউক, বা অজ্ঞাতই থাকুক, পরনিমিত্ত, পূর্ব্বজাত নিমিত্তের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর, অথচ স্বকীয় নির্দ্দিষ্ট কালের মধ্যে শ্রুত হইলেও আর স্বতন্ত্র অশৌচ উৎপাদন করিবে না। কেননা, তৎকালীন অশৌচের প্রতি (পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর, অথচ পরনিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে একটি স্বতন্ত্র অশৌচ উৎপাদন বিষয়ে) পরনিমিত্ত আর কারণ হইতে পারিবে না। ইহার তাৎপর্য্য এই যে, উক্ত মনুবচনের অনুসারে একাধিক নিমিত্তের এককালে সম্মিলন দ্বারা পূর্ব্বজাত নিমিত্তের উৎপত্তিদিন হইতেই ঐ পূর্ব্বনিমিত্তের জ্ঞান হউক, বা নাই হউক, একটিমাত্র অশৌচ উৎপন্ন হইয়া পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্টকাল

দুপরি যাবদ্দিবশাহাভ্যন্তরে শ্রুতমপি নাশৌচং জনয়তি, তস্য তৎকালীনাশৌচং প্রত্যনিমিত্তত্বাৎ। ইত্থঞ্চ অশ্রুতপূর্ব্বনিমিত্তস্য তৎকালমধ্যপাতি-দ্বিতীয়নিমিত্তশ্রবণে যত্তদবধি অশৌচাচরণং, তদ্‌ভ্রান্ত্যা এব", ইত্যাহুঃ; তচ্চিন্ত্যং, মরণাদিসম্বন্ধিত্বেন

পরাশৌচহ্রাসেন শুদ্ধিপ্রযোজকম্। তস্য দ্বিতীয়নিমিত্তস্য। তৎকালীনাশৌচং প্রতি পূর্ব্বাশৌচকালোত্তরকালীনাশৌচং প্রতি। পূর্ব্বনিমিত্তে জ্ঞাতে সতি ন পরাশৌচাচরণমত উক্তম্ "অশ্রুতপূর্ব্বে"তি। শ্রবণে ইতি পূর্ব্বনিমিত্তকালাদুপরীতি বোধ্যম্। তদবধি দ্বিতীয়-নিমিত্তাবধি। এতন্মতস্য দূষণে হেতুমাহ মরণাদীতি। মনুবচনং দশাহপদশ্রবণাৎ ব্রাহ্মণ-মাত্রবিষয়কং স্যাৎ, ন তু সর্ব্ববর্ণসাধারণাঞ্চ অশৌচান্তর্ভাবং বিনা ন সম্ভবতীতি ভাবঃ।

অবধিই স্থায়ী হয়, প্রত্যেক নিমিত্ত আর স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচউৎপত্তির হেতু হয় না। যখন এইরূপ স্থির হইল যে. নিমিত্তের সাঙ্কর্য্যস্থলেও প্রথমজাত নিমিত্তের জ্ঞান না হইলেও ঐ প্রথম নিমিত্তের উৎপত্তির দিন হইতেই একটিমাত্র অশৌচ উৎপন্ন হইয়া, ঐ প্রথম নিমিত্তের নির্দ্দিষ্ট কাল পর্য্যন্তই স্থায়ী হইবে, অপর নিমিত্ত জন্য স্বতন্ত্র অশৌচ আর একেবারেই হইবে না, তখন কেহ কেহ যে, নিমিত্তের সাঙ্কর্য্যস্থলে পূর্ব্বনিমিত্তটি সম্পূর্ণরূপে অজ্ঞাত হইলে, ঐ পূর্ব্ব নিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে সজ্বটিত পরনিমিত্ত মাত্রের শ্রবণ ঘটিলে, ঐ পরনিমিত্তেরই নির্দ্দিষ্ট কালের শেষ না হওয়া পর্য্যন্ত, অশৌচ গ্রহণের ব্যবস্থা দেন, ঐরূপ ব্যবস্থা যে, সম্পূর্ণ ভ্রান্তিমূলক তাহাই ঠিক হইল। রঘুনন্দন এই পর্য্যন্ত নিমিত্তসাঙ্কর্য্য বাদীর মত উঠাইয়া বলিতেছেন, "তচ্চিন্ত্যম্" এইরূপ মত যাঁহারা প্রকাশ করেন, তাঁহাদের কথাও ঠিক নহে, দেখ, তাঁহারা যে, মনুবচনটীকে প্রমাণ করিয়া একাধিক অশৌচনিমিত্তের যুগপৎ সজ্বটনকেই নির্দ্দিষ্ট কালের অবসান দ্বারাই শুদ্ধির হেতু বলিয়া নির্দ্দেশ করিতেছেন, উহাতে মরণাদিরূপ অশৌচনিমিত্তের সহিত "দশাহ" (দশ দিনের ভিতর) এই কথাটীর যোগ থাকায়, ঐ কালটী যে, সকল বর্ণেরই মরণাদিরূপ অশৌচনিমিত্তের সহিত সম্বন্ধ, অর্থাৎ উহাতে ব্রাহ্মণাদি চারিবর্ণেরই যে অশৌচের নিমিত্তীভূত মরণাদির, অশৌচ উৎপাদন বিষয়ে সাধারণরূপে একটী কাল নির্দ্দিষ্ট হইয়াছে, এরূপ বোধ হইতেছে না। কেননা, ক্ষত্রিয়াদি সকল বর্ণেরই যে, প্রথমজাত অশৌচনিমিত্তের নির্দ্দিষ্টকালের প্রথম হইতে দশ

সর্ব্ববর্ণসাধারণকালস্য বোধকাভাবাৎ অশৌচান্তর্ভাবেণৈব তদ্বোধনম্, অতএব মনুনৈব "ন বর্দ্ধয়েদঘাহানী"ত্যুক্তং, ততশ্চ

মরণাদিসম্বন্ধিত্বেন অসর্ব্ববর্ণবিষয়কং, মরণজননসম্বন্ধিকালত্বেন। সর্ব্ববর্ণসাধারণকালস্য সর্ব্ববর্ণসাধারণৈককালস্য। বোধকাভাবাৎ সর্ব্ববর্ণানামিয়ান্ মরণজননকাল ইতিবোধক-মনুবচনাভাবাৎ। অশৌচান্তর্ভাবেণৈব স্বজন্যাশৌচাধিকরণত্বেনৈব। তদ্বোধনং মরণাদি-সম্বন্ধি সর্ব্ববর্ণসাধারণকালবোধনম্। অতএব সর্ব্ববর্ণসাধারণ্যায় অশৌচান্তর্ভাবাদেব।

দিনের মধ্যে নিমিত্তান্তরের সংঘটনে, ঐ দশ দিন অতীত হইবার পরই শুদ্ধি হইবে, এইরূপ বলা যাইতে পারে না; কেবলমাত্র ব্রাহ্মণের পক্ষেই ঐরূপ ব্যবস্থা হইতে পারে বটে, তবে যদি উহাকে মরণাদিরূপ অশৌচনিমিত্তের সহিত সম্বন্ধ না করিয়া, ঐ মরণাদিরূপ নিমিত্তদ্বারা জনিত অশৌচের অধিকরণ-স্বরূপ একটা মোটা কাল বলিয়া ধরা যায়, তাহ'লে বচনে 'দশাহ'রূপে উল্লিখিত হইলেও সর্ব্ব-বর্ণ-সাধারণের পূর্ণাশৌচের কালরূপে কথঞ্চিৎ বোধ করা যাইতে পারে। এই হেতু অর্থাৎ উক্ত বচনস্থিত 'দশাহ'কে সকল বর্ণ-সাধারণের মরণাদিরূপ নিমিত্তদ্বারা উৎপাদিত পূর্ণাশৌচের অধিকরণকালরূপে বোধ করা শাস্ত্রের অভিপ্রেত বলিয়াই, মনু নিজেই আবার আর একটি বচনে "ন বর্দ্ধয়ে-দঘাহানি" (অশৌচের দিন বাড়াইবে না), এই কথা বলিয়াছেন। "দশদিনের পর আর নিমিত্ত সম্বন্ধে নির্দ্দিষ্ট দিনের বৃদ্ধি করিবে না" এইরূপ না বলিয়া, তিনি যে "অশৌচের দিন বাড়াইবে না" এইরূপ বলিয়াছেন, তাহাতে পূর্ব্বোক্ত বচনে ব্যবহৃত 'দশাহ' কথাটি যে, প্রত্যেক বর্ণের মরণাদিরূপ অশৌচনিমিত্তদ্বারা উৎ-পাদিত নিজ নিজ পূর্ণাশৌচেরই অধিকরণকালের বোধক, ইহাই প্রতীত হইতেছে। অতএব উক্ত মনুবচনের "কতকগুলি অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটনই একটি নির্দ্দিষ্ট কাল দ্বারা শুদ্ধির জনক হয়," এইরূপ ব্যাখ্যা না করিয়া, একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে মরণাদিরূপ একাধিক অশৌচনিমিত্তের সঙ্ঘটন, স্বজন্য অশৌচ দ্বারাই যে, ফলোপধায়ক (হ্রাস ও বৃদ্ধিরূপ ফলের জনক) হয়, অর্থাৎ মরণাদিরূপ একাধিক অশৌচ নিমিত্তের একটি নির্দ্দিষ্ট কালের মধ্যে সম্মিলন হইলে, উহাদের প্রত্যেক নিমিত্ত হইতে স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচ উৎপন্ন হইয়া, আপনাদের মধ্যেই কাহারও বৃদ্ধি এবং কাহারও হ্রাসের কারণ হয়, এইরূপ ব্যাখ্যা করাই যুক্তিযুক্ত ; কেননা এইরূপ ব্যাখ্যাতেই

মরণাদিসম্বন্ধিস্বস্বাশৌচাহঃপরং দশাহপদমবশ্যং বাচ্যং, তত্তশ্চ লাঘবাৎ স্বব্যাপারত্বাচ্চ অশৌচদ্বারৈব নিমিত্তানাং সাঙ্কর্য্যাং ফলোপধায়কং বাচ্যম্‌, অশৌচরূপব্যাপারানুবন্ধেন প্রথমস্যাপি মরণাদেস্তদা সত্ত্বাৎ। তথাচ শঙ্খঃ,—

"অঘাহানী"ত্তি তথাচ দশাহপদমনুক্ত্বা সর্ব্ববর্ণসাধারণ্যায় অঘপদং দত্তমিতি ভাবঃ। নন্ত "অন্তর্দ্দশাহে" ইত্যস্য স্বস্বাশৌচস্বরূপযোগ্যকালপরত্বং বক্তব্যং, সাঙ্কর্য্যমপি তাদৃশ-কালদ্বারৈব বাচ্যমত্রাহ লাঘবাদিতি। গুরোস্তাদৃশকালস্য ব্যাপ্যতাপেক্ষয়া লঘুনস্তাদৃশা-শৌচস্য ব্যাপ্যত্বলাঘবাদিত্যর্থঃ। হেত্বন্তরমপ্যাহ স্বব্যাপারত্বাচ্চেতি। অশৌচস্যৈব মরণাদি-জন্যত্বাৎ তদ্ব্যাপারত্বং সম্ভবতি, ন তু কালস্য মরণাদ্যজন্যত্বাৎ, তথাচ কালদ্বারা যৎসাঙ্কর্য্য-মুক্তং, তন্ন সমীচীনং, কালস্য মরণাদিব্যাপারত্বরূপদ্বারত্বাভাবাদিতি ভাবঃ। ফলোপধায়কং হ্রাসবৃদ্ধিরূপফলজনকম্‌। নন্ত আদ্যক্ষণে সম্বন্ধরূপস্য জনমস্য দ্বিতীয়ক্ষণাদ্যভাবাৎ

লাঘব হয়; দেখ, পুর্ব্বোক্ত নিমিত্তসাঙ্কর্য্যবাদীদিগের মতানুসারে ঐ বচনটির ব্যাখ্যা করিতে হইলে, এইরূপ বলিতে হইবে, যে, ব্রাহ্মণদিগের পুর্ব্বজাত অশৌচনিমিত্তের উৎপত্তি হইতে দশদিনের মধ্যে আর একটি অশৌচ নিমিত্তের সঙ্ঘটন হইলে, উক্ত দশদিনের পরই শুদ্ধি হইবে, ক্ষত্রিয়-দিগের পুর্ব্বজাত অশৌচনিমিত্তের উৎপত্তিদিন হইতে বার দিনের মধ্যে নিমিত্তান্তরের সঙ্ঘটন হইলে, উক্ত বার দিনের পরই শুদ্ধি হইবে, এইরূপ প্রত্যেক বর্ণের জন্য স্বতন্ত্র স্বতন্ত্র বিধানের কল্পনা না করিলে আর চলে না। এইরূপ ভিন্ন ভিন্ন বিধির কল্পনায় যে, গৌরব হয়, তাহা অবশ্যই স্বীকার্য্য; কিন্তু কোন একটি পুর্ব্বজাত অশৌচনিমিত্তদ্বারা উৎপাদিত অশৌচের নির্দ্দিষ্টকাল মধ্যে অপর নিমিত্তদ্বারা আর একটি অশৌচ উৎপাদিত হইলে, পুর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের শুদ্ধি হইবে, এইরূপ ব্যাখ্যা দ্বারাই সর্ব্ব-বর্ণ-সাধারণ একই নিয়ম করা হয়, সুতরাং ইহাকে লাঘব পক্ষই বলিতে হইবে। উক্তরূপ ব্যাখ্যা দ্বারা কেবলমাত্র যে, লাঘব পক্ষের আশ্রয় গ্রহণ করা হয়, তাহা নহে, ঐরূপ ব্যাখ্যা করিবার সপক্ষে আরও একটি কারণ আছে, দেখ, জন্য জনক স্থলে এইরূপ একটি নৈসর্গিক নিয়ম দৃষ্ট হয় যে, জনক-পদার্থ মাত্রই নিজ নিজ ব্যাপার দ্বারা স্বকীয় উৎপাদ্য বস্তুর উৎপাদন করে। ব্যাপার শব্দের অর্থ এইরূপ একটি কার্য্যবিশেষ, যাহা কোন জনক পদার্থ হইতে

"সমানাশৌচং প্রথমে প্রথমেন সমাপয়েৎ।" এতচ্চাশৌচ-সাঙ্কর্য্যং বক্ষ্যমাণোশনোবচনে স্ফুটীভবিষ্যতি। অতএব সর্ব্বৈ-র্নিবন্ধৃভি"রশৌচসঙ্কর" ইতি প্রতিজ্ঞায়াং নির্দ্দিশ্যতে ইতি।

"অন্তর্দ্দশাহ" ইতি কালোপাদানং তৎকালাভ্যন্তর এব

কথং তেন সাঙ্কর্য্য, তত্রাহ অশৌচরূপেতি। ব্যাপারানুবন্ধেন ব্যাপারসম্বন্ধেন। যথা স্বর্গাব্যবহিতপূর্ব্বং যাগাদেরসত্ত্বেঽপি অপূর্ব্বরূপব্যাপারদ্বারা সত্ত্বং, তথেহাপীতি ভাবঃ। মরণাজ্ঞানে স্বরূপসংসাঙ্কর্য্যাসত্ত্বেঽপি তন্নিরাসার্থম্ অশৌচদ্বারা তত্র সাঙ্কর্য্যং বিবক্ষিতম্। এবং শরীরপ্রাণসংযোগধ্বংসরূপপ্রাণবিয়োগস্য মরণস্য দশাহাদ্যুত্তরকালেঽসত্ত্বেঽপি নাশৌচদ্বারা সত্ত্বম্, অশৌচস্য ধ্বংসাৎ এতদর্থমপি মরণসঙ্কর ইতি ন তু অশৌচকাল-

---

জন্মিয়া, আবার সেই জনক পদার্থের উৎপাদ্য বস্তু সকলের উৎপত্তির প্রতি হেতু হয়, অর্থাৎ যাহা একটি জনক পদার্থ হইতে উৎপন্ন হইয়া, সেই জনক পদার্থেরই উৎপাদ্য বস্তু সকলের সাক্ষাৎ সম্বন্ধে উৎপাদন করে, এইরূপ কার্য্যবিশেষের নামই ব্যাপার। জনক পদার্থ সকল, যাহাকে দ্বার করিয়া বা যাহার সাহায্যে স্বজন্য বস্তুর উৎপাদন করে, সেই সহকারী যদি উক্ত জনক পদার্থেরই জন্য হয়, তবেই উহাকে ব্যাপার বলা যায়। এক্ষণে দেখ, যাঁহারা নিমিত্তের সাঙ্কর্য্য বা যৌগপদ্যকে কালবিশেষ দ্বারা শুদ্ধির জনক বলিতেছেন, তাঁহাদিগকে সম্পূর্ণ ভ্রান্তি-প্রমোদিতই বলিতে হইবে; কারণ, কাল কোন বস্তুর জন্য পদার্থ নহে, উহা একটি স্বতঃসিদ্ধ পদার্থ, সুতরাং উহা কাহারও ব্যাপার হইতে পারে না। অশৌচই নিমিত্ত হইতে উৎপন্ন, বা নিমিত্তের জন্য; এই অশৌচই নিমিত্তের ব্যাপাররূপে পরিগণিত হইতে পারে, অতএব নিমিত্তের সাঙ্কর্য্য, অশৌচরূপ স্বকীয় ব্যাপার দ্বারা শুদ্ধির জনক হয়, এইরূপ ব্যাখ্যাই সর্ব্ব প্রকারে যুক্তিযুক্ত হইল। যদি বল, নিমিত্তের সাঙ্কর্য্য, অশৌচরূপ ব্যাপার দ্বারা শুদ্ধির জনক হয়, এই বাক্যই অসম্বদ্ধ প্রলাপের মত অসঙ্গত হইল, দেখ, একটা নিয়ম আছে যে, কারণ-মাত্রই স্বকীয় কার্য্য উৎপাদন করার পরক্ষণেই বিনাশ প্রাপ্ত হয়, এই নিয়ম অনুসারে অশৌচরূপ কার্য্যোৎপত্তির পরক্ষণেই তাহার কারণরূপ নিমিত্তের যে ধ্বংস হয়, ইহাও অবশ্যই স্বীকার করিতে হইবে; তাই বলি, অশৌচোৎ-পত্তির পরও যে নিমিত্তসাঙ্কর্য্যের কথা বলিতেছ, তাহা কি অসম্বদ্ধ প্রলাপ হইতেছে না? তৎকালে নিমিত্তগুলি বর্ত্তমান থাকিলে ত তাহাদের সাঙ্কর্য্য বা সম্মিলন হইবে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, যদিও উক্ত নিয়ম অনুসারে

অশৌচসাঙ্কর্য্যং, ন তু তদনন্তরং, স্নানাদেঃ প্রাগপি অশৌচ-সাঙ্কর্য্যমিতি প্রতিপাদনার্থম্; এতদপি পশ্চাৎ স্ফুটীভবিষ্যতি যত্র তু পূর্ব্বজাতং নিমিত্তং পশ্চাৎ জ্ঞাতং, পশ্চাজ্জাতঞ্চ পূর্ব্বং জ্ঞাতং, তত্র নিমিত্তজ্ঞানজন্যাশৌচপৌর্ব্বাপর্য্যমগণয়্য-

সম্বন্ধঃ, জননমরণসম্বন্ধো বেতি ভাবঃ। ননু তর্হি কথং মনুনা অশৌচপদং বিহায় দশাহপদং নির্দ্দিষ্টং তত্রাহ "অন্তর্দ্দশাহে"তি তদনন্তরম্ একাদশাহ ইতি যাবৎ।

পশ্চাজ্জ্ঞাতঞ্চ নিমিত্তমিত্যন্বয়ঃ। ব্যবহারার্থঞ্চেতি অন্তর্দ্দশাহকালোপাদানমিতি পূর্ব্বেণান্বয়ঃ, তথাচ পূর্ব্বজাতনিমিত্তং স্বীয়দশাহাভ্যন্তরে যদি পরজাতনিমিত্তশ্রবণাৎ পশ্চাদপি শ্রূয়তে, তত্রাপি পূর্ব্বজাতনিমিত্তকালস্য পূর্ব্বার্দ্ধে পতিতং পূর্ব্বং জ্ঞাতমপি

অশৌচোৎপত্তির পর, ঐ অশৌচের নিমিত্ত সাক্ষাৎ সম্বন্ধে বর্ত্তমান থাকে না বটে, কিন্তু তৎকালে অশৌচরূপ স্বকীয় ব্যাপার কার্য্যকারিরূপে বিদ্যমান থাকায়, পরোক্ষ সম্বন্ধে নিমিত্তের সত্তাও স্বীকার করিতে হইবে, সুতরাং নিমিত্তের সাঙ্কর্য্যস্থলে নিমিত্তজন্য অশৌচোৎপত্তি স্বীকার করিলেও সর্ব্ব প্রথমে সঙ্ঘটিত মরণাদিরূপ নিমিত্তও যে, স্বজন্য অশৌচরূপ ব্যাপারের সম্বন্ধ যাবৎকাল স্থিত হয়, তাবৎকাল পর্য্যন্ত বিদ্যমান হয়, এইরূপ বলা আর অসঙ্গত হইল না। নিমিত্তসাঙ্কর্য্য স্থলে যে, প্রত্যেক নিমিত্ত জন্য স্বতন্ত্র স্বতন্ত্র অশৌচের উৎপত্তি হওয়াতে, সাক্ষাৎ সম্বন্ধে অশৌচেরই সাঙ্কর্য্য হয়, এ বিষয়ে শঙ্খের—"কোন একটি অশৌচের প্রথমার্দ্ধে তৎসমান আর একটি অশৌচ উৎপন্ন হইলে, প্রথম অশৌচের সহিতই দ্বিতীয়াশৌচের সমাপ্তি করিবে," এই বচনই প্রমাণ। এই হেতুই অর্থাৎ নিমিত্তের সাঙ্কর্য্যস্থলে প্রত্যেক নিমিত্ত হইতেই ভিন্ন ভিন্ন অশৌচের উৎপত্তি নিবন্ধন অশৌচের সাঙ্কর্য্য হয় বলিয়াই সমুদয় নিবন্ধকারগণই প্রকরণের পূর্ব্বে "অশৌচ সঙ্কর" এই কথাটির ব্যবহার করিয়া (এইরূপ হেডিং দিয়া) প্রকরণের আরম্ভ করিয়াছেন। তবে যে মনুর বচনে "অন্তর্দশাহে" (দশ দিনের মধ্যে), এই কথাটির দ্বারা বিশেষ করিয়া একটি কালের নির্দ্দেশ করা হইয়াছে, উহা দ্বারা প্রধানতঃ ইহাই সূচনা করা হইয়াছে যে, মরণাদিরূপ কোন একটি নিমিত্ত সঙ্ঘটনের পর, তজ্জন্য পূর্ণাশৌচের অধিকরণরূপে নির্দ্দিষ্ট দশাহাদি কালের মধ্যে সঙ্ঘটিত অপর একটি অশৌচনিমিত্ত জন্য আর একটি অশৌচের উৎপত্তি হইলেই উক্তরূপ অশৌচের সাঙ্কর্য্য হইবে। কিন্তু পূর্ব্বজাত অশৌচের নির্দ্দিষ্টকাল অতীত হইবার পর,

ত্বাশৌচস্বরূপযোগ্যনিমিত্তকালপৌর্ব্বাপর্য্যাদেবাশৌচব্যবহারার্থ-কেতি। ততশ্চ জননং, মরণঞ্চ, দশাহাদ্যশৌচং প্রতি স্বরূপ-সন্নিমিত্তং ফলোপধায়কঞ্চ তদবধারণম্।

পরনিমিত্তং পূর্ব্বেণৈব গচ্ছতি, পূর্ব্বনিমিত্তকালপরার্দ্ধে চেদযবৃদ্ধিমৎপরনিমিত্তং তদা স্বাবধি দশাহেন গচ্ছতি, সমানকেৎ পরনিমিত্তং তদা আ নবমাদ্দিবসাৎ পূর্ব্বেণৈব

অশুচিতার নিবৃত্তিহেতু স্নানাদি করিবার পূর্ব্বেও দ্বিতীয় নিমিত্তজন্য অশৌ-চান্তরের উৎপত্তি হইলে আর পূর্ব্বাশৌচের সহিত দ্বিতীয়াশৌচের সাঙ্কর্য্য হইবে না। ইহার পর এই কথাটিকে আরও পরিষ্কার করিয়া বুঝান হইবে। মনুর বচনে "অন্তর্দ্দশাহ" কথাটির ব্যবহার দ্বারা কেবল যে ইহাই জ্ঞাপন করা হইয়াছে, তাহা নহে, ইহা দ্বারা আরও জানান হইয়াছে যে, যদি কোন স্থলে একটি পূর্ব্বজাত পূর্ব্বাশৌচনিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে আর একটি তথাবিধ অশৌচনিমিত্তের সঙ্ঘটন হয়, কিন্তু পূর্ব্বসঙ্ঘটিত নিমিত্তটির জ্ঞান হইবার পূর্ব্বেই পরজাত নিমিত্তের জ্ঞান হয়, পরে পূর্ব্বজাত নিমিত্তেরও স্বজন্য অশৌচের নির্দ্দিষ্ট কালের মধ্যেই জ্ঞান হয়, এরূপ স্থলে নিমিত্তজ্ঞান দ্বারা উৎপাদিত অশৌচের পৌর্ব্বাপর্য্য গণনা না করিয়া, অশৌচের স্বরূপযোগ্য (যাহার সঙ্ঘটন মাত্রেই অশৌচের বিদ্যমানতাও সম্ভাবিত হয়, তথাবিধ) নিমিত্তদ্বয়ের সঙ্ঘটনেরই পৌর্ব্বাপর্য্য অনুসারে অশৌচের ব্যবহার করিতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে, যে পর্য্যন্ত অশৌচনিমিত্তের জ্ঞান না হয়, সেই পর্য্যন্ত ঐ নিমিত্ত জন্য অশৌচের ব্যবহারই হয় না; ইহা একটি সর্ব্ববাদিসম্মত ব্যবস্থা। এক্ষণে দেখ, কোন স্থলে পূর্ব্বসঙ্ঘটিত একটি অশৌচনিমিত্তের উৎপত্তি হইবার পর তজ্জন্য অশৌচের নির্দ্দিষ্ট কালের পূর্ব্বার্দ্ধের মধ্যে আর একটি অশৌচ-নিমিত্ত সঙ্ঘটিত হইয়াছে, কিন্তু পরে সঙ্ঘটিত নিমিত্তের প্রথমেই জ্ঞান হওয়ায় প্রথমেই সপিণ্ডগণের পরে সঙ্ঘটিত দ্বিতীয় নিমিত্তের সঙ্ঘটনের দিন হইতেই একটি পূর্ণাশৌচ হইল, অনন্তর উক্ত অশৌচ ভোগ করিবার মধ্যেই এমন সময় সপিণ্ডগণের আবার পূর্ব্বসঙ্ঘটিত নিমিত্তের জ্ঞানহইল, তৎকালে কিন্তু ঐ পূর্ব্বনিমিত্ত জন্য অশৌচের নির্দ্দিষ্ট কাল অতীত হয় নাই, কাজেই তখন আবার উঁহাদের পূর্ব্বনিমিত্ত সঙ্ঘটনের দিন হইতেই আর একটি পূর্ণাশৌচ জন্মাইল। এই উভয় অশৌচই নিজ নিজ নিমিত্তের সঙ্ঘটনদিন হইতেই

"অপি দাতৃগ্রহীত্রোশ্চ সূতকে সতি চান্তরা।
অবিজ্ঞাতে ন দোষঃ স্যাচ্ছ্রাদ্ধাদিষু কথঞ্চনেতি।
বিজ্ঞাতে ভোক্তুরেব স্যাৎ প্রায়শ্চিত্তাদিকং ক্রমা"দিতি
ব্রহ্মপুরাণাৎ।

গচ্ছতীত্যাদিকং বোধ্যম্, স্বরূপসন্নিমিত্তং স্বরূপযোগং সূতকে জননে মরণে চ। নমু "বিজ্ঞাতে ভোক্তুরেব স্যা"দিতি কথং সংগচ্ছতে? সূতকজ্ঞানে প্রাগ্বালেয়নজ্ঞবাৎ

উৎপন্নরূপে গণ্য হওয়ায় পরনিমিত্তজন্য অশৌচই পূর্ব্বনিমিত্তজন্য অশৌচ অপেক্ষা অধিকদিন স্থায়ী হইতেছে। আবার দেখ, পরনিমিত্তের প্রথমে জ্ঞান হইয়াছে বলিয়া, এ স্থলে পরনিমিত্তজন্য অশৌচকেই পূর্ব্বাশৌচরূপে ধরিতে হইবে, এবং পূর্ব্বনিমিত্ত জ্ঞানজন্য অশৌচকে পরাশৌচ বলিয়া ধরিতে হইবে। তাহ'লেই "এককালে সম্মিলিত অশৌচদ্বয়ের মধ্যে পূর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের শুদ্ধি হইবে" এই বিধান অনুসারে পরনিমিত্তজ্ঞানজন্য অশৌচের সহিতই পূর্ব্বাশৌচের দিন বর্দ্ধিত হওয়াই উচিত হয়; কিন্তু সেরূপ না হইয়া, এ স্থলে পরনির্মিত্ত জ্ঞানজন্য অশৌচ প্রথমে উৎপন্ন হইলেও এবং পূর্ব্বনিমিত্ত জ্ঞানজন্য অশৌচ পরে উৎপন্ন হইলেও, ঐ পূর্ব্বনিমিত্ত জ্ঞানজন্য অশৌচের সহিতই পরনিমিত্ত জ্ঞানজন্য অশৌচের শেষ হইবে, এই কথাই জানান হইয়াছে। অর্থাৎ মনুবচনে "পূর্ব্বজাত অশৌচনিমিত্তের দশাহাদি নির্দ্দিষ্ট কালের মধ্যে নিমিত্তান্তরের সঙ্ঘটন হইলে", এইরূপ বলাতে নিমিত্তোৎপত্তিরই পৌর্ব্বাপর্য্যানুসারে তজ্জন্য অশৌচেরও যে, শুদ্ধি হইবে, নিমিত্তজ্ঞান দ্বারা উৎপাদিত অশৌচের পৌর্ব্বাপর্য্য যে গণ্য নহে, ইহাই জানান হইয়াছে। অতএব ইহা স্থির হইল যে, মরণ বা জননকে দশাহাদিব্যাপী অশৌচের প্রতি স্বরূপযোগ্য নিমিত্তরূপে বুঝিতে হইবে, অর্থাৎ মরণ বা জননরূপ নিমিত্তের সঙ্ঘটন হইবামাত্রই দশাহাদি ব্যাপী অশৌচের সত্তা ও অব্যাবহারিকরূপে (Theoratically) বর্ত্তমানতা হয়, তবে ঐ সকল নিমিত্তের অবধারণ অর্থাৎ জ্ঞানের পরই সেই নিমিত্তের সংঘটন দিন হইতেই তজ্জন্য অশৌচরূপ ফল ব্যাবহারিকরূপে (Practically) প্রকাশ পায় মাত্র। অশৌচের ব্যাবহারিকরূপে প্রকাশ যে, নিমিত্তজ্ঞানের পর হইতেই হয়, তদ্বিষয়ে ব্রহ্ম-পুরাণের এই বচনটীই প্রমাণ। যথা—"যদি সূতক অর্থাৎ জনন বা মরণরূপ অশৌচনিমিত্ত অজ্ঞাত

যদা তু স্বীয়ম্‌ অশৌচং দাতা ন জানাতি, ভোক্তা তু জানাতি, তদা লোভাত্তুঞ্জানস্য ভোক্তুঃ প্রায়শ্চিত্তম্‌, অশৌচন্তু দাতৃতুল্যম্‌, তচ্চ ক্রমাদশৌচোত্তরকালং কর্ত্তব্যমিত্যর্থঃ ॥ ২৫ ।

এবঞ্চ "শ্রুত্বা দেশান্তরস্থে জননমরণে অশৌচশেষেণ শুধ্যেতী"তি বিষ্ণুবচনে অশৌচশেষেণেত্যস্য "শৌচযোগ্যাহঃশেষেণে"তি

ইত্যত্রাহ "যদা ত্বি"তি। ক্রমাদিত্যস্যার্থমাহাশৌচোত্তরকালমিতি, তথাচাদৌ দাতৃতুল্যমশৌচম্‌ অশৌচোত্তরকালঞ্চ প্রায়শ্চিত্তমিতি ক্রমাদিত্যর্থঃ ॥ ২৫ ॥

ননু নিমিত্তাবধারণস্যৈব ফলোপধায়কত্বাৎ স্বরূপসন্নিমিত্তস্যাশৌচানুপধায়কত্বে বিষ্ণুবচনে "অশৌচশেষেণে"তি কথং সংগচ্ছতাম্‌? অত আহ "এবঞ্চে"তি। জননমরণাবধারণ-

---

থাকে, সেই অবস্থায় (ঐ নিমিত্ত জন্য অশৌচের প্রবৃত্তি না হওয়ায়) ঐ অশৌচের নির্দ্দিষ্ট কালের মধ্যে নিমিত্তাজ্ঞানী কর্ত্তৃক কৃত শ্রাদ্ধাদি কার্য্যে দানকারীর (শ্রাদ্ধকর্ত্তার) বা ভোজনকারীর (ব্রাহ্মণের) কোন দোষ হইবে না, কিন্তু ভোক্তা যদি শ্রাদ্ধকারীর অশৌচ-নিমিত্তের সঙ্ঘটন হইয়াছে জানিয়াও ঐ শ্রাদ্ধে ভোজন করে, তাহা হইলে কেবল তাহারই শ্রাদ্ধকারীর তুল্য অশৌচ হইবে, এবং ঐ অশৌচের অন্তে প্রায়শ্চিত্ত করিতে হইবে।" এই বচনটীর রঘুনন্দন এইরূপ তাৎপর্য্যার্থ বিবৃত করিয়াছেন—"যে স্থলে শ্রাদ্ধকর্ত্তা আপনার অশৌচ জানিতে পারে নাই, কিন্তু ভোক্তা তাহা জানিতে পারিয়াও লোভবশতঃ ঐ শ্রাদ্ধে ভোজন করিয়াছে, সে স্থলে ভোক্তার প্রায়শ্চিত্ত করিতে হইবে, এবং শ্রাদ্ধকর্ত্তার তুল্য অশৌচ হইবে। কিন্তু ঐ প্রায়শ্চিত্ত, ক্রমে অর্থাৎ অশৌচের পরেই কর্ত্তব্য। ২৫।

যখন এইরূপ স্থির হইল, নিমিত্তের জ্ঞানের পরই অশৌচের কার্য্যকারিতা উৎপন্ন হয় অর্থাৎ সেই সময় হইতেই প্রকৃত প্রস্তাবে অশৌচের প্রবৃত্তি হয়, তখন "বিদেশসঙ্ঘটিত জনন-মরণরূপ অশৌচনিমিত্তের সঙ্ঘটন শুনিয়া ঐ শ্রবণদিনের পর হইতে অশৌচের যে টুকু শেষ (বাকী) থাকিবে, তাহার সহিতেই শুদ্ধিলাভ করিবে।" এই বিষ্ণুবচনে "অশৌচশেষ" কথাটি আছে, উহার অর্থ, প্রকৃতপ্রস্তাবে প্রবৃত্ত অশৌচের বাকী কয়দিন মাত্র। ইহার তাৎপর্য্য এই যে, কেহ আশঙ্কা করিয়াছিল, যদি নিমিত্ত সঙ্ঘটনের দিন হইতে প্রকৃতপ্রস্তাবে অশৌচের প্রবৃত্তি না হইয়া নিমিত্তের শ্রবণদিন হইতেই প্রকৃতপ্রস্তাবে অশৌচের

অর্থাদ্বিদেশস্থাশৌচস্য জাতনিমিত্তকত্বাৎ স্বরূপযোগ্যত্বম্, অন্যথা 'অশৌচশেষেণে"ত্যনুপপন্নং স্যাৎ, শ্রুত্বেত্যুপাদানেন চ তৎকাল-মধ্যে শ্রবণাৎ ফলোপধানং, ততশ্চ পূর্ব্বনিমিত্তকালে নিমিত্তা-ন্তরপাতে স্বরূপসংসাঙ্কর্য্যং বৃত্তং, পূর্ব্বনিমিত্তকালাভ্যন্তরে

স্যাশৌচরূপফলোপধায়কত্বে চেত্যর্থঃ। "অশৌচযোগ্যত্বে" অশৌচস্বরূপযোগ্যত্ব ইত্যর্থঃ। জাতনিমিত্তকত্বাৎ উৎপন্নজননাদিরূপনিমিত্তকত্বাৎ, অন্যথা যোগ্যতাবিবক্ষণে, "অনুপপন্ন"-মিতি। তথাহি নিমিত্তনিশ্চয়াভাবাৎ অশৌচস্য পূর্ব্বানুৎপন্নত্বেন তচ্ছেষানুপপত্তেরিতি

প্রবৃত্তি হয়, তবে বিষ্ণুর উল্লিখিত বচনস্থিত "অশৌচশেষ" এই কথাটির সঙ্গতি হয় কি প্রকারে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন যে, বিষ্ণুর বচনে স্থিত "অশৌচশেষ" কথাটির অর্থ কার্য্যকারিরূপে প্রবৃত্ত অশৌচের শেষ দিন নহে, কিন্তু নিমিত্তের সঙ্ঘটনদিন হইতে স্বরূপযোগ্যরূপে যে অশৌচ প্রবৃত্ত হইয়াছিল, তাহারই বাকী কয়দিন। অর্থাৎ বিদেশস্থ মরণাদি জন্য অশৌচের মরণাদিরূপে নিমিত্তের সঙ্ঘটন হওয়াতেই স্বরূপযোগ্যতা (অকার্য্যকারিভাবে সত্তা) যে বিদ্যমান হয়, উক্ত বিষ্ণুবচন দ্বারা তাহাই প্রতিপন্ন হইতেছে; তবে, অশৌচবিষয়ে জ্ঞান না হওয়ায় অশৌচের কার্য্য হয় না, এই মাত্র। অন্যথা, (যদি এরূপ বলা না হয়, অর্থাৎ যদি নিমিত্ত সংঘটনের সংঘটনকাল হইতে অশৌচের স্বরূপযোগ্যতা স্বীকার না করা যায়, তাহা হইলে) ঐ বিষ্ণুর বচনে যে বলা হইয়াছে, "অশৌচের যতটুকু শেষ থাকিবে" এইরূপ বলা অসঙ্গত হয়। অর্থাৎ শ্রবণাদি জন্য জ্ঞানের পূর্ব্বে যদি ঐ অশৌচের কোনরূপে সত্তা না থাকিত, শ্রবণ হইতেই অশৌচের সর্ব্বপ্রকারে সত্তা হইত, তাহা হইলে শ্রবণদিন হইতে "অশৌচের যতটুকু মাত্র অবশিষ্ট থাকিবে" এরূপ বলা কোন প্রকারেই সঙ্গত হইত না। পূর্ব্ব হইতে যাহার সত্তা ঘটিয়াছে (পূর্ব্ব হইতে যাহা চলিয়া আসিতেছে), তাহারই শেষ হইতে যতটুকু বাকী আছে, এইরূপ বলাই সঙ্গত, কিন্তু তৎকাল হইতেই যাহার আরম্ভ হয়, তাহার শেষ হইতে যতটুকু বাকী আছে, এইরূপ বলা কোনও রূপেই সঙ্গত হয় না। এবং উক্ত বিষ্ণুবচনে "শ্রুত্বা" (শুনিয়া), এই অসমাপিকা ক্রিয়াপদের ব্যবহার দ্বারা জনন-মরণরূপ নিমিত্তকালের মধ্যেই শ্রবণে যে, অশৌচরূপ ফলের উৎপত্তি হইবে, ইহাই বুঝাইতেছে। অতএব নিমিত্তকালমধ্যে শ্রবণই কার্য্যকারী অশৌচের উৎপাদক হয় বলিয়াই নিমিত্তের জ্ঞান ব্যতীতও প্রথম সংঘটিত

উভয়শ্রবণে সাঙ্কর্য্যস্য ফলোপধানম্‌; ন তু পূর্ব্বনিমিত্ত-কালোত্তরশ্রবণেঽপি ॥ ২৬ ॥

কিন্তু শ্রুতপূর্ব্বনিমিত্তকালে সমানং লঘু বা নিমিত্তং জাতং, পূর্ব্বনিমিত্তকালাদুপরি স্বকালে শ্রুতমশৌচং জনয়ত্যেব। অত এবম্ভূতবিষয়ে "যত্তদবধ্যশৌচাচরণং তদ্-

ভাবঃ। ইদানীং স্বমতমুপসংহরতি "তত্রশ্চেতি"। স্বরূপসদিতি অশৌচহ্রাসাদিস্বরূপ-যোগাং, ন তু তদুপধায়কমিত্যর্থঃ। সাঙ্কর্য্যস্য কার্য্যমিতি অশৌচহ্রাসাদীত্যর্থঃ। "শ্রবণেঽপী"তি ন তু সাঙ্কর্য্যস্য কার্য্যমিত্যন্বয়ঃ ॥ ২৬ ॥

স্বকালে পরনিমিত্তকালে। এবম্ভূতবিষয়ে ইতি পূর্ব্বনিমিত্তকালাভ্যন্তরে জাতস্য নিমিত্তান্তরস্য পূর্ব্বনিমিত্তকালাদুপরি স্বকালমধ্যে শ্রবণবিষয়ে ইত্যর্থঃ। তদবধি

নিমিত্তকালের মধ্যে অপর একটী নিমিত্তের সংঘটন হইলে, ঐ উভয় নিমিত্ত জন্য অশৌচদ্বয়ের স্বরূপসংসাঙ্কর্য্য অর্থাৎ অপ্রকাশ্যরূপে বিদ্যমান হইয়া সম্মিলন সংঘটিত হয়, অর্থাৎ একটি নিমিত্তকালের মধ্যে আর একটি নিমিত্তের সংঘটন হইলে পূর্ব্বনিমিত্তজন্য অশৌচ অপ্রকশ্যভাবে উৎপন্ন হইয়া, তথাবিধ অপ্রকাশ্যভাবে উৎপন্ন পরনিমিত্তজন্য অশৌচের হ্রাসরূপ কার্য্যে সমর্থ হয়, তবে পূর্ব্বনিমিত্তকালের মধ্যে ঐ উভয়ের শ্রবণ ঘটিলে পূর্ব্বোৎপন্ন সাঙ্কর্য্য ফলোপধায়ক হয়, অর্থাৎ পরাশৌচের হ্রাসরূপ কার্য্যের প্রকাশক হয় মাত্র, কিন্তু পূর্ব্বনিমিত্তকাল অতীত হইবার পর শ্রবণ ঘটিলে উহার সহিত পরনিমিত্ত শ্রবণজন্য অশৌচের সাঙ্কর্য্য আর ফলোপধায়ক (কার্য্যকারী) হয় না। কাজেই সে স্থলে পরনিমিত্তজন্য অশৌচকেই সম্পূর্ণরূপে ভোগ করিতে হয়॥ ২৬ ॥

আর একটী কথা, যেস্থলে পূর্ব্বসংঘটিত নিমিত্ত স্বকীয় নির্দ্দিষ্টকালের মধ্যে শ্রবণগোচর হয় নাই, অথচ ঐ পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্টকালের মধ্যে পূর্ব্বনিমিত্ত অশৌচের সমান বা তদপেক্ষা লঘু অশৌচের জনক আর একটি নিমিত্ত উৎপন্ন হইয়া, পূর্ব্বনিমিত্তকাল অতীত হইবার পর অথচ স্বকীয়কালের মধ্যে শ্রুত হইয়াছে, এরূপ স্থলে ঐ দ্বিতীয় নিমিত্তই যে স্বজন্য অশৌচের উৎপাদন করিবে, তাহাতে কোন সংশয় নাই। অতএব নিমিত্তসাঙ্কর্য্যবাদীরা যে, এইরূপ স্থলে দ্বিতীয়নিমিত্ত-শ্রবণদিন হইতে তজ্জন্য অশৌচের গ্রহণ ও তদনুসারে কার্য্য করাকে ভ্রান্তির কার্য্য বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন, তাঁহাদের ঐরূপ কথনই যে ভ্রান্তিমূলক ইহাই প্রতিপন্ন হইতেছে। যদি পূর্ব্বজাত নিমিত্তের

ভ্রান্ত্যৈবে”তি যদ্বিমৃষ্টং, তন্ন সুন্দরং, তথাহে তু পূর্ব্বা-
শৌচকালোত্তরং যত্তদ্দিনে পিণ্ডদানবৃষোৎসর্গাদি কৃতং,
পরকালে পূর্ব্বজাতসঙ্করজ্ঞানেন তস্যাযথাকালকৃতত্বাৎ কস্যচিৎ
পুনঃকরণপ্রসঙ্গঃ, কস্যচিদ্বৈফল্যাৎ, তৎকালীনসন্ধ্যাদ্যাকরণ-

পরনিমিত্তকালাবধি। তথাহে ইতি তাদৃশস্থলে অশৌচাচরণস্য ভ্রান্তিকৃতত্বে ইত্যর্থঃ। যদ্বা তথাহে অজ্ঞাতেনাপি নিমিত্তস্য শৌচস্য সাঙ্কর্য্যাদায়কত্বে। তদ্দিনে ইতি যস্য যঃ সময়ঃ তস্মিন্, প্রকৃতে চ পরনিমিত্তবশে দ্বাদশাহাদৌ অশৌচান্ত-দ্বিতীয়দিনে ইত্যর্থঃ। পরকালে পিণ্ডদানবৃষোৎসর্গাদিকরণোত্তরকালে। অযথা-কালে ইতি যথানির্দ্দিষ্টকালান্যকালে ইত্যর্থঃ। তথাহি কশ্চিৎ কালঃ স্বরূপনির্ব্বা-হকঃ, যথা একাদশাহাদেরশৌচান্তদ্বিতীয়দিনাদিঃ, কশ্চিচ্চ ফলোপকারকঃ যথৈকো-দ্দিষ্টাদৌ কুতপাদিঃ। কস্যচিদিতি আদ্যৈকোদ্দিষ্টাদেরিত্যর্থঃ। পুনঃকরণেতি প্রকৃতে স্বাবধ্যেকাদশাহাদৌ যৎকৃতং, তৎ অযথাকালকৃতত্বাৎ অকৃততুল্যম্। এবঞ্চ সতি “যস্যৈতানি ন দীয়ন্তে প্রেতশ্রাদ্ধানি ষোড়শ। পিশাচত্বং ধ্রুবং তস্য দত্তৈঃ শ্রাদ্ধশতৈরপি” ইত্যাদিবচনাৎ পুনঃ করণপ্রসঙ্গ ইতি ভাবঃ। কস্যচিৎ বৈফল্যমিতি বিলক্ষণশব্দাদানাদে-

স্বকীয় সময়ের মধ্যে অজ্ঞান থাকিলেও ঐ সময়মধ্যে সঙ্ঘটিত পরনিমিত্তের উক্তরূপ অজ্ঞাত পূর্ব্বনিমিত্তের সময় অতীত হইবার পর এবং স্বকীয় সময়ের মধ্যে জ্ঞান হইলে তথাবিধ পরনিমিত্তের সঙ্ঘটনদিন হইতে তজ্জন্য পূর্ণাশৌচ গ্রহণ করা ভ্রান্তির কার্য্য হয়, তাহলে বিবেচনা কর, কোন ব্যক্তি নির্দ্দিষ্টকালের মধ্যে পূর্ব্বসংঘটিত নিমিত্তের জ্ঞান না হওয়ায় তজ্জন্য অশৌচেরও গ্রহণ করে নাই, কিন্তু ঐ পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত দ্বিতীয় নিমিত্তেরও যথাকালে শ্রবণ এবং তজ্জন্য যথাশাস্ত্র পূর্ণাশৌচ গ্রহণপূর্ব্বক ঐ দ্বিতীয় নিমিত্ত-জন্য অশৌচান্তের পরদিনে দ্বিতীয় মৃতের উদ্দেশে পিণ্ডদান এবং বৃষোৎসর্গাদির অনুষ্ঠান করিবার পর জানিতে পারিল যে, সেই পরজাত নিমিত্তের, পূর্ব্বজাত আর একটি নিমিত্তের সঙ্গে সঙ্কর হইয়াছিল, এইরূপ স্থলেও ত তোমার মতে ঐ ব্যক্তির পক্ষে সময়ের মধ্যে পূর্ব্বনিমিত্তের সম্পূর্ণ অজ্ঞান সত্ত্বেও পূর্ব্বনিমিত্তের সঙ্ঘটনদিন হইতেই একটিমাত্র অশৌচ হইয়া, সেই পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কালের সহিতই শেষ হইয়াছে, পরনিমিত্তটি স্বকীয় কালের মধ্যে জ্ঞাত হইয়াও আর স্বতন্ত্র অশৌচের উৎপাদক হয় নাই, সুতরাং সে ব্যক্তি কেবলমাত্র পরনিমিত্তেরই যথাকালে শ্রবণ করিয়া তজ্জন্য অশৌচ গ্রহণপূর্ব্বক

নিমিত্তপ্রায়শ্চিত্তপ্রসঙ্গশ্চ স্যাৎ। দেশান্তরীয়াশৌচনিমিত্তান্তর-শঙ্কয়া বহুবিত্তব্যয়ায়াসসাধ্যবৃষোৎসর্গাদ্যনুষ্ঠানঞ্চ ন স্যাৎ। তস্মাদবিজ্ঞাতে ন দোষঃ স্যাদিত্যবিশেষাৎ সঙ্করেঽপি

বৈকল্যমিত্যর্থঃ। সন্ধ্যাদ্যকরণেতি তথাচোক্তম্ "অধিকৃতাকরণে হি প্রত্যবায়" ইতি। সঙ্করেঽপীতি তথাচ নিমিত্তনিশ্চয়ং বিনা নাশৌচ, তথা নিমিত্তনিশ্চয়ং বিনা সাঙ্কর্য্যমপি

অশৌচান্ত দ্বিতীয় দিনে যে, দ্বিতীয় মৃতের উদ্দেশে পিণ্ডদান এবং বৃষোৎসর্গাদির অনুষ্ঠান করিয়াছিল; ঐ সকল কার্য্য অযথাকালে অনুষ্ঠিত হওয়ায় উঁহাদের মধ্যে যে সকল কর্ম্মের শাস্ত্রমতে পুনরনুষ্ঠান হইতে পারে, তাহাদের পুনরনুষ্ঠান আবশ্যক হইয়া পড়িল, এবং কতকগুলি কর্ম্মের অনুষ্ঠান একেবারেই পণ্ড (ব্যর্থ) হইয়া গেল। ইহার তাৎপর্য্য এই যে, পিণ্ডদান এবং বৃষোৎসর্গাদি কার্য্য অশৌচান্তের পরদিনই কর্ত্তব্য। এক্ষণে দেখ, উক্ত স্থলে দ্বিতীয় নিমিত্তের যথাকালে জ্ঞান হইলেও, তোমার মতে তজ্জন্য কোন প্রকার অশৌচ আদৌ হইবে না, যে একটি মাত্র অশৌচ হইবার কথা তাহাত পূর্ব্বনিমিত্তের নির্দ্দিষ্ট কালের সহিতই শেষ হইয়া যাইবে, সুতরাং তাহার পরদিনই দ্বিতীয় মৃতেরও পিণ্ডদানাদি কর্ত্তব্য হইয়াছিল, সে সময় না করিয়া দ্বিতীয় নিমিত্ত শ্রবণজন্য মিথ্যাকল্পিত অশৌচ শেষ হইবার পরদিন ঐ সকল কার্য্যের অনুষ্ঠান করাতে, অযথাকালেই উঁহাদের অনুষ্ঠান করা হইল, বলিতে হইবে। শুধু ইহাই নহে, উক্ত স্থলে প্রথম নিমিত্তের নির্দ্দিষ্ট কালের শেষ হইবার পর হইতে দ্বিতীয় নিমিত্তের কাল শেষ হওয়া পর্য্যন্ত অশৌচ ভ্রমে সন্ধ্যাবন্দনাদির যে বাদ করা হইয়াছিল, তজ্জন্য পাপের প্রায়শ্চিত্ত করাও অপরিহার্য্য হইয়া পড়িল। অতএব দেখ কোন ব্যক্তির স্বদেশে মৃত্যু হওয়ার প্রথম দিন হইতেই মৃত্যুর জ্ঞান নিবন্ধন ঐ দিন হইতেই পূর্ণাশৌচ ভোগ করিয়া, অশৌচান্ত দ্বিতীয় দিনে বৃষোৎসর্গাদি করিবার সময় কর্ত্তার মনে আশঙ্কা হইল, এই নিমিত্তটি যদি বিদেশে সঙ্ঘটিত, সুতরাং তৎকাল পর্য্যন্ত অজ্ঞাত, সপিণ্ডমৃত্যুরূপ অপর একটি নিমিত্তের নির্দ্দিষ্ট কালের মধ্যে সঙ্ঘটিত হইয়া থাকে, তাহা হইলে এত ব্যয় ও আয়াস সহকারে বৃষোৎসর্গাদির অনুষ্ঠান করিবার পর সেই বিদেশসঙ্ঘটিত পূর্ব্বনিমিত্তের জ্ঞান হইলে, এই দ্বিতীয় নিমিত্ত জ্ঞানের পর গৃহীত অশৌচের, সম্পূর্ণরূপে বাধই হইবে। সুতরাং

প্রসজ্যতীতি অতএব “অঘানাং যৌগপদ্যে তু জ্ঞেয়া শুদ্ধি-র্গরীয়সা” ইত্যত্র লক্ষণাং বিনাপি সঙ্গতিরিতি।

নেত্যর্থঃ। লক্ষণামিতি তথাচ অঘান মিত্যত্রাঘপদস্যাশৌচস্বরূপযোগ্যকালে লক্ষণাং বিনেত্যর্থঃ। অন্যথেতি অশৌচে সাঙ্কর্য্যাস্বীকারে ইত্যর্থঃ। অনধ্যবসায়ঃ

এই অশৌচান্তর্ব্বিধীন দিনে কৃত তথা বহু ব্যয় ও আয়াসসাধ্য বৃষোৎসর্গাদিও একেবারেই পণ্ড হইয়া যাইবে; দূর হউক আর বৃষোৎসর্গাদির অনুষ্ঠান আদৌ করিবার আর প্রয়োজন নাই, এইরূপ আশঙ্কায় ঐ সকল কার্য্যে লোকের একেবারেই প্রবৃত্তি না হইতে পারে। এই সকল বিষয় চিন্তা করিলে, সঙ্কর স্থলের প্রত্যেক নিমিত্তই যে, নিজ নিজ সঙ্ঘটনের দিন হইতেই এক একটী স্বতন্ত্র অশৌচের স্বরূপযোগ্যতাসম্পাদক হয় এবং নিজ নিজ নির্দ্দিষ্ট কালের মধ্যে জ্ঞাত হইয়াই স্ব স্ব অশৌচকে কার্য্যকারিভাবে প্রবর্ত্তিত করে, কিন্তু আপনাদের নির্দ্দিষ্ট কাল অতীত হইবার পর জ্ঞাত হইয়া, আর কোনরূপ অশৌ-চেরই উৎপাদক হয় না। এইরূপ ব্যবস্থা করাই যুক্তিসঙ্গত বলিয়া প্রতীত হইতেছে; কেননা এইরূপ ব্যবস্থা করিলে আর পূর্ব্বোক্তরূপে ক্রিয়ালোপের সম্ভাবনা করা যায় না। অতএব পূর্ব্বোল্লিখিত ব্রহ্মপুরাণের “অশৌচের নিমিত্ত স্বকীয় সময়ের মধ্যে অজ্ঞাত হইলে, পরে আর তাহার জ্ঞানজন্য অশৌচ হইবে না” বচনে “অশৌচ” এই কথাটী অবিশেষভাবে, (সাধারণরূপে) ব্যবহৃত হওয়ায় উহা সর্ব্বপ্রকার অশৌচেরই বোধক হইতেছে; সুতরাং নিমিত্তের সঙ্কর-স্থলেও যে, ঐ বচনানুসারে অশৌচের প্রবৃত্তি হইবে, ইহাও বুঝাইতেছে. অতএব উল্লিখিত স্থলেও স্বকীয় নির্দ্দিষ্ট দিন অতীত হইবার পূর্ব্বজাত নিমিত্তের জ্ঞান হইলে, তজ্জন্য অশৌচ না হওয়াতেই অশৌচান্তরের যে, আর সাঙ্কর্য্য হইবে না, ইহাই বুঝিতে হইবে। এইহেতুই অর্থাৎ পূর্ব্বোক্ত বিচার দ্বারা একাধিক নিমিত্তের এককালে সঙ্ঘটনে ঐ নিমিত্তজন্য অশৌচেরও সাঙ্কর্য্য সিদ্ধ হইল বলিয়াই নিমিত্তবাদিগণ স্বমতের পোষণার্থ “এককালে বহু অশৌচের সঙ্ঘটন হইলে, গুরু অশৌচের সহিতই লঘু অশৌচের শুদ্ধি হইবে।” এই বচনস্থিত অশৌচবাচক ‘অঘ’ পদটীর অশৌচরূপ মুখ্য অর্থ ত্যাগ করিয়া, অশৌচের স্বরূপযোগ্যতাসম্পাদক নিমিত্তরূপ লাক্ষণিক অর্থ অবলম্বনপূর্ব্বক যে, বচনের অর্থ সংলগ্ন করিয়াছিলেন, কিন্তু এক্ষণে অশৌচের সাঙ্কর্য্য সিদ্ধ হওয়ায়, উক্ত-

এবং শবানুগমনপ্রযুক্তাশৌচয়োঃ, শূদ্রদহনাদি ব্রাহ্মণপিতৃমরণজন্যাশৌচয়োরশুচ্যন্নভোজনজাশৌচয়োর্দশাহাদ্যুপরি সংবৎসরাভ্যন্তরে মরণশ্রবণজন্যাশৌচয়োরপি সাঙ্কর্য্যাৎ সংগচ্ছতে। অন্যথা তত্র অনধ্যবসায়ঃ স্যাৎ, অতএব বাচস্পতিমিশ্রেণ "প্রথমজাতমাশৌচমন্তেষু পরনিমিত্তং জাতমপি যেন কদাচ জাতং তস্য ন সঙ্করঃ, দ্বিতীয়স্য সংসৃষ্টি তত্র প্রবৃত্তং। তস্য ক্রমা-

স্যাদিতি "অন্তর্দ্দশাহে স্যাতাঞ্চেৎ পুনর্মরণজন্মনী" তদেনেন অনয়োরেব নিমিত্তত্বাভাবাৎ অন্যমতসিদ্ধস্যাশৌচসঙ্করস্য ভবন্মতেঽভাবাদিতি ভাবঃ। দ্বিতীয়স্য নিমিত্তস্য। তৎপূর্ব্বাশৌচকালমধ্যে পরনিমিত্তস্যাপাতাৎ প্রক্রমম্। পঞ্চশাস্ত্রদানীম্ অশৌচা-

রূপ লাক্ষণিক অর্থের অনুসরণ ব্যতিরেকেও সাক্ষাৎ জ অশৌচরূপ মুখ্য অর্থের গ্রহণ করিলেও বচনের অর্থ সংলগ্ন হইল। আরও দেখ, পূর্ব্বোক্ত "অন্তর্দশাহে" (দশ দিনের মধ্যে) ইত্যাদি মনুবচনদ্বারা নিমিত্তের সাঙ্কর্য্য স্থলে যে কোন নিমিত্তজন্য অশৌচেরই সাঙ্কর্য্য হয়, এইরূপ অর্থের প্রতীতি হইতেছে বলিয়াই পূর্ব্বজাত একটী শবানুগমনরূপ নিমিত্তজন্য অশৌচের মধ্যে সঙ্ঘটিত আর একটি শবানুগমন নিমিত্তজন্য অশৌচের, শূদ্রদহনাদিরূপ নিমিত্তজন্য অশৌচের মধ্যে সঙ্ঘটিত ব্রাহ্মণপিতৃমরণনিমিত্ত জন্য অশৌচের, একটী অশুচি ব্যক্তির অন্নভোজনরূপ নিমিত্তজন্য অশৌচের মধ্যে সংঘটিত অপর একজন অশুচি ব্যক্তির অন্নভোজনরূপ নিমিত্তজন্য অশৌচের এবং বর্ণভেদে সপিণ্ডদ্বয়ের মৃত্যুজন্য দশাহাদিব্যাপী পূর্ণাশৌচের কাল অতীত হইবার পর, একবৎসরের মধ্যে উহাদের মধ্যে একজনের মৃত্যুশ্রবণজন্য অশৌচের মধ্যে আর একজনের মৃত্যুশ্রবণজন্য অশৌচেরও যে সাঙ্কর্য্য হয়, অর্থাৎ ঐ সকল অশৌচও পরস্পরের মধ্যে লঘুত্ব বা গুরুত্ব ধর্ম্ম অনুসারে হ্রাস বা বৃদ্ধির কারণ হয়, বলা হইয়াছে, সে কথাও সঙ্গত হইল। অন্যথা (এরূপ না বলিলে, অর্থাৎ মনুবচন দ্বারা নিমিত্ত জন্য অশৌচের সাঙ্কর্য্যই বিবক্ষিত হইয়াছে, এ কথা না বলিলে), একাধিক শবানুগমনাদিরূপ অশৌচনিমিত্তের যুগপৎ সঙ্ঘটন হইলে, কি নিয়মে কার্য্য করিতে হইবে, তাহার কোন স্থিরতা হয় না। কারণ, নিমিত্তের সাঙ্কর্য্যবাদিগণ মনুবচনের যেরূপ ব্যাখ্যা করেন, তাহাতে জন্ম ও মরণরূপ নিমিত্ত ভিন্ন অপর নিমিত্তের যে সাঙ্কর্য্য হইবে এরূপ অর্থের বোধই

প্রকৃতমশৌচদ্বয়”মিত্যুক্তম্ । জননমরণনিমিত্তাবধারণন্তু ভ্রমপ্রমা-সাধারণং ছন্দোগপরিশিষ্টে মৃতভ্রান্ত্যা কৃতে পর্ণনরদাহে পশ্চাদাগতস্য শান্ত্যভিধানাৎ । যথা,—

“এবং কৃতে মৃতভ্রান্ত্যা যদ্যাগচ্ছেৎ পুমান্ কচিৎ ।
কুর্য্যাদায়ুষ্মতীমিষ্টিং পুনরাধায় পাবকম্ ॥”

জনকস্য, তস্য পূর্ব্বাশৌচোত্তরং পরনিমিত্তস্য জ্ঞাতুঃ পুরুষস্য জননমরণনিমিত্তাব-ধারণং—জাত এব মৃত এবেতি নিশ্চয়বিশেষঃ, অবধারণত্বাখ্যো বিষয়িতাবিশেষঃ, এব-কারোল্লিখিতনিশ্চয়বৃত্তিঃ । স চ যথা নিষ্কম্পাপ্রবৃত্তিজনকে ইষ্টসাধনতানিশ্চয়ে স্বীক্রি-য়তে তথাত্রাপি । যাগাদৌ প্রবৃত্তির্নিষ্কম্পা কৃষ্যাদৌ তু সকম্পা । নিষ্কম্পাত্বং সকম্পা-

হয় না। সুতরাং ঐ সকল নিমিত্তের সাঙ্কর্য্য স্থলে কি নিয়মে শুদ্ধি হইবে, তাহাও ঠিক করা যায় না। এই জন্যই বাচস্পতিমিশ্র বলিয়াছেন, “কোনও একটী প্রথমজাত অশৌচের অবস্থিতিকালে অপর অশৌচের নিমিত্ত সংঘটিত হইলেও, যদি কোনও ব্যক্তি তৎকালে (প্রথমাশৌচকাল মধ্যে) ঐ দ্বিতীয় নিমিত্তের শ্রবণ না করে, তাহা হইলে তাহার আর অশৌচ-সঙ্কর হইবে না। কেননা, দ্বিতীয় অশৌচের অশ্রবণ হেতু ঐ ব্যক্তির পক্ষে উহাকে পশু অর্থাৎ একেবারে হয় নাই, বলিয়াই বোধ করিতে হইবে। সুতরাং তাহার যথাক্রমে নিমিত্ত শ্রবণে প্রবৃত্ত দুইটী অশৌচই হইবে।” পূর্ব্বে যে জনন বা মরণের নিমিত্তের অবধারণক অশৌচের প্রতি কারণ বলিয়া নির্দ্দিষ্ট করা হইয়াছে, ঐ অব-ধারণকে ভ্রমপ্রমা সাধারণরূপে বুঝিতে হইবে অর্থাৎ, প্রকৃত জননমরণের নিমিত্ত অবধারণে অশৌচ ত হইবেই, যদি কোন ব্যক্তি অপ্রকৃত (অসংঘটিত) জননমরণের নিমিত্ত ভ্রমবশতঃ অবধারণা করিয়া অশৌচ গ্রহণ করে, তাহলেও ঐরূপ অশৌচে সন্ধ্যাদি বর্জনে কোনও দোষ হইবে না। কারণ, ছন্দোগ-পরিশিষ্টে, কোনও ব্যক্তি বিদেশে মরিয়াছে, এইরূপ মিথ্যা সংবাদ শ্রবণানন্তর তাহার পর্ণনর (কুশপুত্তল) দাহ হইবার পর যদি ঐ ব্যক্তি দেশে আগমন করে, তাহা হইলে তন্নিমিত্ত শান্তি করিবার কথাই বলা হইয়াছে। ছন্দোগ পরি-শিষ্টে বচনটী যথা, “এরূপ করা হইলে পর, অর্থাৎ মৃত হইয়াছে এই ভ্রমে কোন ব্যক্তির পর্ণনর দাহ করিবার পর যদি ঐ মৃত ব্যক্তি দেশে প্রত্যাগমন

এতচ্চ সাগ্নেঃ, নিরগ্নেস্তু সামান্যস্বস্ত্যয়নং হরিপূজাদিকম্; অতএব বিষ্ণুপুরাণীয়ে স্যমন্তকোপাখ্যানে গদ্যম্,—“তস্য জীবতঃ কথমেতাবন্তি দিনানি শত্রুক্ষয়ে ব্যাক্ষেপো ভবতীতি কৃতাধ্যবসায়া দ্বারকামাগত্য ‘হতঃ কৃষ্ণ’ ইতি কথয়ামাসুঃ, তদ্বান্ধবাশ্চ তৎকালোচিতমখিলমুপরতক্রিয়াকলাপং চক্রুস্তত্র চাস্য যুধ্যমানস্যাতিশ্রদ্ধয়া দত্তবিশিষ্টপাত্রোপযুক্তান্নতোয়াদিনা। কৃষ্ণস্য বলপ্রাণপুষ্টিরভূদি”তি। এবং স্বরূপযোগ্যতামাদায়ৈব “অথ চেদ্দশরাত্রাঃ সন্নিপতেয়ুরাদ্যং দশরাত্রমানবমাদ্দিবসাদি”তি

যদি এইরূপ হইল, তাহা হইলে অশৌচকালে ভোজন করিবার সময় ভোজনাঙ্গ শুদ্ধির কারণীভূত 'প্রাণায় স্বাহা' ইত্যাদি মন্ত্রদ্বারা পঞ্চ অন্নাহুতিও কর্ত্তব্য। আরও একটী কথা এই যে, কর্ম্ম অনুষ্ঠান করিতে করিতে ঐ অনুষ্ঠানের মধ্যে যদি কেহ অশুচি হয়, তাহা হইলে ঐ নৈমিত্তিক অর্থাৎ আগন্তুক অশুদ্ধির নিবারণার্থ স্নানাদি অপরিহার্য্য হওয়ায়, উহারা কর্ম্মানুষ্ঠানের মধ্যেই অবশ্য কর্ত্তব্য, কিন্তু সেজন্য পূর্ব্বারব্ধ কর্ম্মের উচ্ছেদ হইবে না, অর্থাৎ ঐরূপ অশুদ্ধি নিবারণার্থ স্নানের পর, ঐ পূর্ব্বারব্ধ কর্ম্মের আরম্ভ হইতে আর পুনর্ব্বার অনুষ্ঠান করিতে হইবে না, কিন্তু যে পর্য্যন্ত অনুষ্ঠিত হইয়াছিল, তাহার পর হইতেই অনুষ্ঠান করিলে চলিবে। এইজন্যই আচার-

স্নাত্বা কর্ম পুনঃ কুর্য্যাদন্যথা বিফলং ভবেৎ ॥” যজ্ঞপার্শ্বে্ঽপি,—

“স্মার্ত্তকর্মপরিত্যাগো রাহোরন্যত্র সূতকাৎ।” শঙ্খঃ,—

“দানং প্রতিগ্রহো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃকর্ম্ম চ।

প্রেতপিণ্ডক্রিয়াবর্জ্জং সূতকে বিনিবর্ত্ততে ॥”

“নাশুচির্দেবপিতৃষিনামানি চ কীর্ত্তয়েৎ।” ইতি বচনং বিষ্ণুনামাতিরিক্তপরম্।

“ন দেশনিয়মস্তত্র ন কালনিয়মস্তথা।

নোচ্ছিষ্টাদৌ নিষেধোঽস্তি বিষ্ণোর্নামনি লুব্ধক ॥” ইতি বচনাৎ। “অভিবাদয়ে”দিত্যনুবৃত্তৌ শঙ্খলিখিতৌ,—

অন্যত্বম্, অন্যেন চ ব্যবধানং ন ভবতীত্যভিপ্রায়ঃ। হোমঃ কাম্যহোমঃ, নিত্যহোমে তু কূর্ম্মপুরাণং,—শুচীনশিথনাংস্তদ্বান্ শালাগ্নৌ হাবয়েৎ দ্বিজান্। শুষ্কান্নেন ফলৈর্বাপি বৈতানং জুহুয়াত্তদা॥ শুচীন্ অশৌচরহিতান্, অনিধনান্ হোমার্থদ্রব্যরহিত ধনান্। শুষ্কান্নং শক্তবো লাজাশ্চ। ছন্দোগপরিশিষ্টং,—হোমঃ সৌতে তু কর্ত্তব্যঃ শুষ্কান্নেনাপি বা ফলৈঃ। অকৃতং হাবয়েৎ স্মার্ত্তে তদভাবে কৃতাকৃতম্॥ অকৃতাদিকঞ্চ তত্রৈবোক্তং,—কৃতমোদনশক্ত্বাদি তণ্ডুলাদি কৃতাকৃতম্। ব্রীহ্যাদি চাকৃতং প্রোক্ত-

---

রত্নাকরে জাবালের বক্ষ্যমাণ বচনটী উদ্ধৃত হইয়াছে,—“যদি কোনও মনুষ্য কোনও একটী কর্ম্মানুষ্ঠানের মধ্যে অশুচি হইয়া পড়ে, তাহা হইলে স্নান করিয়া ঐ কর্ম্মের অবশিষ্টাংশের পুনর্ব্বার অনুষ্ঠান করিবে। তাহা না হইলে কর্ম্ম বিফল হইবে।” যজ্ঞপার্শ্ব গ্রন্থেও লেখা আছে,—চন্দ্র সূর্য্যাদির গ্রহণ ভিন্ন অপর অশৌচ ঘটিবামাত্রই স্মৃতিশাস্ত্রবিহিত কর্ম্মের পরিত্যাগ করিবে।” শঙ্খ বলিয়াছেন—“অশৌচকালে প্রেতের উদ্দেশে পিণ্ডদান ব্যতীত দান, প্রতিগ্রহ, হোম, স্বাধ্যায় (নিয়মিত বেদাধ্যয়ন), এবং পিতৃকর্ম্ম, ইত্যাদি কর্ম্ম সকলের নিবৃত্তি হইয়া থাকে।” আমরা যে, “অশুচি ব্যক্তি দেব, পিতৃ এবং ঋষিদিগের নাম কীর্ত্তন করিবে না” এইরূপ একটী বচন দেখিতে পাই, ঐ বচনদ্বারা যে, বিষ্ণুনাম ভিন্ন অপর দেবতার নামগ্রহণই নিষিদ্ধ হইয়াছে, এইরূপই বুঝিতে হইবে। কেননা, “হে ব্যাধ! বিষ্ণুর নাম গ্রহণ বিষয়ে দেশেরও নিয়ম নাই, কালেরও নিয়ম নাই, এবং উচ্ছিষ্টাদিস্পর্শরূপ অশুচি অবস্থায় নাম গ্রহণের নিষেধও

"নাশুচির্ন্ন জপন্ন দৈবপিতৃকার্য্যং কুর্ব্বন্নি"তি। আপস্তম্বঃ,—"অপ্রয়তশ্চ নাভিবাদয়েদি"তি। নমস্কারমাহ স্মৃতিঃ,—

"সর্ব্বে চাপি নমস্কুর্য্যুঃ সর্ব্বাবস্থাসু সর্ব্বদা।" ইতি রাঘবভট্টধৃতনারদবচনম্ ॥ ৪৭ ॥

"অথ সূতকিনঃ পূজাং বক্ষ্যাম্যাগমচোদিতাম্।
স্নাত্বা নিত্যঞ্চ নির্ব্বর্ত্ত্য মানস্যা ক্রিয়য়া তু বৈ ॥
বাহ্যপূজাক্রমেণৈব ধ্যানযোগেন পূজয়েৎ।
যদা কামী, ন চেৎ কামী নিত্যং পূর্ব্ববদাচরেৎ ॥" নিত্যঞ্চাশুচিকর্ত্তব্যং প্রেততর্পণাদি। মন্ত্রমুক্তাবল্যাম্,—

ন্নিতি হব্যং ত্রিণা যুধৈরিতি। অভিবাদয়েদিতি অভিবাদনকামুকদেবশর্ম্মাহং ভোঃ অভিবাদয়ে ইত্যাকারশব্দোচ্চারণপূর্ব্বকপাদগ্রহণম্। গদ্যে তু পাদগ্রহণমভিবাদনমিত্যুচ্যতে ইত্যন্বয়ঃ। সর্ব্বাবস্থাস্বিত্যনেনাশৌচেঽপি নমস্কারো বিহিতঃ ॥ ৪৭ ॥

আগমচোদিতাম্ আগমপ্রতিপাদিতাম্। যদেতি কামী ন চেৎ কৃতসংকল্পো ন চেৎ, তথাচ যাবজ্জীবং প্রত্যহং পূজাদিকমহং করিষ্যে ইতি সংকল্পো যদি ন কৃতস্তদা বাহ্যপূজাক্রমেণ মানস্যা ক্রিয়য়া পূজয়েৎ। যদি তু কামী কৃততাদৃশসংকল্পঃ তদা নিত্যং

নাই।" এইরূপ একটী বচন দৃষ্ট হইয়া থাকে। 'অভিবাদন করিবে' এইরূপ বিধির অনুবৃত্তিতে শঙ্খ এবং লিখিত বলিয়াছেন,—"অশুচি হইয়া, জপ করত এবং দৈব ও পিতৃকার্য্যের অনুষ্ঠানের সময় (অভিবাদন করিবে) না।" আপস্তম্ব বলিয়াছেন—"অশুচি অবস্থায় অভিবাদন করিবে না।" এইরূপে অভিবাদন নিষিদ্ধ হইলেও স্মৃতিতে কিন্তু নমস্কার করিবার কথা বলা হইয়াছে, যথা রাঘবভট্টধৃত নারদের বচন,—"সকল ব্যক্তি, সকল অবস্থায়, সকল কালে নমস্কার করিতে পারিবে" ॥ ৪৭

"এক্ষণে অশুচি ব্যক্তির আগম শাস্ত্রে যেরূপ পূজা কর্ত্তব্য বলিয়া বিহিত হইয়াছে, তাহা বলিতেছি—যদি কেহ সঙ্কল্প করিয়া দেবতাবিশেষের পূজনকার্য্যে ব্রতী হইয়া থাকে, তবে অশৌচের সময় সে ব্যক্তি, স্নান করিয়া নিত্যকর্ম্ম সমাপনপূর্ব্বক বাহ্যপূজাক্রমেই মানসোপচারে ধ্যানযোগে পূজা করিবে। কিন্তু যদি ঐরূপ কাম্যপূজায় ব্রতী না থাকে, তবে কেবল নিত্যকর্ম্ম সকলেরই পূর্ব্বের

"জপো দেবার্চ্চনবিধিঃ কার্য্যো দীক্ষান্বিতৈর্নরৈঃ।
নাস্তি পাপং যতস্তেষাং সূতকং বা যতাত্মনাম্॥" অতএব
মন্ত্রগ্রহণদিনে তথাবিধা প্রতিজ্ঞা রাঘবভট্টেন লিখিতা। যথা,—
"বরং প্রাণপরিত্যাগশ্ছেদনং শিরসোঽপি বা।
ন ত্বনভ্যর্চ্চ্য ভুঞ্জীত ভগবন্তং ত্রিলোচনমি"তি।
"অপূজিতে শিবে ভুক্ত্বা গ্রাসাদষ্টশতং জপেৎ।
অজ্ঞানাদীদৃশং জ্ঞেয়ং জ্ঞানাদ্বিদ্যাচ্চতুর্গুণম্॥" অন্যত্র
অধোক্ষজমিত্যাদ্যূহেত। যত্তু নৃসিংহকল্পে সদা মন্ত্রজপমুক্ত্বা,—
"যদি স্যাদশুচিস্তত্র স্মরেন্মন্ত্রং ন তূচ্চরেৎ।

পূজাদিকং কর্ম্ম পূর্ব্ববৎ যথা অশৌচাভাবকালে তথা অশৌচকালেঽপি কুর্য্যাৎ ইত্যর্থঃ। পাপং শাবাশৌচম্। সূতকং জননাশৌচম্। সন্দদাতি সদা মন্ত্রজপযোগবিশিষ্টো ভূত্বা, দীক্ষাদিনে যাবজ্জীবং পূজাজপাদিকমহং করিষ্যে ইতি সংকল্পং কৃত্বেতি যাবৎ।

মত অনুষ্ঠান করিবে।" নিত্যকর্ম্ম বলিতে অশুচি অবস্থাতে কর্ত্তব্য প্রেতকর্ম্মাদিই বুঝিতে হইবে। মন্ত্রমুক্তাবলী নামক গ্রন্থে বলা হইয়াছে,—"দীক্ষিত মনুষ্যগণ সকল সময়েই জপ ও দেবার্চ্চনা করিতে পারিবে, কারণ, সেই সকল পবিত্রাত্মাদিগের অশৌচও হয় না, পাপও থাকে না।" এইজন্যই রাঘবভট্ট মন্ত্রগ্রহণদিনে বক্ষ্যমাণরূপ প্রতিজ্ঞা করাইবার কথা বলিয়াছেন,—"বরং অনাহারে প্রাণ যায়, সেও ভাল, না খাইলে যদি কেহ শিরশ্ছেদন করে, সেও স্বীকার্য্য, তথাপি ভগবান্ ত্রিলোচনের পূজা না করিয়া কেহই যেন ভোজন না করে।" "শিবপূজা না করিয়া যদি কেহ ভোজন করে, তাহা হইলে যতগুলি গ্রাস ভোজন করিবে তাহার আটশত গুণ জপ করিবে। অজ্ঞানপূর্ব্বক পূজার বাধ হইলেই উক্তরূপ প্রায়শ্চিত্তের বিধান করা হইয়াছে, কিন্তু জ্ঞানপূর্ব্বক পূজার বাধস্থলে উহার চতুর্গুণ প্রায়শ্চিত্ত করিতে হইবে, অর্থাৎ গ্রাস অপেক্ষা ৩২ শত গুণ জপ করিতে হইবে।" অশৌচ ভিন্ন স্থলে পূর্ব্বোক্ত 'অনাহারে প্রাণ যায়' ইত্যাদি বচনদ্বিত 'ত্রিলোচন' স্থলে 'অধোক্ষজ' ইত্যাদি দেবতার নামও বসাইবে। আমরা যে নৃসিংহকল্পে দেখিতে পাই, সর্ব্বদা মন্ত্রজপের বিধান করিয়া বলা হইয়াছে "যদি অশুচি হয় তা হ'লে মন্ত্রের মনে মনে স্মরণ করিবে মাত্র, মুখে উচ্চারণ

মনো হি সর্ব্বজন্তূনাং সর্ব্বদৈব শুচি স্মৃতমিত্যশৌচপরং, মন্ত্রবিশেষপরং বা রামার্চ্চনচন্দ্রিকাধৃত-মন্ত্রমহার্ণবেঽপি,—

"অশুচির্ব্বা শুচির্ব্বাপি গচ্ছন্‌ তিষ্ঠন্‌ স্বপন্নপি।
মন্ত্রৈকশরণো বিদ্বান্‌ মনসৈব সদাভ্যসেৎ।" ৪৮

মরীচি,—

"লবণে মধুমাংসে চ পুষ্পমূলফলেষু চ।
শাককাষ্ঠতৃণেষপ্সু দধিসর্পিঃপয়ঃসু চ॥
তৈলৌষধ্যজিনে চৈব পক্বাপক্বে স্বয়ংগ্রহে।
পণ্যেষু চৈব সর্ব্বেষু নাশৌচং মৃতসূতকে॥" "পক্বং" তৎকালং-পক্ব লাজাদি, "অপক্বং"—তণ্ডুলাদি, তৎস্বয়ং গৃহ্ণ-

মূত্রোচ্চারাদিত্যেতি তথাচ জপো দেবার্চ্চনবিধিরিত্যনেন জননমরণাশৌচে এব জপাদের্নিষেধঃ ন তু মূত্রোচ্চারাদ্যশৌচে ইতি ভাবঃ॥ ৪৮॥

স্বয়ং গৃহ্ণীয়াদিতি তথাচ ৰাচ্‌ঞাদিনা স্বয়ং গৃহীতে দোষাভাবঃ যাচ্‌ঞাং বিনা তৈর্দত্তে তু দোষ ইত্যর্থঃ। অত্র প্রাচীনগ্রন্থানুসারেণ কিঞ্চিল্লিখ্যতে। যথা কুমার-প্রসবেঽছিন্নায়াং নাড্যাং যদা পিত্রাদ্যুপকারার্থং গুড়াদিদ্রব্যং কিঞ্চিদশৌচী দদাতি তদা তৎপ্রতিগ্রহে ন দোষঃ, অশৌচিনোঽপি তদ্দানে নাশৌচম্‌। এবঞ্চ পিত্রাদ্যুপ-

করিবে না, কারণ সকল জন্তুর মন সর্ব্বদাই শুচি থাকে।" এই স্থলে যে, অশুচি অবস্থায় মনে মনে মন্ত্রের স্মরণের কথা বলা হইয়াছে, উহা মলমূত্রাদিত্যাগজনিত অশৌচস্থলে, অথবা মন্ত্রবিশেষের জপস্থলেই বুঝিতে হইবে। কেন না, মন্ত্রের স্মরণ যে সকল অবস্থাতে করা যাইতে পারে, তাহা রামার্চ্চনচন্দ্রিকাধৃত-মন্ত্রমহার্ণবের একটী বচন দ্বারা স্পষ্ট দেখা যাইতেছে—"একমাত্র মন্ত্রের আশ্রয়কারী বিদ্বান্‌ ব্যক্তি, অশুচিই হউক, বা শুচিই হউক, রাস্তায় চলেই যাক্‌, অথবা কোন ঠাঁইয়ে বসিয়াই থাকুক্‌, কিম্বা শুইয়াই থাকুক্‌, সর্ব্বদাই মন্ত্রের অভ্যাস করিবে। ৪৮।

মরীচি বলেন, "লবণ, মধু, মাংস, পুষ্প, মূল, ফল, শাক, কাষ্ঠ, তৃণ, জল, দধি, ঘৃত, দুগ্ধ, তৈল, ঔষধি, অজিন (মৃগচর্ম্ম), পক্ব এবং অপক্ব, অশুচির

দানং ক্রয়োবায় ; "পণ্যেষু" চেতি পৃথগভিধানাৎ তেষশৌচিনা দত্তেষপি ন দোষঃ। বৌধায়নঃ,—

"মানসমপ্যশুচী"তি মনসাপি জননমরণয়োরনধ্যায়ঃ।

মিতাক্ষরায়ামঙ্গিরাঃ,—

"অতিক্রান্তে দশাহে তু পশ্চাজ্জানাতি চেদ্‌গৃহী।

ত্রিরাত্রং সূতকং তস্য ন তদ্রত্রেষ্বেষু কর্হিচিৎ।" ৪৯।

কারার্ততাব্যতিরেকেণ তেষাং দানে দ্রব্যান্তরদানে চ নাড়ীচ্ছেদাৎ পূর্ব্বমপ্যশৌচম্‌। আদিপুরাণে।—তত্র দদ্যাৎ সুবর্ণঞ্চ ভূমিং গাং তুরগং রথম্‌। সূক্ষ্মং ছাগঞ্চ বৎসঞ্চ শয়নকাসনং গৃহম্‌। জাতশ্রাদ্ধে ন দদ্যাত্তু পক্কান্নং ব্রাহ্মণেষপি॥ কূর্ম্মপুরাণে।—জাতে দদ্যাত্তু তদহঃ কামং কুর্য্যাৎ প্রতিগ্রহম্‌। হিরণ্যধান্যগোবাসস্তিলান্নগুড়সর্পিষাম্‌। তথা লবণমধুমাংসাদিষু শক্তুলাজমোদকতণ্ডুলাদিষু॥। স্বাম্যনুমত্যা স্বয়ং গৃহ্যমাণেষু নাশৌচং ক্রীতেষু পণ্যেষু অশৌচিহস্তাদ্রব্যেষপি ন দোষঃ। আদিপুরাণে।—লবণং মধুমাংসঞ্চ পুষ্পমূলফলানি চ। কাষ্ঠং লোষ্ট্রং তৃণং পর্ণং দধি ক্ষীরং ঘৃতং তথা॥ ঔষধং তৈল-মজিনং শুকমন্নঞ্চ নিত্যশঃ। অশৌচিনাং গৃহাদ্‌গ্রাহ্যং স্বয়ং পণ্যঞ্চ মূল্যজম্‌। মূল্যং মূল্যাৎ তেন জাতং ক্রীতমিত্যর্থঃ। অশৌচে সপিণ্ডানামন্যোৎস্তারস্তক্ষণে ন দোষঃ। মূলতঃ তু মূলভারদোষং মনুরব্রবীদিতি। অনধ্যায় ইত্যশৌচমধ্যে মানসং পূজা-দিকং কর্ত্তব্যং, বেদপাঠস্তু মানসোঽপি ন কর্ত্তব্য ইত্যর্থঃ। অতঃ অশৌচমধ্যে মানস-পূজাদিবিধায়কেন পূর্ব্বোক্তবচনেন সহ ন বিরোধঃ॥ ৪৯

নিকট হইতে ভিক্ষাপূর্ব্বক স্বয়ং গৃহীত এবং সকল প্রকার পণ্য অর্থাৎ বিক্রেয় বস্তু, এই সমুদয় বস্তুতে জনন ও মরণাশৌচকালে "স্পর্শজন্য অশৌচ হয় না" উক্ত বচনস্থিত "পক্ক" শব্দের অর্থ—শুকায়, ছাতু, খই প্রভৃতি, এবং 'অপক্ক' শব্দের অর্থ তণ্ডুলাদি, এই সকল বস্তু অশুচির গৃহ হইতে প্রার্থনাপূর্ব্বক নিজে গ্রহণ করিলে দোষ হইবে না। ঐ বচনে কতকগুলি বস্তুর গণনা করিয়া আবার 'পণ্যেষু' এইরূপ পৃথকৃভাবে কথিত হওয়ায়, ইহা বুঝা যাইতেছে যে, পণ্যবস্তু মাত্রই অশুচি ব্যক্তি হাতে ক'রে দিলেও দোষ হয় না। বৌধায়ন বলিয়াছেন, "মানস অশৌচও হয়", অতএব অশৌচকালে মানস বেদাধ্যয়নও দোষাবহ, অর্থাৎ জনন ও মরণাশৌচকালে মনে মনেও বেদের (বেদপাঠের) অভ্যাস করিবে না। মিতাক্ষরায় অঙ্গিরার এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে—যদি দশাহ অতীত হইবার পর কোন গৃহস্থ, সেই অশৌচের কথা জানিতে

কূর্ম্মপুরাণে,—"মাতামহানাং মরণে ত্রিরাত্রং স্যাদশৌচকম্।
একোদকানাং মরণে সূতকং চৈতদেব হি॥
পক্ষিণী যোনিসম্বন্ধে বান্ধবেষু তথৈব চ।
একরাত্রং সমুদ্দিষ্টং গুরৌ সব্রহ্মচারিণি॥
প্রেতে রাজনি সজ্যোতির্যস্য স্যাদ্বিষয়ে স্থিতিঃ।
পরপূর্ব্বাসু ভার্য্যাসু পুত্রেষু কৃতকেষু॥
ত্রিরাত্রং স্যাত্তথাচার্য্যে স্বভার্য্যাস্বন্যগাসু চ।
আচার্য্যপুত্রে পত্ন্যাঞ্চ অহোরাত্রমুদাহৃতম্॥
একাহং স্যাদুপাধ্যায়ে স্বগ্রামে শ্রোত্রিয়েষু চ।

গুরাবিতি। গুরুরত্র জ্যোতিষ্টোমাদৌ যাজয়িতা বেদার্থব্যাখ্যাতা[illegible]পাধ্যায়শ্চ। সব্রহ্মচারিণীতি একব্রহ্মব্রতাচারা মিথঃ সব্রহ্মচারিণ ইত্যমরঃ। আচার্য্যে উপনীয় বেদাধ্যাপকে। উপনীয় দদবেদ আচার্য্যঃ ন উদাহৃতঃ। উপাধ্যায়ে সামান্যশাস্ত্রাধ্যাপকে। শ্রোত্রিয়েষ্বিতি শ্রোত্রিয়োঽত্র বিদ্যাচারসম্পন্নঃ, তচ্চ একাং শাখামিত্যাদিনা বক্ষ্যতি। অন্যে তু, জন্মনা ব্রাহ্মণো জ্ঞেয়ঃ সংস্কারৈর্দ্বিজ

পারেন, তাহ'লে ঐ ব্যক্তিরই ত্রিরাত্র অশৌচ হইবে মাত্র, তাহার কোনও দ্রব্যে অশৌচ হইবে না। ৪৯।

কূর্ম্মপুরাণে লিখিত আছে—"মাতামহাদির মরণে ত্রিরাত্র অশৌচ হইবে, এবং সমানোদকদিগের মরণেও ঐ ত্রিরাত্র অশৌচই হইবে। যাহাদিগের সহিত জন্ম নিবন্ধন সম্বন্ধ হয়, তাহাদিগের মৃত্যুতে পরস্পর পক্ষিণী অশৌচ হইবে, এবং বান্ধবদিগের মধ্যেও পরস্পর পক্ষিণী অশৌচ হইবে। গুরু এবং সহাধ্যায়ীর মৃত্যুতে একরাত্র অশৌচ হইয়া থাকে। যাহার রাজ্যে বাস করা যায় এইরূপ রাজার মৃত্যুতে সজ্যোতিঃ অর্থাৎ সূর্য্যের অবস্থানকালে হইলে, সূর্য্যাস্ত পর্য্যন্ত, এবং চন্দ্রের অবস্থানকালে ঐরূপ রাজার মৃত্যু ঘটিলে রাত্রির অবসান পর্য্যন্ত অশৌচ হইবে। পরপূর্ব্বা অর্থাৎ পূর্ব্বে অন্যোঢ়া ভার্য্যা, কৃত্রিম পুত্র, আচার্য্য, এবং অন্য পুরুষগামিনী স্বকীয় ভার্য্যার মৃত্যুতে ত্রিরাত্র অশৌচ হইবে। আচার্য্যপুত্র এবং আচার্য্যপত্নীর মৃত্যুতে অহোরাত্র মাত্র অশৌচ হইবে। স্বগ্রামবাসী উপাধ্যায় (অধ্যাপক), এবং শ্রোত্রিয়দিগের মৃত্যুতে একাহ

ত্রি-রাত্রমসপিণ্ডেষু স্বগৃহে সংস্থিতেষু চ।
একাহঞ্চাপ্যশুদ্ধং স্যাদেকরাত্রঞ্চ শিষ্যকে।"
একাহশ্চৈকরাত্রশ্চেত্যহোরাত্রমিত্যর্থঃ।
"ত্রিরাত্রং শ্বশ্রূমরণে শ্বশুরে চৈতদেব হি।
সদ্যঃশৌচং সমুদ্দিষ্টং সগোত্রে সংস্থিতে সতি।"
"একোদকানাং" সমানোদকানাম্, "যোনিসম্বন্ধে" মাতৃ-ষস্রীয়পিতৃষস্রীয়ভাগিনেয়েষু, বান্ধবেষু পিতৃবান্ধবেষু, তথৈব চ ইতি প্রাগুক্তা পক্ষিণীত্যর্থঃ। অন্যথা তদুপাদানং ব্যর্থং স্যাৎ॥ ৫০॥

উচ্যতে। বিদ্যয়া যাতি বিপ্রত্বং ত্রিভিঃ শ্রোত্রিয় উচ্যতে॥ ইত্যাহঃ। কশ্চিত্তু শ্রোত্রিয়ো বেদাধ্যাপকো দশকর্ম্মসংস্কৃত ইত্যাহ। একাহঞ্চ একরাত্রঞ্চ একাহো-রাত্রমিত্যর্থঃ। শিষ্যকে ইতি শিষ্যোঽত্র বেদৈকদেশবেদাঙ্গাধ্যেতা। যাজ্ঞবল্ক্যে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্বান্ধবেষু চেতি। মনুবচনে তু শিষ্যোঽধ্যাপিতসকলবেদঃ শিষ্যো সতীর্থে। ত্রিরাত্রমহো রাত্রমিতি বৌধায়নবচনে শিষ্য উপনীয়াধ্যাপিতসাঙ্গবেদঃ॥ ননু বান্ধবেষিত্যস্য একরাত্রমিত্যনেন পরার্দ্ধস্থিতেন সহ কথং নান্বয়ঃ ক্রিয়তে তত্রাহ অন্যথেতি একরাত্রমিত্যনেন সহান্বয়ে ইত্যর্থঃ। তদুপাদানং তথৈব চেত্যস্যোপাদানম্॥ ৫০

অশৌচ হইবে। অসপিণ্ড শোত্রিয় স্বগৃহে মৃত হইলে ত্রিরাত্র অশৌচ হয়, এবং শিষ্যের মৃত্যুতে একদিন এবং এক রাত্র অশৌচ হইবে। শ্বাশুড়ীর মৃত্যুতে ত্রিরাত্র অশৌচ হয়, শ্বশুরের মৃত্যুতেও ঐ ত্রিরাত্র অশৌচ হইবে। সপিণ্ডাদি ভিন্ন এক গোত্রজাত ব্যক্তি মাত্রেরই মৃত্যুতে যে পর্য্যন্ত স্নান না করা হইবে, সেই পর্য্যন্ত অশৌচ হইবে।" উক্ত বচনে যে 'একোদক' পদটী আছে, তাহার অর্থ সমানোদক। ঐ বচনে 'জন্ম নিবন্ধন যাহাদের সহিত সম্বন্ধ' বলিয়া যে নির্দ্দেশ করা হইয়াছে, উহা দ্বারা মাসতুতো ভাই, পিসতুতো ভাই, এবং ভাগিনেয় ইহাদিগকে বুঝিতে হইবে। এবং 'বান্ধব' শব্দের দ্বারা পিতৃবান্ধবদিগকে জানিতে হইবে, অর্থাৎ পিতৃবান্ধবদিগের মরণাদিতেও পক্ষিণী অশৌচ হইবে। পিতৃবান্ধবদিগের মরণাদিতেও

অতএব—

"দন্তজাতেঽনুজাতে চ কৃতচূড়ে চ সংস্থিতে।
অশুদ্ধা বান্ধবাঃ সর্ব্বে সূতকে চ তথোচ্যতে॥"

ইতি মনুবচনে "বান্ধবাঃ সর্ব্বে" ইত্যত্র সর্ব্বশব্দাৎ সপিণ্ডা-নামেবাশৌচং, কিন্তু সগোত্রসমানোদকমাতৃবন্ধুপিতৃবন্ধুপ্রভৃতী-নাং গ্রহণমিতি হারলতাব্যাখ্যানেঽপি পিতৃবন্ধূনাম্ অশৌচমুক্তং, সম্বন্ধবিবেকে পিতৃবন্ধূনামপ্যশৌচমুক্তঞ্চ সঙ্গচ্ছতে।

নিরূপপদবান্ধবশব্দঃ পিতৃবান্ধবস্যাপি বাচকং, তত্র প্রাচাং সংবাদমাহ অতএবেতি। নিরূপপদবান্ধবশব্দস্য পিতৃবান্ধবস্যাপি বাচকত্বাদেবেত্যর্থঃ। বস্তুতস্তু মনু বান্ধবেষিত্যত্র বান্ধবপদেন আত্মবান্ধবো গ্রাহ্যঃ, আত্মবান্ধবাস্ত,—আত্মমাতুঃ স্বসুঃ পুত্রা আত্মপিতুঃ স্বসুঃ সুতাঃ। আত্মমাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ॥ তত্রাহাস্তথেতি। অত্র বান্ধব-পদস্য আত্মবান্ধবপরত্বে ইত্যর্থঃ। তদুপাদানং বান্ধবেষিত্যস্যোপাদানম্। ব্যর্থমিতি যোনিসম্বন্ধে ইত্যনেনৈব আত্মবান্ধবস্য প্রাপ্তেরিত্যর্থঃ। নন্ বৈয়র্থ্যাভিয়া অত্র বান্ধবপদং মাতৃবান্ধবপরম্ বাচ্যম্, একাহংধারকমাতৃবন্ধাবিতি বক্ষ্যমাণবচনৈকবাক্যতয়া চাস্য পর্য্যবসানেন একরাত্রমিত্যনেন সহৈকবাক্যতয়া কার্য্যঃ, পিতৃবন্ধূনাকাশৌচমেব নাস্তীতি বক্তব্যং, তত্রাহ অতএবেতি। অথ বান্ধবপদস্য পিতৃবন্ধুপরত্বেন তেষামশৌচসত্ত্বাদেবেত্যর্থঃ। প্রাচ্যস্য

পক্ষিণী অশৌচ হইবে, একথা না বলিলে, বচনে "তথৈব চ" শব্দের উল্লেখ ব্যর্থ হইয়া পড়ে। ৫০। এই হেতুই অর্থাৎ পিতৃবান্ধবদিগের সহিত অশৌচ সম্বন্ধ আছে বলিয়াই "জাতদন্ত অনুজাত, এবং কৃতচূড় বালকের মৃত্যু হইলে, সমুদয় বান্ধব অশুদ্ধ হয়, এবং উক্ত বালকের জননেও সমুদয় বান্ধব অশুদ্ধ হয়।" এই মনুবচনে 'বান্ধব' এই কথাটিতে "সর্ব্বে" (সকল প্রকার) এই বিশেষণের যোগ করা হইয়াছে। এই বচনে সকল প্রকার বান্ধব অশুদ্ধ হয়, এইরূপ স্পষ্ট করিয়া বলায়, কেবলমাত্র সপিণ্ডরূপ বান্ধবগণই যে অশুদ্ধ হইবে, এরূপ বুঝাইতেছে না; কিন্তু ঐ 'বান্ধব' শব্দের দ্বারায় সপিণ্ড ছাড়া সগোত্র, সমানোদক, মাতৃবন্ধু ও পিতৃবন্ধু প্রভৃতিকেও বুঝাইতেছে; হারলতা যে উক্ত মনুবচনের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন, তাহাতেও পিতৃবন্ধুদিগেরও যে অশৌচ হয়, এইরূপ বলা হইয়াছে। এবং সম্বন্ধবিবেকেও পিতৃবন্ধুদিগেরও যে অশৌচ

পিতৃবান্ধবাশ্চ,—

"পিতুঃ পিতুঃস্বসুঃ পুত্রাঃ পিতুর্মাতুঃ স্বসুঃ সুতাঃ।

পিতুর্ম্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়াঃ পিতৃবান্ধবাঃ॥"

"অনুজাতে" ইতি দন্তজাতস্য প্রাঙ্‌নির্দ্দেশাচ্ছাস্ত্রে বৃক্ষবদ্‌ব্যবহার" ইতি ন্যায়েন জাতদন্তাদনু পশ্চাজ্জাতোঽজাতদন্ত ইত্যর্থঃ। "কৃতচূড়ে চে"তি চকারাৎ কৃতোপনয়নে চ, "সংস্থিতে" মৃতে। অত্র মৃতস্য তত্তৎকর্ম্মভেদেনোপাদানম্ অশৌচভেদায়, স চ প্রাগেব বিবৃতঃ। মাতৃবান্ধবেষু তু একরাত্রম্, তথাচ জাবালিঃ,—

"সমানোদকানাং ত্র্যহং গোত্রজানামহঃ স্মৃতম্।

যোনিসম্বন্ধে পিতৃভগিনীমাতৃভগিনীভাগিনেয়েষু মৃতেষু পক্ষিণী,বান্ধবপদঞ্চ স্ববান্ধবপরম্। মাতৃবন্ধুষু একরাত্রবিধানাৎ তুল্যন্যায়েন পিতৃবন্ধুষপ্যেকরাত্রমিতি প্রাহুঃ। অনুজাতে

হয় বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, তাহাও সঙ্গত হইল। 'পিতৃবান্ধব' বলিতে—"পিতার পিস্‌তুতো ভাই. পিতার মাস্‌তুতো ভাই, এবং পিতার মামাতো ভাই—ইহারা সকলে 'পিতৃবান্ধব' বলিয়া বিখ্যাত। উক্ত বচনে যে "অনুজাত" কথাটী ব্যবহৃত হইয়াছে, উহার পূর্ব্বে 'জাতদন্তের' ব্যবহার থাকায়, উহা দ্বারা 'অজাতদন্ত' এইরূপ অর্থেরই বোধ হইতেছে কারণ একটি ন্যায় আছে যে, শাস্ত্রে বৃক্ষের ন্যায় ক্রমে অপর দিক্ থেকেই ব্যবহার হইয়া থাকে, প্রথম জাত দন্তের উল্লেখ থাকায়, তৎপূর্ব্ববর্ত্তী অজাত দন্তেরই বোধ করিতে হইবে। ঐ বচনে 'কৃতচূড়' এই কথাটার পর যে চকার ব্যবহৃত হইয়াছে উহা দ্বারা কৃতোপনয়নেরও সমুচ্চয় করা হইয়াছে, অর্থাৎ কৃতোপনয়নের মৃত্যু বা জননে বান্ধবগণ অশুদ্ধ হইবে। 'সংস্থিত' শব্দের অর্থ—মৃত। এই বচনে জাতদন্তাদি বিভিন্ন ক্রিয়ার সহিত মৃত ব্যক্তির উল্লেখ করায়, ঐ সকল অবস্থাভেদে অশৌচের প্রকারও যে ভিন্ন ভিন্ন হইবে, ইহাই জ্ঞাত করা হইয়াছে। অবস্থাভেদে অশৌচের যেরূপ প্রকারভেদ হইবে, তাহা পূর্ব্বেই বিবৃত করা হইয়াছে। "মাতৃবান্ধবদিগের পরস্পর একরাত্র অশৌচ হইবে। এ সম্বন্ধে জাবালির বচন, যথা,—"সমানোদকদিগের ত্রিদিন অশৌচ, এবং সাধারণ, গোত্রজাত মাতৃবন্ধু,

মাতৃবন্ধৌ গুরৌ মিত্রে মণ্ডলাধিপতৌ তথা॥"

মাতৃবান্ধবাশ্চ,—

"মাতুর্মাতুঃস্বসুঃ পুত্রাঃ মাতুঃ পিতুঃস্বসুঃ সুতাঃ।

মাতুর্মাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া মাতৃবান্ধবাঃ॥"

গোত্রজা একগ্রামবাসিত্বেন বিশেষণীয়াশ্চ, তন্মরণে অত্যন্ত-নির্গুণানামেকাহঃ, অন্যেষান্তু সদ্যঃ, প্রাগুক্তকূর্ম্মপুরাণাৎ। মণ্ডলাধিপতিশ্চ যস্য মণ্ডলে নিবাসরূপেণ স্থিতিঃ ক্রিয়তে। "কৃতকেষু চে"তি চকারাৎ ক্ষেত্রজাদিষু, তথাচ ত্রিরাত্রানুবৃত্তৌ বিষ্ণুপুরাণম্,—"অনৌরসেষু পুত্রেষু জাতেষ চ মৃতেষু চ।

পরপূর্ব্বাসু ভার্য্যাসু প্রসূতাসু মৃতাসু চ॥" ইতি॥ ৫১॥

অত্যন্তেত্যাদেস্তু, এতচ্চ স্বয়ং ব্যাখ্যাস্যতে। মিত্রেঽত্যন্তস্নিগ্ধে, ভিন্নকুলজে মণ্ডলাধিপতৌ শ্রোত্রিয়নৃপে একরাত্রং তদন্যনৃপে তু সজ্যোতিঃ। কেচিত্তু অভিষিক্তে রাজনি একরাত্রম্ অনভিষিক্তে রাজনি সজ্যোতিরিত্যাহুঃ। প্রাগুক্তেতি সদ্যঃশৌচং সমুদ্দিষ্টং সগোত্রে সংস্থিতে সতীতি প্রাগুক্তম্। নিবাসেতি এতচ্চ আগন্তুকস্থিতিব্যাবৃত্ত্যর্থং স্থিতিলাভশ্চ যস্য স্বাধিবয়ে স্থিতিরিত্যনেনৈকবাক্যত্বাদিতি বোধ্যম্॥ ৫১॥

গুরু, মিত্র ও মণ্ডলাধিপতির মৃত্যুতে একরাত্র অশৌচ হইবে।' 'মাতৃবান্ধব' বলিতে—"মায়ের মাস্‌তুতো ভাই, মায়ের পিস্‌তুতো ভাই, এবং মা'য়ের মামাতো ভাই, ইহারাই মাতৃবান্ধব বলিয়া বিখ্যাত।' উক্ত বচনে যে "গোত্রজের মরণে একদিন অশৌচে"র কথা বলা হইয়াছে, উহা দ্বারা একগ্রামবাসী 'গোত্রজ'-দিগেরই বোধ করিতে হইবে, কারণ একগ্রামবাসী গোত্রজদিগেরই মৃত্যুতে নির্গুণদিগের একাহ, এবং সগুণদিগের স্নান না করা অবধি যে অশৌচ হয়, তাহা পূর্ব্বোক্ত কূর্ম্মপুরাণের বচনে প্রদর্শিত হইয়াছে। 'মণ্ডলাধিপতি' বলিতে যাহার অধিকারে বাস করা হয়। উক্ত বচনে "কৃতকেষু চ" এই চকার দ্বারা ক্ষেত্রজাদি পুত্রেরও সমুচ্চয় করা হইয়াছে। এ বিষয়ে প্রমাণস্বরূপ ত্রিরাত্রাশৌচের অনুবৃত্তিতে বিষ্ণুপুরাণের বচনটী উদ্ধৃত করা হইতেছে—"ঔরস ভিন্ন পুত্রদিগের জন্ম ও মৃত্যুতে, এবং অন্যপূর্ব্বা ভার্য্যাদিগের প্রসবে ও মৃত্যুতে (ত্রিরাত্র অশৌচ হয়)।" ৫১।

পিতৃমরণেঽপি তেষাং ত্রিরাত্রমাহ ব্রহ্মপুরাণম্,—

"দত্তকশ্চ স্বয়ংদত্তঃ কৃত্রিমঃ ক্রীত এব চ।
অপবিদ্ধাশ্চ যে পুত্রা ভরণীয়াঃ সদৈব তে ॥
ভিন্নগোত্রাঃ পৃথক্‌পিণ্ডাঃ পৃথগ্বংশকরাঃ স্মৃতাঃ।
সূতকে মৃতকে চৈব ত্র্যহাশৌচস্য ভাগিনঃ ॥"

এতচ্চ কলৌ দত্তকপুত্রমাত্রবিষয়ম্,—অন্যেষাং প্রাগুক্তা-দিত্যপুরাণেন করণনিষেধাৎ 'স্বভার্য্যাস্বন্যগাসু' সজাতীয়োৎকৃষ্ট-জাতীয়পুরুষান্তরসংগৃহীতাসু, অপকৃষ্টজাতিগমনে পতিতত্বেনা-

---

দত্তক ইতি দত্তকঃ মাত্রা পিত্রা বা দত্তঃ। স্বয়ংদত্তঃ স্বয়ং স্বকীয়ংশরীরং দত্তং যেন সঃ কৃত্রিমঃ পুত্রত্বেন পরিকল্পিতঃ। ক্রীতঃ ধনেন ক্রীতঃ। অপবিদ্ধাঃ পোষণার্থাসামর্থ্যো পিত্রাদ্যপেক্ষিতাঃ অন্যেন গৃহীত্বা পুত্রত্বেন পরিকল্পিতাঃ। ভিন্নগোত্রা ইত্যাদি জনয়িতু ভিন্নগোত্রাঃ জনয়িতুঃ পৃথক্‌পিণ্ডাঃ জনয়িতুঃ পৃথগ্বংশকরাঃ। প্রাগুক্তেতি যত্তৌরসে তরেষামিত্যাদি প্রাগুক্তম্। সজাতীয়োৎকৃষ্টেতি তথাচ পুরাণবচনং,—বিবাহিতা তু যা ভার্য্যা বিক্রীতা বা পলায়িতা উত্তমং বর্ণমাশ্রিত্য সবর্ণমাশ্রিতা যদি। প্রসবে মরণে তস্যা স্ত্রিরাত্রং পূর্ব্বভর্ত্তরীতি। মাতৃস্বসৃমাতুলয়োরিত্যেতদ্বচনং,মাতৃস্বস্রাদীনাং পক্ষিণ্যাদ্যশৌচ বিধায়কপিত্রোঃ স্বসরি তদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশামিতি বচনবিরোধাৎ ত্রিরাত্রমস পিণ্ডেষু গৃহে সংস্থিতেষু চেতি বচনৈকবাক্যত্বাচ্চ স্বগৃহসংস্থিতমাতৃস্বস্রাদিবিষয়কমবগ

ঔরস ভিন্ন পুত্রদিগের অঙ্গীকৃত পিতৃমরণেও যে ত্রিরাত্র অশৌচ হইবে, তাহা ব্রহ্মপুরাণে বলা হইয়াছে। "দত্তক অর্থাৎ আপনার জন্মদ পিতামাতা-কর্ত্তৃক অপরকে প্রদত্ত, স্বয়ংদত্ত (যে নিজেই আপনাকে অপরের পুত্ররূপে প্রদান করে), কৃত্রিম পুত্র, ক্রীতপুত্র ইত্যাদি রূপে ভরণ-পোষণে অসমর্থ পিত্রাদি কর্ত্তৃক পরিত্যক্ত পুত্র সকল অবশ্যই প্রতিপালনীয়, ইহারা ভিন্নগোত্রই থাকিয়া যায়, ইহাদের পিণ্ডও পৃথক্ হইয়া থাকে, এবং ইহারা যে বংশ প্রবর্ত্তিত করে, তাহা একটী স্বতন্ত্র বংশ, ইহারা জনন ও মরণে তিন দিন মাত্র অশৌচের ভাগী হইবে।" আদিত্যপুরাণে কলিকালে দত্তক ভিন্ন অপরবিধ পুত্রের গ্রহণ করা নিষিদ্ধ হওয়ায়, এই বচনটীকে কলিকালে দত্তক পুত্র-মাত্রবিষয়কই বলিতে হইবে। পূর্ব্বে অন্যপুরুষগামিনী স্বকীয় ভার্য্যার মৃত্যুতে যে ত্রিরাত্র অশৌচের বিধান করা হইয়াছে, তাহাতে এইরূপ বুঝিতে হইবে যে, যদি স্বকীয় ভার্য্যা আপনা হইতে উৎকৃষ্ট জাতীয় পুরুষগামিনী হয়, তবেই তাহার

শৌচাভাবাৎ। "অসপিণ্ডেষু" ভিন্নকুলজেষু শ্রোত্রিয়রূপেষু। মাতুঃ স্বস্রাদিষু চ স্বগৃহেষু মৃতেষু ত্রিরাত্রম্। তথাচ প্রচেতাঃ,—

"মাতৃস্বস্মাতুলয়োঃ শ্বশ্রূশ্বশুরয়োর্গুরৌ।
ঋত্বিজি চোপরতে চ ত্রিরাত্রমিতি শিষ্যকে॥"

"শিষ্যকে" সন্নিহিতে, "একাহক" 'একরাত্র"কেতি অহোরাত্রমিত্যর্থঃ। শ্বশ্রূশ্বশুরয়োস্তু স্বগৃহভিন্নে সন্নিধিমরণমাত্রেণ ত্রিরাত্রম্ "শ্রোত্রিয়ে তূপসম্পন্নে ত্রিরাত্রমশুচির্ভবেৎ"ইতি মনুবচনে "উপসম্পন্নে" ইত্যত্র সন্নিহিতত্বেন অশৌচবিশেষদর্শনাৎ অত্রাপি তথা কল্প্যতে; অন্যথা স্বগৃহমাত্রপরত্বে "ত্রিরাত্রমসপিণ্ডেষু স্বগৃহে সংস্থিতেষু চ" ইত্যনেন স্বগৃহস্থিতিমাত্রপরত্বেন কূর্ম্মপুরাণীয়েন "ত্রিরাত্রং শ্বশ্রূমরণে শ্বশুরে চৈতদেব হী"ত্যস্য পুনরুক্তত্বাপত্তেঃ॥ ৫২॥

বক্তব্যমিতি ভাবঃ। প্রচেতোবচনে মাতৃস্বসৃপদং পিতৃস্বস্রুপলক্ষণমিতি বৃদ্ধপাকাদয়ঃ। পুনরুক্ত্যাপত্তেরিতি ত্রিরাত্রমসপিণ্ডেষ্বিতি ত্রিরাত্রং শ্বশ্রূমরণে ইত্যেতয়োর্বচনয়োঃ কূর্ম্মপুরাণৈকপ্রকরণীয়ত্বাদিতি ভাবঃ। তথা শ্বশ্রূশ্বশুরয়োস্ত্রিরাত্রবিধায়কং

মৃত্যুতে ত্রিরাত্র অশৌচ হইবে, নিকৃষ্টজাতীয় পুরুষগামিনী ভার্য্যা পতিত হইয়া থাকে, তাহার মৃত্যুতে অশৌচ হয় না। মাসী প্রভৃতি স্বকীয় গৃহে মৃত হইলেও ত্রিরাত্র অশৌচ হয়, এ সম্বন্ধে প্রচেতা এইরূপ বলিয়াছেন—"মাসী, মামা, শাশুড়ী, শ্বশুর, গুরু, পুরোহিতের এবং শিষ্যের মৃত্যুতে ত্রিরাত্র অশৌচ শাস্ত্রে বিহিত হইয়াছে। কিন্তু শিষ্য নিকটে না থাকিলে তাহার মৃত্যুতে এক দিন এবং একরাত্র অর্থাৎ অহোরাত্র অশৌচ হইবে। শাশুড়ী এবং শ্বশুর নিজের গৃহভিন্ন স্থলেও যদি নিজের সম্মুখে মৃত হয়, তাহলেও ত্রিরাত্র অশৌচ হইবে।"

এই যে নিজের গৃহের ভিন্ন স্থলেও নিজ সন্নিকটে মৃত্যুতে ত্রিরাত্রাশৌচ হইবে বলিয়া কল্পনা করা হইল, ঐ কল্পনার প্রতি কারণ এই যে, "উপসম্পন্ন শ্রোত্রিয়ের মৃত্যুতে ত্রিরাত্র অশৌচ হইবে," এই মনুর বচনে উপসম্পন্ন অর্থাৎ সন্নিধিমাত্রস্থিত শ্রোত্রিয়ের মৃত্যুতে ত্রিরাত্রাশৌচের ব্যবস্থা দর্শনে, এস্থলেও ঐরূপ কল্পনা করা হইয়াছে। যদি এরূপ কল্পনা না করিয়া কেবল মাত্র স্বগৃহে মৃত্যুতেই ত্রিরাত্রাশৌচের ব্যবস্থা করা হয়, এবং সন্নিহিতে মৃত্যুতেও ত্রিরাত্রাশৌচ

শ্রোত্রিয়মাহ দেবলঃ,—
"একাং শাখাং সকল্পাং বা ষড়ুভিরঙ্গৈরধীত্য বা।
ষট্‌কর্ম্মনিরতো বিপ্রঃ শ্রোত্রিয়ো নাম ধর্ম্মবিৎ।"
যচ্চ যমবচনং—
"শ্বশুরয়োর্ভগিন্যাঞ্চ মাতুলান্যাঞ্চ মাতুলে।
পিত্রোঃ স্বসরি তদ্বচ্চ পক্ষিণীং ক্ষপয়েন্নিশাম্॥" ইতি
মিতাক্ষরারত্নাকরয়োঃ, বৃহন্মনুবচনঞ্চ—
"মাতুলে শ্বশুরে মিত্রে গুরৌ গুর্ব্বঙ্গনাসু চ।
অশৌচং পক্ষিণীং রাত্রিং মৃতা মাতামহী যদি।" ইতি,
তৎ শ্বশ্রূশ্বশুরয়োরেকগ্রামস্থিতয়োরসন্নিধিমরণে পক্ষিণী-

প্রচেতোবচনং ত্রিরাত্রমসপিণ্ডেষিতি কূর্ম্মপুরাণৈকবাক্যতয়া স্বগৃহমরণবিষয়কং, ত্রিরাত্রং শ্বশ্রূমরণে ইতি কূর্ম্মপুরাণস্য পৌনরুক্ত্যাপত্তিঃ। শ্বশ্রূশ্বশুরয়োঃ সন্নিধিমরণবিষয়কতয়া ব্যাখ্যেয়মিতি নির্গলিতার্থঃ॥ ৫২॥

গুরাবিতি উপনয়নং বিনা বেদাধ্যাপকে একগ্রামস্থে বা গুরৌ পক্ষিণ্যশৌচং বোধ্যং, গুর্ব্বঙ্গনাসু পক্ষিণ্যশৌচম্ একগ্রামস্থত্বাদিনা সমাধেয়ম্। ননু এক-গ্রামস্থিত্যা অশৌচবৈলক্ষণ্যং ন কুত্রাপি দৃষ্টচরং তত্রাহ স্বগ্রামেতি। বহূনামিতি একো ধর্ম্মো যেষাং প্রকৃতে চাশৌচস্বমেকো ধর্ম্মঃ, তেষাং মধ্যে একস্যাপি বহূচ্যতে প্রকৃতে চ একস্য শ্রোত্রিয়াশৌচস্য বহূচ্যতে একগ্রামস্থিতে বৈলক্ষণ্যপ্রযোজকত্বমুচ্যতে সর্ব্বেষাং

ব্যবস্থা না করা হয়, তাহা হইলে "অসপিণ্ড ব্যক্তিমাত্রে স্বগৃহে মৃত হইলে ত্রিরাত্র অশৌচ হইবে" এই বচন দ্বারা সম্বন্ধিমাত্রেরই স্বগৃহমৃত্যুতে যখন ত্রিরাত্রাশৌচ বিহিত হইয়াছে, তখন কূর্ম্মপুরাণের বচনে "শাশুড়ী এবং শ্বশুরের স্বগৃহে মৃত্যুতে ত্রিরাত্রাশৌচ হইবে" এইরূপ কথন পুনরুক্তি হইয়া পড়ে। ৫২।

দেবল শ্রোত্রিয়ের পরিভাষা এইরূপ করিয়াছেন, "যে ধর্ম্মজ্ঞ ব্রাহ্মণ কল্পসূত্র, এবং ছয় অঙ্গের সহিত বেদের যে কোনও একটী শাখা অধ্যয়ন করিয়া ব্রাহ্মণোক্ত যজন, যাজনাদি সৎকর্ম্মে নিরত হইয়া থাকে, তাহাকে শ্রোত্রিয় বলা যায়।" তবে যে আমরা "শ্বশুর, শাশুড়ী, ভগিনী, মাতুলানী, মাতুল, এবং পিতা ও মাতার ভগ্নী অর্থাৎ পিসী,মাসীর মৃত্যুতে পক্ষিণী অশৌচ হইবে," এইরূপ একটী যমের বচন দেখিতে পাই, এবং মিতাক্ষরা ও রত্নাকর নামক গ্রন্থে "মাতুল, শ্বশুর,

বিধায়কম্। স্বগ্রামে শ্রোত্রিয়েষু চেত্যত্র স্বগ্রামস্থেনাপি বিশেষবর্ণনাযত্রাপি বচনামাৎ বিরোধে,—

"বহূনামেকধর্ম্মাণামেকস্যাপি যদুচ্যতে।

সর্ব্বেষামেব তৎকুর্য্যাদেকরূপা হি তে স্মৃতাঃ॥"

ইতি বৌধায়নবচনস্বরসাত্তথা কল্প্যতে। এবঞ্চ শ্বশ্রূশ্বশুরয়োর্ব্বিক্ষকমেকরাত্রং ভিন্নগ্রামমরণবিষয়কম্; যথা—"আচার্য্যপত্নীপুত্রোপাধ্যায়মাতুলশ্বশুর-শ্বশ্রূশ্বশুর্য্যসহাধ্যায়িশিষ্যেষ্বেকরা-

---

[কৃতে অশৌচানাং তদেব প্রকৃতে একগ্রামস্থত্বমেব বিষয়কং কুর্য্যাদিত্যর্থঃ। নম্বু মাতু-দাশৌচস্ত একগ্রামস্থিতত্বাদিকং কথং ন বিশেষকমিতি চেন্ন, যত্র হি নানাবিধমশৌচং প্রয়ন্তে তত্রৈব তৎসমাধানায় একগ্রামস্থিত্যাদেবিশেষকত্বং স্বীক্রিয়তে নাস্যত্রেতি ভাবঃ। বিহুক্তমিতি বক্ষ্যমাণ বিষুবচনোক্তমিত্যর্থঃ মাতুর্বৈমাত্রেয়ভ্রাতরি সন্নিধৌ অসন্নিধৌ

মিত্র, গুরু, গুরুপত্নী, এবং মাতামহীর মৃত্যুতে পক্ষিণী অশৌচ হইবে" এইরূপ একটী বৃহৎমনুর বচন উদ্ধৃত দেখিতে পাই, উহার দ্বারা একগ্রামস্থিত শ্বশুর এবং শাশুড়ীর নিজের সম্মুখে মৃত্যু না হইলে যে পক্ষিণী অশৌচ হইবে, তাহারই ব্যবস্থা করা হইয়াছে।

কেহ আশঙ্কা করিয়াছিল, পূর্ব্বে "একগ্রামস্থিত শ্রোত্রিয়ের মরণে একাহ অশৌচ হইবে" এইরূপ বচন দেখান হইয়াছে, উপরিউক্ত বচনে আবার শ্রোত্রিয়ের মরণে ত্রিরাত্রাশৌচের বিধান করা হইয়াছে, সুতরাং বচনগুলির মধ্যে পরস্পর বিরোধ উপস্থিত হইল, ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন যে, এই বিরোধ ভঞ্জনের জন্য এইরূপ ব্যবস্থা করিতে হইবে যে, একগ্রামবাসী শ্রোত্রিয় মাত্রের যদি অসন্নিধানে মৃত্যু হয়, তা'হইলেই একাহাশৌচ হইবে, এবং সন্নিধানে মৃত্যু হইলে ত্রিরাত্রাশৌচ হইবে; কারণ বৌধায়নের একটী বচন আছে, "একধর্ম্মবিশিষ্ট, বহু ব্যক্তির মধ্যে এক ব্যক্তির পক্ষে যে ব্যবস্থা করা হয়, সকলের পক্ষেই ঐ ব্যবস্থা স্বীকার্য্য বলিয়া ধরিতে হইবে, যেহেতু তাহারা সকলেই একরূপ। এস্থলে দেখ, অশৌচরূপ একটীধর্ম্মবিশিষ্ট সমুদয় শ্রোত্রিয়ের মধ্যে একগ্রামস্থিতিজন্য অশৌচের যে বৈশিষ্ট্য করা হইয়াছে, ঐ একগ্রামস্থিতিজন্য বৈশিষ্ট্যরূপ ধর্ম্মের একগ্রামস্থিতিবিশিষ্ট যাবৎ

স্তেৎপীতি। আচার্য্যপত্নীপুত্রয়োর্মাতুঃ সাপত্ন্যভ্রাতর্য্যহোরাত্রং সোদরে তু ভিন্নস্থানস্থিতেঽপি পক্ষিণী, এবং হারলতাপ্রভৃতয়ঃ। "শ্বশুর্য্যে" শ্যালকে, "সহাধ্যায়িনি" সতীর্থে, "শিষ্যে" বেদৈক-দেশবেদাঙ্গাধ্যাপ্যে ॥৫৩॥

মনুঃ,—"মাতুলে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্বান্ধবেষু চ।"

অত্র পক্ষিণীবিধানাৎ বান্ধবপদং স্ববান্ধবপরম্। স্ববান্ধবাশ্চ মিতাক্ষরায়াম্,—

"আত্মমাতুঃ স্বসুঃ পুত্রা আত্মপিতুঃ স্বসুঃ সুতাঃ।
আত্মমাতুলপুত্রাশ্চ বিজ্ঞেয়া আত্মবান্ধবাঃ।"

চ একরাত্রং, মাতুঃ সোদরস্থাৎ। ভিন্নেতি অর্দ্ধব্যবহিতস্থলেঽপি মৃতে ইত্যর্থঃ। মাতুলে পক্ষিণীং রাত্রিং শিষ্যর্ত্বিগ্বান্ধবেষু চেত্যত্র শিষ্যপদং সমস্তবেদাধ্যাপ্যপরং, কেচিত্তু মন্ত্রগ্রহীতৃপরক বদন্তি॥৫৩

পূর্ব্বং পিতৃবান্ধবেষু পক্ষিণী ব্যবস্থাপিতা। ইদানীমাত্মবান্ধবেষু তাং ব্যবস্থাপয়তি অত্রেতি। নম্বত্র বান্ধবপদং কথং মাতৃবান্ধবপরং নোচ্যতে তত্রাহ পক্ষিণীবিধানাদিতি।

শ্রোত্রিয়াশৌচেই প্রবৃত্তি হইবে। যদি এইরূপ হইল, তবে বিষ্ণু যে, শাশুড়ী এবং শ্বশুরের মরণে একরাত্রের অশৌচের কথা বলিয়াছেন, উহাকে ভিন্নগ্রামস্থিত শাশুড়ী ও শ্বশুরের মরণবিষয়কই বলিতে হইবে। বিষ্ণুর ঐ বচনটী যথা,—"আচার্য্যপত্নী, আচার্য্যপুত্র, উপাধ্যায়, মাতুল, শ্বশুর, শাশুড়ী, শ্যালক, সহাধ্যায়ী, শিষ্য, ইহাদের মৃত্যুতে একরাত্র অশৌচ হইবে।" হারলতা প্রভৃতিতে ব্যবস্থা করা হইয়াছে যে, "আচার্য্যপত্নী, আচার্য্যপুত্র ও মাতার বৈমাত্রের ভ্রাতার মৃত্যুতে অহোরাত্র অশৌচ হইবে, কিন্তু মাতার সহোদর ভ্রাতা ভিন্ন স্থানে মরিলেও পক্ষিণী অশৌচ হইবে"। উপরে যে শিষ্যের কথা বলা হইয়াছে, তাহা দ্বারা বেদের একদেশ ও বেদাঙ্গ অধ্যয়নকারী ছাত্ররূপ শিষ্যই বুঝিতে হইবে।৫৩।

আমরা "মাতুল, শিষ্য, ঋত্বিক্, এবং বান্ধবের মৃত্যুতে পক্ষিণী অশৌচ হয়" মনুর এই বচনে পক্ষিণী অশৌচের বিধান থাকায়, বচনস্থিত বান্ধবশব্দের, নিজের বান্ধব এইরূপ অর্থ করিয়াছি। মিতাক্ষরাতে স্ববান্ধবদিগের উল্লেখ এইরূপে করা হইয়াছে, যথা, "আপনার মাসতুতো ভাই, আপনার পিসতুতো ভাই, এবং আপনার

মাতৃবন্ধৌ জাবালেনাহর্ব্বিধানাৎ আত্মবান্ধবে তদধিকং যুক্তং, রায়মুকুটপ্রভৃতয়োঽপ্যেবম্। একরাত্রমিত্যনুবৃত্তৌ বিষ্ণুঃ,—"অসপিণ্ডে স্ববেশ্মনি মৃতে" ইতি। "অসপিণ্ডে"-ত্বশ্রোত্রিয়মরণে। "অশ্রোত্রিয়ে ত্বহঃ কৃৎস্নমি"তি মনুবচনৈক-বাক্যত্বাৎ॥ ৫৪॥

মাতৃবান্ধবে ত্বহর্বিধানাৎ অত্র বান্ধবপদং তৎপরং ন যুক্তমিতি ভাবঃ। জাবা-লেনেতি তথাচ জাবালঃ,—সমানোদকানাং ত্র্যহো গোত্রজানামহঃ স্মৃতম্। মাতৃ-বন্ধৌ গুরৌ মিত্রে মণ্ডলাধিপতৌ তথা॥ ইতি। অশ্রোত্রিয়মরণে ইতি শ্রোত্রিয়ে তু ভিন্নকুলজে স্বগৃহে সংস্থিতে ত্রিরাত্রমিতি পূর্ব্বং ব্যবস্থাপিতমিতি ধ্যেয়ম্। অশ্রোত্রিয়ে ত্বিতি অশ্রোত্রিয়েঽসপিণ্ডব্রাহ্মণে স্বগৃহে মৃতে অহরিত্যর্থঃ। অত্রৈবং বোধ্যং শুদ্ধিকৌমুদ্যাম্,—একরাত্রাশৌচিনাং পক্ষিণ্যাশৌচিনাঞ্চ প্রধানগৃহে মরণে ত্রিরাত্রম্। যথা ভগিন্যো, মাতামহে, তথাতীতে চৈকরাত্রাদ্যশৌচিনাম্। মরণং স্যাদ্‌যদা গেহে প্রধানে চ ত্র্যহং ভবেদিতি। বৃদ্ধপঞ্চাননকৃতশুদ্ধিনির্ণয়ে,—ভগিনীপতিমিত্রজামাতৃতদ্-ভ্রাতৃবিবাহিতাভগিনীদৌহিত্রশ্যালকতৎসুতানাং মরণে সদ্যঃশৌচম্। ভগিন্যাং সংস্থিতা-য়াং ভ্রাতর্য্যপি চ সংস্থিতে। মিত্রে জামাতরি প্রেতে দৌহিত্রে ভগিনীপতৌ। শ্যালকে তৎসুতে চৈব সদ্যঃস্নানেন শুধ্যতীতি মিতাক্ষরায়াং। অত্র মিত্রপদমসবর্ণমিত্রপরং, দৌহিত্রপদং সপত্নীদৌহিত্রপরং, শ্যালকপদং পত্নীবৈমাত্রেয়পরম্, অতঃ পূর্ব্বোক্তেন সহ ন বিরোধঃ। শুদ্ধিকৌমুদ্যাম্, যত্তু, গুরুঃ করোতি শিষ্যাণাং পিণ্ডনির্বপণং সদা। কৃত্বা তৎপৈতৃকং শৌচং স্বজাতিবিহিতঞ্চ যদিতি ব্রহ্মপুরাণবচনং, তৎসকলকার্য্যাধি-কারিত্বকবিষয়ম্। শ্যালকে একরাত্রমাহাঙ্গিরাঃ,—একরাত্রমশৌচং হি শ্যালকে চ তথা স্থিতম্। জামাতরি মৃতে চৈকরাত্রং যস্মিন্ মৃতে তথা॥ যস্ত যাবৎ তস্মিন্ মৃতে তত্ত

মামাতো ভাই, ইহারা স্ববান্ধবরূপেই জ্ঞাত। জাবাল ঋষি মাতৃবন্ধুর মৃত্যুতে 'অহোরাত্র' অশৌচের বিধান করায় তদপেক্ষা অধিক অশৌচ নিজবান্ধবে হওয়াই উচিত, এইজন্য আমরা বান্ধবশব্দের অর্থ 'স্ববান্ধব' এইরূপ করিলাম। কেবল যে আমরা ক[.]লাম, এমন নহে, রায়মুকুট প্রভৃতি নিবন্ধকারগণও এইরূপ ব্যাখ্যা করিয়াছেন। একরাত্রাশৌচের অনুবৃত্তিতে বিষ্ণু যে বলিয়াছেন, "অসপিণ্ড নিজের গৃহে মৃত হইলেও একরাত্র অশৌচ হইবে", এই স্থলে যে 'অসপিণ্ড' শব্দ আছে, উহার অর্থ -"অশ্রোত্রিয় অসপিণ্ড" এইরূপই বুঝিতে হইবে, কারণ তাহা হইলেই "অসপিণ্ড শ্রোত্রিয়ের মৃত্যুতে সম্পূর্ণ দিবারাত্র অশৌচ হয়," এই মনুবচনের সহিত জাবালিবচনের একবাক্যতা হয়॥ ৫৪॥

ব্রহ্মপুরাণে,—

"আদাবেকস্য দত্তায়াং কুত্রচিৎ পুত্রয়োর্দ্বয়োঃ।
পিতুর্যত্র ত্রিরাত্রং স্যাদেকং তত্র সপিণ্ডিনাম্‌।
একা মাতা দ্বয়োর্যত্র পিতরৌ দ্বৌ চ কুত্রচিৎ।
তয়োঃ স্যাৎ সূতকাদেবং মৃতকাচ্চ পরস্পরম্‌॥"

প্রথমমন্যেনোঢ়া তেনৈব জনিতপুত্রা, তৎপুত্রসহিতৈব অন্যমাশ্রিতা, পশ্চাত্তেনাপি জনিতপুত্রা, তয়োঃ পুত্রয়োর্যথাসম্ভবং জননমরণয়োর্দ্বিতীয়পুত্রপিতুস্ত্রিরাত্রম্‌, এবংবিধে চ বিষয়ে যত্র পরস্ত্রীপুত্রজনকস্য ত্রিরাত্রং তত্র তৎসপিণ্ডানামেকরাত্রম্‌।

তাবদশৌচমিতি ন্যায়েন গতত্রতুল্যত্বাবগমাৎ। পুনর্বিবাহিতায়াস্ত প্রসবে মরণে চ সম্পূর্ণাশৌচং, পৈশাচরূপবিহিতবিবাহত্বাৎ, তথাচ পৈশাচঃ কন্যকাচ্ছলাদিতি। মিতাক্ষরায়াঞ্চ পিতৃস্বসৃপতিমাতৃস্বসৃপত্যোর্মরণে তু নাশৌচং বচনাভাবাদিতি॥ ৫৪॥

যথাসম্ভবমিতি তথাহি প্রথমপুত্রমরণে দ্বিতীয়পুত্রপিতুস্ত্রিরাত্রং ন তু প্রথমপুত্রজননে, প্রথমপুত্রস্য জননকালে দ্বিতীয়পুত্রপিতুঃ পিতৃত্বাভাবাৎ। দ্বিতীয়পুত্রস্য তু জননে মরণে চ উভয়ত্রৈব দ্বিতীয়পুত্রপিতুস্ত্রিরাত্রম্‌, অত উক্তং যথাসম্ভবমিতি। কেচিত্তু ঔরসজননমরণয়োঃ সম্পূর্ণাশৌচং তস্য মরণে তু ত্রিরাত্রং অভার্য্যাপত্যেষু চ ইতি বচনাৎ। পুত্রান্তরস্য জননে মরণে চ ত্রিরাত্রং ক্ষেত্রজত্বাৎ; তথাচ যাজ্ঞবল্ক্যঃ,

---

ব্রহ্মপুরাণে বলা হইয়াছে, "পূর্ব্বে কোনও এক ব্যক্তিকে প্রদত্ত কোনও এক স্ত্রীতে দুইজন কর্ত্তৃক উৎপাদিত দুইটী পুত্রের মধ্যে যাহার মৃত্যুতে পিতার ত্রিরাত্র অশৌচ হইবে, সেইস্থলে অপর সপিণ্ডদিগের একরাত্র অশৌচ হইবে, যেস্থলে দুইটী পুত্রের মাতা এক এবং পিতা প্রত্যেকের পৃথক্‌, সেই স্থলেতেই জন্ম ও মরণে উক্তরূপ অশৌচের ব্যবস্থা করিতে হইবে"। স্মার্ত্ত এই দুইটী বচনের বক্ষ্যমাণরূপ ব্যাখ্যা করিয়াছেন,—"অগ্রে কোনও স্ত্রী কোনও এক ব্যক্তি কর্ত্তৃক বিবাহিত হইয়া ঐ ব্যক্তিরই ঔরসে একটী পুত্র উৎপাদন করিবার পর, ঐ পূর্ব্বজাত পুত্রের সহিতই অপর পুরুষকে আশ্রয় করে, এবং পরে ঐ দ্বিতীয় ব্যক্তির ঔরসেও আর একটী পুত্র উৎপাদন করে, ঐ দুই পুত্রের যথাসম্ভব জন্ম ও মৃত্যুতে দ্বিতীয় পুত্র-উৎপাদয়িতা পিতার ত্রিরাত্র অশৌচ হইবে, এইরূপ বিষয়ে, যেস্থলে

তথাবিধপুত্রয়োঃ পরস্পরং প্রসবমরণয়োর্মাতৃজাত্যুক্তমাশৌচমেব ॥ ৫৫ ॥

অত্র বিশেষমাহ নারদঃ,—

"জাতা যে ত্বনিযুক্তায়ামেকেন বহুভিস্তথা।
অঋক্থভাজস্তে সর্ব্বে বীজিনামেব তে সুতাঃ ॥"

"দদ্যাত্তে বীজিনে পিণ্ডং মাতা চেৎ শুল্কতো হৃতা।
অশুল্কোপহৃতায়াস্তু পিণ্ডদা বোঢ়ুরেব তে ॥"

অঋক্থভাজঃ ক্ষেত্রিণামিত্যর্থঃ। এবকারেণ দ্বিপিতৃকত্বং নিরস্তম্। "তদেতৎ শুল্কতঃ স্ত্রীসংগ্রহে বোধ্যং, শুল্কাভাবে ক্ষেত্রিণ এব পিণ্ডদা" ইতি শ্রাদ্ধবিবেকঃ। বস্তুতস্তু প্রাগুক্তা-

---

ঔরসং ধর্ম্মপত্নীজা তু সর্ব্ববর্ণেষু সর্ব্বদা। অশৌচস্তু ত্রিরাত্রং স্যাৎ সমানমিতি নিশ্চয়ঃ। ঔরসস্তু ঔরসো ধর্ম্মপত্নীজ ইতি যাজ্ঞবল্ক্যেনোক্তঃ। তয়োঃ স্যাদিতি ব্যাচষ্টে তথাবিধপুত্রয়োরিতি। ঔরসানাং পিতুর্মরণে সম্পূর্ণাশৌচমিতি ॥ ৫৫ ॥

বোঢ়ুরিতি বিবাহকর্ত্তুঃ ক্ষেত্রিণ ইত্যর্থঃ। মাতা চেচ্ছুল্কতো হৃতেতি কলতো ব্যাচষ্টে তদেতৎ শুল্কত ইতি, জাতা যে ত্বনিযুক্তায়াম্ ইত্যাদিনা যদুক্তম্ এতদিত্যর্থঃ। জাতা যে ইত্যাদি শুল্কতো হৃতেত্যেকো গ্রন্থঃ। অশুল্কোপহৃতায়াস্তিত্যস্ত শ্রাদ্ধবিবেক-

---

পরস্ত্রীতে পুত্র উৎপাদনকারী পিতার ত্রিরাত্র অশৌচ হইবে, সেই স্থলে তাহার সপিণ্ডদিগের একরাত্র অশৌচ হইবে, এবং ঐরূপে উৎপন্ন পুত্রদ্বয়ের পরস্পরের জন্ম ও মরণে মাতৃজাতিবিষয়ে উক্ত অশৌচ হইবে ॥ ৫৫ ॥

এ বিষয়ে নারদ একটু বিশেষ করিয়া বলিতেছেন যথা, "যে সকল পুত্র একদ্বারাই হউক বা বহুর দ্বারাই হউক অনিযুক্তা স্ত্রীতে উৎপাদিত হইবে, তাহারা কেহই ক্ষেত্রপতির ধনভাগী হইবে না, যেহেতু তাহারা সকলেই আপন আপন উৎপাদক পিতারই পুত্র বলিয়া গণ্য হয়। যদি তাহাদের মাতা উৎপাদক পিতৃগণকর্ত্তৃক মূল্য দ্বারা পালিত হয়, তাহা হইলে তাহারা আপন আপন উৎপাদক পিতারই পিণ্ড দান করিবে, যদি তাহাদিগের মাতা উৎপাদক পিতৃগণ কর্ত্তৃক মূল্য দ্বারা প্রতিপালিত না হয়, তাহা হইলে ঐ মাতার পরিণেতা স্বামীকেই উহারা সকলে পিণ্ডদান করিবে।" উপরিউক্ত বচনে "বীজিনামেব তে সুতাঃ' এইস্থলে 'এব' কার দ্বারা তথাবিধ পুত্রদিগের দ্বিপিতৃকত্ব নিরস্ত করা হইয়াছে। শ্রাদ্ধবিবেক-

দিত্যপুরাণাৎ কলৌ ক্ষেত্রজপুত্রকরণনিষেধাৎ, স চ পুত্রো বীজিনামেব, ইদানীং ব্যবহারোঽপি তথা।

"জাতোঽপি দাস্যাং শূদ্রেণ কামতোঽংশহরো ভবেৎ।
মৃতে পিতরি কুর্য্যুস্তং ভ্রাতরস্ত্বর্দ্ধভাগিনমি"তি যাজ্ঞবল্ক্যদর্শনাৎ শূদ্রাণামেব তথাবিধাচারো নান্যবর্ণানামিতি প্রাগুক্তব্রহ্মপুরাণবচনমপ্যেতৎপরম্॥ ৫৬॥

যত্তু, অন্যপূর্ব্বা গৃহে যস্য ভার্য্যা স্যাত্তস্য নিত্যশঃ।
অশৌচং সর্ব্বকার্য্যেষু দেহে ভবতি সর্ব্বদা।

ব্যাখ্যামাহ শুল্কাভাব ইতি। প্রাগুক্তেতি যত্তৌরসেতরেষ্বাত্ত পুত্রত্বেন পরিগ্রহ ইতি প্রাগুক্তম্। যাজ্ঞবল্ক্যটীকায়াং বৃহস্পতিঃ। কলাবিত্যধিকৃত্য—অনেকধা কৃতাঃ পুত্রা ঋষিভির্যৈঃ পুরাতনৈঃ। ন শক্যন্তেঽধুনা কর্ত্তুং শক্তিহীনৈরিদন্তনৈরিদন্তনৈরিদা-নীন্তনৈঃ। স চ পুত্রঃ অশুল্কোপহৃতায়াং জাতঃ পুত্রঃ। বীজিনামেব ন তু ক্ষেত্রি-ণামিত্যর্থঃ। কামতঃ পিতুরিচ্ছাতঃ। প্রাগুক্তব্রহ্মপুরাণেতি আদাবেকস্য দত্তায়াং কুত্রচিৎ পুত্রয়োর্দ্বয়োরিত্যাদিব্রহ্মপুরাণবচনমিত্যর্থঃ। এতৎপরং শূদ্রপরম্॥ ৫৬

কারও উক্ত বচনের এইরূপ ব্যাখ্যা করিয়াছেন, যে "যেস্থলে উৎপাদকগণ মূল্য দ্বারা পূর্ব্বে অপর কর্ত্তৃক পরিণীতা স্ত্রীর সংগ্রহ করিবে, সেই স্থলেই ঐ স্ত্রীতে উঁহাদিগের কর্ত্তৃক উৎপাদিত পুত্রগণ নিজ নিজ উৎপাদককে পিণ্ডদান করিবে। মূল্য দিয়া ঐরূপ স্ত্রী সংগ্রহ না করিলে কিন্তু, ঐ স্ত্রীতে উৎপাদিত পুত্রগণ ক্ষেত্র-স্বামীকেই পিণ্ডদান করিবে।" বাস্তবিক বলিতে হইলে পূর্ব্বপ্রদর্শিত আদিত্য-পুরাণের বচন অনুসারে কলিকালে ক্ষেত্রজ পুত্রকরণ নিষিদ্ধ হওয়ায়, ঐরূপে উৎপাদিত পুত্রমাত্রেই উৎপাদকেরই পুত্ররূপে গণ্য হইবে, ব্যবহারও এইরূপই দৃষ্ট হইয়া থাকে। আরও একটী কথা, "শূদ্র কর্ত্তৃক দাসীর গর্ভে যথেচ্ছ উৎপাদিত পুত্রও উৎপাদক পিতার ধনের অংশভাগী হইয়া থাকে, সেইজন্য পিতার মৃত্যুর পর অপর ভ্রাতৃগণ তথাবিধ ভ্রাতাকেও অংশভাগী করিবে।" যাজ্ঞবল্ক্যের এই বচনানুসারে শূদ্রদিগের ভিতরেই উক্তরূপ আচার প্রচলিত দেখা যায়; অন্য বর্ণের মধ্যে নহে। অতএব পূর্ব্বোক্ত ব্রহ্মপুরাণের বচনকেও শূদ্রবিষয়ক বলিয়াই বুঝা উচিত॥ ৫৬॥

আমরা যে "যাহার গৃহে অন্যপূর্ব্বা ভার্য্যা বাস করে, তাহার দেহে সকল

দানং প্রতিগ্রহং স্নানং সর্ব্বং তস্য বৃথা ভবেৎ ॥”

ইতি ব্রহ্মপুরাণবচনান্তরং তদ্গৃহ ইত্যুপাদানাৎ সমস্ত-গৃহকার্য্যকারিণী যস্য ইত্যর্থঃ, হারলতাদত্তবিষয়কম্‌। অত্র প্রতিগ্রহশ্রবণাৎ ব্রাহ্মণমাত্রপরং, যস্যেতি বিপ্রবিশেষণত্বেঽপ্যু-পপদ্যতে। তথা শঙ্খঃ,—

“হীনবর্ণা তু যা নারী প্রমাদাৎ প্রসবং ব্রজেৎ।

প্রসবে মরণে তজ্জমশৌচং নোপশাম্যতি ” “হীনবর্ণা” অত্র শূদ্রা, “প্রমাদাৎ” পরিণয়ং বিনা কৃতসংগ্রহাৎ। তেন যদি অপরিণীতা শূদ্রা, উত্তমবর্ণাদপত্যমুৎপাদয়তি, তদা তস্যাঃ

সমস্তেতি তথাচ জাতোঽপি দাস্যাং শূদ্রেণ কামতোঽংশহরো ভবেদিতি বচনেন শূদ্রস্যাপ্যন্যপূর্ব্বায়া বিহিতত্বেঽপি অন্যপূর্ব্বা যস্য গেহে ইতি নিন্দাশ্রবণাৎ শূদ্রেণাপি অন্যপূর্ব্বা সমস্তগৃহকার্য্যকারিণী কর্ত্তুং ন যুজ্যতে ইতি ভাবঃ। অত্রেতি যতঃ প্রতিগ্রহো ব্রাহ্মণস্যৈব ধর্ম্মঃ অতো ব্রাহ্মণমাত্রলাভে ইতি ভাবঃ। নমু যস্য গেহে ইত্যত্র যস্যেতি সামান্যত এবোক্তং তৎকথং ব্রাহ্মণমাত্রপরমুচ্যতে তত্রাহ যস্যেত্যতি। হীনবর্ণাত্র শূদ্রেতি তথাচ শূদ্রং প্রতি শূদ্রায়া হীনবর্ণত্বাভাবেন নৈতৎ শূদ্রপরমিতি ভাবঃ।

কার্য্যের অনুষ্ঠানবাধক অশৌচই বর্ত্তমান হয়, সুতরাং তাহার দান, তৎকর্ত্তৃক প্রতিগ্রহ এবং স্নান ইত্যাদি সকল কর্ম্মই বিফল হইবে” ব্রহ্মপুরাণের এইরূপ আর একটী বচন দেখিতে পাই, ঐ বচনে ‘গৃহ’ এই শব্দটীর ব্যবহার থাকায়, যাহার গৃহে অন্যপূর্ব্বা স্ত্রী গৃহকর্ত্রীরূপে সমস্ত গৃহকার্য্যকারিণী হইবে, তাহারই উক্তরূপ নিত্য অশৌচ হইবে,” হারলতা এইরূপে উক্ত বচনের বিষয় নির্দ্দেশ করিয়াছেন। উক্ত বচনে ‘প্রতিগ্রহ’ শব্দের ব্যবহার থাকায়, এই বচনটী যে, ব্রাহ্মণ-বিষয়ক তাহাই বলিতে হইবে, সুতরাং এই বচনস্থিত ‘যস্য’ এই সর্ব্বনাম পদটীকে কেবলমাত্র ‘বিপ্রস্য’ এই পদের বিশেষণরূপে নির্দ্দেশ করিলে, কোনও রূপ অসঙ্গতি হয় না। শঙ্খ বলেন, “কোনও হীনবর্ণা স্ত্রী প্রমাদবশতঃ প্রসূতিত্ব প্রাপ্ত হয়, তাহার ঐরূপে উৎপাদিত পুত্রাদির জননাশৌচ বা মরণাশৌচ কখনই নিবৃত্ত হয় না।” এই বচনের শুদ্ধিচিন্তামণিতে এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে—এই বচনস্থিত ‘হীনবর্ণা’ শব্দের অর্থ—শূদ্রজাতীয় স্ত্রী, প্রমাদাৎ শব্দের অর্থ—বিবাহ ব্যতীত সংগৃহীতা। অতএব যদি কোন অপরিণীতা শূদ্রজাতীয়া

প্রসবমরণজমশৌচং তদপত্যজনকস্য যাবজ্জীবং ভবতি ইত্যর্থঃ, ইতি শুদ্ধিচিন্তামণিঃ। যত্তু শঙ্খলিখিতৌ,—

"অন্যপূর্ব্বাসু ভার্য্যাসু ক্ষেত্রজেষু মৃতেষু চ।
নানধ্যায়ো ভবেত্তত্র নাশৌচং নোদকক্রিয়া" ইতি, তৎ অপকৃষ্টজাতিবিষয়ম্॥ ৫৭॥

মিতাক্ষরায়াং বৃদ্ধযাজ্ঞবল্ক্যঃ,—

"সংস্থিতে পক্ষিণীং রাত্রিং দৌহিত্রে ভগিনীসুতে।
সংস্কৃতে তু ত্রিরাত্রং স্যাদিতি ধর্ম্মো ব্যবস্থিতঃ॥
পিত্রোরুপরমে স্ত্রীণামূঢ়ানান্তু কথং ভবেৎ।
ত্রিরাত্রেণৈব শুদ্ধিঃ স্যাদিত্যাহ ভগবান্মনুঃ॥" সংস্কৃতে স্বয়ং দাহাদিনা সংস্কৃতে। তথাচ পৈঠীনসিঃ,—

অপকৃষ্টেতি ক্ষত্রিয়বৈশ্যয়োঃ পরিগৃহীতায়া অন্যপূর্ব্বায়াঃ স্বাপকৃষ্টজাতীয়ায়া মরণে তৎসুতোৎপত্তিমরণয়োশ্চ নানধ্যায়াদিকমিত্যর্থঃ। ৫৭॥

ব্রাহ্মণস্য তু দানং প্রতিগ্রহ ইত্যাদিনা ব্যবহোক্তা, হীনবর্ণা তু যা নারীতি

স্ত্রী, কোন এক উত্তম বর্ণান্তর্গত পুরুষের দ্বারা আপনার গর্ভে অপত্য উৎপাদন করে, তা'হইলে তাহার প্রসব বা মরণ জন্য অশৌচ ঐ অপত্য-উৎপাদক উত্তমবর্ণের যাবজ্জীবন স্থায়ী হইবে"। আমরা যে "অন্যপূর্ব্বা ভার্য্যা এবং ক্ষেত্রজাদি পুত্রের মৃত্যুতে অধ্যায়ের বাদ হইবে না, অশৌচও হইবে না, এবং তাহাদিগের উদ্দেশে উদকক্রিয়া, অর্থাৎ তর্পণাদিও করিতে হইবে না" এইরূপ একটী শঙ্খলিখিত বচন দেখিতে পাই, ঐ বচনটীকে অপকৃষ্ট জাতি বিষয়কই বলিতে হইবে। ৫৭॥

মিতাক্ষরায় বৃদ্ধ যাজ্ঞবল্ক্যের এইরূপ একটী বচন দৃষ্ট হয়, "দৌহিত্র এবং ভগিনীর পুত্র মৃত হইলে পক্ষিণী অশৌচ হইবে, কিন্তু যদি আপনার দ্বারা উহাদিগের সংস্কার অর্থাৎ অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদিত করা হয়, তাহা হইলে ত্রিরাত্র অশৌচ হইবে; পণ্ডিতগণ এইরূপ ধর্ম্মেরই ব্যবস্থা করিয়াছেন। পিতামাতার মৃত্যুতে বিবাহিত স্ত্রীদিগের অশৌচের ব্যবস্থা কিরূপ হইবে, এইরূপ প্রশ্নের উত্তরে ভগবান্ মনু বলিয়াছেন, ত্রিরাত্রই অশৌচ হইবে।" উপরিউক্ত যাজ্ঞ-

"অসম্বন্ধিনো দ্বিজান্ দহিত্বা, বহিত্বা সদ্যঃশৌচং, সম্বন্ধে তু ত্রিরাত্রমি"তি। উঢ়কন্যানান্তু দাহাদিকং বিনাপি, অন্যথা তযোঢ়ুরশৌচং, ন তস্যা ইতি মহদ্বৈষম্যং স্যাৎ। অত্রায়ং বিশেষঃ,—

"দানাধ্যয়নে বর্জ্জয়েরন্ দশাহং সপিণ্ডেষু। গুরৌ চাসপিণ্ডে ত্রিরাত্রমিতরাচার্য্যেষু" ইত্যাশ্বলায়নবচনে দশাহাশৌচমুপক্রম্য ত্রিরাত্রবিধানাৎ যাদৃশ্যয়সি যাদৃশমরণে সপিণ্ডনাং দশাহং, তাদৃশ্যয়সি তদৃশমরণে আচার্য্যাদীনাং ত্রিরাত্রাদি। অন্যথা মাতুলে পক্ষিণীং রাত্রিমি"তি মনুবচনেন

বচনস্ত বৈশ্যাতিরিক্তবিষয়কং বোধ্যম্। সম্বন্ধে তু ত্রিরাত্রমিতি সম্বন্ধোক্ত যথাসম্ভবাশৌচপ্রযোজকো গ্রাহ্যঃ। এবমসম্বন্ধিন ইত্যত্রাপি। দাহাদিকং বিনাপীতি পিত্রোর্মরণে ত্রিরাত্রমিতি শেষঃ। তযোঢ়ুরিতি জামাতৃরিত্যর্থঃ। যত্র পুত্রাদীনাং সপিণ্ডানাং সম্পূর্ণাশৌচং তত্রৈব খণ্ডাশৌচিনাং জামিনো-

---

বাক্যের বচনস্থিত 'সংস্কৃত' শব্দের অর্থ যে আমরা দাহাদি দ্বারা সংস্কৃত, এইরূপ অর্থ করিলাম, ইহার কারণ পৈঠীনসির বক্ষ্যমাণ বচনে ঐরূপ সংস্কারের কথাই স্পষ্টরূপে উল্লিখিত হইয়াছে,—যথা, "যাহাদের সহিত কোনও প্রকার সম্বন্ধ নাই, এতাদৃশ ব্রাহ্মণসন্তানের দহন ও বহনে সদ্যঃশৌচ হইবে, অর্থাৎ স্নান করার পরই শুদ্ধি লাভ হইবে, এবং যে সব ব্রাহ্মণের সহিত কোনও প্রকার সম্বন্ধ আছে, এইরূপ ব্রাহ্মণদিগের দহন বহনে ত্রিরাত্র অশৌচ হইবে।" এবং উক্ত বচনে বিবাহিত কন্যাদিগের পিতৃমাতৃমরণে যে ত্রিরাত্র অশৌচের কথা বলা হইয়াছে, উহারা দহনাদি না করিলেও, ঐ ত্রিরাত্র অশৌচভাগী হইবে। এরূপ না বলিলে, তাহাদিগের পিতা মাতার মরণ হইলেই তাহাদের স্বামীর অশৌচ হইবে, অথচ তাহাদের অশৌচ হইবে না, এ বড় বিষম দৃষ্ট হইয়া পড়ে। এস্থলে বিশেষ বক্তব্য এই যে, "সপিণ্ডের মৃত্যুতে দশাহ পর্য্যন্ত দান এবং অধ্যয়ন বর্জ্জন করিবে, অসপিণ্ড গুরু এবং অপরাপর আচার্য্যের মৃত্যুতে ত্রিরাত্র পর্য্যন্ত দান অধ্যয়ন বর্জ্জন করিবে" এই আশ্বলায়নের বচনে প্রথমেই দশাহের কথা বলিয়া, পরে ত্রিরাত্রাশৌচের বিধান করায়, ইহার এইরূপ অভিপ্রায় বুঝা যাইতেছে যে, যে বয়সে, যেরূপ মৃত্যুতে সপিণ্ডদিগের দশরাত্র অশৌচ

অজাতদন্তমাতুলমরণেঽপি ভাগিনেয়স্য পক্ষিণী স্যাৎ, তৎ-সপিণ্ডানাং সদ্যঃশৌচম্‌, "আদন্তজননাৎ সদ্য" ইত্যাদিনা মহদ্বৈষম্যং স্যাৎ।

অত্রানূঢ়াকন্যায়াঃ পিত্রাদিমরণে সম্পূর্ণাশৌচং কার্য্যমিতি রায়মুকুটপ্রভৃতয়ঃ। তন্ন,—

"অপুত্রস্য চ যা পুত্রী সৈব পিণ্ডপ্রদা ভবেৎ।

তস্য পিণ্ডান্‌ দশৈতান্‌ বা একাহেনৈব নির্ব্বপেদি"তি।

"যাবদশৌচং তাবৎ পিণ্ডান্‌ দদ্যাদি"তি বচনয়োরেকবাক্য-তয়া একাহো যুক্তঃ, একাহে দশপিণ্ডদানবিধানাৎ, একাহা-শৌচস্য সর্ব্বনিবন্ধৃভির্ব্যবস্থাপিতত্বাৎ। বৃদ্ধশাতাতপঃ,—

দীনাং পক্ষিণ্যাদিরূপং খণ্ডাশৌচম্‌, যত্র তু পুত্রাদীনাং সপিণ্ডানাং খণ্ডাশৌচং তত্র ভাগিনেয়াদীনাং খণ্ডাশৌচিনামশৌচাভাব ইতি। বিশেষং দর্শয়তি তন্নায়মিতি। উক্তঞ্চ প্রামাণিকৈঃ,—ন খণ্ডে খণ্ডমিষ্যতে ইতি তন্নেতি হারলতাবিরুদ্ধত্বাদিতি শেষঃ। তদেব বিরোধং দর্শয়তি অপুত্রস্যেত্যাদিনা। বা ইতি বাশব্দো ব্যবস্থিত-

---

হইবে, আচার্য্যদিগের সেই বয়সে সেইরূপ মৃত্যুতেই ত্রিরাত্র অশৌচ হইবে। এরূপ ব্যবস্থা যদি না করা হয়, তাহা হইলে, মাতুলের মৃত্যুতে পক্ষিণী অশৌচ হইবে, এই সাধারণ মনুবচন অনুসারে, অজাতদন্ত মাতুলের মৃত্যুতেও ভাগি-নেয়ের পক্ষিণী অশৌচ হইতে পারে, কিন্তু অন্যদিকে "যে পর্য্যন্ত দাঁত না উঠে, এইরূপ বালকের মৃত্যুতে সপিণ্ডদিগের সদ্যঃশৌচ হইবে," এই বচন অনুসারে তাদৃশ মাতুলের মৃত্যুতে তাহার সপিণ্ডদিগের সদ্যঃশৌচই হইবে, সপিণ্ডদিগের সদ্যঃশৌচ, অথচ ভাগিনেয়ের পক্ষিণী অশৌচ—এ বড় বৈষম্য হইয়া উঠে। এ বিষয়ে আরও বক্তব্য এই যে, রায়মুকুট প্রভৃতি নিবন্ধকারগণ পিত্রাদির মরণে অবিবাহিতা কন্যার সম্পূর্ণাশৌচের ব্যবস্থা করিয়াছেন। কিন্তু ওরূপ ব্যবস্থা ঠিক হয় না। "অপুত্র ব্যক্তির কন্যাই পিণ্ডদাত্রী হইবে। কিন্তু ঐ কন্যা মৃত পিতার উদ্দেশে দশ পিণ্ড একদিনেই প্রদান করিবে" এই একটী বচন দৃষ্ট হয়, আরও একটী বচন এইরূপ দৃষ্ট হয় যে, "অশৌচ কালের মধ্যেই দশপিণ্ড প্রদান করিতে হইবে," এই দুইটী বচনের একবাক্যতা করিলে পিতামাতার মরণে অনূঢ়া কন্যারও একাহ অশৌচ হওয়াই যুক্তিযুক্ত হইতেছে,। কেন না

"যদা ভোজনকালে তু অশুচির্ভবতি দ্বিজঃ।
ভূমৌ নিক্ষিপ্য তং গ্রাসং স্নাত্বা বিপ্রো বিশুধ্যতি॥
ভক্ষয়িত্বা তু তং গ্রাসমহোরাত্রেণ শুধ্যতি।
অশিত্বা সর্ব্বমেবান্নং ত্রিরাত্রেণ বিশুধ্যতি॥" অত্র ভোজনগততারতম্যেন স্নানাদিপ্রায়শ্চিত্তভেদাৎ, অত্রাশুচিপদং ন স্নানার্হাশৌচমাত্রপরম, অন্যথা স্নানবিধানং ব্যর্থং স্যাৎ; মরণ-

বিকল্পার্থঃ। অনয়া বাক্যতা ব্যাভেদেন বোধ্যঃ। এতচ্চ পশ্চাদ্ব্যক্তীভবিষ্যতি। বৈশব্দো নিশ্চিতার্থকঃ। প্রসঙ্গসঙ্গত্যাহ যদেতি। স্নানার্হেতি স্নানার্হমশৌচঞ্চ পুত্রজন্মনি সপিণ্ডাদিমরণে চ ভবতি ন তু সপিণ্ডজননাদৌ, তত্র স্নানবিধানাদিতি।

একাহে দশটী পিণ্ডের বিধান করা হইয়াছে, এবং অপর সকল নিবন্ধকারগণও একাহাশৌচেরই ব্যবস্থা করিয়াছেন। বৃদ্ধ শাতাতপ বলেন, যদি ভোজন করিতে করিতে ব্রাহ্মণ অশুচি হইয়া পড়ে, তাহা হইলে মাটীতে মুখের গ্রাস ফেলিয়া দিয়া স্নান করিয়া শুদ্ধিলাভ করিবে। কিন্তু যদি ঐ গ্রাস ভোজন করে, তাহা হইলে সমস্ত দিন রাত্রিই অশুচি থাকিবে, অর্থাৎ কোনও ধর্ম্মকার্য্যের অধিকারী হইবে না। আর যদি যতগুলি অন্ন তাহাকে প্রদত্ত হইয়াছিল, সেই সবগুলিই অশুচি অবস্থায় খাইয়া ফেলে, তাহা হইলে তাহার ত্রিরাত্রই অশৌচ থাকিবে।" উক্ত স্থলে ভোজনাদির তারতম্য অনুসারে স্নানাদিরূপ ভিন্ন ভিন্ন প্রায়শ্চিত্তের বিধান করায়, ইহা প্রতীত হইতেছে যে, উক্ত বচনে যে অশুচি হইবার কথা বলা হইয়াছে ঐ অশুচিশব্দের দ্বারা কেবল স্নানার্হ অশৌচের যে গ্রহণ করিতে হইবে তাহা নহে, যাহাতে স্নান করিবার আবশ্যকতা নাই, এরূপ অশৌচেরও গ্রহণ করিতে হইবে, যদি কেবলমাত্র স্নানার্হ অশৌচই এই স্থলে অভিপ্রেত হইত, তাহা হইলে সপিণ্ডমরণ এবং পুত্রজন্মের জ্ঞান এই দুইটী অশৌচেরই বিশেষরূপে নির্দ্দেশ করিলে, তাদৃশ অশৌচের প্রাপ্তি হইত, অশুচি এই কথাটি সামান্য রূপে ব্যবহৃত হইত না। কিন্তু এস্থলে 'অশুচি' কথাটী সামান্যরূপে ব্যবহৃত হওয়ায়, উহা সপিণ্ড ও সমানোদকের জনন, মরণ ও আচার্য্যাদির মৃত্যু জন্য অশৌচেরও বোধক হইতেছে। কারণ পূর্ব্বেই বলিয়াছি 'অশুচি' কথাটী এখানে কোনও বিশেষরূপে অশুচি বলিয়া নির্দ্দিষ্ট

পুত্রজন্মজ্ঞানাদেব তৎপ্রাপ্তেঃ। কিন্তু সপিণ্ডসমানোদকজননা-
চার্য্যাদিমরণাশৌচিপরমপি অবিশেষাৎ। অতএবাশুচিঃ সূত-
কাদিনা ইতি প্রায়শ্চিত্তবিবেকঃ। অহোরাত্রেণোপোষিতেন,
এবং ত্রিরাত্রেণ, প্রায়শ্চিত্তপ্রকরণাৎ ॥ ৫৮ ॥

অথ মৃত্যুবিশেষাশৌচম্।

কূর্ম্মপুরাণম্,—

"ব্যাপাদয়েদ্যথাত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ।
বিহিতং তস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকম্ ॥

অন্যথা স্বানার্হাশৌচমাত্রপরত্বে। অতএব অত্রাশুচিশব্দস্য শুচিমাত্রপরত্বাদেব।
নহোরাত্রেণ ত্রিরাত্রেণ ইত্যত্র তাবৎপর্য্যন্তমশৌচং তিষ্ঠতীতি বক্তব্যং ন তূপোষণং
কর্ত্তব্যং, তত্রাহ প্রায়শ্চিত্তেতি। তথাচ প্রায়ো নাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয়
উচ্যতে ইতি বচনাৎ তপসশ্চ দৈহক্লেশজনকরূপত্বাৎ উপবাসলাভ ইতি ভাবঃ ॥ ৫৮ ॥
ব্যাপাদয়েৎ নাশয়েৎ। নবাত্মা বক্ত্রো ধৃতির্বুদ্ধিঃ স্বভাবো ব্রহ্ম বর্ষ্ম চ ইত্যাদ্যনুশাসনাৎ

হয় নাই। এইজন্যই অর্থাৎ এইস্থলে অশুচি কথাটী সামান্যতঃ অশৌচ
বিশিষ্ট ব্যক্তির বোধক হওয়াতেই প্রায়শ্চিত্তবিবেককার উহার ব্যাখ্যা করিয়া-
ছেন,—'যে ব্যক্তি সূতকাদির দ্বারা অশৌচ বিশিষ্ট হইয়াছে। উক্ত বচনে যে
'অহোরাত্রেণ শুধ্যতি,' এইরূপ বলা হইয়াছে, উহা দ্বারা এইরূপ বুঝাতে হইবে
যে, অহোরাত্র উপবাস করিয়া থাকিলেই তবে শুদ্ধিলাভ হইবে, নতুবা অহোরাত্র
কেবলমাত্র ধর্ম্মকার্য্যশূন্য হইয়া স্বচ্ছন্দে আহারাদি করিয়া বেড়াইবে, এরূপ নহে।
এইরূপ 'ত্রিরাত্রে' শুদ্ধির কথা যে আছে, তাহার তাৎপর্য্যও ত্রিরাত্র উপবাস
করিয়া শুদ্ধিলাভ করিবে, কারণ এই দুইটী বচন, অশৌচের স্বরূপ নির্দ্দেশ-
স্থলীয় নহে, প্রায়শ্চিত্তপ্রকরণীয় ॥ ৫৮ ॥

মৃত্যুবিশেষে অশৌচ।

এক্ষণে মৃত্যুবিশেষ নিবন্ধন অশৌচের কথা বলা হইতেছে। কূর্ম্মপুরাণে
কথিত আছে—"যে ব্যক্তি স্বয়ং ইচ্ছা করিয়া আপনাকে অগ্নি বা জলাদি
দ্বারা বিনষ্ট করে, তাহার অশৌচও বিহিত হয় নাই, তাহার অগ্নিকার্য্যও

অথ কশ্চিৎ প্রমাদেন ম্রিয়তেঽগ্নিবিষাদিভিঃ।
তস্যাশৌচং বিধাতব্যং কার্য্যঞ্চাপ্যুদকাদিকম্॥

আত্মানং "স্বদেহং" "স্বয়"মিত্যুপাদানাৎ। এবঞ্চাবৈধবুদ্ধি-পূর্ব্বকাত্মঘাতিনোঽশৌচে পর্য্যুদস্তে, তদিতরস্যাশৌচপ্রাপ্তৌ, যৎপুনরভিহিতম্—"অথ কশ্চিৎ প্রমাদেন" ইত্যাদিনা, তদগ্ন্যাদিভিঃ প্রমাদমৃতে সতি, অশৌচ-জ্ঞাপনার্থম্। তচ্চ কাশ্যপোক্তং ত্রিরাত্রম্। "অগ্নিবিষাদিভি"রিত্যত্রাদিপদং রোগব্যতিরিক্তহেতুপরম্। কাশ্যপঃ,—"অনশনমৃতানামশনি-

আত্মপদেন স্বপরসাধারণদেহমাত্রমুচ্যতে: কথং স্বদেহমুচ্যতে তত্রাহ স্বয়মিত্যুপাদানা-দিতি। এবঞ্চ স্বয়মিত্যনেন চ তথাচ এতেন বুদ্ধিপূর্ব্বকত্বলাভঃ ইতি ভাবঃ। বৈধাত্মহনন-স্যনেঽশৌচস্য বক্ষ্যমাণত্বাৎ অবৈধেত্যুক্তম্, অবৈধবুদ্ধিপূর্ব্বকস্য য আত্মঘাতঃ ন বিদ্যতে যস্যেত্যর্থে মত্বর্থীয় ইন্। পর্য্যুদস্তে নিষিদ্ধে তদিতরস্য বৈধাদ্যবুদ্ধিপূর্ব্বকাত্মঘাতিনঃ। তচ্চ অশৌচবিশেষস্য, ত্রিরাত্রমিত্যস্য বিধেয়স্য বিশেষণত্বাৎ ক্লীবত্বং, শৈত্যং হি না যৎ

বিহিত হয় নাই, এবং উদকক্রিয়া, (তর্পণাদি) ও বিহিত হয় নাই। কিন্তু যদি কেহ অনবধানবশতঃ অগ্নি ও বিষাদি-দ্বারা মৃত্যু প্রাপ্ত হয়, তাহার অশৌচ গ্রহণ করা উচিত, তর্পণাদি ক্রিয়াও করা উচিত।" উক্ত বচনে যে আত্মা শব্দ আছে, তাহার অর্থ 'স্বদেহ' এইরূপ করিতে হইবে, কেননা ঐ বচনে 'স্বয়ং' এই কথাটী পৃথক্‌রূপে নির্দ্দেশ করা হইয়াছে, উহাদ্বারা বিনাশ ক্রিয়ার কর্ত্তা চৈতন্যরূপী আত্মা যে বিনাশ্য আত্মা হইতে পৃথক্ তাহা স্পষ্ট জানা যাইতেছে। এক্ষণে দেখ, উক্ত বচনে অবিধিপূর্ব্বক আত্মঘাতীর অশৌচগ্রহণ নিষিদ্ধ হওয়ায় তদ্ভিন্ন অপর সকল ব্যক্তির যে কোনও প্রকার মৃত্যুতে যে, অশৌচ হইবে, ইহা ত আপনা হইতেই সিদ্ধ হইয়াছিল, তাহার পরে যে আবার "যে কোনও ব্যক্তি প্রমাদ বশতঃ বিষাদি ও অগ্নি দ্বারা মৃত্যু প্রাপ্ত হয়," ইত্যাদি বচন দ্বারা অন্য প্রকারে মৃত ব্যক্তির জন্য অশৌচ হইবার কথা বলা হইয়াছে, উহা বিধান নহে, কিন্তু উহা দ্বারা পূর্ব্ববচনপ্রভাবে প্রমাদ বশতঃ অপঘাতে মৃত ব্যক্তির যে অশৌচ প্রাপ্ত হইয়াছিল, তাহারই জ্ঞাপন করা হইয়াছে মাত্র। এবং ঐ অশৌচ কাশ্যপোক্ত ত্রিরাত্রই হইবে। ঐ বচনে "অগ্নিবিষাদির" এইরূপে নির্দ্দিষ্ট 'আদি' পদের দ্বারা রোগাদি ভিন্ন

হতানামগ্নিজলপ্রবিষ্টানাং ভৃগুসংগ্রামদেশান্তরমৃতানাং জাত-দন্তানাং গর্ভাণাং ত্রিরাত্রমি”তি। অনশনমৃতানাং শাস্ত্রানু-মত্যা। অত্র ফলান্যাহ দানরত্নাকরে নরসিংহপুরাণম্,—

“জলপ্রবেশী চানন্দং প্রমোদং বহ্নিসাহসী।
ভৃগুপ্রপাতী সৌখ্যন্তু রণে চৈবাতিনির্ম্মলম্।
অনশনমৃতো যঃ স্যাৎ স গচ্ছেত্তু ত্রিপিষ্টপম্॥
আনন্দাদয়স্তু স্বর্গবিশেষাঃ—

প্রকৃতিজ লক্ষেত্যাদিবৎ। রোগেতি সন্নিপাতং বিনা মরণাভাবস্য বৈদ্যকশাস্ত্রোক্তত্বাৎ শস্ত্রঘাতাদিস্থলেঽপি অন্তরাসন্নিপাতভবনস্বীকারাৎ, অত্র রোগপদং মরণব্যাপকসন্নিপাত-রোগাতিরিক্তরোগপরং বোধ্যম্। দেশান্তরেতি বিদেশে ইত্যর্থঃ। বিদেশমৃতত্বঞ্চ স্বাশৌচমধ্যে অনিশ্চিতমরণকত্বম্। গর্ভাণামিতি বালানামিত্যর্থঃ। এতদ্বিশেষণঞ্চ

অপরবিধ মৃত্যুর কারণই বুঝিতে হইবে। কাশ্যপ বলিয়াছেন, “যাহারা উপবাস করিয়া মরিবে, বজ্রাঘাতে যাহাদের মৃত্যু হইবে, যাহারা আগুনে পুড়িয়া বা জলে ডুবিয়া মরিবে, যাহারা উচ্চস্থান হইতে পড়িয়া অথবা যুদ্ধস্থলে কিম্বা দেশান্তরে মৃত্যু প্রাপ্ত হইবে, উহাদের জন্য এবং জাতদন্ত বালকের মৃত্যুতে সপিণ্ডগণের ত্রিরাত্র অশৌচ হইবে।” উক্ত বচনে যে উপবাস করিয়া মরিবার কথা আছে, তাহাতে বুঝিতে হইবে,—শাস্ত্রে যেরূপ অবস্থায় উপবাস করিয়া মরিবার বিধান করা হইয়াছে, ঐরূপ অবস্থায় যদি কেহ উপবাস করিয়া মরে; নতুবা যথেচ্ছাক্রমে উপবাস করিয়া মরিলে, অশৌচ হইবে না, কারণ সেরূপ মৃতব্যক্তি আত্মঘাতী হইবে। পূর্ব্বে যে সকল প্রকার মৃত্যুর উল্লেখ করা হইল, ঐ সকল প্রকার মৃত্যুর ফল সম্বন্ধে দানরত্নাকর নামক গ্রন্থে নারসিংহ পুরাণ হইতে এইরূপ একটী বচন উদ্ধৃত করা হইয়াছে,—“জল প্রবেশে (জলে ডুবে) মরিলে, আনন্দময় লোক প্রাপ্ত হয়, বহ্নিসাহসী (অগ্নিতে দগ্ধ হইয়া মৃত) ব্যক্তি প্রমোদময় লোক প্রাপ্ত হয়, উচ্চস্থান হইতে পতিত হইয়া মৃত ব্যক্তি সৌখ্য প্রাপ্ত হয়, রণস্থলে মৃতব্যক্তি নির্ম্মললোক প্রাপ্ত হয়, এবং যে ব্যক্তি উপবাস করিয়া মৃত হয়, সে স্বর্গে গমন করে।” উক্ত বচনে যে আনন্দময়াদি লোকের কথা বলা হইয়াছে, উহারা সকলেই এক

"একবিংশত্যমী স্বর্গা নির্ম্মিতা মেরুমূর্দ্ধনী"ত্যুপক্রম্যাভিধা-
নাৎ॥ ৫৯॥

কৌর্ম্মে,—

"যঃ সর্ব্বপাপযুক্তোঽপি পুণ্যতীর্থেষু মানবঃ।
নিয়মেন ত্যজেৎ প্রাণান্ মুচ্যতে সর্ব্বপাতকৈঃ॥"

"নিয়মেন" তত্তৎসংকল্পপূর্ব্বকজলপ্রবেশাদিনা। জলপ্রবে-
শাদিকন্তু কলৌ শূদ্রস্যৈব, ব্রাহ্মণানান্তু—আদিপুরাণেন সগু-
ণাদ্যশৌচপ্রকরণোক্তেন নিষেধাৎ। তীর্থকাণ্ডকল্পতরাবাদিত্য-
পুরাণঞ্চ,—"কীদৃশৈস্তু তপোদানৈঃ পুরীং পশ্যন্তি মানবাঃ।

জাতপত্ত্রানামিতি। একবিংশত্যমীতি একবিংশতিসংখ্যকাশ্চ তে অমী চেতি পরমসমাস ইত্যাদাবিব সমাসে প্রধানস্য সংখ্যাসংখ্যানম্॥ ৫৯॥

এতচ্চ ব্যাখ্যার্থমিত্যাদিকং। প্রমাদো মরণাভিসন্ধানাভাবঃ। নৈব বিধিপ্রাপ্ত-সংকল্পাদিপূর্ব্বকজলপ্রবেশাদিকম্। তদেবাহ কৌর্ম্ম ইত্যাদিনা। যথা প্রায়শ্চিত্তে-ত্যাদিবুধৈরিত্যন্তপাঠঃ কাচিৎকঃ, স চ ন সন্দর্ভশুদ্ধঃ: প্রায়শ্চিত্তেতার্দ্ধস্য পূর্ব্ব-মনুক্তত্বাৎ, সগুণাদ্যশৌচপ্রকরণোক্তেনেত্যনেন গতার্থত্বাচ্চ। ভৃগ্বগ্নিপতনকেত্যস্য

একটী স্বর্গবিশেষ। কারণ "এই একশটী স্বর্গ সুমেরুর চূড়ায় সৃষ্ট হইয়াছে" এইরূপে আরম্ভ করিয়া, গণনার সময় উক্ত আনন্দময়াদির নাম করা হইয়াছে॥ ৫৯॥

কূর্ম্মপুরাণে বলা হইয়াছে—"যে মনুষ্য সর্ব্বপ্রকার পাপে যুক্ত হইয়াও নিয়মপূর্ব্বক পুণ্যতীর্থে প্রাণত্যাগ করে, সে সকল প্রকার পাপ হইতে বিমুক্ত হয়।" ঐ বচনে যে 'নিয়মপূর্ব্বক' বলা হইয়াছে, উহার তাৎপর্য্য এই যে,—আনন্দময়াদি লোক গমনার্থ যথাবিধি সংকল্প করিয়া পুণ্যতীর্থের জলাদিতে প্রবেশপূর্ব্বক। এই যে শাস্ত্রলিখিত জল-প্রবেশাদি দ্বারা মৃত্যুর কথা বলা হইল, কলিকালে একমাত্র শূদ্রই ঐরূপ মৃত্যুর অধিকারী, বলিয়া নির্দ্দিষ্ট করা হইয়াছে। ব্রাহ্মণাদি দ্বিজাতির পক্ষে আদি-পুরাণীয় সগুণাদ্যশৌচপ্রকরণোক্তবচন দ্বারা ঐরূপে মৃত্যু নিষিদ্ধ হইয়াছে। এবং 'তীর্থকাণ্ডকল্পতরু' নামক নিবন্ধে আদিত্যপুরাণ হইতে ঐরূপ মৃত্যুর ফল

ভানুরুবাচ,—"রাজ্যার্থং নিহতা যে চ রাজানো ধর্ম্মতৎপরাঃ।
অগ্নিবিদ্যুদ্ধতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে।
প্রাপ্নুবন্তি চ তে সর্ব্বে পুরীমৈরাবতীং শুভাম্॥
সাক্ষাদগ্নি ভগবানগ্নি র্নাগস্য বসতে মুখে।
সিংহব্যাঘ্রগজোষ্ট্রাণাং বিষ্ণুরেব ব্যবস্থিতঃ॥
বিদ্যুদগ্নিহতা যে চ সিংহব্যাঘ্রহতাশ্চ যে।
নাগৈশ্চৈব হতা যে চ তে নরাঃ পুণ্যকর্ম্মিণঃ॥"

এতচ্চ প্রমাদবৈধান্যতরমরণবিষয়ম্। অশনিহতানাং প্রমাদাৎ। ভৃগুরুচ্চদেশঃ।

ব্রহ্মপুরাণং—"প্রমাদাদপি নিঃশঙ্কস্ত্বকস্মাদ্বিধিচোদিতঃ।

অত্রস্থাস্ত্রিদিবং যান্তি যে মৃতাস্তেঽপুনর্ভবাঃ॥" "গব্যূতিঃ" ক্রোশযুগম্। তীর্থচিন্তামণৌ ব্রহ্মপুরাণম্,—
"অত্র দূরে সমীপে চ সদৃশং যোজনদ্বয়ম্।
গঙ্গায়াং মরণেনেহ নাত্র কার্য্যা বিচারণা॥"

এবং গঙ্গাদিমরণেন প্রাপ্তব্রহ্মলোকস্যাপ্যৌর্দ্ধদেহিকী ক্রিয়া তদধিকারিণা কর্ত্তব্যা নিত্যত্বাৎ। তথা চ ভাগবতে,—

ভবতীত্যর্থঃ। গঙ্গামরণপ্রকারশ্চ অর্দ্ধং নারায়ণক্ষেত্রে অর্দ্ধং কারণবারিণি ইত্যনেন বোধ্যঃ। প্রবাহমবধিং কৃত্বা যাবদ্ধস্তচতুষ্টয়ম্। অত্র নারায়ণঃ স্বামী নান্যঃ স্বামী কদাচন॥ কারণবারিণি গঙ্গাজলে। কূর্ম্মপুরাণে,—গঙ্গায়াং জ্ঞানতো মৃত্বা মুক্তিমাপ্নোতি মানবঃ। অজ্ঞানাদ্ব্রহ্মলোকঞ্চ যাতি নাস্ত্যত্র সংশয়ঃ॥ স্মৃতিঃ,—শুক্লপক্ষে দিবা ভূমৌ গঙ্গায়ামুত্তরায়ণে। ধন্যা দেহং বিমুঞ্চন্তি হৃদয়স্থে জনার্দ্দনে॥ আগ্নেয়ে,—অর্দ্ধোদকে তু জাহ্নব্যাং ম্রিয়তেঽনশনেন যঃ। স যাতি ন পুনর্জ্জন্ম ব্রহ্মসাযুজ্যমেতি চ॥ অর্দ্ধোদকং চরণাদ্যভিপর্য্যন্তম্, অনশনেন অনশনব্রতেন। অযোধ্যা মথুরা মায়া কাশী কাঞ্চী অবন্তিকা। পুরী দ্বারাবতী চৈব সপ্তৈতা মোক্ষদায়িকাঃ॥ কাঞ্চী দ্রাবিড়ান্তর্গতা বিষ্ণুকাঞ্চী শিবকাঞ্চী চ। স্কান্দে,—ত্রিভিঃ সারস্বতং তোয়ং সপ্তভিস্তু যামুনম্। মার্ম্মদং দশভিশ্চ সৈর্গাঙ্গং বর্ষেণ তীর্য্যতি॥ নাভ্যন্তর্গততোয়ানাং মৃতানাং কার্য্য দেহিনাম্। তত্তীর্থফলাবাপ্তির্নাত্র কার্য্যা বিচারণা ইতি। গঙ্গাদিতীর্থেষু চতুর্ণামেব

মন্ত্র বলিয়া দিই, এবং মৃত্যুর পর আমার পদ তাহাকে প্রদান করি। গঙ্গার তীর হইতে চারি দিকে দুই ক্রোশ স্থান গঙ্গাক্ষেত্র নামে অভিহিত হয়, ঐ ক্ষেত্র মধ্যে অনুষ্ঠিত দান, জপ, এবং হোমাদি কার্য্য সাক্ষাৎ গঙ্গার তীরে অনুষ্ঠিত তথাবিধ ধর্ম্ম কার্য্যের যে তুল্য, এ বিষয়ে কোনও সন্দেহ নাই। এই ক্ষেত্রে বাস করতঃ যাহারা শরীর ত্যাগ করে, তাহারা স্বর্গে গমন করে, সংসারে আর তাহাদিগকে আসিতে হয় না।" তীর্থচিন্তামণিতে ব্রহ্মপুরাণের এইরূপ একটী বচন উদ্ধৃত হইয়াছে—"এ যোজনদ্বয়ের মধ্যে তীরের সমীপস্থ হউক, বা দূরবর্ত্তী হউক, সকল স্থানই তুল্যরূপ পবিত্র। ইহার মধ্যে যে কোনও স্থানে মৃত্যু হইলেই যে গঙ্গামরণের সমান ফললাভ হইবে, তদ্বিষয়ে আর বিচার করিতে হইবে না।" এইরূপ হইলেও অর্থাৎ গঙ্গাদিমরণে মৃতব্যক্তির যদিও ব্রহ্মলোক লাভ হইলেও,

"কৃষ্ণে এবং ভগবতি মনোবাগ্দৃষ্টিবৃত্তিভিঃ।
আত্মন্যাত্মানমাবেশ্য সোঽন্তঃশ্বাসমুপারমৎ॥
সম্পদ্যমানমাজ্ঞায় ভীষ্মং ব্রহ্মণি নিষ্কলে।
সর্ব্বে বভূবুস্তে তূষ্ণীং বয়াংসীব দিনাত্যয়ে॥
তস্য নির্হরণাদীনি সম্পরেতস্য ভার্গব।
যুধিষ্ঠিরঃ কারয়িত্বা মুহূর্ত্তং দুঃখিতোঽভবৎ॥"

"কৃষ্ণে আত্মনি" পরমাত্মনি, আত্মানং স্বীয়াত্মানং নিবেশ্য একীকৃত্য স ভীষ্ম উপারমৎ মুক্তিং গতবান্। "নিষ্কলে" নিরুপাধৌ ব্রহ্মণি, সম্পাদ্যমানং মিলিতমাজ্ঞায় আলক্ষ্য, "তস্য" ভীষ্মস্য, "নির্হরণাদীনি" সংস্কারাদীনি সম্পরেতস্য সম্যক্ পরেতস্য মুক্তস্যাপি, ভার্গব ইতি শৌনকসম্বোধনম্। এবঞ্চৈ-

---

বর্ণানাম্, উদকমধ্যে শরীরার্দ্ধং দত্ত্বা ভূমিস্পর্শনমবশ্যং কারয়িতব্যম্। তথাচ বিষ্ণুপুরাণে ভারতবর্ষমধিকৃত্য,—ইতঃ সংপ্রাপ্যতে স্বর্গো মুক্তিমস্মাৎ প্রয়ান্তি চ। তির্য্যক্ত্বং নারকিত্বং বা যান্ত্যত্র মনুজা মুনে ইতি। নিত্যত্বাৎ অকরণে প্রত্যবায়াৎ, তথাচ যদকরণে প্রত্যবায়স্তন্নিত্যমিতি। প্রাপ্তমোক্ষস্যাপি ঔর্দ্ধদেহিকী ক্রিয়া, নিত্যত্বাৎ কর্ত্তব্যেতি মহাজনব্যবহারেণ দ্রঢয়তি তথাচেতি। বয়াংসি পক্ষিণঃ। নিরুপাধাবিতি

ঔর্দ্ধদেহিক কার্য্যে অধিকারিগণের, তাহার উদ্দেশে শ্রাদ্ধাদি ঔর্দ্ধদেহিক কার্য্য অবশ্য কর্ত্তব্য; কারণ অধিকারিগণের পক্ষে ঐ শ্রাদ্ধাদির অনুষ্ঠান নিত্য, অর্থাৎ অপরিহার্য্য। এ বিষয়ে ভাগবতের প্রমাণ যথা—"হে ভার্গব! সেই ভীষ্ম পরমাত্মস্বরূপ ভগবান্ কৃষ্ণে বাঙ্মনোবৃত্তি দ্বারা নিজে আত্মার সন্নিবেশ করিয়া মুক্তিলাভ করিয়াছিলেন; এবং সেই পাণ্ডবগণ ভীষ্মকে নিষ্কল অর্থাৎ নির্ব্বিকার (নিরুপাধি) ব্রহ্মে লয় প্রাপ্ত হইতে দেখিয়া দিনবাসনে পক্ষিগণের ন্যায় নিঃশব্দে সেই স্থানে অবস্থান করিয়াছিলেন। হে ভার্গব! সেই ভীষ্ম সম্যক্ মুক্তি প্রাপ্ত হইলেও যুধিষ্ঠির তাঁহার অন্ত্যেষ্টি ক্রিয়া সমাপন করিয়া মুহূর্ত্তকালের জন্য দুঃখিত হইয়াছিলেন।" ঐ বচনে যে 'ভার্গব' পদটী আছে, উহা শৌনকের সম্বোধন। যদি এইরূপ হইল, অর্থাৎ তীর্থবিশেষে মৃত্যুহেতু মোক্ষপ্রাপ্ত ব্যক্তিরও ঔর্দ্ধদেহিক ক্রিয়া

তেষামপি তত্তৎকর্ম্মণি তত্তদ্বচনোপাত্তপ্রেতপদস্য, পিতৃপদস্য চ মন্ত্রাদিষু যথাযথং বাচনিকত্বাৎ প্রয়োগঃ সংগচ্ছতে ॥ ৮০ ॥

ব্যাসঃ,—

"আসন্নমৃত্যুনা দেয়া গৌঃ সবৎসা চ পূর্ব্ববৎ।
তদভাবে চ গৌরেকা নরকোদ্ধারণায় বৈ॥
তদা যদি ন শক্নোতি দাতুং বৈতরণীঞ্চ গাম্।
শক্তোঽন্যোঽরুক্ তদা দত্ত্বা শ্রেয়ো দদ্যান্মৃতস্য চ॥"

"পূর্ব্ববৎ" হেমশৃঙ্গাদিনা। অত্র "মৃতস্য চে"তি শ্রবণাৎ একাদশাহেঽপি বৈতরণীদানাচারঃ। বনপর্ব্বণি,—

কার্য্যোপাধিকারণোপাধিরহিতে। তদুক্তং ভগবচ্ছঙ্করাচার্য্যৈঃ,—"কার্য্যোপাধিরয়ং জীবঃ কারণোপাধিরীশ্বরঃ। কার্য্যকারণতাং হিত্বা পূর্ণবোধোঽবশিষ্যতে ইতি। কার্য্যোপাধিঃ অবিদ্যোপাধিঃ কারণোপাধির্মায়োপাধিঃ॥ ৮০॥

অরুক্ কুষ্ঠাদিরোগরহিতঃ। বৈতরণীদানেতি আসন্নমৃত্যুনা যা গৌর্দীয়তে তস্যা

অবশ্য কর্ত্তব্য হইল, তাহা হইলে ঐরূপ মরণের পর ব্রহ্মত্বাদি, বা মোক্ষ প্রাপ্ত ব্যক্তিদিগেরও সেই সেই ঔর্দ্ধদেহিক শ্রাদ্ধাদি কার্য্যের মন্ত্রের পাঠ অনুসারে কিম্বা মৃতব্যক্তির উদ্দেশে যে প্রেত এবং পিতৃপদের প্রয়োগ করা হয়, তাহাও সঙ্গত হইল, কেন না মন্ত্রে ঐরূপ পদের প্রয়োগ তত্তৎকর্ম্মবিধায়ক বচনানুসারেই করা হইয়া থাকে। অর্থাৎ, তাদৃশ ব্যক্তির জন্য যদি ঐ সকল কর্ম্ম করাই অপরিহার্য্য হইল, তবে ঐ কর্ম্ম-বিধায়ক বচনে যেরূপভাবে মন্ত্রের প্রয়োগ করিতে বলা হইয়াছে, সেইরূপভাবে মন্ত্রের প্রয়োগ করাই উচিত॥ ৮০॥

ব্যাস বলিয়াছেন, 'মুমূর্ষু' ব্যক্তি নরক হইতে উদ্ধারের জন্য পূর্ব্ববৎ (সুবর্ণ-শৃঙ্গাদি বিশিষ্ট) সবৎসা গাভী দান করিবে, যদি সবৎসা গাভীর অভাব ঘটে, তবে কেবলমাত্র একটী গাভীই দান করিবে। যদি সেই সময় মুমূর্ষু স্বয়ং বৈতরণী গাভী প্রদান করিতে সমর্থ না হয়, তাহা হইলে অরুক্ (রোগশূন্য অর্থাৎ —ধর্ম্মকার্য্য করিতে অধিকারী) মুমূর্ষুর পুত্রাদি অপর কেহ, ঐরূপ বৈতরণী গাভী এবং মৃত ব্যক্তির পারত্রিক মঙ্গলকর অন্য বস্তু সকল প্রদান করিবে। এই বচনে 'মৃত' এই শব্দটীর ব্যবহার থাকায়, একাদশাহে অর্থাৎ মৃতব্যক্তির অশৌচান্ত

"সার্থঃ প্রবসতো মিত্রং ভার্য্যা মিত্রং গৃহে সতঃ।
আতুরস্য ভিষক্ মিত্রং দানং মিত্রং মরিষ্যতঃ॥"

বরাহপুরাণে,—

"ব্যতীপাতোঽথ সংক্রান্তিস্তথৈব গ্রহণং রবেঃ।
পুণ্যকালাস্তদা সর্ব্বে যদা মৃত্যুরুপস্থিতঃ।
গোভূতিলহিরণ্যাদি দত্তমক্ষয়তামিয়াৎ॥"

নিরবকাশত্বদত্র মলমাসাদিদোষো নাস্তি। সূতকমপি ন। তথাচ শুদ্ধিরত্নাকরে দক্ষঃ,—

নাম বৈতরণীতি এবং যমদ্বারাবস্থিতনদ্যা অপি নাম বৈতরণীতি বোধ্যম্। সার্থঃ সহগন্তা সাথীতি প্রসিদ্ধঃ। সতো বিদ্যমানস্য। ভিষগ্বৈদ্যঃ। মরিষ্যতঃ আসন্নমৃত্যোঃ। ব্যতীপাতে ইতি। শ্রবণাশ্বিধনিষ্ঠাদ্র্যা নাগদৈবতমস্তকে। যদ্যমা রবিবারেণ ব্যতীপাতঃ স উচ্যতে॥ নাগদৈবতমশ্লেষা, মস্তকং মৃগশিরঃ, অমা অমাবস্যা।

দ্বিতীয় দিনেও বৈতরণীদানের প্রথা দেখা যায়; বনপর্ব্বে লিখিত হইয়াছে, "প্রবাসী ব্যক্তির সঙ্গের সাথীই মিত্র, অর্থাৎ যে ব্যক্তি প্রবাসে আপদ্গ্রস্তের সঙ্গ পরিত্যাগ না করে, সেই পরম মিত্র, গৃহে বাসকারীর ভার্য্যাই মিত্র, রোগীর বৈদ্যই মিত্র, এবং মুমূর্ষু ব্যক্তির দানই মিত্র।" বরাহপুরাণে বলা হইয়াছে—"যে সময় মৃত্যু আসিয়া মনুষ্যের নিকট উপস্থিত হয়, সেই সময় ব্যতীপাত, সংক্রান্তি, সূর্য্যের গ্রহণ, ইত্যাদি দান বিষয়ে প্রশস্ত পুণ্যকাল সকলই সেই মুমূর্ষুর নিকট আসিয়া উপস্থিত হয়। সুতরাং সেই সময় গাভী, ভূমি, তিল, এবং হিরণ্যদানে অক্ষয় ফল লাভ হয়।" মুমূর্ষুর দান নিরবকাশ হওয়ায় অর্থাৎ মুমূর্ষু-ভিন্ন অন্য অবস্থায় ঐ সকল দান ইচ্ছামত সময়ে কর্ত্তব্যরূপে বিহিত না হওয়ায়, এবং কেবল মুমূর্ষু অবস্থাতেই কর্ত্তব্যরূপে বিহিত হওয়ায়, ঐ দানের প্রতি মলমাসাদি প্রতিবন্ধক হইবে না, অশৌচও প্রতিবন্ধক হইবে না, শুদ্ধ; অশুদ্ধ সকল সময়েই ঐ দান করা যাইবে; ঐ সময়ের দানের প্রতি অশৌচও যে প্রতিবন্ধক হইবে না, তৎসম্বন্ধে শুদ্ধিরত্নাকর নামক গ্রন্থে দক্ষের নিম্নলিখিত বচনটী প্রমাণরূপে উদ্ধৃত হইয়াছে। যথা—

"সুস্থকালে ত্বিদং সর্ব্বং সূতকং পরিকীর্ত্তিতম্।
আপদ্গতস্য সর্ব্বস্য সূতকেঽপি ন সূতকম্॥" ৮১॥

ত্রিপুষ্করাশান্তিরপি কার্য্যা। স চ যোগঃ। শ্রীপতি-রত্নমালায়াম্,—

"বিষমচরণং ধিষ্ট্যং ভদ্রা তিথির্যদি জায়তে,
দিনকরশনিক্ষ্মাপুত্রাণাং কথঞ্চন বাসরে।
মুনিভিরুদিতঃ সোঽয়ং যোগস্ত্রিপুষ্করসংজ্ঞিতঃ,
ত্রিগুণফলদো বৃদ্ধৌ নষ্টে হৃতে চ মৃতে স্মৃতঃ॥"

"বিষমচরণং ধিষ্ট্যম্" একত্রিপাদরূপেণ উভয়রাশিপ্রবিষ্টং নক্ষত্রং, কৃত্তিকা পুনর্ব্বসু প্রভৃতি।

সূতকমপি নেতি দোষজনকমিতি শেষঃ। সূতকেঽপীতি অশৌচে সত্যপি অশৌচং ন দোষাবহমিত্যর্থঃ॥ ৮১॥

ধিষ্ট্যং নক্ষত্রম্। কৃত্তিকা-পুনর্ব্বসুপ্রভৃতীতি প্রভৃতিশব্দেন উত্তরফল্গুনী-বিশাখোত্তরা-ষাঢ়াপূর্ব্বভাদ্রপদানাং গ্রহণম্। বাপ্যাদাবিতি তথাচ বাপ্যাদৌ অন্তর্জ্জলাচারো ন কর্ত্তব্যঃ কিন্তু ভূমৌ গর্ত্তং কৃত্বা তত্র জলং দত্ত্বা তজ্জলে পাদদ্বয়স্থাপনরূপান্তর্জ্জলাচারঃ

"এই যে সকল অশৌচাদির কথা বলা হইল, ইহারা সুস্থকালেই দানাদি ধর্ম্ম-কার্য্যের প্রতিবন্ধক হয়, আপদ্গত ব্যক্তি সকলের পক্ষে অশৌচ বর্ত্তমান থাকি-লেও ঐ অশৌচ, তৎকালীন অবশ্য কর্ত্তব্য ধর্ম্মকর্ম্মে প্রতিবন্ধকরূপে গণ্য হইবে না।" ৮১।

কোন ব্যক্তির মরণে ত্রিপুষ্করা দোষ ঘটিলে মৃতাশৌচের মধ্যেই ত্রিপুষ্করা দোষেরও শান্তি করা যাইতে পারে। ত্রিপুষ্করা একটি যোগ। ঐ ত্রিপুষ্করা-যোগের কথা "শ্রীপতিরত্নমালা" নামক গ্রন্থে এইরূপে উক্ত হইয়াছে।—"যদি রবি, শনি এবং মঙ্গলবারে, ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী তিথি এবং বিষমচরণধিষ্ট্য অর্থাৎ কৃত্তিকা, পুনর্ব্বসু প্রভৃতি নক্ষত্রের সম্মিলন হয়, তাহা হইলে মুনিগণ ঐরূপ বার তিথি নক্ষত্রের সংযোগকে ত্রিপুষ্কর" যোগ নামে অভিহিত করিয়াছেন, ঐ যোগের বৃদ্ধিতে ত্রিগুণবৃদ্ধি, ধনাদির লাভ ঘটিলে ত্রিগুণ লাভ ধনাদির নাশে ত্রিগুণ নাশ, চুরি হইলে ত্রিগুণ চুরি, এবং একজনের মৃত্যু হইলে উপরি উপরি তিন জনের মৃত্যু হয়।" মূলবচনে যে "বিষমচরণধিষ্ট্য"

মরণে বাপ্যাদৌ নান্তর্জ্জলাচারঃ, তথা সতি মৃতশরীর-যোগেন তস্য দুষ্টতা স্যাৎ। যথা ব্রহ্মপুরাণম্—

"যেষামভক্ষ্যং মাংসঞ্চ তচ্ছরীরৈর্যতঞ্চ যৎ।
বাপীকূপতড়াগেষু জলং সর্ব্বঞ্চ দুষ্যতি॥" "তচ্ছরীরৈ"
মৃতশরীরৈঃ, উত্তরবচনে কুণপগ্রহণাৎ। যথা,—
"সকর্দ্দমং সকুণপং তেভ্যস্তোয়মপাস্য তৎ।
প্রক্ষিপেৎ পঞ্চগব্যঞ্চ সমন্ত্রং সর্ব্বশুদ্ধিকৃৎ॥

কর্ত্তব্যঃ। জলানীম্ ওঁকারস্য রামাদিনাম্নশ্চ উচ্চারণম্ উচ্চৈঃ কার্য্যম্। তথাচ গীতা,—ওমিত্যেকাক্ষরং ব্রহ্ম ব্যাহরন্ মামনুস্মরন্। যঃ প্রয়াতি ত্যজন্ দেহং স যাতি পরমাং গতিম্॥ মাং কৃষ্ণম্। শ্রীভাগবতঞ্চ,—জন্ম লাভঃ পরং পুংসামন্তে নারায়ণস্মৃতি-

---

এইরূপ একটি সমস্ত পদ আছে, তাহার মধ্যে 'ধিষ্ণ্য' শব্দের অর্থ—নক্ষত্র, এবং বিষমচরণ শব্দের অর্থ - অসমপাদ, এই দুটি মিলিত হইয়া এইরূপ অর্থ প্রকাশ করিতেছে যে, সে সকল নক্ষত্র সমপাদে কোন রাশিতে অবস্থান করে না, যাহারা একটি রাশিতে এক পাদ, এবং অপর রাশিতে ত্রিপাদ, এইরূপ ক্রমে অবস্থান করে; যেমন কৃত্তিকা প্রভৃতি। মরণকালে 'বাপী' প্রভৃতির আবদ্ধ জলাশয়ে অন্তর্জ্জলের (অন্তর্জ্জলির) অনুষ্ঠান করিবে না, কারণ তথাবিধ জলাশয়ে অন্তর্জ্জলের অনুষ্ঠান করিলে, মৃতশরীরস্পর্শে ঐ জলাশয়ের জল দূষিত হইয়া যাইবে।" (১) এ বিষয়ে ব্রহ্মপুরাণে বলা হইয়াছে—যথা, "যাহাদের মাংস অভক্ষ্য তাহাদের মৃত শরীরের সহিত বাপী, কূপ, এবং তড়াগের জল যদি সংযুক্ত হয়, তাহা হইলে ঐ সমুদয় জল দূষিত হইবে।" উক্ত বচনে যদিও কেবল 'তাহার শরীরের সহিত' এইরূপ সাধারণ ভাবে বলা হইয়াছে, তথাপি উহার অর্থ—তাহাদের মৃত শরীর, এইরূপই বুঝিতে হইবে, কারণ পরবচনে কুণপ (শবদেহ) এই শব্দটীর ব্যবহার করা হইয়াছে, যথা, "উক্ত জলাশয় সকলে ঐ শবদেহ সংস্পৃষ্টজল যদি অল্প পরিমিত হয়, তাহা হইলে, তাহা হইতে ঐ শবদেহ ও কর্দ্দমের সহিত

---

(১) যে দেশে আবদ্ধ জলাশয় ভিন্ন, নদী প্রভৃতির মত খোলা জলাশয় নাই, সেইরূপ দেশে মাটিতে গর্ত্ত খুঁড়িয়া তাহা জলে পরিপূর্ণ করিয়া, উহাতে আসন্নমৃত্যু ব্যক্তির পা ডুবাইয়া অন্তর্জ্জল করা কর্ত্তব্য। অন্তর্জ্জলের সময় "ওঁ"কার ও রাম-নামাদি উচ্চৈঃস্বরে উচ্চারণ করাও কর্ত্তব্য।

অপাস্য কুণপং তেভ্যো বহুতোয়েভ্য এব বা।
শতং ষষ্ট্যথবা ত্রিংশত্তোয়কুম্ভান্‌ সমুদ্ধরেৎ।
পঞ্চগব্যং ততস্তেষু প্রক্ষিপেন্মন্ত্রপূর্ব্বকম্‌॥”

“বাপী” সসোপানা, নিঃসোপানঃ “কূপঃ”, “তড়াগঃ” পদ্মাকরঃ। “শতাদি” জলাল্পত্বাদ্যপেক্ষয়া অত্যল্পজলস্য সর্ব্বোদ্ধারণাভিধানাৎ।

এবং মরণসময়ে গৃহান্নিঃসার্য্যতে। অন্যথা গৃহস্য দুষ্টতা স্যাৎ। যথা বৃহদ্যমঃ,—

ত্রিত্যাদি। তেভ্যো বাপ্যাদিভ্যঃ। সমন্ত্রং পঞ্চগব্যীয়মন্ত্রপাঠপূর্ব্বকম্‌। ষষ্টীতি ক্লীবত্বং ছান্দসম্‌। সসোপানা সঘটা, আরোহণং স্যাৎ সোপানম্‌ ইত্যমরঃ। অল্পজলে শতকুম্ভান্‌, মধ্যজলে ষষ্টিকুম্ভান্‌, অধিকজলে ত্রিংশৎকুম্ভান্‌ সমুদ্ধরেৎ। জলাল্পত্বে কুম্ভাধিক্যং তত্র হেতুমাহ অত্যল্পাদি। গৃহান্নিঃসার্য্যতে ইতি অত্র প্রাঞ্চঃ,—বহির্গোময়োপলিপ্তে ব্রাহ্মণাদয়ো নেয়াঃ শূদ্রস্ত গৃহ এব স্থাপ্যঃ। তথাচাগ্নিপুরাণম্‌,—“ম্রিয়মাণো

সমস্ত জল উঠাইয়া ফেলিয়া মন্ত্র উচ্চারণপূর্ব্বক সকল প্রকার শুদ্ধির প্রয়োজক পঞ্চগব্য উহাতে নিক্ষেপ করিবে। এবং শবস্পৃষ্ট জলাশয় সকল যদি বহুজল সম্পন্ন হয়, তাহা হইলে উহা হইতে ঐ শবদেহটী প্রথমে উঠাইয়া ফেলিয়া, উহা হইতে একশত, ষাইট, অথবা ত্রিশ কলসী পূর্ণ করিয়া জল উঠাইয়া ফেলিবে, ঐরূপ জল উঠাইবার পর, ঐ জলাশয়ে মন্ত্র উচ্চারণপূর্ব্বক পঞ্চগব্য নিক্ষেপ করিবে।” যে সকল বদ্ধ জলাশয় সোপানের সহিত বর্ত্তমান, তাহাদিগকে “বাপী” বলা হয়, যাহাতে নামিবার উঠিবার সোপান নাই, তাহাদিগকে “কূপ” বলে, এবং যে সকল জলাশয়ে পদ্মফুল ফুটে, তাহাদিগকে “তড়াগ” বলে। বহুজলযুক্ত জলাশয় হইতে যে একশত ষাইট্‌ অথবা ত্রিশ কলসী জল উঠাইবার কথা বলা হইয়াছে, ইহার তাৎপর্য্য এই যে, ঐ বহু জলের আবার পরিমাণের তারতম্যানুসারে তথাবিধ জলাশয়ের মধ্যে কোন জলাশয় হইতে একশত কলসী জল উঠাইবে, কোন জলাশয় হইতে ষাইট কলসী এবং কোন জলাশয় হইতে ত্রিশ কলসী জল উঠাইয়া ফেলিবে, কারণ অত্যল্প জলবিশিষ্ট জলাশয় সকলের সমুদয় জল যে, উঠাইয়া ফেলিতে হইবে, এ কথা আগেই বলা হইয়াছে। এইরূপ মরণ সময়ে মুমূর্ষু ব্যক্তিকে

"শ্বশূদ্রপতিতাশ্চান্ত্যা মৃতাশ্চেৎ দ্বিজমন্দিরে।
শৌচং হি তত্র বক্ষ্যামি মনুনা ভাষিতং যথা॥
দশরাত্রাৎ শুনি মৃতে মাসাৎ শূদ্রে ভবেৎ শুচিঃ।
দ্বাভ্যান্তু পতিতে গেহে অন্ত্যে মাসচতুষ্টয়াৎ।
অত্যান্ত্যে বর্জ্জয়েদ্গেহমিত্যেবং মনুরব্রবীৎ॥"

"দ্বাভ্যাং" মাসাভ্যাং, মাসসন্দংশপাঠাৎ। "অন্ত্যো" ম্লেচ্ছঃ। "অত্যন্ত্যঃ" শ্বপাকঃ, ইতি বাচস্পতিমিশ্রাঃ।

যমঃ,—

বহির্নেয়ঃ শ্বাপ্যঃ শূদ্রো গৃহেহথবা। মৃন্ময়ানি তু ভাণ্ডানি সর্ব্বাণি তু সমুৎসৃজেৎ॥ স্পর্শাৎ সমুৎসৃজেৎ পৃথক্ কৃত্বা স্থাপয়েদিত্যর্থঃ। অথবেতি তীর্থসম্ভবে শূদ্রোঽপি তীর্থে নেয়ঃ ইতি ব্যবস্থিতো বিকল্প ইত্যাহুঃ। শুনীতি শুনি গেহে মৃতে সতি দশরাত্রাৎ পরং গেহং শুচীত্যর্থঃ; এবমুত্তরত্র। পতিতে পাতিত্যযুক্তে মৃতে। অত্যান্ত ইতি অন্ত্যমতিক্রান্তঃ অন্ত্যাদপি অপকৃষ্ট ইত্যর্থঃ। মাসসন্দংশেতি মাসমধ্যে ইত্যর্থঃ। তথাহি দ্বাভ্যামিত্যস্য পূর্ব্বং মাসাদিত্যুক্তং পশ্চাদপি মাসচতুষ্টয়াদিতি বক্ষ্যতি অতো মাসসন্দংশস্য পাঠঃ। সন্দংশঃ সাড়াশীতি খ্যাতঃ। যথা সন্দংশেন একয়ৈব রীত্যা ধ্রিয়তে তথাত্রাপি ধর্ত্তব্যমিতি ভাবঃ। ম্লেচ্ছশ্চাণ্ডালাদিঃ। শ্বপাকো জাতিবিশেষঃ। যথা মনুঃ,—

গৃহ হইতে বাহির করিবে, নতুবা তাহার মৃতদেহের সম্পর্কে গৃহও দূষিত হইয়া যাইবে। মৃতদেহ সম্পর্কে গৃহ যে দূষিত হয়, তৎসম্বন্ধে বৃহদ্যমের বচনটীই প্রমাণ। যথা,—"যদি ব্রাহ্মণের গৃহে কুকুর, শূদ্র, পতিত, এবং অন্ত্যজ মৃত হয়, তাহা হইলে, উহার শুদ্ধি মনু কর্তৃক যেরূপে উক্ত হইয়াছে, তাহাই এস্থলে বলিতেছি,—কুকুর, ঘরের মধ্যে মৃত হইলে দশরাত্রের পর উহার শুদ্ধি হইবে, এবং শূদ্র মৃত হইলে এক মাসের পর উহার শুদ্ধি হইবে, পতিত ব্যক্তির মরণে গৃহ দুই মাসের পর শুদ্ধ হইবে, এবং অন্ত্যজ জাতির মরণে চারি মাসের পর গৃহের শুদ্ধি হয়। কিন্তু অতিশয় অন্ত্যজ জাতির মৃত্যুতে গৃহটী একেবারে পরিত্যাগ করিবে; মনু এইরূপই বলিয়াছেন।" মূল বচনে যদিও কেবল 'দ্বাভ্যাং' এই কথাটী আছে, তা' হইলেও উহার অর্থ—'দুইমাস এইরূপই বুঝিতে হইবে, কারণ ঐ "দ্বাভ্যাং" পদটির দুই দিকেই (আগে পিছু) সাড়াশীর দাড়ার মত "মাস" শব্দের পাঠ করা হইয়াছে। মূল বচনে যে অন্ত্য

"দ্বিজস্য মরণে বেশ্ম বিশুধ্যতি দিনত্রয়াৎ।
দিনৈকেন বহির্ভূমিরগ্নিপ্রোক্ষণলেপনৈঃ॥" যথোক্ত-
কালানন্তরং কর্ত্তব্যমাহ সম্বর্ত্তঃ,—
"গৃহশুদ্ধিং প্রবক্ষ্যামি অন্তঃস্থশবদূষিতে।
প্রোৎসৃত্য মৃন্ময়ং ভাণ্ডং সিদ্ধমন্নং তথৈব চ॥
গৃহাদপাস্য তৎ সর্ব্বং গোময়েনোপলেপয়েৎ।
গোময়েনোপলিপ্যাথ ছাগেনাঘ্রাপয়েদ্‌বুধঃ॥
ব্রাহ্মণৈর্মন্ত্রপূতৈশ্চ হিরণ্যকুশবারিভিঃ।
সর্ব্বমভ্যুক্ষয়েদ্বেশ্ম ততঃ শুধ্যত্যসংশয়ম্॥"
অত্র মন্ত্রাণাদেশে গায়ত্রী॥ ৮২॥

"ক্ষত্রিয়াদ্বিপ্রকন্যায়াং সূতো ভবতি জাতিতঃ। বৈশ্যান্মাগধবৈদেহৌ রাজবিপ্রাঙ্গনা-
সুতৌ॥ শূদ্রাদায়োগবঃ ক্ষত্তা চণ্ডালশ্চাধমো নৃণাম্। বৈশ্যরাজন্যবিপ্রাসু জায়ন্তে

(অন্ত্যজ) শব্দ আছে, তাহার অর্থ—ম্লেচ্ছ। "অত্যন্ত্য (অতিশয় অন্ত্যজ) শব্দটীর অর্থ—শ্বপাক। বাচস্পতি মিশ্র উহাদের এইরূপ অর্থ করিয়াছেন। যম বলিয়াছেন—"গৃহের মধ্যে দ্বিজের মৃত্যুতে গৃহ তিন দিনের পর শুদ্ধি লাভ করে, গৃহের বাহিরে মৃত্যু হইলে ঐ ভূমি, অগ্নিস্পর্শ, জলপ্রোক্ষণ, এবং গোময় লেপনের দ্বারা একদিনেই শুদ্ধি লাভ করে।" শবস্পর্শে গৃহের যতকাল অশুদ্ধি হইবার কথা বলা হইল. সেইকাল অতীত হইবার পর ঐ গৃহের শুদ্ধি সম্পাদনের নিমিত্ত সম্বর্ত্ত এইরূপ বিধান করিয়াছেন,—"নিজের মধ্যস্থিত শবদ্বারা কোন গৃহ দূষিত হইলে, যেরূপে উহার শুদ্ধি করিতে হইবে, তাহা আমি বলিতেছি,— ঐ গৃহস্থিত মাটীর পাত্র সকল ও সিদ্ধ (পক্ব) অন্ন (ভক্ষ্যদ্রব্য) একত্র করিয়া, ঐ সকল বস্তু ঐ গৃহ হইতে বাহিরে ফেলিয়া দিবে এবং ঐ গৃহটীকে আগাগোড়া গোবর দিয়া লেপিবে, গোময় দ্বারা লেপা হইবার পর, ঐ গৃহটী ছাগলের দ্বারা আঘ্রাত করাইবে। তাহার পর ব্রাহ্মণ কর্ত্তৃক মন্ত্রপূত সোণা এবং কুশার জল দিয়া ঐ গৃহটীর সকল অংশ অভ্যুক্ষিত করিবে, এইরূপ করিলে নিশ্চয় ঐ গৃহ শুদ্ধি প্রাপ্ত হইবে।" এই বচনে মন্ত্রপূত জলের

দেবলঃ,—

"পঞ্চধা বা চতুর্দ্ধা বা ভূরমেধ্যা বিশুধ্যতি।
দুষ্টা দ্বিধা ত্রিধা বাপি শুধ্যতে মলিনৈকধা॥
দহনং খননং ভূমেরুপলেপনবাপনে।
পর্জ্জন্যবর্ষণঞ্চাপি শৌচং পঞ্চবিধং স্মৃতম্॥
প্রসূতে গর্ভিণী যত্র ম্রিয়তে যত্র মানুষঃ।
চাণ্ডালৈরুষিতং যত্র যত্র বিন্যস্যতে শবঃ॥
বিণ্মূত্রোপহতং যচ্চ কুণপো যত্র দৃশ্যতে।

বর্ণসঙ্করাঃ॥ তথা. ক্ষতুর্জ্জাতস্তথোগ্র্যাস্তু শ্বপাক ইতি কীর্ত্ত্যতে। তথা, ক্ষত্রিয়াৎ শূদ্রকন্যায়াং দুরাচারবিহারবান্। ক্ষত্রশূদ্রবপুর্জ্জন্তুরুগ্রো নাম প্রজায়তে ইতি॥ ৮২॥

পঞ্চধেতি পঞ্চভিশ্চতুর্ভি বা দহনাদিভিঃ প্রকারৈরমেধ্যা অশুদ্ধা ভূর্বিশুধ্যতীত্যর্থঃ। এবং পরত্র। অমেধ্যা দুষ্টা। মলিনানাং লক্ষণমনুপদমেব বক্ষ্যতি। পঞ্চধা ভূসংস্কারা-

দ্বারা অভ্যুক্ষণের কথা বলা হইল বটে, অথচ এ জন্য শাস্ত্রে কোনরূপ বিশেষ মন্ত্রের আদেশ করা না হওয়ায়, গায়ত্রী পাঠ করিয়াই ঐ জলকে পূত করিবে। ৮২।

দেবল বলিয়াছেন,—"বক্ষ্যমাণ পাঁচ প্রকার বা চারি প্রকার প্রক্রিয়া দ্বারা অমেধ্যা ভূমি শুদ্ধ হয় (১)। দুষ্ট ভূমি উহার মধ্যে তিন প্রকার বা দুই প্রকার প্রক্রিয়ার দ্বারা শুদ্ধ হয়, এবং মলিনা ভূমি যে কোনও এক প্রকার প্রক্রিয়া দ্বারাই শুদ্ধ হয়। যথা,—দহন (পোড়ান), খনন, গোময়াদি দ্বারা উপলেপন, বাপন, এবং উহার উপরে মেঘজলের বর্ষণ এই পাঁচ প্রকার প্রক্রিয়ায় অমেধ্যা ভূমির শুদ্ধি হয়। যে স্থলে গর্ভিণী প্রসব করে, মনুষ্য যেখানে মৃত হয়, যেস্থলে চাণ্ডালে বাস করে, যেস্থলে মৃতদেহ স্থাপিত হয়, যাহা বিণ্মূত্রসম্পর্কে দূষিত, যেস্থলে মৃতদেহ দৃষ্ট হয়, ইত্যাদিরূপ বহুবিধ

(১) অমেধ্যতার তারতম্য অনুসারে উক্ত পাঁচ প্রকার প্রক্রিয়ার সকল গুলিরই প্রয়োগ করিতে হইবে, অথবা উহাদের মধ্যে যে কোন চার প্রকার প্রক্রিয়ার যথাসম্ভব প্রয়োগ করিবে। গোস্বামী ভট্টাচার্য্য বলেন—যে স্থলে গর্ভবতী প্রসব করে, মনুষ্য মরে, চণ্ডালের বাস থাকে, অথবা শবদেহ রক্ষিত হয়, সেইরূপ অমেধ্যভূমিকে পাঁচ প্রকার প্রক্রিয়া দ্বারা শুদ্ধ করিতে হইবে। এবং যেসকল ভূমি মলমূত্র দ্বারা দূষিত অথবা অল্পক্ষণমাত্র শবদেহ দ্বারা স্পৃষ্ট, তাহা ঐ প্রক্রিয়ার মধ্যে যে কোন চার প্রকার প্রক্রিয়া যোগেই শুদ্ধ হইবে।

এবং কশ্মলভূ যষ্ঠা ভূরমেধ্যেতি কথ্যতে ॥
কৃমিকীটপদক্ষেপৈর্দূষিতা যত্র মেদিনী।
ত্রপ্সয়া কর্ষণৈঃ ক্ষিপ্তা বান্তৈর্ব্বা দুষ্টতাং ব্রজেৎ ॥
নখদন্ততনূজত্বক্‌তুষপাংশুরজোমলৈঃ।
ভস্মপঙ্কতৃণৈর্ব্বাপি প্রচ্ছন্না মলিনা ভবেৎ ॥”

“বাপনং” মৃদন্তরেণ পূরণং, “উষিতং” বাসঃ, “ত্রপ্সা” ঘনীভূতশ্লেষ্মাদি, চতুর্দ্ধাদৌ পঞ্চানাং মধ্যে যথাসম্ভবং গ্রহণ।

অঙ্গিরাঃ—

“শৌচং সহস্ররোমাণাং বায়্বগ্ন্যর্কেন্দুরশ্মিভিঃ।
রেতঃস্পৃষ্টং শবস্পৃষ্টমাবিকং নৈব দুষ্যতি ॥

মাহ মহলমিত্যাদি। কশ্মলম্ অশুদ্ধিজনকম্। তনূজং লোম, রজঃ স্ত্রীণাং পুষ্পং, মলঞ্চ দ্বাদশবিধঃ। অতন্দ্রিতঃ নিরলসঃ। বসেতি চর্ম্মক্ষতানন্তরং শুভ্রং যদ্দৃশ্যতে সৈব

অপবিত্র বস্তুপূর্ণ ভূমিকে আমেধ্যা বলে। যেখানে মৃত্তিকা কৃমি ও কীট দ্বারা, অথবা পদক্ষেপে দূষিত, যেস্থলে ঘনীভূত শ্লেষ্মাদি—শরীর হইতে নিষ্কাশিত করিয়া নিক্ষিপ্ত করা হয়, এবং যাহাতে বমন করা পদার্থ নিক্ষিপ্ত করা হয়, ঐরূপ ভূমিকে দূষিত বলে। এবং যে ভূমি নখ, দন্ত, লোম, চর্ম্ম, তুষ, পাংশু, স্ত্রীদিগের রজঃ, মল, ভস্ম, পঙ্ক, অথবা তৃণ দ্বারা আচ্ছন্ন, তাহাকে মলিনা বলে।” মূল বচনে যে, “বাপন” শব্দ আছে, তাহার অর্থ—ঐ ভূমি খননপূর্ব্বক উপরের উপরের মাটী ফেলিয়া দিয়া অপর মৃত্তিকা দ্বারা পূরণ করা। উক্ত বচনে ভূমির অপবিত্রতাভেদে উহাতে “চারি প্রকার” “তিন প্রকার”, “দুই প্রকার” এবং “এক প্রকার” এইরূপে যে, প্রক্রিয়া প্রয়োগের বিকল্প কথিত হইয়াছে, উহাদিগকে উক্ত পাঁচ প্রকার প্রক্রিয়ার মধ্য হইতেই যথাসম্ভব গ্রহণ করিতে হইবে। অঙ্গিরা বলিয়াছেন—“সহস্ররোমে নির্ম্মিত বস্ত্র অর্থাৎ কম্বল বায়ু, অগ্নি এবং সূর্য্য, ও চন্দ্রের কিরণ স্পর্শেই শুদ্ধ হয়, মেষের লোমে নির্ম্মিত বস্ত্র রেতস্পৃষ্ট, এবং শবস্পৃষ্ট হইলেও দূষিত হয় না।”

"সহস্ররোমাণাৎ" কম্বলানাম্ বিষ্ণুঃ—

"নাভেরধস্তাৎ প্রবাহুষু চ কায়িকৈর্ম্মলৈঃ সুরাভির্ম্মদ্যৈ-র্ব্বোপহতো মৃত্তোয়ৈস্তদঙ্গং প্রক্ষাল্যাচম্য শুধ্যেদন্যত্রোপহতো মৃত্তোয়ৈস্তদঙ্গং প্রক্ষাল্য স্নানেন, চক্ষুষ্যুপহতে, উপোষ্য, স্নাত্বা পঞ্চগব্যেন দশনচ্ছদোপহত"শ্চেতি।

"প্রবাহুঃ" কফোণেরধোভাগঃ। "পঞ্চগব্যেন" প্রাশিতেন শুধ্যেদিতি শেষঃ। মলাস্থাহ মনুঃ—

"বসা শুক্রমসৃঙ্মজ্জা মূত্রবিট্ কর্ণবিন্নখাঃ।

শ্লেষ্মাশ্রুদূষিকা স্বেদো দ্বাদশৈতে নৃণাং মলাঃ॥"

বৌধায়নঃ,—

"আদদীত মৃদোঽপশ্চ ষট্সু পূর্ব্বেষু শুদ্ধয়ে।

বসা। দূষিকা নেত্রমলম্। ষট্সু পূর্ব্বেষু বসাশুক্রাসৃঙ্মজ্জামূত্রবিট্সু চ। উত্তরেষু

বিষ্ণু বলিয়াছেন,—"যদি কোনও ব্যক্তি নাভির অধঃ অঙ্গে অথবা উভয় হস্তের কনুইয়ের নিম্নস্থলে শরীরজাতমল এবং সুরা কিম্বা মদ্যের দ্বারা স্পৃষ্ট হয়, তাহা হইলে, তৎক্ষণাৎ মৃত্তিকা লেপনপূর্ব্বক ও জলের দ্বারা ঐ অঙ্গ প্রক্ষালিত করিয়া শুদ্ধি লাভ করিবে। অপরাঙ্গে অর্থাৎ নাভি এবং কনুইয়ের ঊর্দ্ধে স্থিত অঙ্গে উক্ত অস্পৃশ্য ও অপবিত্র বস্তু দ্বারা স্পৃষ্ট হইলে মৃত্তিকা লেপনপূর্ব্বক জল দ্বারা ঐ অঙ্গ প্রক্ষালন করিয়া স্নান করিলে তবে শুদ্ধিলাভ করিবে। চক্ষুর্দ্বয় ও অধরোষ্ঠ উক্ত অপবিত্র বস্তু দ্বারা দূষিত হইলে, উপবাস করিয়া স্নান করিবে, পরে পঞ্চগব্য ভোজন করিবার পর শুদ্ধ হইবে।' উপরে যে শরীরজাতমলের কথা বলা হইয়াছে, মনু তাহাদিগের এইরূপে নির্দ্দেশ করিয়াছেন; যথা,—"বসা, শুক্র (রেতঃ), অসৃক্ (রুধির), মজ্জা, মূত্র, বিষ্ঠা, কাণের খোল, নখ, শ্লেষ্মা, চক্ষের জল, চক্ষের পিচুটী, এবং ঘর্ম্ম—এই বারটী মনুষ্যের শরীরজাত মল।" বৌধায়ন বলেন—"উক্ত দ্বাদশ প্রকার মলের মধ্যে প্রথমোক্ত ছয় প্রকার মলের শুদ্ধির জন্য মৃত্তিকা এবং জল ব্যবহার করিবে, এবং শেষোক্ত ছয় প্রকার মলের কেবল

উত্তরেষু চ ষট্‌স্বদ্ভিঃ কেবলাভির্ব্বিশুধ্যতি ।"

বিশেষয়তি মনুঃ,—"দেহাচ্চৈব চ্যুতা মলাঃ ॥" ৮৩ ॥

দেবলঃ,—

"মানুষাস্থি বশাং বিষ্ঠামার্ত্তবং মূত্ররেতসী।

মজ্জানং শোণিতং বাপি পরস্য যদি সংস্পৃশেৎ ॥

স্নাত্বাপমৃজ্য লেপাদীনাচম্য স শুচির্ভবেৎ।

তান্যেব স্বানি সংস্পৃশ্য পূতঃ স্যাৎ পরিমার্জ্জনাৎ ॥"

অত্র স্পর্শনং বিনা অপমার্জ্জনাসম্ভবাৎ তদনন্তরমেব স্নানা-

ষট্‌সু কর্ণবিন্নখশ্লেষ্মাশ্রুদূষিকাস্বেদেষু। কেবলাভিরিতি মৃদং বিনেত্যর্থঃ। দেহাদিতি দেহাচ্চ্যুতাশ্চেৎ তর্হি মলা উচ্যন্তে ইত্যর্থঃ ॥ ৮৩ ॥

আর্ত্তবং রজস্বলারক্তম্। লেপাদীন্ স্বগাত্রলগ্নান্ পরস্য বসাদীনপমৃজ্য দূরীকৃত্য। তান্যেবাস্থ্যাদীন্যেব। স্বানি স্বকীয়ানি স্নাত্বাপমৃজ্য ; লেপাদীনিত্যত্র পাঠক্রমাৎ অপমার্জ্জনাৎ পূর্ব্বং স্নানং লভ্যতে, তত্রানুপপত্তিং প্রদর্শ্য স্নানাৎ পূর্ব্বং মার্জ্জনং ব্যবস্থাপয়তি অত্রাপমার্জ্জনমিতি। স্পর্শসম্ভবাদিতি স্নানোত্তরমপীত্যাদি তথাচ স্বাঙ্গে লগ্নত্বাৎ পুনঃ পুনঃ স্পর্শেন স্নানধারাপত্তিরিতি ভাবঃ। তদনন্তরমেব মার্জনানন্তরমেব। পাঠক্রমাদিতি তথাহি এতদনন্তরং এতৎ পঠিতম্ ইতি কৃত্বা এতদনন্তরমেতদিতি অনুমানে

জল দিয়া ধুইলেই শুদ্ধি হয়।" মনু উক্ত প্রকার মলের নির্দ্দেশপূর্ব্বক বিশেষ করিয়া আবার বলিয়াছেন—"ঐ সকল বস্তু শরীর হইতে বহির্গত হইলেই মলরূপে গণিত হইবে।" ৮৩ ॥

দেবল বলিয়াছেন,—"অপর মনুষ্যের অস্থি, বশা, বিষ্ঠা, ঋতুসম্বন্ধী রক্তাদি, মূত্র, রেতঃ, মজ্জা, কিম্বা শোণিত যদি কেহ স্পর্শ করে, তাহা হইলে উহাদের লেপ মার্জ্জিত করিয়া স্নান ও আচমন করিবার পর শুদ্ধ হইবে। এবং নিজের ঐ সকল মল স্পর্শ করিলে কেবল ভালরূপ মার্জ্জনা দ্বারাই শুদ্ধিলাভ করিবে।" এস্থলে বক্তব্য এই যে, যদিও বচনে অগ্রে স্নান এবং পরে মার্জ্জনা ও আচমন করিবার কথা আছে, কিন্তু ঐ অপবিত্র বস্তুকে স্পর্শ না করিয়া মার্জ্জন করা অসম্ভব, কাজেই অগ্রে মার্জ্জনা করিবার পরে স্নান

চমনে কর্ত্তব্যে, পাঠক্রমাদর্থক্রমস্য বলবত্ত্বাৎ। ততশ্চ পরমল-বিশেষস্পর্শে প্রক্ষালনস্নানাচমনম্। আত্মমলস্পর্শনে প্রক্ষাল-নাচমনমাত্রম্ ॥ ৮৪ ॥

পর্য্যবসানং পাঠক্রমস্য। অনুপপত্তিজ্ঞানসহকারেণ তু যত্র ঔপাদানিকবোধং জনয়তি শাব্দসামগ্রী তত্রার্থক্রমঃ। তথাচ অনুমিতিসামগ্র্যপেক্ষয়া শাব্দসামগ্রী বলবতীতি ভাবঃ। অনয়া রীত্যা শাব্দক্রমস্য বলবত্ত্বং বোধ্যম্। প্রকৃতে উপাদানঞ্চ অপমৃজ্য পদানন্তরং স্নায়েতি পদোপাদানং প্রক্ষালনাচমনমাত্রমিতি ন তু স্নানমিত্যর্থঃ ॥ ৮৪ ॥

ও আচমন করিবে; এইরূপই বচনের তাৎপর্য্যার্থ বুঝিতে হইবে। কারণ, শাস্ত্রে পাঠক্রম অপেক্ষা অর্থক্রমেরই বলবত্তা দৃষ্ট হয়। এস্থলে, পাঠক্রম এবং অর্থক্রম এই দুটী কথা স্পষ্ট করিয়া বুঝাইলে মন্দ হইবে না। পাঠক্রম বলিতে ঋষি বচনে যেমন যথাক্রমে একটীর পর আর একটীর পাঠ করা হইয়াছে, ঐ পাঠক্রম দেখিয়া লোকের মনে এই-রূপ অনুমান সহজেই উদিত হয় যে, বচনে অমুক কার্য্যের পর যখন অমুক কার্য্য পঠিত হইয়াছে, তখন অমুক কার্য্যের পরেই অমুক কার্য্য কর্ত্তব্য। কিন্তু যদি ঐ বচনব্যবহৃত শব্দসমূহের পাঠক্রম অনুসারে কার্য্য করিলে অমুক প্রকার অনুপপত্তি ঘটে, অথচ পাঠক্রম ছাড়িয়া দিয়া অন্যক্রমে বচনের অর্থ করিলে, সে অনুপপত্তি আর থাকে না, এইরূপ বিবেচনাপূর্ব্বক বচনের যে অর্থ করা হয়, তাহাকে অর্থক্রম বলে। এই অর্থক্রম যে পাঠক্রম অপেক্ষা বলবৎ অর্থাৎ আদরণীয়, তাহার পোষক দৃষ্টান্ত এই স্থলেই দেখ।—তুমি যদি পাঠক্রমের অনুরোধে প্রথমে স্নান, তদনন্তর মার্জ্জনা, তাহার পর আচমন কর, তাহা হইলে স্নানের পর মার্জ্জনা করিবার সময় মলের স্পর্শ জন্য অপবিত্রতা থাকিয়াই গেল, সুতরাং এস্থলে পাঠক্রমে ঐরূপ অনুপপত্তি দোষ দেখিয়া, তুমি যদি এইরূপ অর্থ কর যে, বচনে অগ্রে স্নান, পরে মার্জ্জনা, অনন্তর আচমনের কথা থাকিলেও অগ্রে মার্জ্জনা, পরে স্নান, তদনন্তর আচমন করাই উহার তাৎপর্য্য; কারণ মার্জ্জনা সময়ে মল স্পর্শ জন্য যে অপবিত্রদোষ ঘটিবে স্নান দ্বারা তাহার নাশ হইবে। কাজেই প্রথমে মার্জ্জনা, পরে স্নান ও আচমন করিবে, এইরূপ অর্থ করিলে আর কোনও অনুপপত্তি থাকে না। অতএব,

বিষ্ণুঃ,—

"মৃতং দ্বিজং ন শূদ্রেণ নির্হারয়েৎ ন শূদ্রং দ্বিজেন।"

যমঃ,—

"যস্তানয়তি শূদ্রোঽগ্নিং তৃণকাষ্ঠহবীংষি চ।

মন্যতে হ্যেষ ধর্ম্মোঽস্তি স চাধর্ম্মেণ লিপ্যতে॥"

অশক্তাবপি চিতায়াং ব্রাহ্মণৈরেব তৃণাদিকং দেয়ম্॥ ৮৫॥

শ্রীভাগবতীয়তৃতীয়স্কন্ধকাপিলীয়ে,—

"তথা পাপীয়সা নীতস্তরসা যমসাদনম্।

যোজনানাং সহস্রাণি নবতিং নব চাধ্বনঃ।

নির্হারয়েদিতি নির্হরণং দাহাদি। যস্তু প্রেতস্য আনয়তি অর্থাচ্চিতায়াম্। মন্যতে ইতি এষ ধর্ম্মোঽস্তি ব্রাহ্মণচিতায়াম্ অগ্ন্যাদিদানে ধর্ম্মোঽস্তীতি শূদ্রো মন্যতে, ক্রমীভেদ রথ্যাদিভির্দগ্ধস্য কিং পরলোকে গতিরস্তি প্রত্যুক্তঞ্চ চ প্রেতোঽধর্ম্মেণ লিপ্যতে ইত্যর্থঃ। যদ্বা অত্র কর্ম্মণি অগ্ন্যাদ্যানয়নে ধর্ম্মোঽস্তীতি মন্যতে এবং শূদ্রঃ প্রত্যুত স চ প্রেতঃ শূদ্রকাধর্ম্মেণ লিপ্যতে ইত্যর্থঃ। অশক্তাবপীতি চিতায়াং তৃণাদিকং পুত্রেণ দেয়ম্, অশক্তৌ ব্রাহ্মণদ্বারা পুত্রেণ দেয়ং ন তু শূদ্রাদিদ্বারেতি ভাবঃ॥ ৮৫॥

নীতঃ অর্থাদ্যমদূতেন। নবতিমিতি অধ্বপরিমাণং নবাধিকনবতিসহস্রযোজনানি

পরের—মলবিশেষস্পর্শে অগ্রে প্রক্ষালন, পরে স্নান, অনন্তর আচমন কর্ত্তব্য এবং আত্ম-মল স্পর্শে প্রক্ষালন ও আচমন করিলেই চলিবে। ৮৪॥

বিষ্ণু বলিয়াছেন—"মৃত দ্বিজের শূদ্রের দ্বারা অন্ত্যেষ্টিক্রিয়া করাইবে না, এবং দ্বিজদ্বারা মৃত শূদ্রেরও অন্ত্যেষ্টিক্রিয়া করাইবে না।" যম বলিয়াছেন—"যে শূদ্র মৃত দ্বিজের চিতায় অগ্নি, তৃণ, কাষ্ঠ এবং ঘৃত আনয়ন করে, এবং উহাতে ধর্ম্ম আছে বিবেচনা করে, সেই শূদ্র অধর্ম্মে লিপ্ত হয়।" অতএব পুত্রাদি অধিকারীর নিজের শক্তি না থাকিলেও ব্রাহ্মণের চিতায় ব্রাহ্মণের দ্বারাই তৃণাদি প্রদান করাইবে। ৮৫॥

শ্রীভাগবতের তৃতীয় স্কন্ধের অন্তর্গত কাপিলীয় প্রকরণে লিখিত হইয়াছে—"এইরূপে পাপীয়ান্ যমদূত কর্ত্তৃক অতি ত্বরায় যমের গৃহে নীত হয়, যমের গৃহের পথ ৯৯০০০ যোজন পরিমিত হইলেও তিন মুহূর্ত্তে কখনও বা

ত্রিভির্মুহূর্তৈর্যাত্যাং বা নীতঃ প্রাপ্নোতি যাতনাঃ ॥"

"যাত্যা"মতিপাপস্থ, তেন গমনাগমনানুরোধাৎ দ্বাদশদণ্ডা-বহির্দাহ ইতি। মরণানন্তরকর্ম্মণি প্রাচীনাবীতিত্বাদিকমাহ, মনুঃ,—"প্রাচীনাবীতিনা সম্যগপসব্যমতন্দ্রিণা।

পিত্র্যমানিধনাৎ কার্য্যং বিধিবদ্দর্ভপাণিনা" ইতি।

যাজ্ঞবল্ক্যঃ,—

"ঊনদ্বিবর্ষং নিখনেন্ন কুর্য্যাদুদকং ততঃ।"

ছন্দোগপরিশিষ্টম্,—

"দুর্ব্বলং স্নাপয়িত্বা তং শুদ্ধচেলাভিসংবৃতম্।

১১০০০ গমনেতি আয়ুঃসত্ত্বেঽপি ... ... দৃষ্টা তং শরীরে পুনঃ প্রস্থাপয়তীতি অতো মুহূর্তষট্কাপেক্ষা ইতি ভাবঃ। অতন্দ্রিণা নিরালস্যেন,

---

দুই মুহূর্ত্তে সেই স্থানে নীত হইয়া পাপিষ্ঠগণ নরকভোগ করে।" তিন মুহূর্ত্তে যমের বাড়ী গমন সাধারণতঃই হইয়া থাকে, তবে অতি পাপকারী ব্যক্তিরা দুই মুহূর্ত্তেও যমদূত কর্ত্তৃক যমের বাড়ী নীত হইয়া থাকে। যাহা হউক, তিন মুহূর্ত্ত কালই যখন সাধারণের গমনের পক্ষে নির্দ্ধারিত, তখন সাধারণ মৃতব্যক্তির গমনের জন্য তিন মুহূর্ত্ত অর্থাৎ ছয় দণ্ড কাল, এবং ঐ ব্যক্তি যদি ভ্রম বশতঃ আয়ুঃ সত্ত্বেও যমদূত কর্ত্তৃক নীত হওয়ার মৃত্যুর পর যমের বাটী হইতে ফিরিয়া আসে, এই জন্য আরও ছয়দণ্ডকাল, অর্থাৎ মরিবার পর সর্ব্বশুদ্ধ দ্বাদশদণ্ড কাল প্রতীক্ষা করিয়া শবদাহ করা উচিত। মরণের পর প্রেতের উদ্দেশে যে সকল কর্ম্ম করিতে হইবে, কর্ম্মকর্ত্তা প্রাচীনাবীতী হইয়া, অর্থাৎ যজ্ঞোপবীত বিপরীত ভাবে পরিধান করিয়া যে, ঐ সকল কর্ম্ম করিবে, তাহা মনু বলিয়াছেন—যথা, "পিতার মৃত্যুর পর হইতেই তদুদ্দেশে যে সকল ক্রিয়া শাস্ত্রে কর্ত্তব্যরূপে বিহিত হইয়াছে, ঐ সকল পৈত্র্যকর্ম্ম দক্ষিণমুখ হ'য়ে হস্তে কুশ লইয়া এবং দক্ষিণস্কন্ধে উপবীত ধারণপূর্ব্বক সাবধানতার সহিত বিধিবৎ সম্পাদন করিবে।" যাজ্ঞবল্ক্য বলিয়াছেন—"দুই বৎসর বয়স পূর্ত্তি হইবার পূর্ব্বে মৃত ব্যক্তিকে মাটির মধ্যে পুঁতিয়া রাখিবে, এবং তাহার তর্পণাদিও করিবে না।" ছন্দোগপরিশিষ্টে বলা

দক্ষিণাশিরসং ভূমৌ বর্হিষ্মত্যাং নিবেশয়েৎ ॥
ঘৃতেনাভ্যক্তমাপ্লাব্য সুবস্ত্রং সুপবীতিনম্।
চন্দনোক্ষিতসর্ব্বাঙ্গং সুমনোভির্ব্বিভূষয়েৎ ॥
হিরণ্যশকলান্যস্য ক্ষিপ্ত্বা ছিদ্রেষু সপ্তসু।
মুখেষ্বথ পিধায়ৈনং নির্হরেয়ুঃ সুতাদয়ঃ ॥
আমপাত্রেঽন্নমাদায় প্রেতমগ্নিপুরঃসরম্।
একোঽনুগচ্ছেত্তস্যার্দ্ধমর্দ্ধং পথ্যুৎসৃজেদ্ভুবি ॥
অর্দ্ধমাদহনং প্রাপ্ত আসীনো দক্ষিণামুখঃ।
সব্যং জান্বাচ্য শনকৈঃ সতিলং পিণ্ডদানবৎ ॥
অথ পুত্রাদিরাপ্লুত্য কুর্য্যাদ্দারুচয়ং মহৎ।

দুর্ব্বলং গতপ্রাণং স্নাপয়িত্বা শুক্লেন বাসসা সর্ব্বং শরীরমাচ্ছাদয়েদিত্যর্থঃ। বর্হিষ্মত্যাং আস্তীর্ণকুশায়াং ভূমৌ আপ্লাব্য পুনঃ স্নাপয়িত্বা। হিরণ্যশকলানি সুবর্ণখণ্ডানি মুখেষু মুখসন্নিষু সপ্তসু ছিদ্রেষু। অন্নমিতি গৃহস্থিতান্নং তদভাবে তদানীং পক্বম্। অগ্নিপুরঃসরম্ অগ্নিহোত্রযজ্ঞীয়াগ্নিপুরঃসরম্। একঃ পুত্রাদিরন্নদাতা অনুগচ্ছেৎ পশ্চাদ্-

হইয়াছে—"সেই মৃত ব্যক্তিকে স্নান করাইয়া, বিশুদ্ধ বস্ত্রদ্বারা উঁহার শবদেহ পরিবেষ্টনপূর্ব্বক দক্ষিণ দিকে মস্তক রাখিয়া কুশাচ্ছাদিত মৃত্তিকার উপর স্থাপিত করিবে। তাহার পর ঐ দেহে ঘৃত মাখাইয়া পুনর্ব্বার স্নান করাইবে, অনন্তর শোভন বস্ত্র ও উপবীত ধারণ করাইয়া, সর্ব্বাঙ্গে চন্দনলেপনপূর্ব্বক পুষ্পদ্বারা বিভূষিত করিবে, তাহার পর মুখস্থিত সপ্ত ছিদ্রে সাত খণ্ড সুবর্ণ স্থাপনপূর্ব্বক পুত্রাদি আত্মীয়গণ ঐ সম্পূর্ণ মৃতদেহ বস্ত্র দ্বারা আচ্ছাদন করিয়া চিতাস্থানে লইয়া যাইবে। এক ব্যক্তি অপক্ব মৃৎপাত্রে অন্ন লইয়া অগ্নি পুরঃসর অর্থাৎ অগ্নির পশ্চাতে পশ্চাতে বাহিত প্রেতের অনুগমন করিবে। অর্থাৎ প্রথমে মৃত দেহের আগে আগে অগ্নি লইয়া যাইবে, তাহার পশ্চাৎ পশ্চাৎ মৃত দেহ লইয়া যাইবে। তাহার পশ্চাৎ একব্যক্তি আম পাত্রে অন্ন লইয়া যাইবে। এবং লইয়া যাইতে যাইতে অর্দ্ধপথে ঐ অন্নের অর্দ্ধেক ত্যাগ করিবে, অনন্তর শ্মশানভূমিতে যাইয়া পুত্রাদি (দাহকর্ত্তা) স্নান করিবে এবং বাম জানু ভূমিতে পাতিয়া এবং দক্ষিণ মুখে উপবিষ্ট হইয়া, পিণ্ডদানের বিধানানুসারে উক্ত অন্নের অবশিষ্টার্দ্ধ তিলের সহিত ঘৃত

ভূপ্রদেশে শুচৌ যুক্তে পশ্চাচ্চিতাদিলক্ষণম্ ॥
তত্রোত্তানং নিপাত্যৈনং দক্ষিণাশিরসং মুখে।
আজ্যপূর্ণাং স্রুচং দদ্যাৎ দক্ষিণাগ্রাং নসি স্রুবম্ ॥
যত্তাত্যক্তস্যাপ্লবনে বিশেষমাহ বরাহপুরাণম্,-
"দক্ষিণাশিরসং কৃত্বা সচেলন্তু শবং তথা।
তীর্থস্যাবাহনং কৃত্বা স্নপনং তত্র কারয়েৎ ॥
গয়াদীনি চ তীর্থানি যে চ পুণ্যাঃ শিলোচ্চয়াঃ।
কুরুক্ষেত্রঞ্চ গঙ্গাঞ্চ যমুনাঞ্চ সরিদ্বরাম্ ॥
কৌশিকীং চন্দ্রভাগাঞ্চ সর্ব্বপাপপ্রণাশিনীম্
ভদ্রাবকাশাং সরযূং গণ্ডকীং পনসাং তথা ॥
বৈণবঞ্চ বরাহঞ্চ তীর্থং পিণ্ডারকং তথা।
পৃথিব্যাং যানি তীর্থানি সরিতঃ সাগরাংস্তথা ॥
ধ্যাত্বা তু মনসা সর্ব্বে কৃতস্নানং গতায়ুষম্।

গচ্ছেৎ, পুত্রাদেঃ পশ্চাদ্গমনঞ্চ পথি অগ্রদানাদ্যৈরেব। তস্যাগ্নস্থ। আদহনং শ্মশানম্। আজ্যভূমৌ পাতয়িত্বা যুক্তে চিতাযোগ্যে, মুখে আজ্যপূর্ণাং স্রুচং দদ্যাৎ, নসি নাসিকায়াং দক্ষিণাগ্রং স্রুবং দদ্যাৎ। সর্ব্বে ইতি দ্বিতীয়ার্থে প্রথমা, তথাচ গয়াদীন্যত্যাদি সাগরাং-

---

মাথাইয়া উৎসর্গ করিবে। তাহার পর পুত্রাদি অগ্নিদাতা প্রভৃতি কাষ্ঠ সঞ্চয়-পূর্ব্বক চিতার যোগ্য পবিত্র স্থানের চিতা নির্ম্মাণযোগ্য পঞ্চবিধ সংস্কার করিবে। ঐ চিতার উপর মৃতদেহ দক্ষিণশির করিয়া স্থাপনপূর্ব্বক উহার মুখে ঘৃতপূর্ণ দক্ষিণাগ্রা স্রুক্ এবং নাসায় স্রুব প্রদান করিবে। শব দেহকে ঘৃত মাখাইবার পর যে পুনর্ব্বার স্নান করাইবার কথা বলা হইল, বরাহ পুরাণে তাহা এইরূপ বিশেষ করিয়া বিবৃত করা হইয়াছে; যথা,—বস্ত্রের সহিত শবদেহ দক্ষিণশির করিয়া তীর্থের আবাহনপূর্ব্বক স্নান করাইবে। গয়াদি তীর্থ সকলকে, পবিত্র পর্ব্বত সকলকে, কুরুক্ষেত্র, গঙ্গা, এবং নদীশ্রেষ্ঠ যমুনাকে, কৌশিকী, সর্ব্বপাপবিনাশিনী চন্দ্রভাগা, ভদ্রাবকাশা, সরযু, গণ্ডকী, এবং পনসাকে, বৈণব, বরাহ এবং পিণ্ডারক নামক তীর্থকে, এক একে আর কত নাম করা যাইবে, পৃথিবীতে যত তীর্থ, যত নদী, এবং

দেবাস্ত্বাগ্নিমুখাঃ সর্ব্বে গৃহীত্বা তু হুতাশনম্ ।
গৃহীত্বা পাণিনা চৈব মন্ত্রমেতদুদীরয়েৎ ॥
কৃত্বা তু দুষ্কৃতং কর্ম্ম জানতা বাপ্যজানতা ।
মৃত্যুকালবশং প্রাপ্য নরং পঞ্চত্বমাগতম্ ॥
ধর্ম্মাধর্ম্মসমাযুক্তং লোভমোহসমাবৃতম্ ।
দহেয়ং সর্ব্বগাত্রাণি দিব্যান্ লোকান্ স গচ্ছতু ॥
এবমুক্ত্বা ততঃ শীঘ্রং কৃত্বা চৈব প্রদক্ষিণম্ ।
জ্বলমানং তথা বহ্নিং শিরঃস্থানে প্রদাপয়েৎ ॥
চাতুর্ব্বর্ণ্যেষু সংস্থানমেবং ভবতি পুত্রিকে ॥”

“দুর্ব্বলং” গতপ্রাণম্ । “স্নাপয়িত্বা” শুক্লেন বাসসা সর্ব্বং শরীরমাচ্ছাদ্যাস্তীর্ণকুশায়াং ভূমৌ দক্ষিণাশিরসং স্থাপয়েৎ। ততো ঘৃতেনাভ্যজ্য “গয়াদী”ত্যাদি “সাগরাংস্তথে”ত্যন্তান্

স্তথেত্যন্তান্ সর্ব্বান্ মনসা ধ্যাত্বেত্যর্থঃ। দেবা ইতি দেবাস্ত্বাগ্নিমুখাঃ সর্ব্বে হুতাশনং গৃহীত্বা এনং দহন্ত্বিতি মনসা ধ্যাত্বা হুতাশনং পাণিনা গৃহীত্বা ইত্যন্বয়ঃ, কিঞ্চিৎ পূরয়িত্বা

যত সাগর আছে, তাহাদিগের সকলকে মনে ধ্যান করিয়া মৃতদেহকে স্নান করাইবে, তদনন্তর ঐ কৃতস্নান শবদেহ লইয়া চিতায় রাখিবে, এবং “অগ্নি-মুখ দেবগণ অগ্নি গ্রহণ করিয়া এই শবদেহ দহন করুন।” মনে মনে এইরূপ চিন্তা করিয়া, হস্তে অগ্নি গ্রহণপূর্ব্বক বক্ষ্যমাণ মন্ত্র উচ্চারণ করিবে। “এই মৃত মনুষ্য ধর্ম্ম ও অধর্ম্ম সংযুক্ত, এবং লোভ ও মোহের বশীভূত হইয়া জেনেই হৌক, বা না জেনেই হৌক, যে দুষ্কৃত (পাপ) কর্ম্ম সকল করিয়াছে, এই ব্যক্তি অদ্য মৃত্যুকাল বশে পঞ্চত্ব প্রাপ্ত হওয়ায়, তাহারই প্রভাবে আমি ইহার সকল গাত্র দহন করিতেছি, এই ব্যক্তি এক্ষণে দিব্যলোকে গমন করুক। এই মাত্র উচ্চারণ করিয়া শীঘ্র প্রদক্ষিণ করিবে, এবং হস্তস্থিত প্রজ্বলিত বহ্নি শবদেহের মস্তক স্থানে প্রদান করিবে। হে পুত্রি! ব্রাহ্মণাদি বর্ণ চতুষ্টয়ের পক্ষে দাহাদি কার্য্যের এই একইরূপ ব্যবস্থা।” মৃতদেহকে প্রথমে একবার স্নান করাইয়া শুক্ল বস্ত্রদ্বারা আচ্ছাদনপূর্ব্বক কুশাচ্ছাদিত ভূমিতে দক্ষিণশিরা করিয়া শোয়াইবে। পরে শবদেহে ঘৃতাদি মাখাইয়া “গয়াদি” হইতে “সাগরাংস্তথা”

সর্ব্বাংশ্চিন্তয়িত্বা পুনঃ স্নাপয়েৎ। অত্র "সুপাংসু"বিত্যনেন "সর্ব্বে" ইতি দ্বিতীয়ার্থে প্রথমা। বস্ত্রান্তরং পরিধাপ্য, উপবীতমুত্তরীয়ঞ্চ দত্ত্বা, চন্দনাদিনোপলিপ্য মুখেষু মুখসম্বন্ধিষু কর্ণনাসিকা-নেত্রদ্বয়মুখাত্মকেষু সপ্তসু ছিদ্রেষু সপ্তসুবর্ণখণ্ডিকাঃ প্রক্ষিপেৎ, তদভাবে মণিবিক্রমকাংস্যখণ্ডিকাঃ মুখে নিধায়, "কাংস্যং সুবর্ণং মণিবিক্রম"মিত্যাদিপুরাণাৎ। বস্ত্রান্তরেণাচ্ছাদ্য নির্হরেয়ুঃ। "অগ্নিপুরঃসর"মিতি সাগ্নিপরম্। তস্তারস্যার্দ্ধম্ অর্দ্ধপথে ত্যজেৎ। "আদহনেহগ্নি"মিতি "আদহনং" শ্মশানং, তৎ প্রাপ্তঃ পুত্রাদিরগ্নিদাতা আপ্লবনং কৃত্বা, বামং জান্বাচ্য ভূমিং নীত্বা,দক্ষিণামুখ উপবিশ্য তিলসহিতমপরমর্দ্ধং পিণ্ডদানেতিকর্ত্তব্যতয়া উৎসৃজেদিত্যনুষঙ্গঃ॥ ৮৬॥

কার্য্যঃ। চাতুর্ব্বর্ণ্যেষু চতুষু বর্ণেষু স্বার্থে তদ্ধিতঃ। উৎসৃজেৎ অমুকগোত্র প্রেত অমুকদেবশর্ম্মন্নেতত্তেহন্নমুপতিষ্ঠতাম্ ইত্যনেন দদ্যাৎ॥ ৮৬॥

পর্য্যন্ত বচনে যে সকল তীর্থ ও নদ নদীর নাম করা হইয়াছে, উহাদিগকে মনে মনে স্মরণ করিয়া পুনর্ব্বার স্নান করাইবে। মূল বচনে যে "সর্ব্বে" এই প্রথমান্ত পদ আছে, উহাতে "সুপাংসুপ্" এই সূত্র অনুসারে দ্বিতীয়ার স্থানেই প্রথমা করা হইয়াছে। ঐরূপ স্নান করাইবার পর শবদেহে অপর বস্ত্র পরাইয়া নূতন উত্তরীয় এবং যজ্ঞোপবীতও পরাইবে, পরে উহাতে চন্দন লেপনপূর্ব্বক মুখভাগে স্থিত মুখ, নাসিকা প্রভৃতি সাতটী ছিদ্রে সাত খণ্ড সুবর্ণ নিক্ষেপ করিবে, সুবর্ণের অভাবে মণি, বিক্রম (পলা), অথবা কাংস্যখণ্ডিকা মুখের ঐ সাতটি ছিদ্রে স্থাপিত করিতে পারে, কেমনা আদিপুরাণে "কাংস্য, সুবর্ণ, মণি অথবা বিক্রম" এইরূপ বিকল্পের বিধান করা হইয়াছে। অনন্তর ঐ সম্পূর্ণ শবদেহকে আর একখণ্ড বস্ত্র দ্বারা আচ্ছাদিত করিয়া চিতার উপর লইয়া যাইবে। উপরে যে, চিতার নিকট "শবদেহ লইয়া যাইবার সময় অগ্রে আগুন লইয়া যাইবার কথা বলা হইয়াছে, উহা সাগ্নিকদিগের পক্ষেই বুঝিতে হইবে। মূল বচনে যে, "আদহন" শব্দটি আছে, উহার—"যেখানে দহন করা হয়," এই ব্যুৎপত্তি অনুসারে শ্মশানরূপ অর্থই বুঝিতে হইবে। আদহন অর্থাৎ শ্মশান ভূমিতে

পিণ্ডদানেতিকর্ত্তব্যতা চ প্রাচীনাবীতিত্বম্, উপবীতবদুত্তরীয়ধারণঞ্চ। তথাচ বিদ্যাকরধৃতম্,—

"যথা যজ্ঞোপবীতঞ্চ ধার্য্যতে চ দ্বিজোত্তমৈঃ।
তথা সন্ধার্য্যতে বস্ত্রমুত্তরাচ্ছাদনং শুভম্॥"

অত্র দ্বিজোত্তমৈর্যথা সব্যাপসব্যাদিনা যজ্ঞোপবীতং ধার্য্যতে, তথোত্তরাচ্ছাদনমপি। অত্র যথা যজ্ঞোপবীতধারণে উত্তমত্বমবিবক্ষিতং, ক্ষত্রিয়বিশোস্তৎসম্ভবাৎ, তথোত্তরীয়ধারণে দ্বিজোত্তমত্বমবিবক্ষিতম্; স্ত্রীশূদ্রয়োরপি দ্বিজোপবীতধারণবদুত্তরীয়ধারণাচারাৎ।

তৎসম্ভবাৎ উপবীতধারণসম্ভবাৎ। দ্বিজোপবীতধারণবৎ সব্যাপসব্যাদিনা দ্বিজানাং

পুত্রাদি অগ্নিদাতা সপিণ্ড আসিবার পর, পূর্ব্বে পথে অর্দ্ধ পরিত্যক্ত অন্নের অবশিষ্টার্দ্ধ অন্নে ঘৃত মাখাইয়া তিলযুক্ত করিয়া বামজানু মাটীতে পাতিয়া, দক্ষিণ মুখে ব'সে পিণ্ডদান ক্রমে প্রেতের উদ্দেশে উৎসর্গ করিবে। ৮৬

উপরে যে 'পিণ্ডদানক্রমে' বলা হইয়াছে, তাহার তাৎপর্য্য এই যে, পিণ্ডদানের সময় পৈতা যেমন দক্ষিণ স্কন্ধে ধারণ এবং উত্তরীয় বস্ত্রও ঐরূপ করিয়া পরিধান করিতে হয়, সেইরূপ যজ্ঞোপবীত এবং উত্তরীয় ধারণ করিয়া ঐ অন্ন প্রেতের উদ্দেশে ত্যাগ করিবে। পৈতার মতই যে উত্তরীয় ধারণ করিতে হইবে, তৎসম্বন্ধে বিদ্যাকর কর্ত্তৃক উদ্ধৃত বক্ষ্যমাণ বচনটীই প্রমাণ।—"দ্বিজশ্রেষ্ঠগণ যে যে সময় যেমন যেমন প্রকারে যজ্ঞোপবীত ধারণ করিবেন, সেই সেই সময় উত্তরীয় বস্ত্রও উপবীতের অনুরূপ করিয়া ধারণ করিবেন। অর্থাৎ দ্বিজোত্তমগণ, যে সময়ে দক্ষিণ স্কন্ধে বা বামস্কন্ধে যজ্ঞোপবীত ধারণ করিবেন, উত্তরীয় বস্ত্রও সেই প্রকারে ধারণ করিবেন।" উক্ত বচনে যে, দ্বিজোত্তম কথাটী আছে, উহা দ্বারা কেবল দ্বিজাতিশ্রেষ্ঠ ব্রাহ্মণের পক্ষেই যে, ঐরূপ উপবীত ধারণের নিয়ম করা হইয়াছে, তাহা নহে, কেন না "উত্তম" শব্দটীর অর্থ এখানে অবিবক্ষিত, অর্থাৎ ধর্ত্তব্য নহে, যেহেতু সাধারণ দ্বিজাতির পক্ষেই ঐরূপ উপবীত ধারণের ব্যবস্থা সম্ভবপর হইতে পারে। যেমন উপবীত ধারণের ব্যবস্থায় 'উত্তম' কথাটীর অর্থ

"বিকচ্ছঃ কচ্ছশেষশ্চ মুক্তকচ্ছস্তথৈব চ।
একবাসা অবাসাশ্চ নগ্নঃ পঞ্চবিধঃ স্মৃতঃ ॥"

ইতি হরিশর্ম্মধৃত-গোভিলাদেকবস্ত্রস্য সামান্যতো নগ্নত্বা-ভিধানাত্তৎপরীহারায় দ্বিবস্ত্রোপযোগিত্বাচ্চ।

স্ত্রিয়াস্তু—অথ "পত্ন্যাচারমনুক্রমিষ্যামঃ" ইত্যুপক্রম্য, "স্নাত্বা বাসসী পরিধায়ে"তি হারীতেনোপদেশাচ্চ. অতএব বিবাহ-

যজ্ঞোপবীতধারণবৎ। বিকচ্ছ ইতি কচ্ছা বস্ত্রবন্ধঃ; পুংসাং সম্মুখে কচ্ছদ্বয়ং পৃষ্ঠদেশে চ একঃ কচ্ছঃ ইতি কচ্ছত্রয়ং, স্ত্রীণাঞ্চ সম্মুখে কচ্ছদ্বয়ং পৃষ্ঠদেশে চ কচ্ছদশাযুক্তং বস্ত্রাঞ্চলং পরিহিতবস্ত্রে যৎ স্ত্রী সংবৃণোতি স এব চ একঃ কচ্ছ ইতি কচ্ছত্রয়ং; তথাচ কর্ম্মমাত্রে পুংসাং স্ত্রীণাঞ্চ ত্রিকচ্ছত্বমাবশ্যকম্। যথা ভৃগুঃ,—বিকচ্ছোঽনুত্তরীয়শ্চ নগ্নশ্চা-বস্ত্র এব চ। শ্রৌতং স্মার্ত্তং তথা কর্ম্ম ন নগ্নশ্চিন্তয়েদপি বিকচ্ছঃ পরিধানাসংবৃতকচ্ছঃ। তথাচ যোগিযাজ্ঞবল্ক্যঃ,—পরিধানাদ্বহিঃ কক্ষা নিবদ্ধা হ্যাসুরী মতা। "স্মৃতিঃ,—বামে পৃষ্ঠে তথা নাভৌ কক্ষাত্রয়মুদাহৃতম্। ত্রিভিঃ কক্ষৈঃ পরীধত্তে যো বিপ্রঃ স শুচিঃ স্মৃতঃ। কক্ষা কচ্ছঃ। বৌধায়নঃ,—"নাভৌ ধৃতঞ্চ যদ্বস্ত্রমাচ্ছাদয়তি জানুনী। অন্তরীয়ং প্রশস্তং স্যাদাচ্ছন্নমুভয়োস্তয়োঃ॥ আচ্ছন্নম্ আচ্ছাদকম্। প্রচেতাঃ,—"যথা নাভৌ নিবেশয়েদিতি। স্মৃতিঃ,—"ন স্যাৎ কর্ম্মণি কঞ্চুকী"। কঞ্চুকং জামা ইতি খ্যাতম্। কচ্ছশেষ ইতি অসংবৃতকচ্ছঃ কিঞ্চিৎ পতিতকচ্ছ। ইতি যাবৎ। সামান্যতঃ

দ্বিজাতিগণের উপবীত ধারণের ন্যায় উত্তরীয় ধারণের আচার প্রচলিত আছে, সুতরাং পিণ্ডদানের সময় উঁহাদিগকেও উল্টা ক'রে উত্তরীয় ধারণ করিতে হইবে। স্ত্রী এবং শূদ্রগণের উত্তরীয় ধারণ বিষয়ে একমাত্র আচারই যে, প্রবল সাধক প্রমাণ তাহা নহে, প্রত্যুত হরিশর্ম্মা কর্ত্তৃক গোভিল হইতে বক্ষ্যমাণ যে বচনটী উদ্ধৃত হইয়াছে, তাহাতে একমাত্র (পরিধেয়) বস্ত্রধারী নগ্নরূপে (উলঙ্গ) নির্দ্দেশ করায় সকলের পক্ষেই দ্বিবস্ত্র ধারণ অত্যাবশ্যক বলিয়া প্রতীত হইতেছে। গোভিলের বচনটী যথা,—"কচ্ছরহিত, অসংবৃতকচ্ছ (যাহার কচ্ছ (কোঁচা) আধখানা ঝুলিয়া থাকে, অর্থাৎ লম্বা কোঁচা), মুক্তকচ্ছ (কাচা এবং কোঁচা শূন্য), এক বস্ত্র পরিধানকারী, অথবা একেবারেই বস্ত্রশূন্য, এই পাঁচ ব্যক্তিই "নগ্ন" (উলঙ্গ) বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে।" এই বচনটী প্রধানতঃ পুরুষসম্বন্ধেই কথিত হইয়াছে বটে, কিন্তু স্ত্রীলোকেরও যে উত্তরীয় ধারণ আবশ্যক, তাহা, "এক্ষণে পত্নীর আচারের কথা বলিতেছি" এইরূপ আরম্ভ করিয়া "স্নান করিয়া

প্রকরণীয়গোভিলসূত্রস্থ "প্রাবৃতাং যজ্ঞোপবীতিনী"মিত্যত্র স্ত্রিয়া উপবীতাভাবে যজ্ঞোপবীতধারণবৎ কৃতোত্তরীয়মিতি ভট্টভাষ্যব্যাখ্যানদর্শনাদত্রাপ্যপসব্যতয়া যুক্তত্বাচ্চ।

"অপসব্যং ততঃ কৃত্বা বস্ত্রযজ্ঞোপবীতকে।" ইতি কূর্ম্মপুরাণেঽপি বস্ত্রস্যাপ্যপসব্যত্বদর্শনাচ্চ। এতেন "স্ত্রিয়াস্তু দ্বিবস্ত্রত্বমাত্রং ন ত্বপসব্যকরণমপি, তথৈব ছন্দোগাচারকৃত্যে প্রতিহস্তকলিখনা"দিতি শ্রাদ্ধচিন্তামণ্যুক্তং নিরস্তম্॥ ৮৭॥

স্ত্রীপুংসাধারণ্যেন। উপদেশাদিতি বাক্যনী ইত্যত্র দ্বিবচনেন বস্ত্রদ্বয়স্য উপদেশাদিত্যর্থঃ। অতএব স্ত্রিয়া অপি বস্ত্রদ্বয়োপদেশাদেব। অত্রাপি মৃতকৃত্যেঽপি অপসব্যং প্রাচীনাবীতিত্বম্। এতেন বস্ত্রস্যাপ্যপসব্যত্বদর্শনেন। প্রতিহস্তকলিখনাৎ প্রতিহস্তকসংজ্ঞকপণ্ডিতবিশেষলিখনাৎ॥ ৮৭॥

বস্ত্রদ্বয় (পরিধেয় এবং উত্তরীয়) পরিধান করিবে" এইরূপ হারীতের উপদেশ বাক্য হইতে জানা যাইতেছে। অতএব স্ত্রীলোকের উত্তরীয় বস্ত্র ধারণ আবশ্যক হওয়াতেই বিবাহ প্রকরণীয় গোভিলসূত্রে যে "প্রাবৃতা" এবং "যজ্ঞোপবীতিনী", এইরূপ পদ আছে, ঐ যজ্ঞোপবীতিনী কথাটির—ভট্টভাষ্যে "স্ত্রীগণের যজ্ঞোপবীতের অভাব নিবন্ধন যজ্ঞোপবীতের ন্যায় "উত্তরীয় বস্ত্রধারিণী" এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে, এই উত্তরীয়ধারণ যখন যজ্ঞোপবীতের স্থলাভিষিক্ত হইল, তখন স্ত্রীগণ যখন পিণ্ডদান করিবে, তখন আপনাদের উত্তরীয় বস্ত্রকে অপসব্য অর্থাৎ দক্ষিণস্কন্ধে ধারণ করাই তাহাদের যুক্তিযুক্ত। "বস্ত্র এবং যজ্ঞোপবীত অপসব্য করিয়া অর্থাৎ দক্ষিণস্কন্ধে স্থাপিত করিয়া ধারণ করিবে," এই কূর্ম্মপুরাণীয় বচনে পিতৃকার্য্যে সাধারণতঃ বস্ত্রের অপসব্য করিয়া ধারণ করিবার বিধান দর্শনে, উত্তরীয় বস্ত্রই যে পিণ্ডদানের সময় স্ত্রীগণের অপসব্য করিতে হইবে, ইহা সপ্রমাণ হইল। উপরে যেরূপ সিদ্ধান্ত করা হইল, তাহাতে শ্রাদ্ধচিন্তামণিকার যে, বলিয়াছিলেন,—"স্ত্রীলোকদিগের বস্ত্রদ্বয়মাত্র ধারণ করিলেই চলিবে, তাহাদিগের আর উত্তরীয় বস্ত্র অপসব্য করিয়া ধারণ করিতে হইবে না, কারণ ছন্দোগাচারকৃত্য নামক গ্রন্থে—প্রতিহস্তক নামক পণ্ডিত ঐরূপই লিখিয়া গিয়াছেন," তাঁহাও (শ্রাদ্ধচিন্তামণিকারের এই উক্তিও) খণ্ডিত হইল। ৮৭

মৎস্যপুরাণম্,—

"ধারয়েদথ রক্তানি নারী চেৎ পতিসংবৃতা।

বিধবা তু ন রক্তানি কুমারী শুক্লবাসসী।"

পরিধানপ্রকারমাহতুঃ শঙ্খলিখিতৌ,—

"ন নাভিং দর্শয়েৎ কুলবধূরাগুল্ফাভ্যাং বাসঃ পরিদধ্যাৎ ন স্তনৌ বিবৃতৌ কুর্য্যা"দিতি।

বাসোবিন্যাসবিশেষস্তু দেশাচারাদেবাবগন্তব্যঃ। রত্নাকরোঽপ্যেবম্। শিরোঽবগুণ্ঠনমাহ ঋষ্যশৃঙ্গঃ,—

"গৃহমেধ্যা ভবেন্নিত্যং ভূষণানি প্রপূজয়েৎ।

নিত্যস্নানকৃত্যাং বেণীমর্চ্চয়েৎ পুষ্পবাসসা॥"

"গৃহমেধ্যা" গৃহকর্ম্মপরা, "পূজয়ে"ন্মার্জ্জনাদিভিঃ সংস্কুর্য্যা-

---

কুমারী অবিবাহিতা। আগুল্ফাভ্যাং, গুল্ফদ্বয়পর্য্যন্তং গুল্ফঃ পাদগ্রন্থি-

---

মৎস্য পুরাণে বলা হইয়াছে, "সধবা স্ত্রী রক্তবস্ত্র পরিধান করিবে, বিধবা এবং কুমারী (অবিবাহিতা কন্যা) রক্তবস্ত্র পরিধান করিবে না। কিন্তু শুক্লবস্ত্রদ্বয় পরিধান করিবে।" শঙ্খ এবং লিখিত বাস পরিধানের রীতি এইরূপ লিখিয়াছেন—"কুলবধূগণ, গুল্ফ হইতে নাভির উপর পর্য্যন্ত বস্ত্র পরিধান করিবে। কখনও নাভি খুলিয়া রাখিবে না, এবং স্তনদ্বয়ও যাহাতে বিবৃত না হয়, এইরূপে বস্ত্র পরিধান করিবে।" কল কথা প্রচলিত দেশাচার হইতেই বস্ত্র পরিধানের রীতি অবগত হইবে। রত্নাকরও এইকথা বলিয়াছেন। ঋষ্যশৃঙ্গ স্ত্রীদিগের মস্তক অবগুণ্ঠন করিবার কথাও বলিয়াছেন। যথা, "স্ত্রীগণ প্রত্যহ গৃহকর্ম্মে নিযুক্ত থাকিবে, এবং অলঙ্কার সকলকে অতি আদরের সহিত রক্ষা করিবে। এবং নিত্য স্নানের পর বেণী বন্ধন করিয়া তাহাকে পুষ্প ও বস্ত্রদ্বারা অলঙ্কৃত করিবে।" মূল বচনে "অলঙ্কার সকলকে আদরের সহিত রক্ষা করিবে," যে বলা হইয়াছে, তাহার তাৎপর্য্য এই যে, উহাদিগকে প্রত্যহ উত্তমরূপে মাজিয়া ঘসিয়া চকচকে করিয়া রাখিবে। এবং ঐ বচনস্থিত "স্নানকৃত্যা" শব্দের অর্থ— নিত্যস্নানের পর যাহা বাঁধা হয়, এইরূপ বেণী অর্থাৎ খোঁপা। রত্নাকর ঐরূপ ব্যাখ্যাই করিয়াছেন। উত্তরীয় প্রসঙ্গে এতগুলি অবান্তর

দিত্যর্থঃ। "নিত্যস্নানকৃতাং" নিত্যস্নানানন্তরকৃতামিতি রত্নাকরঃ। ততঃ পুত্রাদিঃ স্নানং কৃত্বা দারুচয়ং কুর্য্যাৎ। শুচিভূপ্রদেশে চিতাযোগ্যলক্ষণং পঞ্চধাসংস্কাররূপং কুর্য্যাৎ। তত্র প্রথমমাকরশোধনং, ততো গোময়েনোপলেপনং, ততঃ গৃহ্যোক্তরেখাকরণং, রেখামার্জ্জনং, রেখাভ্যুক্ষণঞ্চ, এতচ্চ নিরগ্নেরপি। "যদ্যুপেতো ভূমিজোষণাদিসমান"মিতি পারস্করসূত্রাৎ।

"উপেত" উপনীতঃ,"জোষণং" "জুষী প্রীতিসেবনয়ো"রিতি ধাত্বর্থানুসারাৎ সেবনম্, তেন "ভূমিজোষণং" ভূমিসংস্কার ইতি হারলতা। তেন উপবীতমাত্রস্য দাহে ভূমিসংস্কার ইতি। চিতায়াং দক্ষিণাশিরসম্ অধোমুখং সামগং পুমাংসং ন্যসেৎ।

মৃত্তিকা। পুষ্পবাসসা পুষ্পেণ বাসসা চ। আকরশোধনং কুদ্দালাদিনা স্থানপরিষ্কারঃ। স্বগৃহ্যোক্তেতি যথা হোমার্থং স্থণ্ডিলে রেখা ক্রিয়তে তথা রেখাকরণমিত্যর্থঃ। উপেত ইতি মৃত ইতি শেষঃ। দক্ষিণাশিরস্মিতি। তত্রোত্তানং নিপাত্যৈনং দক্ষিণা-

---

কথা বলিয়া, আবার সেই যাজ্ঞবল্ক্যের বচনেরই ব্যাখ্যা করিতেছেন—পূর্ব্বে যে চিতা নির্ম্মাণ যোগ্য ভূমিতে সংস্কারের কথা বলা হইয়াছে, ঐ সংস্কার পাঁচ প্রকার যথা,—(১) প্রথমে আকর শোধন (কোদাল দিয়া স্থান চাঁচা), পরে (২) তাহার উপর গোময়ের দ্বারা লেপন, অনন্তর (৩) উহার উপর গৃহ্যশাস্ত্রোক্ত রেখার অঙ্কন, ও (৪) রেখামার্জ্জন, এবং (৫) ঐ রেখার অভ্যুক্ষণ, এই পাঁচ প্রকার সংস্করণ নিরগ্নির চিতাযোগ্য ভূমিতেও করিতে হইবে। কেননা, পারস্করের একটি সূত্রে বলা হইয়াছে, "যদি উপনীত হয়, অর্থাৎ মৃত ব্যক্তির যদি উপনয়ন সংস্কার সম্পন্ন হইয়া থাকে, তাহা হইলে, সাগ্নিকের মতই তাহারও ভূমি জোষণাদি কার্য্য করিতে হইবে।" 'জোষণ' এই কথাটী জুষ ধাতু হইতে নিষ্পন্ন, জুষ ধাতুর অর্থ প্রীতি এবং সেবন, উহার সেবনার্থই এখানে গৃহীত হইয়াছে। সেই জন্য হারলতা "ভূমিজোষণ" শব্দের 'ভূমিসংস্কার' এইরূপ অর্থ করিয়াছেন। উপরে যাহা বলা হইল, তাহাতে জানা যাইতেছে যে, উপবীত ব্যক্তি মাত্রেরই দাহ কার্য্যের সময় চিতাযোগ্য ভূমির সংস্কার করিতে হইবে। বচনে "মৃতদেহ দক্ষিণশির করিয়া চিতার উপর স্থাপন করিবে" এইটুকু মাত্র

ছন্দোগপরিশিষ্টেন দক্ষিণাশিরস্ত্বাভিধানাৎ। নন্বু যদি ছন্দোগ-পরিশিষ্টাৎ সামগানাং দক্ষিণাশিরস্ত্বং, তর্হি "উত্তানদেহত্বং" কথং নাদ্রিয়তে,—উচ্যতে? উত্তানদেহত্বস্ত স্রুবাদিপাত্র-

---

শিরসং মুখে ইত্যনেনেত্যর্থঃ। তর্হি উত্তানদেহত্বমিতি তন্মোত্তানং নিপাত্যৈনমিতি ছন্দোগপরিশিষ্টোক্তমিত্যর্থঃ। তন্নিবৃত্তৌ স্রুগাদিপাত্রত্যাসনিবৃত্তৌ। তন্নিবৃত্তিঃ উত্তানদেহত্বনিবৃত্তিঃ। নিরস্যেতি নন্বু তন্মোত্তানং নিপাত্যৈনং দক্ষিণাশিরসং মুখে ইত্যেকস্মিন্ বচনে উভয়মেব বিহিতং তৎ কথম্ উত্তানদেহত্বস্ত ন বাচনিকত্বমিতি চেৎ,

---

কথিত হইলেও, সামবেদী পুরুষের মৃতদেহ দক্ষিণশির ও অধোমুখ করিয়া যে, চিতায় স্থাপিত করিতে হইবে, ইহাই বুঝিতে হইবে। কেন না, ছন্দোগপরিশিষ্টে দক্ষিণশির করিয়া চিতায় শব স্থাপন করিবার কথাই বলা হইয়াছে। যদি বল, যদি ছন্দোগপরিশিষ্টের বচন প্রমাণে সামবেদীয়দিগের দক্ষিণদিকে শির করিয়া শব স্থাপন স্থির করা হইল, তবে ঐ ছন্দোগপরিশিষ্টেরই বিধানানু-সারে তাহাদিগের শবদেহ চিৎ করিয়া চিতার উপর না রাখিয়া, অধোমুখ অর্থাৎ উপুড় করিয়া রাখিবার কথা বলা হইতেছে কেন? ইহার উত্তর এই যে, ছন্দোগ-পরিশিষ্টে মুখ ও নাসিকাতে স্রুক্ এবং স্রুব স্থাপনের অনুরোধেই শবদেহকে চিৎ করিয়া চিতায় শোয়াইবার কথা বলা হইয়াছে। যেস্থলে উক্তরূপ স্রুক্ এবং স্রুব স্থাপনের আবশ্যকতাই নাই, সেইস্থলে চিৎ করিয়া শোয়াইবার প্রসক্তিও হইতে পারে না। যদি বল, যেস্থলে স্রুক্ এবং স্রুব বিন্যাসের প্রসঙ্গ নাই, সেই স্থলে দক্ষিণশির করিয়া শব স্থাপন করিবারও প্রসক্তি না হউক, কারণ একই বচনে মৃত দেহ চিতার উপর চিৎ করিয়া শোয়াইবার এবং দক্ষিণশির করিবার বিধান করা হইয়াছে; তাহার মধ্যে—একটীকে ছাড়িয়া অপরটীকে গ্রহণ করা হয় কেন? ইহার উত্তর এই যে, বচনে যে সকল বিধান করা হয়, উহাদের মধ্যে কোনও বিধানে যদি কোনও প্রকার দৃষ্ট প্রয়োজন লক্ষিত হয়, তাহা হইলে ঐ বিধানকে আর অদৃষ্টার্থক কল্পনা করা হয় না। যাহার কোনও দৃষ্ট প্রয়োজন লক্ষিত হয় না, সেইরূপ বিধানকেই অদৃষ্টার্থক বা বাচনিক বলে। এই বাচনিক বিধানই সর্ব্বত্র গৃহীত হইয়া থাকে। কিন্তু দৃষ্ট প্রয়োজন ব্যতীত দৃষ্টার্থ বিধান গৃহীত হয় না। এক্ষণে দেখ একই বচনে চিৎ করিয়া শোওয়ান, এবং দক্ষিণ-শির করিয়া রাখা, এইদুইটিই তুল্যরূপে বিহিত হইলেও চিৎ করিয়া শোওয়ান

ভাসানুরোধিত্বেন তন্নিবৃত্তৌ, তন্নিবৃত্তির্যুক্তা। দক্ষিণাশিরস্কত্ব তু বাচনিকত্বাৎ নিরগ্নিবিষয়কত্বমপি। নার্য্যাস্তু উত্তানদেহত্বম্, যথাদিপুরাণম্,—

"সগোত্রৈর্গৃহীত্বা তু চিতামারোপ্যতে শবঃ।
অধোমুখো দক্ষিণাদিচরণস্তু পুমানিতি।
উত্তানদেহা নারী তু সপিণ্ডৈরপি বন্ধুভিঃ" ॥"

"দক্ষিণাদিচরণ" ইত্যনেন উত্তরশিরস্কত্বং যত্তৎ সামগেতর-

যত্তো বচনস্ত দৃষ্টার্থকত্বসম্ভবে অদৃষ্টার্থকত্বং ন স্বীক্রিয়তে, প্রকৃতে চ উত্তানদেহত্বস্ত মুখাদৌ স্রুগাদিদানরূপদৃষ্টপ্রয়োজনকত্বমস্তি দক্ষিণাশিরস্কত্বস্ত তু কিমপি দৃষ্টপ্রয়োজনং নাস্তীত্যতো বাচনিকং তদিতি সুধীভির্ভাব্যম্। ছন্দোগপরিশিষ্টং,—"ঘৃতেনাভ্যক্তমাপ্লাব্য সবস্ত্রং সুপবীতিনম্। চন্দনোক্ষিতসর্ব্বাঙ্গং সুমনোভির্বিভূষয়েৎ।" "বরাহপুরাণং,— ঘৃততৈলসমাযুক্তং কৃত্বা দেহবিশোধনম্। দক্ষিণাশিরসং কৃত্বা সচেলন্তু শবস্তথা॥ তীর্থ-ভাবাহনং কৃত্বা স্নপনং তত্র কারয়েৎ॥" আদিপুরাণং,—"প্রেতঃ স্নাতো বস্ত্রমাল্যগন্ধ-পুষ্পাদ্যলঙ্কৃতঃ। শ্মশানভূমিং নেতব্যো ব্রাহ্মণৈরনহঙ্কৃতৈঃ॥ মুখে নিধায় বা কাংস্যং সুবর্ণং মণিবিদ্রুমম্। চতুর্ব্বিধেন বাদ্যেন কুর্য্যাৎ কোলাহলং মহৎ॥" শিষ্টৈরাস্তিকৈঃ।

বিধানে মুখে ও নাসিকায় স্রুক্ স্রুব বিন্যাসরূপ দৃষ্ট প্রয়োজন পরিলক্ষিত হই-তেছে, চিৎ ক'রে না শোয়াইলে, মুখ ও নাসিকায় স্রুক্ এবং স্রুব থাকিতেই পারে না, সুতরাং যেস্থলে মুখে ও নাসিকায় স্রুক্ এবং স্রুবের বিন্যাসের আবশ্য-কতা সেইস্থলেই চিৎ করিয়া শোয়াইতে হইবে, তদ্ভিন্নস্থলে চিৎ ক'রে শোওয়ান এই বিধানটীর প্রবৃত্তি হইবে কেন? কিন্তু দক্ষিণশির করিয়া রাখা রূপ দ্বিতীয় বিধানের তাদৃশ কোনও রূপ দৃষ্ট প্রয়োজন লক্ষিত হইতেছে না, সুতরাং ঐ বিধানটী বাচনিক, অতএব উহা সামবেদীয় সাগ্নিক, নিরগ্নিক সকলের পক্ষেই গ্রাহ্য। কিন্তু স্ত্রীমাত্রেরই মৃতদেহ চিতার উপর চিৎ করিয়া যে শোয়াইতে হইবে, আদিপুরাণে তাহা বলা হইয়াছে; যথা—"সগোত্রজ ব্যক্তিগণ ধরাধরি করিয়া শবদেহ চিতার উপর আরোপিত করিবে। এবং পুরুষদেহের চরণ দক্ষিণদিকে রাখিয়া উহাকে অধোমুখে করিয়া স্থাপন করিবে। আর, স্ত্রীদেহকে সপিণ্ড এবং বন্ধুগণ চিৎ করিয়া চিতার উপর শোয়াইবে।" উক্ত বচনে, দক্ষিণদিকে চরণ রাখি-বার বিধান করায় উত্তরশিরা করিয়া শবদেহ চিতায় শোয়াইবার যে বিধি

শবম্। হারলতাপ্যেবম্। ততো "দেবাশ্চাগ্নিমুখাঃ সর্ব্বে হুতাশনং গৃহীত্বা এনং দহন্তি"তি মনসা ধ্যাত্বা,—

"চাণ্ডালাগ্নেরমেধ্যাগ্নেঃ সূতিকাগ্নেশ্চ কর্হিচিৎ।
পতিতাগ্নেশ্চিতাগ্নেশ্চ ন শিষ্টৈগ্রহণং স্মৃতম্॥" ইতি

দেবলোক্তপর্য্যুদস্তেতরমগ্নিং গৃহীত্বা "কৃত্বা তু দুষ্কৃতং কর্ম্ম"ইতি মন্ত্রৌ পঠিত্বা প্রদক্ষিণং কৃত্বা দক্ষিণামুখঃ শিরঃস্থানে দদ্যাৎ। স্ত্রীদাহেঽপি "নর"মিত্যেব পাঠঃ, ইত্যুক্তমেকাদশীতত্ত্বে॥ ৮৮॥

প্রদক্ষিণং কৃত্বা অর্থাৎ শবম্। স্ত্রীদাহ ইতি নরং পঞ্চত্বমাগতমিত্যত্র স্ত্রীদাহেঽপি নর-মিত্যেব পঠনীয়ং ন তু নারীমিত্যাহঃ। নরশব্দস্য মনুষ্যজাতিমাত্রবাচিত্বাৎ অপরোপ-পত্তেঃ। উহং প্রকৃত্য ন প্রকৃতাবপূর্ব্বত্বাৎ ইতি কাত্যায়নসূত্রাৎ প্রকৃতাবূহাযোগাৎ বিকৃতাবেবোহ ইতি। অপূর্ব্বত্বাদূহঃ স চ প্রকৃতৌ ন ইত্যন্বয়ঃ, যতঃ প্রকৃতৌ অপূর্ব্বত্বং নাস্তীতি ভাবঃ। অপূর্ব্বত্বাৎ পূর্ব্বপ্রাপ্তত্বাৎ উপদেশবিধিপ্রাপ্তত্বাদিতি যাবৎ। স্ত্রীপুংসয়োর-ভয়োরেব দাহনবিকৃত্যা নরং পঞ্চত্বমাগতমিত্যুক্তেঃ উভয়োরেব দাহঃ প্রকৃতিঃ, তথাচ লিঙ্গসংখ্যানপেক্ষৈব প্রাতিপদিকার্থতা। অপূর্ব্বোৎপ্রেক্ষণমূহ ইতি তল্লক্ষণম্, অপূর্ব্বস্য পূর্ব্বাপ্রাপ্তস্য উৎপ্রেক্ষণং কল্পনম্। অসমবেতার্থকপদত্যাগপূর্ব্বকসমবেতার্থকপদসমভি-ব্যাহারকল্পনমূহ ইতি পর্য্যবসিতম্। উহশ্চ বিকৃতাবেব ক্রিয়তে ন প্রকৃতৌ; তথাহি একোদ্দিষ্টে একস্মিন্ পিতরি বহুবচনস্যাসমবেতার্থকত্বাৎ প্রকৃতার্থপ্রকাশনাখ্যদৃষ্ট-প্রয়োজনস্য মন্ত্রস্য বিকৃতৌ একোদ্দিষ্টে বহুবচনস্থানে একবচনোহঃ। "এতদ্বঃ পিতরো বাস ইতি জল্পন্ পৃথক্ পৃথগি"ত্যাদৌ একস্মিন্নপি বহুবচনান্তমন্ত্রপাঠস্য পৃথক্ পৃথগিত্যা-

---

প্রতীত হইতেছে, উহা সামবেদী ভিন্ন অপর বেদী সকলের পক্ষেই বুঝিতে হইবে। হারলতাও এরূপ সিদ্ধান্ত করিয়াছেন। উপরে যাজ্ঞবল্ক্যের বচনের অনুসারে "অগ্নিমুখ দেবগণ অগ্নিগ্রহণ পূর্ব্বক ইহাকে দহন করুন" মনে মনে এইরূপ চিন্তা করত যে অগ্নিগ্রহণের কথা বলা হইয়াছে, তৎসম্বন্ধে বক্তব্য এই যে, "শিষ্টজন চণ্ডালাগ্নি, অপবিত্র অগ্নি, সূতিকা গৃহের অগ্নি, পতিত ব্যক্তির অগ্নি, এবং চিতার অগ্নি, গ্রহণ করিবে না।" এই দেবলবচনে নিষিদ্ধ অগ্নি পরিত্যাগ করিয়া তদ্ভিন্ন অগ্নি গ্রহণ করিয়া পূর্ব্বোক্ত "জেনেই হউক, বা না জেনেই হউক, দুষ্কৃত কর্ম্ম" ইত্যাদি মন্ত্রদ্বয় উচ্চারণ করত চিতা প্রদক্ষিণপূর্ব্বক শিরস্থানে ঐ অগ্নি প্রদান করিবে। স্ত্রীলোকের দাহের সময়েও উক্ত মন্ত্রস্থিত

বিষ্ণুপুরাণম্,—

"ন হুং কুর্য্যাৎ শবকৈব শবগন্ধো হি সোমজঃ।" আদি-পুরাণে;—

"নিঃশেষস্তু ন দগ্ধব্যঃ শেষং কিঞ্চিৎ ত্যজেদ্বুধঃ।
গচ্ছেৎ প্রদক্ষিণাঃ সপ্ত সমিদ্ভিঃ সপ্তভিঃ সহ॥
দেয়াঃ প্রহারাঃ সপ্তৈব কুঠারেণোল্মুকোপরি।
"ক্রব্যাদায় নমস্তুভ্য"মিতি জপাৎ সমাহিতৈঃ॥
নাবেক্ষিতব্যঃ ক্রব্যাগ্নির্গন্তব্যা চ ততো নদী॥" প্রদক্ষিণা গতিরিতি শেষঃ। সমিধাং প্রক্ষেপমাহ প্রচেতাঃ,—

"দগ্ধ্বা শবং ততস্ত্বেবং প্রাদেশাঃ কাষ্ঠিকাস্তথা
সপ্ত প্রদক্ষিণং কৃত্বা একৈকস্তু বিনিক্ষিপেৎ॥"

মেনাভিধানাৎ প্রকৃতাবপি বহুবচনস্যাসমবেতার্থত্বেন ন দৃষ্টপ্রয়োজনং কিন্তু্বাদৃষ্টপ্রয়োজনমতস্তত্র বিকৃতাবপি নৈকবচনাদূহ ইতি ধ্যেয়ম্॥ ৮৮॥

ন হুং কুর্য্যাদিতি জুগুপ্সিতেত্যর্থঃ। সোমজ ইতি সোমযাগেন যাদৃশং ফলং জায়তে শবগন্ধঘ্রাণেন তাদৃক্ফলং জায়তে ইত্যর্থঃ। শেষং শবশেষম্। গচ্ছেদিতি প্রদক্ষিণা গতিঃ, গচ্ছেৎ কুর্য্যাৎ, ধাতূনামনেকার্থত্বাৎ গমিরত্র করণার্থঃ। উল্মুকোপরি জ্বলদঙ্গারো-

---

'মন্ত্র' এই পদটী—অবিকলরূপেই যে পাঠ করিবে—ইহা একাদশী তত্ত্বে বিশেষ করিয়া সিদ্ধ করা হইয়াছে। ৮৮

বিষ্ণুপুরাণে বলা হইয়াছে, "মড়া পুড়ার গন্ধ নাকে প্রবেশ করিলে কেহ ঘৃণা করিবে না। কারণ সোমযাগ করিলে যে ফল হয়, শবদাহের গন্ধ আঘ্রাণেও সেই-রূপ ফল হয়।" আদিপুরাণে বলা হইয়াছে,—"শবদেহ একেবারে নিঃশেষ করিয়া দগ্ধ করিবে না। কিছু শেষ অংশ বাকী রাখিবে। এবং সাতটী সমিধের সহিত সাতবার প্রদক্ষিণ করিবে। অনন্তর সমাহিতচিত্তে "ক্রব্যভুক্ অগ্নি তোমাকে নমস্কার" এই মন্ত্র জপ করত প্রজ্বলিত অঙ্গারের উপর সাতবার কুঠারের প্রহার করিবে। ফিরে যাইবার সময় চিতাগ্নির দিকে ফিরে চাহিয়া দেখিবে না। উহা হইতে পরাঙ্মুখ হইয়া নদীতে গমন করিবে।" উপরে যে সাতটী সমিধের সহিত সাতবার প্রদক্ষিণ করিবার কথা বলা হইল, তৎসম্বন্ধে প্রচেতা বিশেষ

তেন প্রাদেশপ্রমাণাঃ সপ্ত কাষ্ঠিকা গৃহীত্বা চিতাগ্নিং সপ্তবারান্ প্রদক্ষিণীকৃত্য সপ্ত কাষ্ঠিকাঃ একৈকক্রমেণ চিতাগ্নৌ ক্ষিপেৎ। ততঃ কুঠারেণ "ক্রব্যাদায় নমস্তুভ্য"মিতি মন্ত্রজপং কুর্ব্বদ্ভিঃ চিতাস্থজলদঙ্গারোপরি সপ্তপ্রহারা দেয়াঃ। মন্ত্রপাঠস্তু সকৃদেব। "একদ্রব্যে কর্ম্মাবৃত্তৌ সকৃদেব মন্ত্রবচনং কৃত্বে"তি ভট্টভাষ্যধৃতবচনাৎ ॥ ৮৯ ॥

দর্ভজুটিকাহোমে তু "অতএব" বহিষঃ কুশমুষ্টিমাদায় আজ্যে, হবিষি বা ত্রিবারানবদধ্যাৎ। অগ্রাণি মধ্যানি মূলা-

ভেদ করা হইয়াছে এরূপ ভেদ করা নিরর্থক হইয়া পড়ে; এক্ষণে দেখ, যাদৃচ্ছিক ঋত্বিক্ যদি যজমান কর্ত্তৃক বৃত না হইয়াও যজমানের প্রতিনিধিরূপে কার্য্য করিতে পারে, ইহা সিদ্ধ হইল, তবে শ্রাদ্ধকারী পুত্র অপর পুত্রগণ কর্ত্তৃক প্রতিনিধিরূপে নিযুক্ত না হইলেও তৎকৃত শ্রাদ্ধ অপর কর্ত্তৃক কৃত বলিয়া গ্রাহ্য হইতে পারিল। ১০৪

ভাল, সমর্থ জ্যেষ্ঠ পুত্রই যেন প্রধান অধিকারী হইল, সে-ই প্রেতকার্য্য সকল করিবে, এবং তাহার ঐ কার্য্য করাতেই অন্য পুত্রদিগেরও ঐ কার্য্য করা হইয়াছে বলিয়া গ্রাহ্য হইবে, উহাদের আর স্বতন্ত্র শ্রাদ্ধ করিতে হইবে না এবং জ্যেষ্ঠের অসামর্থ্য ঘটিলে তাহা অপেক্ষা বয়ঃকনিষ্ঠ পুত্র ঐ কার্য্য করিলেও অপর পুত্রদিগকে আর প্রেতকার্য্য করিতে হইবে না, এ পর্য্যন্ত এক প্রকার বুঝিলাম। কিন্তু যে স্থলে ষোড়শ শ্রাদ্ধের মধ্যে কতকগুলি শ্রাদ্ধ করিয়া জ্যেষ্ঠের মৃত্যু হইয়াছে, সে স্থলে অবশিষ্ট শ্রাদ্ধগুলি তদপেক্ষা কনিষ্ঠ পুত্র করিতে পারিবে কি না? কারণ পূর্ব্বে "স এব হি" ইহার ব্যাখ্যা স্থলে তুমিই বলিয়াছ, যে আরম্ভ করিবে, সমাপ্তি পর্য্যন্ত সকল ক্রিয়া তাহারই কর্ত্তব্য। এইরূপ আশঙ্কা করিয়া কাত্যায়নের গৃহ্যসূত্রোক্ত হোমপ্রকরণ হইতে একটা দৃষ্টান্ত দেখাইয়া ঐরূপ স্থলে অপরে যে, অবশিষ্ট ক্রিয়াগুলি অনুষ্ঠান করিতে পারিবে, এইরূপ মীমাংসা করিতেছেন। দেখ, যে কোন ব্যক্তি যে কোন প্রকরণীয় আরম্ভ করিবে, সেই

মুহুয়াৎ ।” ইতি কাত্যায়নেন পরিসমূহোপক্রমপূর্ণহোমপর্য্যন্ত-ব্যাপারকলাপস্য এককর্ত্তৃকত্বপ্রাপ্তাবপ্যারব্ধকর্ম্মণ্যৃত্বিজি বিনষ্টে ঋত্বিগন্তরেণ তৎকর্ম্মসমাপনোক্তেঃ। তথাচ যাজ্ঞবল্ক্যঃ,—

"জিহ্মং ত্যজেয়ুর্নির্লাভমশক্তোঽন্যেন কারয়েৎ ।

যথা ভরদ্বাজঃ,—কুশৈঃ সম্মার্জ্জয়েদ্ভূমিং শুদ্ধামাদৌ শুচিস্ততঃ। হস্তমাত্রাং চতুরস্রাং গোময়েনোপলেপয়েদিতি। উপলেপনকারণমাহ গৃহ্যসংগ্রহঃ,—ইন্দ্রবজ্রাহতঃ পূর্ব্বং বৃত্রো নাম মহাসুরঃ। মেদসা তস্য সংকীর্ণা তদর্থমুপলিপ্যতে॥ উল্লিখ্য রেখামুল্লিখ্য। মধ্যতঃ প্রাচীং রেখামুল্লিখ্য উদীচীঞ্চ সংহতাং পশ্চান্মধ্যে প্রাচীস্তিস্র ইতি গোভিলসূত্রাৎ। উদ্ধৃত্য রেখাভ্য উত্থিতমৃত্তিকামুদ্ধৃত্যাভ্যুক্ষ্য পূর্ব্বস্থাপিতজলেন রেখামভ্যুক্ষ্য প্রণীয় ক্রব্যাদাংশং ক্ষিপ্ত্বাগ্নিং যথোক্তপ্রকারেণ স্থাপয়িত্বা পরিস্তীর্য্য কুশৈরাস্তরণং কৃত্বা। যথা গোভিলঃ,—অগ্নিমুপসমাধায় কুশৈঃ সমন্তং পরিস্তৃণুয়াদিতি, অগ্নিমুপসমাধায় কাষ্ঠাদিনা প্রজ্বাল্য অর্থবদাসাদ্য প্রয়োজনবন্তো দ্রব্যস্তানাসাদনং কৃত্বা অর্থবৎ প্রোক্ষ্য প্রয়োজনবৎ দ্রব্যং প্রোক্ষ্য নিরূপ্য পাত্রে ঘৃতমধিশ্রিত্য অধিশৃত্য দ্রবীকৃত্য পর্য্যগ্নিং কুর্য্যাৎ অগ্নেঃ পর্য্যুক্ষণং কুর্য্যাৎ, আজ্যমুদ্বাস্য দ্রবীকৃতং ঘৃতং অগ্নেরাকৃষ্য,উপযমনকুশান্ ত্রয়োদশ আদায় বামহস্তে কৃত্বা সমিধোঽভ্যাধায় তূষ্ণীমগ্নৌ হুত্বা এককর্ত্তৃকত্বপ্রাপ্তৌ ইতি ক্তা প্রত্যয়েরিত্যর্থঃ। সমাপনোক্তেরিতি অন্যকর্ত্তৃকেনাপি শেষঃ সমাপ্যতে ইত্যর্থঃ। নির্লাভ-মিতি নির্গতো লাভো যস্মাৎ এবম্ভূতং কৃত্বা কেবলমূলধনং দত্ত্বা জিহ্মং ত্যজেয়ুরিত্যর্থঃ।

প্রকরণান্তর্গত সমুদয় ক্রিয়া তাহারই কর্ত্তব্য হইলেও স্থলবিশেষে পণ্ডিতেরা অন্যরূপ ব্যবস্থাও করেন, যেমন এ স্থলে "পরিসমূহ" অর্থাৎ কুশ দ্বারা স্থণ্ডিল মার্জ্জনরূপ কর্ম্ম হইতে আরম্ভ করিয়া পূর্ণাহুতি দান পর্য্যন্ত নানাবিধ ক্রিয়া-কলাপ একই ব্যক্তি কর্ত্তৃক কর্ত্তব্যরূপে শাস্ত্রে বিহিত হইলেও যদি কোন ঋত্বিক্ কার্য্য আরম্ভ ক'রে কতকগুলি ক্রিয়া করিয়া মৃত হয়, সে স্থলে যেমন অপর ঋত্বিক্ দ্বারা কর্ম্ম সমাপন করাইবার ব্যবস্থা করা হইয়াছে, এ স্থলেও সেইরূপ বুঝিতে হইবে। কেবল কাত্যায়ন কেন, যাজ্ঞবল্ক্যও বলিয়াছেন—"যদি একযোগে বাণিজ্যকারী অংশীদার অপর অংশীদার কর্ত্তৃক কুটিল বলিয়া জ্ঞাত হয়, তবে অপর অংশীদার তাহাকে লাভের অংশ না দিয়া কেবল মাত্র তৎপ্রদত্ত মূলধন ফেরৎ দিয়া বিদায় ক'রিয়া দিবে, এবং কোন অংশীদার আপনার অংশ-মত কার্য্য করিতে অশক্ত হইলে, অপরের দ্বারা তাহার কার্য্য করাইয়া

অনেন বিধিরাখ্যাত ঋত্বিক্কর্ষককর্ম্মিণাম্॥” জিহ্মং কুটিলম্। বাক্যমাহতুঃ শঙ্খলিখিতৌ,—

“তত্র চেদনুপ্রাপ্তে সবনে ঋত্বিক্ ম্রিয়তে, তত্র কিং কার্য্যমিতি জিজ্ঞাসায়াং তস্য সগোত্রঃ শিষ্যো বা তৎকার্য্যমনুপূরয়েৎ, তথা চেদ্ বান্ধবস্ততোঽন্যমৃত্বিজং বৃণুয়াদ”িতি। “অনুপ্রাপ্তে” আরব্ধে, “সবনে” যজ্ঞে। এবং প্রেতকার্য্যে প্রথমাধিকারিবিনাশে অন্যেনাপি শেষঃ সমাপ্যতে। তদাহ বৃহস্পতিঃ,—

“এবং ক্রিয়াপ্রবর্ত্তানাং যদি কশ্চিদ্বিপদ্যতে।
তদন্তুনা ক্রিয়া কার্য্যা সর্ব্বৈর্ব্বা সহকারিভিঃ॥”

কারয়েদিতি বাণিজ্যাদিত্যর্থঃ। অনেনেতি অশক্তস্তান্যদ্বারা কর্ম্মকরণেনেত্যর্থঃ। কর্ম্মিণাং দাসাদীনাং তস্য ঋত্বিজঃ অবান্ধবঃ অর্থাদৃত্বিক্, যজ্ঞে ইতি এবং ভারতপাঠাদৌ বোধ্যম্। সহকারিভিঃ উত্তরাধিকারিভিঃ পুত্রাদিভিঃ ক্রিয়া অবশিষ্টক্রিয়া কার্য্যেত্যর্থঃ।

লইবে।” “অশক্ত ব্যক্তি অন্য দ্বারা করাইবে” এই ন্যায় অনুসারে ঋত্বিক্, ভূমিকর্ষক (চাষা) এবং যে কর্ম্মী অর্থাৎ যজমান অথবা ভৃত্যাদি সম্বন্ধেও পূর্ব্বারব্ধকারী মরণাদি নিবন্ধন আরব্ধ কর্ম্ম সমাপন করিতে অশক্ত হইলে অপর দ্বারা ঐ কর্ম্ম যে সমাপন করাইবে, এইরূপ একটি বৈদিক বিধি কল্পিত হইয়া থাকে। শঙ্খ এবং লিখিত আবার এ কথা আরও স্পষ্ট করিয়া লিখিয়াছেন, “যদি যজ্ঞ কর্ম্মের অনুষ্ঠান আরব্ধ হইবার পর ঋত্বিকের মৃত্যু হয়, সে স্থলে কি করা কর্ত্তব্য? এইরূপ জিজ্ঞাসার উত্তরে ঋষিগণ ব্যবস্থা দিয়াছেন যে, সেই ঋত্বিকের কোন সগোত্র অথবা শিষ্য যথারীতি বৃত না হইয়াও স্বয়ং প্রবৃত্ত হইয়াই সেই কার্য্যের শেষ করিবে। পূর্ব্ব ঋত্বিক্ যদি উক্ত প্রকার বান্ধবশূন্য হয় তা-হ'লে অপর ঋত্বিক্‌কে বরণ করিবে।” মূল বচনস্থিত “অনুপ্রাপ্ত” শব্দের অর্থ—আরব্ধ এবং “সবন” শব্দের অর্থ—যজ্ঞ। এইরূপ শাস্ত্রাভিমত ব্যবস্থা থাকাতেই প্রেতকার্য্যে প্রথমাধিকারী, প্রেতকার্য্যের কতকগুলি করিয়া বিনাশ প্রাপ্ত হইলে, অপর ব্যক্তি যে, অবশিষ্ট কার্য্যগুলি সমাপন করিবে, ইহা সিদ্ধ হইল। বৃহস্পতিও ঐ কথা বলিয়াছেন,—“এইরূপে ক্রিয়া আরব্ধকারীদিগের মধ্যে যদি কোন ব্যক্তি কার্য্য শেষ না করিয়াই মৃত হয়, তবে তাহার বন্ধু অথবা তাহার সহকারিগণ ঐ

ন চ সত্রে যথৈকাপচারে কর্ম্মমধ্যে এব সর্ব্বেষাং সমুত্থানং ন কর্ম্মসমাপনমুক্তং, তদ্বদত্রাপীতি বাচ্যম্, তত্র ফলস্য আত্মগতত্বেন তথা সিদ্ধান্তিতম্, অত্র পরগতত্বেহত্যেনাপি তস্য সমাপনমিতি।

অথ দ্বিতীয়াধিকারিণা প্রেতত্বপরিহারায় কর্ম্মাদিবিহিত-

সত্রে যজ্ঞবিশেষে, অত্র চ যে এব যজমানাস্ত এব ঋত্বিজ ইতি বোধ্যম্। উত্থানমিতি যাবৎ পর্য্যন্তং ভূতং তাবতৈব সমাপ্তিঃ ন তু শেষকরণাপেক্ষেতি বোধ্যম্। ফলস্যাত্মগতত্বেনেতি ফলস্য কর্ত্তৃগতত্বেন কর্ত্তুর্নাশাৎ কেন কর্ত্তব্যম্? এবমমাবস্যারভ্যাদৌ মধ্যে মরণে যাবৎ পর্য্যন্তং কৃতং তাবতৈব সমাপ্তিঃ, ন তু শেষকরণাপেক্ষেতি বোধ্যম্। প্রেতত্বাপরিহারাৎ প্রেতত্বপরিহারস্য চ পূর্ব্বপূর্ব্বাধিকার্য্যভাবে উত্তরোত্তরাধিকারিণামাবশ্যকত্বেন প্রেতপিণ্ডানাং ষোড়শশ্রাদ্ধানাঞ্চ প্রধানতয়া তুল্যকক্ষাণামেকেনাধিকারিণা কানিচিৎ কৃতানি তদভাবেহন্যাধিকারিণা যোগ্যতয়া অপরাণি কর্ত্তব্যানি-

ক্রিয়া শেষ করিবে।” কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে, বলিতেছ, ক্রিয়া আরম্ভকারীদিগের মধ্যে কার্য্য শেষ না করিয়াই যদি কেহ মৃত হয়, তবে অপরে সেই কার্য্য শেষ করিতে পারিবে, কিন্তু এরূপ নিয়ম সর্ব্বত্র ত দৃষ্ট হয় না; কারণ আমরা দেখিতে পাই, “সত্র” নামক যাগ কতকগুলি ঋত্বিক্‌কর্ত্তৃক আরম্ভ করা হয়, কিন্তু আরম্ভ করিবার পর, একযোগে যাগকারী ঋত্বিক্‌দিগের মধ্যে একের বিনাশ ঘটিলে,—কর্ম্ম শেষ না করিয়াই অপর সকল যাগকারীর উত্থান অর্থাৎ ঐ কর্ম্ম ছাড়িয়া দিয়া উঠিবার কথা বলা হইয়াছে, সেইরূপ এখানেও কর্ম্মারম্ভকারীর বিনাশ ঘটিলে, ঐ কর্ম্ম-সমাপ্তি না করিয়া ছাড়িয়া দেওয়াই হউক না কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আশঙ্কা করিতে পার না। কারণ, সত্রযাগে যাগকারী ঋত্বিক্ সকলেই প্রত্যেকে ঐ কর্ম্মের ফলভাগী। ঐ কর্ম্মের ফলভাগী হইয়াই অনুষ্ঠান কার্য্যে তাহারা সকলেই সমানভাবে কর্ত্তা হয়। সুতরাং তাহাদিগের মধ্যে একজন কর্ত্তার বিনাশ ঘটিলে, কর্ত্তার নাশ হেতু ঐ কর্ম্ম করিবার লোকের অভাব হয় বলিয়াই উক্তরূপ সিদ্ধান্ত করা হইয়াছে; কিন্তু এস্থলে সেরূপ নহে, এস্থলে কর্ত্তা ভিন্ন অপরে অর্থাৎ মৃত ব্যক্তি ঐ সকল ক্রিয়ার ফলভাগী; ঐ সকল ক্রিয়াগুলি না করিলে, মৃতের প্রেতত্বমুক্তি হয় না; সুতরাং কতকগুলি ক্রিয়া করিবার পর প্রথম অধিকারীর মৃত্যু হইলে, পরবর্ত্তী অধিকারী কর্ত্তৃক সমস্ত ক্রিয়ার সমাপন করা আবশ্যক। এক্ষণে কেহ পুনরায় আশঙ্কা

কালসংকল্পং বিনা কথং ক্রিয়তে, ইতি চেন্ন, ষোড়শশ্রাদ্ধানাং

বেত্যাদিকমপিশব্দেন সূচিতম্। কর্ম্মাদাবিতি "কর্ম্মণ আদিকালে" আরম্ভকালে, বিহিতে-

করিতেছেন, তুমি যে বলিলে, প্রথম বা মুখ্য অধিকারী আদ্যাদি ষোড়শ প্রেতশ্রাদ্ধের মধ্যে কতকগুলি করিয়া মরিয়া গেলে, তৎপরবর্ত্তী অধিকারী যে পর্য্যন্ত করা হইয়াছে, তাহার পর হইতে আরম্ভ করিয়া অবশিষ্ট শ্রাদ্ধ সমাপ্ত করিবে, ইহা কিরূপ হইল? কারণ শাস্ত্রে বলা হইয়াছে, কোন একটি কর্ম্মের আরম্ভে কর্ম্মফললাভের উদ্দেশে সঙ্কল্প করিতে হইবে, এখানে সপিণ্ডীকরণান্ত ষোড়শশ্রাদ্ধের ফল প্রেতত্ববিমুক্তি, তন্নিমিত্ত সঙ্কল্পও উহাদের মধ্যে প্রথম শ্রাদ্ধ আরম্ভ করিবার সময় প্রথম অধিকারী করিয়াছে, তৎ-পরবর্ত্তী অধিকারীর আবার সঙ্কল্প করা শাস্ত্রবিহিত না হওয়ায়, সে সঙ্কল্প না করিয়া কিরূপে অবশিষ্ট শ্রাদ্ধগুলি করিবে? ইহার তাৎপর্য্য এই যে, সকল ক্রিয়া মিলিত হইয়া একটি ফল প্রদান করে, তাহাদের মধ্যে প্রথম ক্রিয়ার আরম্ভেই সেই ফলের উদ্দেশে সঙ্কল্প করা শাস্ত্রবিহিত, এক্ষণে দেখ, সপিণ্ডীকরণান্ত ষোড়শশ্রাদ্ধ মিলিত হইয়াই এক প্রেতত্ববিমুক্তিরূপ ফল প্রদান করে, কাজেই উহাদের আদিতে অর্থাৎ উহাদের মধ্যে প্রথম শ্রাদ্ধের আরম্ভ-কালেই ত সেই প্রেতত্ববিমুক্তিরূপ ফল কামনা করিয়া সঙ্কল্প করাই ত শাস্ত্র-বিহিত, সেরূপ সঙ্কল্প ত প্রথম অধিকারী প্রথম শ্রাদ্ধের আরম্ভকালে করিয়াছে, তৎপরবর্ত্তী, যেস্থান হইতে ক্রিয়া করিতে লাগিল, সেস্থলে পুনরায় আবার সঙ্কল্প করিবার শাস্ত্রানুমোদিত অবসর না হওয়ায়, সে সঙ্কল্প না করিয়াই কার্য্য করিতে লাগিল, কিন্তু "সঙ্কল্প ব্যতীত কার্য্য করিলে সে কার্য্যের ফলভাগী হয় না," ইত্যাদি বচনপরম্পরায় সঙ্কল্প ব্যতীত কার্য্য করিলে, কর্ম্মকর্ত্তার সে কার্য্য নিস্ফল হয়, ইহাই জ্ঞাত হওয়া যাইতেছে, অতএব পরবর্ত্তী অধিকারী নিজে সঙ্কল্প না করিয়া যে অব-শিষ্ট শ্রাদ্ধগুলি করিতে লাগিল, তাহাতে প্রেতত্ববিমুক্তিরূপ ফল হইবে কেন? ইহাই হইল আশঙ্কাকারীর অভিপ্রায়। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন 'ইতি চেৎ?' এই যদি তোমার আপত্তি হয়, তবে "ন" ইহাও কিছু নয়। কারণ কর্ম্ম সকল নিত্য এবং কাম্যরূপে দ্বিবিধ। তন্মধ্যে কাম্য কর্ম্মের আরম্ভকালেই সঙ্কল্প দ্বারা কামনার অভিব্যক্তি করিবার নিমিত্তই সঙ্কল্প বিহিত হইয়াছে, সেই জন্যই কর্ম্মারম্ভে সঙ্কল্প অবশ্য কর্ত্তব্য; কিন্তু কামনা না থাকিলেও যখন নিত্য কর্ম্মগুলি অবশ্য কর্ত্তব্য, তখন তাহাদের আরম্ভকালে সঙ্কল্প করিবার

নিত্যত্বাৎ প্রথমাধিকারিণাপি তৎসঙ্কল্পো ন ক্রিয়ত ইতি। তন্নিত্যত্বমাহ ছন্দোগপরিশিষ্টম্,—

"ধ্রুবাণি তু প্রকুর্ব্বীত প্রমীতাহনি সর্ব্বদা।
দ্বাদশ প্রতিমাস্যানি আদ্যং ষাণ্মাসিকে তথা।
সপিণ্ডীকরণঞ্চৈব ইত্যেতৎ শ্রাদ্ধষোড়শম্ ॥"

"ধ্রুবাণি" আবশ্যকানি। অতোঽশৌচাদিশঙ্কয়া ভবিষ্য-

ত্যর্থঃ। প্রমীতাহনি মৃততিথৌ। একপিণ্ডস্বধানামিতি একা সমানা পিণ্ডস্বধা স্বধাযুক্তমন্ত্রা যেষাং সমানোদকানামিত্যর্থঃ। পিণ্ডস্বধাশব্দেন পিণ্ডসম্বন্ধিস্বধাশব্দযুক্ত-মন্ত্রকরণকমেবং জলং লক্ষিতং, তন্মন্ত্রশ্চ "ঊর্জ্জং বহন্তীরি"ত্যাদিঃ। আ দশমাদিতি দশমপুরুষাৎ পরং ত্রিরাত্রাশৌচরূপধর্ম্মবিচ্ছিত্তির্ভবতীত্যর্থঃ। রিকৃথেতি বিবাহোদাগতস্য অসগোত্রস্য রিকৃথবিচ্ছিত্তিঃ, তথাচ তস্মৈ অবিভক্তমপি ধনং বিভজ্য ন দেয়মিত্যর্থঃ। "স্বধাবিচ্ছিত্তিঃ" পিণ্ডবিচ্ছিত্তিঃ অন্যথা তত্তন্মধ্যে। কত্র্ব'করণে শ্রাদ্ধাদ্যধিকারিণঃ শ্রাদ্ধাদ্যকরণে। তন্নিষ্ঠেতি কর্ত্তৃনিষ্ঠেত্যর্থঃ। প্রত্যবায়শ্রবণাৎ ব্রহ্মহত্যো ভবতীতি-প্রত্যবায়শ্রবণাৎ। শ্রাদ্ধত্রয়াদিকরণানন্তরং জ্যেষ্ঠমরণে অবশিষ্টং জ্যেষ্ঠপ্রতিনিধিনা

কোন আবশ্যকতাই নাই, সঙ্কল্প ব্যতীতও অনুষ্ঠিত হইলে তাহারা নিষ্ফল হয় না। ঐ যে সপিণ্ডকরণান্ত শ্রাদ্ধের কথা বলিতেছি, উহারা নিত্য, অর্থাৎ পুত্রাদি অধিকারী কর্ত্তৃক অবশ্য কর্ত্তব্য, সুতরাং উহাদের আরম্ভকালে সঙ্কল্প করিবার কোন আবশ্যকতা নাই বলিয়াই প্রথম অধিকারী পুত্রও প্রথম শ্রাদ্ধের আরম্ভকালে আমি অমুকের প্রেতত্ববিমুক্তি কামনা করিয়া অদ্য হইতে ষোলটী শ্রাদ্ধ করিতে আরম্ভ করিলাম, সমুদয় শ্রাদ্ধগুলির উদ্দেশে এইরূপ একটা সঙ্কল্প করিয়া কিছু শ্রাদ্ধ করিতে প্রবৃত্ত হয় না। সপিণ্ডীকরণান্ত ষোলটী শ্রাদ্ধ যে নিত্য সে কথা ছন্দোগপরিশিষ্টে বলা হইয়াছে, যথা,—"অবশ্য কর্ত্তব্য শ্রাদ্ধগুলির মৃত তিথিতেই নিত্য অনুষ্ঠান করিবে, সে গুলি যথা,—প্রতিমাসে কর্ত্তব্য দ্বাদশটী মাসিক, আদ্য শ্রাদ্ধ, প্রথম ও দ্বিতীয় ষাণ্মাসিক এবং সপিণ্ডীকরণ এই ষোলটি শ্রাদ্ধ।" মূল বচনে যে "ধ্রুবাণি" পদটি আছে, উহার অর্থ—অবশ্য কর্ত্তব্য। যাউক প্রসঙ্গে সঙ্কল্পের কথার আলোচনা করিয়া আবার সেই পূর্ব্ব প্রস্তাবিত প্রতিনিধির কথা বলা হইতেছে। ভ্রাতৃগণের মধ্যে যে কেহ প্রেতশ্রাদ্ধ করুক না কেন, সে অপরের স্বেচ্ছাপ্রবৃত্ত ঋত্বিক্‌রূপে প্রতিনিধি হইয়াই কার্য্য করে, তাহার করাতেই অন্যান্য সকলেরও ঐ সকল শ্রাদ্ধ করা

দুর্গোৎসবাদৌ যৎ বরণাদিকং করোতি, তৎ কর্ম্মকালে স্বয়ং প্রবর্ত্তনবৎ প্রবর্ত্তনায়, ন তু অতএব তদানীং প্রতিনিধির্ভবতি, কিন্তু কর্ম্মকালে স্বয়মেব তদর্থং কর্ম্ম ক্রিয়তে। অন্যথা শুচি-

কনিষ্ঠেন ক্রিয়তে। নতু জ্যেষ্ঠমরণেন জীবনরূপাধিকারাভাবাৎ কথং প্রতিনিধিঃ, অথাশৌচিনোঽধিকারাভাবেঽপি দুর্গোৎসবাদৌ প্রতিনিধিবিধিতিচেৎ অশৌচাৎ পূর্ব্বং তত্র প্রতিনিধিকরণমিত্যাহ এবঞ্চেতি। স্বয়ং প্রবর্ত্তনায় স্বয়ং তত্তৎকর্ম্মকরণায়, অতএব

হয়, এবং স্বেচ্ছাপ্রবৃত্ত ঋত্বিক্‌দিগের পূর্ব্বে কর্ম্মে যথারীতি বরণ না করিলেও তৎকৃত কর্ম্ম ফলপ্রদ হয়। এই সকল কথা আগে বলা হইয়াছে এতদ্দ্বারা ইহাও সিদ্ধ হইতেছে যে, প্রথমাধিকারীর মৃত্যুর পর তৎপরবর্ত্তী অধিকারী যে কার্য্য করিবে, তাহাতে সে স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের মত অন্যান্য জীবিত ভ্রাতৃদিগের যেমন প্রতিনিধি হইয়া কার্য্য করিবে, তেমনি উক্ত মৃত ব্যক্তিরও স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের মত প্রতিনিধি হইয়াই কার্য্য করিবে। এই হেতুই অর্থাৎ স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের মত প্রতিনিধি দ্বারা কৃত কর্ম্মের ফলসিদ্ধি হয় বলিয়াই, অশৌচাদির আশঙ্কা করিয়া ভবিষ্যৎ দুর্গোৎসবাদি কার্য্যে আগে থাকিতেই পুরোহিতকে যে বরণ ক'রে রাখা হয়, ঐ বরণ দ্বারাও যে পুরোহিতকে ঐ সময় হইতে কার্য্যে নিযুক্ত করা হয়, তাহা নহে, তবে স্বয়ং প্রবৃত্ত ঋত্বিকের কর্ম্মকালে আপনা হইতেই যজমানের প্রতিনিধি হইয়া কর্ম্ম করিতে যেমন প্রবৃত্তির উদ্রেক হয়, ঐ বরণ দ্বারা আশঙ্কিত অশৌচাদি ঘটিলে কর্ম্মকালে ঐ পুরোহিতেরও সেইরূপ স্বয়ং প্রবৃত্ত হইয়া যজমানের কার্য্য করিবার প্রবৃত্তির উৎপাদন করা হয় মাত্র। এই জন্যই ঐ পুরোহিত সেই সময় হইতে বস্তুগত্যা যজমানের প্রতিনিধি হয় না, কিন্তু কর্ম্মকাল উপস্থিত হইলে ঐ ব্যক্তি স্বয়ং প্রবৃত্ত হইয়াই যজমানের কার্য্য সম্পাদন করে এরূপ মীমাংসা না করিয়া ঐ ব্যক্তিকে পূর্ব্ব হইতেই প্রতিনিধিরূপে নিযুক্ত করা হয়, এরূপ কথা বলিতে পার না, কর্ম্ম-বিশেষে অগ্রে কর্ত্তার নিজের অধিকার হইলেই ত পরে সেই কর্ম্ম সম্পাদনার্থ আপনার প্রতিনিধি নিযুক্ত করা সঙ্গত হয়। দেখ, 'শুচি তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ' এই শাস্ত্রীয় বিধানানুসারে "যৎকালে কর্ম্মের অনুষ্ঠান করিতে হইবে, ঐ সময় কর্ম্ম কর্ত্তা যদি শুচি অশৌচাদি দোষ রহিত হইয়া জীবিত থাকে, তবেই তাহার ঐ কর্ম্মে

তৎকালজীবিত্বেনাধিকারাত্তদানীমধিকারাভাবাৎ কথং প্রতিনিধিবিধানম্ ইতি। অতএব শঙ্খলিখিতৌ,—

"রাজ্ঞাং পুরোহিতোঽমাত্যঃ শুদ্ধিস্তস্য তদাশ্রয়া॥"

নৃপতীনামাত্মপ্রতিনিধীভূতঃ পুরোহিতস্তেন নৃপতেরশৌচে পুরোহিতস্যাশৌচাভাবাৎ নৃপতেঃ শান্তিকং পৌষ্টিকং পুরোহিতেন স্বীয়শুদ্ধ্যা কর্ত্তব্যমিতি হারলতাপ্রভৃতয়ঃ। এবঞ্চে-

---

মরণাদিত এব। কর্ম্মকালে দুর্গোৎসবাদিকালে। অন্যথা তৎপ্রতিনিধীভূয়ৈব কর্ম্ম ক্রিয়তে 'ইতিচেৎ। অতএব তদানীমধিকারাভাবাৎ তদানীং প্রতিনিধিবিধানাভাবেৎপি স্বয়ং তদর্থং কর্ম্মকরণাদেব। রাজ্ঞামিতি পুরোহিতো রাজ্ঞামমাত্য ইত্যাদেস্তুবিশেষভাবেনান্বয়ঃ। অস্য পুরোহিতস্য শুদ্ধিস্তদাশ্রয়া রাজবৃত্তেঃ রাজবৃত্তিতয়া

অধিকার জন্মে।" এই নিয়ম অনুসারে কোন কর্ম্মের অনুষ্ঠানযোগ্য কাল উপস্থিত হইবার পূর্ব্বে কর্ম্মকর্ত্তার সেই কর্ম্মে অধিকারই হয় না, সুতরাং তাহাতে প্রতিনিধি নিয়োগ কিরূপে সম্ভবে? সুতরাং ঐরূপস্থলে পুরোহিতকে স্বয়ং প্রবৃত্ত প্রতিনিধিই বলিতে হইবে। এইরূপ জেষ্ঠের মৃত্যু নিবন্ধন অধিকারাভাব ঘটিলেও তৎপরে প্রেতকার্য্যকারী কনিষ্ঠকে তাহার স্বয়ংপ্রবৃত্ত প্রতিনিধি বলা যাইতে পারে। কর্ম্মকালের পূর্ব্বে কর্ত্তার অধিকারী ভাবহেতু প্রতিনিধিরূপে নিযুক্ত হইয়াও কেহ স্বয়ং প্রবৃত্ত হইয়া তাহার কার্য্য করিলেও উহা প্রতিনিধি দ্বারা করান কার্য্যের মত সিদ্ধ হয় বলিয়াই শঙ্খ এবং লিখিতবলিয়াছেন—"রাজাদিগের পুরোহিতই অমাত্য; কাজেই পুরোহিতের শুদ্ধি অবস্থাকেই রাজার শুদ্ধি অবস্থা বলিয়া বুঝিতে হইবে।" শঙ্খ এবং লিখিতের এই বচনের হারলতা প্রভৃতিতে এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে,—নৃপতিগণের পুরোহিত অমাত্য অর্থাৎ স্বকীয় প্রতিনিধীভূত, পুরোহিত আপনার ইচ্ছাক্রমেই রাজার কর্ত্তব্য কর্ম্ম সকল করিতে পারেন। এই জন্য রাজার অশৌচকালে পুরোহিতের যদি অশৌচ না থাকে, তাহা হইলে, পুরোহিতের শুদ্ধি থাকাতেই সে রাজার কর্ত্তব্য শান্তিক এবং পৌষ্টিক কর্ম্ম করিতে পারিবে। এই নিয়ম সাধারণ স্থলেও খাটিবে। যদি বল, রাজা যে সময় অশুচি থাকিবে, সে সময় তাহার দ্রব্যাদি দ্বারাই বা পুরোহিত শান্তিক ও পৌষ্টিক কর্ম্ম করিবে কিরূপে? অশুচি ব্যক্তির দ্রব্যদ্বারা বৈধকর্ম্ম করাওত নিষিদ্ধ। স্মার্ত্ত বলিতেছেন—একথাও

যশৌচিদ্রব্যেণ কথং ক্রিয়তে ইতি চেৎ শুদ্ধিকালে তদর্থোপ-কল্পিতত্বাৎ। তথাচ যমঃ,—

"দৈবে ভয়ে সমুৎপন্নে প্রধানাঙ্গে বিনাশিতে।

পূর্ব্বসংকল্পিতেঽর্থে বা তস্মিন্নাশৌচমিষ্যতে॥" সপ্তাঙ্গ-রাজ্যস্য 'প্রধানাঙ্গে' রাজনি, "কিঞ্চিৎ ধর্ম্মকার্য্যং" পুষ্করিণ্যাদি কর্ত্তুং পূর্ব্বাশৌচকালে ধনে সংকল্পিতে পৃথক্কৃতে তস্মিন্ কার্য্যেঽশৌচং নাস্তীতি। হারলতাকৃত্যচিন্তামণৌ,—

"বিবাহোৎসবযজ্ঞেষু অন্তরা মৃতসূতকে।

পূর্ব্বসংকল্পিতং দ্রব্যং দীয়মানং ন দুষ্যতি॥" ১০৫

উপচর্য্যাতে ইত্যর্থঃ। এবঞ্চান্যেন স্বীয়শুদ্ধ্যা অশৌচিনঃ কর্ম্মকরণে চ। দৈবে ভয়ে ইতি দৈবভয়ং মরণং, তথাচ মরণাশৌচদ্বয়া তথা কর্ত্তব্যরিত্যর্থঃ। অথবেতি বাকারেণাশৌচমধ্যেঽপি তদ্দিনাহরণীয়পুষ্পজলাদৌ তস্য সত্ত্বেঽপি ন দোষ ইতি সমুচ্চিতম্। অশৌচমিতি স্বাশ্রয়নিরূপিতস্বত্ববত্ত্বরূপপরম্পরসম্বন্ধেন দ্রব্যস্যাশৌচবত্ত্বং স্বমশৌচম্, অতোঽশৌচস্য পুরুষধর্ম্মতয়া ধনাবৃত্তিত্বেঽপি ন বচনানর্থক্যমিতি ধ্যেয়ম্। সপ্তাঙ্গেতি"স্বাম্যমাত্যঃ সুহৃৎকোষো রাষ্ট্রদুর্গবলানি চ। রাজ্যাঙ্গানীতি ত্রিকাণ্ডাদিস্ত্যর্থঃ।

বলিতে পারে না, কারণ শুদ্ধিকালে ঐ সকল দ্রব্য ঐ সকল কর্ম্মের জন্যই আহৃত করা হইয়াছিল, সুতরাং ঐ সকল দ্রব্যদ্বারা কর্ম্ম করাতে কোন দোষ হয় না। কারণ, যম বলিয়াছেন, "দৈবভয় উৎপন্ন হইলে,* প্রধানাঙ্গ বিনাশিত হইলে, এবং কোনও দ্রব্য যদি কোনও কর্ম্মের জন্য পূর্ব্বে সঙ্কল্পিত করা হইয়া থাকে, এইরূপ দ্রব্যের অশৌচদোষ ঘটে না।" ঐ বচনে যে "প্রধানাঙ্গ বিনাশিত হইলে" বাক্যটী আছে, উহার অর্থ—সপ্তাঙ্গসম্পন্ন রাজ্যের প্রধান অঙ্গস্বরূপ রাজা বিনাশিত হইলে এবং কোনও দ্রব্য কোনও কর্ম্মের জন্য পূর্ব্বে সঙ্কল্পিত হইয়া থাকে, ইহার তাৎপর্য্য—যদি পুষ্করিণী খনন প্রভৃতি কোনও ধর্ম্মকার্য্যের জন্য অশৌচের পূর্ব্বকালে কিছু টাকা স্বতন্ত্র করিয়া রাখা হয়, তাহা হইলে অশৌচকালে ঐ টাকার দ্বারাই তথাবিধ ধর্ম্মকার্য্যের অনুষ্ঠান করা যাইতে পারে; হারলতাতে এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে। কৃত্যচিন্তামণিতে এই মতের পোষক একটী বচন উদ্ধৃত হইয়াছে। যথা, "বিবাহ, উৎসব এবং

* দৈবভয় শব্দের অর্থ টীকাকার মরণাশৌচ আশঙ্কা, এইরূপ করিয়াছেন।

প্রথমপিণ্ডকর্তৃত্বনিয়মবৎ প্রথমপিণ্ডদ্রব্যনিয়মমপ্যাহ পুনঃ-পুচ্ছঃ,—"প্রথমেহহনি যদ্দ্রব্যং তদেব স্যাদ্দশাহিকম্।"

বিষ্ণুঃ,—"যাবদশৌচং তাবৎ প্রেতস্যোদকং পিণ্ডমেকঞ্চ দদ্যুরি"তি। "যাবত্তাবদি"ত্যভিধানাৎ অশৌচাভ্যন্তর এব পিণ্ড-দানং মুখ্যং, দৈবাত্তত্রাকরণে মধ্যমক্রিয়াপূর্ব্বকালে কর্ত্তব্যম্।

"যথাগামিক্রিয়ামুখ্যাকালস্যাপ্যন্তরালবৎ।
গৌণকালত্বমিচ্ছন্তি কেচিৎ প্রাক্তনকর্ম্মণি।"

পূর্ব্বমিত্যস্য বিবরণম্ অশৌচকাল ইতি। বিবাহেতি যত্র বৃদ্ধিশ্রাদ্ধাদ্যুত্তরম্ অশৌচং জাতং তত্রাশৌচমধ্যেহপি ক্রিয়মাণে বিবাহাদাবিত্যর্থঃ॥ ১০৫॥

প্রথমেতি যঃ প্রথমপিণ্ডদাতা স এবাপরদবপিণ্ডদাতেতি নিয়মবদিত্যর্থঃ। মধ্যমক্রিয়ায়া আদ্যশ্রাদ্ধাদিরূপায়াঃ। যদেতি মুনেঃ পক্ষান্তরম্। প্রথমঃ পক্ষ—এবমাগামিযাগীয়মুখ্য-কালাদধস্তনঃ। স্বকালাদুত্তরো গৌণঃ কালঃ পূর্ব্বস্য কর্ম্মণঃ॥ ইত্যনেনোক্তাঃ। মুখ্য-কালস্যেতি এতচ্চ ফলোপহিতকিঞ্চিৎস্থূলকালমাত্রায় পর্য্যবস্যতি। প্রাক্তনকর্ম্মণি

যজ্ঞানুষ্ঠানের আরম্ভ করিবার পরে যদি মরণাশৌচ বা জননাশৌচের সংঘটন হয়, তাহা হইলে ঐ কার্য্যের উদ্দেশে ব্যয় করিবার জন্য পূর্ব্বে স্থিরীকৃত দ্রব্যদানে কোনও দোষ হয় না"। ১০৫॥

যেমন প্রথমদিনে পিণ্ডদানকারীকেই দশদিনের পিণ্ড দিতে হইবে, এইরূপ নিয়ম করা হইয়াছে; পুনঃপুচ্ছ আবার পিণ্ডদানের দ্রব্য সম্বন্ধেও সেইরূপ নিয়ম করিয়াছেন, অর্থাৎ প্রথম দিনে যে সকল দ্রব্য দিয়া পিণ্ডদান করা হইবে, দশদিন ধরিয়া সেই সকল দ্রব্য দিয়াই পিণ্ড দিতে হইবে। এইরূপ নিয়ম করিয়াছেন। যথা "প্রথমদিনে যে দ্রব্য দিয়া পিণ্ডদান করিবে, দশদিন পর্য্যন্ত ঐ দ্রব্য দিয়াই পিণ্ড দিতে হইবে।" বিষ্ণু বলিয়াছেন—"যে পর্য্যন্ত অশৌচ থাকিবে, সেই পর্য্যন্ত প্রেতের উদ্দেশে উদক এবং প্রত্যহ এক একটী করিয়া পিণ্ড দান করিবে।" বিষ্ণুর বচনে "যাবৎ তাবৎ" এইরূপ আপেক্ষিক শব্দদ্বয়ের ব্যবহার থাকায়, অশৌচের মধ্যে পিণ্ডদান যে, মুখ্য কার্য্য, ইহাই বুঝাইতেছে। যদি দৈবব্যাঘাত প্রযুক্ত অশৌচের মধ্যে পিণ্ডদান না ঘটে, তবে মধ্যম ক্রিয়ার পূর্ব্বে উহা অবশ্য কর্ত্তব্য। কেননা, "অথবা মধ্যবর্ত্তী কালের ন্যায় আগামী অর্থাৎ পরকর্ত্তব্য ক্রিয়ার মুখ্যকালও পূর্ব্বকর্ত্তব্য কর্ম্মের গৌণকালরূপে পরিগণিত হইয়া

ইতিবচনেন প্রাপ্তপূর্ব্বক্রিয়স্যৈব মধ্যমক্রিয়াভাগিত্বাবগমাৎ, "অন্তরালবৎ" মধ্যকালস্যেব, আগামিক্রিয়াকালস্য গৌণকালত্বমিতি। যদ্বেতি পক্ষান্তরম্। জলসমীপে পিণ্ডদানমুক্তং মৎস্যপুরাণে,—

"প্রেতীভূতস্য সততং ভুবি পিণ্ডং জলং তথা।
সতিলং সকুশং দদ্যাদ্বহির্জ্জলসমীপতঃ॥" ঋষ্যশৃঙ্গঃ,—
"ন স্বধাঞ্চ প্রযুঞ্জীত প্রেতপিণ্ডে দশাহিকে।

পূর্ব্বকর্ম্মণি, আগামিক্রিয়া মুখ্যকালস্য গৌণকালত্বমিচ্ছতি অন্তরালবৎ মধ্যকালস্যেব ইত্যর্থঃ। প্রাপ্তেতি আগামিক্রিয়াকালস্য প্রাক্তনক্রিয়াকালত্বাভিধানেন প্রাক্তনক্রিয়া আগামিক্রিয়ায়াঃ পূর্ব্বং কর্ত্তব্যেত্যতঃ প্রাপ্তা। পূর্ব্বক্রিয়া যেন তস্য প্রকৃতে চ প্রেতস্যেত্যর্থঃ। পক্ষান্তরমিতি যদ্বেত্যাদিনা উক্তমিত্যর্থঃ। তথাচ মুখ্যকাল ইত্যেকঃ পক্ষঃ মধ্যকালশ্চ একঃ পক্ষ ইতি পক্ষদ্বয়মিতি ভাবঃ। জলসমীপ ইতি পূর্ব্বং গৃহদ্বারি

থাকে," ইহার তাৎপর্য্য এই যে, যদি কোন একটি পূর্ব্বকর্ত্তব্য কর্ম্ম (যেমন প্রথম-মাসিক শ্রাদ্ধ) মুখ্য কোন অর্থাৎ প্রথম মাসিক মৃত-তিথিতে না করা হয়, তাহ'লে দ্বিতীয় মাসিকের মধ্যবর্ত্তী কৃষ্ণা একাদশী ঐ প্রথম মাসিকের গৌণ কাল, সেইরূপ দ্বিতীয় মাসিকের মুখ্য কালও অর্থাৎ দ্বিতীয় মাসিকের তিথিও ঐ, প্রথম মাসিকের পক্ষে একটি গৌণ কাল। মধ্যবর্ত্তী কৃষ্ণ একাদশীতে অথবা, দ্বিতীয় মাসিকের দিন প্রথম মাসিকের অনুষ্ঠান করা যাইতে পারে। এই বচনে পরকর্ত্তব্য কর্ম্মের মুখ্য কালকে পূর্ব্বকর্ত্তব্য কর্ম্মের গৌণ কালরূপে নির্দ্দেশ করায়, পূর্ব্বকর্ত্তব্য কর্ম্ম না করিয়া পরকর্ত্তব্য কর্ম্ম করিবে না, এইরূপ স্থির হওয়াতে পূর্ব্ব ক্রিয়া সম্পাদিত হইলেই যে, মধ্যম ক্রিয়ার ভাগী হয়, ইহাই অবগত হওয়া যাইতেছে। "অন্তরাল" শব্দের অর্থ—মধ্যকাল, উহা যেমন পূর্ব্ব কর্ম্মের গৌণ, তেমনি পরবর্ত্তী কর্ত্তব্য কর্ম্মের মুখ্য কালও পূর্ব্ব কর্ম্মের গৌণ কাল। বচনস্থিত "যদ্বা" কথাটি দ্বারা গৌণ কালের পক্ষান্তরের নির্দ্দেশ করা হইয়াছে। (১) মৎস্যপুরাণে দশাহিক পিণ্ডদান যে, জলের সমীপে করিতে হইবে; এইরূপ

(১) ইহার পূর্ব্বে পূর্ব্বক্রিয়ার পরবর্ত্তী এবং আগামী ক্রিয়ার পূর্ব্ববর্ত্তী অর্থাৎ উভয়ের মধ্যবর্ত্তী শাস্ত্রবিহিত কালবিশেষকে পূর্ব্বক্রিয়ানুষ্ঠানের পক্ষে গৌণরূপে অভিধান করা হইয়াছে। এই বচনস্থিত "যদ্বা" দ্বারা আগামী ক্রিয়ার তিথিকেও পূর্ব্বক্রিয়ার গৌণকালরূপে নির্দ্দেশ করা হইল।

তাবেতৈতচ্চ বৈ পিণ্ডং যজ্ঞদত্তস্য পুরকম্।

যস্য ন জ্ঞায়তে গোত্রং পিণ্ডং নাম্না তু নির্ব্বপেৎ॥” দশাহিকগ্রহণাৎ একাদশাহিকশ্রাদ্ধে স্বধাপদপ্রয়োগোঽস্তীতি হারলতা। ন চ“স্বধা পিতৃহবির্দ্দানমন্ত্র” ইতি “প্রেতস্য পিতৃত্বাভাবাৎ কথং তৎপ্রয়োগ” ইতি বাচ্যং, “পিত্রে তু দ্বিগুণা দর্ভা” ইতিবৎ পিতৃপদস্য প্রমীতপরত্বাৎ।

“ দানং প্রতিগ্রহো হোমঃ স্বাধ্যায়ঃ পিতৃকর্ম্ম চ।

পিণ্ডদানযুক্তম্, অতঃ পিণ্ডদানস্য স্থানদ্বয়ম্; এবং দেবতায়তনাদিকমপি বোধ্যম্। তত্র প্রমাণঞ্চ পূর্ব্বমুক্তং, গ্রন্থকারোঽপি বক্ষ্যতি। জলম্ আমপাত্রে জলম্, সকুশমিতি কুশমোটকরূপা বোধ্যা। বহির্গৃহাদ্বহিঃ। তাম্রেত প্রযুঞ্জীত। অত্র তু অমুকগোত্র প্রেতামুকদেবশর্ম্মপ্রেতচ্ছিরঃপূরকং পিণ্ডং তে ময়া দীয়তে তবোপতিষ্ঠতামিত্যাদিকঃ কেষাঞ্চিৎ প্রয়োগঃ; তত্র শিরঃপূরকমিত্যাদিকং নির্ব্বিবাদং, তে ময়া দীয়তে তবোপতিষ্ঠতামিত্যত্র তু প্রমাণং ন বিদ্মঃ। তৎপ্রয়োগঃ স্বধাপদপ্রয়োগঃ। দ্বিগুণা মোটকরূপাঃ।

বলা হইয়াছে। যথা—“প্রেতীভূত ব্যক্তির উদ্দেশে তিল ও কুশের সহিত পিণ্ড এবং জল, গ্রামের বাহিরে স্থিত জলের সমীপে মৃত্তিকায় প্রদান করিবে।” ঋষ্যশৃঙ্গ বলেন, “দশাহিক প্রেতপিণ্ডদানে স্বধা শব্দের প্রয়োগ করিবে না, কেবল এই বলিয়া পিণ্ড দান করিবে,—ইহা যজ্ঞদত্তের (প্রেতের নাম) পূরক পিণ্ড। যাহার গোত্র জানা যাইবে না, তাহার কেবল মাত্র নাম করিয়াই পিণ্ড দান করিবে।” ঋষ্যশৃঙ্গের বচনে বিশেষ করিয়া “দশাহিক” পিণ্ডে স্বধা শব্দের প্রয়োগ নিষেধ করায়, একাদশাহিক আদ্য শ্রাদ্ধে যে, ‘স্বধা’ শব্দের প্রয়োগ করা যাইতে পারিবে, একথা হারলতা বলিয়াছেন। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, ‘স্বধা’ এই শব্দটী ত প্রাপ্তপিতৃলোক ব্যক্তির উদ্দেশেই দ্রব্যদানের মন্ত্র, প্রেত ব্যক্তি ত পিতৃলোক প্রাপ্ত হয় নাই, তবে একাদশাহিক শ্রাদ্ধে ঐ প্রেতের উদ্দেশে পিণ্ডদানে ‘স্বধা’ শব্দের প্রয়োগ কিরূপে হইবে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, এরূপ আপত্তি করিতে পার না। যেমন “পিতৃকর্ম্মে দ্বিগুণ দর্ভের বিন্যাস করিবে।” এস্থলে পিতৃ শব্দটী মৃত ব্যক্তি মাত্রেরই বাচকরূপে প্রযুক্ত হইয়াছে, সেইরূপ পিতৃকর্ম্মে ‘স্বধা’ শব্দের প্রয়োগ করিতে হইবে, এই স্থলেও পিতৃ শব্দটী মৃত মাত্রেরই বাচক। আরও দেখ, “দান, প্রতিগ্রহ, হোম, স্বাধ্যায়

প্রেতপিণ্ডক্রিয়াবর্জ্জং সূতকে বিনিবর্ত্ততে ॥” ইতি শঙ্খ-বচনেনাপি পিতৃপদস্য মৃতপাত্রপরত্বেন প্রেতপিণ্ডস্যাপি পিতৃ-কর্ম্মত্বাৎ তদ্বর্জ্জনমুপপদ্যতে। অন্যথা প্রসক্ত্যভাবাৎ প্রতি-প্রসববৈফল্যাপত্তেশ্চ,

“পিতৃযজ্ঞন্তু নির্ব্বর্ত্ত্য মাসিকং শ্রাদ্ধমেব চ।” ইতি পূর্ব্বোক্তপ্রেততর্পণেঽপি পিতৃযজ্ঞপদপ্রয়োগাচ্চ ॥ ১০৬ ॥

এবঞ্চ প্রেতশ্রাদ্ধেঽপি ভূস্বামিপিতৃভ্যোঽগ্রদানং সং-গচ্ছতে। অত্র ভাষণবিধৌ “এতৎপিণ্ডং যজ্ঞদত্তস্য পূরক”-মেতাবন্মাত্রশ্রুতেঃ “শিরঃপূরক”মিত্যাদিবিশেষোল্লেখে প্রমাণং নাস্তি। ন চ,—

অত্র পিতৃপদং প্রমীতপরমবশ্যং বক্তব্যম্, অন্যথা প্রেতশ্রাদ্ধে [illegible] ন স্যাদিতি ভাবঃ। প্রতিপ্রসবেতি প্রেতপিণ্ডক্রিয়াবর্জ্জমিত্যনেন প্রতিপ্রসবেত্যর্থঃ ॥ ১০৬ ॥

এবঞ্চ পিতৃপদস্য প্রমীতপরত্বে চ। ভূস্বামীতি “পরকীয়গৃহে যস্তু যান্‌ পিতৄন্‌ তর্পয়েজ্জড়” ইত্যনেন প্রাপ্তমগ্রদানমিত্যর্থঃ। যত্তু প্রেতশ্রাদ্ধেষু ন স্বধা নাভিরম্যা-তামিত্যাশ্বলায়নগৃহ্যং তৎ স্বধাবাচননিষেধকম্, অন্যথা সাংবৎসরিকে শ্রাদ্ধে একোদ্দিষ্ট-ধর্ম্মাতিদেশাৎ স্বধাপদপ্রয়োগো দুরূপপাদনীয়ঃ স্যাদিতি বোধ্যম্। অত্র ভাষণেতি

প্রেতপিণ্ডক্রিয়াভিন্ন পিতৃকার্য্য অশৌচে নিবৃত্ত হয়” এই শঙ্খবচনের দ্বারাও পিতৃ শব্দটী যে মৃত ব্যক্তি মাত্রেরই বোধক, তাহাই জানা যাইতেছে ; তাহা না হইলে, উহাতে “প্রেতপিণ্ডভিন্ন পিতৃকার্য্য” এরূপ করিয়া বলা সম্পূর্ণ অসঙ্গত হইত, কেননা, পিতৃকর্ম্মের” মধ্যে প্রেতের উদ্দেশে পিণ্ডদানের প্রসঙ্গ ত হইতেই পারেনা, সুতরাং বচনে উহার প্রতিপ্রসব করা সম্পূর্ণ বিফল হইয়া পড়ে। আরও দেখ, “পিতৃযজ্ঞ এবং মাসিক শ্রাদ্ধ শেষ করিয়া” এই পূর্ব্বোক্ত বচনেও প্রেততর্পণ স্থলেও “পিতৃযজ্ঞ” এই কথাটী ব্যবহৃত হইয়াছে। ১০৬।

যদি এইরূপ হইল, অর্থাৎ প্রেতেও পিতৃপদের ব্যবহার শাস্ত্রসম্মত হইল, তা হইলে প্রেতশ্রাদ্ধেও ভূস্বামী পিতৃগণের উদ্দেশে যে শ্রাদ্ধের অগ্রভাগ দান করা হয়, তাহাও সঙ্গত হইল। ঋষ্যশৃঙ্গ পূরক পিণ্ডদানের যে বাক্য বিহিত করিয়াছেন, তাহাতে ‘ইহা যজ্ঞদত্তের (অমুকের) পূরক পিণ্ড’ এইরূপ মাত্র কথন থাকায়, কোনও কোনও স্থলে যে ‘ইহা অমুকের শিরঃপূরক পিণ্ড” এইরূপ বাক্য

"শিরস্ত্বাদ্যেন পিণ্ডেন প্রেতস্য ক্রিয়তে সদা।
দ্বিতীয়েন তু কর্ণাক্ষিনাসিকাস্তু সমাসতঃ॥
গলাংশভুজবক্ষাংসি তৃতীয়েন যথাক্রমাৎ।
চতুর্থেন তু পিণ্ডেন নাভিলিঙ্গগুদানি চ॥
জানুজঙ্ঘে তথা পাদৌ পঞ্চমেন তু সর্ব্বদা।
সর্ব্বমর্ম্মাণি ষষ্ঠেন সপ্তমেন তু নাড়য়ঃ॥
দন্তলোমাদ্যষ্টমেন বীর্য্যঞ্চ নবমেন তু।
দশমেন তু পূর্ণত্বং তৃপ্ততা ক্ষুদ্বিপর্য্যয়ঃ॥"

ইতি ব্রহ্মকূর্ম্মপুরাণীয়ং বাক্যং প্রমাণমিতি বাচ্যং, তদ্বাক্যেন তত্তৎপিণ্ডস্য তত্তদঙ্গকরণত্বং বিধীয়তে। "ভাবেতে"তিবচনে-

"ভাবৈস্তেচ্চ বৈ পিণ্ডং যজ্ঞদত্তস্য পূরকমিত্যত্রেত্যর্থঃ। পূরকমিতি শরীরপূরকমিত্যর্থঃ। বাচস্পতিমিশ্রাদিমতং দূষয়তি শিরঃপূরকমিত্যাদীতি। দ্বিতীয়েনেতি কর্ণাক্ষিনাসিকাপূরকং দ্বিতীয়ং পিণ্ডম্। এবং পরত্রাপি বোধ্যম্। ভাবৈস্তেচ্চ বৈ পিণ্ডমিতি বচনাৎ পিণ্ডশব্দো নপুংসকলিঙ্গ এব প্রয়োগ ইতি বোধ্যম। সমাসতঃ

লিখিত হইয়াছে, তৎসম্বন্ধে কোনও প্রমাণ দৃষ্ট হয় না। কেহ আশঙ্কা করিয়াছিলেন, তুমি যে বলিতেছ, সে সম্বন্ধে কোনও প্রমাণ নাই, তাহা কিরূপ হইল, কারণ—"আদ্য পিণ্ডের দ্বারা সর্ব্বদা প্রেতের শিরোভাগ কৃত হয়, দ্বিতীয় দ্বারা কর্ণ, চক্ষু এবং নাসিকার নির্ম্মাণ হয়, তৃতীয় দ্বারা যথাক্রমে গলা স্কন্ধ বাহু এবং বক্ষ কৃত হয়, চতুর্থদ্বারা নাভি, লিঙ্গ, এবং অপান দেশ হয়, পঞ্চমের দ্বারা জানু জঙ্ঘা এবং পাদদ্বয়, ষষ্ঠ দ্বারা সকল প্রকার মর্ম্ম স্থান, সপ্তমদ্বারা নাড়ী সকল, অষ্টম দ্বারা দন্ত ও লোমাদি, নবম দ্বারা বীর্য্য, এবং দশম দ্বারা পূর্ণত্ব, তৃপ্ততা, এবং ক্ষুধার শান্তি হয়," এই ব্রহ্ম এবং কূর্ম্মপুরাণীয় বাক্যই প্রমাণ। স্মার্ত্ত বলিতেছেন, একথাও বলিতে পার না। কারণ, ঐ বাক্যের দ্বারা ঐ সকল পিণ্ড যে ঐ ঐ অঙ্গের জনক এই মাত্র বিহিত হইয়াছে। পূর্ব্বোক্ত ঋষ্যশৃঙ্গের বচনে যেমন "ভাবেতে" এই ক্রিয়া পদ দ্বারা পিণ্ডদানের বাক্যে যজ্ঞদত্তের পূরকপিণ্ড এইরূপে উল্লেখ করিয়া পিণ্ডদান করিতে বলা হইয়াছে, এই বচনের দ্বারা কিছু পিণ্ডদানের বাক্যে "অমুক পিণ্ড অমুকের অমুক অঙ্গের পূরক হউক," এইরূপ উল্লেখপূর্ব্বক

খানভিধানাৎ, "পূর্ণত্বং তৃপ্ততা ক্ষুদ্বিপর্য্যয়" ইত্যত্র "শিরঃ-পূরক"মিত্যাদিবৎ পূর্ণত্বপূরণানুপপত্তেঃ, পূর্ণত্বপূরণশব্দয়োরেকার্থত্বাৎ।

"প্রেতপিণ্ডৈস্তথা দত্তৈর্দেহমাপ্নোতি ভার্গব।"

ইতি বিষ্ণুধর্ম্মোত্তরে দেহশ্রুতে"র্দেহপূরক"মিতি প্রয়োগাপত্তেশ্চ। তস্মাদনিরুদ্ধভট্টাদ্যুক্তঃ কেবলপূরকপ্রয়োগ এব যুক্ত ইতি।

"তোয়ৈঃ সুশীতলৈ"রিত্যুক্তস্য বিধানমাহ—"একতোয়াঞ্জলিস্ত্বেবং পাত্রমেকঞ্চ দীয়তে" ইত্যাদিনা, লাঘবায়

সংক্ষেপতঃ। সর্ব্বত্র প্রাণাঙ্গত্বেঽপি আবৃত্তাবেকতন্ত্রীবদে। পূর্ণত্বং শরীরস্য পূর্ণত্বম্। উল্লেখানভিধানাৎ শিরঃপূরকমিত্যাদেরুল্লেখানভিধানাৎ। কেবলপূরকেতি; তথাচ এতচ্ছিরঃপূরকং পিণ্ডম্, ইত্যাদি মনসি সঞ্চিন্ত্য অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণ এতৎ প্রথমং পিণ্ডং পূরকমিত্যাদিপ্রয়োগঃ সিদ্ধঃ। অনিরুদ্ধভট্টেন তু শিরঃপূরণাদি চিন্তনমপি ন লিখিতমিতি ধ্যেয়ম্। তোয়ৈরিতি। অর্ঘ্যৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্দীপৈস্তোয়ৈঃ সুশীতলৈঃ। উর্ণাতন্তুময়ৈঃ শুক্লৈর্ব্বাসোভিঃ পিণ্ডমর্চ্চয়েদি"ত্যাদিপুরাণে উক্তস্যেত্যর্থঃ।

পিণ্ডদান করিতে বলা হয় নাই। আরও দেখ, যদি এই বচনের—"অমুক পিণ্ড অমুকের অমুক অঙ্গের পূরক হউক" এইরূপ বাক্য বলিয়াই পিণ্ডদান করা অভিপ্রেত অর্থ হইত, তাহ'লে এই বচনেই 'দশম পিণ্ড দ্বারা পূর্ণত্ব, তৃপ্ততা, ক্ষুধার শান্তি হয়,' এইরূপ মাত্র বলা হইলেও তোমার মতানুসারে উহার "অমুক পিণ্ড অমুকের পূর্ণত্বের পূরক হউক" এইরূপ অর্থ করাই উচিত হয়, কিন্তু এরূপ অর্থ করিতে পার না, কারণ পূর্ণত্বের আবার পূরক হইবে কি? যেহেতু পূর্ণত্ব এবং পূরণ এই উভয় শব্দের একই অর্থ। শুধু তাহাই নহে, আরও দেখ, "হে ভার্গব, প্রদত্ত প্রেত পিণ্ডের দ্বারা দেহ প্রাপ্ত হয়" এই বিষ্ণুধর্ম্মোত্তরীয় বচনে কেবলমাত্র 'দেহ' এই কথাটী ব্যবহৃত হওয়ায়, অমুক পিণ্ড অমুকের দেহ-পূরক হউক, এইরূপ বাক্যই বা কেন না প্রযুক্ত হইবে? এরূপ আপত্তিও হইতে পারে। অতএব অনিরুদ্ধ ভট্ট প্রভৃতি কর্ত্তৃক কথিত কেবল "পূরক" অর্থাৎ "এই পিণ্ড অমুকের পূরক" এইরূপ প্রয়োগই যুক্তিযুক্ত হইতেছে। এবং পূর্ব্বোক্ত আদিপুরাণে "সুশীতল জলের দ্বারা যে

পৃথগ্দানং, তথা তোয়াঞ্জলেরুপস্থিতত্বাৎ লাঘবাৎ পাত্রমপি তদাধাররূপং ন তু ভিন্নম্। অতএব "তোয়পাত্রাণি তাবন্তী"-ত্যুপসংহৃতং, তদপি আমমৃন্ময়ম্।

"অশুচ্যশুচিনা দত্তমামমৃচ্ছকলাদিনা।" ইতি বক্ষ্যমাণাৎ। "আমমৃচ্ছকলাদিনা" অশুচিদ্রব্যমিত্যর্থঃ। তদ্দানঞ্চ তূষ্ণীমাহ পুনঃপুচ্ছঃ,—

"ফলমূলৈশ্চ পয়সা শাকেন চ গুড়েন চ।

পাত্রমামপাত্রং লাঘবাদিতি আমপাত্রাধিকরণকতোয়াঞ্জলিদানে দানস্যৈক্যাল্লাঘবম্ আমপাত্রস্য পৃথগ্দানে তু দানস্য দ্বিত্বাদ্গৌরবং ভবতীতি ভাবঃ। ন পৃথগ্দানমিতি কিন্তু পাত্রসহিতস্যৈব তোয়াঞ্জলের্দানমিত্যর্থঃ। উপস্থিতত্বাল্লাঘবাদিতি অন্যথা তোয়াঞ্জলেঃ পাত্রান্তরকল্পনে অনুপস্থিতকল্পনপ্রযুক্তং গৌরবং স্যাদিতি ভাবঃ। পাত্রমপি আমপাত্রমপি। তোয়েতি তোয়পাত্রাণি তাবন্তি সংযুক্তানি তিলাদিভিরিত্যুপসংহারে তোয়পদযুক্তমিতি ভাবঃ। তদপি পাত্রমপি। মৃচ্ছকলেতি মৃৎখণ্ডেত্যর্থঃ। তিক্তং

পিণ্ডের অর্চনা করিতে বলা হইয়াছে, ঐ সুশীতল জলের দ্বারা পিণ্ড অর্চনার "এক জলাঞ্জলি এবং একটী পাত্র দান করিবে" ইত্যাদি বচন দ্বারা এইরূপ বিধান করা হইয়াছে। এই বচনে একটি জলাঞ্জলি এবং একটি পাত্রদানের কথা পৃথক্ভাবে উল্লিখিত হইলেও উহাদিগকে এক সঙ্গেই দান করিবে, পৃথক্ভাবে দান করিবে না। কারণ এক সঙ্গে দান করাই লাঘব পক্ষ হয়, এবং সর্ব্বত্র লাঘবপক্ষই স্বীকৃত হইয়া থাকে। আরও একটি কথা এই যে, এ স্থলে জলাঞ্জলির দানের এক সঙ্গে পাত্রদানের বিধান থাকায়, ঐ পাত্র যে জলাঞ্জলিরই আধাররূপে দান করিতে হইবে, এইরূপ বুঝাইতেছে; কারণ তাহতে আরও লাঘব হয়। অতএব ইহা দ্বারা একটি পাত্রে জলাঞ্জলি রাখিয়া তৎসঙ্গে আর একটি পাত্র দান করিবে এরূপ অভিপ্রায়ও যেন কেহ না বুঝেন। এই জন্যই অর্থাৎ জলাঞ্জলির আধাররূপে পাত্রদান করিতে হইবে বলিয়াই "যত গুলি জলাঞ্জলি, পাত্রও ততগুলি হইবে" এইরূপে ঐ আদিপুরাণেই উপসংহার করা হইয়াছে। ঐ পাত্রটীও কাঁচা মাটীর হইবে। কারণ "অশুচি ব্যক্তি কর্তৃক কাঁচা মৃৎখণ্ডের দ্বারা অশুচি দ্রব্য দত্ত হইবে" এইরূপ একটী বচন পরে বলা হইবে। দেয় দ্রব্যের অশুচিত্ব কাঁচা মাটীর খণ্ডের স্পর্শেই হইয়া থাকে। ঐ জলাঞ্জলি এবং পাত্র যে, তূষ্ণীভাবে প্রদান করিতে হইবে,

তিলমিশ্রন্তু দর্ভেষু পিণ্ডং দক্ষিণতো হরেৎ ॥
দ্বারদেশে প্রদাতব্যং দেবতায়তনেষু চ।
তূষ্ণীং প্রসেকং পুষ্পঞ্চ ধূপং দীপং তথৈব চ ॥"

"তূষ্ণীং প্রসেক"মিতি "মৃন্ময়ামপাত্রস্থজলাঞ্জলি"মিতি হারলতা। তেন প্রসেকপদং কর্ম্মণি ব্যুৎপন্নম্। অতোঽত্র মৈথিলানাং বাক্যরচনা হেয়ৈব। যদপ্যুক্তং "ইদঞ্চ পাত্রাঞ্জল্যোর্দ্দানং পিণ্ডোপর্য্যেব"। "দ্বিতীয়ে দ্বা"বিত্যাদিনা তস্যৈবাধারত্বকথনাৎ। ন চ দ্বিতীয়দিনাদিকং তদর্থঃ, "সদ্যঃশৌচাদৌ

শকলখণ্ডে বেত্যমরঃ। নম্ম দেয়দ্রব্যস্য কথমশুচিত্বং তত্রাহামমৃচ্ছকলাদিনা অশুচীতি তথাচামমৃৎপাত্রসম্বন্ধাদশুচিত্বমিতি ভাবঃ। তদ্দানঞ্চ আমপাত্রতোয়াঞ্জলিদানঞ্চ। দক্ষিণতঃ কর্ত্তুর্দক্ষিণভাগে। দেবতায়তনেষু বেতি বাক্যাৎ জলসমীপে অত্র জলাঞ্জলিদানে। বাক্যরচনেতি অমুকগোত্রেত্যাদি এষ তোয়াঞ্জলিস্তে ময়া দীয়তে তবোপতিষ্ঠতামিতি বাক্যরচনেত্যর্থঃ। যদপ্যুক্তমিতি বাচস্পতিমিশ্রেণেতি পরেণান্বিতম্। পাত্রাঞ্জল্যোর্দ্দানং পাত্রাঞ্জল্যোঃ পৃথগ্দানম্। এতম্মতে দ্বিতীয় ইত্যাদিকং পিণ্ডস্য বিশেষণং, দ্বিতীয়ে পিণ্ডে ইত্যর্থঃ। ন চ ইতি তদর্থ ইত্যনেনান্বিতম্। তদর্থঃ দ্বিতীয় ইত্যাদেরর্থঃ। সদ্য

তাহাও পুনঃপুনঃ বলিয়াছেন, যথা,—"ফল, মূল, দুগ্ধ, শাক এবং গুড়ের সহিত তিলমিশ্র পিণ্ড দর্ভের উপর দক্ষিণমুখে দান করিবে, উহা দ্বারদেশে অথবা দেবতার আয়তনে প্রদান করিবে। এবং প্রসেক পুষ্প, ধূপ, এবং দীপ তূষ্ণীভাবে প্রদান করিবে।" হারলতায় 'প্রসেক' শব্দের অর্থ—কাঁচা মৃন্ময় পাত্রস্থ জলাঞ্জলি, এইরূপ ব্যাখ্যা করা হইয়াছে। সুতরাং 'প্রসেক' এই পদটী কর্ম্মবাচ্যে সাধিত হইয়াছে। কাজে কাজেই এই জলাঞ্জলিদানকালে মৈথিলেরা যে একটী সংকল্পের বাক্য রচনা করেন, তাহা হেয় বলিয়াই প্রতীত হইতেছে। এস্থলে বাচস্পতি মিশ্র যদ্যপি বলিয়াছেন—"এই যে, পাত্র এবং জলাঞ্জলি দানের কথা বলা হইয়াছে, ইহা পিণ্ডের উপরই করিতে হইবে অর্থাৎ জলাঞ্জলিপূর্ণ পাত্রটি পিণ্ডের উপরেই রাখিতে হইবে, কারণ "দ্বিতীয়ে দুইটি দিবে" ইহা দ্বারা পিণ্ডই যে, পাত্র এবং জলাঞ্জলির আধার হইবে, তাহাই বলা হইয়াছে। যদি বল "দ্বিতীয়ে দুইটি দিবে" ইহার অর্থ "দ্বিতীয় পিণ্ডে দুইটি দিবে" এরূপ নহে, "দ্বিতীয় দিনে দুইটি দিবে" এইরূপই উহার অর্থ, এইরূপ অর্থের সদ্যঃশৌচাদি-

বাধাপত্তেঃ, সদ্যস্ত্র্যহাশৌচপিণ্ডদানস্যাপ্যপক্রমা”দিতি বাচস্পতিমিশ্রেণ, তদযুক্তং, “দ্বিতীয়” ইত্যাদাবপি “দ্বিতীয়েঽহনি চত্বার” ইতি পূর্ব্ববচনেঽহঃশ্রুতেরত্রাপি বিশেষ্যত্বেন তদেবান্বেতি, ন তু পিণ্ডে ইতি। অতএব মিতাক্ষরায়াং প্রচেতাঃ,—

“দিনে দিনেঽঞ্জলীন্ পূর্ণান্ দদ্যাৎ প্রেতোপকারণাৎ।
তাবদ্বৃদ্ধিশ্চ কর্ত্তব্যা যাবৎ পিণ্ডঃ সমাপ্যতে॥” প্রতিদিনমঞ্জলীনাং বৃদ্ধিঃ কার্য্যা যাবদ্দশমঃ পিণ্ডঃ সমাপ্যতে ইতি। অতএব “ভুবি পিণ্ডং জলং তথেতি” মাৎস্যং প্রাগুক্তমিতি।

ইত্যাদি তথাচ সদ্যঃশৌচে দ্বিতীয়দিনাদেরপ্রসিদ্ধি, ত্র্যহাশৌচে চতুর্থদিনাদেরপ্রসিদ্ধিরিতি ভাবঃ। তদযুক্তমিতি মিশ্রেণ যদুক্তং তদযুক্তমিত্যর্থঃ। দ্বিতীয়েঽহনীতি চত্বারঃ পিণ্ডাঃ, এতচ্চ ত্র্যহাশৌচস্থলে বোধ্যম্। অত্রাপি দশাহাশৌচস্থলেঽপি তদেব অহরেব। অতএব অহো বিশেষ্যত্বাদেব। দিনে দিনে ইতি দিনস্যৈবাধারত্বেনৈবোল্লেখঃ ন তু পিণ্ডস্যেতি ভাবঃ। তাবৎ বৃদ্ধিঃ তাবৎকালং বৃদ্ধিঃ প্রতিদিনং বৃদ্ধিরিতি যাবৎ। যত আমপাত্র এব তোয়াঞ্জলিদানং ন তু পিণ্ডে অতএবেত্যর্থঃ। ভুবীতি আমমৃন্ময়-

স্থলে বাধা হইয়া পড়ে, কারণ পূরকপিণ্ড যে পূর্ণাশৌচই করিতে হইবে এমন কোন কথা নাই, সদ্যঃশৌচ এবং ত্র্যহাশৌচেও সম্পূর্ণ পূরকপিণ্ড দানের কথা বলা হইয়াছে। বাচস্পতির এইরূপ ব্যবস্থাটী সম্পূর্ণ অযুক্ত বলিয়াই প্রতীত হইতেছে। কারণ দেখ, “দ্বিতীয় অহতে চারিটী পিণ্ড দিবে” এই পূর্ব্ববচনে দিন শব্দের বাচক অহঃ শব্দের প্রয়োগ থাকায় এই বচনস্থিত দ্বিতীয় “এই বিশেষণ পদের “অহঃ” এই পদটী বিশেষ রূপে অন্বিত হইতেছে। “দ্বিতীয়” ঐ শব্দটী পিণ্ড এই বিশেষ্য পদের সহিত অন্বিত নহে। পিণ্ডের উপর যে মৃন্ময়পাত্রস্থ জলাঞ্জলি দিবে না, তৎসম্বন্ধে মিতাক্ষরায় প্রচেতার একটী বচন উদ্ধৃত হইয়াছে—যথা “প্রতিদিন প্রেতের উপকার হেতু পূর্ণ জলাঞ্জলি দান করিবে। এবং যে পর্য্যন্ত পিণ্ড সমাপ্ত না হয়, তাবৎ কাল পর্য্যন্ত ঐ জলাঞ্জলি ক্রমশঃ বাড়াইয়া যাইবে”—অর্থাৎ প্রতিদিন জলাঞ্জলির বৃদ্ধি করিতে যাইবে, যে পর্য্যন্ত দশম পিণ্ড সমাপ্ত না হয়। ইহাতে কিছু এইরূপ বুঝাইতেছে না যে, পিণ্ডের উপরই সপাত্র জলাঞ্জলি দান করিতে হইবে। আরও দেখ, পূর্ব্বোক্ত মৃত্তিকায় পিণ্ড ও জল দান করিবে” মৎস্য পুরাণের এই বচন দ্বারা মৃত্তিকাতেই পিণ্ড ও জলা-

তথাচ প্রচেতাঃ,—গৃহদ্বারে তথৈব প্রেতায় পিণ্ডং নির্ব্বপেয়ুঃ। ভূমৌ মাল্যং পানীয়ং দীপঞ্চোপলিপ্তায়া”মিতি।

সদ্যস্ত্র্যহাশৌচয়োস্তুপত্যা পিণ্ডদানসংকলনবৎ মৃন্ময়পাত্রদানসংকলনমিতি॥ ১০৭॥

যদপ্যুক্তং “পুষ্পাদিসাহচর্য্যাৎ ঊর্ণাকৃতবস্ত্রদানং তূষ্ণী”মিতি। তন্ন, “পিণ্ডযজ্ঞাবৃতা দেয়ং প্রেতায়ান্নং দিনত্রয়মি”তি যাজ্ঞবল্ক্যেন পিণ্ডপিতৃযজ্ঞেতিকর্ত্তব্যতাতিদেশাৎ। পিণ্ডপিতৃযজ্ঞে

পাত্রমপি ভূর্ব্বদেবেতি ভাবঃ। উপলিপ্তায়ামিতি ইদমত্রাবধেয়ম্—উপলিপ্তায়ামিতি বিশেষণাৎ ন আমপাত্রদানং ন চামপাত্রে দানেঽপি পরম্পরয়া ভূমৌ দানং ভবত্যেবেতি বাচ্যম্, তথা সতি পিণ্ডোপরিদানেঽপি পরম্পরয়া ভূমৌ তৎসম্ভবাৎ; অতো মিশ্রমতমদুষ্টমিতি॥ ১০৭॥

স্মার্ত্তমতে ঊর্ণাতন্তুবস্ত্রদানং, বাচস্পতিমিশ্রমতে তু কম্বলত্রয়দানম্, মিশ্রস্যায়মাশয়ঃ—“অর্ঘ্যৈঃ পুষ্পৈস্তথা ধূপৈর্দীপৈ স্তোয়ৈঃ সুশীতলৈঃ। ঊর্ণাতন্তুময়ৈঃ শুদ্ধৈর্বাসোভিঃ পিণ্ডমর্চ্চয়ে”দিত্যত্র বাসঃপদোপাদানাং বস্ত্রং, বহুবচনাচ্চ ত্রিত্বং লব্ধমিতি। তদ্দষয়তি

গুলি দানের কথা বলা হইয়াছে। বক্ষ্যমাণ প্রচেতার বচনে একথা আরও স্পষ্টরূপে ব্যক্ত হইয়াছে যথা,—“গৃহের দ্বারে উপলিপ্ত মৃত্তিকায় ঐ প্রেতের উদ্দেশে পিণ্ড, মাল্য, পানীয় এবং দীপ প্রদান করিবে।” তবে যদি বল ‘দ্বিতীয় শব্দের অর্থ “দ্বিতীয় দিন” এইরূপ করিলে সদ্যঃশৌচ ও ত্র্যহাশৌচ স্থলে উহার কিরূপ উপপত্তি হইবে? ইহার উত্তরে আমি বলিব, যেমন কোনরূপ গত্যন্তর না থাকায় সদ্যঃ ও ত্র্যহাশৌচের স্থলে অশৌচকালের মধ্যেই পিণ্ডদানের সংকলন করিতে হয়, সেইরূপ তোয়াগুলির পাত্রেরও সংকলন করিতে হইবে॥ ১০৭॥

পূর্ব্বোক্ত আদিপুরাণের বচনে মেষলোমনির্ম্মিত বিশুদ্ধ বস্ত্রের দ্বারা পিণ্ডের পূজা করার কথা থাকায়, এবং ঐ বস্ত্রবাচক “বাসস্’ শব্দটী বহুবচনান্ত থাকায়, বাচস্পতিমিশ্র যে কম্বলত্রয় দানের কথা বলিয়াছিলেন, স্মার্ত্ত তাহা দূষিত করিতেছেন, এবং বাচস্পতিমিশ্র আরও যে বলিয়াছেন, পুষ্পাদি সাহচর্য্য নিবন্ধন মেষলোমনির্ম্মিত বস্ত্রদানও তূষ্ণীম্ভাবে করিতে হইবে, ইহাই বুঝাইতেছে। বাচস্পতি মিশ্রের এই তূষ্ণীম্ভাবে মেষলোমনির্ম্মিত বস্ত্রত্রয় দানব্যবস্থাও ঠিক নহে। দেখ “পিণ্ডপিতৃযজ্ঞের পরিপাটীক্রমে প্রেতকে তিন দিন অন্নদান করিবে” এই যাজ্ঞবল্ক্যের বচনে প্রেতের অন্নদান ব্যাপারে পিণ্ড পিতৃযজ্ঞের

চ গোভিলেন "সব্যেনৈব পাণিনা সূত্রতন্তুং গৃহীত্বা অপসলবি পূর্ব্বস্যাং কর্ষাং পিণ্ডে নিদধ্যাৎ পিতুর্নাম গৃহীত্বা অসাবেতত্তে বাসো যে চাত্র ত্বামনুযাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধা" ইতি সূত্রতন্তুষু বাসঃপ্রয়োগাৎ, বাক্যরচনাবিধানাচ্চ, ন বস্ত্রদানং, ন বা তুষ্ণীমিতি। অপসলবি পিতৃতীর্থেন। তথাচ ভট্টভাষ্যে গৃহ্যান্তরম্,—"তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োরন্তরা "অপসলবি" অপলবং বা, তেন

যদপূক্তমিতি। পুষ্পাদিসাহচর্য্যাত্তুষ্ণীমিত্যন্বয়ঃ। সাহচর্য্যঞ্চ একবচনোপাত্তত্বং, তথাচ তুষ্ণীং প্রসেকং পুষ্পঞ্চেত্যাদিনা পুষ্পস্য তুষ্ণীং দানমুক্তং,'পুষ্পাদিসাহচর্য্যাচ্চ অত্রাপি তুষ্ণীং দানমিতি ভাবঃ। পিণ্ডগন্ধান্বৃতা পিণ্ডগন্ধপরিপাট্যা সূত্রেতি সূত্রপদেনাত্র বস্ত্রদশা উচ্যন্তে, তদর্থমিত্যর্থঃ। কর্ষামিতি সাগ্নিকৈরষ্টকাশ্রাদ্ধে গর্ত্তত্রয়ং কৃত্বা তত্র যথাদিকং দত্বা কৃত্রিমাং নদীং বিধায় পিণ্ডত্রয়ং দীয়তে। তথাচামরঃ,—কর্ষূঃ কুল্যাভিধায়িনীতি। সূত্রে লক্ষণে। বাক্যরচনেতি অসাবেতত্তে বাস ইত্যাদিবাক্য-

ইতিকর্ত্তব্যতার অতিদেশ করা হইয়াছে। অর্থাৎ যেরূপ রীতিতে পিণ্ড পিতৃযজ্ঞে অন্নদান করা হয়, প্রেতকেও সেইরূপে অন্নদান করিবে, ইহাই বলা হইয়াছে। এক্ষণে দেখ, পিণ্ড পিতৃযজ্ঞের প্রকরণে গোভিল কি বলিতেছেন—বামহস্তদ্বারা তন্তু গ্রহণ করিয়া পিতৃতীর্থ দ্বারা উহা পূর্ব্বস্থিত কুল্যার সমীপবর্ত্তী পিণ্ডে স্থাপন করিবে, এবং স্থাপন করিবার সময়, পিতার নাম গ্রহণপূর্ব্বক "এই তোমার বস্ত্র" ইত্যাদি মন্ত্রটী সম্পূর্ণ উচ্চারণ করিবে। এক্ষণে দেখ, ঐ মন্ত্রে তন্তুতেই যেমন বাসঃ শব্দের প্রয়োগ করা হইয়াছে, অতএব আদিপুরাণের বচনেও সেইরূপ তন্তু স্থলেই বাস শব্দের প্রয়োগ করা হইয়াছে। আরও একটী কথা, বাচস্পতি মিশ্র যে তুষ্ণীভাবে ঐ বাস দানের কথা বলিয়াছেন, তাহাও ঠিক হয় নাই। কারণ, গোভিল ঐ বাসদান বিষয়ে পূর্ব্বোক্ত মন্ত্ররূপ বাক্যের রচনার বিধান করিয়াছেন। সুতরাং বাচস্পতি মিশ্র মেষনির্ম্মিত কম্বলরূপ বস্ত্রত্রয় দান করিতে হইবে এবং উহা তুষ্ণীভাবে দান করিতে হইবে, এই যে দুইটী কথা বলিয়াছিলেন, তাহার কোনটীই টিকিল না। গোভিলের সূত্রে যে "অপসলবি" কথাটী আছে তাহার অর্থ—পিতৃতীর্থ। এসম্বন্ধে ভট্টভাষ্যে গৃহ্যান্তর হইতে প্রমাণ উদ্ধৃত হইয়াছে, যথা—"তর্জ্জনী এবং অঙ্গুষ্ঠের মধ্যস্থিত স্থানকে অপসলবি বা অপসব্য বলে, এই অপসব্য দ্বারা পিতৃগণকে অন্নাদি প্রদান করিবে।" এই জন্ত মনুও পিতৃতীর্থস্থানে 'অপসব্য' এই পদের

পিতৃভ্যো নিদধাতী”তি। অতএব মনুনা পিতৃতীর্থেঽপসব্যপদমুক্তং, যথা—“প্রাচীনাবীতিনা সম্যগপসব্যমতন্দ্রিণে”তি। মরীচিঃ,—

“প্রেতপিণ্ডং বহির্দ্দদ্যাদ্দর্ভমন্ত্রবিবর্জ্জিতম্।
প্রাগুদীচ্যাং চরুং কৃত্বা স্নাতঃ সুসমাহিতঃ॥”

অত্র মন্ত্রদর্ভবর্জ্জনং চূড়াকরণকালেঽপ্যকৃতচূড়ানাম্, উপনয়নকালেঽপ্যকৃতোপনয়নানাং, কন্যানামনূঢ়ানাঞ্চ। অন্যথা হারীতবচনে তত্তদ্বোপাদানং ব্যর্থং স্যাৎ। অসংস্কারা ইত্যনেনৈব সর্ব্বেষাং প্রাপ্তত্বাৎ। যথা হারীতঃ,—

বচনেত্যর্থঃ। অন্তরা মধ্যম্। অতএব তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োরন্তরাহ্বানস্যাপসব্যপদবাচ্যতামেব। দর্ভবর্জ্জনমিতি মন্ত্রবর্জ্জনন্ত সামান্যপ্রকরণাৎ সর্ব্বস্যৈব পিণ্ডপ্রক্রিয়োপযোগি যাবন্মন্ত্রাণাং পাঠনিষেধকম্। মন্ত্রবর্জ্জনাচ্চ মণ্ডলিকারেখাকরণাদিপিণ্ডপ্রক্রিয়াঃ সর্ব্বা এব কার্য্যা ইত্যায়াতম্। গুণনিবৃত্ত্যা মুখ্যনিবৃত্তেরন্যায্যত্বাৎ প্রেতপিণ্ডমিতি বচনাৎ চতুর্থাহাদিশ্রাদ্ধে মন্ত্রপাঠোঽস্ত্যেবেতি বোধ্যম্। চূড়াকরণেতি চূড়াকরণমুখ্যকাল ইতি তৃতীয়বর্ষাবধি উপনয়নমুখ্যকালপর্য্যন্তকালেঽপ্যকৃতচূড়মরণে উপনয়নমুখ্যকালাবধিকালেঽপ্যকৃতোপনয়ন-

প্রয়োগ করিয়াছেন। যথা “প্রাচীনাবীতী এবং সম্যক্‌প্রকারে সতর্ক হইয়া অপসব্য (পিতৃতীর্থ) ব্যবহার করিবে।” মরীচি বলিয়াছেন—“স্নাত এবং একাগ্রচিত্ত হইয়া ঐ ঈশান কোণে চরু পাক করিয়া মন্ত্র এবং দর্ভ ব্যবহার পরিত্যাগ পূর্ব্বক প্রেতপিণ্ড দান করিবে।” এই বচনে যে ‘মন্ত্র এবং দর্ভব্যবহার পরিত্যাগের কথা বলা হইয়াছে, উহার দ্বারা চূড়ার উপযুক্তকালে যে সকল বালক অকৃতচূড় হইয়া মরিয়া যায়, উপনয়নের কালে অনুপনীত হইয়া মৃত হয় এবং অবিবাহিত কন্যাগণের দর্ভ বর্জ্জন করিয়া পিণ্ড দান যে করিতে হইবে, ইহাই বুঝাইতেছে। এরূপ না বলিলে বক্ষ্যমাণ হারীতের বচনে ‘অকৃতচূড় হইয়া যে মরিয়াছে, এবং গর্ভ হইতে নিঃসৃত হইয়া যে মরিয়াছে,’ এইরূপে বিশেষ করিয়া উল্লেখ করা ব্যর্থ * হইত, কেননা ঐ বচনস্থিত “অসংস্কারা”,

(১) যদি বল, হারীতবচনস্থিত “অসংস্কারা” এই পদটি দ্বারা যদি অকৃতচূড়াদির লাভ হইয়াছিল, তবে হারীতই বা নিজ বচনে উহাদিগের উল্লেখ করিয়া আবার পুনরুক্তি দোষ করিলেন কেন? ইহার উত্তর এই যে, হারীতবচনস্থিত “অসংস্কারা” এই পদ চূড়াপূর্ব্বকালে যাহাদের মৃত্যু হইয়াছে তাহাদিগকেই বুঝাইতেছে।

"অকৃতচূড়া যে বালা যে চ গর্ভাদ্বিনিঃসৃতাঃ।
মৃতা যে চাপ্যসংস্কারাস্তেষাং ভূমৌ প্রদীয়তে।"
"যে চ গর্ভাদ্বিনিঃসৃতা" ইতি স্নেহাদ্দাহপক্ষে। যমঃ,—
"অনূঢ়া যা মৃতা কন্যা তস্যা ভূমৌ প্রদীয়তে।" পিণ্ড ইতি

মরণেঽনূঢ়কন্যামরণে চ দর্ভবর্জ্জনমিত্যর্থঃ। অন্যথা বালমাত্রপরত্বে। নমু গর্ভচ্যুতস্য দাহো নাস্তি, দাহং বিনা চ পিণ্ডদানং নাস্তি, তত্রাহ স্নেহাদ্দাহপক্ষে ইতি। আদি-

---

(সংস্কার রহিত) এই সাধারণ বিশেষণ পদ দ্বারাই ও সকলের লাভ হইয়াছিল; অতএব বিশেষ করিয়া বলিবার ঐ টুকুই তাৎপর্য্য। হারীতের বচনটী এই—"যে সকল বালক অকৃতচূড় হইয়া মৃত হইয়াছে, যাহারা গর্ভ হইতে নিঃসৃত হইবার পরই মৃত হইয়াছে এবং যাহারা অসংস্কৃত অবস্থায় মৃত হইয়াছে, তাহাদিগের উদ্দেশে কেবল মৃত্তিকার উপরই পিণ্ডদান করিবে।" এই সময় স্মার্ত্তের পূর্ব্বোক্ত বাক্যটী একটু বিশদ করিয়া বুঝাইলে, মন্দ হইবে না। দেখ, হারীত তিনটী কথা বলিয়াছেন, অকৃতচূড় হইয়া যে সকল বালক মৃত হইয়াছে, এবং যাহারা গর্ভ হইতে নিঃসৃত হইবার পরই মরিয়াছে, যাহারা অসংস্কৃতাবস্থায় মৃত হইয়াছে, এই তিনটী কথা বলিবার কোন প্রয়োজন ছিল না, যাহারা, অসংস্কৃতা-বস্থায় মরিয়াছে, কেবল এই কথাটী বলিলেই চলিত, সুতরাং হারীতের গর্ভ-বিনিঃসৃত হইয়াই যাহারা মরিয়াছে, এই কথাটীর অর্থ চূড়ার কাল প্রাপ্ত হইবার পূর্ব্বেই যাহারা মরিয়াছে, এবং অকৃতচূড় হইয়া এবং যাহারা মরিয়াছে, ইহার অর্থ—চূড়ার উপযুক্ত কালেও যাহারা অকৃতচূড় হইয়া মরিয়াছে, এই-রূপ অসংস্কৃতাবস্থায় যাহারা মরিয়াছে, ইহার অর্থ—যে সকল বালক উপ-নয়নের উপযুক্তকালে অনুপনীত হইয়া এবং বিবাহকালে অবিবাহিত কন্যা মরিয়াছে, এইরূপ অর্থ করিতে হইবে। উহাদিগের এইরূপ বিশেষ বিশেষ অর্থ না করিলে. এই তিনটী কথা না বলিয়া কেবলমাত্র "অসংস্কারাঃ" এই কথাটী বলিলেই চলিত। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, হারীত যে গর্ভ হইতে নিঃসৃত বালকমাত্রেরই পিণ্ডদানের কথা বলিলেন, তাহা কিরূপ হইল? গর্ভ হইতে নিঃসৃত হইবামাত্র যে বালক মরে, তাহাদের ত দাহ নাই, দাহ

শেষঃ, অস্তেষাত্বাদিপুরাণোক্তায়াবধান্দর্ভেবেব। অত্রাপি বেদীকরণমাহ ব্রহ্মপুরাণম,—

"ততো দক্ষিণপূর্ব্বস্মাৎ কার্য্যা বেদী তথা দিশি।
হস্তমাত্রা তথা ভূমেশ্চতুরঙ্গুলমুচ্ছ্রিতা।
পিণ্ডনির্ব্বপণার্থায় রমণীয়া বিশেষতঃ।"

"প্রাগুদীচ্যাম" ঐশান্যাম। চরুং কৃত্বা ইত্যনেন ছন্দোগপরিশিষ্টোক্তশ্চরুপাকবিধির্লভ্যতে। যথা,—

"স্বশাখোক্তশ্চরুঃ স্বিন্নো হ্যদগ্ধোঽকঠিনঃ শুভঃ।

পুরাণেতি তদ্‌যথা "যারোপান্তে ততঃ ক্রিয়া। শুদ্ধাং বা গৌরমৃত্তিকাম্। তৎপৃষ্ঠে আস্তরেদ্দর্ভান্ যাম্যাগ্রান্ দেশসম্বাদিশ্চ প্রাগুদীচ্যামিত্যস্য ব্যাখ্যানম্। ঐশান্যামিতি

না হইলেই বা পিণ্ডদান কিরূপে হইবে? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—যদি কেহ তথাবিধ বালকের স্নেহবশতঃ দাহ করে, তবে তাহার পিণ্ডদান করিতে হইবে, বচনে তাহাই বলা হইয়াছে। কেহ আশঙ্কা করিয়াছিল, উক্ত হারীতের বচনে কেবল বালকদিগের কথাইত বুঝাইতেছে, অনূঢ়া কন্যার ত কোন আভাস পাওয়া যাইতেছে না, ইহার উত্তরে অনূঢ়া কন্যা সম্বন্ধে স্পষ্ট প্রমাণ দেখাইতেছেন—দেখ, যম বলিয়াছেন—"যে কন্যা অবিবাহিতাবস্থায় মৃত হইবে, তাহার উদ্দেশেও মৃত্তিকাতে প্রদান করিবে," কি প্রদান করিবে? তাহা বচনে স্পষ্ট না থাকায়, স্মার্ত্ত উহা পূরণ করিয়া দিতেছেন "পিণ্ড" ইতি শেষঃ। পিণ্ড প্রদান করিবে। এতদ্ভিন্ন অপর মৃত ব্যক্তির উদ্দেশে আদিপুরাণের উক্তি অনুসারে দর্ভের উপরই পিণ্ডদান করিবে, তাহা হইলেই লাঘব হয় অর্থাৎ অধিক বিধির কল্পনা করিতে হয় না। এই পিণ্ডদান সম্বন্ধেও ব্রহ্মপুরাণে বেদী করিবার কথা বলা হইয়াছে, যথা—"অনন্তর দক্ষিণ পূর্ব্ব দিকে অর্থাৎ অগ্নিকোণে চারিদিকে একহস্তপরিমিত এবং মাটি হইতে চার আঙ্গুল উচ্চ একটি বিশেষরূপ রমণীয় বেদী পিণ্ডদানের জন্য প্রস্তুত করিবে।" এক্ষণে উপরিউল্লিখিত মরীচির বচনে উক্ত দর্ভবর্জ্জনের প্রসঙ্গে অন্যান্য কথাও বলিয়া, উহারই অবশিষ্টাংশের ব্যাখ্যা করিতেছেন—মরীচির বচনস্থিত প্রাগুদীচী শব্দের অর্থ ঈশান কোণ, ঐ বচনে যে "চরুং কৃত্বা" (চরু করিয়া) কথাটি আছে, তাহা দ্বারা ছন্দোগপরিশিষ্টোক্ত চরুপাক-বিধিই বুঝাইতেছে। ঐ চরুপাকের বিধিটি যথা—"নিজ শাখার চরু

ন চাতিশিথিলঃ পাচ্যো ন চ বীতরসো ভবেৎ ॥"

"বীতরসো গলিতমণ্ড" ইতি নারায়ণোপাধ্যায়ঃ। স্বশাখোক্ত-শ্চরুঃ সুস্বিন্ন ইতি পাঠান্তরম্। সুস্নাতঃ সশিরস্কস্নাতঃ। ত্র্যহ-পিণ্ডদানে আদিপুরাণোক্তাৎ পক্ষান্তরমাহ পারস্করঃ,—

"প্রথমে দিবসে দেয়াস্ত্রয়ঃ পিণ্ডাঃ সমাহিতৈঃ।
দ্বিতীয়ে চতুরো দদ্যাদস্থিসঞ্চয়নং তথা ॥
ত্রীংস্তু দদ্যাৎ তৃতীয়েঽহ্নি বস্ত্রাদি ক্ষালয়েত্তথা ॥"

"আদি"পদং প্রাগুক্তক্ষৌরাদিসমস্তাশৌচান্তকৃত্যপরং, ত্র্যহপিণ্ডদানে সামগাদিভিঃ স্বশাখিককর্ম্মবিশেষাভাবে পৌরাণিকবৎ পরশাখিকমপি গৃহ্যতে।

স্বশাখোক্ত ইতি গৃহ্লামি নির্ব্বপামি প্রোক্ষামীত্যাদিনা ত্র্যহপিণ্ডদানে ত্র্যহাশৌচে পিণ্ডদানে "ত্র্যহাশৌচে প্রদাতব্যঃ প্রথমে ত্বেক এব হি। দ্বিতীয়েঽহনি চত্বারস্তৃতীয়ে পঞ্চ এব হি ॥" ইত্যাদিপুরাণোক্তাৎস্বপক্ষাদিত্যর্থঃ। তথা দ্বিতীয়েঽহনি অস্থিসঞ্চয়ন-

---

যেরূপ দ্রব্যাদি দ্বারা প্রস্তুত করিতে বলা হইয়াছে, সেইরূপ দ্রব্যাদি দ্বারা প্রস্তুত করিবে, ভাল করিয়া সিদ্ধ করিবে, উহা যেন না পুড়ে যায়, শক্ত না থাকে, দেখিতে ভাল হয়। একেবারে গলিয়াও না যায়, অথচ কাঠকাঠও না হয়, অথচ উহাতে রস না থাকে, এরূপ সতর্কতার সহিত পাক করিবে।" নারায়ণোপাধ্যায়, বচনস্থিত "বীতরস" শব্দের যাহা হইতে ফেন গালা হইয়াছে, এইরূপ অর্থ করিয়াছেন। কোন কোন পুস্তকে "স্বশাখোক্তশ্চরুঃ স্বিন্নঃ" স্থলে "স্বশাখোক্তশ্চরুঃ সুস্বিন্নঃ" এইরূপ পাঠান্তর দৃষ্ট হয়। মরীচির বচনে যে, "সুস্নাতঃ" শব্দটি আছে, তাহার অর্থ মাথা ডুবাইয়া স্নানকারী। ত্রিরাত্রাশৌচ স্থলে, আদিপুরাণে যে, পিণ্ডদানের প্রথম দিনে একটি, দ্বিতীয়দিনে চারিটি এবং তৃতীয়দিনে পাঁচটি পিণ্ড দান করিবে, এইরূপ কল্প উক্ত হইয়াছে, তাহা হইতে পারস্কর অন্তবিধ একটি কল্পের কথাও বলিয়াছেন যথা—"প্রথম দিবসে তিনটি পিণ্ড প্রদান করিবে, দ্বিতীয় দিবসে চারিটি পিণ্ড প্রদান ও অস্থি সঞ্চয়ন করিবে, এবং তৃতীয় দিনে তিনটি পিণ্ড প্রদান করিবে, ও বস্ত্রাদি ক্ষালন করিবে।" এই বস্ত্রাদি ক্ষালন করার অর্থে অশৌচান্ত দিনে অনুষ্ঠেয় ক্ষৌরাদি যাবৎ কার্য্যই বুঝিতে হইবে। তিনদিনে পিণ্ড দানের স্থলে সামবেদীয়-

"যন্নাম্নাতং স্বশাখায়াং পরোক্তমবিরোধি চ।

বিদ্বদ্ভিস্তদনুষ্ঠেয়মগ্নিহোত্রাদিকর্ম্মবদি"তি ছন্দোগপরিশিষ্টোক্তেঃ॥ ১০৮

জলদুগ্ধপানং ফলাভিসন্ধ্যর্থম্, অশৌচে দিবাভোজননিয়মাৎ, ঋগ্বেদিনাস্তু—

মিতাক্ষরা। ননু যজুর্ব্বেদিকর্ম্মবক্তৃপারস্করোক্তং প্রথমে দিবসে ইতি পক্ষান্তরং সামগাদিভিঃ কর্ত্তব্যং নবেত্যত্রাহ সামগাদিভিরিতি। অগ্নিহোত্রাদীতি অগ্নিহোত্রং সামগৈঃ কর্ত্তব্যমিত্যুক্তং তৎপরিপাটী চ সামবেদে নোক্তা কিন্তু যজুর্ব্বেদে উক্তা সা চ যথা সামগৈঃ ক্রিয়তে তথেত্যর্থঃ॥ ১০৮॥

গণ, নিজ শাখীয় গৃহ্যসূত্রে যে সকল কর্ম্মের উল্লেখ করা হয় নাই, অথচ অন্যশাখীয় গৃহ্যসূত্রে উক্ত হইয়াছে, সেই সকল কর্ম্মেরও স্বশাখায় অনুক্ত পৌরাণিক কর্ম্মের ন্যায় অনুষ্ঠান করিবে। তাহার প্রমাণস্বরূপ ছন্দোগপরিশিষ্টে একটি বচন আছে—"যাহা স্বশাখীয় গৃহ্যসূত্রে উক্ত হয় নাই, অথচ পরশাখীয় গৃহ্যসূত্রে সাধারণের কর্ত্তব্য বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে, এবং ঐ কার্য্যটি যদি কোন প্রকার ধর্ম্মের হানিকর না হয়, বিদ্বান্‌গণ অগ্নিহোত্রাদি কর্ম্মের ন্যায় সেই কর্ম্মের অনুষ্ঠান করিবেন, অর্থাৎ অগ্নিহোত্র সামবেদীয়গণের কর্ত্তব্যরূপে উক্ত, এইজন্য অগ্নিহোত্রযাগের ইতিকর্ত্তব্যতা সামবেদীয়গণের গৃহ্যসূত্রে উক্ত না হইলেও, যজুর্ব্বেদীয় গৃহ্যসূত্রানুসারে সামবেদীয়গণ যেরূপ উহার অনুষ্ঠান করিয়া থাকেন, পিণ্ডদান কর্ম্মেরও সেইরূপ পারস্করের সূত্র অনুসারে অনুষ্ঠান করিবেন"। ১০৮।

পূর্ব্বে প্রেতের উদ্দেশে যে রাত্রে নীরক্ষীর দানের কথা বলা হইয়াছে, উহা যে সকলকেই দিতে হইবে, এমন কিছু নিয়ম করা হয় নাই। তবে যে দিতে পারিবে, তাঁহার অধিক ফললাভ হইবে, এই মাত্র। কারণ, বৈজবাপসূত্রে অশৌচকালে দিবাভাগে ভোজন করারই নিয়ম করা হইয়াছে, দিবা ভিন্ন রাত্রিকালে ভোজন নিষিদ্ধ। সুতরাং রাত্রে নীরক্ষীর দিতে হইলে অশৌচের কয়দিনই ঐ নীরক্ষীরদাতার দিন রাত উপবাস করা ভিন্ন গতি নাই; কিন্তু সকলেই যে সেরূপ উপবাস করিতে সমর্থ হইবে, ইহা একপ্রকার অসম্ভব; কাযেই সকলেই নীরক্ষীর প্রদান করিবে, এমন একটি সাধারণ নিয়ম করা

"অনুদকমধূপঞ্চ গন্ধমাল্যবিবর্জ্জিতম্।
নিনয়েদশ্মনি পূর্ব্বং ততঃ শ্রাদ্ধং প্রকল্পয়েৎ॥"

ইত্যাশ্বলায়নগৃহ্যপরিশিষ্টবচনাৎ মৃন্ময়পাত্রস্থোদকাঞ্জলি-গন্ধাদিরহিতং প্রস্তরোপরি পিণ্ডদানমিতি বিশেষঃ। মৎস্য-পুরাণম্,—

"তস্মাদ্বিধেয়মাকাশে দশরাত্রং পয়স্তথা।
সর্ব্বপাপোপশান্ত্যর্থমধ্বশ্রমবিনাশনম্॥"

"পয়ঃ"শব্দাজ্জলং দুগ্ধঞ্চ প্রতীয়তে। পারস্করীয়ে তথা দর্শনাৎ। পারস্করীয়ে "তাং রাত্রি"মিত্যভিধানাদেকরাত্রমাব-

অনুদকম্ আমপাত্রে উদকাঞ্জলিদানরহিতম্। পারস্করীয়ে তাং রাত্রিং ক্ষীরোদকে বিহায়সি নিদধ্যুরিতি পারস্করসূত্রে। ফলেতি কাম্যমিত্যর্থঃ। দিবা ভোজনেতি দিবা ভোক্তব্যং ত্রিরাত্রং কর্ম্মোপরমণমিতি বৈজবাপসূত্রে। দিবা তত্তঞ্চ ভোক্তব্যম-মাংসং মনুজর্ষভেতি বিষ্ণুপুরাণবচনে চ দিবাভোজননিয়মাদিত্যর্থঃ। তথা দর্শনাৎ

যুক্তিসঙ্গত হয় না; তবে যে ব্যক্তি কয়দিন দিবারাত্র উপবাস করিয়া নীর-ক্ষীর প্রদান করিবে, তাহার অধিক ফল হইবে, এইমাত্র বলা যাইতে পারে। ঋগ্বেদীয়গণের কিন্তু "জলশূন্য ধূপরহিত, গন্ধ ও মাল্যবিবর্জ্জিত পিণ্ড প্রথমে শিলার উপর প্রদান করিবে, তাহার পর শ্রাদ্ধ করিবে" এই আশ্বলায়ন গৃহ্য-পরিশিষ্ট বচনানুসারে মৃন্ময়পাত্রস্থিত উদকাঞ্জলি ও গন্ধাদিরহিত পিণ্ডদান শিলার উপর কর্ত্তব্য। ইহাই অপরবেদীয় অপেক্ষা উহাদের বিশেষত্ব। অর্থাৎ উহাদের গৃহ্যসূত্রে নীরক্ষীর দানের কথাটা নাই। তা'হলেও মৎস্যপুরাণে নীরক্ষীর-দানের কথা আছে—যথা "অনন্তর সকল পাপের শান্তির নিমিত্ত এবং শমনসদনে গমনপথের পরিশ্রম দূরীকরণার্থ আকাশে (ভেস্লায়ার উপর) দশরাত্র ধরিয়া পয়ঃ প্রদান করিবে।" এই বচনস্থিত "পয়ঃ" শব্দের অর্থ দুগ্ধ ও জল উভয়ই। কারণ পারস্করীয়গৃহ্যসূত্রে জল ও দুগ্ধ উভয় দানের কথাই দৃষ্ট হয়। এইরূপ নীরক্ষীর দান শাস্ত্রবিহিত হইলেও কিন্তু পারস্করীয় গৃহ্যসূত্রে "সেই রাত্রে" এইরূপ বিশেষ করিয়া একবচনান্ত রাত্রি এই বিশেষ্য পদের উল্লেখ করায় একরাত্রি মাত্র নীরক্ষীর দান উপবাস করিয়াই যে অবশ্যকর্ত্তব্য,

শুকম্, দশরাত্রে তদনন্তরমশৌচরাত্রৌ দীয়তে। সদ্যঃ-শৌচে তু "দ্বে সন্ধ্যে সদ্য" ইত্যাহরিত্যুক্তকালে যুগপদ্দশপিণ্ডা দেয়াঃ, স্বাশৌচকালে পিণ্ডদানানুরোধাৎ। অতএব,

"পিণ্ডাঃ শূদ্রায় দাতব্যা দিনান্তষ্টৌ নবাথবা।
সম্পূর্ণে চ ততো মাসে পিণ্ডশেষং সমাপয়েদি"তি প্রচেতো-

বচনে "সম্পূর্ণমাস ইতি পদং লক্ষণয়া "মাসান্তিমদিনপরমি"তি

নীরক্ষীরোভয়বিধানদর্শনাৎ। তদনন্তরং ভোজনানন্তরং। এতদিতি ক্ষীরং নীরঞ্চে-ত্যর্থঃ। "যুগপদি"তি একস্মিন্নেব দিনে ইত্যর্থঃ। অশৌচকাল ইতি "যাবদশৌচং তাবৎ প্রেতস্যোদকং পিণ্ডমেকঞ্চ দদ্যু"রিতি বিষ্ণুসূত্রাদিতি ভাবঃ। নন্থ "সংপূর্ণে তু ততো মাসে পিণ্ডশেষং সমাপয়েদি"ত্যত্র শূদ্রস্য মাসসমাপ্ত্যনন্তরং পিণ্ডদানং প্রতীয়তে, তৎকথম্ অশৌচকালে পিণ্ডদানানুরোধাদিতি হেতুঃ সংগচ্ছতে।? তত্রাহ অত-এবেতি। অশৌচকালে পিণ্ডদানানুরোধাদেব ইত্যর্থঃ। অস্য চ মাসান্তিমদিনেত্যাদিনে-ত্যাদৌ অন্বয়ঃ। পিণ্ডশেষং পিণ্ডদ্বয়ং পিণ্ডমেকং বা। লক্ষণয়েতি যথাক্রুতে তু

ইহাই বুঝা যাইতেছে; তবে দশরাত্র পর্য্যন্ত উহা দিবা ভোজনের পরও রাত্রিকালে প্রদত্ত হইয়া থাকে। যদি বল, সদ্যঃশৌচ স্থলে দাহের পর ডুব দিলেইত অশৌচ যাইবে, এক্ষণে জিজ্ঞাস্য এই যে, যে সকল অবস্থায়, সদ্যঃশৌচেও পিণ্ডদানের ব্যবস্থা করা হইয়াছে, সেরূপ স্থলে কি প্রকারে কার্য্য করিবে? কারণ অশৌচের মধ্যেই পিণ্ডদান করাই ত নিয়ম? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, ঐরূপ স্থলে "সদ্য" এই শব্দটির "দ্বে সন্ধ্যে সদ্যঃ (দুইটি সন্ধ্যার, প্রাতঃ এবং সায়ং সন্ধ্যার" মধ্যবর্ত্তী কালকে অর্থাৎ সম্পূর্ণ দিবাভাগকে সদ্যঃ বলা হয়)" এইরূপ পারিভাষিক অর্থই গ্রহণ করিতে হইবে। এবং এই পারিভাষিক কালের মধ্যেই একেবারে দশটি পিণ্ড প্রদান করিতে হইবে; কারণ নিজের অশৌচকালের মধ্যেই পিণ্ড-দান করার বিধান থাকাতেই একেবারে দশপিণ্ড দান করিতে হইবে। কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে বলিতেছ—পিণ্ডদাতার অশৌচকালের মধ্যেই পিণ্ডদান করাই শাস্ত্রের নিয়ম; এই জন্যই "সদ্যঃ" শব্দের ঐরূপ পারি-ভাষিক অর্থের গ্রহণ করিতে হইবে। কিন্তু অশৌচের মধ্যেই পিণ্ড দিবার যে নিয়ম ইহা কেমন ক'রে বলিব, কারণ প্রচেতার একটি বচন আছে "শূদ্রের উদ্দেশে অশৌচের আরম্ভ হইতে আটদিন, বা নয় দিন অবধি বরাবর এক একটি পিণ্ড দিয়া যাইবে, মাস পূর্ণ হইবার পর অবশিষ্ট পিণ্ড প্রদান করিবে।" ইহ

সর্ব্বৈর্নিবন্ধৃভির্ব্যাখ্যাতম্। কালাদর্শকর্ম্মোপদেশিনীপ্রভৃতি-গ্রন্থেষু শাতাতপঃ,—

"ভর্ত্তুঃ পিণ্ডপ্রদানে তু সাধ্বী স্ত্রী চেদ্রজস্বলা।
বস্ত্রং ত্যক্ত্বা পুনঃ স্নাত্বা দৈব দদ্যাচ্চ পূরকম্॥"

"ভবেন্নারী রজস্বলা" ইতি পাঠো ব্যাসবচনে। শ্রাদ্ধে এব পঞ্চাহো গোভিলেনোক্তঃ, ন তু পিণ্ডদানে। যথা,—

একত্রিংশত্তমদিনমেব লভ্যতে ন তু ত্রিংশত্তমদিনং, তদানীং মাসসম্পূর্ত্তেরজাতত্বাৎ ইতি বোধ্যম্। ভবেন্নারীতি অস্তং পাদত্রয়ং সমানম্। আব্দিকে সাংবৎসরিকে এতচ্চো-পলক্ষণম্ একোদ্দিষ্টাদাবপি বোধ্যম্। পঞ্চমেঽহনীতি যথা অন্তরা জননমরণাশৌচ-পাতেঽশৌচান্তে শ্রাদ্ধং ক্রিয়তে তথা অন্তরা রজোযোগে তদবধি পঞ্চমে দিনে শ্রাদ্ধং,

---

দ্বারা অশৌচকালের পরও পিণ্ডদানের কল্পও ত বলা হইয়াছে। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন—"অতএব" এই জন্যই অর্থাৎ অশৌচকালের মধ্যে পিণ্ডদান করার নিয়ম থাকাতেই, প্রচেতার ঐ বচনাস্থত "সম্পূর্ণ মাসে" এই কথাটির নিখিলনিবন্ধ কারণেই, মাসের অন্তিম দিন এইরূপ লাক্ষণিক অর্থ করিয়াছেন। কালাদর্শ কর্ম্মোপদেশিনী প্রভৃতি গ্রন্থে শাতাতপের যে বচনটি উদ্ধৃত হইয়াছে, তাহাতেও অশৌচের মধ্যেই পিণ্ডদানের নিয়ম দৃষ্ট হয়, যথা—"যদি স্বামীর পূরকপিণ্ড প্রদান কালে সাধ্বী স্ত্রী রজস্বলা অবস্থায় থাকে, তাহা হইলে বস্ত্রত্যাগ করিয়া পুনর্ব্বার স্নান করিয়া পূরক পিণ্ড প্রদান করিবে।" ব্যাস-দেবের গ্রন্থেও অবিকল এইরূপ একটি বচন দৃষ্ট হয়, কেবল "সাধ্বী স্ত্রী চেদ্রজস্বলা" ইহার স্থানে "ভবেন্নারী রজস্বলা" এইরূপ পাঠ পরিবর্ত্তন করা হইয়াছে। যদি বল, যেমন কোন শ্রাদ্ধকালের মধ্যে জনন বা মরণাশৌচ সংঘটিত হইলে, ঐ আগন্তুক অশৌচ অন্ত হইবার পর শ্রাদ্ধাদি করিবার বিধি করা হইয়াছে, সেইরূপ গোভিল স্বামীর বাৎসরিক শ্রাদ্ধদিনের অব্য-বহিত পূর্ব্বে রজোযোগ হইলে, রজোযোগ হইতে পঞ্চম দিনেই শ্রাদ্ধ করিবার কথা বলিয়াছেন, তবে শাতাতপের বচনে যে বস্ত্রত্যাগ করিয়া স্নানানন্তর পিণ্ড দান করিবার কথা বলা হইয়াছে, ইহাদ্বারা পঞ্চম দিনে পিণ্ডদানের কথাই বা কেন না বুঝি? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, গোভিল শ্রাদ্ধ কার্য্যেই পঞ্চমদিনের কথা বলিয়াছেন, পিণ্ডদান বিষয়ে কিছু ঐরূপ ব্যবস্থা করেন নাই। গোভিলের

"অপুত্রা তু যদা ভার্য্যা সংপ্রাপ্তে ভর্ত্তুরাব্দিকে।
রজস্বলা ভবেৎ সা তু কুর্য্যাত্তৎপঞ্চমেঽহনি॥"
অতএব ছন্দোগপরিশিষ্টে—
"অশুচ্যশুচিনা দত্তমামমৃচ্ছকলাদিনা।
অনির্গতদশাহাস্তু প্রেতা রক্ষাংসি ভুঞ্জতে॥"
ইতি সামান্যতো"ঽশুচিনা দত্ত"মিত্যভিহিতম্। অশুচি নদীরজস্বলত্বেন দুষ্টমপি জলং দেয়ম্। তথাচ,
"উপাকর্ম্মণি চোৎসর্গে প্রেতস্নানে তথৈব চ।
চন্দ্রসূর্য্যগ্রহে চৈব রজোদোষো ন বিদ্যতে॥"

ন তত্র তিথ্যাদিবিচার ইতি। অতএব রজস্বলায়া অপি পূরকপিণ্ডদানাধিকারাদেব। অস্য চাভিহিতমিতি পরেণান্বয়ঃ। অনির্গতদশাহা ইত্যুপাদানাৎ অশৌচানন্তরং যত্র পূরকপিণ্ডদানং তত্র রজস্বলয়া তন্ন কার্য্যমিতি বোধ্যম্। প্রেতা রক্ষাংসি রাক্ষসরূপাঃ প্রেতাঃ। নদীতি পূর্ব্বস্তু আমমৃচ্ছকলাদিনা অশুচিদ্রব্যমিতি ব্যাখ্যাতম্, অতোঽস্য ব্যাখ্যানদ্বয়ং বোধ্যম্। উপাকর্ম্মণি প্রৌষ্ঠপদ্যাং কর্ত্তব্যে কাণ্ডিকাধ্যয়নারম্ভে। উৎসর্গে

বচনটি দেখ,—"স্বামীর বার্ষিক শ্রাদ্ধের দিন উপস্থিত হইলে, অপুত্রা রমণী যদি রজস্বলা হয়, তাহা হইলে, পাঁচদিনের দিন ঐ শ্রাদ্ধ করিবে।" সুতরাং ইহা দ্বারা যে রজস্বলাবস্থায় পূরকপিণ্ড দান করিতে পারিবে, এরূপ কিছু বুঝাইতেছে না। প্রত্যুত রজস্বলাবস্থাতেও যে পূরকপিণ্ড দান করা যাইতে পারে বলিয়াই ছন্দোগপরিশিষ্টে—"অশুচি ব্যক্তি কর্ত্তৃক কাঁচা মৃত্তিকার পাত্র প্রভৃতি দ্বারা প্রদত্ত অশুচি দ্রব্য অনির্গত দশাহ (যাহাদের মৃত্যুর পর দশদিন অতীত হয় নাই) এইরূপ প্রেতগণ রাক্ষসরূপে ভোজন করিয়া থাকে।" এই বচনদ্বারা অশুচি ব্যক্তি কর্ত্তৃক প্রদত্ত, এইরূপ সামান্যাকারে অশুচি ব্যক্তি মাত্রকেই পিণ্ডদানের অধিকারী বলায়, রজস্বলাও যে প্রেতপিণ্ডদানের অধিকারী, তাহা বলা হইয়াছে। এবং অশুচি দ্রব্য দানের কথা বলায় স্থির হইতেছে যে, রজস্বলত্ব প্রযুক্ত দূষিত নদীর জলও প্রেতের উদ্দেশে দান করা যাইতে পারে। এ সম্বন্ধে প্রমাণ যথা—"উপাকর্ম্মে, উৎসর্গে, প্রেতস্নানে (*) এবং চন্দ্র সূর্য্যের গ্রহণকালে

(*) বচনস্থিত প্রেতস্নান এই শব্দটি দ্বারা প্রেততর্পণাদিরও উপলক্ষণ করা হইয়াছে।

অতএব রজস্বলাশুদ্ধ্যন্তরাশৌচাহঃসত্ত্বে এবাশৌচকালানুরোধাত্তন্মধ্যেঽপি তথা পিণ্ডদানমিতি ব্যবহার ইতি। এবম্ অবাগ্দত্তায়াঃ কন্যায়া একাহেন দশানাং পিণ্ডানাং দানানুরোধাৎ একাহাশৌচং সর্ব্বৈর্নিবন্ধৃভিঃ কল্প্যতে। তথাচ ঋষ্যশৃঙ্গঃ,—

"অপুত্রস্য তু যা পুত্রী সাপি পিণ্ডপ্রদা ভবেৎ।
তস্য পিণ্ডান্ দশৈতান্ বা একাহেনৈব নির্ব্বপেৎ॥"
"দশৈতান্ বে"তি বাকারো,—
"দত্তানাঞ্চাপ্যদত্তানাং কন্যানাং কুরুতে পিতা।

কার্ত্তিক্যাং কর্ত্তব্যো তৎসমাপনে। প্রেতস্থানে ইত্যুপলক্ষণং প্রেতায়োদকদানে ইত্যপি বোধ্যম্। রজোদোষো নদ্যা ইত্যর্থঃ। যথা "যব্যদ্বয়ং শ্রাবণাদি সর্ব্বা নদ্যো রজস্বলা" ইত্যাদি যব্যো মাসঃ। অতএব রজস্বলায়া অপি পিণ্ডদানাধিকারাদেব। অত্র চ তন্মধ্যেঽপি তথা পিণ্ডদানমিত্যন্বয়ঃ। শুদ্ধ্যন্তরেতি শুদ্ধ্যন্তরম্ অশৌচাহঃসত্ত্বে তু রজস্বলয়া ন দেয়ং কিন্তু শুদ্ধয়া ভূত্বা দেয়মিতি বোধ্যম্। একাহাশৌচ-

জলের রজোদোষ গ্রাহ্য নহে।" এক্ষণে বক্তব্য এই যে, রজস্বলার পিণ্ডদানে অধিকার কথিত হইয়াছে বলিয়াই যে, সকল সময় রজস্বলা অবস্থাতেই পিণ্ডদান করিবে, তাহা নহে, যদি রজস্বলাবস্থার শুদ্ধির পর মৃত ব্যক্তির অশৌচ না থাকে, তবেই অশৌচকালে পিণ্ডদানের অনুরোধে রজস্বলাবস্থার মধ্যেই পিণ্ডদান করার ব্যবহার দৃষ্ট হয়। (১) এইরূপ অশৌচের মধ্যেই পিণ্ডদানের ব্যবস্থা থাকাতেই শাস্ত্রে অবাগ্দত্তা কন্যাদিগের স্বীয় পিতার উদ্দেশে একদিনেই দশপিণ্ডদানের নিয়ম করায় সমুদয় নিবন্ধকারগণই পিতার মরণে অবাগ্দত্তা কন্যাদিগের একাহাশৌচের কল্পনা করেন। অবাগ্দত্তা কন্যা যে একাহে পিণ্ডদান করিবে, তৎসম্বন্ধে ঋষ্যশৃঙ্গের বচন, যথা,—"অপুত্রক ব্যক্তির কন্যাই পিণ্ডদাত্রী হইবে, ঐ কন্যা একদিনেই দশপিণ্ড প্রদান করিবে।" এই বচনে যে, 'বা' এই শব্দটী প্রযুক্ত হইয়াছে, উহা দ্বারা, "দত্তা কন্যাদিগের এবং অদত্তা কন্যাদিগের পিণ্ডাদি দান পিতা করিয়া থাকেন এবং ঐ দত্তা ও অদত্তা কন্যাগণ

১ টীকাকার কাশীরাম ইহার উপর—"যদি রজস্বলাবস্থা শুদ্ধি হইবার পর অশৌচকাল পাওয়া যায়, তবে আর রজস্বলাবস্থায় পিণ্ডদান করিবে না।" এইরূপ বিধান করিয়াছেন।

চতুর্থেহহনি তাস্বেবাং কুর্ব্বীরন্ সুসমাহিতাঃ।" ইত্যাদি-পুরাণোক্তত্রিরাত্রাপেক্ষয়া ব্যবস্থিতবিকল্পার্থঃ। অত্র-"অদত্তানা"-মিত্যত্র "তৎসাদৃশ্যমভাবশ্চ তদন্যত্বং তদল্পতা। অপ্রাশস্ত্যং বিরোধশ্চ নঞর্থাঃ ষট্ প্রকীর্ত্তিতাঃ।" ইত্যনুসারেণ ঈষদর্থে নঞ্। ঋষ্যশৃঙ্গবচনানুরোধাত্তেন বাগ্দত্তেতি অবগম্যতে।

মিতি দ্বিতীয়দিনে চ শ্রাদ্ধং বোধ্যম্। কুর্যতে পিণ্ডদানাদিকমিত্যর্থঃ। তা ইতি তা দত্তা অদত্তাশ্চ কন্যাঃ তেষাং পিতৃণাং শ্রাদ্ধং চতুর্থেহহনি কুর্ব্বীরন্নিত্যর্থঃ। ত্রিরাত্রাপেক্ষয়া ত্রিরাত্রাশৌচাপেক্ষয়া। ব্যবস্থিতেতি ব্যবস্থা তু অদত্তয়া একাহেন বাগ্দত্তয়া দত্তয়া চ ত্র্যহেণ পূরকপিণ্ডাদিকং দেয়মিতি। ঋষ্যশৃঙ্গেতি "একাহেনৈব নির্ব্বপে"দিতি ঋষ্যশৃঙ্গবচনে অদত্তায়া একাহমশৌচমুক্তম্, অত্র তু অদত্তানাং ত্র্যহাশৌচমুক্তং অতোহত্র বিরোধং সম্ভাব্যোক্তং ঈষদর্থে নঞিতি তথাচ অদত্তানামী-

---

সুসমাহিত হইয়া চতুর্থদিনে পিতার শ্রাদ্ধাদি কার্য্য করিবে।" এই আদি পুরাণের বচনে যে দত্তা কন্যাদিগের সম্বন্ধে পিতৃমরণে ত্রিরাত্রাশৌচরূপ আর একটি (ব্যবস্থিত বিকল্প) পক্ষ আছে, তাহাই সূচিত করা হইয়াছে, অর্থাৎ কন্যাগণের অশৌচের দুইটী পক্ষ আছে—হয় একদিন, না হয় তিন দিন, এই একদিন বা তিন দিন অশৌচ কন্যাগণ যে, আপন আপন ইচ্ছায় গ্রহণ করিবে, তাহা নহে; ইহার জন্য একটি আঁটাআঁটি ব্যবস্থাও করা হইয়াছে, সেই জন্য এরূপ বিকল্পকে ব্যবস্থিত বিকল্প বলে। ব্যবস্থা যথা,—অবাগ্দত্তা কন্যার একদিন এবং দত্তা ও অদত্তা কন্যার তিন দিন অশৌচ হইবে। এস্থলে ইহাও বক্তব্য যে উপরি উক্ত বচনস্থিত "অদত্তা" এই পদে যে, নঞ্ (অ) আছে, ঐ নঞের (অ এর)—"নঞের কখন সাদৃশ্য, কখন অভাব, কখন ভেদ, কখন অল্পতা, কখন অপ্রাশস্ত্য এবং কখন বিরোধ, এই ছয়টি অর্থের মধ্যে একটি না একটি অর্থ ব্যবহৃত হইয়া থাকে।" এই কারিকায় উক্ত ছয়টী অর্থের মধ্যে 'অল্পতা" অর্থাৎ "ঈষৎ" অর্থ ই এস্থলে বুঝিতে হইবে, তাহ'লেই বচনস্থিত "অদত্তা" শব্দের অর্থ হইল। ঈষদ্দত্তা, আংশিকভাবে দত্তা অর্থাৎ বাগ্দত্তা। যদি বল, "অদত্তা" শব্দের সোজাসুজি যাহাকে দান করা হয় নাই, এইরূপ অর্থ করিলেই ত চলিত, অত ঘুরিয়ে ফিরিয়ে বাগ্দত্তারূপ অর্থ করিতেছ কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—পূর্ব্বোক্ত ঋষ্যশৃঙ্গের বচনের অনুরোধেই এইরূপ ঘুরিয়ে অর্থ করিতে হইল, দেখ ঋষ্য-

"অতএব কৃতচূড়কন্যা বাগ্দানপর্য্যন্তমেকাহেন দশপিণ্ডান্ দদ্যাৎ। বাগ্দানোত্তরকালে তু "ত্রিরাত্রেণে"তি হারলতাপ্রভৃতয়ঃ। তদ্ব্যবস্থায়াং বাসনা চেয়ং, পূর্ব্বোক্তাদিপুরাণবচনাৎ কন্যামরণে পিতুর্ব্বাগ্দানপূর্ব্বাপরয়োরেকাহত্রিরাত্রবিধানাৎ তস্যা অপি পিতৃমাতৃমরণে তথৈবেতি॥ ১০৯

এবঞ্চ যন্মরণে যস্য যদশৌচং তন্মরণে তস্য তদশৌচং, বাধকাভাবাৎ কল্প্যতে। তথাচাদিপুরাণে,—

যদত্তানাং বাগ্দত্তানামিতিযাবৎ তাসাং ত্র্যহাশৌচমিত্যবিরোধঃ ইতিভাবঃ। অতএব অত্র অদত্তাপদস্য বাগ্দত্তাপরত্বাদেব। আজন্মনস্তু চূড়ান্তং যত্র কন্যা বিপদ্যতে। সদ্যঃশৌচং ভবেত্তত্র সর্ব্ববর্ণেষু নিত্যশঃ। ইত্যনেনাকৃতচূড়ায়াঃ সদ্যঃ- শৌচবিধানাদুক্তং। কৃতচূড়েতি। বাসনা অভিপ্রায়ঃ। পূর্ব্বোক্তেতি ততো বাগ্দানপর্য্যন্তং যাবদেকাহমেব হীত্যাদীত্যর্থঃ। বাধকেতি যত্র তু বাধকমস্তি তত্র নৈষ নিয়মঃ এতচ্চ পশ্চাদ্ব্যক্তীভবিষ্যতি॥১০৯॥

শঙ্খের বচনে অবাগ্দত্তার পিতৃমরণে একাহাশৌচের বিধান করা হইয়াছে, এই বচনস্থিত অদত্তা শব্দেরও যদি সোজাসুজি যাহাকে দান করা হয় নাই, এইরূপ অর্থ করা হয়, তাহ'লে এই বচনের দ্বারা অদত্তার পিতৃমরণে ত্রিরাত্রাশৌচের বিধান করায়, ঋষ্যশৃঙ্গ বচনের সহিত ইহার বিরোধ উপস্থিত হয়, এই বিরোধ মিটাইবার জন্য "অদত্তা" শব্দের বাগ্দত্তারূপ অর্থ করিতে হইল। তাহাতে ব্যবস্থা এইরূপ দাঁড়াইল যে, কন্যা চূড়ার পর হইতে বাগ্দানকাল পর্য্যন্ত পিতৃমরণে একদিনেই দশপিণ্ড দান করিবে, এবং বাগ্দানের পর পিতৃমরণে ত্রিরাত্রে দশপিণ্ড দান করিবে, হারলতা প্রভৃতি নিবন্ধেও এইরূপ ব্যবস্থা করা হইয়াছে। এইরূপ ব্যবস্থা করিবার মূল যুক্তি এই যে, পূর্ব্বোক্ত আদি পুরাণের বচন অনুসারে বাগ্দত্তা হইবার পূর্ব্বে কন্যার মরণে পিতার একাহাশৌচ এবং বাগ্দত্তা হইবার পর কন্যার মরণে যখন পিতার ত্রিরাত্রাশৌচের বিধান করা হইয়াছে, তখন কন্যার পক্ষেও পিতৃ মাতৃ মরণে ঐরূপই অশৌচের ব্যবস্থা করা উচিত। ১০৯।

যদি এইরূপই ব্যবস্থা স্থির হইল যে, যাদৃশ কন্যামরণে পিতার যেরূপ অশৌচ হইবে, পিতৃ মরণে তাদৃশ কন্যারও সেইরূপ অশৌচ হইবে, তাহা

"মাতামহানাং দৌহিত্রাঃ কুর্ব্বন্ত্যহনি চাপরে।
তেঽপি তেষাং প্রকুর্ব্বন্তি দ্বিতীয়েঽহনি সর্ব্বদা॥
জামাতুঃ শ্বশুরাশ্চক্রুস্তেষাং তেঽপি চ সংযতাঃ।
মিত্রাণাং তদপত্যানাং শ্রোত্রিয়াণাং গুরোস্তথা॥
ভাগিনেয়সুতানাঞ্চ সর্ব্বেষাং ত্বপরেঽহনি।
শ্রাদ্ধং কার্য্যঞ্চ প্রথমং স্নাত্বা কৃত্বা জলক্রিয়াম্‌॥"

অপরেঽহনি অশৌচকালাদিতি শেষঃ। এবং দ্বিতীয়েঽহনীতি।

অপরেঽশৌচান্তাদ্দ্বিতীয়ে। তেঽপি মাতামহা অপি তেষাং দৌহিত্রাণাং। দ্বিতীয়ে অশৌচান্তাদ্দ্বিতীয়ে। অত্র মাতামহমরণে দৌহিত্রাণাং ত্র্যহাশৌচমুক্তং দৌহিত্রমরণে তু মাতামহৈরশৌচান্তদ্বিতীয়দিনে শ্রাদ্ধং কার্য্যমিত্যুক্তং অশৌচঞ্চ। সংস্থিতে পক্ষিণীং রাত্রিং দৌহিত্রে ভগিনীসুতে। সংস্কৃতে তু ত্রিরাত্রং স্যাৎ এষ ধর্ম্মো ব্যবস্থিতঃ। ইতি প্রাগুক্তবচনাদ্বোধ্যং অতো মাতামহমরণে দৌহিত্রস্য ত্র্যহমুক্তং দৌহিত্রমরণেঽপি মাতামহস্য ত্র্যহং অত উক্তনিয়মঃ সার্ব্বত্রিকঃ। তেষাং শ্বশুরাণাং তেঽপি জামাতরোঽপি শ্বশুরমরণে জামাতুরশৌচমুক্তং জামাতুস্তু অশৌচান্তে শ্রাদ্ধবিধানাৎ জামাতৃমরণেঽপি শ্বশুরস্য তাদৃশাশৌচং উক্তনিয়মাল্লভ্যতে। এবং পরত্রাপি

হইলে সাধারণতঃ এইরূপ একটা ব্যবস্থার কল্পনা করা যাইতে পারে যে, "রামের মরণে শ্যামের যেরূপ অশৌচ হইবে, কোন প্রকার বিশেষ বাধক না থাকিলে, শ্যামের মরণে রামেরও সেইরূপ অশৌচ হইবে।" এ সম্বন্ধে আদি পুরাণে কি বলা হইয়াছে দেখ, দৌহিত্রগণ স্বকীয় অশৌচান্ত দ্বিতীয় দিনে যেমন মাতামহগণের শ্রাদ্ধ করেন, মাতামহগণও সেইরূপ স্বকীয় অশৌচের পরদিনে দৌহিত্রদিগের শ্রাদ্ধাদি করিয়া থাকেন। এইরূপ শ্বশুরগণ জামাতাদিগের এবং জামাতাগণও শ্বশুরদিগের শ্রাদ্ধাদি স্ব স্ব অশৌচের পরদিন করিয়া থাকেন। মিত্রদিগের, মিত্রসন্ততিদিগের, শ্রোত্রিয়দিগের, গুরু ও ভাগিনেয় পুত্রদিগেরও শ্রাদ্ধ নিজ অশৌচের পরদিনে, যথাক্রমে স্নান ও তর্পণের পর কর্ত্তব্য।" *

* এই আদিপুরাণের বচনে কাহার কয়দিন অশৌচ হইবে, তাহা কিছু বিশেষ করিয়া জানান হয় নাই, তবে মোটামুটিরূপে পরস্পরের মৃত্যুতে পরস্পরের যে অশৌচ হয়, এইমাত্র জানান হইয়াছে।

দেবলঃ,—"ভর্ত্তৃগুর্ব্বোরশৌচং স্যাৎ মৃত্যুপ্রসবকারণম্।
কারণাদ্গচ্ছতি প্রৈষ্যং তদাশুচ্যং ন তান্ ব্রজেৎ॥"

ভর্ত্তৃসম্বন্ধ্যশৌচং প্রৈষ্যাণাং, গুরুসম্বন্ধ্যশৌচং শিষ্যাণাং, যোগ্যত্বাৎ। ভর্ত্তৃসম্বন্ধ্যশৌচে বিশেষমাহ কারণাদিতি। "কারণা"দেকত্র বাসাৎ। যথা বৃহস্পতিঃ,—

"দাসান্তেবাসিভৃতকাঃ শিষ্যাশ্চৈকত্রবাসিনঃ।
স্বামিতুল্যেন শৌচেন শুধ্যন্তি মৃতসূতকে॥"

বোধ্যং। অপরেঽহনি অশৌচান্তাদ্বিতীয়দিনে। মৃত্যুপ্রসবকারণং মরণজননিমিত্তকং। তদাশুচ্যং প্রৈষ্যসম্বন্ধ্যশৌচং তান্ ভর্ত্তৄন্ তথাচাত্র তদর্থমেব পূর্ব্বোক্তনিয়মে বাধকাভাবাৎ ইত্যুক্তং। যোগ্যত্বাৎ উচিতত্বাৎ। ভর্ত্তৃসম্বন্ধীতি গুরুসম্বন্ধ্যশৌচন্ত একত্রবাসং বিনাপি শিষ্যাণাং ভবত্যেব। একত্রবাসে তু সম্পূর্ণাশৌচমিতি একত্রেতি।দাসাদয়স্তেদেকত্র

মূল বচনে যে "অপরেঽহনি" কথাটি আছে, তাহার অর্থ স্বীয় অশৌচকালের পরদিনে "দ্বিতীয়েঽহনি" শব্দের অর্থও ঐরূপ। দেবল বলিয়াছেন,—"প্রভু ও গুরুর স্ব স্ব সপিণ্ডের মরণ এবং জনন জন্য অশৌচ ঘটিলে, উঁহাদের সহিত একত্র বাসকারী ভৃত্য ও শিষ্যদিগেরও উঁহাদিগের তুল্য অশৌচ হইবে, কিন্তু ভৃত্যের অশৌচ প্রভু স্পর্শ করিবে না।" এই বচনে প্রভু ও গুরুর মরণ এবং জনন জন্য অশৌচ একত্রবাস হেতু ভৃত্য এবং শিষ্যকে প্রাপ্ত হইবে, এইরূপ সাধারণভাবে বলা হইলেও, স্বামীর অশৌচ একত্রবাসী ভৃত্যদিগের এবং গুরুর অশৌচ যে শিষ্যদিগের হইবে, এইরূপ ব্যাখ্যা করাই উচিত। মূল বচনে যে "একত্রবাসহেতু" বলা হইয়াছে, উহা কেবল প্রভুর অশৌচের বেলাই বুঝিতে হইবে, অর্থাৎ ভৃত্য যদি প্রভুর সহিত একত্র বাস করে, তবেই ভৃত্য স্বামীর অশৌচে তত্তুল্য অশৌচভাগী হইবে। টীকাকার কাশীরাম বলেন, শিষ্য, গুরুর সহিত একত্র বাস না করিলেও গুরুর অশৌচে অশুচি হইবে, তবে একত্র বাস করিলে সম্পূর্ণাশৌচভাগী হইবে, এই মাত্র বিশেষ। মূল বচনের কারণ শব্দটি আছে, তাহার একত্রবাসরূপ কারণ অর্থ করার প্রতি বক্ষ্যমাণ বৃহস্পতির বচনই প্রমাণ যথা—"দাস, অন্তেবাসী, সাময়িক বেতনভোগী ভৃত্য এবং শিষ্য, ইহারা যদি প্রভু বা গুরুর সহিত একত্র বাসী হয়, তাহা হইলেই তাহাদের মরণ ও

অন্তেবাসিনমাহ নারদঃ,—

"স্বং শিল্পমিচ্ছন্নাহর্ত্তুং বান্ধবানামনুজ্ঞয়া।

আচার্য্যস্য বসেদন্তে কালং কৃত্বা সুনিশ্চিত"মিতি।

বিপ্রস্য দাস্যং নিষেধয়তি কাত্যায়নঃ,—

"ত্রিষু বর্ণেষু বিজ্ঞেয়ং দাস্যং বিপ্রস্য ন ক্বচিৎ।

সমবর্ণে তু বিপ্রস্য দাসত্বং নৈব কারয়েৎ॥"

তদাশুচ্যাৎ প্রৈষ্যসম্বন্ধ্যাশৌচং ভর্ত্তৃগামি ন ভবতীত্যনেনাপি তথা কল্প্যতে। অন্যথা তন্নিষেধো ন স্যাৎ, প্রসক্ত্যভাবাৎ; ইতি নারায়ণভট্টাচার্য্যচরণাঃ। ন চ প্রেতে রাজনি "সজ্যোতি"রিতি

বাসিনো ভবন্তি তদা ইত্যর্থঃ। শিল্পং বেদপাঠাদিরূপং। আহর্ত্তুং শিক্ষিতুং বান্ধবানাং পিত্রাদীনাং। অন্তে নিকটে সুনিশ্চিতং ময়া এতাবৎকালপর্য্যন্তং ভবন্নিকটে স্থাতব্যমিতি নিশ্চয়বিষয়ীভূতং দাসত্বং উচ্ছিষ্টমার্জ্জকত্বাদিরূপং তদাশুচ্যাং ন তান্‌ ব্রজেদিতি ব্যাচষ্টে তদাশুচ্যমিত্যাদিনা ভর্ত্তুঃ প্রেষ্যসম্বন্ধ্যাশৌচাভাবে তৎসহবাসনিষেধো

জননাশৌচকালে তুল্য অশৌচভাগী হইবে।" অন্তেবাসীর লক্ষণ নারদ এইরূপ করিয়াছেন—"যে ব্যক্তি আপনার পৈতৃক শিল্প শিখিতে ইচ্ছা করিয়া বান্ধবদিগের অনুজ্ঞা গ্রহণপূর্ব্বক, "এতদিন অবধি আমি আপনার নিকট অধ্যয়ন করিব," এইরূপ সময় নিশ্চয় ক'রে আচার্য্যের নিকট বাস করে, তাহাকেও অন্তেবাসী বলে।" কাত্যায়ন ব্রাহ্মণজাতীয় ব্যক্তিদিগের পক্ষে দাসত্ব নিষেধ করিয়াছেন, যথা—"বিপ্র অপর তিন বর্ণের দাসত্ব ত কখনই করিবে না, স্বসমান বর্ণের দাসত্বও তাহার পক্ষে নিষিদ্ধ।" এক্ষণে দেখ, পূর্ব্বে যে, একটা নিয়মের কথা বলা হইয়াছে, "রামের মরণে শ্যামের যেরূপ অশৌচ হইবে, শ্যামের মরণেও রামের সেইরূপ অশৌচ হইবে।" এই নিয়মটি কেবল পূর্ব্বোল্লিখিত আদিপুরাণের "দৌহিত্রগণ অশৌচের পরদিনে মাতামহাদিগের শ্রাদ্ধ করিবে" ইত্যাদি বচন হইতেই কল্পিত হইতেছে, এমন নহে, ভৃত্যের অশৌচ প্রভুকে স্পর্শ করিবে না, দেবলের এই নিষেধবিষয়কবচন হইতেও কল্পিত হইতে পারে। দেখ, প্রভুর অশৌচ যেমন ভৃত্যগত করা হইল, সেইরূপ ভৃত্যের ত অশৌচেরও স্বামিগতত্ব হইবার প্রসক্তি হইয়াছিল বলিয়াই ত ঐরূপ নিষেধ করা সঙ্গত হইল, নতুবা প্রসক্তির অভাবে দেবলের এই অসবসরে নিষেধটি কখনই

রাজমরণে প্রজানাং সজ্যোতির্ব্বিধানাৎ প্রজামরণেপি রাজ্ঞস্তথাশৌচাপত্তিরিতি বাচ্যম্, "রাজ্ঞাং তু সূতকং নাস্তি" ইতি পরাশরেণ নিষিদ্ধত্বাৎ। ন চৈতদ্ব্যবহারমাত্রপ্রদর্শনপরং, তন্মাত্রপরত্বে মানাভাবাৎ। কিন্তু রাজত্বেনৈব যদশৌচং "প্রেতে রাজনি সজ্যোতিরি"ত্যাদিনা প্রজানাং বিহিতং, তৎ প্রজামরণেঽপি তেষাং, তৎপ্রাপ্তৌ রাজত্বেনৈব "রাজ্ঞাস্তু সূতকং নাস্তীতি" বিহিতং, "কারণাদ্গচ্ছতি ত্রৈশ্যং, তদাশুচ্যং ন তান্ ব্রজেদি"তিবৎ॥

বীজং। তথা কল্প্যতে যন্মরণে যদশৌচমিতি নিয়মঃ কল্প্যতে। এতদিতি রাজ্ঞাস্তু সূতকং নাস্তি ইতি বচনমিত্যর্থঃ। তথাচ প্রজামরণে রাজ্ঞো ব্যবহারকর্ম্মণি নাশৌচং বৈদিককর্ম্মণি তু অশৌচং ভবত্যেবেতি পূর্ব্বপক্ষিণামাশয়ঃ। তেষাং রাজ্ঞাং তৎপ্রাপ্তৌ তাদৃশাশৌচপ্রাপ্তৌ। রাজত্বেনৈবেতি সপিণ্ডাদিনা তু বিহিতমশৌচং রাজ্ঞাং ভবত্যেবেতি বোধ্যং। ইতিবদিতি যথা ত্রৈশ্যস্য তত্র শৌচভাগিত্বেঽপি ভর্ত্তুর্ন ত্রৈশ্যাশৌচভাগিত্বং তথা প্রজানাং রাজমরণাশৌচভাগিত্বেঽপি ন রাজ্ঞাং প্রজামরণাশৌচভাগিত্ব-

সঙ্গত হইত না, নারায়ণ ভট্টাচার্য্য মহাশয় এইরূপ ব্যবস্থা করিয়াছেন। এক্ষণে কেহ আপত্তি করিয়াছিল, যদি তোমার এইরূপ নিয়ম হইল যে, এক ব্যক্তি মরিলে অপরের যেরূপ অশৌচ হইবে, অপর ব্যক্তির মৃত্যুতেও প্রথম ব্যক্তির সেইরূপ অশৌচ হইবে, তাহা হইলে এক্ষণে দেখ "রাজা মরিলে প্রজাদিগের 'সজ্যোতিঃ' অশৌচ হইবে' ইত্যাদি বচনে রাজার মৃত্যুতে প্রজাদিগের যেমন সজ্যোতিঃ, অর্থাৎ চন্দ্র সূর্য্যাদির মধ্যে যে জ্যোতির্ম্ময় পদার্থ আকাশে বিরাজমান থাকিতে ঐ ঘটনা হইবে, সেই জ্যোতির্ম্ময় পদার্থ যাবৎ অস্তগত না হইবে, (তাবৎকাল মাত্র অশৌচ হইবে) অশৌচের বিধান করা হইয়াছে, তেমনি প্রজা-মরণে রাজারও ঐ প্রকার অশৌচ না হয় কেন? স্মার্ত্ত বলিতেছেন,—এ আপত্তি করিতে পার না, কারণ "রাজাদিগের অশৌচ নাই" এই বচন দ্বারা পরাশর রাজাদিগের অশৌচের নিষেধ করিয়াছেন। যদি বল, পরাশরের ঐ নিষেধ দ্বারা প্রজামরণে রাজাদিগের ব্যবহার (রাজ্য পালন) কার্য্যে অশৌচ হইবে না, এই মাত্র বুঝাইতেছে, বৈদিক কর্ম্মে কিন্তু অশৌচ না হইবে কেন? তাহাও বলিতে পার না, কারণ কেবল

"নিবাসে রাজনি প্রেতে তদহঃ শুদ্ধিকারণম্।
মহীপতীনাং নাশৌচং হতানাং বিদ্যুতা তথা।"

ইতি যাজ্ঞবল্ক্যবচনেন পূর্ব্বার্দ্ধেন রাজমরণে প্রজানামশৌচ-বিধানাৎ। প্রাগনুক্তত্বেহপি তেষাং কুর্ব্বন্তীতিবৎ তন্মরণেহপি রাজ্ঞামশৌচপ্রাপ্তৌ "মহীপতীনামিত্যনেন" তন্নিষিধ্যতে। এবঞ্চ

মিতার্থঃ। নিবাসেতি যস্য দেশে নিবাসঃ স নিবাসো রাজা তথাচ যস্য স্বাং বিষয়ে স্থিতিরিতি প্রাগ্লিখিতং তদহঃ সজ্যোতিঃ। হতানাং বিদ্যুতেতি বেচ্ছয়েতি বোধ্যং।

মাত্র রাজ্য পালনরূপ কার্য্যে প্রজার মরণে রাজাদিগের অশৌচ হইবে না, এরূপ বলিবার প্রতি কোনরূপ প্রমাণ দৃষ্ট হয় না। অন্য দিকে "প্রেতে রাজনি সজ্যোতিঃ" ইত্যাদি বচন দ্বারা রাজার মৃত্যুতে প্রজাদিগের উপর রাজার রাজত্ব সম্বন্ধাধীন প্রজার যেরূপ অশৌচ বিহিত হইয়াছিল, পূর্ব্ব কল্পিত "রামের মৃত্যুতে শ্যামের যেরূপ অশৌচ হইবে" ইত্যাদি নিয়ম বশতঃ প্রজামরণে রাজারও সেই রাজা প্রজা সম্বন্ধ ধরিয়াই সেইরূপ অশৌচের প্রাপ্তি হওয়াতেই "রাজাদিগের অশৌচ নাই" পরাশর এইরূপ নিষেধ করিয়াছেন। যেমন "কারণাদাগচ্ছতি প্রেষ্যং" ইত্যাদি পূর্ব্বোক্ত বচনদ্বারা ভৃত্যের অশৌচে প্রভুর অশৌচ প্রাপ্ত হওয়াতেই, ভৃত্যের অশৌচ প্রভুকে স্পর্শ করিবে না, এই নিষেধ করা হইয়াছে। এস্থলেও সেইরূপ প্রজার মরণে রাজার অশৌচ প্রাপ্ত হওয়াতেই যে উহার নিষেধ করা হইয়াছে, ইহাই বুঝিতে হইবে। দেখ, যাহার রাজ্যে বাস করা যায়, এইরূপ রাজার মৃত্যুতে সেই অহঃ (সেই সজ্যোতিঃ কালমাত্র) অশৌচ হয়। রাজাদিগের অশৌচ নাই, এবং আপন ইচ্ছার অসাবধান হইয়া যাহারা বিদ্যুতের আঘাতে মরে, তাহাদিগেরও অশৌচ নাই।" এই যাজ্ঞবল্ক্যের বচনেরই পূর্ব্বার্দ্ধ দ্বারা রাজার মরণে প্রজাদিগের অশৌচের বিধান করা হইয়াছে, কিন্তু প্রজার মরণে রাজার অশৌচের বিধান পূর্ব্বে করা হয় নাই, তাহা না হইলেও "মাতামহগণ দৌহিত্রদিগেরও শ্রাদ্ধ করিবে" এই বিধান দ্বারা যেমন, মাতামহের মৃত্যুতে দৌহিত্রগণের যেরূপ অশৌচ হয়, দৌহিত্রমরণেও মাতামহের সেইরূপ অশৌচ প্রাপ্ত হইয়াছে, তেমনি প্রজার মরণেও রাজার অশৌচের প্রাপ্তি হওয়াতেই "মহীপতীনাং" এই অংশ দ্বারা উহার নিষেধ করা হইয়াছে। তাহ'লেই ত বুঝা যাইতেছে,

রাজ্ঞো ক্ষত্রিয়ত্বাদিনা যদশৌচং, তস্য নেদং সামান্যতো বাধকং, কিন্তু তত্রাপি রাজত্বনিমিত্তকব্যবহারাদিদর্শনেঽশৌচাভাবপরমপি। "নাশৌচং রাজ্ঞাং রাজকর্ম্মণী"তি বিষ্ণুসূত্রানুরোধাৎ॥ ১১০

যত্তু দত্তানাং ভর্ত্তৃগৃহাবস্থানেঽপ্যেকাহে দশপিণ্ডদানমুক্তং-হারলতাকৃদ্ভিঃ, তৎপ্রমাণং ন বিদ্মঃ, কিন্তু "দত্তানাঞ্চাপ্যদত্তানা" মিত্যত্র "তা" ইত্যনেন সংপ্রদত্তামাত্রাণাং, বাগ্দত্তানাঞ্চ ত্র্যহাশৌচপ্রতীতেস্ত্র্যহেণৈব পিণ্ডদানং যুক্তম্।

বচনেন কস্য ? পূর্ব্বার্দ্ধেন করণেন। ইতিবদিতি যন্মরণে যদশৌচমিতি পূর্ব্বোক্তনিয়মেনে-ত্যর্থঃ। যদশৌচং দ্বাদশাহাদিরূপং সপিণ্ডাদ্যশৌচং তত্রাপি সপিণ্ডাদ্যশৌচেঽপি॥ ১১০

পিতুরিতি মরণে ইত্যর্থঃ। সংপ্রদত্তামাত্রাণামিতি মাত্রপদেন ভর্ত্তৃগৃহাব-

---

প্রজার মরণে রাজার কি ব্যবহারদর্শনকার্য্যে, কি বৈদিক কর্ম্মে, কোন কর্ম্মেই অশৌচ হইবে না। অতএব তুমি যে বলিয়াছিলে, প্রজার মরণে রাজার ব্যবহারদর্শন কর্ম্মে মাত্র অশৌচ হইবে না, কিন্তু বৈদিক কর্ম্মে অশৌচ হইবে, সে কথা আর টিকিল না। এস্থলে ইহাও বক্তব্য যে, "রাজাদিগের অশৌচ নাই", এই বচনের দ্বারা রাজাদিগের যে একেবারেই সকল প্রকার অশৌচের নিষেধ করা হইয়াছে, ইহা যেন কেহ না বুঝেন, "রাজাদিগের অশৌচ নাই" এই বচনটি, ক্ষত্রিয়ত্ব জাতি নিবন্ধন রাজার যে অশৌচ হইবে, অর্থাৎ সপিণ্ডাদি মরণ জন্য রাজার যে অশৌচ হইবে, তাহার সম্পূর্ণরূপ বাধক হইতেছে না; তবে তথাবিধ অশৌচকালেও রাজার রাজতা-নিবন্ধন ব্যবহারদর্শনরূপ কার্য্যে যে, ঐ অশৌচেরও অভাব হইবে, এইরূপ অর্থের বোধক হইতেছে। সপিণ্ডাদি মরণ জন্য অশৌচ যে, রাজার ব্যবহারদর্শন কার্য্যের প্রতিবন্ধক হইবে না, তাহার প্রতি "রাজাদিগের রাজকর্ম্মে কোন প্রকার অশৌচই প্রতিবন্ধক হয় না", এই বিষ্ণুসূত্রই প্রমাণ॥ ১১০॥

আর একটি কথা; হারলতা প্রভৃতি নিবন্ধকারগণ, পিতৃমরণে বিবাহিত কন্যা-গণের ভর্ত্তৃগৃহে অবস্থান কালেও যে, একদিনে দশপিণ্ড দানের কথা বলিয়াছেন, সে বিষয় ত কোন প্রমাণই আমাদের দৃষ্টিগোচর হয় নাই, প্রত্যুত পূর্ব্বোক্ত "দত্তানামপ্যদত্তানাং" ইত্যাদি বচনস্থিত "তা" এই শব্দ দ্বারা সম্প্রদত্তা কন্যা

"পিত্রোরুপরমে স্ত্রীণামূঢ়ানান্তু কথং ভবেৎ।

ত্রিরাত্রেণৈব শুদ্ধিঃ স্যাদিত্যাহ ভগবান্মনুঃ।" ইত্যুক্তেশ্চ "দত্তানা"মিত্যনেন পিতুর্যৎ ত্রিরাত্রমুক্তং, তৎপিণ্ডদাতৃত্বেনৈব অন্যথা "দত্তানাং ভর্ত্তুরেব হী"তি অনেন, বিশেষবচনাভাবে,

হিতানাং অভ্যাদহিতানাঞ্চ সর্ব্বাসাং গ্রহণমিতি। দত্তানামিত্যনেন "দত্তানাঞ্চাপ্য-দত্তানাং কন্যানাং কুরুতে পিতা। চতুর্থেঽহনি তাভ্যোঃ কুর্য্যাৎ মুলবা-হিতা" ইত্যনেন পিণ্ডদাতৃত্বেনৈবেতি যত্র পিতুঃ কন্যা পিণ্ডদানাধিকারিতা তত্র পিতুস্ত্রিরাত্রাশৌচং যত্র তু পিতুর্ন পিণ্ডদানাধিকারিতা কিন্তুত তত্র দত্তায়া মরণে পিতুরশৌচাভাব ইতি ভাবঃ। অশৌচনিবৃত্তিরিতি অন্নেং বোধ্যং দত্তায়া মরণে পিতুরশৌচনিবৃত্তিব্যবস্থাপনং ন সমীচীনতয়া প্রতিভাতি যতঃ কন্যাসম্বন্ধেনৈব জামাত্রাদের্ম্মরণেঽশৌচং ন তু কন্যায়া ইতি বিষমশিষ্টত্বং স্যাদিতিধ্যেয়ং। উক্তমিতি স তত্র বস্ত্রশুদ্ধিকেত্যাদিনা ইত্যর্থঃ। পৃথকপিণ্ডদানানন্তরমাচায়াং কাকবলিদানং।

মাত্রেরই এবং বাগ্দত্তাদিগের ত্রিরাত্রাশৌচের প্রতীতি হওয়ায়, তিনদিনে পিণ্ড-দান করাই ও যুক্তযুক্ত বলিয়া বোধ হইতেছে। বিবাহিত কন্যা মাত্রেরই যে পিতামাতার মৃত্যুতে ত্রিরাত্রাশৌচ হইবে, তদ্বিষয়ে আরও একটি প্রমাণ দেখ,— "পিতামাতার মৃত্যুতে বিবাহিতা স্ত্রীদিগের কিপ্রকার অশৌচ হইবে? এইরূপ জিজ্ঞাসা করিলে, ভগবান্ মনু বলিয়াছেন, ত্রিরাত্রেই তাহাদের শুদ্ধি হইবে।" এই যে, দত্তা কন্যাদিগের মরণে পিতার ত্রিরাত্রাশৌচের কথা বলা হইল, তাহা পিণ্ডদানকারী পিতার পক্ষেই বুঝিতে হইবে, অর্থাৎ যেস্থলে পিতাভিন্ন, দত্তা কন্যার আর কেহ পিণ্ডদানের অধিকারী নাই, সেইস্থলেই দত্তা কন্যার মরণে পিতার ত্রিরাত্রাশৌচ হইবে, অন্য পিণ্ডদাতা থাকিলে আর পিতার ঐরূপ অশৌচ হইবে না; অন্যথা এরূপ সিদ্ধান্ত না করিলে, অর্থাৎ দত্তা কন্যার মরণে পিণ্ডদাতা পিতারই ত্রিরাত্রাশৌচ হইবে, এইরূপ বিশেষ করিয়া না বলিলে, কেবল 'দত্তানাং ভর্ত্তুরেব হি" (দত্তকন্যাদিগের মরণে কেবল তাহার স্বামী-কুলেরই অশৌচ হইবে)' এই বচন প্রভাবে দত্তকন্যাদিগের মরণে তাহাদের পিতৃপক্ষমাত্রেরই অশৌচের-নিবৃত্তি হইবে, এইরূপ নিষেধ সঙ্গত হয় না। ইহার তাৎপর্য্য এই যে, 'দত্তকন্যার মরণে তাহার স্বামিকুলেরই অশৌচ হইবে' এই বচনবলে দত্তকন্যার মরণে, উহার পিতা এবং পিতৃসপিণ্ডমাত্রেরই অশৌচের নিষেধ করা হইতেছে। এক্ষণে যদি পূর্ব্বোক্ত "দত্তানাং" এই

পিতৃপক্ষে অশৌচনিবৃত্ত্যনুপপত্তেঃ। অশৌচান্তদি-কৃত্যম-শৌচসঙ্করে প্রসঙ্গাদুক্তমিতি নেহ বিতন্যতে ॥ ১১১ ॥

অথাশৌচান্তদ্বিতীয়দিনকৃত্যং।

দেবলঃ।

"অথাহঃসু নিবৃত্তেষু সুস্নাতাঃ কৃতমঙ্গলাঃ।

আশুচ্যাদ্বিপ্রমুচ্যন্তে ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ ॥"

পিণ্ডশেষমন্নং পাত্রে কৃত্বা অমুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণো বিশেষতৃপ্তয়ে যম-দ্বারাবস্থিতবায়সায় এষ বলির্নম ইত্যুৎসৃজ্য কৃতাঞ্জলিঃ। কাকস্তং যমদূতোঽসি গৃহাণ বলিমুত্তমং। যমলোকগতং প্রেতং ত্বমাপ্যায়িতুমর্হসি। কাকায় কাকপুরুষায় বায়সায় মহাত্মনে। তুভ্যং বলিং প্রযচ্ছামি প্রেতস্য তৃপ্তিহেতবে। ইতি পঠেৎ ॥ ১১১ ॥

অথাশৌচান্তেতি। অথাহঃস্বিতি অত্র কীদৃশোঽন্বয়বোধ ইতি চেদত্র কেচিৎ নিপূর্ব্বকৃতধাতোরর্থঃ ধ্বংসঃ ক্তপ্রত্যয়স্যার্থঃ কর্ত্তা অতীতত্বঞ্চ কর্ত্তা চ প্রকৃতে প্রতিযোগী অতীতত্বঞ্চাত্র বর্ত্তমানধ্বংসপ্রতিযোগ্যুৎপত্তিকত্বং তচ্চ ধাত্বর্থধ্বংসান্বয়ি ন তু বর্ত্তমান-ধ্বংসপ্রতিযোগিত্বং প্রকৃতে ধাত্বর্থতাবাধাৎ অথাহঃস্বিত্যত্র সতি সপ্তম্যাঃ সমানকালীন-ত্বমর্থঃ। তথাচ বর্ত্তমানধ্বংসপ্রতিযোগ্যুৎপত্তিকধ্বংসপ্রতিযোগী নিবৃত্তশব্দার্থঃ তস্য চাথাহঃশব্দার্থেঽভেদেনান্বয়ঃ পরম্পরয়া অথাহর্ব্বিশেষণীভূতস্য ধ্বংসস্য সমানকালীনত্বে-ঽন্বয়ঃ তস্য চ সুস্নাতাদিপদলভ্যস্নানাদাবন্বয়ঃ ইতি বদন্তি তন্ন ধ্বংসরূপায়ান্তাদৃশক্রিয়ায়াঃ প্রতিযোগিরূপকর্ত্রর্থবিশেষণতয়া উপস্থিতায়াঃ সমানকালীনত্বে বিশেষণত্বানন্বয়াৎ যত একত্র বিশেষণত্বেনোপস্থিতস্য অন্যত্র বিশেষণত্বেনান্বয়াযোগঃ প্রকৃত্যর্থামিতস্যার্থস্য

বচনোক্ত বিধানানুসারে তুমি দত্তকন্যার মরণ মাত্রেরই ত্রিরাত্রাশৌচের ব্যবস্থা কর, তবে দত্তকন্যার মরণে কেবল স্বামীর কালরই অশৌচ হইবে, এইরূপ বিধি আর রহিল কৈ? যেহেতু পিণ্ডদাতা পিতা ভিন্ন এরূপ বিশেষ করিয়া না বলিলে, পিতারও অশৌচ হওয়া অনিষিদ্ধ হইতেছে। অশৌচান্ত দিনে যাহা যাহা করিতে হইবে, ঐ সকল কথা অশৌচসঙ্কর প্রকরণে বলা হইয়াছে বলিয়া, আর এখানে বলা হইল না ॥ ১১১ ॥

অশৌচের পরদিনের কর্ত্তব্য।

একণে অশৌচ অতীত হইবার পরদিন কি করিতে হইবে, সেই কথা বলা হইতেছে। দেবল বলেন,—"অশৌচের গণিত দিন অতীত হইয়া গেলে, কয়ে স্নান করিয়া, মঙ্গল কার্য্যের অনুষ্ঠানপূর্ব্বক ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন

"মঙ্গলং" স্বশাখোক্তশান্তুদকগোহিরণ্যাদিস্পর্শজলাদিস্পর্শ-

সপ্তম্যা বোধনাসম্ভবাচ্চ যতঃ প্রকৃত্যর্থান্বিতস্বার্থবোধকত্বং হি প্রত্যয়ানামিত্যনুশাসনং কিন্তু সমভিব্যাহৃতক্রিয়ৈব সপ্তম্যা অর্থঃ। তস্যাশ্চ সমানকালীনত্বাদিকং ক্রিয়ান্তরে সম্বন্ধঃ তত্র বর্ত্তমানার্থককৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে সমানকালীনত্বং যথা গোষু দুহ্যমানাসু গত ইত্যাদৌ ভবিষ্যদর্থককৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে প্রাক্‌কালীনত্বং যথা গোষু দোক্ষ্যমাণাসু গত ইত্যাদৌ অতীতার্থকৃৎ প্রত্যয়সমভিব্যাহারস্থলে তু উত্তরকালীনত্বং সম্বন্ধতয়া ভাযতে যথা গোষু দুগ্ধাস্বাগতইত্যাদৌ। এবং কর্ত্তরি বিহিতকৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে সপ্তমীবিভক্তিপ্রকৃত্যর্থস্য স্বকর্তৃকত্বসম্বন্ধেন সপ্তম্যর্থেঽন্বয়ঃ কর্ম্মণি বিহিতকৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে চ তস্য স্বকর্ম্মকত্বসম্বন্ধেন সপ্তম্যর্থেঽন্বয়ঃ। প্রকৃতে চাঘাহঃপদোত্তরসপ্তম্যাঃ সমভিব্যাহৃতক্রিয়ারূপো ধ্বংস এবার্থঃ। তস্য চ উত্তরকালীনত্বসম্বন্ধে নাতীতোপপত্তিকস্নানাদাবন্বয়ঃ। আশুচ্যাদিত্যত্র পঞ্চম্যর্থঃ প্রতিযোগিত্বং মৃতধাত্বর্থো ধ্বংস আখ্যাতার্থ আশ্রয়ত্বং তথাচ বর্ত্তমানধ্বংসপ্রতিযোগ্যুৎপত্তিধ্বংসপ্রতিযোগ্যভিন্নাঘাহধ্বংসোত্তরকালীনাতীতোৎপত্তিকস্নানানুকূলকৃতিমন্তঃ কৃতশান্ত্যুদকাদিস্পর্শঃ ব্রাহ্মণকর্ম্মকস্বস্তিবাচনোত্তরকালীনাশৌচপ্রতিযোগিকবর্ত্তমানানাশাশ্রয়ত্বাবন্ত ইত্যন্বয়বোধঃ। অত্রোত্তরকালীনত্বং স্বাধিকরণসময়ধ্বংসাধিকরণসময়োৎপত্তিকত্বং ন তু স্বধ্বংসাধিকরণসময়োৎপত্তিকত্বং প্রকৃতে তদ্বাধাৎ। কেচিত্তু সমভিব্যাহৃতক্রিয়াসমানকালীনত্বাদিকং সপ্তম্যর্থঃ কর্তৃবিহিতকৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে কর্তৃতাসম্বন্ধাবচ্ছিন্নস্বৃত্তিত্বং সপ্তম্যর্থক্রিয়ায়াং প্রকৃত্যর্থস্য সম্বন্ধং কর্ম্মবিহিতকৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে কর্ম্মতাসম্বন্ধাবচ্ছিন্নস্বৃত্তিত্বং সপ্তম্যর্থক্রিয়ায়াং প্রকৃত্যর্থস্য সম্বন্ধঃ কর্ম্মবিহিতকৃৎপ্রত্যয়সমভিব্যাহারস্থলে কর্ম্মতাসম্বন্ধাবচ্ছিন্ন স্বৃত্তিত্বং সপ্তম্যর্থক্রিয়ায়াং সম্বন্ধঃ সপ্তম্যর্থস্য চ ক্রিয়ান্তরেঽন্বয়ঃ সমানকালীনত্বাদিসম্বন্ধে চ বর্ত্তমানাদর্থককৃৎপ্রত্যয়সমভিব্যাহারো নিয়ামক ইতি ন কশ্চিদ্দোষস্তাবদত্র ইতি বদন্তি। অথাহঃস্বিত্যত্রাঘসম্বন্ধিত্বমপি ভাযতে তত্র সম্বন্ধশ্চ স্বনাশকত্বং অঘশব্দার্থশ্চ মরণজন্যো দুরদৃষ্টবিশেষঃ তন্নাশকঞ্চ দশাহাদিরেব বিপ্রঃ শুধ্যেদ্দশাহেন ইত্যাদিনা তস্যাশৌচনাশকত্ববোধনাৎ। শুদ্ধিশ্চাত্রাশৌচনাশঃ তেন একাদশাহে স্নানাদেঃ পূর্ব্বমশৌচসত্ত্বেঽপি তস্য নাঘাহত্বং অতো ন কশ্চিদ্দোষঃ। অশৌচনাশং প্রতি দশাহাদিকালঃ একাদশাহাদিকর্ত্তব্যতত্তৎক্রিয়া চ উভয়মেব দণ্ডচক্রাদিন্যায়েন কারণং 'তথা চৈকাদশাহাদৌ তত্তৎক্রিয়াকরণপূর্ব্বং নাশৌচনাশ ইতি তথাচ অশুচ্যাদিপ্রমুচ্যন্তে ইত্যনেন সশিরস্কস্নানগোসুবর্ণাগ্নিঘৃতাদিমঙ্গলদ্রব্যস্পর্শ-

---

করাইয়া অশুদ্ধি হইতে শুদ্ধিলাভ করে।" উক্ত বচনে যে, 'মঙ্গল' শব্দটি আছে, তাহার অর্থ—নিজ নিজ গৃহ্যসূত্রোক্ত শান্তিজল, গো এবং হিরণ্যাদি

"বিপ্রঃ শুধ্যেদপঃ স্পৃষ্ট্বা ক্ষত্রিয়ো বাহনায়ুধং।
বৈশ্যঃ প্রতোদং রশ্মীন্ বা যষ্টিং শূদ্রঃ কৃতক্রিয়ঃ॥"

শ্রীগোবিন্দনামগ্রহণশান্ত্যদকৈর্ব্বিনাশৌচনিবৃত্তির্নাস্তীতি হারলতাদয়ঃ। ন চ কথং তর্হি দশমদিনাদেরশৌচান্তদিনত্বমিতিবাচ্যং অশৌচস্যান্তো যস্মাদিতিব্যুৎপত্তেঃ অশৌচনাশকত্বঞ্চ দশমদিনাদেধ্বংসসম্বন্ধেনেতি বোধ্যং। ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চেতি স্বস্তিন ইন্দ্রোবৃদ্ধশ্রবা ইত্যাদি স্বস্তিবোধকমন্ত্রং বচধাত্বর্থোবচনং লিঙর্থোঽনুকূলব্যাপারঃ আনন্তর্য্যং ক্ত্বাপ্রত্যয়ার্থঃ তস্য মূচধাত্বর্থেঽন্বয়ঃ। যথাশক্তেতি অত্র প্রাচীনগ্রন্থা-নুসারেণ কিঞ্চিল্লিখ্যতে সুস্নাতা ইতি যথাবিধিকৃতসশিরস্কস্নানা ইত্যর্থঃ। অত্র চ একাদশাহে বিরমেদিতি পৈঠীনসিবচনাৎ তর্পণং ন কার্য্যং এতচ্চ স্নানং সূর্য্যোদয়ানন্তরং কার্য্যং "উদয়াদুদয়াদ্ভানোঃ সাবনং পরিকীর্ত্তিতং। সূতকাদিপরিচ্ছেদো দিনমাসাব্দ-পাস্তথা। মধ্যমগ্রহভুক্তিশ্চ সাবনেনৈব গৃহ্যতে।" ইতি সূর্য্যসিদ্ধান্তবচনাৎ। অত্র কেচিৎ। অনাগতান্তু যঃ পূর্ব্বাং সাদিত্যাঞ্চৈব পশ্চিমাং। নোপাসীত দ্বিজঃ সন্ধ্যাং স যষ্ঠোঽব্রাহ্মণঃ স্মৃত" ইতিবচনাৎ সূর্য্যোদয়াৎ পূর্ব্বমেব প্রাতঃসন্ধ্যায়াঃ কালত্বাৎ তত্র চাশৌচাক্রান্তত্বেনাধিকারাভাবাৎ সূর্য্যোদয়াৎ পরমেব শুদ্ধিবিধানাৎ তদ্দিনে প্রাতঃ-সন্ধ্যালোপ এব ইত্যাহুস্তন্ন আসায়মাহুতেঃ প্রাতরাহুতির্নাত্যেতি আপ্রাতরাহুতেঃ সায়মাহুতিরিতি গোভিলবচনাৎ হোমন্যায়েন তুল্যাকাঙ্ক্ষিতত্বাৎ তুল্যকালবিধানাচ্চ অতীতামপ্যুপাসীতেতি বচনাচ্চ হোমবন্মুখ্যকালালাভে সায়ংকালপর্য্যন্তমানুকল্পিক-কালবিধানাৎ। "সন্ধ্যাহীনোঽশুচির্নিত্যমনর্হঃ সর্ব্বকর্ম্মস্বিতি" দক্ষবচনে সন্ধ্যায়াঃ শুচিত্বসম্পাদকত্বাচ্চ সন্ধ্যায়াঃ কর্ম্মাঙ্গত্বেন চ তদভাবে তদ্দিনকর্ত্তব্যকর্ম্মণাং বৈগুণ্য-প্রসঙ্গাচ্চ প্রাচীনসর্ব্বসংগ্রহসম্মতত্বাচ্চ স্নানাৎ পরং প্রাতঃসন্ধ্যা কর্ত্তব্যা ইতি। কৃত-মঙ্গলা ইতি গোসুবর্ণাগ্নিদধিদূর্ব্বাঘৃতাদিস্পর্শশ্রীগোবিন্দনামগ্রহণং কার্য্যমিত্যর্থঃ। ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য ব্রাহ্মণদ্বারা শান্ত্যদকসম্পাদনেন স্বস্ত্যয়নং কৃত্বেত্যর্থঃ। যোভূতে শান্তিং কৃত্বা একোদ্দিষ্টং প্রদাপয়েতি" হারীতবচনাৎ ব্রাহ্মণালাভে স্বয়মেব শান্তিং কুর্য্যাৎ এতচ্চ শান্ত্যদকগ্রহণমঙ্গদ্রব্যস্পর্শনং মরণাশৌচে এব মরণাশৌচমুপক্রম্য বিধানাৎ শান্তিস্তু যথাশক্ত্যেব কার্য্যা সর্ব্বত্র বামদেবস্য গানমিত্যথবা ত্রিধা ইতি ছন্দোগপরিশিষ্টাৎ সামগৈর্ব্বামদেব্যগানেন শান্তিঃ কার্য্যা গানাশক্তৌ তু ত্রিধা পাঠমেতি বামদেবঋচস্ত কয়ানশ্চিত্র ইতি কস্ত্বাসত্যোমদানামিতি অভীষুনঃ সখীনামিতি স্বস্তিন ইন্দ্রো বৃদ্ধশ্রবা ইতি চতস্রঃ আদাবন্তে চ গায়ত্র্যা শান্তিকরণং। যত্তু শন্নোদেবীতি

স্পর্শ করা। এ কথা মনু এইরূপে বলিয়াছেন,—"ব্রাহ্মণ কৃতক্রিয় হইয়া জলস্পর্শ, ক্ষত্রিয় বাহন এবং আয়ুধস্পর্শ, বৈশ্য প্রতোদ (জুয়াল) অথবা রশ্মিস্পর্শ এবং শূদ্র কৃতক্রিয় হইয়া যষ্টিস্পর্শ দ্বারা শুদ্ধিলাভ করিবে।" এই বচনে যে 'কৃতক্রিয়'

"কৃতক্রিয়" ইতি "অশৌচকালোত্তরং কৃতস্নান" ইতি মিতাক্ষরা। 'সমাপ্তদশাহকৃত্য' ইতি হারলতা। অত্রাযাহঃস্থ নিযুক্তেষু ইত্যনেন একাদশাহাদেরশৌচান্তদ্বিতীয়াহত্বং সূচিতং, এবং একাদশাহাদৌ স্নানাদেঃ পূর্ব্বমশৌচান্তরপাতেনাসাঙ্কর্য্যঞ্চ। অতএব 'তত্রান্তর্দ্দশাহ' ইত্যুক্তং। সুস্নাতা ইত্যাদিনা, "বিপ্রঃ

সূক্তেন প্রথমং বাভ্যাং দ্বিতীয়ং শন্নোদেবীরবরো নঃ শন্ন ইন্দ্রাগ্নী তদস্ত মিত্রাবরুণা ইতি তৃতীয়ং শর্ম্মাবেত্তেতি পৃথিবী শান্তিরিতি চতুর্থং উভয়ত্র সর্ব্বত্র শান্তিং সাবিত্রীং কুর্য্যাদিতি পৈঠীনস্যুক্তং চতুর্ণা শান্তিকরণং তদহ্ন চ গৃহ্যোক্তবেন ,ঋগ্বেদিনামেবেতি যজুর্ব্বেদিনাং ঋচং বাচং প্রপদ্যে ইত্যাদি দোঃ শান্তিরিত্যন্তৈঃ সপ্তদশভির্ম্মন্ত্রৈরাদাবন্তে চ গায়ত্র্যা শান্তিকরণং ওকারেণ ব্যাহৃতিভির্গায়ত্র্যাদাবন্তে চ ইতিকাত্যায়নবচনাৎ। তদয়ং প্রয়োগঃ। দাতা, কশ্চিদ্ব্রাহ্মণঃ স্বয়ং বা কুশৈঃ শিরসি জলবিন্দুপ্রক্ষেপরূপাং শান্তিং কুর্য্যাৎ প্রথমং প্রণবব্যাহৃতিসাবিত্রীভিঃ ততশ্চ ওঁ ঋচং বাচং প্রপদ্যে মনো যজুঃ প্রপদ্যে সামপ্রাণং প্রপদ্যে। চক্ষুঃশ্রোত্রং প্রপদ্যে বাগোজঃ সহৌজোময়প্রাণাপানৌ। ১। ওং যন্মে ছিদ্রং চক্ষুষো হৃদয়স্য মনসো বাতি তৃর্ণং বৃহস্পতির্মেতদ্দধাতু শন্নো ভবতু ভুবনস্য যস্পতিঃ। ২। ওঁ ভূর্ভুবঃ স্বরিত্যাদিগায়ত্রী। ৩। কয়ানশ্চিত্র ইত্যাদি। ৪। কস্ত্বাসত্য ইত্যাদি। ৫। অভীষুন ইত্যাদি। ৬। কয়াত্বং নউত্যাভিঃ প্রস্কন্দসে বৃষনকয়াস্তে। দিত্য আভব। ৭। ইন্দ্রোবিশ্বস্য রাজতিঃ শং নোশস্ত দ্বিপদেশং চতুষ্পদে। ৮। শন্নোমিত্রঃ শংবরুণঃ শংনোভবত্বর্য্যমা। শন্নইন্দ্রো বৃহস্পতিঃ শন্নো বিষ্ণুরুরুক্রমঃ। ৯। শন্নোবাতঃ পবতাং শংনস্তপতু সূর্য্যঃ। শংনঃ কনিক্রদদ্দেবঃ পর্জ্জন্য-ইতি বর্ষতু। ১০। অহানি শংভবন্ত ন শংরাত্রিঃ প্রতিধীয়তাং শন্ন ইন্দ্রাগ্নী ভবতামবোভিঃ শন্নইন্দ্রা বরুণা বাত হব্যা শংনং ইন্দ্রা পূষণা বাজসা তৌশমিন্দ্রাসোমা সবিতায় শংযোঃ। ১১। শন্নোদেবীত্যাদি। সংযোরভিঃ স্রবন্ত ন ইত্যন্তং। ১২। স্যোনা পৃথিবি নো ভবা নৃক্ষরা নিবেশিনী যচ্ছানঃ শর্ম্মসপ্রথাঃ। ১৩। আপহিষ্ঠেত্যাদি চক্ষসে ইত্যন্তং।

শব্দটি আছে, তাহার অর্থ,—মিতাক্ষরায় 'স্নান করিয়া,' এইরূপ করা হইয়াছে, হারলতায় কিন্তু উহার অর্থ 'দশাহ কর্ত্তব্য ক্রিয়া সমাপ্ত করিয়া' এইরূপ করা হইয়াছে। এই বচনে "অশৌচের গণিত দিন অতীত হইবার পর" এইরূপ বলায়, একাদশাহ প্রভৃতি যে, "অশৌচান্ত দ্বিতীয় দিন এইরূপ শব্দ দ্বারা বাচ্য" তাহাই সূচিত হইতেছে, আরও সূচিত হইতেছে যে, একাদশাহাদি দিনে স্নানাদির পূর্ব্বে অপর একটি অশৌচের সঙ্ঘটন হইলেও আর অশৌচসাঙ্কর্য্য হইবে না। এই হেতু সাঙ্কর্য্য স্থলে "দশদিনের মধ্যে" এইরূপ বলা

শুধ্যেদপঃ স্পৃষ্ট্বা” ইত্যাদিনা চ, যথাশক্তি সমুচ্চয়বিকল্পাভ্যাং তত্তৎকরণে, ন বৈদিককর্ম্মার্হতেতি, ততশ্চ সশিরস্কনজ্জনমাত্রং কৃত্বাচম্য, মঙ্গলং কৃত্বা, বর্ণক্রমেণ জলাদিকং স্পৃষ্ট্বা বৈধস্নানাদিকং কুর্য্যাৎ॥

“অশৌচে তু ব্যতিক্রান্তে স্নাতঃ প্রযতমানসঃ।
উদঙ্মুখান্‌ ভোজয়েচ্চ আসীনান্‌ সুসমাহিতান্‌।

মন্ত্রোহশ্চাত্র কর্ত্তব্যস্তথৈকবচনেনত্বিতি বিষ্ণুধর্ম্মোত্তরাৎ॥১১২

১৪। যোবঃ ইত্যাদি মাভর ইত্যন্তং। ১৫। তস্মা অরমিত্যাদি জনয়থা চ ন ইত্যন্তং। ১৬। দ্যৌঃ শান্তিরন্তরীক্ষং শান্তিঃ পৃথিবী শান্তিঃ আপঃশান্তিরোষধয়ঃ শান্তির্বনস্পতয়ঃ শান্তির্বিশ্বেদেবাঃ শান্তির্ব্রহ্মশান্তিঃ শান্তিরেব শান্তিঃ। ১৭। পুনরপি প্রণবব্যাহৃতি গায়ত্রীভিরিতি যজুর্ব্বেদিনাং। সামগানান্ত প্রথমং প্রণবব্যাহৃতিসাবিত্রীভিঃ ততশ্চ ও কয়ানশ্চিত্র ইত্যাদি স্বস্তিনো বৃহস্পতির্দ্দধাতু ইত্যন্তং। পুনরপি প্রণবব্যাহৃতি-সাবিত্রীভিরিতি। প্রতোদং পাচুনি ইতি খ্যাতং। রশ্মীন্‌ রজ্জুঃ। কৃতক্রিয় ইতি ব্যাচষ্টে অশৌচকালোত্তরং কৃতস্নান ইতি সূচিতমিতি অত্র সূচনমনুমিতি ন তু শাব্দবোধঃ। অশৌচান্তদ্বিতীয়াহত্বমিতি। তত্রাহঃপদমহিম্না অশৌচস্যান্তো যস্মাদিতি ব্যুৎপত্ত্যা অশৌচান্তপদেনাশৌচনাশকং দশমদিনাদিকমুচ্যতে তদ্দ্বিতীয়দিনত্বঞ্চ অশৌচান্ত-দিনধ্বংসাধিকরণদিনধ্বংসানধিকরণত্বে সতি অশৌচান্তদিনধ্বংসাধিকরণত্বমিতি বোধ্যং। স্নানাদেঃ পূর্ব্বমিত্যনেন তদানীং পূর্ব্বাশৌচসত্ত্বং সূচিতং সুস্নাতা ইতি অত্রোপসর্গেণ সশিরস্কত্বং স্নাধাতুনা চ মজ্জনমাত্রং সূচিতং মাত্রপদেন সাঙ্গত্বব্যাবর্ত্তনং কৃতং। পুনঃ-স্নানে প্রমাণমাহ অশৌচে ত্বিতি ব্যতিক্রান্তে ইত্যনেনাশৌচানন্তরং স্নানান্তরং সূচিতং।

হইয়াছে। পূর্ব্বোক্ত দেবলবচনে “ভাল ক’রে স্নান করিয়া শুদ্ধিলাভের কথা বলা হইয়াছে, এবং মনুর বচনে যে ব্রাহ্মণের “জল স্পর্শ করিয়া” শুদ্ধিলাভের কথা বলা হইয়াছে, ইহাতে কেহ যেন এরূপ না বুঝেন যে, শুদ্ধিকামী ব্রাহ্মণেরা শক্তি অনুসারে ভাল ক’রে স্নান, ও জল স্পর্শ, এই উভয় প্রকার ক্রিয়া অথবা কেবল ভাল ক’রে স্নান কিম্বা কেবল জলস্পর্শ করিয়াই বৈদিক কর্ম্মে অধিকারী হইবে, উহাদ্বারা এইরূপ বিধান করা হইয়াছে যে, শুদ্ধিকামী সকলবর্ণই প্রথমে ডুব দিয়া স্নান করিবে, পরে যথাক্রমে আচমন ও মঙ্গল করিয়া বর্ণাদিক্রমে যথোক্ত জলাদি স্পর্শপূর্ব্বক বৈধ স্নানাদি করিবে। কারণ বিষ্ণুধর্ম্মোত্তরের একটি বচন আছে, “অশৌচ অতিক্রান্ত হইবার পর,

যত্তু সম্বর্ত্তবচনম্,—

"দশাহাত্তু পরং সম্যক্ বিপ্রোঽধীয়ীত ধর্ম্মবিৎ।
দানঞ্চ বিধিনা দেয়মশুভাত্তারকং হি তৎ।"

ইত্যত্রা"শুভং" নাশৌচং, তস্য কালাদিনা নিবৃত্তত্বাৎ। কিন্তু অশৌচকালোৎপন্নপঞ্চসূনাদিজন্যপাপপরং। পঞ্চসূনাশ্চ।

"পঞ্চসূনা গৃহস্থস্য চুল্লী পেষণ্যুপস্করঃ।
কণ্ডনী চোদকুম্ভশ্চ বধ্যতে যাশ্চ বাহয়ন্।"

অযুগ্মান্ ব্রাহ্মণান্ ভোজয়েদিত্যনেনাদ্যৈকোদ্দিষ্টং প্রাপ্তং অত্র ব্রাহ্মণানাং বহুত্বম-বিবক্ষিতং একেনাপি ব্রাহ্মণেন একোদ্দিষ্টবিধানাৎ। মন্ত্রোহ ইতি এত পিতর ইত্যাদৌ এহি প্রেত ইত্যাদিনেত্যর্থঃ॥ ১১২

অশুভাত্তারকমিত্যত্রাশুভপদেনাশৌচমুচ্যতে। তথাচ কাঞ্চনদানং বিনা নাশৌচনাশ ইতি প্রাচাং মতং তদ্দূষয়িতুমুপক্রমতে, যত্ত্বিতি অধীয়ীত বেদামিত্যর্থঃ। দানং কাঞ্চনদানং। দেয়ং কর্ত্তব্যং। কালাদীতি ইদমত্র বিচার্য্যং অত্রাদিপদেন ঐহিক-ব্যাপারো গ্রাহ্যঃ স চ যথা স্নানং স্বস্তিবাচনাদিঃ তথা কাঞ্চনদানমপি। এবঞ্চাশৌচনাশং প্রতি দণ্ডচক্রাদিন্যায়েন স্নানস্বস্তিবাচনাদিবৎ কাঞ্চনদানমপি হেতুঃ তথাচাশুভপদস্যাশৌচ-পরত্বেঽপি ন দোষঃ ইদন্ত বোধ্যং যদ্যেতদ্বচনং প্রায়শ্চিত্তপ্রকরণীয়ং ভবেত্তদা অশুভ-

স্নান করিয়া প্রযত চিত্তে, একাগ্রচিত্ত এবং উত্তরমুখে উপবিষ্ট ব্রাহ্মণদিগকে ভোজন করাইবে অর্থাৎ আদ্য শ্রাদ্ধ করিবে, এবং শ্রাদ্ধমন্ত্রের যে যে স্থলে বহুবচন আছে, সেই সেই স্থলে একবচনান্ত "পদের" 'উহ' (প্রয়োগ) ও করিবে॥ ১১২॥

আমরা যে, সম্বর্ত্তের একটি বচন দেখিতে পাই,—"ধর্ম্মবিৎ ব্রাহ্মণ দশ-দিনের পর সম্যক্ প্রকারে বেদ অধ্যয়ন করিবে, এবং যথাবিধি দানও করিবে, কারণ এই কার্য্য অশুভের বিনাশক।" এই বচনের কেহ কেহ ব্যাখ্যা করিয়াছিলেন,—দশদিনের পর যথাবিধি দান করিলে অশুভের অর্থাৎ অশৌচের নাশ হয়। তাহা ঠিক নহে, অশুভ শব্দের অর্থ এস্থলে অশৌচ নহে, কারণ, অশৌচ ত কালাদিনাশ্য, কাল উত্তীর্ণ হইবার পরই অশৌচও আপনা হইতেই চলিয়া যায়। কিন্তু এখানে যে "অশুভ" শব্দটি আছে, তাহার অর্থ,—অশৌচকালে পঞ্চসূনার ব্যবহার জন্য পাপবিশেষ। পঞ্চসূনা যথা,—গৃহস্থের চুল্লী (উনান), পেষণী (শিল-নোড়া), উপস্কর (কুলা), কণ্ডনী

ইত্যমেনোক্তাঃ। মৎস্যপুরাণে,—

"অশৌচান্তাদ্দ্বিতীয়েহহ্নি শয্যাং দদ্যাদ্বিলক্ষণাং।
কাঞ্চনং পুরুষং তদ্বৎ ফলবস্ত্রসমন্বিতং।
সংপূজ্য দ্বিজদাম্পত্যং নানাভরণভূষণৈঃ।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যো দেয়া চ কপিলা শুভা।"

"অশৌচান্তাৎ" তৎপ্রতিযোগিনিমিত্তকাশৌচান্তাৎ, তেন অবিশেষাদ্দাহমরণতৎশ্রবণজন্যাশৌচানাং গ্রহণং। "নানাভরণভূষণৈ"রিত্যত্র 'ভূষণপদং' ক্রিয়াপরং, অতো ন পৌনরুক্ত্যম্। দ্বিজদম্পতী পূজয়িত্বা, কাঞ্চনং প্রেতপ্রতিকৃতিরূপং পুরুষং

পদস্যাশৌচপরত্বং ন সম্ভবেৎ অশৌচনাশকস্য প্রায়শ্চিত্তত্বাভাবাৎ অশৌচনাশকত্বস্য প্রায়শ্চিত্তগণে কেনাপ্যপাঠাৎ অশৌচেতরপাপধ্বংসস্যৈব প্রায়শ্চিত্তলক্ষণে নিবেশাদিতি। নানাভরণভূষণৈরিতি অত্র ভূষণপদং ভূষণক্রিয়াপরং ভূষণক্রিয়া চ অলঙ্কারবৈশিষ্ট্যং বৈশিষ্ট্যঞ্চ শরীরসংযোগঃ দাহেতি সম্বন্ধে সতি দাহে ত্রিরাত্রাশৌচবিধানাৎ দাহস্য স্বাতন্ত্র্যেণৈবোল্লেখঃ পৌনরুক্ত্যমিতি অস্যাভরণপদেন তল্লাভাৎ পৌনরুক্ত্যং স্যাদিতি-

---

এবং জলের কলসী, এই পাঁচটী শূনা অর্থাৎ হিংসাস্থান, কারণ ইহাদিগের ব্যবহারের সময় জীব হিংসা অনিবার্য্য।" মৎস্য পুরাণে বলা হইয়াছে,— "অশৌচান্ত দ্বিতীয়দিনে ব্রাহ্মণ দম্পতীকে নানাবিধ অলঙ্কার দ্বারা সাজাইয়া বিলক্ষণ শয্যা এবং ফল-বস্ত্র-সমন্বিত প্রেতাকৃতি সুবর্ণময় পুরুষ প্রদান করিবে। ঐ দিন বৃষোৎসর্গও করিবে, এবং কপিলা গাভীও দান করিবে।" মূল বচনে যে "অশৌচান্ত কথাটী আছে, উহার অর্থ—প্রেতীভূত ব্যক্তিবিশেষের দাহাদি নিমিত্তোৎপন্ন যাবৎ প্রকার অশৌচের অন্ত, এইরূপই বুঝিতে হইবে; তাহ'লেই প্রেতের দাহ, মরণ ও মরণশ্রবণ ইত্যাদি জন্য সকল প্রকার অশৌচের অন্ত হইবার পরদিন, ইহাই বুঝাইতেছে। মূলবচনে যে, "নানাভরণভূষণৈঃ" পদটি আছে, ঐ পদস্থিত ভূষণ শব্দের অর্থ অলঙ্কার নহে, কিন্তু অলঙ্করণ (সাজান) রূপ ক্রিয়া, সুতরাং আভরণের সহিত ইহার পৌনরুক্ত্য হইয়াছে বলিয়া কেহ যেন আশঙ্কা না করেন। উপরিউক্ত মৎস্যপুরাণের বচনটি হারলতা প্রভৃতিতে এইরূপে ব্যাখ্যাত হইয়াছে;—দ্বিজ দম্পতীকে পূজা করিয়া সুবর্ণময় প্রেতের প্রতিকৃতি রূপ একটি পুরুষ নির্ম্মাণপূর্ব্বক ফল-বস্ত্রের

স্কৃত্বা, কলবস্ত্রযুক্তং শয্যায়ামারোপ্য, ভূষিতদ্বিজদম্পতীভ্যাং শয্যাং দদ্যা”দিতি হারলতাকৃতঃ। তেষাময়মাশয়ঃ “সম্ভবত্যেকবাক্যত্বে বাক্যভেদো হি নেষ্যতে” ইত্যুপস্থিতং দ্বিজং বিহায় পাত্রান্তরকল্পনে গৌরবাৎ। ন চ “তদ”দিত্যনেন কাঞ্চনপুরুষদানস্যাপি স্বাতন্ত্র্যাকর্ম্মত্বং স্যাদিতি বাচ্যম্, তস্য “প্রেতবদি-

ত্যাবঃ। শয্যাদান-কাঞ্চনপুরুষদান-দ্বিজদম্পতীপূজা-বৃষোৎসর্গ-কপিলাদানরূপ-কর্ম্মপঞ্চকবাদিনাং মৈথিলানাং মতং দূষয়িতুং স্বাভিমতং বিশিষ্টশয্যাদানবৃষোৎসর্গকপিলাদানরূপকর্ম্মত্রয়বাদিনাং হারলতাকৃতাং মতমাহ দ্বিজেত্যাদিনা। একবাক্যত্বে ইতি দ্বিজদম্পতী পূজয়িত্বা কলবস্ত্রযুক্তং কাঞ্চনপুরুষং শয্যায়ামারোপ্য ভূষিতদ্বিজদম্পতীভ্যাং শয্যাং দদ্যাদিতি বিশিষ্টৈকবাক্যত্বে ইত্যর্থঃ। অত্র পূজনাংশে ন বিধিঃ কিন্তু অনুবাদমাত্রম্; অর্চ্চিতমর্চ্চিতায় দদ্যাদিতি সামান্যবিধিপ্রাপ্তত্বাৎ; অতোহপি লাঘবং বোধ্যম্। বাক্যভেদ ইতি বিলক্ষণাং শয্যাং দদ্যাদিতি ফলবস্ত্রসমন্বিতং কাঞ্চনপুরুষং দদ্যাদিতি বিধিদ্বয়মিত্যর্থঃ। দ্বিজং স্ত্রীবিশিষ্টং দ্বিজম্। তদদিত্যনেনেতি মৈথিলমতে তদদিত্যস্য দদ্যাদিত্য-

সহিত উহাকে শয্যায় স্থাপন করিয়া ভূষিত দ্বিজদম্পতীকে ঐ শয্যা প্রদান করিবে।” তাঁহাদিগের এইরূপ ব্যাখ্যা করিবার তাৎপর্য্য এই যে, কেহ কেহ এই বচনটি তিনটি বিধিতে বিভক্ত করিয়া ব্যাখ্যা করিয়াছিলেন, (১) অশৌচান্ত দ্বিতীয়দিনে বিলক্ষণরূপা শয্যা ব্রাহ্মণকে দান করিবে, (২) ঐ প্রকার সুবর্ণময় পুরুষ প্রদান করিবে, (৩) দ্বিজদম্পতীকে নানা অলঙ্কারে সাজাইয়া পূজা করিবে। এইরূপ বাক্যভেদ করিয়া তিনটি বিধির কল্পনা করা যে, গৌরব পক্ষ, তাহাতে সন্দেহ কি? দেখ, একটি নিয়ম আছে, “যে স্থলে একটি বাক্য দ্বারাই সঙ্গত অর্থ হইতে পরে, সে স্থলে বাক্যভেদ স্বীকার করা পণ্ডিতগণের অভিপ্রেত নহে। এক্ষণে দেখ, ঐ বচনেই যখন দানের পাত্র দ্বিজদম্পতীর উল্লেখ রহিয়াছে, তখন সেই উপস্থিত দানের পাত্রকে ত্যাগ করিয়া আর একটি দানের পাত্রকে অন্বেষণপূর্ব্বক বাহির করা যে, গৌরব অর্থাৎ আয়াসকর তাহাতে সন্দেহ কি? যদি বল, “তদবৎ” সেইরূপ শব্দটি দ্বারা শয্যাদানের ন্যায় “কাঞ্চনপুরুষ দানও” একটি স্বতন্ত্র কর্ম্মরূপেই প্রতীত হইতেছে, এরূপ স্থলে স্বতন্ত্র বিধি না করিলে চলিবে কেন? এরূপ কথাও বলিও না, “তদবৎ” শব্দের অর্থ তুমি যেরূপ কল্পিত করিতেছ তাহা নহে, উহার অর্থ “সেইরূপ” নহে, কিন্তু “তাহার সদৃশ” অর্থাৎ

ত্য”র্থাৎ। ন চ তস্যানুপস্থিতিরিতি বাচ্যম্, তস্য প্রাকরণিকত্বেন শীঘ্রোপস্থিতেঃ। “অশৌচান্তা”দিত্যত্রাপি তথা। অন্যথা অন্যা-শৌচান্তে অন্যস্যাপি কর্ম্ম স্যাৎ, অতএবোক্তং “প্রেতপ্রতিকৃতিরূপ”মিতি। তেনৈতদ্বিশিষ্টমেকং কর্ম্ম ॥ ১১৩

র্থকত্বাদিতি ভাবঃ। ন চ তস্যেতি ন চ প্রেতস্যেত্যর্থঃ। তথা ইতি প্রাকরণিকত্বাৎ প্রেতস্য শীঘ্রোপস্থিতিরিত্যর্থঃ। অন্যথা অশৌচান্তাদিত্যত্রাশৌচপদস্য সামান্যতো-ঽশৌচপরত্বে। অন্যাশৌচান্তে ইতি তথাচামুকগোত্রস্য প্রেতস্যামুকদেবশর্ম্মণোঽশৌচান্তা-দ্দ্বিতীয়েঽহ্নি ইতি বক্তব্যমিতি স্মার্ত্তাশয়ঃ। বাচস্পতিমিশ্রাস্তু অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি ইত্যত্র বক্তব্যমিত্যাহুঃ। তেষাময়মাশয়ঃ,—যত্র একগোত্রৌ একনামকৌ যৌ একস্মিন্ দিনে মৃতৌ তত্রামুকগোত্রস্যেত্যাদিকমব্যাবর্ত্তকং, তথাচাগত্যাশৌচপদং তত্তদশৌচবিশেষপরং বক্তব্যম্। এবঞ্চ সতি সর্ব্বত্রৈবাশৌচপদং তত্তদশৌচবিশেষপরং বক্তব্যং, ন তু কুত্রাপি অমুকগোত্রস্যেত্যাদিকমিতি। অমুকস্য মরণাশৌচান্তা-দ্দ্বিতীয়েঽহ্নি ইত্যভিলাপঃ প্রাচীনসম্মতঃ। তেষাময়মাশয়ঃ,—অশৌচে মরণস্যৈব প্রযোজকত্বং ন তু মৃতস্যেতি; স্মার্ত্তমতে তু অমুকাশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নীত্যভিলাপঃ। এত-ন্মতে চ মরমণপ্রযোজ্যত্বং ষষ্ঠ্যর্থঃ। ন চ লঘুধর্ম্মাবচ্ছিন্নে স্বত্বাদাদেব ষষ্ঠ্যাঃ শক্তিঃ, মরণ প্রযোজ্যত্বস্য ষষ্ঠ্যর্থত্বেন লক্ষণা স্যাৎ। এবঞ্চ সতি সুবিভক্তৌ ন লক্ষণা ইত্যনুশাসনবিরোধ ইতি বাচ্যম্; অত্র লক্ষণাপদস্য নিরূঢ়লক্ষণান্যলক্ষণাপরত্বাৎ নিরূঢ়লক্ষণা চানাদিতাৎপর্য্য-

প্রেতের তুল্যাকৃতি। যদি বল, বচনের কোন স্থলেই প্রেতের উল্লেখ নাই, তবে “তদ্বৎ” এই কথাটির ব্যাখ্যা স্থলে সহসা প্রেতের উপস্থিতি হইবে কিরূপে? একথাও বলিতে পার না, কারণ প্রেতের যখন প্রকরণ চলিয়াছে, তখন তাহার আপনা-আপনিই উপস্থিতি হইয়া পড়িতেছে। আরও দেখ, এই বচনের ব্যাখ্যাস্থলে প্রেতের উপস্থিতি না করিলে চলিতেই পারে না; এই যে, অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি কথাটি আছে, ইহার ব্যাখ্যান কালে প্রেতের উপস্থিতি না করিলেত বিষম বিভ্রাট বাধিয়া যায়। যদি ইহার যথাশ্রুত “অশৌচের পর” এইরূপ অর্থ গ্রহণ করা হয়, তাহ'লে রামের অশৌচের পরদিন শ্যামের বৃষোৎসর্গের প্রসক্তি হইয়া উঠে, কাজেই তোমার সঙ্কল্পবাক্যে স্পষ্ট করিয়া বলিতে হইবে “অমুকগোত্র প্রেত অমুকের অশৌচের পরদিন।” এইরূপে একস্থলে প্রেতের উপস্থিতি হইয়াছে বলিয়াই, হারলতায় ‘তদ্বৎ’ শব্দের অর্থ—‘প্রেতের প্রতিকৃতিরূপ’ বলা হইয়াছে। অতএব কালপুরুষদান বিশিষ্ট শয্যাদান একই কর্ম; কালপুরুষদান এবং শয্যাদান দুই স্বতন্ত্র কর্ম নহে, এবং উভয়

অথ ব্যুৎক্রমযোজনা ইতি চেৎ ?

"শ্বঃ কর্ত্তাস্মীতি নিশ্চিত্য দাতা বিপ্রান্ নিমন্ত্রয়েৎ।
নিরামিষং সকৃদ্ভুক্তা সর্ব্বস্বপ্তজনে গৃহে॥" ইতিবত্তবতু।

স্পষ্টমাহ পদ্মপুরাণম্,—

"সংপূজ্য দ্বিজদাম্পত্যং নানাভরণভূষণৈরি"ত্যন্তং মৎস্য-পুরাণেন তুল্যমভিধায়,

"উপবেশ্য চ শয্যায়াং মধুপর্কং ততো দদে"দিতি।

মূলিকাশক্তিতুল্যা; সা চ মুনিবচনাদৌ প্রয়োগদর্শনাৎ প্রতীয়তে; ন চ স্বরূপপ্রযোজ্যত্বস্য ষষ্ঠ্যর্থত্বং কুত্রাপি ন দৃষ্টমিতি বাচ্যং, "ক্ষতেন ম্রিয়তে যস্তু তস্যাশৌচং ভবেদ্দিনা" ইত্যাদৌ তথা দৃষ্টত্বাদিতি। অতএব তদ্বদিত্যস্য প্রেতবদিত্যর্থকত্বাদেব ॥ ১১৩

ব্যুৎক্রমেতি দ্বিজদাম্পত্যং সংপূজ্য বৃষোৎসর্গঃ কর্ত্তব্য ইতি যোজনম্, দ্বিজদাম্পত্যং সংপূজ্য শয্যাং দদ্যাদিতি তু ব্যুৎক্রমযোজনমিত্যর্থঃ। নমু নিরামিষমিত্যাদৌ অগত্যা ব্যুৎক্রমযোজনং স্বীক্রিয়তেঽত্র কথং স্বীকর্ত্তব্যমিতিচেৎ, বচনান্তরৈকবাক্যত্বাৎ স্বীক্রিয়তে ইত্যাহ স্পষ্টমাহেত্যাদিনা। উপবেশ্য দ্বিজদাম্পত্যমিতি কাঞ্চনপুরুষমিতি বা। মধুপর্কমিতি

দানের পাত্র একই দ্বিজ-দম্পতী, কাঞ্চনপুরুষ একজনকে দান করিবে, আর শয্যা দ্বিজ-দম্পতীকে দান করিবে, এরূপ বাক্যভেদ করিবার কিছুই প্রয়োজন হইতেছে না। ১১৩

এক্ষণে যদি বল, একবাক্য করিতে গেলে, বচনটিতে দুরন্বয় দোষ স্বীকার করিতে হয়; আমি বলিব, তাহ'লেই বা, সংস্কৃত পদ্যে দুরন্বয় দোষের কিছু অভাব নাই, দেখ—"শ্বঃ কর্ত্তাস্মি" ইত্যাদি বচনে যেমন দুরন্বয় রহিয়াছে যথা "শ্বঃ কর্ত্তাস্মি ইতি নিশ্চিত্য সকৃৎ নিরামিষং ভুক্তা দাতা সর্ব্বস্বপ্তজনে গৃহে বিপ্রান্ নিমন্ত্রয়েৎ" (আগামী কল্য শ্রাদ্ধ করিব, এইরূপ নিশ্চয়ানন্তর দাতা পূর্ব্বদিন একবারমাত্র নিরামিষ ভোজন ক'রে বাড়ীর লোক সব ঘুমাইলে, ব্রাহ্মণদিগকে নিমন্ত্রণ করিবে।" এখানে যেমন দুরন্বয় আছে, এই বচনেও না হয় সেইরূপ থাকিল, তাহাতে ক্ষতি কি? আরও দেখ, উক্তবচনে দুরন্বয় দোষ স্বীকারপূর্ব্বক যেরূপে একটিমাত্র বাক্যের প্রবর্ত্তক নির্দ্দোষ ব্যাখ্যা করা হইয়াছে, পদ্মপুরাণে সেই কথাই স্পষ্ট করিয়া বলা হইয়াছে:—পদ্মপুরাণে "সম্পূজ্য দ্বিজদাম্পত্যং" ইত্যাদি কথাগুলি মৎস্যপুরাণের সহিত একরূপই বলিয়া, পরে বলিতেছেন—"তাহার পর শয্যার উপর বসাইয়া

ভবিষ্যোত্তরেঽপি,—

"কার্য্যঃ পুরুষো হৈমস্তস্মাৎ সংস্থাপয়েচ্চ তম্।

পূজয়িত্বা প্রদাতব্যা মৃতশয্যা যথোদিতা॥"

অতএব কর্ম্মত্রয়ভেদায় চকারদ্বয়মুত্তরার্দ্ধে অভিহিতম্। ততশ্চ শয্যাদান-কাঞ্চনপুরুষদান-দ্বিজদম্পতীপূজা-বৃষোৎসর্গ-কপিলাগবীদানরূপকর্ম্মপঞ্চকাভিধানং মৈথিলানাং হেয়ম্। এবঞ্চ দ্বিজদম্পতীপূজনং বিনাপি অশৌচান্তে বৃষোৎসর্গাচরণং শিষ্টানাং সঙ্গচ্ছতে। তথা,

"অহন্যেকাদশে প্রাপ্তে যস্য চোৎসৃজ্যতে বৃষঃ।

পূজয়েদিত্যর্থঃ। তথাচোক্তম্, অর্চ্চিতমর্চ্চিতঞ্চ দদ্যাৎ ইতি। পূজয়িত্বা অর্থাদ্দ্বিজদম্পতী। অতএব "সম্ভবত্যেকবাক্যত্বে বাক্যভেদো হি নেষ্যতে" ইতি ন্যায়েন পূর্ব্বোক্তকর্ম্মণ একত্বাদেব। উত্তরার্দ্ধে "বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যঃ দেয়া চ কপিলা শুভা" ইত্যর্দ্ধে। এবঞ্চেতি দ্বিজদাম্পত্যং সম্পূজ্য বৃষোৎসর্গঃ কর্ত্তব্যঃ ইত্যন্বয়ে চেত্যর্থঃ। মৈথিলমতে তু দ্বিজদম্পতী সংপূজ্য বৃষোৎসর্গঃ কর্ত্তব্য ইত্যন্বয়াৎ দ্বিজদম্পতীপূজানন্তরকালত্বৈব বৃষোৎসর্গকালত্বমিতি বোধ্যম্। বিমুক্ত ইতি অত্র ক্তপ্রত্যয়েন প্রেতলোকবিমুক্তিপূর্ব্বকত্বং লভ্যতে ইতি

মধুপর্ক দান করিবে।" ভবিষ্যোত্তরেও বলা হইয়াছে, "একটি সুবর্ণময় মনুষ্য করিবে, তাহাকে শয্যার উপর স্থাপিত করিবে, অনন্তর পূজা করিয়া পূর্ব্বে যেরূপ উক্ত হইয়াছে, তথাবিধ মৃতশয্যা প্রদান করিবে।" এই সকল প্রমাণান্তর থাকাতেই পূর্ব্বোল্লিখিত মৎস্যপুরাণের বচনের উত্তরার্দ্ধে, দ্বিজদম্পতীর পূজা, বৃষোৎসর্গ এবং কপিলা প্রদান, এই তিনটিমাত্র কর্ম্মের কর্ত্তব্যতা জ্ঞাপন করাইবার নিমিত্তই দুইটি 'চ'কার ব্যবহৃত হইয়াছে। অতএব মৈথিলগণ যে, শয্যাদান, সুবর্ণময় পুরুষদান, দ্বিজদম্পতীপূজা, বৃষোৎসর্গ এবং কপিলাদানরূপ পাঁচটি কর্ম্মানুষ্ঠানের কথা বলিয়াছেন, তাহা হেয় বলিয়াই প্রতিপন্ন হইল। যদি এইরূপ সিদ্ধান্ত হইল যে, দ্বিজদম্পতী পূজা, বৃষোৎসর্গ, এবং কপিলা দান, এই তিনটি পরস্পর নিরপেক্ষ কর্ম্ম, ইহাদের পৃথক্ ভাবে অনুষ্ঠান করাই শাস্ত্রের অভিপ্রেত। তাহ'লেই দ্বিজদম্পতীর পূজা না করিয়াও অশৌচান্তে শিষ্টপরম্পরা বৃষোৎসর্গ যে, করিয়া থাকেন, তাহা সঙ্গত হইল। আরও দেখ, "একাদশাহ প্রাপ্ত হইলে, যাহার

প্রেতলোকাদ্বিমুক্তশ্চ স্বর্গলোকং সমশ্নুতে ॥” ইতি মৈথিল-বচনধৃতবচনে কেবলবৃষোৎসর্গঃ শ্রূয়তে। কালবিবেকেঽগ্নি-পুরাণম্,—

“একাদশাহে প্রেতস্য যস্য চোৎসৃজ্যতে বৃষঃ।
প্রেতলোকং পরিত্যজ্য স্বর্গলোকং স গচ্ছতি॥
আদ্যশ্রাদ্ধে ত্রিপক্ষে বা ষষ্ঠে মাসি চ বৎসরে।
বৃষোৎসর্গশ্চ কর্ত্তব্যো যাবন্ন স্যাৎ সপিণ্ডতা।

ধ্যেয়ম্। একাদশাহে প্রেতস্যেতি শব্দেনাশৌচান্তে মলমাসেঽপ্যবশ্যং কর্ত্তব্যম্ ইত্যাদের্ব্বক্ষ্যমাণত্বাৎ শক্তস্য একাদশাহে বৃষোৎসর্গো নিত্য ইতি স্মার্ত্তমতম্, নব্যাস্তু অশৌচান্তে বৃষোৎসর্গো ন নিত্যঃ অকরণে কর্ত্তুঃ প্রত্যবায়াজননাৎ, তথাচ বৃষোৎসর্গস্য কেবলস্বর্গফলং, প্রেতলোকং পরিত্যজ্যেতি বচনবলাৎ ; ফলতাবচ্ছেদকেনাপি প্রেতলোকবিমুক্তিপূর্ব্বকস্বর্গলোকগমনত্বেনোল্লেখঃ, প্রেতলোকবিমুক্তিস্তু ষোড়শশ্রাদ্ধফলমিত্যাহুঃ। স্মার্ত্তস্য তু অকরণে কর্ত্তুঃ প্রত্যবায়জনকস্যৈব অকরণে পিত্রাদিগতপ্রত্যবায়জনকস্যাপি কর্ম্মণো নিত্যত্বম্। তথাচোক্তম্,—“অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি যস্য নোৎসৃজ্যতে বৃষঃ। পিশাচত্বং ধ্রুবং তস্য দত্তৈঃ শ্রাদ্ধশতৈরপী”ত্যাশয়ঃ। আদ্যশ্রাদ্ধে ইতি আদ্যশ্রাদ্ধপদম্ অশৌচান্তদ্বিতীয়দিনপরম্, অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নীত্যনেনৈকবাক্যত্বাৎ, অন্যথা কৃতৈকাদশাম্ আদ্যশ্রাদ্ধকরণে তদানীং বৃষোৎসর্গঃ প্রসজ্জেত ইতি বোধ্যম্। ত্রিপক্ষে বেতি অত্র নব্যাঃ ত্রিপক্ষাদিরূপতত্তৎকালে স্বতন্ত্রস্বতন্ত্রবৃষোৎসর্গো বিধীয়তে ন ত্বাদ্যশ্রাদ্ধদিনবিহিতবৃষোৎসর্গস্য শক্তাশক্তভেদেন তত্তৎকালে কর্ত্তব্যত্বম্। তথাচাদ্যশ্রাদ্ধদিনে বৃষোৎসর্গে

জন্য বৃষোৎসর্গ করা হয়, সে প্রেতলোক হইতে বিমুক্ত হইয়া স্বর্গলোকে গমন করে।” মৈথিলগণ কর্ত্তৃক উদ্ধৃত এই বচনে কেবলমাত্র বৃষোৎসর্গের কথাই বলা হইয়াছে। একাদশাহে বচনোক্ত অপর ক্রিয়াগুলি না করিয়াও কেবলমাত্র বৃষোৎসর্গ যে, করা যাইতে পারে, সে সম্বন্ধে অগ্নিপুরাণের বচন একটি কালবিবেক নামক গ্রন্থে উদ্ধৃত করা হইয়াছে। যথা—“যে প্রেতের উদ্দেশে একাদশাহে বৃষোৎসর্গ করা হয়, সে প্রেতলোক পরিত্যাগ করিয়া স্বর্গলোকে গমন করে। আদ্য শ্রাদ্ধের দিনেই ত্রিপক্ষেই হৌক, ষষ্ঠ মাসেই হৌক, অথবা বৎসর পূর্ণ হইবার দিনই হৌক, বৃষোৎসর্গ করিতে পারা যাইবে কিন্তু ত্রিপক্ষের মধ্যে যদি অপকর্ষ করিয়া সপিণ্ডীকরণ করা

সপিণ্ডীকরণাদূর্দ্ধং কালোহন্তঃ শাস্ত্রচোদিতঃ।”

ত্রিপক্ষশ্চান্দ্রঃ, শ্রাদ্ধে তথা দর্শনাৎ। যথা শ্রাদ্ধপ্রদীপে জাতূকর্ণঃ,—

“ঊর্দ্ধং ত্রিপক্ষাদ্যৎ শ্রাদ্ধং মৃতাহস্ত্যেব তদ্ভবেৎ”

ইত্যত্র পূর্ব্বমৃততিথিমাদায় ত্রিপক্ষগণনেতি। নির্ণয়া-

কৃতেঽপি পুনস্ত্রিপক্ষাদৌ তদাচরণমিতি বদন্তি। যাবন্ন স্যাৎ সপিণ্ডতেতি তথাচ ত্রিপক্ষাদেঃ পূর্ব্বং সপিণ্ডনাপকর্ষে ত্রিপক্ষাদৌ বৃষোৎসর্গো ন কর্ত্তব্য ইতি বোধ্যম্। কালোঽন্তো বিষুবাদিঃ। চান্দ্র ইতি “একা তিথিঃ কাপি তদাদিভূতা” ইত্যাদিনা মলমাসতত্ত্বোক্তচান্দ্রবিশেষঃ। অত্র মৃততিথেঃ পরতিথিমাদায় মাসগণনা বোধ্যা। ঊর্দ্ধমিতি এতচ্চ শ্রাদ্ধং কাম্যম্। মৃতাহস্ত্যেবেতি মৃতপক্ষে তু ন সম্ভবতীতি বোধ্যম্।

হয়, তাহ'লে আর ত্রিপক্ষাদিতে বৃষোৎসর্গ করা যাইতে পারিবে না। সেরূপ স্থলে সপিণ্ডীকরণের পর শাস্ত্রে যে যে সময় বৃষোৎসর্গের বিধান করা হইয়াছে, সেই সেই সময় ভিন্ন আর বৃষোৎসর্গ করিতে পারিবে না।” এই যে, অগ্নি-পুরাণের বচনে ত্রিপক্ষে বৃষোৎসর্গের কথা বলা হইয়াছে, এই ত্রিপক্ষ চান্দ্র অর্থাৎ মৃত তিথির পরতিথি ধরিয়া গণনা করিয়া পঁয়তাল্লিশ তিথির পূর্ত্তি যেদিন হইবে, সেই দিনেই ত্রিপক্ষ হইবে; কারণ, শ্রাদ্ধ বিষয়ে চান্দ্র মাসাদিরই আদর দৃষ্ট হয়। এ সম্বন্ধে শ্রাদ্ধবিবেকে জাতুকর্ণের একটি বচন উদ্ধৃত হইয়াছে যথা,—ত্রিপক্ষে যে শ্রাদ্ধাদি বিহিত হইয়াছে, তাহা ত্রিপক্ষের পরবর্ত্তী মৃততিথিতেই করিবে।” এই বচনে যে, ত্রিপক্ষের পর বলা হইয়াছে, তাহা দ্বারা প্রথম মৃততিথি ধরিয়াই এই ত্রিপক্ষের গণনা ঋষির অভিপ্রেত, নতুবা ত্রিপক্ষবিহিত শ্রাদ্ধাদি কার্য্য মৃততিথিতে করা যাইতে পারে না, ঐ কার্য্যগুলি যে ত্রিপক্ষীয় মৃততিথিতেই কর্ত্তব্য, এইটুকু বুঝাইবার জন্য ঋষি ত্রিপক্ষের পর এইরূপ বলিয়াছেন। ইহার তাৎপর্য্য এই যে, ত্রিপক্ষে বৃষোৎ-সর্গের বিধানে প্রথম মৃততিথির (যেদিন মৃত্যু হইয়াছে, সেই দিনের) পর তিথি ধরিয়া গণনা করিয়া যে তিথিতে ত্রিপক্ষ পূর্ণ হইবে, সেই তিথিতে বৃষোৎসর্গের কথা বলা হইয়াছে; কিন্তু শ্রাদ্ধের সময় ত্রিপক্ষের পর মৃত-তিথিতেই শ্রাদ্ধ কর্ত্তব্য, এইরূপ বিধান করায়, প্রথমতিথি হইতেই গণনা করাই ঋষির অভিপ্রেত হইতেছে। নির্ণয়ামৃত নামক নিবন্ধেও এই কথা

মৃতেঽপি। "মাসিকানাং মৃততিথৌ বিধানাৎ ত্রৈপক্ষিকশ্রাদ্ধমপি মৃতাহে কর্ত্তব্যম্।" অত্র 'বৎসর' ইত্যুপাদানাৎ বিষ্ণুধর্ম্মোত্তরীয়-"মৃতাহ" ইতি-পদং, পূর্ব্বসংবৎসরীয়মৃততিথিপরম্। তদ্‌যথা, বৃষোৎসর্গমধিকৃত্য বিষ্ণুঃ,—

'বিষুবদ্বিতয়ে চৈব মৃতাহে বান্ধবস্য চ।
মৃতাহো যস্য যস্মিন্ বা তস্মিন্নহনি কারয়েৎ॥"

যস্য বান্ধবস্য পিত্রাদের্যস্মিন্নহনি মৃতাহস্তস্মিন্নহনি মৃতাহে তত্তিথৌ কর্ত্তব্যমিত্যর্থঃ॥ ১৭৪॥

পূর্ব্বমৃততিথিবিধানাদয়েতি উদ্ধং ত্রিপক্ষাদিত্যুক্তেরিতি ধ্যেয়ম্। পূর্ব্বোক্তি ত্রিপক্ষাদিভিন্ন-কালে অপকৃষ্টসপিণ্ডীকরণে তদানীং বৃষোৎসর্গো ন কর্ত্তব্যঃ শাস্ত্রে তৎকালত্বাবিধানাৎ ইতি বোধ্যম্। মৃতাহো যস্য যস্মিন্ যেতি যথাসন্নিবেশেন বৈয়র্থ্যমিতি বোধ্যম্॥ ১৭৪

বলা হইয়াছে, যথা—"মাসিক শ্রাদ্ধ সকলের অনুষ্ঠান মৃততিথিতেই বিহিত হওয়ায়, ত্রিপক্ষবিহিত শ্রাদ্ধাদিও মৃততিথিতেই করিতে হইবে, উল্লিখিত অগ্নিপুরাণের বচনে "বৎসর" এই কথাটির উল্লেখ থাকায় বক্ষ্যমান বিষ্ণু ধর্ম্মোত্তরীয়ের বচনে যে, "মৃতাহ" (মৃততিথি) কথাটি আছে, উহা যে পূর্ব্ব সংবৎসরীয় মৃততিথির বোধক, ইহাই বুঝিতে হইবে। বিষ্ণুধর্ম্মোত্তরীয়ের সেই বচনটি যথা,—বৃষোৎসর্গের প্রকরণে বিষ্ণু বলিয়াছেন—"উভয় বিষুব-সংক্রান্তিতে অথবা বান্ধবের মৃততিথিতে বৃষোৎসর্গ কর্ত্তব্য। পিতা প্রভৃতি বান্ধবের মৃততিথি যে দিনে পড়িবে, সেই দিনবৃত্তি মৃত তিথিতেই বৃষোৎসর্গ করিবে।" টীকাকার রাধামোহন গোস্বামী রঘুনন্দন কৃত এই শ্লোকের ব্যাখ্যার উপরে এই প্রকার টীকা করিয়াছেন—"যে মাসের যে পক্ষের যে তিথিটি বান্ধবের প্রথম মৃততিথি হইবে, সেই মাসের সেই পক্ষের সেই মৃততিথিতে, অর্থাৎ প্রথম মৃততিথি ত্যাগ করিয়া তাহার পরতিথি হইতে বৎসর গণনা দ্বারা সংবৎসর পূর্ণ হইবার দিন যে মৃততিথি পড়িবে, সেইদিন, ঐ বান্ধবের উদ্দেশে বৃষোৎসর্গ করিবে।" অগ্নিপুরাণে "বৎসর" পদ থাকায় বিষ্ণুধর্ম্মোত্তরীয়ের বচনস্থিত "মৃতাহ" পদটির এইরূপ ব্যাখ্যা করিতে হইল, কারণ তথাবিধ মৃততিথি ভিন্ন সাধারণ তিথিতে বৃষোৎসর্গের ব্যবস্থা দৃষ্ট হয় না॥ ১৭৪

অতএব ছন্দোগপরিশিষ্টমপি,—

"অথ বৃষোৎসর্গবিধিং ব্যাখ্যাস্যামঃ। কার্ত্তিক্যাং পৌর্ণমাস্যাং, রেবত্যামাশ্বযুজ্যাং, দশাহে গতে, সংবৎসরে ব্যতীতে বেতি।" অত্র মৃততিথিমাদায় গণনা দশাহবদিত্যবিরোধঃ। ত্রৈপক্ষিকমপি মৃতাহে কার্য্যম্॥ ১১৫॥

অথ বৃষোৎসর্গবিধিং ব্যাখ্যাস্যাম ইতি। মৃততিথিমিতি ন তু মৃততিথেঃ পরতিথিম্, অতীতে ইত্যুপাদানাৎ। দশাহবদিতি যথা মৃতদিনমাদায় দশাহগণনা ন তু তৎপরদিনমাদায় তথেত্যর্থঃ॥ ১১৫

এই হেতুই অর্থাৎ বৎসর পূর্ণ হইলে মৃততিথিতে বৃষোৎসর্গের কর্ত্তব্যতা হেতুই ছন্দোগপরিশিষ্টকারও ঐরূপ ব্যবস্থা দিয়াছেন, যথা—"এক্ষণে বৃষোৎসর্গের কথা বলিতেছি—কার্ত্তিকী পূর্ণিমার দিন, রেবতী-নক্ষত্রযুক্ত আশ্বিনমাসের পূর্ণিমার দিন, দশদিন গত হইলে অথবা সম্বৎসর অতীত হইলে, বৃষোৎসর্গ কর্ত্তব্য" এই বচনে যে সম্বৎসরের কথা বলা হইয়াছে, ঐ বৎসর গণনা—প্রথম মৃততিথি ধরিয়াই করিতে হইবে, যেমন দশাহের গণনা প্রথম মৃততিথি ধরিয়াই করা হইয়া থাকে, বচনস্থিত "দশাহ" কথার সাহচর্য্যে বৎসর-গণনাও ঐরূপেই করিতে হইবে; ঐ রূপেই বৎসর গণনা করিতে হইবে বলিয়া বচনে "অতীতে" (অর্থাৎ বৎসর পূর্ণ হইবার পর) এই কথা বলা হইয়াছে। ইহার তাৎপর্য্য—যদি মৃততিথি ছাড়িয়া না দিয়া সেই তিথি লইয়া বৎসর গণনা করা যায়, তাহ'লে সাম্বৎসরিক মৃততিথির পূর্ব্ব তিথিতেই বৎসর পূর্ণ হয়, এইজন্য বচনে বলিতেছেন "বৎসর অতীত হইবার পর বৃষোৎসর্গ করিবে" অর্থাৎ মৃততিথি হইতে বৎসর গণনা করিলে, সাম্বৎসরিক মৃততিথির পূর্ব্বতিথিতেই বৎসর পূর্ণ হইয়া যায়, বৎসর পূর্ণ হইবার পরদিন সাম্বৎসরিক মৃততিথিরই প্রাপ্তি ঘটে, সুতরাং "বৎসর অতীত হইবার পর" এই বচনে বৃষোৎসর্গের বিধান করিলেও পূর্ব্বোক্ত বাৎসরিক মৃততিথিতে বৃষোৎসর্গ-বিধায়ক অগ্নিপুরাণাদির বচনের সহিত কোন বিরোধ ঘটিল না। ত্রৈপক্ষিক শ্রাদ্ধাদির যে বিধি করা হইয়াছে, উহাও এইরূপ প্রথম মৃততিথি ছাড়িয়া পক্ষ গণনাপূর্ব্বক ত্রৈপক্ষিক মৃততিথিতেই কর্ত্তব্য। ১১৫

"শয্যাদানং, বৃষোৎসর্গশ্চ শক্তেনাশৌচান্তে মলমাসেঽপ্যবশ্যং কর্ত্তব্যং, মৎস্যপুরাণে একাদশাহশ্রাদ্ধতুল্যাভিধানা-দি"ত্যপি হারলতা। পরিশেষখণ্ডে হেমাদ্রিরপি,—"বৃষোৎসর্গস্য একাদশাহিকস্য মলমাসে ন নিষেধঃ, ষোড়শশ্রাদ্ধবত্তস্যাপি প্রেতোপকারকত্বা"দিত্যাহ। এতদ্ব্যক্তং ভবিষ্যে,—

শক্তেনেতি এতেন'শক্তস্য নৈতদ্দ্বয়ং নিত্যমিতি বোধ্যম্। তুল্যতাভিধানাদিতি তথাচ শয্যাদানবৃষোৎসর্গৌ নিত্যাবিতি। নব্যাস্তু প্রেতোপকারকত্বেন তুল্যত্বমিতি বদন্তি; তুল্যতাভিধানঞ্চ অশৌচান্তাদ্দ্বিতীয়েঽহ্নি ইত্যাদিনা একাদশাহে বিধানাৎ। অত্র কৌমুদীকৃতঃ—একাদশাহশ্রাদ্ধস্যাশক্তং প্রত্যপি নিত্যত্বনিশ্চয়াৎ তত্তুল্যতাভিধানস্যাশক্তং প্রত্যপি নিত্যতারূপফলস্যোক্তিত এব ব্যাঘাতাৎ। বস্তুতস্তু একাদশাহশ্রাদ্ধতুল্যতাভিধানস্য ফলমেবালীকম্; তথাহি কিমিদমেকাদশাহশ্রাদ্ধতুল্যত্বাভিধানফলম্ অনন্তকালীনত্বং বা অভিন্নফলকত্বং বা শক্তস্যাবশ্যানুষ্ঠেয়ত্বং বা অভিন্নকর্ত্তৃকত্বং বা? নাদ্যঃ, ত্রিপক্ষে বা ইত্যাদিনা কালান্তরস্যাপি প্রতিপাদনাৎ; ন দ্বিতীয়ঃ, একাদশাহাদৌ বৃষোৎসর্গস্য প্রেতলোকপরিহারস্বর্গলোকগমনফলকত্বেন নীলবৃষগোচরতয়া মোক্ষফলকত্বেন চ একাদশাহশ্রাদ্ধস্য তু প্রেতত্বপরিহারমাত্রফলকত্বেন চ পৃথক্ পৃথক্ ফলকত্বাৎ; ন তৃতীয়ঃ, একস্যৈব শক্তং প্রতি নিত্যত্বমশক্তং প্রত্যনিত্যত্বমিত্যদৃষ্টাশ্রুতকল্পনায়া হাস্যাস্পদত্বাৎ; অন্যথা একাদশাহশ্রাদ্ধস্যাপি তুল্যন্যায়াৎ অশক্তপ্রত্যনিত্যতা স্যাৎ। ন চতুর্থঃ, এবঞ্চ কাম্যত্বে নির্ণীতে সতি কামনাবতঃ সর্ব্বস্যৈবাধিকারাৎ। তত্তশ্চ 'মহার্হাণি চ বস্ত্রাণি গাশ্চ বাহনমেব চ। যানানি দাসীর্দাসাংশ্চ রাজন্তুষ্ট্যৌর্দ্ধদেহিকে।" ইত্যাদি-রামায়ণোক্তবৎ নিত্যকাম্যাসাধারণমেকাদশাহে অনুষ্ঠেয়ম্। মৎস্যপুরাণে শয্যাদানাদিক-মুক্তং তৎপ্রকরণে চ একাদশাহশ্রাদ্ধং নোক্তম্, অতঃ কথং বা তত্তুল্যাভিধানমিত্যলং

হারলতাতে এরূপ কথাও বলা হইয়াছে যে, "শয্যাদান এবং বৃষোৎসর্গের কথা যাহা বলা হইয়াছে, সমর্থ ব্যক্তির পক্ষে উহা অশৌচান্ত দ্বিতীয়দিবসে নিত্য কর্ত্তব্য; সুতরাং অশৌচান্ত দ্বিতীয় দিবস মলমাসের মধ্যে পড়িলেও, সমর্থ ব্যক্তির ঐ দুইটি কার্য্য সেই মলমাসের মধ্যেই অবশ্য কর্ত্তব্য। কারণ, মৎস্যপুরাণে একাদশাহে যেমন শ্রাদ্ধ করিবার কথা বলা হইয়াছে, সেইরূপ শয্যাদান এবং বৃষোৎসর্গের কথাও বলা হইয়াছে, অতএব মলমাসে একাদশাহ পড়িলে যেমন শ্রাদ্ধের ব্যাঘাত হয় না, সেইরূপ মলমাস পতিত একাদশাহে শয্যাদানাদিরও হইবে না। চতুর্ব্বর্গচিন্তামণি গ্রন্থের পরিশেষখণ্ডে হেমাদ্রিও এইরূপ বলিয়াছেন —"একাদশাহে বিহিত বৃষোৎসর্গের মলমাসেও বাধা হইবে না, কারণ আদ্যাদি

"নৈঋ তানাং হিতার্থায় জগৎকর্ত্তা নৃণাং প্রভুঃ।
নির্ম্মমে মলিনং মাসং প্রেতানাঞ্চ হিতায় তু।
অতঃ প্রেতক্রিয়াঃ সর্ব্বাঃ কার্য্যা মলিম্লুচেঽপি চ॥"
সময়প্রকাশে জ্যোতিষম্,—
"বৎসরান্তর্গতঃ পাপো যজ্ঞানাং ফলনাশকৃৎ।
নৈঋ তৈর্যাতুধনাদ্যৈঃ সমাক্রান্তোঽধিমাসকঃ॥"
"মলমাসে বৃষোৎসর্গনিষেধস্তু কাম্য এব, ন তু একাদশাহ-ক্রিয়মাণ" ইতি পাশ্চাত্যনির্ণয়ামৃতেঽপি॥ ১১৬॥
অত্র কেচিৎ "কাম্যত্বান্মলমাসে ন কর্ত্তব্যমেব শয্যাদানাদি।

বহুনেত্যাহুঃ। হেমাদ্রিরপীতি ইত্যাহ ইতি পরেণান্বিতম্। পাপ ইতি পাপজনকত্বাৎ পাপ ইত্যর্থঃ। কাম্য ইতি অশৌচান্তীয়বৃষোৎসর্গস্তু নিত্যঃ। মধ্যমতে কাম্যে প্রাপ্ত-পিতৃলোকোদ্দেশ্যকে ন তু প্রেতোদ্দেশ্যকে ইত্যর্থঃ॥ ১১৬
অত্র কেচিদিত্যাদিগ্রন্থঃ পাশ্চাত্যনির্ণয়ামৃতীয়ঃ। নিরবকাশম্ অসম্ভবতুল্যকালান্তরম্।

ষোড়শ শ্রাদ্ধ যেমন প্রেতের উপকারক, বৃষোৎসর্গ কার্য্যটিও সেইরূপ প্রেতের উপকারক।" এই কথা ভবিষ পুরাণে আরও স্পষ্ট করিয়া বলা হইয়াছে, যথা— "জগতের কর্ত্তা এবং মনুষ্যদিগের প্রভু ভগবান্ ব্রহ্মা নৈঋ তদিগের এবং প্রেতদিগের হিতের নিমিত্তই মলমাসের সৃষ্টি করিয়াছেন, অতএব সমুদয় প্রেতক্রিয়া মলমাসেও করা যাইতে পারে।" সময়প্রকাশ নামক গ্রন্থে মলমাসে কৃতকর্ম্মের ফল যে প্রেতাদিই ভোগ করে, ইহার অনুকূল জ্যোতিষের একটি বচন উদ্ধৃত হইয়াছে, যথা—"বৎসরের অন্তর্গত যজ্ঞফলনাশক, অতএব পাপের হেতুভূত মলমাসটি নৈঋ তগণ ও যাতুধানসমূহ দ্বারা অধিকৃত অর্থাৎ ঐ মাসে কৃতকার্য্যের ফল তাহারাই ভোগ করে।" তবে যে মলমাসে বৃষোৎসর্গের নিষেধ দৃষ্ট হয়, ঐ নিষেধ কাম্যবৃষোৎসর্গ সম্বন্ধেই বুঝিতে হইবে, একাদশাহে ক্রিয়মাণ নিত্য বৃষোৎসর্গের পক্ষে নহে। একথা পাশ্চাত্যনির্ণয়ামৃত নামক গ্রন্থেও বলা হইয়াছে॥ ১১৬।

এ বিষয় কোন কোন পণ্ডিতেরা এইরূপ বলিয়াছিলেন—"শয্যাদানাদি যখন কাম্য কর্ম্ম, তখন কখনই উহা মলমাসে করা উচিত নহে। যদি বল, উহা

ন 'চাশৌচান্তদ্বিতীয়দিনস্যান্যত্রা প্রাপ্তেরিদমপি নিরবকাশ'মিতি বাচ্যং ক্ষতাদিনা অনধিকার ইব অকরণে যন্তক্ষতেত্তাবাৎ ।

"দেবব্রতবৃষোৎসর্গচূড়াকরণমেখলাঃ ।

মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ ।" ইত্যনেন শৃঙ্গগ্রাহিকতয়া বৃষোৎসর্গস্য নিষেধাচ্চ" ইত্যাহুস্তচ্চিন্ত্যম্, ক্ষতাদিনা অনধিকারে প্রতিপ্রসবাভাবাদস্তু ভবতু বৃষোৎসর্গাদি, অত্র তু "অধিমাসকে বিবাহং যাত্রাং চূড়াং তথোপ-

যন্তক্ষতেরিতি যন্তগতা ক্ষতির্নাস্তীতি ভাবঃ । যন্তক্ষতেঃ প্রত্যবায়স্যেতি কেচিৎ। দেবব্রতেতি প্রাচা মতে পাঠঃ ; বেদাধ্যয়নঞ্চ ব্রতঞ্চ বৃষোৎসর্গাদি চ নিষিদ্ধম্ । স্মার্ত্তমতে তু দেবব্রতেতি পাঠঃ ; এতদনুসারেণ ব্যাখ্যাস্যতে । অত্র তু, মলমাসে তু অস্য কর্ত্তব্যত্ব-

কাম্য হইলেও যখন অশৌচান্ত দ্বিতীয়দিনে বিহিত হইয়াছে এবং সেই অশৌচান্ত দ্বিতীয় দিন কিছু, যখন-তখন পাওয়া যায় না, কেবল একবারমাত্রই ইহার লাভ হইয়া থাকে ; কাজেই অশৌচান্তদ্বিতীয়দিনবিহিত কর্ম্ম সেই দিনই কর্ত্তব্য। সেই দিন ভিন্ন অন্যদিনে তদ্দিনবিহিত কর্ম্ম সকলের অনুষ্ঠানের অপ্রাপ্তিনিবন্ধন ঐ কর্ম্মগুলিকে নিরবকাশ কর্ম্ম বলিতে হইবে । অতএব অশৌচান্ত দিন ভিন্ন অপর সময় ঐ সকল কর্ম্ম করিবার অবসরাভাবহেতু মলমাসেও অশৌচান্ত দ্বিতীয় দিন পড়িলে, তাহাতেই ঐগুলি অবশ্য কর্ত্তব্য, একথাও বলিতে পার না, অর্থাৎ ঐ সকল কর্ম্ম নিরবকাশ বলিয়াই যে, মলমাসে কর্ত্তব্য, এমন কথাও বলিতে পার না । দেখ, ক্ষতাদি নিবন্ধন অশৌচান্ত দ্বিতীয়দিনকর্ত্তব্য কর্ম্মে অনধিকারহেতু যেমন ঐ সকল কর্ম্ম না করিলেও কোন প্রত্যবায় হয় না, মলমাসস্থলেও সেই-রূপ মলমাসজন্য অনধিকারহেতু ঐ সকল কর্ম্ম না করিলে দোষ হইবে কেন? অর্থাৎ অশৌচান্ত দ্বিতীয়দিনে যদি কাহারও কোন প্রকার ক্ষতাশৌচ হয়, তবে সেই ক্ষতাশৌচজন্য অনধিকারহেতু সে ব্যক্তি ঐ দিনে ও আর বৃষোৎসর্গ করিতে পারিবে না, এবং না করিলেও কোন প্রত্যবায়ভাগীও হইবে না ; সেইরূপ মলমাসনিমিত্তক অনধিকারহেতু যদি কেহ বৃষোৎ-সর্গাদি মলমাসে পতিত অশৌচান্ত দ্বিতীয়দিনে না করিতে পারে, তবে তাহার দোষ হইবে কেন? কেবল উপরিউক্ত যুক্তিপ্রভাবে [illegible] বৃষোৎসর্গাদি কার্য্যের নিষেধ করা হইতেছে না, এ বিষয়ে শাস্ত্রপ্রমাণও রহিয়াছে—

মন্বন্তরাধিকং কুর্য্যান্ন সাবকাশং মাঙ্গল্যং, ন তু বিশেষেজ্যামি”তি ভীমপরাক্রমবচনেঽপি সাবকাশস্য নিষেধাৎ, পর্য্যুদাসাখ্য

মায়াতীতি পরেণান্বয়ঃ। সাবকাশং সম্ভবতুল্যকালান্তরম্, বৃষোৎসর্গস্য মুখ্যকালো-ঽশৌচান্তাদ্দ্বিতীয়দিনং, ত্রিপক্ষাদিস্তু গৌণকালঃ। মাঙ্গল্যং কাম্যম্। বিশেষেজ্যাং

“দেবব্রত (দেবতাবিশেষের প্রীত্যর্থ) ব্রত, বৃষোৎসর্গ, চূড়াকরণ, মেখলা (উপ-নয়ন ও সমাবর্ত্তন), মাঙ্গল্য কর্ম্ম এবং রাজ্যাভিষেক, এই সকল কর্ম্ম মলমাসে ত্যাগ করিবে।” এই বচনদ্বারা মলমাসে “বৃষোৎসর্গের ও সাক্ষাৎ নিষেধ করাই হইয়াছে, এবং উহার সহিত এক সঙ্গে বিহিত শয্যাদানাদি কর্ম্মে ও শৃঙ্গগ্রাহিকতারূপ যুক্তি অনুসারে মলমাসে আপনা হইতেই নিষেধ আসিতেছে। ইহার তাৎপর্য্য এই—যেমন গোরু প্রভৃতি শৃঙ্গী জন্তুর কোন-মতে শিংটা ধরিয়া রাখিতে পারিলেই অপর অঙ্গ সকল আপনা-আপনি আয়ত্ত হয়, যেমন কাণ টানিলে মাথা আসে, সেইরূপ এস্থলে বৃষোৎসর্গ ও শয্যা-দানাদি কর্ম্ম এক বচনেই বিহিত হইয়াছে, উহাদের মধ্যে প্রধান কর্ম্ম বৃষোৎসর্গের মলমাসে নিষেধ করায়, শয্যাদানাদিরও আপনা হইতেই নিষেধ হইয়া পড়িতেছে।” কোন কোন পণ্ডিত যে, এই কথা বলিয়াছিলেন, “তচ্চিন্ত্যং” (১) এই মত চিন্তনীয়, অর্থাৎ স্বীকার্য্য নহে। এই বলিয়া দোষারোপ করিতেছেন,—তুমি কৃতাশৌচের দৃষ্টান্ত দেখাইলে, তাহা এস্থলে খাটে না। দেখ, কৃতাদি জন্য অশৌচ কর্ম্মমাত্রেরই প্রতিবন্ধকরূপেই উক্ত হইয়াছে, অর্থাৎ উহাতে কর্ম্মের নিষেধ করাই হইয়াছে, কিন্তু ‘অমুক অমুক কর্ম্ম কৃতাদি জন্য অশৌচে করিতে পারিবে’ বলিয়া ত আর ঐ নিষেধের কোনরূপ প্রতিপ্রসব করা হয় নাই, কাজেই কৃতাদি জন্য অশৌচে অন্যান্য নিরবকাশ নিত্যকর্ম্মের মত, বৃষোৎসর্গাদির অনুষ্ঠানেরও বাধ হৌক্ না কেন, কিন্তু এই মলমাসে পতিত অশৌচান্ত দ্বিতীয় দিনে কর্ত্তব্য “বৃষোৎসর্গাদি সম্বন্ধে সে কথা খাটে না, কেননা “মলমাসে বিবাহ, যাত্রা, চূড়া এবং উপনয়নাদি

---

(১) এস্থলে পণ্ডিতপ্রবর এবং এক্ষণে কলিকাতায় প্রধান স্মার্ত্তরূপে অভিজ্ঞ শ্রীযুক্ত চণ্ডীচরণ স্মৃতিভূষণ মহাশয় কর্তৃক প্রকাশিত শুদ্ধিতত্ত্বের পুস্তকে কাশীরামের টীকা যে ভাবে উদ্ধৃত হইয়াছে, তাহার একটু আলোচনা না করিয়া, আমরা থাকিতে পারিলাম না। কিন্তু ঐ আলোচনার পূর্ব্বে একটা কথা বলা উচিত যে, “কেচিত্তু”

নিরবকাশকর্ত্তব্যত্বমায়াতি। অত্রাপি অশৌচান্তদ্বিতীয়-দিনস্যান্যত্র অনুপলভ্যমানত্বেন নিরবকাশত্বমিতি ॥ ১১৭ ॥

তত্তন্মাসবিশেষপুরস্কারেণ বিহিতং যজ্ঞম্। পর্য্যুদাস ইতি সাবকাশেতরং কাম্যং কুর্য্যাদিত্যর্থঃ। নিরবকাশত্বম্ অসম্ভবতুল্যকালান্তরত্বম্ ॥ ১১৭

সাবকাশ (মলমাস ভিন্ন অপর সময়ে যাহা করা যাইতে পারে) মাঙ্গল্য কর্ম্ম এবং বিশেষযজ্ঞ (মাসবিশেষে কর্ত্তব্য বলিয়া বিহিত যজ্ঞবিশেষ), ইহাদের অনুষ্ঠান করিবে না।" এই ভীমপরাক্রমের বচনেও "ন কুর্য্যাৎ" করিবে না) ইহা দ্বারা সাবকাশ কর্ম্মমাত্রের মলমাসে নিষেধ করাতেই হৌক্ অর্থাৎ সাবকাশ কর্ম্ম মাত্রের মলমাসে অনুষ্ঠান করিবে না এইরূপে সাবকাশের মাত্র নিষেধ করাতেই হৌক্ অথবা সাবকাশ কর্ম্মের পর্য্যুদাস করাতেই হৌক, অর্থাৎ সাবকাশ কর্ম্ম করিবে না, কিন্তু নিরবকাশ কর্ম্ম করিবে, এইরূপ পর্য্যুদাস করাতেই হৌক, নিরবকাশ কর্ম্ম যে, মলমাসেও কর্ত্তব্য, ইহা স্পষ্টই বুঝাইতেছে। ইহার তাৎপর্য্য এই যে, উপরি উক্ত ভীমপরাক্রমের বচনে যে "ন কুর্য্যাৎ" (করিবে না), এই নিষেধসূচক যে নঞ্ আছে, ইহাকে যদি তুমি নিষেধ অর্থাৎ প্রসজ্যপ্রতিষেধ বল তাহ'লে উহা দ্বারা সাবকাশ কর্ম্মমাত্রই করিবে না, এইমাত্র বুঝাইতেছে, তাহাতে নিরবকাশ কর্ম্মের

হইতে আরম্ভ করিয়া "ইত্যাহুঃ" পর্য্যন্ত "কেচিত্তু"র কথা হইলেও স্মৃতিভূষণ মহাশয়, "বস্তুক্ষতেরভাবাৎ" এই স্থলে মূলের একটা প্যারার শেষ করিয়া পাঠকের মনে একটা ভ্রম জন্মাইয়াছেন, কারণ এরূপ প্যারা শেষ দেখিয়া অনেকে মনে করিতে পারেন যে, এইখানেই বুঝি "কেচিত্তু"র কথা শেষ হইয়াছে; তবে তিনি নাকি অনেক স্থলেই অযোগ্যরূপে প্যারা ভাগ করিয়াছেন, দেখিয়া এস্থলেও বুদ্ধিমান্ পাঠকের মনে সেরূপ ভ্রম না জন্মাইতেও পারে। ফল পাঠকগণের ভ্রমে বিশেষ ক্ষতিবৃদ্ধি নাই, তবে সুপ্রসিদ্ধ টীকাকার কাশীরামও যে এস্থলে ভ্রমে পড়িয়াছেন, ইহাই অত্যাশ্চর্য্যের বিষয়, তিনি বলিতেছেন "অত্র কেচিত্তু ইত্যাদিগ্রন্থঃ পাশ্চাত্যনির্ণয়ামৃতীয়ঃ" এই কথাটি স্মার্ত্তের টীকাকারের পক্ষে বড়ই অসঙ্গত বলিয়াই প্রতীত হইতেছে দেখ, স্মার্ত্ত—"মলমাসে বৃষোৎসর্গনিষেধস্তু কাম্য এবং ন তু একাদশাহক্রিয়মাণ ইতি পাশ্চাত্যনির্ণয়ামৃতেঽপি" এইরূপে পাশ্চাত্যনির্ণয়ামৃতের মত শেষ করিয়া, "কেচিত্তু—ইত্যাহুঃ" এইরূপ লিখিয়াছেন, এবং ইহার পরেই বলিতেছেন "তচ্চিন্ত্যম্" স্মার্ত্তের এইরূপ যথাক্রমে লেখা দেখিয়া স্পষ্টই বোধ হইতেছে যে, একাদশাহে ক্রিয়মাণ বৃষোৎসর্গ মলমাসেও করিতে পারিবে, পাশ্চাত্য-নির্ণয়ামৃত হইতে এইটুকু স্বমতের পোষক যুক্তি দেখাইয়া, 'কেচিৎ' ইত্যাদি অংশ দ্বারা বিরুদ্ধ মতের অবতারণাপূর্ব্বক "তচ্চিন্ত্যম্" বলিয়া তাহার খণ্ডন করিয়াছেন।

"সদ্যঃশৌচেঽপি তদ্দিনে শয্যাদানাদিক"মিতি ভ্রমো দূরী-কার্য্যঃ, অশৌচান্তদ্বিতীয়দিনস্থৈনৈব তস্য বিধানাৎ। বস্তুতো বিষ্ণূক্তযাবদশৌচপিণ্ডদানানুরোধেন,

---

স্নানাপনেয়াশৌচমেব সদ্যঃশৌচম্। এবং সদ্যঃশৌচে শয্যাদানাদিকং তদ্দিনে কর্ত্তব্যমিতি বাচস্পতিমিশ্রমতং, তদ্দ বয়তি সদ্যঃশৌচেঽপীত্যাদিনা। তস্য শয্যাদানাদেঃ।

অনুষ্ঠান মলমাসে না হইবে কেন? আর যদি ঐ নঞ্‌কে পর্য্যুদাস বল, তাহলেও উহা দ্বারা সাবকাশ ভিন্ন কর্ম্মের অর্থাৎ নিরবকাশ কর্ম্মের অনু-ষ্ঠান করিবে, এইরূপ অর্থই বুঝাইতেছে, উভয়থাই নিরবকাশ কর্ম্মের মলমাসে অনুষ্ঠানের পক্ষে ঐ বচনটি সম্পূর্ণ সাধকই হইয়াছে, বলিতে হইবে। এক্ষণে দেখ, বৃষোৎসর্গাদি কার্য্য যখন প্রেতত্বপরিহারক, তখন আদ্যাদি ষোড়শ শ্রাদ্ধের ন্যায় উহা নিত্য, অর্থাৎ অবশ্যকর্ত্তব্য, এবং অশৌচান্ত দ্বিতীয়দিনই উহার মুখ্যকাল, কেননা অশৌচান্ত দ্বিতীয়দিনে উহার অনুষ্ঠানে যেরূপ ফলের কথা বলা হইয়াছে, অপর সময়ে উহার অনুষ্ঠানে সেরূপ ফললাভ না হওয়ায়, অশৌচান্ত দ্বিতীয়দিন ভিন্ন স্থলে তথাবিধ ফললাভের উদ্দেশে বৃষোৎসর্গানুষ্ঠানের আবশ্যক নাই, সুতরাং অন্য সময়ে উহা নিরবকাশও হইয়াছে, অতএব অন্নপ্রাশনাদি নিরবকাশ কর্ম্মসকল যেমন মলমাসে করা হয়, সেইরূপ অশৌচান্ত দ্বিতীয়দিনকর্ত্তব্য বৃষোৎসর্গও মলমাসে করা যাইতে পারে॥ ১১৭

কেহ কেহ যে সদ্যঃশৌচ স্থলে সেই দিনই শয্যাদানাদি করিতে হইবে, বলিয়া ব্যবস্থা দিয়াছিলেন, তাঁহাদের সে ভ্রম দূর করা কর্ত্তব্য। কারণ, অশৌচান্ত দ্বিতীয়দিনেই শয্যাদানাদির বিধান করা হইয়াছে, অর্থাৎ যেদিন অশৌচের অন্ত হইবে, তৎপর দিনই দানাদির বিধান করায়, যে দিন অশৌচের অন্ত হইতেছে, সেইদিনই শয্যাদানাদি কিরূপে সঙ্গত হইতে পারে? বাস্তবিক বিচার করিয়া বলিতে হইলে, সদ্যঃশৌচ বলিতে যে, তাহানন্তর স্নান করিলেই অশৌচ অপগত হইবে, সকল স্থলে এরূপ বলা যায় না। দেখ, বিষ্ণু বলিয়াছেন, "যাবৎ অশৌচ পিণ্ডদান করিবে", সদ্যঃশৌচযুক্ত ব্যক্তি যেখানে পিণ্ডদানের অধিকারী, সেস্থলে তাহাকে সেই দিনই পিণ্ডদান করিতে হইবে," এই পিণ্ড-দানরূপ প্রয়োজনের অনুরোধে সদ্যঃশব্দের অর্থ, তুমি যে, তাহানন্তর স্নানের

"অর্থাৎ প্রকরণাল্লিঙ্গাদৌচিত্যাদ্দেশকালতঃ।
শব্দার্থাস্তু বিভিদ্যন্তে ন রূপাদেব কেবলাৎ ॥"

ইতি ন্যায়াৎ তত্র "সদ্যঃ"পদমহোরাত্রার্দ্ধপরং, "সদ্যঃপরুৎ-পরারীত্যাদি" সূত্রে সমানে অহনি সদ্যঃ ইতি ব্যুৎপত্তেঃ।

অর্থাদিতি "অর্থাৎ প্রকরণাল্লিঙ্গাৎ ঔচিত্যাৎ দেশকালতঃ। শব্দার্থাস্তু বিভিদ্যন্তে ন রূপাদেব কেবলাৎ ॥" অর্থাৎ অর্থাপত্তিত ইত্যর্থঃ। তথাহত্র সদ্যঃপদস্যাহোরাত্রার্দ্ধ-বাচিত্বমন্তরেণ মুখ্যকালে পিণ্ডদানমনুপপন্নমিত্যাকারিকা অর্থাপত্তিঃ প্রকৃতে বোধ্যা। প্রকরণাদিতি যথা ভোজনাদিপ্রকরণে সৈন্ধবমানয়েত্যুক্তৌ সৈন্ধবাদিপদেন লবণাদিক-মুপস্থাপ্যতে। লিঙ্গাদিতি যথা পায়সো দেয় ইত্যাদৌ পুংলিঙ্গপায়সপদাদিনা পরমান্না-দিকমুপস্থাপ্যতে ন তু ক্ষীরবিকারাদিঃ। পরমান্নন্ত পায়স ইত্যমরঃ। ঔচিত্যাদিতি যথা ব্রাহ্মণং সুরাগারং প্রবেশয়েত্যাদৌ সুরাগারাদিপদেন দেবাগারাদিকং বোধ্যতে ন তু মদ্যাগারাদিকম্‌। দেশেতি যথা গঙ্গায়াং ঘোষ ইত্যাদৌ গঙ্গাদিদেশসমভিব্যাহারাৎ ঘোষাদিপদেন আভীরপল্ল্যাদিকং বোধ্যতে ন তু শব্দাদিকম্‌। কালত ইতি যথা বর্ষাসু হরৌ রৌতীত্যাদৌ বর্ষাদিকালসমভিব্যাহারাৎ হর্য্যাদিপদেন ভেকাদিকং বোধ্যতে ন তু সিংহাদিকমিতি। বিভিদ্যন্তে বিলক্ষণা ভবন্তি। ন রূপাদিতি কেবলাৎ শব্দাদেরিত্যর্থঃ। তত্র ইতি যত্র পিণ্ডাদিকমপ্যস্তু তত্রেত্যর্থঃ। সমানে নিমিত্তোৎপত্তিসমানে। সমানং

পূর্ব্ব পর্য্যন্ত কালটুকুমাত্র করিতেছ, তাহা না হইয়া, অহোরাত্রির অর্দ্ধকাল, এইরূপই হইবে। কারণ, তুমি যেটুকু কালকে সদ্যঃশব্দের প্রতিপাদ্য বলিয়া ধরিতেছ, তন্মধ্যে পিণ্ডদান অসম্ভব, হওয়ায় মুখ্যকালে পিণ্ডদানের বাধ হইয়া পড়ে। প্রয়োজনের অনুরোধে শব্দবিশেষের যে, প্রসিদ্ধ অর্থ ছাড়া অন্তবিধ অর্থও করা যাইতে পারে, তাহা নিম্নলিখিত ন্যায় বা যুক্তিমূলক বাক্যে স্পষ্টই প্রকাশ করা হইয়াছে, যথা—"শব্দের অর্থ যে কেবল শব্দের রূপ, অর্থাৎ ব্যুৎপত্তিলভ্য আকার হইতেই সর্ব্বদা স্থির করিতে হইবে, এমন কথা নহে, কেননা অর্থ (প্রয়োজন), প্রকরণ (প্রসঙ্গ বা অবসর), লিঙ্গ (শব্দের প্রসিদ্ধ চিহ্নবিশেষ), ঔচিত্য (যোগ্যতা), দেশ এবং কাল, ইহাদের বৈশিষ্ট্যে এক শব্দের বিভিন্নরূপ অর্থ হইয়া থাকে।" যদি তাহাই হয়, তবে সদ্যঃ শৌচে পিণ্ডদানস্থলে, পিণ্ডদানের অনুরোধে সদ্যঃশব্দের অহোরাত্রির অর্দ্ধ, এইরূপ অর্থ অবশ্যই করিতে হইবে, কেবল উক্ত ন্যায়ানুরোধেই যে, সদ্যঃ-শব্দের ঐরূপ অর্থ করা হইতেছে, তাহা নহে, "সদ্যঃ পরুৎ পরারি" এই সূত্রে

"দ্বে সন্ধ্যে সদ্য ইত্যাহুস্ত্রিসন্ধ্যোকাহিকঃ স্মৃতঃ।
ব্যহস্থাবেকরাত্রিশ্চ পক্ষিণীত্যভিধীয়তে॥" ইতি ভট্ট-
নারায়ণধৃতবচনাৎ,—

"দ্বে সন্ধ্যে সদ্য ইত্যাহুস্ত্রিসন্ধ্যোকাহ উচ্যতে।
দিনদ্বয়ৈকরাত্রিস্তু পক্ষিণীত্যভিধীয়তে॥"

ইতি নব্যবর্দ্ধমানধৃতবচনাচ্চ, "সদ্য একাহেনাশৌচ"মিতি মদনপারিজাতে, "সদ্যঃ একাহেন" ইতি স্মৃতিসাগরে, "একমহঃ সদ্য" ইতি শুদ্ধিপঞ্জ্যাং দর্শনাচ্চেতি। দ্বচ্চার্দ্ধং দিনমাত্রং,

সংপদমৈক্যেষু ইত্যমরঃ। দ্বে সন্ধ্যে ইতি সন্ধ্যাদ্বয়াবচ্ছিন্নঃ কালঃ সদ্যঃ, সন্ধ্যাদ্বয়ঞ্চ প্রাতঃ-সন্ধ্যা সায়ংসন্ধ্যা চ, এবং সন্ধ্যাত্রয়াবচ্ছিন্নঃ কাল ঐকাহিকঃ, সন্ধ্যাত্রয়ঞ্চ প্রাতঃসন্ধ্যাদ্বয়ং সায়ংসন্ধ্যা চ। পক্ষভুজ্যৌ দিবসৌ পার্শ্বয়োস্ত ইতি পক্ষিণী রাত্রিরিতি সরলা। "রাত্রাবেব সমুৎপন্নে মৃতে রজসি সূতকে। পূর্ব্বমেব দিনং গ্রাহ্যং যাবন্নৈবোদিতো রবিরি"তি। মৃতে মরণে। সদ্য একাহেন ইতি অহোরাত্রার্দ্ধেনেত্যর্থঃ। এতচ্চ একাহঞ্চ। সৌরেতি দিনমরণে সৌরং তেজঃ রাত্রৌ মরণে চ শাক্রং তেজো গ্রাহ্যম্। তাবৎকালেতি মনু

"সমানে অহনি" সমান (এক) এবং অহ (দিন) এই দুইটি শব্দের যোগে 'সদ্যঃ' এই পদটীকে নিপাতনে সিদ্ধ করা হইয়াছে। সদ্যঃশব্দের অহোরাত্রির অর্দ্ধরূপ অর্থ করিবার পক্ষে আরও কতকগুলি প্রমাণ দেখ,—"দুইটি সন্ধ্যা প্রাতঃ এবং সায়ং' দ্বারা অবচ্ছিন্ন কালকে 'সদ্যঃ' বলে, তিনটি সন্ধ্যা (দুই দিনের প্রাতঃসন্ধ্যা ও তন্মধ্যবর্ত্তী সায়ংসন্ধ্যা) দ্বারা অবচ্ছিন্ন কালের নাম "একাহিক" এবং দুইটি দিবাভাগ ও তন্মধ্যবর্ত্তী রাত্রি মিলিত হইয়া পক্ষিণী হয়।" ভট্ট নারায়ণ কর্ত্তৃক উদ্ধৃত এই একটি বচন, এবং "দুইসন্ধ্যাবচ্ছিন্ন কাল সদ্যঃ, ত্রিসন্ধ্যাবচ্ছিন্ন কাল একাহ এবং মধ্যবর্ত্তী রাত্রির সহিত মিলিত দিনদ্বয় পক্ষিণী।" নব্য বর্দ্ধমান কর্ত্তৃক উদ্ধৃত ঐরূপ আর একটি বচন, তথা "সদ্যঃ একাহাশৌচ" এই মদনপারিজাতের বাক্য, "সদ্যঃএকাহ" এই স্মৃতিসাগরের উক্তি, এবং "এক অহের নাম সদ্যঃ" এই শুদ্ধিপঞ্জীর উক্তি, এই সকল দেখিয়া শুনিয়া পিণ্ডাদিদিতে অধিকারীর পক্ষে 'সদ্যঃ' শব্দের অর্থ অহোরাত্রি স্বরূপ দিবসের অর্দ্ধ কাল এইরূপ করা হইল। এই যে 'সদ্যঃ' শব্দের অহোরাত্রিস্বরূপ দিবসের অর্দ্ধকাল অর্থ করা হইল, ইহাদ্বারা অহোরাত্রের কোন একটা নির্দ্ধারিত

রাত্রিমাত্রঞ্চ। এতদেব ক্বচিৎ সজ্যোতিঃপদেন ব্যপদিশ্যতে, যথা "রাজনি প্রেতে সজ্যোতি"রিত্যাদৌ, জ্যোতিষা সহ বর্ত্ততে যদশৌচং, তত্তথা। জ্যোতিরপি সৌরনাক্ষত্রভেদাৎ দ্বিবিধম্। তেন যাবদেকতরস্য তেজসো নিবৃত্তিস্তাবৎকালব্যাপকমিতি। অতএব দিবামৃতে দিনমাত্রং, রাত্রৌ মৃতে রাত্রিমাত্রমিতি হারলতারত্নাকরাদয়ঃ। এবঞ্চ,—

"যস্য যস্য তু বর্ণস্য যদ্‌যৎ স্যাৎ পশ্চিমং হহঃ।
স তত্র বস্ত্রশুদ্ধিঞ্চ গৃহশুদ্ধিং করোত্যপি॥"

ইত্যাদি প্রাগুক্তাদিপুরাণীয়াশৌচান্তদিনকৃত্যাং শুদ্ধি-

দিবামরণে রাত্রৌ কথমশৌচনিবৃত্তিঃ স্নানস্বস্তিবাচনাদিরূপকারণান্তরবিরহাদিতি চেন্ন, তদ্দিবসীয়রাত্রৌ স্নানস্বস্তিবাচনাদেঃ কর্ত্তব্যত্বাদিতি গুরবঃ। অতএব তাবৎকাল-ব্যাপকত্বাদেব। এবঞ্চ দিবা দিনমাত্রমিত্যাদেঃ পর্য্যবসিতার্থত্বে চ। পশ্চিমমশৌচান্তিমম্।

অর্দ্ধকে ধরা হইবে না, কখন দিবাভাগমাত্র, কখন বা রাত্রিভাগমাত্রকে ধরিতে হইবে। এই কালকে কোন কোন ধর্ম্মশাস্ত্রে 'সজ্যোতিঃ' বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে, যেমন "রাজার মৃত্যুতে" সজ্যোতিঃ অশৌচ হইবে, ইত্যাদি বচনে 'সজ্যোতিঃ বলিয়া যে কালের নির্দ্দেশ করা হইয়াছে, তাহা 'সদ্যঃ' ভিন্ন আর কিছুই নহে, সজ্যোতিঃ শব্দের অর্থ, তৎকালে বর্ত্তমান জ্যোতির্ম্ময় পদার্থের সহিত যে অশৌচ বর্ত্তমান থাকে। এই জ্যোতির্ম্ময় পদার্থও সূর্য্য এবং নক্ষত্র ভেদে দ্বিবিধ। সুতরাং 'সজ্যোতি' অশৌচও যাবৎকাল সূর্য্য এবং নক্ষত্র, এই উভয় তেজের মধ্যে একতর তেজের অদর্শন না হয়, তাবৎকাল ব্যাপক হওয়ায়, কখনও দিবাভাগমাত্র ব্যাপক, কখনও রাত্রিকালমাত্র ব্যাপক, এইরূপে দ্বিবিধ। এই জন্যই হারলতা ও রত্নাকর প্রভৃতি গ্রন্থে দিবামৃত ব্যক্তির সজ্যোতিঃ অশৌচ দিবামাত্র, এবং রাত্রে মৃত ব্যক্তির সজ্যোতিঃ অশৌচ রাত্রি মাত্র, এইরূপ করা হইয়াছে। আরও দেখ, "যে যে বর্ণের অশৌচের যে যে দিন শেষ হইবে, সে সেই সেই দিনেই বস্ত্রশুদ্ধি এবং গৃহশুদ্ধি করিবে।" পূর্ব্বোল্লিখিত আদিপুরাণের এই বচনে অশৌচের শেষ দিনে শুদ্ধির হেতু বস্ত্রশুদ্ধি প্রভৃতি যাহা বিহিত হইয়াছে, সদ্যঃশৌচ স্থলে সেই দিনকেই (যে দিন অশৌচ হইবে, সেই দিনকেই) অশৌচের শেষ দিন বিবেচনা করিয়া,

হেতুকং সদ্যঃশৌচেঽপি তদ্দিনস্থ তথাত্ববিবক্ষয়া ক্রিয়তে। তথা "অশৌচাহঃস্বতীতেষু" ইত্য"শৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নী"তি "শ্বোভূতে একোদ্দিষ্ট"মিত্যাদি চ সঙ্গচ্ছতে। অন্যথা তু তত্তৎকর্ম্ম তত্র ন স্যাৎ। এবঞ্চ আদ্যশ্রাদ্ধবিধায়কবিষ্ণূক্তা-"শৌচব্যপগম" ইতি সূত্রং, ধ্বংসানন্তত্বেঽপ্যশৌচান্তদ্বিতীয়-দিনমাত্রপরম্। তেন "সদ্যঃশৌচং তথৈকাহ" ইতি দক্ষবচনে

তদ্দিনস্থ নিমিত্তোৎপত্তিদিনস্থ। তথাত্ববিবক্ষয়া চরমত্ববিবক্ষয়া। তথাচ সদ্যঃশৌচ-স্থলে তদ্দিনস্থ প্রথমদিনত্বেঽপি আদ্যন্তবদেকমিতি ন্যায়েন চরমদিনত্ববিবক্ষয়া ন দোষ ইতি ভাবঃ। তথেতি তেন প্রকারেণ তদ্দিনস্থ চরমদিনত্ববিবক্ষণেন, অশৌচান্তত্বেনেতি যাবৎ। অন্যথা তদ্দিনস্থ চরমত্বাবিবক্ষায়াম্। তত্রেতি সদ্যঃশৌচস্থলে ইত্যর্থঃ। অশৌচব্যপগমে অশৌচনাশে। ধ্বংসানন্তত্বেঽপি ইতি ধ্বংসস্থ নাশাপ্রতিযোগিত্বে-

---

উহাতেই বস্ত্রশুদ্ধি প্রভৃতি কার্য্য করা হইয়া থাকে এবং ঐ দিনইকেই অশৌচের শেষ দিন বিবেচনা করিয়া তৎপরদিনে শ্রাদ্ধাদি করিলেই "অশৌচের দিন সকল অতীত হইবার পর," "অশৌচান্তের পরবর্ত্তী দিনে" এবং "অশৌচ অতীত হইবার পরদিন একোদ্দিষ্ট করিবে" ইত্যাদি বচনে সাধারণতঃ অশৌচ শেষ হইবার পরদিনে যে শ্রাদ্ধাদি বিহিত হইয়াছে, উহাও সঙ্গত হইল। যদি ঐ দিনকেই অশৌচের শেষ দিন বলিয়া না ধরা হয়, তাহ'লে সদ্যঃশৌচ স্থলে, "অশৌচান্ত দ্বিতীয় দিনের অভাবে, সেই অশৌচান্ত দ্বিতীয়দিনবিহিত কর্ম্ম সকলের অনুষ্ঠান কিরূপে করা হইবে? কারণ যেদিন অশৌচ শেষ হইবে সেই দিন কিছু আর তৎপরদিন হইতে পারে না। এইরূপ মীমাংসা স্থির হওয়াতেই, অর্থাৎ যে দিন অশৌচের শেষ হইবে, তৎপরদিনই শ্রাদ্ধাদি কর্ত্তব্য বলিয়া স্থির হওয়াতেই, বিষ্ণু কর্ত্তৃক "অশৌচের ধ্বংস হইলে শ্রাদ্ধ করিবে" এইরূপ যে শ্রাদ্ধবিধায়ক সূত্র উক্ত হইয়াছে, ঐ সূত্রস্থিত "ধ্বংস" পদার্থটি অনন্ত হইলেও উহা দ্বারা অশৌচান্ত দ্বিতীয়দিনেরই গ্রহণ করিতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে, কোন পদার্থের একবার ধ্বংস হইলে, ঐ ধ্বংস পদার্থটি অনন্ত, অর্থাৎ তৎপরবর্ত্তী যাবৎ কাল স্থায়ী হয়, সুতরাং অশৌচের ধ্বংস অশৌচান্ত দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম দিন প্রভৃতি অনন্তকাল অবধি বর্ত্তমান, এরূপ স্থলে, কেবলমাত্র "অশৌচের ধ্বংস হইলে শ্রাদ্ধ করিবে" এইরূপ

পৌনরুক্ত্যাভিয়া, "সদ্যঃশৌচং স্নানাপনেয়াশৌচমাত্রপর"মিতি ব্যাখ্যানং হেয়ম্। একাহপদস্য অহোরাত্রপরত্বেন ত্রিসন্ধ্যা-বচ্ছিন্নকালবাচিসদ্যঃপদাদপি ভিন্নার্থত্বাৎ। যত্র তু পিণ্ড-দানাদিকং নাস্তি, তত্র সদ্যঃপদং তৎক্ষণমাত্রবাচি। "সদ্যঃ সপদি তৎক্ষণে" ইত্যমরকোষাৎ। যথা,—

"বালস্ত্বন্তর্দ্দশাহে তু প্রেতত্বং যদি গচ্ছতি।
সদ্য এব বিশুদ্ধিঃ স্যান্নাশৌচং নৈব সূতকম্॥" ইতি।

দ্বিতীয়ার্থঃ। তথাচাশৌচধ্বংসস্য দ্বাদশাহাদিদিনে সত্ত্বেঽপি ন তদ্গ্রহণং বচনান্তরৈরেক-বাক্যত্বাদিতি ভাবঃ। এবঞ্চ সদ্যঃপদস্য স্থলবিশেষে অহোরাত্রার্দ্ধপরত্বে চ। পৌনরুক্ত্যেতি সমানেঽহনি সদ্য ইত্যনুশাসনাৎ সদ্যঃপদস্য একাহবাচিত্বমতঃ পৌনরুক্ত্যমিত্যাশয়ঃ। সমানং সৎসমৈকেষু ইত্যমরঃ। সদ্যঃশৌচপদাদপীতি তথাচ সদ্যঃপদস্য একাহবাচি-

---

বিধান দ্বারা কোন্ দিন শ্রাদ্ধ করিবে, তাহার একটা ব্যবস্থা স্থিরই হইতে পারে না; এই অস্থিরতা হেতুই বিষ্ণুর "অশৌচ ধ্বংস হইলে" এই কথার অর্থ অশৌচান্ত দ্বিতীয় দিন, এইরূপই করিতে হইবে। উপরে যেরূপ বিচার করা হইল, তাহাতে "সদ্যঃশৌচ" ইত্যাদি দক্ষের বচনস্থিত "সদ্যঃশৌচ" এই কথাটির সহিত "একাহাশৌচ" এই কথাটির পুনরুক্তি নিবারণার্থ, কেহ যে, 'সদ্যঃশৌচ' শব্দের স্নানাপনেয় অশৌচ মাত্ররূপ ব্যাখ্যা করিয়াছিলেন, তাহাও হেয় বলিয়া প্রতিপন্ন হইল। কারণ 'একাহ' শব্দের অর্থ অহোরাত্রব্যাপিকাল, কাজেই সন্ধ্যা-ত্রয়াবচ্ছিন্ন কালমাত্রবাচক 'সদ্যঃ' শব্দের সহিত উহার (একাহ শব্দের) অর্থ-ভেদ ত স্বতঃসিদ্ধ, কাজেকাজেই পুনরুক্তির আশঙ্কা নাই। আমি যে উপরে 'সদ্যঃ' শব্দের অহোরাত্রির অর্দ্ধরূপ অর্থ করিলাম, উহা কেবল যে যে স্থলে পিণ্ডদানাদি প্রসঙ্গ আছে, সেইরূপ স্থলেই গ্রহণ করিতে হইবে, কিন্তু যে যে স্থলে পিণ্ডদানাদির কোনরূপ প্রসক্তি নাই, তাদৃশ স্থলে "সদ্যঃ" শব্দটি সপদি এবং তৎক্ষণে বর্ত্তমান" এই অমরকোষের প্রমাণানুসারে উহার তৎক্ষণরূপ অর্থেরই গ্রহণ করিতে হইবে। যেমন—"যদি কোন বালক নিজ জন্মের দশাহের মধ্যেই মৃত্যু প্রাপ্ত হয়, তাহলে সদ্যই বিশুদ্ধি হইবে, উহার, মরণাশৌচ হইবে না, জননাশৌচও থাকিবে না।" ইত্যাদি স্থলে "সদ্যঃশৌচ" শব্দের অর্থ—

তস্মাদ্‌যত্র রাত্রৌ দিবা বা সদ্যঃশৌচমুৎপন্নং তত্রাপি পরদিনে বৃষোৎসর্গাদিকমবিরুদ্ধম্॥ ১১৮॥

যদপ্যভিহিতং "বিহিতশুদ্ধিপ্রথমদিনং শয্যাদিদানাদৌ নিমিত্তং," তদপি প্রমাণশূন্যম্। দিবাপি যত্র পিণ্ডদানাদিনা

যেঽপি সদ্যঃশৌচপদস্য দিনস্যাবচ্ছিন্নকালবাচিত্বমিতি ভাবঃ। নাশৌচমিতি অত্রাশৌচাভাবেঽপি স্নানং ব্যাবহারিকম্॥ ১১৮॥

যদপীতি। অভিহিতমিতি বাচস্পতিমিশ্রৈরিত্যর্থঃ। বিহিতেতি যত্র রাত্র্যাদৌ সদ্যঃশৌচমুৎপন্নং তত্র শুদ্ধিবসবারণায় বিহিতেতি, অত্র তু সদ্যঃশৌচদিনাৎ পরদিনমেব বিহিতং রাত্র্যাদৌ শ্রাদ্ধপর্য্যুদাসাৎ তত্র তৃতীয়াদিদিনব্যাবৃত্তয়ে প্রথমেতি বিহিতশুদ্ধিপ্রথমদিনত্বেন নিমিত্ততা, বিহিতশুদ্ধিপ্রথমদিনঞ্চ কচিৎ সদ্যঃশৌচদিনং কচিত্তু তৎপরদিনম্। দিবাপীতি যত্র দিবৈব পূর্ব্বাহ্লাদৌ মৃতস্তত্র তদ্দিনমেব বিহিতশুদ্ধিপ্রথমদিন-

---

"তৎক্ষণাৎ শুদ্ধি" এইরূপই বুঝিতে হইবে। অতএব এই সদ্যঃশৌচ দিবাভাগেই হউক, অথবা রাত্রিভাগেই উৎপন্ন হউক, তৎপরদিন বৃষোৎসর্গাদি করাই শাস্ত্রসম্মত, তাহাতে কোনরূপ বিরোধ নাই। ১১৮।

সদ্যঃশৌচস্থলে, অশৌচান্ত দিনে অথবা তৎপরদিনে দানাদি করিবে? এইরূপ আশঙ্কার উত্তরে বাচস্পতি মিশ্র যে বলিয়াছিলেন, ঐ উভয় দিনের মধ্যে শাস্ত্রে দানাদির নিমিত্ত বিহিত কালবিশিষ্ট হইয়া যে দিনটী প্রথমেই অশৌচ শূন্যরূপে উপস্থিত হইবে, সেই দিনই শয্যাদি দানের নিমিত্ত (কারণীভূত), অর্থাৎ সেই দিনেই শয্যাদি দান কর্ত্তব্য, তাহাও প্রমাণশূন্য। প্রমাণশূন্য কেন? এ সম্বন্ধে স্মার্ত্তের কথাগুলি জ্ঞাপন করিবার পূর্ব্বে আমরা বাচস্পতিমিশ্রের মতটিকেও একটু বিশদ করিয়া বুঝাইতেছি, পূর্ব্বে বাচস্পতি মিশ্র বলিয়াছিলেন, "সদ্যঃশৌচস্থলে সেই দিনই শয্যাদান কর্ত্তব্য" তাহাতে কেহ আপত্তি করিয়াছিল, সদ্যঃশৌচস্থলে সেই দিনই শয্যাদি দানের ব্যবস্থা সর্ব্বত্র খাটিতে পারে না, কারণ যেস্থলে রাত্রিকালে মৃত্যুনিবন্ধন সদ্যঃশৌচ ঘটিয়াছে, সে স্থলে রাত্রিকালে শ্রাদ্ধাদির পর্য্যুদাস (নিষেধ) থাকায়, তৎপরদিন শ্রাদ্ধাদির ব্যবস্থা না করিলে, ক্রিয়ালোপের আপত্তি হয়, ঐ আপত্তির উপর তিনি আবার বলিয়াছিলেন, আমি যে তদ্দিনে শয্যাদি দানের কথা বলিয়াছি, তাহার তাৎপর্য্য—দানাদিতে বিহিত কালবিশিষ্ট ও শুদ্ধিযুক্ত প্রথম দিন অর্থাৎ যে দিন দানের পক্ষে বিহিতকালবিশিষ্ট এবং অশৌচাভাবযুক্ত হইয়া প্রথমেই

মধ্যাহ্নোঽতিক্রান্তস্তত্র শয্যাদানাদ্যেকোদ্দিষ্টান্তানাং সর্ব্বেষাং করণাসামর্থ্যে কানিচিৎ পূর্ব্বদিনে, কানিচিৎ পরদিনে, সর্ব্বাণি বা পরদিনে কার্য্যাণীত্যত্র উক্তবিবক্ষয়াপি ন গতিঃ। অতএব "অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নী"তি সর্ব্বৈরেব প্রামাণিকৈঃ

মিতি ভাবঃ। উক্তবিবক্ষয়াপি বিহিতশুদ্ধিপ্রথমদিনত্বেন নিমিত্তত্ববিবক্ষয়াপি। তস্য

উপস্থিত হইবে, সেই দিন; তাহ'লে আর কোন আপত্ত উঠিতে পারে না। দেখ, রাত্রিমৃত্যুস্থলে তৎপরদিনই দানাদির পক্ষে বিহিতকাল এবং অশৌচাভাব বিশিষ্টরূপে প্রথমেই উপস্থিত হইয়া থাকে, সুতরাং সে স্থলে তৎপরদিনই শয্যাদি দান করিবে, আর যে স্থলে দিবাভাগে পূর্ব্বাহ্নের মধ্যে মৃত্যু ঘটিয়াছে, সেই স্থলে মৃত্যু দিনেই দানাদির পক্ষে বিহিত পূর্ব্বাহ্নকাল এবং অশৌচের অভাবের সহিত প্রথমই উপস্থিত হওয়ায়, শয্যাদি দান সেই মৃত্যুদিনেই করিবে, ইহাতে আর কোন আপত্তি হইতে পারে না। বাচস্পতি মিশ্রের এই ব্যবস্থাকে স্মার্ত্ত বলিতেছেন, প্রমণাশূন্য, এরূপ ব্যবস্থার প্রতি কোন প্রমাণ দৃষ্ট হয় না। তুমি যে 'তদ্দিন' শব্দের দ্বারা এইরূপ অর্থের বিবক্ষা করিতেছ যে, দানাদির নিমিত্ত বিহিতকাল এবং অশৌচাভাবের সহিত যে দিন প্রথম উপস্থিত হইবে সেই দিনই; ইহাতেও আপত্তি আছে, দেখ, যেস্থলে পূর্ব্বাহ্নের মধ্যে মৃত্যু হইয়াছে, সেই স্থলে তদ্দিন শব্দের দ্বারা সেই মৃত্যুর দিনেরই লাভ করিতে হইবে, আর যেস্থলে মৃত্যু ঘটিয়াছে, সে স্থলে তদ্দিন শব্দের অর্থ—মৃত্যুর পর দিন। তুমি তদ্দিন শব্দের এইরূপ অর্থ বিবক্ষা করিয়া পূর্ব্বাহ্নমৃত্যুস্থলে মৃত্যুদিনেই যে, শয্যাদি দান কর্ত্তব্য বলিয়া ব্যবস্থা করিতেছ, তাহাই বা কিরূপে হইতে পারে? কারণ, পূর্ব্বাহ্নে মৃত্যু হইলেও সেই দিন পূরক পিণ্ডদানাদি কার্য্যের অনুষ্ঠানে অবশ্য 'মধ্যাহ্নকাল' অতীত হইবে, তদনন্তর সেই দিনই বিহিত কালের মধ্যে শয্যাদান হইতে একোদ্দিষ্টান্ত যাবৎ ক্রিয়ার অনুষ্ঠান অসম্ভব হওয়ায়, উহাদের মধ্যে কতকগুলি কার্য্য পূর্ব্বদিনে, এবং কতকগুলি কার্য্য পরদিনে অথবা সমুদয় কার্য্যই পরদিনেই করিতে হইবে; অতএব তদ্দিন শব্দের যেরূপ অর্থ বিবক্ষা করিতেছ, তাহাতেও ঠিক সঙ্কুলান হইতেছে না। এই হেতুই সকল প্রকার অশৌচ স্থলেই সমুদয় প্রামাণিক পদ্ধতিকারগণ নিজ নিজ পদ্ধতিতে শয্যাদানাদির সঙ্কল্পবাক্যে

পঙ্‌ক্তিক্রান্তিনিমিত্তত্বেনাভিলাপলিখিতমিতি। অথ "অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নি" ইত্যস্য নিমিত্তত্বে কিং মানম্, ইতি চেৎ, তস্য কালত্বেন নিমিত্তত্বং,—

"নিমিত্তং কালমাদায় বৃত্তির্বিধিনিষেধয়োঃ।" ইতি কালমাধবীয়ধৃতবৃদ্ধগার্গ্যবচনম্। "আদায়ে"ত্যত্র "আশ্রিত্য" ইতি কল্পতরুতিথিবিবেকয়োঃ পাঠঃ। অনেন বচনেন কালো নিমিত্তমিত্যুক্তম্, অশৌচান্তদ্বিতীয়দিনস্যাপি কালত্বেন সুতরাং নিমিত্ততেতি। অতএব আবশ্যকত্বেন, কালস্য নিমিত্তত্বেন পর্ব্বাদিক্রিয়মাণস্য নিত্যনৈমিত্তিকত্বমাহ মার্কণ্ডেয়পুরাণম্,—

কালত্বেন বৃদ্ধগার্গ্যবচনং নিমিত্তত্বে মানমিত্যন্বয়ঃ। বৃত্তিঃ অনুষ্ঠানানুষ্ঠানরূপমনু-

---

শয্যাদানাদির নিমিত্তীভূত কালকে "অশৌচান্তাৎ দ্বিতীয়েঽহ্নি" (অশৌচ শেষ হইবার পরদিন) এইরূপে নির্দ্দেশ করিয়াছেন। যদি বল, সঙ্কল্পবাক্যে অশৌচ শেষ হইবার পরদিনকে শয্যাদি দানরূপ কার্য্যের প্রতি নিমিত্তরূপে যে, উল্লেখ করা হয়, তাহাতেই বা প্রমাণ কি? কার্য্যের প্রতি যে সকল নিমিত্ত উক্ত হইয়াছে, তাহাদের মধ্যে অশৌচের পর দিবসটী কিছু নাম করিয়া গণিত হয় নাই। এই যদি তোমার আপত্তি হয়? তবে শুন, "অশৌচ শেষ হইবার পর দিবস যখন বিশুদ্ধ কালস্বরূপ, তখন সেই বিশুদ্ধ কালরূপেই উহা শয্যাদানাদিরূপ বৈধ কর্ম্মানুষ্ঠানের প্রতি নিমিত্ত; কালমাত্রই যে বৈধ কর্ম্মানুষ্ঠানের প্রতি নিমিত্ত তৎসম্বন্ধে "নিমিত্তস্বরূপ কালকে ধরিয়াই বিধি ও নিষেধের যথাযথ প্রবৃত্তি হইয়া থাকে।" কালমাধবীয় নামক গ্রন্থে উদ্ধৃত বৃদ্ধগার্গ্যের এই বচনটীই প্রমাণ। উক্ত বচনস্থিত "আদায়" এই কথাটীর পরিবর্ত্তে কল্পতরু এবং তিথিবিবেকে "আশ্রিত্য" এইরূপ পাঠ করা হইয়াছে। এক্ষণে দেখ এই বচনে কালমাত্রকেই বৈধ কর্ম্মের অনুষ্ঠান এবং নিষিদ্ধ কর্ম্মের অননুষ্ঠানের প্রতি নিমিত্তরূপে নির্দ্দেশ করা হইয়াছে, অশৌচ শেষ হইবার পর দিবসও যখন একটি অনিষিদ্ধ কালস্বরূপ, তথাবিধ কালস্বরূপে শয্যাদি দানরূপ কার্য্যানুষ্ঠানের প্রতি তাহার নিমিত্তত্ব স্বীকার করিতে অবশ্যই বাধ্য হইতেছ। এইহেতুই অর্থাৎ বৈধকর্ম্মানুষ্ঠানের প্রতি কালের নিমিত্তত্ব বিদ্যমান থাকাতেই, পর্ব্বাদিতে অনুষ্ঠীয়মান শ্রাদ্ধাদিকে

"নিত্যং নৈমিত্তিকং জ্ঞেয়ং পর্ব্বশ্রাদ্ধাদি পণ্ডিতৈঃ" ॥১১৯॥

এবঞ্চ বৈদিকক্রিয়ানিমিত্তস্য কালবিশেষস্য তৎকাল-জীবিত্বেনাধিকারিবিশেষণীভূতস্য পরতো যা সপ্তমী, সা নাধিকরণে, "যো জটাভিঃ স ভুঙ্‌ক্তে" ইতিবৎ কালস্য বিশেষণত্বেন তদ্বাধকতৃতীয়াপ্রাপ্তেঃ, কিন্তু "কালভাবয়োঃ সপ্তমী"ত্যনেন

পালনম্‌। অতএব নিমিত্তং কাল ইতি বচনাদেব। আবশ্যকত্বেনেতি নিত্যত্বে হেতুঃ। কালস্য নিমিত্তত্বেনেতি নৈমিত্তিকত্বে হেতুর্বোধ্যঃ ॥ ১১৯ ॥

তৎকালজীবিত্বেনেতি শুচিতৎকালজীবী কর্ম্ম কুর্য্যাদিত্যত্র শৌচং তৎকালো জীবনঞ্চ ত্রয়মধিকারঃ, "কর্ত্তৃবিশেষণমধিকার" ইতি অধিকারলক্ষণম্‌, তৎকালস্য আধেয়তা-সম্বন্ধেন বিশেষণং ন তু তৎকালজীবনমেকোঽধিকারঃ, অহংকৃতিসাধ্যসম্যাবন্দনকঃ, শুচিতৎকালজীবিত্যাদিত্যত্র পূর্ব্বসন্ধ্যায়ামহমিবেতি কেবলকালঘটিতদৃষ্টান্তং কুর্ব্বতা চিন্তামণিকৃতা কেবলকালস্যাধিকারত্বোক্তেঃ ইতি ধ্যেয়ম্‌। সপ্তমীতি অধিকরণ-

মার্কণ্ডেয় পুরাণে নিত্য এবং নৈমিত্তিক এই উভয়রূপেই নির্দ্দেশ করা হইয়াছে। কারণ, ঐ সকল কর্ম্ম অবশ্য কর্ত্তব্য কোন মতে পরিত্যাজ্য নয় বলিয়া উহারা নিত্য এবং পর্ব্বাদি কালরূপ নিমিত্তের অধীন বলিয়া উহারা নৈমিত্তিক। মার্কণ্ডেয় পুরাণের বচন যথা "পণ্ডিতগণ পর্ব্ব শ্রাদ্ধাদিকে নিত্য ও নৈমিত্তিক, এই উভয়রূপেই জানিবেন।" ১১৯।

বৈদিক কর্ম্মের প্রতি কালের নিমিত্তত্ব শাস্ত্রসিদ্ধ বলিয়াই কর্ম্মাধিকারীর কর্ত্তব্য-বিষয়ক বিধিটি এইরূপে করা হইয়াছে, "শুচি তৎকালজীবী কর্ম্ম কুর্য্যাৎ" অর্থাৎ পবিত্রতা, কর্ম্মের নিমিত্ত বিহিত কাল, এবং জীবন, এই তিনটীবিশিষ্ট ব্যক্তিই কর্ম্মে অধিকারী হইবে। কর্ত্তা যদি পবিত্রতা, বিহিত কাল এবং জীবন এই তিনটী বিশিষ্ট হয়, তবেই কর্ম্মে অধিকারী হইবে, এই বিধান দ্বারা কাল একটি কর্ত্তার বিশেষণরূপেই নির্ণীত হইতেছে। এইরূপ কর্ত্তার বিশেষণীভূত কালবাচক পদের পর "অমুকে মাসি" ইত্যাদিরূপে যে, সপ্তমী বিভক্তির প্রয়োগ করা হয়, উহার অর্থ অধিকরণ নহে, কিন্তু কাল কর্ত্তার বিশেষণ হওয়ায়, "যো জটাভিঃ স ভুঙ্‌ক্তে" (জটাবিশিষ্ট ব্যক্তি ভোজন করিতেছে) এই বাক্যে ভোজনকর্ত্তার বিশেষণীভূত জটা এই পদের উত্তর যেমন তৃতীয়া বিভক্তি হইয়াছে, সেইরূপ কর্ম্মের নিমিত্তী-ভূত (মাস পক্ষাদি) কালবিশেষবিশিষ্ট ব্যক্তিই তত্তৎকালবিশেষে বিহিত

তস্বাধিকা পুনঃ সপ্তমী বিধীয়তে, "শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদা" ইতিবৎ।

অতঃ কর্ত্তৃবিশেষণীভূতস্যাপি কালস্য বৈদিকক্রিয়ানিমিত্ততা, "নিমিত্তানাঞ্চ সর্ব্বশ" ইত্যানেন উল্লেখ ইতি, পূর্ব্বাহ্লাদেস্তু

সপ্তম্যাঃ বাধিকা বিশেষণতৃতীয়া তস্বাধিকা চ নিমিত্তা সপ্তমী। ননু অধিকরণসপ্তম্যাঃ কারকবিভক্তেঃ কথমুপপদবিভক্তিবিশেষণতৃতীয়া বাধিকেতিচেদত্র নব্যাঃ—কালভাবয়োঃ সপ্তমীতি বররুচিকৃতলক্ষণবৈয়র্থ্যভিয়া কারকবিভক্তেরপি সপ্তম্যা উপপদবিভক্ত্যা তৃতীয়য়া বাধা স্বীক্রিয়তে, অন্যথা কালভাবয়োঃ সপ্তমীত্যস্য বৈয়র্থ্যং স্যাৎ; তথাহি শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদা ইত্যত্র শরন্নিমিত্তকবিকাশাশ্রয়াঃ সপ্তচ্ছদা ইতি নিমিত্তসপ্তম্যাং বোধঃ, অধিকরণসপ্তম্যান্তু বিকাশে শরদ্বৃত্তিত্বস্য বোধঃ, তচ্চাবাধিতম্; এবঞ্চাধিকরণসপ্তম্যৈবোপপত্তৌ নিমিত্তসপ্তমীলক্ষণং ব্যর্থং স্যাদিতি; ন চৈবং শরদি পুষ্প্যন্তি চম্পকা ইতি প্রয়োগাপত্তিরিতি বাচ্যম্, অবচ্ছেদাবচ্ছেদেনান্বয়োপগমাৎ; চম্পকবিকাশত্বাবচ্ছেদেন শরদ্বৃত্তিত্বস্য বাধাদিত্যাহুঃ। বস্তুতস্তু বিশেষণে তৃতীয়া; সোপপদবিভক্তিরিতি ধ্যেয়ম্। পুষ্প্যন্তীতি পুষ্প বিকাশনে দিবাদিঃ। কর্ত্তৃবিশেষণীভূতস্যেতি শুচিত্বকাল-

---

কর্ম্মের অনুষ্ঠান করিবে, এই বাক্যটীতেও কর্ম্মানুষ্ঠানকর্ত্তার বিশেষণীভূত সঙ্কল্প-বাক্যস্থিত মাস পক্ষাদি কাল বিশেষে প্রথমতঃ সপ্তমীর বাধ করিয়া তৃতীয়া বিভক্তিরই প্রাপ্তি হইয়াছিল বটে, কিন্তু "কালভাবয়োঃ সপ্তমী" (কালবাচক শব্দ এবং ভাববাচক শব্দগুলি বিশেষণ হইলেও তাহাদের উত্তর একমাত্র সপ্তমী বিভক্তি হইবে) এই সূত্র অনুসারে আবার বিশেষণত্ব নিবন্ধন পূর্ব্বপ্রাপ্ত তৃতীয়া বিভক্তির বাধ করিয়াই সপ্তমী বিভক্তির প্রাপ্তি হইয়াছে; দেখ "শরদি পুষ্প্যন্তি সপ্তচ্ছদাঃ" (শরৎকালোপলক্ষিত সপ্তচ্ছদ বৃক্ষ সকল ফুল ধরিয়াছে) এই বাক্যে "সপ্তচ্ছদাঃ" এই কর্ত্তৃপদের বিশেষণীভূত "শরৎ" এই পদের উত্তর যেমন সপ্তমী বিভক্তি হইয়াছে, সঙ্কল্পবাক্যেও কর্ত্তার বিশেষণীভূত কালবিশেষের পরও সেইরূপ সপ্তমী বিভক্তি হইয়া থাকে *। অতএব কালবিশেষ কর্ত্তার বিশেষণ হইলেও বৈদিক ক্রিয়ার প্রতি নিমিত্ত বলিয়াই সঙ্কল্প বাক্যে "সকল প্রকার নিমিত্তের উল্লেখ না করিলে কর্ম্মের ফলভাগী হয় না" ইত্যাদি বচন প্রমাণে

---

* এই কথাগুলি বঙ্গবাসী কার্য্যালয় হইতে প্রকাশিত তিথিতত্ত্বের অনুবাদের ৪১ পৃষ্ঠায় আরও বিশদরূপে বলা হইয়াছে। কাল-বিশেষের উত্তর যে সপ্তমী বিভক্তি হয়, তাহার দুইটি অর্থ—নিমিত্তত্ব এবং বৈশিষ্ট্য, তাহ'লেই "অশৌচান্তাদ্দ্বিতীয়াহ্নি" এস্থলে সপ্তমীর অর্থ—অশৌচান্ত দ্বিতীয় দিবস বিশিষ্ট পুত্রাদি, তন্নিমিত্তক শয্যাদিদানানুকূল কৃতিমান্।

গুণফলত্বেনানিয়তনিমিত্ততয়া নোল্লেখ ইতি। "ক্রিয়ৈব কাল"

জীবী কশ্চ কূর্য্যাদিত্যত্রেত্যর্থঃ। গুণফলত্বেন বিলক্ষণফলজনকত্বেন। অনিয়তেতি তথাচ নিমিত্তানাঞ্চ সর্ব্বশ ইত্যত্র নিমিত্তপদেন নিয়তনিমিত্তস্যৈব গ্রহণমিতি ভাবঃ। নিয়ত-নিমিত্তঞ্চ উৎপত্তিবিধিসমভিব্যাহৃতনিমিত্তং, তস্যৈবোল্লেখঃ; ন তু বিলক্ষণফলকাম্যঃ পূর্ব্বাহ্নে পূজয়েদিত্যাদি-প্রাশস্ত্যবিধিসমভিব্যাহৃতস্য পূর্ব্বাহ্নাদেঃ। নিয়তনিমিত্তঞ্চ প্রধানজন্যফলনিষ্ঠজন্যতানিরূপিতজনকতাবচ্ছেদকরূপবত্ত্বং, তচ্চ রূপং পঞ্চম্যাং বিষ্ণুং যজেদিত্যাদৌ পঞ্চমীত্বাদিকং ন তু পূর্ব্বাহ্নত্বাদিকং; পূর্ব্বাহ্নত্বাদেরভাবেঽপি প্রধানজন্যফলনির্ব্বাহাৎ; প্রধানং তত্র পূজনম্। এবমশৌচান্তদ্বিতীয়েঽহ্নি; বিলক্ষণাং শয্যাং দদ্যাদিত্যাদৌ তাদৃশরূপম্ অশৌচান্তাদ্বিতীয়াহত্বাদিকং, প্রধানঞ্চ বিলক্ষণশয্যাদানাদি। শয্যায়া বৈলক্ষণ্যং দানকৌমুদ্যাং ব্যাখ্যাতং যথা,— বিলক্ষণাং বিচিত্রাং খট্টাসনপাদপ্রক্ষালনপাত্রজলপাত্রতাম্বূলপাত্রাচ্ছাদনোপধানাদি-নানাবিধোপকরণান্বিতমিত্যর্থঃ। ক্রিয়ৈবেতি তত্তৎক্রিয়াবচ্ছিন্ন ঈশ্বরঃ কাল ইতি মতে

উহার উল্লেখ হইয়া থাকে। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, যদি বৈদিক কর্ম্মের সঙ্কল্পবাক্যে মাস, পক্ষ, তিথি প্রভৃতি সকল প্রকার নিমিত্তেরই উল্লেখ কর্ত্তব্য বলিয়া "অশৌচান্ত দ্বিতীয় দিনে"রও উল্লেখ আবশ্যক হইল, তবে "পূর্ব্বাহ্নো বৈ দেবানাং" ইত্যাদি শ্রুতিদ্বারা দেবপূজাদিকর্ম্মের প্রতি পূর্ব্বাহ্নাদি-রূপ কালবিশেষের নিমিত্তত্বও প্রতীত হইতেছে, তবে সঙ্কল্পবাক্যে পূর্ব্বাহ্না-দির উল্লেখ করা না হয় কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন,—পূর্ব্বাহ্নাদি কর্ম্মের প্রতি নিয়ত নিমিত্ত, অর্থাৎ প্রধানবিধিবোধিত কর্ম্মফলের জনক নহে। কথাটি আরও একটু স্পষ্ট করিতেছি, "মাঘমাসের শুক্ল পঞ্চমীতে শ্রীপূজা করিবে" এই হইল একটি বিধি। এই বিধি দ্বারা বোধিত শ্রীপূজারূপ কর্ম্ম-ফলের জনকত্ব মাঘমাসের শুক্লপঞ্চমীতেই বিদ্যমান থাকায়, শ্রীপূজারূপ কর্ম্মের প্রতি মাঘমাসের শুক্লপঞ্চমীই হইল নিয়ত নিমিত্ত, তবে ঐ শ্রীপূজা-রূপ কর্ম্মটি যদি ঐ দিন পূর্ব্বাহ্নের মধ্যে সম্পন্ন করা যায়, তাহ'লে ঐ পূজার প্রশস্ত ফল উৎপন্ন হইবে মাত্র কিন্তু পূর্ব্বাহ্নে ভিন্ন অন্য সময় পূজা করিলে, পূজা যে নিষ্ফল বা একেবারে অসিদ্ধ হইবে, তাহা নহে, অর্থাৎ "মাঘমাসের শুক্ল-পঞ্চমীতে শ্রীপূজা করিতেই হইবে" 'ইহা যেমন নিয়ামক' বলা হইয়াছে, কিন্তু ঐ শ্রীপূজা যে, ঐ দিন পূর্ব্বাহ্নের মধ্যেই করিতে হইবে, এমন কোন নিয়ম করা হয় নাই, তবে ঐদিন অপর সময় শ্রীপূজা করিলে যাদৃশ ফল হইবে, পূর্ব্বাহ্নে

ইতি কালবাদিমতে সুতরাং নাধিকরণতা সূর্য্যাদিক্রিয়ায়াঃ কর্ত্তব্যস্য কর্ম্মণোঽধিকরণতানুপপত্তেঃ॥ ১২০ ॥

"দেবব্রতবৃষোৎসর্গচূড়াকরণমেখলাঃ।
মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ॥"
বালে বা যদি বা বৃদ্ধে শুক্রে চাস্তমুপাগতে।
মলমাস ইবৈতানি বর্জ্জয়েদ্দেবদর্শনম্॥"

ইতি জ্যোতিঃপরাশরীয়েণ নিষেধঃ সাবকাশবৃষোৎসর্গবিষয়ঃ। অতএব বালাদিশুক্রেঽপি মলমাস ইবৈতানি বর্জ্জ-

---

তু অনধিকরণত্বং সম্ভবত্যেব কিন্তু তন্মতে পূর্ব্বোক্তমেব দূষণং বোধ্যম্। সূর্য্যাদীতি এতন্মতে ক্রিয়ায়া নিক্ষণত্বাদিত্যেন কস্যাঞ্চিদপি ক্রিয়ায়াং ব্যাপারকূটাত্মকস্য পূজাদের্না-ধিকরণত্বম্, অতঃ পঞ্চম্যাং তিথৌ ইত্যাদৌ নাধিকরণসপ্তমীতি বোধ্যম্॥ ১২০ ॥

অভিষেকং রাজাভিষেকম্। এতানি দেবব্রতবৃষোৎসর্গাদীনি। অতএব মলমাসে

উহা করিলে সেই ফল অপেক্ষা উৎকৃষ্ট ফল লাভ হইবে এই মাত্র; কাযেই পূর্ব্বাহ্ণ প্রধানবিধিবোধিতকর্ম্মফলের জনক না হইয়া, সেই ফলের তারতম্যরূপ গুণফলের জনকমাত্র হওয়ায়, উহা কর্ম্মের প্রতি অনিয়তনিমিত্ত, সঙ্কল্প বাক্যে নিয়ত-নিমিত্ত সকলের উল্লেখই বিহিত হইয়াছে, অনিয়ত নিমিত্তদিগের উল্লেখ বিহিত হয় নাই, এই জন্যই পূর্ব্বাহ্ণাদির উল্লেখ করা হয় না। যাহা হৌক কাল নিমিত্ত হইলেও তদ্বাচক শব্দগুলির যে অধিকরণতারূপ অর্থ হইতে পারে না, তাহার প্রতি আর একটি কারণ শুন। অনেকেই কালকে ক্রিয়াস্বরূপ বলিয়াই নির্দ্দেশ করিয়াছেন, তদনুসারে সূর্য্যাদির ক্রিয়ারূপ কাল কখন কর্ত্তব্য কর্ম্মের অধিকরণ হইতে পারে না, একটি ক্রিয়ার উপর আর একটি ক্রিয়া কখনই থাকিতে পারে না। ১২০।

এক্ষণে মলমাসাদিরূপ অকালেও যে, প্রেতের উদ্দেশে বৃষোৎসর্গ হইতে পারিবে, এই কথা একটু বিশদ করিয়া বুঝাইতেছেন—"দেবব্রত, বৃষোৎসর্গ, এবং চূড়াকরণ, মেখলা (উপনয়ন ও সমাবর্ত্তন), মাঙ্গল্য কার্য্য, আর রাজ্যাভিষেক, এই সকল কর্ম্ম মলমাসে করিবে না। এবং মলমাসের মত শুক্র বাল্য বা বৃদ্ধাবস্থায় অস্তগত হইবার পরও ঐ সকল কর্ম্ম এবং দেবদর্শন করিবে না।" এই জ্যোতিঃপরাশরীয়ের বচনদ্বারা মলমাসে যে, বৃষোৎসর্গের নিষেধ করা

য়েত্যনেন সাবকাশবৃষোৎসর্গো নিষিদ্ধো, ন তু নিরবকাশঃ। তস্যাপি তত্র নিষেধে, সকলশিষ্টাচারা বিরুধ্যেরন্, সামান্য-নিষেধে চ মলমাসাতিদেশো ব্যর্থঃ স্যাদিতি। স চ সাবকাশ-বৃষোৎসর্গঃ পিত্রাদিগতফলোদ্দেশেন "কার্ত্তিক্যাময়নে চৈব

সাবকাশস্যৈব বৃষোৎসর্গস্য নিষেধাদেব। ইবশব্দাৎ যাদৃশবৃষোৎসর্গো মলমাসে নিষিদ্ধ-স্তাদৃশ এব বাল্যাদিশুক্রেঽপি নিষিদ্ধঃ। ন চ মলমাসে সামান্যতো নিষিদ্ধঃ, অতো বাল্যাদিশুক্রেঽপি ন সামান্যতো নিষিদ্ধঃ, কিন্তু সাবকাশবৃষোৎসর্গ এব নিষিদ্ধঃ; যদি তু বাল্যাদিশুক্রেঽপি সামান্যতো নিষিদ্ধঃ ইত্যুচ্যতে তদা সকলশিষ্টাচারবিরোধঃ স্যাদিতি ধ্যেয়ম্। তস্যাপি নিরবকাশস্যাপি। তত্র বাল্যাদিশুক্রে। ব্যর্থঃ স্যাদিতি অসঙ্গতে

হইয়াছে, উহাকে সাবকাশ, অর্থাৎ যাহার জন্য কোন বিশেষ সময়ের নির্দ্ধারণ করা হয় নাই, যাহা কতকগুলি বিহিত সময়ের মধ্যে যে কোন এক সময়ে করা যাইতে পারে, এইরূপ বৃষোৎসর্গেরই নিষেধ বলিতে হইবে। এই হেতুই অর্থাৎ সাবকাশ (অপর সময়ও যাহার অনুষ্ঠান করা যাইতে পারে, এইরূপ) বৃষোৎসর্গের মলমাসে নিষেধ করাতেই "মলমাসের মত শুক্রের বাল্যাদ্যবস্থায়ও ঐ সকল কর্ম্মের বর্জ্জন করিবে", বলিয়া যে, নিষেধ করা হইয়াছে, তাহাতেও সাবকাশ বৃষোৎসর্গেরই নিষেধ বুঝিতে হইবে, নিরবকাশ বৃষোৎ-সর্গ কিন্তু কি মলমাসে, কি শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালে, কোন কালেই নিষিদ্ধ হয় নাই। নিরবকাশ বৃষোৎসর্গের ও শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালে নিষেধ করিলে, দেশমধ্যে চির পরম্পরা-চরিত শিষ্টাচারের বিরোধ ঘটে, অর্থাৎ চিরকাল হইতে শিষ্টগণ ঐরূপ সময় নিরবকাশ বৃষোৎসর্গের অনুষ্ঠান করিতে ব্যবস্থা দিয়া আসিতেছেন, আজ তাহা রদ করিলে, ঐ শিষ্টাচারকে উণ্টাইয়া দেওয়া হয়। আরও একটি কথা, যদি জ্যোতিঃপরাশরীয়ের বচনে বৃষোৎসর্গ সামান্যেরই (সাবকাশ, নিরবকাশ, এই উভয়বিধ বৃষোৎসর্গেরই) নিষেধ করা হইত, তাহ'লে "মলমাসের ন্যায় এইরূপ দৃষ্টান্ত দিয়ে বলা উচিত ছিল না, সোজাসুজি শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালে এই সকল কর্ম্ম করিবে না", এইরূপে নিষেধ করিলেই যথেষ্ট হইত, তবে মলমাসের তুলনা করিয়া নিষেধ করায় সূচিত হইতেছে।—মলমাসে যেরূপ সাবকাশ বৃষোৎসর্গ নিষিদ্ধ, শুক্রের বাল্যাদ্যস্তজনিত অকালেও সেইরূপ সাবকাশ বৃষোৎসর্গই

ফাল্গুন্যামষ্টকাসু চ” ইত্যাদিনা বিহিতঃ। দেবতোদ্দেশেনাপি, “কার্ত্তিক্যান্তু বৃষোৎসর্গং কৃত্বা নক্তং সমাচরেৎ।

শৈবং পদমবাপ্নোতি শিবব্রতমিদং স্মৃতম্” ইতি সময়প্রকাশধৃতমৎস্যপুরাণবচনাৎ,

“দেবব্রতবৃষোৎসর্গচূড়াকরণমেখলাঃ।

মাঙ্গল্যমভিষেকঞ্চ মলমাসে বিবর্জ্জয়েৎ।”

ইতি ব্যাসবচনাচ্চ। দেবমুদ্দিশ্য ব্রতরূপো বৃষোৎসর্গো দেবব্রতবৃষোৎসর্গঃ। দেব্যাঃ ক্রমপূজায়াং দেবীপুরাণম্,—“গবোৎসর্গশ্চ কর্ত্তব্যো নীলং বা বৃষমুৎসৃজেদি”তি নব্যবর্দ্ধমানপ্রভৃতয়ঃ ॥ ১২১ ॥

তু মলমাসে সাবকাশস্যৈব বৃষোৎসর্গস্য নিষেধঃ, অতো বালাদিগুরুত্বেঽপি সাবকাশস্যৈব নিষেধার্থম্ অতিদেশ উপযুক্ত ইতি ভাব। দেবতোদ্দেশেনাপি ইত্যস্য বিহিত ইতি পূর্ব্বেণান্বয়ঃ। বেদব্রতেতি পাঠঃ প্রাচাং সম্মতঃ, স চ ন সাধীয়ান্, কিন্তু দেবব্রত ইত্যেব পাঠঃ সাধীয়ান্; ইত্যত্র ভঙ্গ্যা প্রমাণং দর্শয়তি কার্ত্তিক্যাস্থিতি। গবোৎসর্গশ্চেত্যত্রাদন্তাবাদেশঃ ॥ ১২১ ॥

নিষিদ্ধ। যদি বল, সাবকাশ বৃষোৎসর্গ আবার কিরূপ? তাহার উত্তর এই যে, পিতৃত্ব প্রাপ্ত মৃত মাতা পিতা প্রভৃতির অক্ষয় স্বর্গভোগাদিরূপ ফল কামনায়—“কার্ত্তিকী পূর্ণিমায়, অয়নসংক্রান্তিতে, ফাল্গুনী পূর্ণিমায় এবং অষ্টকাতে” ইত্যাদি বচনদ্বারা যে বৃষোৎসর্গ বিহিত হইয়াছে, এবং দেবতার প্রীত্যর্থে বিহিত বৃষোৎসর্গও সাবকাশ বৃষোৎসর্গ। দেবতার প্রীত্যর্থে বৃষোৎসর্গের বিধান—“কার্ত্তিকী পূর্ণিমায় বৃষোৎসর্গ করিয়া নক্তব্রতের আচরণ করিলে, শৈবপদ প্রাপ্ত হয়, কারণ উহা একটি শিবব্রতরূপে শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে।” সময়প্রদীপে উদ্ধৃত এই মৎস্যপুরাণের বচন হইতে, এবং “দেবব্রতরূপ বৃষোৎসর্গ, চূড়াকরণ, মেখলা, মাঙ্গল্যকার্য্য এবং রাজ্যাভিষেক, এই সকল কার্য্য মলমাসে বর্জ্জন করিবে।” এই ব্যাসবচন হইতেও জ্ঞাত হওয়া যাইতেছে। ব্যাসবচনে “দেবব্রত কথাটি যে বৃষোৎসর্গের বিশেষণ” এইরূপ অর্থেরই বোধ হইতেছে। দেবীর ক্রমপূজার প্রসঙ্গে দেবীপুরাণেও কথিত হইয়াছে—“গো-সকলের উৎসর্গ করিবে, অথবা নীল বৃষের উৎসর্গ করিবে।” ইহাতে

এবঞ্চ বিশেষনিষেধেন শেষাভ্যনুজ্ঞানাদপি প্রেতবৃষোৎসর্গো-হস্তীতি প্রতীয়তে। অসুরপি বিশেষোহধ্যবসায়কর ইতি ন্যায়াৎ ॥ ১২২ ॥

ন চ সূতকান্তদ্বিতীয়দিনেহপি শয্যাদানাদীনাং মলমাসে কাম্যত্বান্নিষেধ ইতি বাচ্যম্,

এবঞ্চ বৃষোৎসর্গান্তরসত্ত্বে চ। বিশেষেতি বৃষোৎসর্গো দ্বিবিধঃ, প্রেতোদ্দেশকঃ, কাম্যশ্চ, তত্র কাম্যনিষেধেনেত্যর্থঃ। একবিশেষনিষেধে অপরবিশেষাভ্যনুজ্ঞানমিতি ন্যায়েনেতি ভাবঃ। উৎসাহবিশেষোহধ্যবসায়ঃ ॥১২২॥

দেবতার প্রীত্যর্থ যে বৃষোৎসর্গ বিহিত হইয়াছে, ইহাই জানা যাইতেছে, মধ্য বর্দ্ধমান প্রভৃতি পণ্ডিতগণও এইরূপই মীমাংসা করিয়াছেন। ১২১।

যদি বল, সাবকাশ বৃষোৎসর্গ যখন শাস্ত্রবিহিত হইয়াছে, তখন বৈদিককর্ম্মে নিষিদ্ধ মলমাসে প্রেতের উদ্দেশে বৃষোৎসর্গ না করাইত, শাস্ত্রাভিমত বলিয়া প্রতীত হইতেছে। ইহার উত্তরে আমি বলিব, সাবকাশ বৃষোৎসর্গ শাস্ত্রবিহিত হইলেও শাস্ত্রে বৃষোৎসর্গ যখন দ্বিবিধরূপে বিহিত হইয়াছে, একটি প্রেতের উদ্দেশে অশৌচ শেষ হইবার পর দিবস কর্ত্তব্য এবং নিত্য, অপরটি কার্ত্তিকী-পূর্ণিমাদিতে কর্ত্তব্য কাম্য, তখন মলমাসাদিতে সাবকাশ কাম্য বৃষোৎসর্গেরই নিষেধ দ্বারা অবশিষ্ট নিত্য বৃষোৎসর্গ সম্বন্ধে এক প্রকারে অনুজ্ঞা দেওয়াই হইয়াছে, প্রেতোদ্দেশে কর্ত্তব্য নিত্য বৃষোৎসর্গের মলমাসে বাধ হইবে কেন? মনে কর, রাম এবং হরি আমার বাড়ীতে প্রবেশ করিতেছিল, আমার দ্বারা রামের প্রবেশ নিষিদ্ধ হইলে, হরির প্রবেশ যে অনুমোদিত এবং হরির প্রবেশে কোন বাধা নাই, ইহাই ত বুঝায়। এইরূপ শাস্ত্রবিহিত কাম্য ও নিত্য, এই উভয়বিধ বৃষোৎসর্গের মধ্যে মলমাসাদিতে কাম্য মাত্রের বর্জ্জন করায় প্রেতের উদ্দেশে কর্ত্তব্য নিত্য যে, বর্জ্জিত হয় নাই, ইহাই ত বুঝাইতেছে। কারণ, একটি ন্যায় আছে, "সন্দেহ স্থলে অতি অল্পমাত্র বিশেষ নির্দ্দেশ দ্বারাই সন্দিগ্ধার্থের নিশ্চয় করা হইয়া থাকে। এক্ষণে দেখ, 'নিত্য বা কাম্য বৃষোৎসর্গ বর্জ্জনীয়' এইরূপ সন্দেহে, বিশেষ করিয়া কাম্য বৃষোৎসর্গের বর্জ্জন করায় নিত্য যে বর্জ্জনীয় নহে, ইহাই স্থির হইতেছে। ১২২।

কেহ কেহ বলিয়াছিলেন, "এই যে অশৌচ শেষ হইবার পরদিন শয্যা

"নৈমিত্তিকানি কাম্যানি নিপতন্তি যথা যথা।
তথা তথৈব কার্য্যাণি ন কালস্তু বিধীয়তে॥" ইতি দক্ষবচনেন,

"রোগে চালভ্য যোগে চ সীমন্তে পুংসবেঽপি চ।
যৎ দদাতি সমুদ্দিষ্টং পূর্ব্বত্রাপি ন দূষ্যতী"তি কালমাধবীয়ে মরীচিনা প্রতিপ্রসবাৎ। অলভ্যযোগে পুনরপ্রাপ্যসম্বন্ধনিমিত্তে অশৌচান্তদ্বিতীয়দিনাদৌ, পূর্ব্বত্র মলমাসেঽপি। কালমাধবীয়ভবিষ্যে,—

রোগে রোগনিমিত্তকদানে। অলভ্যেতি অলভ্যঃ পুনরপ্রাপ্যঃ যোগঃ সম্বন্ধো যস্য এবম্ভূতে নিমিত্তে যদ্দদাতি যদ্দানম্। পূর্ব্বত্রাপি মলমাসেঽপি ন দূষ্যতীত্যর্থঃ।

দানাদির বিধান করা হইয়াছে, উহা কাম্য, সুতরাং মলমাসে উহার নিষেধ বুঝিতে হইবে।" স্মার্ত্ত বলিতেছেন—"ন চ বাচ্যম্" একথাও বলিতে পার না, দেখ, নৈমিত্তিক (কোন বিশেষ নিমিত্ত হেতু কর্ত্তব্যরূপে বিহিত) এইরূপ কাম্য কর্ম্ম, যখন যখনই কর্ত্তব্যরূপে উপস্থিত হইবে, তখন তখনই উহাদিগের অনুষ্ঠান করিবে, কালাকালের আর বিচার করিবে না।" এই দক্ষের বচন দ্বারা, এবং "রোগাবস্থায়, অলভ্য যোগে, সীমন্তোন্নয়নোৎসবে, এবং পুংসবনকালে, যে সকল দান শাস্ত্রে বিহিত হইয়াছে, ঐ সকল দান পূর্ব্বমাসে করিলেও দোষ হইবে না।" কালমাধবীয় নামক গ্রন্থে উদ্ধৃত এই মরীচির বচনদ্বারা ও উক্ত নিষেধের প্রতিপ্রসব করা হইয়াছে, মূল বচনে যে 'অলভ্যযোগ' কথাটি আছে, তাহার অর্থ—যেরূপ অবসর পুনর্ব্বার আর পাইবার সম্ভাবনা নাই, যেমন অশৌচ শেষ হইবার পরদিবস, ইত্যাদি এবং 'পূর্ব্বমাস' শব্দের অর্থ—মলমাস, কারণ মলমাসে একটি মাস দুইটি হয়, প্রথমটি মলমাস, দ্বিতীয়টি শুদ্ধমাস। ইহার তাৎপর্য্য এই যে, মলমাসে সাধারণতঃ কাম্য কর্ম্মের নিষেধ করা হইলেও দক্ষ বলিতেছেন, কোন বিশেষ নিমিত্ত উপলক্ষ্য করিয়া যে সকল কাম্য কর্ম্ম বিহিত হইয়াছে, সেই নিমিত্তের সংযোগ যখনই ঘটিবে, তখনই ঐ সকল কর্ম্মের অনুষ্ঠান করিবে, তখনকার কাল শুদ্ধ কি অশুদ্ধ, ইহার দিকে আর লক্ষ্য করিবে না। ইহাতে স্পষ্টরূপে প্রতিপন্ন হইতেছে যে, শয্যাদানাদি কর্ম্ম কাম্য হইলেও, যখন উহা অশৌচান্ত দ্বিতীয়দিবসরূপ

"কুর্য্যাৎ প্রাত্যাহিকং কর্ম্ম প্রযত্নেন মলিম্লুচে।
নৈমিত্তিকন্তু কুর্ব্বীত সাবকাশং ন যদ্ভবেদি"তি। তথাচ বিশারদপ্রভৃতিভিঃ "পঠন্তী"তি কৃত্বা লিখিতম্।

"অশৌচান্তেঽপি কর্ত্তব্যং বৃষোৎসর্গাদিকং সুতৈঃ।
মলিম্লুচাদিদোষন্তু ন গ্রাহ্যস্তত্র কশ্চন॥"

কালমাধবীয়ে কালাদর্শবাক্যম্। মলমাসে কর্ত্তব্যতা-নিষেধমুপক্রম্য,—

"আশ্রমস্বীকৃতিঃ কাম্যবৃষোৎসর্গশ্চ . নিষ্ক্রম" ইত্যত্র

পঠন্তীতি কৃতেত্যনেন মুনিপ্রণীতত্বাভাব আশঙ্কিতঃ। আশ্রমস্বীকৃতিরাশ্রমান্তরগমনম্।

নিমিত্তকে উপলক্ষ্য করিয়া বিহিত হইয়াছে, তখন ঐ অশৌচান্ত দ্বিতীয় দিবসরূপ নিমিত্তের মলমাসাদি অশুদ্ধকালে সংযোগ হইলেও তন্নিমিত্তাধীন শয্যাদানাদির নিষেধ হইবে না। দ্বিতীয়তঃ কালমাধবীয়ধৃত মরীচির বচনেত আরও স্পষ্ট করিয়া বলা হইয়াছে—যে সকল অবসরের পুনর্ব্বার আর মিলিবার সম্ভাবনা নাই, তাদৃশ অবসরে বিহিত দান মলমাসে পতিত তাদৃশ অবসরে করিলেও দোষ হইবে না। অশৌচান্ত দ্বিতীয় দিবসরূপ অবসরের একবারমাত্রই প্রাপ্তি হইয়া থাকে, ইহা একটি অলভ্য যোগ, সুতরাং মলমাসে পতিত অশৌচান্ত দ্বিতীয় দিবসে তদ্বিহিত দান করিলে দোষ হইবে কেন? আরও দেখ, কালমাধবীয়ে—ভবিষ্য পুরাণের এইরূপ একটি বচন উদ্ধৃত হইয়াছে, "যে সকল কর্ম্ম প্রত্যহ কর্ত্তব্য বলিয়া বিহিত হইয়াছে, মলমাসে উহাদের অনুষ্ঠান যত্ন-সহকারেই অর্থাৎ শ্রদ্ধাপূর্ব্বকই করিবে, এবং যে সকল কর্ম্ম নৈমিত্তিক, কোন বিশেষ নিমিত্ত উপলক্ষ্য করিয়া বিহিত, অথচ সাবকাশ নয়, অর্থাৎ যাহা করিবার আর অপর অবসর নাই, এরূপ কর্ম্মও মলমাসে যত্নসহকারে করিবে।" অপিচ, বিশারদ প্রভৃতি নিবন্ধকারগণ কালমাধবীয় নামক নিবন্ধে উদ্ধৃত কালাদর্শের যে বাক্যটিকে কোন্ গ্রন্থের কথা তাহা স্থির করিতে না পারিয়া "পঠন্তি" (এই বচনটিও লোকে পড়িয়া থাকে) বলিয়া, স্ব স্ব গ্রন্থে উদ্ধৃত করিয়াছেন; তাহাতে ত আরও বিস্পষ্ট করিয়া বলা হইয়াছে, যথা—"পুত্রগণ অশৌচা-ন্তের পর বৃষোৎসর্গাদি কর্ম্মের অনুষ্ঠান করিবে, উহাতে মলমাসদিদোষের

'কাম্য' ইতি বিশেষণমিতি। অশৌচান্তদ্বিতীয়দিনমুপক্রম্য রামায়ণে,—

"ততশ্চোদ্দিশ্য পিতরং ব্রাহ্মণেভ্যো ধনং দদৌ।
মহার্হাণি চ রত্নানি গাশ্চ বাহনমেব চ।
যানানি দাসীর্দ্দাসাংশ্চ বেশ্মানি সুমহান্তি চ॥"

বিষ্ণুপুরাণে, সামান্যতঃ পিতৃগাথা চ,—

"রত্নবস্ত্রমহীযানসর্ব্বভোগাদিকং বসু।
বিভবে সতি বিপ্রেভ্যো যোহস্মানুদ্দিশ্য দাস্যতী"তি॥ ১২৩

কাম্যেতি অত্র কাম্যত্বং প্রাপ্তপিতৃত্বোদ্দেশ্যকত্বম্। নিষ্ক্রমো বহির্নিষ্ক্রমণম্। অস্য চ প্রধান-কালাকরণে বোধ্যম্। "ততশ্চোদ্দিশ্য পিতরমি"ত্যাদিবচনাৎ দানাদেরুদ্দেশ্যতা সামানাধি-করণ্যেন ফলজনকত্বম্। ভূদীপাশ্বান্নবস্ত্রাম্ভস্তিলসর্পিঃপ্রতিশ্রয়ান্। নৈবেশিকস্বর্ণাধূর্য্যান্ দত্ত্বা স্বর্গে মহীয়তে॥ ইত্যাদিবচনাচ্চ। কৃতিসামানাধিকরণ্যেন ফলজনকত্বং তথাচ বৈদিককর্ম্মমাত্রমিতি কামনাভেদাৎ উদ্দেশ্যতাসামানাধিকরণ্যেন কৃতিসামানাধিকরণ্যেন চ ফলজনকত্বং ধ্যেয়ম্। সামান্যতঃ সামান্যদ্রব্যমাশ্রিত্য। ভোগাদিকং ভোগ্যাদিকং "কৃদভিহিতো ভাবঃ" ইতি ন্যায়াৎ। অস্মান্ পিতৃন্॥ ১২৩॥

বিচার করিবেনা।" মলমাসে কি কি কর্ম্ম করিবেনা, তাহার প্রসঙ্গ উত্থাপন করিয়া বলা হইয়াছে—"আশ্রমান্তরগ্রহণ, কাম্য বৃষোৎসর্গ এবং নিষ্ক্রম" ইত্যাদি কর্ম্ম মলমাসে নিষিদ্ধ।" দেখ, এই বচনে বৃষোৎসর্গের কেবল মাত্র 'কাম্য' এই বিশেষণ থাকায়, কেবল কাম্য ভিন্ন অপরবিধ বৃষোৎসর্গ যে, মলমাসে করিতে পারিবে, তাহা আপনা হইতেই বুঝাইতেছে। অশৌচান্ত দ্বিতীয় দিন যে, দানের পক্ষে মুখ্য কাল, তাহা রামায়ণে দশরথের মৃত্যু জন্য অশৌচান্ত দ্বিতীয় দিনের বৃত্তান্ত পাঠ করিলে বেশ বুঝা যায়, যথা—"অনন্তর পিতার উদ্দেশে ব্রাহ্মণদিগকে বহু ধন, যান, রত্ন, বাহন, অনেক বলীবর্দ্দ এবং বড় বড় গৃহ দান করিলেন।" বিষ্ণুপুরাণীয় সাধারণ পিতৃগাথাতেও পিতৃগণ তাঁহাদের উদ্দেশে দানের কথা বলিতেছেন, যথা,—"যে ব্যক্তি বিভবযুক্ত হইয়া আমাদের উদ্দেশ্যে রত্ন, বস্ত্র, ভূমি, যান, সকল প্রকার ভোগ্যযুক্ত প্রদান করে ইত্যাদি।" ১২৩।

আদ্যশ্রাদ্ধেতিকর্ত্তব্যতায়াং বরাহপুরাণম্,—

"আসনকোপকল্পেত মন্ত্রেণ বিধিপূর্ব্বকম্।" মন্ত্রস্তু,—

"অত্রাসনে দেবরাজাভ্যনুজ্ঞাতো বিশ্রাম্যতাং দ্বিজবর্য্যানুগ্রহাৎ।

প্রসাদয়ে হ্যাসনং গৃহ্ণ পূতং জ্ঞানাগ্নিপূতেন করেণ বিপ্র" ইতি।

তথা চ,

"আবরণার্থং তচ্ছত্রং ব্রাহ্মণায় প্রদীয়তে।

পশ্চাদুপানহৌ দদ্যাৎ পাদস্পর্শকরে শুভে॥

সন্তপ্তবালুকাং ভূমিমসিকণ্টকিতাং তথা।

সন্তারয়তি দুর্গাণি প্রেতং দদদুপানহৌ॥

তিলোপচারং কৃত্বা তু বিপ্রস্য নিয়তাত্মনঃ।

আদ্যশ্রাদ্ধেতি তথাচাদ্যেকোদ্দিষ্টম্ আসনাদিরূপষড়ঙ্গকং কর্ত্তব্যমিত্যর্থঃ। হে দ্বিজবর্য্য বিপ্রেত্যন্তেন মন্ত্রেণ কাষ্ঠাদ্যাসনং প্রেতায় দত্ত্বা প্রেতায় কুশাসনং দদ্যাৎ, ততস্তু প্রেতায় ছত্রম্ উপানদ্যুগলঞ্চ দদ্যাৎ। পাদস্পর্শকরে কোমলে। প্রেতমিতি প্রেতায় উপানহৌ দদজ্জনঃ প্রেতং দুর্গাণি সন্তারয়তীত্যর্থঃ। তিলোপচারম্ অর্ঘ্যদানম্।

আদ্যশ্রাদ্ধের ইতিকর্ত্তব্যতা।

বরাহপুরাণে আদ্য শ্রাদ্ধের ইতিকর্ত্তব্যতা এইরূপে লিখিত হইয়াছে,— "আদ্য" শ্রাদ্ধ আসনাদি ষড়ঙ্গদানপূর্ব্বকই কর্ত্তব্য. এই জন্য ঐ বরাহপুরাণেও সর্ব্বাগ্রে আসনদানের কথা বলা হইয়াছে,—যথা "মন্ত্র পাঠ করত যথাবিধি আসন দান করিবে।" আসনদান করিবার সময় এই মন্ত্রটি পাঠ করিবে— "দেবরাজ কর্ত্তৃক অভ্যনুজ্ঞাত হইয়া এই আসনে বিশ্রাম করুন, হে দ্বিজ-বর্য্য (দ্বিজশ্রেষ্ঠ)! বিপ্র, অনুগ্রহপূর্ব্বক প্রসন্ন হৌন, জ্ঞানাগ্নিসম্পর্কে পবিত্রী-ভূত হস্তদ্বারা এই পবিত্র আসন গ্রহণ করুন।" টীকাকার কাশীরাম বলেন, অগ্রে কাষ্ঠাসন দান করিয়া পরে কুশাসন দান করিবে। অনন্তর প্রেতকে ছত্র দান করিয়া, মস্তক আবরণার্থ উহা ব্রাহ্মণের হাতে অর্পণ করিবে। তাহার পর, পাদস্পর্শকর অর্থাৎ কোমল উপানহযুগল প্রদান করিবে। উপা-নহদানকারী ব্যক্তি প্রেতকে যমদ্বারে যাইবার পথমধ্যে স্থিত সন্তপ্তবালুময়ী এবং অসি ও কণ্টকদ্বারা আবৃত ভূমি ও অন্যান্য দুর্গম স্থান পার করে। অনন্তর

নামগোত্রমুদাহৃত্য প্রেতায় তদনন্তরম্।
শীঘ্রমাবাহয়েদ্ ভূমি দর্ভহস্তোঽথ ভূতলে॥"

তচ্ছত্রং প্রেতায় দত্তচ্ছত্রং প্রদীয়তে, উত্তরাপ্রতিপত্তিঃ ক্রিয়তে, প্রেতমিত্যস্য দদদিত্যসম্বন্ধাৎ সম্প্রদানত্বেঽপি "সন্তারয়তী"ত্যভিসন্ধানেন কর্ম্মত্বৈব।

"অপাদানসম্প্রদানকরণাধারকর্ম্মণাম্।
কর্ত্তুশ্চান্যোঽন্যসন্দেহে পরমেকং প্রবর্ত্ততে" ইত্যুক্তেঃ।

প্রেতায়েতি দ্বিতীয়ার্থে চতুর্থী, প্রেতমুদ্দিশ্যেতি বা আবাহয়েৎ "ও ইহলোকং পরিত্যজ্য গতোঽসি পরমাং গতিমি"ত্যনেনাবাহয়েৎ। ইদানীম্ অঙ্গচতুষ্কমুক্তং পশ্চাদঙ্গদ্বয়ং বক্ষ্যতে। তচ্চ গন্ধদানং বস্ত্রালঙ্কারাদিদানঞ্চ। হে ভূমি! স্বীকারানুকূলব্যাপার

হে পৃথিবি, সংযতাত্মা বিপ্রকে অর্ঘ্যদান করিয়া, পরে নাম ও গোত্র উচ্চারণ-পূর্ব্বক দর্ভপাণি হইয়া ভূতলে অবিলম্বে প্রেতকে আহ্বান করিবে।" বচনে 'তচ্ছত্র' এইরূপ প্রয়োগ থাকায়, উহার অর্থ—পূর্ব্বে প্রেতকে প্রদত্ত ছত্র। যদি বল, ছত্র যদি পূর্ব্বে প্রেতকেই প্রদত্ত হইয়া থাকে, তবে আবার "ব্রাহ্মণায় প্রদীয়তে" (ব্রাহ্মকে প্রদান করিবে) এরূপ বলা হইল কেন? ইহার উত্তর এই যে, ঐ "প্রদীয়তে" এর অর্থ—মন্ত্রপাঠপূর্ব্বক প্রথম উৎসর্গ করা নয়, কিন্তু পরে ব্যবহার করিবার জন্য ব্রাহ্মণের হাতে অর্পণ করা। কেহ আশঙ্কা করিয়াছিল, "প্রেতং দদদুপানহৌ" এস্থলে "প্রেতকে উপানহদ্বয় দানকারী" এইরূপ অর্থই ত করিতে হইবে, তাহ'লে 'প্রেতং' এই পদটীতে দ্বিতীয়া বিভক্তি না হইয়া সম্প্রদানে চতুর্থী বিভক্তিই ত হওয়া উচিত ছিল, ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন, 'প্রেতং' এই দ্বিতীয়ান্ত পদটি 'দদৎ)' এই ক্রিয়াপদের সহিত অন্বিত নয়, কিন্তু "সন্তারয়তি" (পার করে) এই ক্রিয়াপদের সহিতই উহার অন্বয়, অর্থাৎ উপানহদ্বয়দানকারী প্রেতকে দুর্গমস্থান পার করে" এইরূপে অন্বয় করিতে হইবে। আর যদিও উহাকে "দদৎ" এই ক্রিয়া যোগে সম্প্রদান কারকের প্রাপ্তি স্বীকার করা যায়, তাহ'লেও পরে "সন্তারয়তি" এই ক্রিয়ার সহিত উহার অন্বয়ের প্রতি লক্ষ্য করিলে উহাকে কর্ম্মকারকের প্রয়োগ করাই উচিত বলিয়া বোধ হইবে। কেন না, ব্যাকরণে একটি নিয়ম করা হইয়াছে,—"অপাদান, সম্প্রদান, করণ, আধার,

ভূমীতি পৃথিব্যাঃ সম্বোধনম্। অত্র চ শ্রাদ্ধপ্রয়োগমধ্যেঽপি বচনাৎ দানাদিক্রিয়া। তথাচ,—

"নৈকস্মিন্ কর্ম্মণি ততে কর্ম্মান্যৎ প্রযুজ্যতে যতঃ" ইত্যনেন ন বিরোধঃ। তিলোপচারমিত্যনেন অর্ঘ্যদানমুক্তম্। মন্ত্রস্তু,—

"ইহলোকং পরিত্যজ্য গতোঽসি পরমাং গতিম্।"

অয়ঞ্চ স্ত্রীশ্রাদ্ধেঽপি অবিকৃত এব পঠনীয়ঃ।

উভয়া প্রতিপত্তিঃ। দ্বয়োর্য্যোগে দ্বয়োঃ প্রাপ্তৌ। নৈকস্মিন্নিতি একস্মিন্ কর্ম্মণি ততে বিস্তৃতে সতি কর্ম্মান্তরং ন ক্রিয়তে ইত্যর্থকেন, নৈকস্মিন্ কর্ম্মণি ততে কর্ম্মাণ্যত্তায়তে যত ইত্যনেন ন বিরোধঃ। তথাচাত্র বিশেষবচনাদেব কর্ম্মমধ্যেঽপি কর্ম্মান্তরকরণমিতি ভাবঃ। মন্ত্রস্তু আবাহনমন্ত্রস্তু। স্ত্রীশ্রাদ্ধেঽপীতি এতন্মন্ত্রস্য সামান্যত আদৌকোদ্দিষ্টমেব প্রকৃতিরতঃ স্ত্রিয়া অপি আদ্যৈকোদ্দিষ্টে গতাসীতি নোহঃ; তথাচ ন প্রকৃতাবূহোঽপূর্ব্বত্বাদিতি অপূর্ব্বত্বাদূহঃ পূর্ব্বাপ্রাপ্তত্বপ্রযুক্ত উহঃ প্রকৃতৌ ন ইত্যর্থঃ।

অংশের পূরণ করিবেনা।" মাধবাচার্য্যও এই কথাই বলিয়াছেন, যথা "কোন একটি বেদমন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের অন্যত্র মন্ত্রে উক্ত বৈদিক পদ দ্বারা পূর্ত্তি করাকেই অনুষঙ্গ (অনুবৃত্তি) বলা হয়। কারণ, সকল বেদের সকল মন্ত্রে কিছু অপেক্ষিত যাবৎ পদের উক্তি করা হয় নাই, কোন বেদের কোন মন্ত্রে একটি পদ আছে, অপর বেদের অপর মন্ত্রে আবার সে পদটি নাই, সুতরাং ঐ পদের অভাবে মন্ত্রটি আপাততঃ সাকাঙ্ক্ষ বলিয়া প্রতীয়মান হইতেছে বটে, কিন্তু বস্তুতঃ তাহা নহে, যেহেতু ঐ অপর বেদস্থিত, পদটী ঈশ্বরের বুদ্ধিতে অবস্থিত, তিনি ঐ অপর বেদস্থিত পদটি এই বেদোক্ত মন্ত্রে অনুকৃতি করিতে হইবে, ইহা মনে মনে প্রথম হইতেই স্থির করিয়া রাখিয়াছেন। লৌকিকপদ কখনই এইরূপ হইতে পারেনা, অর্থাৎ অমুক মন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তির জন্য অমুক লৌকিক পদের অমুক স্থান হইতে অনুবৃত্তি করিতে হইবে, পূর্ব্ব হইতে কেহ ইহা স্থির করিয়া রাখে নাই।" অতএব আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তির জন্য মন্ত্রে বৈদিক পদেরই অনুবৃত্তি করা হইয়া থাকে। যদি বল বৈদিক মন্ত্রে লৌকিক পদের অনুষঙ্গ নাই হৌক, লৌকিক বাক্যে সম্পূর্ণ অর্থের বোধ না হইলে যেমন কোন একটি নূতন পদের অধ্যাহার (যোজনা) করিয়া আকাঙ্ক্ষিত অর্থের বোধ করান হয়, সেইরূপ এস্থলে প্রমাণ বচন না থাকিলেও বৈদিক-মন্ত্রের সহিত লৌকিক পদের অধ্যাহার করিয়া বাক্যে আকাঙ্ক্ষিত অর্থের

মন্ত্র, ইহাতে সম্পূর্ণ একটা অর্থের নিরাকাঙ্ক্ষভাবে প্রকাশ হয়না বলিয়া, আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তি করিবার জন্য উহার সহিত 'বো দদানি' ইত্যাদি পদ মিলাইয়া সম্পূর্ণ বাক্য প্রস্তুত করা হইয়াছে। স্মার্ত্ত বলিতেছেন—যে যে স্থলে বিশেষ বচন প্রমাণ আছে, সেই সেই বৈদিক মন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তি করিবার জন্য লৌকিকপদের মিল করিয়া বাক্য প্রস্তুত করা যাইতে পারে, তদ্ভিন্ন স্থলে ঐরূপ বাক্য প্রস্তুত করা যাইতে পারে না। পার্থসারথির বাক্যদ্বারা নিজের পক্ষ সমর্থন করিলেন। স্মার্ত্তের মতে "বৃষং—দদানি" এই অবধিই একটি মন্ত্র, এই মন্ত্রটি সম্পূর্ণ পাঠ করিবার পর লৌকিক পদদ্বারা স্বতন্ত্র একটি বাক্য রচনা করিয়া উৎসর্গ করিতে হইবে।

লৌকিকবাক্যে নান্বয়ঃ। অন্যথা "ভূঃ স্বাহে"ত্যাদৌ তথাত্বা-পত্তেঃ।

"অষ্টাভির্ধেনুভির্যুক্তশ্চতসৃভিরনুক্রমাৎ।
ত্রিহায়ণীভির্ধন্যাভিঃ সুরূপাভিশ্চ শোভিতঃ॥
সর্ব্বোপকরণোপেতঃ সর্ব্বশস্যচরো মহান্।

বাক্যেঽন্বয়ঃ ইত্যর্থঃ। অপিকাররহিতবচনাভাবে ইতি পাঠে বিধায়কবচনাভাবে লৌকিকবাক্যেঽন্বয়েনেত্যর্থঃ। তথাত্বাপত্তেঃ স্বাহেত্যস্যান্বয়ায় লৌকিকচতুর্থ্যাধ্যাহারা-পত্তেঃ। ধেনুভির্নবসূতিকাভিঃ, যথা "ধেনুঃ স্যান্নবসূতিকা" ইতি। চতসৃভিরিত্যপরঃ

পূর্ত্তি করা হইয়াছে। স্মার্ত্ত বলিতেছেন, তাহাও হইতে পারে না; দেখ, মাধবাচার্য্য কর্ত্তৃক উদ্ধৃত উপরি উক্ত কারিকা হইতে ইহা সুস্পষ্ট জ্ঞাত হওয়া যাইতেছে যে, বৈদিক মন্ত্রে আকাঙ্ক্ষিত অর্থের পূর্ত্তির জন্য বেদোক্ত পদেরই অনুষঙ্গ (অনুবৃত্তি) করিতে হইবে, লৌকিক পদের কখনই অধ্যাহার (যোজনা) হইবে না। বেদের কোন্ মন্ত্রের কিরূপ অর্থ করিতে হইবে, এবং কোন্ বেদ হইতে কোন পদের অনুষঙ্গ করিয়া তথাবিধ অর্থের বোধ করাইতে হইবে, তাহা পরমেশ্বর প্রথম হইতেই আপনার মনে মনে স্থির করিয়া রাখিয়াছেন, কাজেই বেদমন্ত্রে নূতন পদের অধ্যাহার (যোজনা) করিয়া নূতন অর্থের বোধ করান যাইতেই পারে না। যদি বেদমন্ত্রে নূতন পদের অধ্যাহার করা যাইতে পারিত, তাহা হইলে "ভূঃ স্বাহা" ইত্যাদি মন্ত্রেও স্বাহা শব্দের অন্বয়সিদ্ধির নিমিত্ত লৌকিক চতুর্থ্যাদি বিভক্তির অধ্যাহার করিবার রীতি থাকিত। (১) আরও দেখ, কেবল যদি "বৃষং-দদানি" এই বৈদিক মন্ত্রের সহিত মিলিত লৌকিক-পদঘটিত বাক্য দ্বারাই বৃষোৎসর্গ করা হয়, তাহা হইলে, ব্রহ্ম-পুরাণের—"শ্রুতি এবং স্মৃতি শাস্ত্রের নির্দ্দেশ অনুসারে তিনবৎসর বয়স্কা, ধন্যা এবং সুরূপা আটটি অথবা চারিটি ধেনুর সহিত মিলিত সকল প্রকার উপকরণযুক্ত সর্ব্ববিধ শস্য ভক্ষণে সমর্থ মহান্ বৃষকেই উৎসর্গ করিবে"

(১) কোন একটি শাস্ত্রীয় বাক্যের অস্ফুট অর্থের স্পষ্টীকরণার্থ পূর্ব্বোল্লিখিত কোন একটি পদ বা বাক্যের অনুবৃত্তি করাকে অনুষঙ্গ বলে। কোন বাক্যের অস্ফুট অর্থের স্পষ্টীকরণার্থ যে নূতন পদের যোজনা করা হয়, তাহাকে অধ্যাহার বলে। বেদমন্ত্রে অনুষঙ্গই হয়, অধ্যাহার হয় না।

উৎস্রষ্টব্যো বিধানেন শ্রুতিস্মৃতিনিদর্শনাৎ ॥”

ইতি ব্রহ্মপুরাণোক্তধেনুযুক্তত্বসর্ব্বোপকরণোপেতত্বাদ্যনু- ল্লেখাপত্তেঃ। অত্র “ধেনু’পদং” বক্ষ্যমাণ‘গুর্ব্বিণ্য’ ইতি বিশে- ষণঞ্চ শাখান্তরীয়ং, কাত্যায়নসূত্রে “বৎসতরী”তি শ্রুতেঃ। যথা, —“পয়স্বিন্যাঃ পুত্রো যূথে চ রূপবান্ স্যাত্তমলঙ্কৃত্য যূথমুখ্যা- শ্চতস্রো বৎসতর্য্যস্তাশ্চালঙ্কৃত্য “এনং যুবানং পতিং বো দদামি, তেন ক্রীড়ন্তীশ্চরথ প্রিয়েণ। মানঃ সাপ্তজনুষা সুভগা, রায়- স্পোষেণ সমিষা সদ্মদেম” ইত্যনয়ৈব ঋচা উৎসৃজেরন্নি”তি। ন চৈতদনুসারেণ বৎসতরীচতুষ্টয়যুক্তমিতি বৃষভবিশেষণং

কল্পঃ। বৃষবিশেষণং বাচ্যং মন্ত্রাভ্যন্তরে বৃষবিশেষণং বাচ্যং, তথাচ বৎসতরীচতুষ্টয়-

এই বচন অনুসারে উৎসর্গমন্ত্রে “এতগুলি ধেনুযুক্ত,” “সর্ব্বোপকরণোপেত” ইত্যাদি বিশেষণ পদগুলির বৃষের সহিত যোগ করা আবশুক বলিয়া প্রতীত হইলেও, উহাদেরও উল্লেখ করা হউক। এই বচনে যে “ধেনুযুক্ত বৃষ উৎসর্গ” করিবার কথা বলা হইয়াছে, এবং পরে যে, “গুর্ব্বিণ্যঃ” (গর্ভিণী সকল) এইরূপ বৃষসহচরী গাভীর বিশেষণ উক্ত হইবে, উহা অপর শাখীয়দিগের সম্বন্ধেই বুঝিতে হইবে। কারণ সামবেদীয়দিগের গৃহসূত্রের প্রণেতা কাত্যায়নের সূত্রে ‘বৎসতরী’যুক্ত বৃষেরই উৎসর্গ করিবার কথা বলা হইয়াছে। যথা “যে বৃষটি প্রশস্ত দুগ্ধবতীর বাছুর এবং পালের মধ্যে সমধিক রূপবান্ হইবে, তাহাকে অলঙ্কৃত করিয়া এবং পালের মধ্যের বাছা বাছা চারিটি বৎসতরীকেও অলঙ্কৃত করিয়া, ‘এই যুবা পতি তবে তোমাদিগকে প্রদান করি? এই পতির সহিত তোমরা ক্রীড়া করত চরিয়া বেড়াইবে, তোমরা আর আমাদিগের রহিলে না। আমরা যেন সপ্ত জন্ম পর্য্যন্ত, অন্ন এবং ধনের সমৃদ্ধি দ্বারা আনন্দিত হই, এবং লোকের প্রিয় হই” এই ঋক্‌টি পাঠ করিয়াই উৎসর্গ করিবে।” এই সূত্রে বৎসতরীচতুষ্টয়যুক্ত বৃষের উৎসর্গ করিবার বিধান করা হইলেও ঐ উৎ- সর্গবিষয়ক ঋক্‌মন্ত্রের মধ্যে ‘বৎসতরীচতুষ্টয়যুক্ত’ এই বিশেষ পদটির আর যোগ করিতে হইবে না। তাহা হইলে “বৎসতরীযুক্ত বৃষ” বিশিষ্ট বাক্যে আবার “তোমাদের (বৎসতরীদের) পতি” এইরূপ বলা অসঙ্গত

বাচ্যং, তথাত্বে তাদৃশং বৃষমিতি বিশিষ্টে, বো যুষ্মাকং বৎসতরীণাং পতিমিত্যনেনানন্বয়াপত্তেঃ, প্রাগুক্তদোষাচ্চ। ন চ "কাত্যায়নীয়ে 'এব'কারশ্রুতেঃ কেবলমন্ত্রেণোৎসর্গঃ, ন তু বাক্যেনে"তি বাচ্যম্, অনয়ৈবেত্যনেন এবকারেণ সজাতীয়ত্বেন "সর্ব্বশাখিপ্রত্যয়মেকং কর্ম্মে"তি ন্যায়প্রাপ্তস্য কামধেনুনৈয়তকালিকল্পতরুধৃতবিষ্ণুক্তস্য ঋগন্তরস্য ব্যাবৃত্তিঃ, ন তু বাক্যস্য;

যুক্তমেনং যুবানমিতি রীত্যা মন্ত্রপাঠঃ কার্য্য ইতি ভাবঃ। প্রাগুক্তদোষাচ্চেতি পরস্পরাম্বয়লৌকিকপদবিশিষ্টমন্ত্রোল্লেখে প্রমাণাভাবাদিত্যাদিপ্রযুক্তদোষাচ্চেত্যর্থঃ। এনমিত্যাদিমন্ত্রস্য ব্যাখ্যানং করিষ্যতি। কাত্যায়নীয়ে পয়স্বিন্যাঃ পুত্র ইত্যাদিকাত্যায়নসূত্রে। এবকারশ্রুতেঃ এতয়ৈব ঋচা ইত্যত্রৈবকারশ্রুতেঃ। সজাতীয়ত্বেনেতি তথাচ এবকারেণ সজাতীয়স্য ঋগন্তরস্য ব্যাবৃত্তিঃ ন ত্বসজাতীয়স্য লৌকিকবাক্যস্য ব্যাবৃত্তিরিত্যর্থঃ।

হইয়া পড়ে; শুধু তাহা নহে, পূর্ব্বে যে বৈদিক মন্ত্রের সহিত লৌকিক পদের মিশ্র করিয়া বাক্য রচনা করা যাইতে পারে না, বলিয়া যে দোষ দেওয়া হইয়াছে, সে দোষও অনিবার্য্য হইয়া উঠে। এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল, তুমি যে, বলিতেছ, উক্ত মন্ত্রটি পাঠ করিয়া স্বতন্ত্র বাক্য ব'লে উৎসর্গ করিবে, তাহাত ঠিক হইল না; কারণ, কাত্যায়নের সূত্রে যে 'এব' (এই ঋক্‌টি পাঠ করিয়াই) শব্দ আছে, তাহা দ্বারা কেবল ঐ ঋক্‌টি পাঠ করিবার পরই উৎসর্গ করিতে হইবে, আর স্বতন্ত্র বাক্য বলিতে হইবে না, এইরূপ অর্থেরই ত বোধ হইতেছে?" ইহার উত্তরে রঘুনন্দন বলিতেছেন, এরূপ কথা বলিও না, কাত্যায়নের সূত্রে যে, 'এব' (এই ঋক্‌টি পাঠ করিয়াই) শব্দ আছে, তাহার এরূপ অর্থ নয় যে ঐ ঋক্‌টি পাঠ করিয়াই, আর কোন বাক্য টাক্য না রচনা করিয়া উৎসর্গ করিবে; কিন্তু "সর্ব্বশাখায় অবিরোধী কর্ম্ম একরূপই হইয়া থাকে," এই ন্যায় অনুসারে যে, কামধেনু নৈয়তকালিক কল্পতরু প্রভৃতি গ্রন্থে উদ্ধৃত বিষ্ণুক্ত আর একটি ঋকেরও পাঠ কর্ত্তব্যরূপে প্রাপ্ত হইয়াছিল, কাত্যায়নের সূত্রস্থিত 'এব' শব্দ দ্বারা তাহারই ব্যাবৃত্তি করা হইয়াছে, অর্থাৎ সেই ঋক্‌টি যে আর পাঠ করিতে হইবে না, এই একটি মাত্র ঋকেরই পাঠ করিলে চলিবে, 'এব' শব্দ দ্বারা এই কথাই জানান হইয়াছে। ঐ ঋক্‌পাঠের পর যে, আর বাক্য বলিতে হইবে

অতএব পিতৃদয়িতা-পরিশিষ্টপ্রকাশ-শূলপাণিকৃতদীপকলিকা-প্রভৃতিষু "মন্ত্রাভিধানপূর্ব্বকবাক্যেন বৃষোৎসর্গ" ইত্যুক্তম্ ॥১৫৪॥

এবঞ্চৈমন্ত্রস্য করণত্বমুপপন্নম্। অন্যথা 'দদানি' ইত্যনেন মন্ত্রান্তরেণোৎসর্গায় তথাত্বম্। "মন্ত্রান্তে কর্ম্মসন্নিপাত" ইতি ন্যায়স্যাপ্যবাধঃ। "মন্ত্রান্তে সম্প্রদান"মিতি সরলাধৃতকাঠক-শ্রুতেরপ্যবাধঃ। ব্যক্তমাহ আপস্তম্বঃ,—

মন্ত্রাভিধানেতি তথাচাদৌ এনং যুবানমিতি মন্ত্রং পঠিত্বা অদ্যেত্যাদিবাক্যেনোৎসর্গঃ কার্য্য ইতি ॥ ১৫৪ ॥

মন্ত্রস্য করণত্বমিতি। ইত্যেতয়েবেত্যনেন তৃতীয়ান্তেন বোধিতং মন্ত্রস্য করণত্বমিত্যর্থঃ। মন্ত্রাভিধানপূর্ব্বকত্বেন মন্ত্রস্য পূর্ব্ববর্ত্তিত্বাৎ করণত্বমুপপন্নমিতি ভাবঃ। মন্ত্রান্তরেণ মন্ত্র-মধ্যবর্ত্তিনা; তথাচ মন্ত্রমধ্য এব উৎসর্গো ভূত্যো ন তু মন্ত্রান্তে ইত্যর্থঃ। ন তথাত্বং মন্ত্রস্য পূর্ব্ববর্ত্তিত্বাভাবাদিতি ভাবঃ। কর্ম্মাদিসন্নিপাত ইতি ত্যাগাদিরূপকর্ম্মনির্ব্বাহ ইত্যর্থঃ। অপ্যবাধ ইত্যপিনা মন্ত্রস্য করণত্বমুপপন্নমিতি সমুচ্চিতং, কেবলমন্ত্রেণোৎসর্গে সতি

না, 'এব' শব্দ দ্বারা সে কথা বলা হয় নাই। এই হেতুই পিতৃদয়িতা, পরিশিষ্ট-প্রকাশ, শূলপাণিকৃত দীপকলিকা প্রভৃতি গ্রন্থে "মন্ত্র পাঠের পর বাক্য দ্বারা বৃষোৎসর্গ করিতে হইবে" এই কথাই স্পষ্ট করিয়া বলা হইয়াছে। ১৫৪।

আরও একটি কথা এস্থলে বক্তব্য যে, এইরূপ হইলেই, অর্থাৎ মন্ত্র পাঠের পর স্বতন্ত্র বাক্য দ্বারা বৃষোৎসর্গ করা ব্যবস্থাসিদ্ধ হইলেই কাত্যায়নসূত্রে "অন-য়ৈব ঋচা" এই স্থলে ঋক্ শব্দের উত্তর করণে তৃতীয়া বিভক্তি দ্বারা ঋকের (মন্ত্রের) যে, উৎসর্গের প্রতি করণত্ব সূচিত করা হইয়াছে, তাহাও সিদ্ধ হইল; কেন না, কোন কার্য্যের পূর্ব্ববর্ত্তী ক্রিয়া বা বস্তুকেই ত 'করণ' বলা হয়, উৎসর্গের পূর্ব্বে সম্পূর্ণ মন্ত্রটি পাঠ করিলেই ত মন্ত্রের করণত্ব সিদ্ধ হয়, তাহা না হইলে, সম্পূর্ণ মন্ত্রটি পাঠ না করিয়া বাচস্পতিমিশ্রের মতানুসারে যদি মন্ত্রের মধ্যস্থিত অর্থাৎ দদানি এই অংশটুকু অবধি পাঠ করিয়াই উৎসর্গ করা হয়, তাহা হইলে সম্পূর্ণ মন্ত্রের আর করণত্ব হইবে কিরূপে? "দদানি"তেইত আর মন্ত্রের শেষ হয় নাই, উহার পর মন্ত্রের অনেকটা বাকী আছে। কেবল যে, মন্ত্রের করণত্ব সিদ্ধ হয়, তাহা নহে "মন্ত্রপাঠের শেষে কর্ম্মের নির্ব্বাহ করিবে" এই ন্যায় বাক্যেরও মর্য্যাদা রক্ষা করা হয়, এবং সরলা নামক টীকায় উদ্ধৃত "মন্ত্র-পাঠের পর সম্প্রদান করিবে" এই কাঠকশ্রুতিরও মান রক্ষা করা হয়।

"মন্ত্রান্তে কর্ম্মাদীন্ সন্নিপাতয়েদি"তি। সমগ্রং মন্ত্রং পঠিত্বা কর্ম্ম কারয়েদিত্যর্থঃ। ইতি কর্ম্মবিপাকঃ। এবঞ্চ অমুকামুককাম ইতি, সোপকরণং বৎসতরীচতুষ্টয়যুক্তং বৃষমিতি চাভিলপ্যোৎসর্গঃ সঙ্গচ্ছতে। ততশ্চ ব্রাহ্মণেন পঠিতে মন্ত্রে শূদ্রস্যাপি বাক্যেনোৎসর্গ ইতি। এবং "প্রধানে স্বামী অধিকারী ফলযোগাদ্‌গুণে প্রতিনিধিঃ পরার্থত্বাৎ" ইতি

মন্ত্রমধ্য এব উৎসর্গস্য ভূতত্বাৎ মন্ত্রান্তে ইতি ন্যায়স্য বাধঃ স্যাদিতি ভাবঃ। এবং পরত্র। এবঞ্চ মন্ত্রাভিধানপূর্ব্বকবাক্যে উৎসর্গকরণস্য শাস্ত্রার্থত্বে চ। ততশ্চেতি।মন্ত্রপাঠানন্তরম্ উৎসর্গস্য শাস্ত্রার্থত্বাৎ চেত্যর্থঃ। এবমিতি ব্রাহ্মণকর্ত্তৃকমন্ত্রপাঠানন্তরং শূদ্রকর্ত্তৃকবাক্যকরণকোৎসর্গে সতীত্যর্থঃ। প্রধানে ইতি উৎসর্গাদিরূপে প্রধানে কর্ম্মণি স্বামী অধিকারী গুণে মন্ত্রপাঠাদিরূপে অঙ্গে প্রতিনিধিরধিকারী। পরার্থত্বাৎ প্রধানজন্যফলোপকারকত্বাৎ। তথাহি প্রধানং ফলযোগী স্বামী চ ফলযোগী; অতঃ প্রধানে স্বামী অধিকারী। গুণঃ পরোপকারকঃ প্রতিনিধিশ্চ পরোপকারকঃ, অতো গুণে প্রতিনিধিরধিকারীতি ভাবঃ। এতদ্বয়েবোৎসর্গেরন্নিতি এতয়া ঋচা, নাক্যবাক্যেনেত্যেবকারবশাৎ শূদ্রেণাক্যবাক্যেনোৎ-

আপস্তম্বও এই কথা স্পষ্টাক্ষরে বলিয়াছেন; যথা—"মন্ত্র পাঠান্তে কর্ম্ম সম্পাদন করিবে।" আপস্তম্বের উক্ত বাক্যের কর্ম্মবিপাকে "সম্পূর্ণ মন্ত্রটি পাঠ করিয়া কর্ম্ম করিবে", "এইরূপ অর্থ করা হইয়াছে। যদি ইহাই স্থির হইল যে, সম্পূর্ণ মন্ত্র পাঠের পর স্বতন্ত্র বাক্য বলিয়া উৎসর্গ করাই শাস্ত্রসম্মত ব্যবস্থা, তাহা হইলে, সঙ্কল্পবাক্যে "অমুকামুককামঃ" এই কথার পর যে, উৎসর্গ করা হয়, তাহাও সঙ্গত হইল। এবং সেই হেতুই, অর্থাৎ সম্পূর্ণ মন্ত্রপাঠের পর উৎসর্গ করা শাস্ত্রাভিমত হওয়াতেই শূদ্রকর্ত্তৃক বৃষোৎসর্গ স্থলে ব্রাহ্মণ মন্ত্রটি পাঠ করিলে শূদ্র বাক্য বলিয়া উৎসর্গ করিবার যে নিয়ম দৃষ্ট হয় তাহাও সঙ্গত হইল। এবং "প্রধান কর্ম্ম সাক্ষাৎ কর্ম্মফল-জনক বলিয়া স্বামী (কর্ম্মকর্ত্তা স্বয়ং) তাহাতেই অধিকারী অর্থাৎ স্বয়ং প্রধান কর্ম্মের অনুষ্ঠান করিবে, এবং অঙ্গ সকল প্রধানকর্ম্মজন্য ফলের উপকারক মাত্র বলিয়া, মন্ত্রপাঠাদিরূপ অঙ্গকর্ম্মে প্রতিনিধি অধিকারী হইতে পারে, অর্থাৎ প্রতিনিধিদ্বারা ঐ সকল কর্ম্মের সম্পাদন করা যাইতে পারে" এই পরিভাষাটিও সঙ্গত হইল। কেহ বলিয়াছিল, শূদ্র কর্ত্তৃক বৃষোৎসর্গ স্থলে

পরিভাষাপি সঙ্গচ্ছতে। এবং "বর্ষাসু রথকার আদধীত" ইতি প্রত্যক্ষশ্রুত্যা রথকারস্য মন্ত্রপাঠপূর্ব্বকাগ্নিস্থাপনরূপাধানে বোধিতে, তত্র বিদ্যাপ্রযুক্তিরস্তু; ইহ তু স্মার্ত্তে কর্ম্মণি, প্রত্যক্ষশ্রুত্যভাবাৎ ন তথা। কিন্তু,—

"শ্বেতোদরঃ কৃষ্ণপৃষ্ঠো ব্রাহ্মণস্য প্রশস্যতে।

সর্গবাক্যে বাক্যভেদগৌরবাচ্চ উৎসৃজেয়ন্নিতি চাতুর্ব্বর্ণ্যসাধারণতয়া বহুবচনোপদেশাচ্চ রথকারন্যায়াৎ শূদ্রেণাপি এনং যুবনাম্ ইত্যাদ্যুৎসর্গপ্রকাশকমন্ত্রঃ পঠনীয় এব, ন চ "অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্রো মন্ত্রেণ গৃহ্যতে" ইতি বচনাৎ ব্রাহ্মণদ্বারা মন্ত্রঃ পাঠ্য ইতি বাচ্যং, প্রধানস্য বৃষগতস্বত্বধ্বংসরূপস্য স্বয়মেবানুষ্ঠেয়স্য মুনিভিরেব তাদৃশমন্ত্রেণ বিহিতস্য অনন্যথাসিদ্ধস্য বৃষোৎসর্গস্যাজ্ঞাতত্বাৎ। রুদ্রাধ্যায়জপাদেস্তু অঙ্গত্বেনাচার্য্যদ্বারাপ্যনুষ্ঠেয়ত্বে শ্রাদ্ধাঙ্গমন্ত্রবদন্যথাসিদ্ধিত্বমিতি। অতএবোৎসর্গমন্ত্রপাঠানধিকারাৎ তাদৃশবিশেষপ্রতিপাদকবচনাভাবাচ্চ অনুপনীতস্য স্ত্রিয়াশ্চাধিকারো বৃষোৎসর্গে নাস্তি, শূদ্রস্য তু কৃষ্ণেনাপ্যন্ত্যাজন্মন ইতি বিশেষবচনাৎ অধিকার ইতি প্রাচাং মতম্। তত্র বাক্যং বিনা এনং যুবানমিতি মন্ত্রেণৈব বৃষোৎসর্গ ইতি যদুক্তং তদ্দূষিতং, রথকারন্যায়াৎ শূদ্রেণাপি এনং যুবানমিত্যাদ্যুৎসর্গপ্রকাশকমন্ত্রঃ পঠনীয় এবেতি যদুক্তং, তদিদানীং দূষয়তি বর্ষাস্বিত্যাদিনা। বিদ্যাপ্রযুক্তিরিতি বিদ্যা বেদমন্ত্রঃ তৎপ্রযুক্তিঃ ব্রাহ্মণেন রথকারস্য তৎপাঠনারূপযাজনেত্যর্থঃ। ব্রাহ্মণেন যাজনং বিনা রথকারস্যাধানকরণাসম্ভবাদিতি ভাবঃ। অত্র যোগার্থাদরে রথকারপদস্য ত্রৈবর্ণিকপরত্বং সম্ভবদপি লাঘবাৎ রূঢ়্যৈব জাতিবিশেষস্যৈব গ্রহণম্। তথাচামরঃ—"রথকারস্তু মাহিষ্যাৎ করণ্যাং যস্য সম্ভব" ইতি। যোগার্থস্য তু রূঢ্যর্থতো গৌরবম্, অবয়বার্থজ্ঞানাপেক্ষত্বাদিতি। প্রত্যক্ষেতি অনুমেয়া শ্রুতিস্তু

ব্রাহ্মণের মন্ত্র পাঠ করিতে হইবে কেন? রথকার-ন্যায় অনুসারে শূদ্র নিজেই ঐ মন্ত্রটি পাঠ করিতে পারিবে। এক্ষণে সেই মতের খণ্ডন করিতেছেন, —"তুমি যে, রথকার" ন্যায়ের কথা বলিতেছ, তাহা এস্থলে খাটিবেনা; দেখ, "বর্ষাকালে রথকার অগ্নি স্থাপন করিবে," এই প্রত্যক্ষ (সাক্ষাৎ) শ্রুতি প্রমাণ দ্বারা রথকারের নিজে মন্ত্র পাঠপূর্ব্বক অগ্নিস্থাপনরূপ বৈদিক আধান কর্ম্মানুষ্ঠান বোধিত হওয়াতেই রথকারের বেদমন্ত্রপাঠে অধিকার হৌক, কিন্তু বৃষোৎসর্গ একটি স্মার্ত্ত (স্মৃতিবোধিত) কর্ম্ম, শূদ্র যে বৃষোৎসর্গ করিবে, এসম্বন্ধে কোন প্রকার সাক্ষাৎ শ্রুতি নাই, সুতরাং বেদমন্ত্রপাঠে রথকারের দৃষ্টান্তে শূদ্রের অধিকার বলা যাইতে পারেনা; তবে শূদ্র যে, বৃষোৎসর্গ করে, তাহার প্রতি "ব্রাহ্মণের পক্ষে শ্বেতোদর এবং কৃষ্ণপৃষ্ঠ বৃষই প্রশস্ত,

স্নিগ্ধরক্তেন বর্ণেন ক্ষত্রিয়স্যাপি শস্যতে।
কাঞ্চনাভেন বৈশ্যস্য কৃষ্ণেনাপ্যন্ত্যজন্মন॥"

ইতি স্মৃত্যা শূদ্রস্য প্রধানে বৃষত্যাগেঽধিকারায় শ্রুতিরবাধিতবিষয়ৈব কল্প্যতে, ন তু মন্ত্রপাঠায়াপি॥ ১৫৫॥

যথা "পিতৃভ্যো দদ্যাদি"ত্যত্র বহুবচনেন সাহিত্যপ্রতীতাবপি, ন চতুর্থ্যা সহিতানাং দেবতাত্বং কল্প্যতে। কিন্তু

অন্ত্যোবেতি বোধ্যম্। ন তথা নে শূদ্রায় বিদ্যাপ্রযুক্তিঃ। অবাধিতেতি মন্ত্রেণ ব্রাহ্মণং প্রতিগৃহ্য শূদ্রো বৃষমুৎসৃজেদিত্যবাধিতবিষয়িকেত্যর্থঃ। কল্প্যতে অনুমীয়তে॥ ১৫৫॥

নমু কৃষ্ণেনাপ্যন্ত্য ইতি স্মৃত্যা শূদ্রস্য সাঙ্গ এব বৃষোৎসর্গে অধিকারঃ প্রতীয়তে, তৎকথং মন্ত্রপাঠরূপাঙ্গং বিহায় শ্রুতিঃ কল্প্যতে তত্রাহ যথেতি। বহুবচনেন সতি সাহিত্যে দ্বিবচনবহুবচনদ্বন্দ্বসমাসো বেতি শ্রবণাৎ পিতৃভ্যো দদ্যাদিত্যত্র পিতৃপিতামহাদেঃ সহিতস্যৈব দেবতাত্বং, তথাত্বে চ অমুকগোত্রাঃ পিতৃপিতামহপ্রপিতামহা অমুকদেবশর্ম্মামুকদেবশর্ম্মামুকদেবশর্ম্মাণঃ ইত্যেবংরূপেণ উল্লেখঃ স্যাদিতি। ন চতুর্থ্যেতি সহিতানাং দেবতাত্বং চতুর্থ্যা ন কল্প্যতে ইত্যন্বয়ঃ। চতুর্থ্যা উদ্দেশ্যত্ববোধনাৎ উদ্দেশ্যতা-

---

ক্ষত্রিয়ের পক্ষে সুস্নিগ্ধ রক্তবর্ণ বৃষই প্রশস্ত, বৈশ্য সুবর্ণসদৃশ আভাযুক্ত বৃষ দ্বারা কার্য্য করিবে এবং শূদ্র কৃষ্ণবর্ণ বৃষ উৎসর্গ করিবে।" এই স্মৃতির বচন দেখিয়া বৃষোৎসর্গরূপ প্রধান কর্ম্মে অধিকারার্থই একটি অবাধিতবিষয়া অর্থাৎ বৃষোৎসর্গরূপ প্রধান কর্ম্মমাত্রবিষয়া শ্রুতির কল্পনা করা হয়, কিন্তু মন্ত্রপাঠরূপ অঙ্গকর্ম্মের অধিকারার্থ শ্রুতিকল্পনার প্রতি কোন কারণই দৃষ্ট হয়না। ১৫৫।

এক্ষণে কেহ আশঙ্কা করিয়াছিল "শূদ্র কৃষ্ণবর্ণ বৃষ উৎসর্গ করিবে" এই স্মৃতি দৃষ্টে সাঙ্গ বৃষোৎসর্গেই শূদ্রের অধিকার প্রতীত হইতেছে, তবে মন্ত্রপাঠ-অঙ্গকে বাদ দিয়া শ্রুতির কল্পনা করা হইতেছে কেন? ইহার উত্তরে স্মার্ত্ত দৃষ্টান্ত দেখাইয়া সিদ্ধ করিতেছেন যে, প্রধানের জন্যই শ্রুতির কল্পনা করা হইয়া থাকে, অঙ্গের জন্য নহে, সেই দৃষ্টান্তটী এই—"পিতৃগণকে দান করিবে" এই বাক্যে বহু বচন দ্বারা সাহিত্য অর্থাৎ সম্মিলিত ভাবের প্রতীতি হইলেও (মিলিত ভাবে পিতামহাদির বোধ হইলেও) যেমন চতুর্থী বিভক্তি সহিত মিলিতভাবে উহাদিগের সকলের দেবতাত্ব কল্পনা করা হয়না, কিন্তু "এস্থলে

"অত্র পিতরো দেবতা" ইত্যাপস্তম্ববচনে 'দেবতা' ইতি বহুত্বস্য পৃথক্ নিবেশিতত্বেন প্রত্যেকদেবতাত্বস্য প্রতীতস্যাবাধেন পিতৄণাং প্রত্যেকং দেবতাত্বং কল্প্যতে। পিতৃভ্য ইতি সাহিত্যন্তু সুখিধানক্রিয়াপেক্ষয়া ইত্যুক্তং, তদ্বদত্রাপি।

বিশেষস্য চ দেবতাত্বে পর্য্যবসানাং ইত্থং কল্পনাপ্রসক্তিরিতি দেবতাত্বঞ্চ যাগোদ্দেশ্যত্বম্। পিতরো দেবতা ইতীতি এতন্মতে বিশেষণবিভক্তির্ন নিরর্থিকা, তথাচ দেবতাপদোত্তর-বহুবচনার্থস্য বহুত্বস্য প্রকৃত্যর্থতাবচ্ছেদকে দেবতাত্বেঽন্বয়ঃ। দেবতাবহুত্বস্য পিতৃপদোত্তর-বহুবচনেনৈব প্রাপ্তত্বাৎ সহিতস্য দেবতাত্বে চ এবমেব দেবতাত্বং স্যাদিতি। অভিধানেতি

পিতৃগণই দেবতা" এই আপস্তম্বের বচনে বহুত্বটি পৃথক্ করিয়া 'দেবতা' এই পদে বহুবচন দ্বারা সন্নিবেশিত হওয়াতে, প্রত্যেকের দেবতাত্ব প্রতীত হইবার কোনরূপ বাধা না থাকায়, পিতৃগণের প্রত্যেকেরই দেবতাত্ব কল্পনা করা হয়; তবে একসঙ্গে বলিবার সুবিধার নিমিত্তই অর্থাৎ একেবারে পিত্রাদি ছয়জনের বোধ করাইবার নিমিত্তই "পিতৃভ্যঃ" এই পদে চতুর্থীর বহুবচন প্রযুক্ত হইয়াছে মাত্র। এ স্থলেও সেইরূপ বুঝিতে হইবে। ইহার তাৎপর্য্য এই যে—তদ্ধিত, চতুর্থী এবং মন্ত্রলিঙ্গ, এই তিনটি দেবতার কল্পক, কিন্তু ইহাদের মধ্যে উত্তরোত্তরবর্ত্তী অর্থাৎ পূর্ব্ব পূর্ব্বাপেক্ষা দুর্ব্বল; তদ্ধিত অপেক্ষা চতুর্থী দুর্ব্বল, এবং চতুর্থী অপেক্ষা মন্ত্রলিঙ্গ দুর্ব্বল। তদ্ধিত অর্থাৎ "সা অস্য দেবতা" এই অর্থে যে তদ্ধিত প্রত্যয় হয়, তাহা দ্বারাও একরকম স্পষ্টই দেবতার বোধ হইয়া থাকে, কিন্তু পিতৃ বা দেবতার উদ্দেশে দান স্থলে চতুর্থী সাক্ষাৎ সম্বন্ধে সম্প্রদানত্ব বা উদ্দেশ্যত্বেরই বোধক, কিন্তু সেই সম্প্রদানত্ব বা উদ্দেশ্যত্ব অনিরাকৃত হয় বলিয়া, অর্থাৎ যাহার উদ্দেশে দান করা হয়, সেই দেবতা স্বয়ং উপস্থিত হইয়া গ্রহণ না করিলেও ঐ দানের অস্বীকার করিবার লোক না থাকায়, চতুর্থীদ্বারা ঐ দানের পাত্রীভূত দেবতার কল্পনা করা হইয়া থাকে। কাজেই তদ্ধিত অপেক্ষা দেবতার কল্পনা পক্ষে, চতুর্থীকে দুর্ব্বল বলিতে হইবে। যাহা হোক্ "পিতৃভ্যো দদ্যাৎ" এই বাক্যে চতুর্থী দ্বারা মিলিতভাবে পিতৃগণের দেবতাত্ব কল্পিত হইতে পারিত, যদি ঐ চতুর্থী অপেক্ষা পিতৃগণের প্রত্যেকের দেবতাত্বকল্পক কোন প্রকার প্রবল শ্রুত্যাদি প্রমাণ না থাকিত; কিন্তু "পিতরো দেবতা" এই আপস্তম্বের বচনে বহুবচনান্ত দেবতা

"অমন্ত্রস্য তু শূদ্রস্য বিপ্রো মন্ত্রেণ গৃহ্যতে।" ইত্যস্যা-বাধেনৈব প্রধানাধিকারমাত্রং কল্প্যতে। মনুরপি শূদ্রস্য মন্ত্রবর্জ্জং কর্ম্মানুষ্ঠানমাহ।—

অমাবস্যায়াং পিতৃভ্যো দদ্যাদিত্যত্র পিতৃপদস্য পিত্রাদিঘটকপরত্বাৎ কথনরূপক্রিয়ায়াং সাহিত্যং, পিত্রে পিতামহায় দদ্যাদিত্যাকারককথনে তু ন কথনেঽপি সাহিত্যম্। ইদমুপলক্ষণং, পিত্রাদিবিষয়কসমূহালম্বনশাব্দবোধাদাবপি সাহিত্যং সম্ভবতীতি বোধ্যম্।

পদটিকে পৃথক্ করিয়া বিধেয়রূপে নির্দ্দেশ করায়, যতগুলি পিতৃলোক তাহারা প্রত্যেকেই দেবতা, এইরূপ অর্থ, স্পষ্টরূপে প্রতীত হওয়ায়, মিলিতভাবে দেবতাত্বকল্পক "পিতৃভ্যোদদ্যাৎ" এই পদস্থিত চতুর্থী অপেক্ষা আপস্তম্বের প্রত্যেকের দেবতাত্বকল্পক বচনটিই প্রবল হইল; সুতরাং দুর্ব্বল চতুর্থী-দ্বারা মিলিতভাবে পিতৃগণের দেবতাত্ব কল্পনা না করিয়া আপস্তম্বের বচনরূপ প্রবল প্রমাণ দ্বারা যেমন পিতৃগণের প্রত্যেকেরই দেবতাত্ব কল্পনা করা হইয়া থাকে, অর্থাৎ পার্ব্বণ শ্রাদ্ধ করিবার সময় "অমুকগোত্রাঃ পিতৃ-পিতামহপ্রপিতামহাঃ অমুক-দেবশর্ম্ম-অমুকদেবশর্ম্ম অমুকদেবশর্ম্মাণঃ" এইরূপ মিলিতভাবে সম্বোধন না করিয়া, "অমুকগোত্র পিতঃ অমুক দেবশর্ম্মন্" এইরূপ একএকটি করিয়া প্রত্যেকের সম্বোধন করা হয়, সেইরূপ এস্থলেও "কৃষ্ণেনা-প্যত্যজমনঃ" এই স্মৃতিবাক্যটি স্পষ্টরূপে বৃষোৎসর্গমাত্রেরই বোধ করাইতেছে বলিয়া ইহা শূদ্রের বৃষোৎসর্গরূপ প্রধান কর্ম্মেই অধিকারমূলক শ্রুতিরই কল্পক হইয়াছে। যদি বল, পিতৃগণের প্রত্যেকেরই যদি দেবতাত্ব স্থিরীকৃত হইল, তবে "পিত্রে দদ্যাৎ" 'পিতামহায় দদ্যাৎ" এইরূপ পৃথক্ পৃথক্ ভাবে বলা না হইল কেন? ইহার উত্তরে স্মার্ত্ত বলিয়াছেন, "অভিধানক্রিয়াপেক্ষয়া" বলিবার সুবিধার জন্যই অর্থাৎ এককথায় পিতা প্রভৃতি ছয়জনকে বোধ করাই-বার জন্যই বহুবচনান্ত করিয়া মিলিতভাবে বলা হইয়াছে। গোস্বামী এই অভিধান ক্রিয়াপেক্ষয়া' এই কথাটির অন্যপ্রকার অভিপ্রায় ব্যক্ত করিয়াছেন, তিনি বলেন—অভিহিত দান ক্রিয়ার বহুত্ব সূচন করিবার জন্যই অর্থাৎ একএক জনের উদ্দেশে বহু দান করা সূচন করিবার জন্যই "পিতৃভ্যঃ" এই পদে বহুবচন দেওয়া হইয়াছে। শূদ্রের মন্ত্রপাঠরূপ অঙ্গের সহিত প্রধান কর্ম্মে অধিকারমূলক শ্রুতির কল্পনা না করিয়া, কেবলমাত্র প্রধান

"ধর্ম্মেপ্সবশ্চ ধর্ম্মজ্ঞাঃ সতাং বৃত্তিমনুষ্ঠিতাঃ।
মন্ত্রবর্জ্জং ন দুষ্যন্তি প্রশংসাং প্রাপ্নুবন্তি চ॥"

"যে পুনঃ শূদ্রাঃ স্বধর্ম্মবেদিনো ধর্ম্মপ্রাপ্তিকামাস্ত্রৈবর্ণিকাচারমনিষিদ্ধমাশ্রিতাস্তে "নমস্কারেণ মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্ন হাপয়েদি"তি যাজ্ঞবল্ক্যবচনান্নমস্কারমাত্রেণ মন্ত্রান্তররহিতেন পঞ্চযজ্ঞাদি কুর্ব্বাণান্ প্রত্যবায়মাপ্নুবন্তি খ্যাতিঞ্চ লোকে প্রাপ্নুবন্তী"তি কুল্লূকভট্টঃ। বৎসতরীযুক্তবৃষোৎসর্গস্য প্রাধান্যাদাদিত্যপুরাণেঽপি মন্ত্রং বিনা তাবন্মাত্রমুক্তং। যথা,—

তদত্রাপি কল্প্যতে ইতি পরেণান্বয়ঃ। ধর্ম্মজ্ঞা ইত্যস্য বিবরণং স্বধর্ম্মবেদিন ইতি। ধর্ম্মেপ্সব ইত্যস্য বিবরণং ধর্ম্মপ্রাপ্তিকামা ইতি। সতাং বৃত্তিমনুষ্ঠিতা ইত্যস্য বিবরণং ত্রৈবর্ণিকেতি। নমস্কারেণেতি নম ইতি মন্ত্রেণ পঞ্চযজ্ঞান্ কুর্য্যাদিত্যর্থঃ। ন দুষ্যন্তীত্যস্য বিবরণং ন প্রত্যবায়ং প্রাপ্নুবন্তীতি। প্রশংসামিত্যস্য বিবরণং খ্যাতমিতি, শেষস্থিতচকারস্য চান্বয়ঃ কৃতঃ। মন্ত্রং বিনা এবং যুবানম্ ইত্যাদিমন্ত্রং বিনা। তাবন্মাত্র ইতি বৃষোৎ-

কর্ম্মে অধিকারমূলক শ্রুতির যে কল্পনা করা হইতেছে কেন? ইহার প্রতি পূর্ব্বোক্ত যুক্তিমাত্রে সন্তুষ্ট না হও, তবে আরও বলিতেছি শুন,—"স্বভাবতঃ মন্ত্রপাঠে অনধিকারী শূদ্রের পঠিতব্য মন্ত্রগুলি ব্রাহ্মণকে আসিয়া আশ্রয় করে," এই স্মৃতির বচনের বাধ না করিয়া অর্থাৎ ইহাকে বলবান্ রাখিয়াই কেবলমাত্র প্রধান কর্ম্মেই শূদ্রের অধিকারমূলক শ্রুতির কল্পনা করা হইয়াছে। শূদ্রেরা যে স্বয়ং মন্ত্রপাঠ না করিয়াও ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করিতে পারিবে, সে কথা মনুও বলিয়াছেন, যথা—"ধর্ম্মজ্ঞ অর্থাৎ নিজ ধর্ম্মের স্বরূপে অভিজ্ঞ, ধর্ম্মলাভে অভিলাষী, এবং উচ্চবর্ণদিগের শাস্ত্রসম্মত আচার অনুসরণকারী শূদ্রগণ মন্ত্রপাঠ না করিয়াও বৈদিক কর্ম্মের অনুষ্ঠান করিবে, তাহাতে কোন দোষ হইবে না, বরং তাহাতে লোকমধ্যে প্রশংসাই প্রাপ্ত হইবে।" মনুর এই বচনের কুল্লুকভট্ট যেরূপ ব্যাখ্যা করিয়াছেন, আমরা তদনুসারেই অনুবাদ করিয়াছি, কুল্লূকভট্টের ব্যাখ্যার একটি অংশ কেবল অনুবাদে প্রকাশ করা হয় নাই, সেটি এই,—মনুর "মন্ত্রবর্জ্জন" পদটির কুল্লুকভট্ট ব্যাখ্যা করিয়াছেন "নমো নমঃ" এই নমস্কারমন্ত্র মাত্র বলিয়াই পঞ্চযজ্ঞের অনুষ্ঠান করিবে।" এই যাজ্ঞবল্ক্যের বচন অনুসারে অন্য মন্ত্র সকল পরিত্যাগপূর্ব্বক কেবলমাত্র নমস্কার মন্ত্র (নমো নমঃ)

"যুঞ্চন্তি বৃষভং যে চ নীলঞ্চৈব সুশোভনম্।
লাঙ্গুলাকর্ষসর্ব্বাঙ্গং শৃঙ্গযুক্তং সুশোভনম্॥
কার্ত্তিক্যাং মুচ্যতে দত্ত্বা পাপান্ন সংশয়ঃ।
ত্রিবর্ষাস্তথ গুর্ব্বিণ্যো দদ্যাদ্গাবো বৃষস্য চ" ॥ ১৫৬ ॥

এবঞ্চ ব্রাহ্মণদ্বারা মন্ত্রপাঠোপপত্তেঃ। শিবপুরাণে,—

"স্ত্রিয়ঃ শূদ্রাশ্চ ম্লেচ্ছাশ্চ যে চান্যে পাপযোনয়ঃ।
নমস্কারেণ মন্ত্রেণ তদেব ফলমাপ্নুয়ুঃ।" ইত্যাদিনা, ছন্দোগপরিশিষ্টাদৌ কর্ত্তৃবিশেষানভিধানাৎ, সর্ব্বাধিকারিত্ব-প্রতীতের্বৃষোৎসর্গে স্ত্রীণামপ্যধিকারোঽস্তি।

সর্গমাত্রঃ, বৎসতরীং বিনা কেবলবৃষস্য উৎসর্গ ইতি যাবৎ। লাঙ্গুলেতি লাঙ্গুলেনাকর্ষো যস্য এবম্ভূতং সর্ব্বাঙ্গং যস্য তং দীর্ঘলাঙ্গুলমিত্যর্থঃ। "অগ্নিপুরাণম্,—"দ্বিহায়নীভি-র্ধেনুভিশ্চতুর্ভিঃ সহ রূপবান্। যাভ্যামথৈকয়াভাবাদুৎস্রষ্টব্যো দ্বিহায়নঃ। যো বাহয়তি শুক্র পিবেৎ ক্ষীরঞ্চ তস্যাধম্। যাবন্তি তস্য লোমানি তাবদ্বর্ষাণ্যধোগতিঃ॥ তাসাং ন চান্যং পাতব্যং শাশ্বতীং গতিমিচ্ছতেতি॥ ১৫৬

বৃষোৎসর্গে স্ত্রিয়া অধিকারো নাস্তীতি প্রাচীনৈর্যদুক্তং তদপি দূষয়তি এবঞ্চেত্যাদিনা। ব্রাহ্মণদ্বারা মন্ত্রপাঠোপপত্তেরিত্যাদিহেতুনাং ব্রাহ্মণাদিস্ত্রীণাম্ অপ্যধিকার ইত্যনে-

---

পাঠ করত পঞ্চযজ্ঞাদির অনুষ্ঠানকারী।" আরও দেখ, বৎসতরীযুক্ত বৃষোৎসর্গরূপ কর্ম্মেরই প্রাধান্য নিবন্ধন আদিত্যপুরাণে মন্ত্রপাঠের কথা ছাড়িয়া দিয়া, কেবলমাত্র বৃষোৎসর্গের কথাই বলা হইয়াছে, যথা—"যাহারা দীর্ঘলাঙ্গুলসম্পন্ন, শৃঙ্গযুক্ত, সুন্দর, নীল বৃষকে কার্ত্তিকী পূর্ণিমায় উৎসর্গ করে, এবং উহার সহিত ত্রিবর্ষবয়স্ক গর্ভবতী গোরু যে প্রদান করে, সে সকল পাপ হইতে মুক্ত হয়, ইহাতে কোন সংশয় নাই।" ১৫৬।

এইরূপে শূদ্রের বৃষোৎসর্গ স্থলে ব্রাহ্মণ দ্বারা মন্ত্রপাঠ শাস্ত্রসম্মত বলিয়া স্থির হওয়াতেই, শিবপুরাণে বলা হইয়াছে—"স্ত্রীগণ, শূদ্র, ম্লেচ্ছ এবং তদপেক্ষা নিকৃষ্ট জাতিরাও কেবলমাত্র নমস্কার মন্ত্র উচ্চারণপূর্ব্বক কর্ম্ম করিয়া, কর্ম্মের অবিকল ফল প্রাপ্ত হইবে।" ইত্যাদি বচন দ্বারা এবং ছন্দোগপরিশিষ্টে বৃষোৎসর্গের অধিকারী কর্ত্তার বিশেষরূপে নির্দ্দেশ না থাকায়, সর্ব্বপ্রকার ব্যক্তিরই বৃষোৎসর্গে অধিকার প্রতীতি হেতু স্ত্রীদিগেরও যে, বৃষোৎসর্গে অধিকার আছে,

"ন স্ত্রীণামধিকারোঽস্তি শ্রাদ্ধেষু পার্ব্বণাদিষু।
কন্যাবৃষসমুৎসর্গে অধিকারো ভবেদ্ ধ্রুবম্" ইতি হলায়ুধ-
বচনাচ্চ। এবমেব সুগতিসোপানপ্রভৃতয়ঃ। "কৃষ্ণেনাপ্যন্ত্য-
জন্মন" ইতি তু বর্ণপ্রশংসামাত্রপরম্। বৃষোৎসর্গেঽনুপ-
নীতস্যাপ্যধিকারঃ।

"ন হ্যস্য বিদ্যতে কর্ম্ম কিঞ্চিদা মৌঞ্জিবন্ধনাৎ।
"অন্যত্রোদককর্ম্ম-স্বধা-পিতৃসংযুক্তেভ্য এব চ॥" ইতি
কল্পতরুধৃতবশিষ্ঠবচনেন প্রতিপ্রসবাৎ। অপরন্তু—"হে বৎস-

নাবয়ঃ। বর্ণপ্রশংসেতি। "শ্বেতোদরঃ কৃষ্ণপৃষ্ঠো ব্রাহ্মণস্য প্রশস্যতে। স্নিগ্ধরক্তেন,—বর্ণেন ক্ষত্রিয়স্য প্রশস্যতে। কাঞ্চনাভেন বৈশ্যস্য কৃষ্ণেনাপ্যন্ত্যজন্মন" ইতি। মৎস্য-পুরাণে,—"বৃষস্য বর্ণবিশেষেণ ব্রাহ্মণাদেঃ প্রাশস্ত্যং প্রশস্যতে" ইত্যভিধানাৎ। কাত্যায়নঃ,—"অব্যঙ্গো জীববৎসায়াঃ পয়স্বিন্যাঃ সুতো বলী। একবর্ণো দ্বিবর্ণো বা যো বা স্যাদষ্টকা-সুতঃ॥ যূথাচ্ছাদনতরো যস্ত সমো বা নীচ এব বা। সপ্তবারান্ সপ্তবারাসুৎসৃষ্টস্তারয়েদ্-বৃষঃ॥" ইতি। সামান্যবর্ণোপদেশশ্চাতুর্ব্বর্ণিক এব। অষ্টকাসুতঃ অষ্টকাসু জাতঃ, অনেনাষ্টমীজাতস্য প্রাশস্ত্যমুক্তম্। বৃষোৎসর্গেঽনুপনীতস্যাধিকারো নাস্তীতি প্রাচীনৈর্বহুক্তং তদপি দূষয়তি বৃষোৎসর্গেঽনুপনীতস্যাপ্যধিকার ইতি। আ মৌঞ্জিবন্ধনাৎ উপনয়ন-পর্য্যন্তম্। উদককর্ম্ম তর্পণম্, স্বধা শ্রাদ্ধং, "স্বধা পিতৃণামন্নমি"তি শ্রুতেঃ।" পিতৃসংযুক্তং শয্যাদান-বৃষোৎসর্গাদি। প্রতিপ্রসবাদিতি ন হ্যস্য বিদ্যতে কর্ম্ম ইত্যস্য অন্যত্রোদকে-

ইহা অবশ্য স্বীকার করিতে হইবে। "স্ত্রীদিগের পার্ব্বণশ্রাদ্ধে অধিকার নাই, কিন্তু কন্যাদান এবং বৃষোৎসর্গে নিশ্চয়ই অধিকার আছে।" হলায়ুধের এই বচনেও বৃষোৎসর্গে স্ত্রীদিগের অধিকার প্রতিপাদিত হইয়াছে। সুগতি-সোপান প্রভৃতি নিবন্ধকারগণ এই কথাই বলিয়াছেন। উপরিউক্ত স্মৃতির বচনে যে, শূদ্রের পক্ষে কৃষ্ণবর্ণের বৃষ উৎসর্গ করিবার বিধান করা হইয়াছে, উহাদ্বারা কৃষ্ণবর্ণ বৃষ যে শূদ্রের পক্ষে প্রশস্ত, এই মাত্র জ্ঞাপন করা হইয়াছে, নতুবা শূদ্র যে, কৃষ্ণবর্ণ বৃষ ভিন্ন অপরবর্ণের বৃষ উৎসর্গ করিতে পারিবেনা, এমন কোন নিয়ম করা হয় নাই। এই বৃষোৎসর্গে অনুপনীত দ্বিজ বালকেরও অধিকার আছে। "অনুপনীত দ্বিজাতি বালকের মৌঞ্জিবন্ধন অর্থাৎ উপনয়ন না হওয়া পর্য্যন্ত, তর্পণ, শ্রাদ্ধ এবং পিতৃসম্বন্ধি বৃষোৎসর্গাদি ভিন্ন অপর কর্ম্মে অধিকার নাই।" অনুপনীত বালকদিগের সাধারণতঃ কর্ম্মে অধিকার

তর্ষ্যো বো যুষ্মাকম্ এনং যুবানং পতিং স্বামিনং দদামি ইচ্ছাতঃ প্রার্থয়ামি, তেন বৃষেণ সহ ক্রীড়ন্তীঃ খেলয়ন্ত্যশ্চরথ ভ্রমথ, হে বৎসতর্ষ্যো যূয়মপি মা নঃ নাস্মৎস্বত্ববিরহা ভবিষ্যথ, কিন্তু ময়া ত্যক্তব্যা, বয়ং বৃষস্য বৎসতরীণাঞ্চ ত্যাগেন রায়স্পোষেণ ধন-সমৃদ্ধ্যা প্রাপ্তসমৃদ্ধা সপ্তজন্মব্যাপকেন ইষা অন্নেন চ সম্মদেম হৃষ্টা ভবেম, সুভগা লোকস্য প্রিয়া ইতি। 'সম্মদেম' ইতি "ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমান" ইতি পাণিনিস্মরসাৎ ভবিষ্যদর্থে বর্ত্তমানতা ॥ ১৫৭ ॥

নীলবৃষলক্ষণমাহ শঙ্খঃ,—

"লোহিতো যস্তু বর্ণেন মুখে পুচ্ছে চ পাণ্ডরঃ।
শ্বেতঃ খুরবিষাণাভ্যাং স নীলো বৃষ উচ্যতে ॥"

ত্যাদিনা প্রতিপ্রসবাদিত্যর্থঃ। সম্মদেম ইতি সমিধা ইত্যত্র স্থিতস্য সমিত্যস্য মদেম ইত্যত্রান্বয়ঃ কৃতঃ। বর্ত্তমানেতি কালাপানাং লটো বর্ত্তমানেতি পরিভাষা ॥ ১৫৭ ॥

নীলবৃষেতি। দেবীপুরাণে—"চরণানি মুখং পুচ্ছং যস্য শ্বেতানি গোপতেঃ। লাক্ষারস-সবর্ণস্য তং নীলমিতি নির্দ্দিশেৎ ॥ বৃষ এব স মোক্তব্যো নমস্কার্য্যো গৃহে বসন্। তদর্থ-মেষা চরতি লোকে গাথা পুরাতনী ॥ এষ্টব্যা বহবঃ পুত্রা যদ্যেকোঽপি গয়াং ব্রজেৎ। গৌরীং বাপ্যুদ্বহেদ্ ভার্য্যাং নীলং বা বৃষমুৎসৃজেৎ ॥" "নমস্কার্য্যো গৃহে বসন্নি"ত্যত্র "ন স ধার্য্যো গৃহে ভবেদি"তি কচিৎ পাঠঃ। "গৌরীং বাপ্যুদ্বহেদ্ ভার্য্যাম্" ইত্যত্র "যজেত

হওয়ায়, কল্পতরু নামক গ্রন্থে উদ্ধৃত এই বশিষ্ঠের বচন দ্বারা বৃষোৎসর্গে ঐ অনধিকারের প্রতিপ্রসব করা হইয়াছে, অর্থাৎ অধিকার স্থাপন করা হইয়াছে। বৃষোৎসর্গের পূর্ব্বপাঠ্য ঋক্‌টির আমরা যথাস্থানে স্মার্ত্ত-সম্মত অর্থ অনুসারেই অনুবাদ করিয়াছি, সুতরাং এস্থলে আর তাহার পুনরুল্লেখ করিবার আবশ্যকতা নাই; তবে এই টুকু মাত্র বক্তব্য যে, ঐ ঋকে "সম্মদেম" এই যে, ক্রিয়াপদটি আছে, উহাতে ভবিষ্যৎ অর্থে বর্ত্তমান কালের প্রত্যয় করা হইয়াছে; "ভবিষ্যৎসামীপ্যে বর্ত্তমান" পাণিনির এই সূত্রটিই এ বিষয়ে প্রমাণ। ১৫৭।

নীল বৃষের লক্ষণ শঙ্খ এইরূপ করিয়াছেন—"যাহার বর্ণ লাল এবং মুখ, পুচ্ছ, খুর ও শিং সাদা, তাহাকে নীল বৃষ বলা হয়।" স্মৃতিতে বৎসতরী-

বৎসতরীং বিশেষয়তি স্মৃতিঃ,—

"অগ্রতো লোহিতা পত্নী পার্শ্বয়োর্নীলপাণ্ডুরে।
পৃষ্ঠতস্তু ভবেৎ কৃষ্ণা বৃষভস্য তু মোক্ষণে॥"

যূপমাহ স এব,—

"চতুর্হস্তো ভবেদ্যূপো যজ্ঞবৃক্ষসমুদ্ভবঃ।
বর্ত্তুলঃ শোভনঃ স্থূলঃ কর্ত্তব্যো বৃষমৌলিকঃ॥"

ভবিষ্যে,—

"বিল্বস্য বকুলস্যৈব কলৌ যূপঃ প্রশস্যতে।"

যাবমেধেনে"তি নারায়ণোপাধ্যায়ৈর্লিখিতম্। "অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী"তি। "লোহিতো যস্তু বর্ণেন শঙ্খবর্ণখুরস্তথা। লাঙ্গুলশিরসশ্চৈব স বৈ নীলবৃষঃ স্মৃতঃ॥ এবং বৃষং লক্ষণসন্নিযুক্তং গৃহোদ্ভবং ক্রীতমথাপি রাজন্। মুক্তা ন শোচেন্মরণং মহাত্মা মোক্ষং গতিঞ্চাহমতোঽভিধাস্যে॥" অত্র গয়াশ্রাদ্ধাশ্বমেধতুল্যতামভিধায় মোক্ষফলকথনাদেকাদশাহাদাবপি মোক্ষফলত্বমেব নীলবৃষোৎসর্গস্য। স্মৃতিঃ,— "ত্রিমাসাদূর্দ্ধমেতস্য বৃষত্বেনাধিকারিতা। যাবদ্দন্তা ন শীর্য্যন্তি তাবৎ স্বর্গং ন গচ্ছতি॥ ক্রীত্বা বীরক্রয়েণৈব পরিবর্ত্তোপপাদিনা। ধান্যক্রীতং গৃহে জাতং বৃষভং তং সমুৎসৃজেৎ॥" বীরক্রয়ো যাচ্ঞাশূন্যেন ক্রয়ঃ। বৎসরাভ্যন্তরে ক্রিয়মাণে একাদশাহাদিশ্রাদ্ধাৎ পূর্ব্বমেব কার্য্যং ন তু পরং, নিন্দাশ্রবণাৎ। যথা শাট্যায়নঃ,—"কৃত্বৈকাদশিকং শ্রাদ্ধং বৃষোৎসর্গং করোতি যঃ। অসিপত্রবনে ঘোরে পিতৃভিঃ সহ পচ্যতে॥" অত্র বৃষোৎসর্গো গোযজ্ঞেন ব্যাখ্যাত ইত্যনেন পারস্করেণ বৃষোৎসর্গশূলগবাতিদিষ্টগোযজ্ঞাতিদেশাৎ "গন্ধৈরাভ্যুক্ষণং যথাসি"ত্তি শূলগবোক্তাধিবাসঃ পূর্ব্বদিনে কর্ত্তব্য এব। অত্রাধুনিকাঃ—একাদশাহে পূর্ব্বদিনে অশৌচসম্ভাবাৎ সংবৎসরাভ্যন্তরে ত্রিপক্ষাদৌ, "প্রমীতৌ পিতরৌ যস্য দেহস্তস্যাশুচির্ভবেৎ। নাপি দৈবং ন বা পৈত্রং যাবৎ পূর্ণো ন বৎসরঃ॥" ইত্যনেন দেহাশুদ্ধা-

দিগের মধ্যেও এই বিশেষ বিভাগ করা হইয়াছে, যথা—"লালবর্ণের বৎসতরীকে সম্মুখে রাখিয়া উভয়পার্শ্বে (দক্ষিণ ও বামে) যথাক্রমে নীল ও পাণ্ডুরবর্ণের এবং পৃষ্ঠভাগে (পিছনে) কৃষ্ণবর্ণের বৎসতরীকে রাখিয়া বৃষ উৎসর্গ করিবে।" যূপের লক্ষণ সেই শঙ্খই এইরূপ করিয়াছেন—"যজ্ঞীয় বৃক্ষদ্বারা চতুর্হস্ত পরিমিত যূপ প্রস্তুত করিবে; উহা গোলাকার এবং দেখিতে সুন্দর হওয়া চাই, এবং উহার মস্তকে একটি বৃষ খোদিত করিতে হইবে; ঐ বৃষটি সুদ্ধই চারহস্ত পরিমিত হইবে।" ভবিষ্য-পুরাণে বলা হইয়াছে—"কলিযুগে

"শুক্লবাসাঃ শুচিভূ'ত্বা ব্রাহ্মণান্ স্বস্তিবাচ্য চ।
কীর্ত্তয়েদ্ভারতঞ্চৈব তথা স্যাদক্ষয়ং হবিরি"তি দানধর্ম্মে বৃষোৎসর্গপ্রকরণীয়বচনাদক্ষয়হবিষ্কামেণ স্বস্তিবাচনানন্তরং ভারতনামোচ্চার্য্যম্।

"যদহ্না কুরুতে পাপং ব্রাহ্মণস্ত্বিন্দ্রিয়ৈশ্চরন্।
মহাভারতমাখ্যায় পূর্ব্বাং সন্ধ্যাং বিমুচ্যতি॥"

ইত্যাদিপুরাণোক্তপ্রাতর্ম্মহাভারতোচ্চারণবৎ। রাঢ়দেশীয়প্রভৃতয়স্তু বিরাটপর্ব্ব পাঠয়ন্তি। অত্র ব্রহ্মাদিবরণে

ভিধানাৎ সংবৎসরাৎ পরমেব সাঙ্গকর্ত্তব্যতাবগমাৎ বৃদ্ধিশ্রাদ্ধবদধিবাসস্ত বাধঃ। অন্যথা বৎসরাভ্যন্তরে বৃদ্ধিশ্রাদ্ধস্যাপ্যনুষ্ঠানং স্যাৎ ইতি প্রাচীনাচারমূলজ্যা ব্যবহাপয়ন্তি, তদশুদ্ধম্; যদ্যধিবাসো বৃষোৎসর্গেঽঙ্গমিত্যাস্তি তদাশৌচান্তাদ্বিতীয়দিনে বৃষোৎসর্গে ইত্যুপাদিশন্ বিধিরেব তদঙ্গাস্যপি বিদধাতীত্যাশৌচেঽপ্যধিবাসো বৈধঃ, দাশাহিকপিণ্ডদানবৎ তত্রাশৌচমকিঞ্চিৎকরম্। অনঙ্গত্বে তু কৈবাত্র প্রসঙ্গঃ, কথং বাতৎকা তদনুষ্ঠানমিতি সুধীভির্ভাব্যম্। যূপ ইতি। স্মৃতিঃ,—"সার্দ্ধহস্তদ্বয়ঞ্চৈব যূপমূর্দ্ধং প্রদর্শয়েৎ। উপযূপাশ্চ চত্বারো হস্তবরবিনির্ম্মিতাঃ॥" মৎস্যসূক্তম্,—"চতুর্হস্তো ভবেদ্ যূপো ব্রহ্মণঃ শ্রবণাবধিঃ। কণ্ঠগ্রীবাবধিঃ কার্য্যাস্তথা রাজন্যবৈশ্যয়োঃ। পৃষ্ঠাবধিশ্চ শূদ্রাণামেষ যূপবিধিঃ স্মৃতঃ॥"

বিল্ব অথবা বকুল বৃক্ষের যূপই প্রশস্ত।" দানধর্ম্মে বৃষোৎসর্গের প্রকরণে "শুচি হইয়া শুক্ল বস্ত্র পরিধানপূর্ব্বক ব্রাহ্মণদিগকে স্বস্তিবাচন করাইয়া "ভারত" এই কথাটির উচ্চারণ করিবে, তাহাতে হোমের হবি অক্ষয় হইবে।" উক্ত বচন অনুসারে অক্ষয় হবি অভিলাষী ব্যক্তি বৃষোৎসর্গের প্রারম্ভে স্বস্তিবাচন করাইয়া "ভারত" এই নামটির উচ্চারণ করিবে। "ব্রাহ্মণ সমস্ত দিন ইন্দ্রিয়গণের ব্যবহার দ্বারা যে পাপের অর্জ্জন করে, প্রাতঃকালে "মহাভারত" এই কথাটি বলিয়া সেই পাপ হইতে মুক্ত হয়।" এই আদিপুরাণের বচনের দ্বারা যেমন প্রাতঃকালে "মহাভারত" এই কথাটির মাত্রই উচ্চারণ করিতে বলা হইয়াছে, বৃষোৎসর্গেও সেইরূপ "মহাভারত" এই কথাটীর মাত্রই উচ্চারণ করাই উক্ত দানধর্ম্মীয় বচনের অভিপ্রেত অর্থ বুঝিতে হইবে, সমগ্র মহাভারত পাঠ করা নয়; কারণ তাহা অসম্ভব। কিন্তু রাঢ়দেশীয় পণ্ডিতগণ দানধর্ম্মীয় বচনের ভারত-গ্রন্থের পাঠ করাই অভিপ্রেত অর্থ বুঝিয়া,

"অমুককর্ম্ম কর্ত্তুং ত্বামহং বৃণে" ইতি যুক্তং ন, এককর্তৃক এব তুমো বিধানাৎ। এবং কৃতাকৃতবেক্ষণব্রহ্মকর্ম্ম কর্ত্তুং ব্রহ্মত্বেতি মৈথিলানাং বাক্যরচনা সর্ব্বথা দুষ্টা। উপবেশনবিশেষস্ত ব্রহ্মকর্ম্মণোঽনুক্তত্বাৎ, "ব্রহ্মত্বেনে"ত্যস্য বৈয়র্থ্যাৎ, ভিন্নকর্তৃত্বেন

ইতি তু প্রকারান্তরম্। পূর্ব্বোং গন্ধ্যাং প্রাপ্যোত্যর্থঃ। শ্রুত্বা বিরাটপর্ব্বেতি কল্পতরৌ ভবিষ্যে,—"শ্রুত্বা বিরাটপাঠকং উৎসৃজেদ্বৃষমুত্তমম্। পিতৃণামনৃণো ভূত্বা প্রাপ্নোতি স্বর্গতিং পরাম্॥" তথা,—"বিরাটং পাঠয়িত্বা য উৎসৃজেদ্বৃষমুত্তমম্। স গচ্ছেৎ পরমং দেবং নারায়ণমনাময়ম্॥" তথা,—"বিরাটপাঠং যস্তার্থে কারয়েদ্বান্ধবঃ কচিৎ। তস্য স্বর্গে স্থিতিস্তাবদ্যাবদিন্দ্রাশ্চতুর্দ্দশ" ইতি। উপবেশনেতি কৃতাকৃতাবেক্ষণরূপব্রহ্মকর্ম্মৈবোক্তং

বোধ হয়, তাহা সম্ভবপর নয় বলিয়া মহাভারতের অংশবিশেষ বিরাটপর্ব্বের পাঠ করাইয়া থাকেন। এই বৃষোৎসর্গে ব্রহ্মাদির বরণবাক্যে যে, "অমুককর্ম্ম করিতে আপনাকে আমি বরণ করিতেছি" এই অর্থে "কৃ" ধাতুর উত্তর 'তুম্' প্রত্যয়ান্ত পদের বিন্যাস করা হয়, তাহা ব্যাকরণসঙ্গত প্রয়োগ নহে; কারণ ব্যাকরণে "তুম্" এই প্রত্যয়টি একই কর্ত্তা যাহাদের এইরূপ ধাতুদ্বয়ের মধ্যে পূর্ব্ববর্ত্তী ধাতুর উত্তরই বিহিত হইয়াছে। এস্থলে যদিও 'কৃ' এবং 'বৃ' এই দুইটি ধাতুর সমাবেশ হইয়াছে বটে, কিন্তু এই উভয় ধাতু এককর্তৃক হয় নাই, "কর্ত্তুং" এই 'কৃ' ধাতুনিষ্পন্ন তুমন্তপদের কর্ত্তা হইল 'ব্রহ্মা,' এবং "বৃণে" (বরণ করিতেছি) এই 'বৃ' ধাতুনিষ্পন্ন তিঙন্তপদের কর্ত্তা "অহং"। সুতরাং এরূপ স্থলে ব্যাকরণের নিয়মানুসারে 'তুম' প্রত্যয় হইতেই পারে না। এইরূপ 'তুম্' প্রত্যয়ান্ত প্রয়োগ যদি অসঙ্গত হইল, তাহ'লে মৈথিলগণ যে, ব্রহ্মার বরণে "কৃত এবং অকৃত (কে কোথায় কোন্ কার্য্য ঠিক্ করিতেছে, এবং কেই বা কর্ত্তব্য কর্ম্ম ছাড়িয়া দিয়া চক্ষে ধূলি নিক্ষেপ করিতেছে,) ইত্যাদি বিষয়ের পর্য্যবেক্ষণ (তদারক করা) রূপ ব্রহ্মার কর্ম্ম করিতে ব্রহ্মারূপে আপনাকে বরণ করিতেছি" এইরূপ বাক্য রচনা করেন, তাহাও দোষযুক্ত; কারণ, ব্রহ্মার কৃত এবং অকৃত কর্ম্মের তদারক করা যেমন একটি কর্ম্ম, বিশেষভাবে উপবেশন করিয়া থাকাও সেইরূপ আর একটি কর্ম্ম আছে; কিন্তু মৈথিলগণের রচিত বাক্যে সে কথার একেবারেই উল্লেখ করা হয় নাই; দ্বিতীয়তঃ "ব্রহ্মত্বেন" (ব্রহ্মারূপে) এই পদটি এস্থলে সম্পূর্ণ পুনরুক্ত, সুতরাং নিরর্থকই হইতেছে; কারণ

ত্বমোৎসর্গবাক্যে। তস্মাদ্‌"ব্রহ্মকর্ম্মকরণায়" ইত্যেব বরণে নির্দ্দেশ্যম্। অত্র সর্ব্বশাখাধিকরণন্যায়েন, গুণোপসংহারন্যায়েন চ, অবিরুদ্ধসকলাঙ্গোপসংহারঃ কর্ত্তব্য ইতি ॥ ১৫৮ ॥

অথ প্রেতক্রিয়াধিকারিণঃ।

ধর্ম্মপ্রদীপসংবৎসরপ্রদীপয়োর্ব্যাঘ্রঃ,—

"কৃতচূড়স্তু কুর্ব্বীত উদকং পিণ্ডমেব চ।" এতচ্চ পুত্রেতরবিষয়ম্।

ন তুপবেশনবিশেষরূপব্রহ্মকর্ম্মাণীতি ভাবঃ। সর্ব্বশাখেতি সর্ব্বশাখাপ্রত্যয়মেকং কর্ম্ম ইতি ন্যায়াৎ ইত্যর্থঃ। গুণোপসংহারেতি প্রধানকরণস্থলে যদঙ্গং নোক্তম্, অথ চোপসংহারস্থলে উক্তং, তদপি কর্ত্তব্যমিত্যর্থঃ। অথ স্থাননিয়মঃ। তত্র স্মৃতিঃ,—"গোশালায়াং বনে গোষ্ঠে দেবতায়তনাঙ্গনে। ব্রীহিক্ষেত্রে কুশক্ষেত্রে রাজদ্বারে চতুষ্পথে॥ গঙ্গাদিসরিতাং তীরে গয়ায়াং পুণ্যভূমিষু। বৃষোৎসর্গং প্রকুর্ব্বীত শোধয়িত্বা বসুন্ধরাম্॥ চতুর্দ্বারান্বিতস্তত্র হস্তৈর্দ্দশভির্গৃহম্। চতুর্হস্তমিতা বেদী মধ্যে কার্য্যা পরিষ্কৃতে"তি ॥১৫৮

অথ প্রেতেতি। অন্যথেত্যত্র বচনেঽসংস্কৃতপদস্য প্রধানীভূতোপনয়নাখ্যসংস্কার-

---

"ব্রহ্মকর্ম্ম করিতে আপনাকে বরণ করিতেছি।" এই কথা বলাতেই ঐ অর্থটি আসিয়া গিয়াছিল। তৃতীয়তঃ ভিন্ন কর্ত্তৃক ধাতুদ্বয় হইলে "তুম্" প্রত্যয় ও হয়ই না। অতএব বরণবাক্যে "কর্ত্তুং" এইরূপ 'তুম্' প্রত্যয়ান্ত পদের প্রয়োগ না করিয়া "ব্রহ্মকর্ম্মকরণায়" এইরূপ চতুর্থ্যন্ত পদেরই প্রয়োগ করা উচিত। এস্থলে ইহাও বক্তব্য যে, সর্ব্বশাখাধিকরণ ন্যায় অনুসারে অর্থাৎ 'কোন একটি কর্ম্ম অপর শাখায় উক্ত, নিজ শাখায় উক্ত না হইলেও যদি স্বকীয় শাখার অবিরুদ্ধ হয়, তাহ'লে তথাবিধ কর্ম্মেরও অনুষ্ঠান করিবে', এই ন্যায় অনুসারে, এবং গুণোপসংহার ন্যায় অনুসারে অর্থাৎ 'কোন স্থলবিশেষে শাস্ত্রের যেরূপ সিদ্ধান্ত করা হইয়াছে, বিশেষরূপ নিষেধ ব্যতীত সর্ব্বত্রই শাস্ত্রের সেই সিদ্ধান্ত প্রবৃত্ত হইবে', এই ন্যায় অনুসারে অবিরুদ্ধ সমুদয় অঙ্গের সহিতই বৃষোৎসর্গের উপসংহার করিবে॥ ১৫৮॥

প্রেতকার্য্যের অধিকারি-নির্ণয়।

এক্ষণে প্রেতের উদ্দেশে শ্রাদ্ধাদি করিবার অধিকারী ব্যক্তিগণের নিরূপণ করা যাইতেছে। ধর্ম্মপ্রদীপ এবং সংবৎসরপ্রদীপ নামক গ্রন্থদ্বয়ে ব্যাঘ্র

"অসংস্কৃতঃ সুতঃ শ্রেষ্ঠো নাপরো বেদপারগঃ।" ইতি দায়ভাগধৃতাৎ, অন্যথা সুতত্বেন বিশেষোপাদানং ব্যর্থং স্যাৎ। শ্রাদ্ধে ত্বনুপনীতস্য মন্ত্রপাঠমাহ মনুঃ,—

"নাভিব্যাহারয়েদ্‌ব্রহ্ম স্বধানিনয়নাদৃতে।
শূদ্রেণ হি সমস্তাবদ্‌ যাবদ্বেদে ন জায়তে॥"

"অভিব্যাহারয়েৎ" বদেদিতি যাবৎ, স্বার্থে ণিচ্‌। তত্র প্রথমতো জ্যেষ্ঠপুত্রঃ। যথা মরীচিঃ,—

রহিতমাত্রপরত্বে ইত্যর্থঃ। সুতত্বেনেতি কৃতচূড়স্তু কুর্বীত ইতি বচনাৎ কৃতচূড়স্য পৌত্রাদেরপি অধিকারপ্রাপ্তেরিতি ভাবঃ। নাভিব্যাহারয়েৎ ন বদেৎ, স্বার্থে ণিচ্‌,

---

এইরূপ একটি বচন উদ্ধৃত হইয়াছে,—"কৃতচূড়ব্যক্তিই শ্রাদ্ধ এবং তর্পণ করিবে।" রঘুনন্দন বলেন, এই যে, চূড়াসংস্কার সম্পন্ন হইবার পর শ্রাদ্ধ এবং তর্পণের অধিকার দেওয়া হইয়াছে, ইহা পুত্র ভিন্ন অপর অধিকারীর সম্বন্ধেই বুঝিতে হইবে; কারণ, দায়ভাগে একটি বচন উদ্ধৃত করা হইয়াছে "অপর অর্থাৎ পুত্রভিন্ন শ্রাদ্ধাদির অধিকারী বেদপারগ হইলেও, তাহা অপেক্ষা অসংস্কৃত অর্থাৎ অকৃতচূড় পুত্রও শ্রেষ্ঠ।" এ স্থলে 'অসংস্কৃত' শব্দের 'অকৃতচূড়' রূপ অর্থ না করিয়া, অনুপনীতরূপ অর্থ করিলে, এই বচনে 'সুত' (পুত্র) এই পদের বিশেষরূপে উল্লেখ করাই বৃথা হয়; কারণ, পূর্ব্বোক্ত ব্যাঘ্রের বচনে পুত্র ভিন্ন অপর অধিকারীর যখন চূড়ার পর হইতে অধিকার হইবার কথা বলা হইয়াছে, তখন পুত্রের উপনয়নের পর অধিকার হইবে, এরূপ বলা যুক্তিযুক্ত হয় না, কাজেই এই বচনে 'সুত' পদটিকে বিশেষ করিয়া প্রয়োগ করায় বুঝিতে হইবে, পুত্র অকৃতচূড় হইলেও শ্রাদ্ধাদির অধিকারী হইবে, এবং পৌত্রাদি চূড়ার পূর্ব্বে অধিকারী হইবে না। এই ব্যাখ্যা না করিলে, বচনে 'সুত' এই কথাটির উপন্যাসই বৃথা হইয়া পড়ে। শ্রাদ্ধের সময় অনুপনীত ব্যক্তিরাও যে, মন্ত্র পাঠ করিতে পারিবে, সে কথা মনু বলিয়াছেন, যথা—"অনুপনীত দ্বিজ বালকেরা শ্রাদ্ধীয় মন্ত্র ভিন্ন অপর বেদমন্ত্রের উচ্চারণ করিবে না; কারণ,যে পর্য্যন্ত বেদে জন্ম (উপনয়ন) না হয়, সে পর্য্যন্ত উহারা শূদ্রের সমান।" মনুর বচনে যে 'অভিব্যাহারয়েৎ' ক্রিয়াপদটি আছে, উহা স্বার্থে ণিচ্‌ প্রত্যয় দ্বারা সিদ্ধ

"মৃতে পিতরি পুত্রেণ ক্রিয়া কার্য্যা বিধানতঃ।
বহবঃ স্যুর্যদা পুত্রাঃ পিতুরেকত্র বাসিনঃ।
সর্ব্বেষান্তু মতং কৃত্বা জ্যেষ্ঠেনৈব তু যৎ কৃতম্।
দ্রব্যেণ চাবিভক্তেন সর্ব্বৈরেব কৃতং ভবেৎ॥"
তদভাবে যথাক্রমং কনিষ্ঠপুত্রপৌত্রপ্রপৌত্রাঃ। তথাচ বিষ্ণুপুরাণং,—
"পুত্রঃ পৌত্রঃ প্রপৌত্রো বা তদ্বদ্বা ভ্রাতৃসন্ততিঃ।

যথাবিনিয়নাদৃতে শ্রাদ্ধমন্ত্রং বিনা। যথাক্রমমিতি পূর্ব্বাভাবে পর ইতি ক্রমেণ ইত্যর্থঃ।

করা হইয়াছে, উহার অর্থ—বলিবে (উচ্চারণ করিবে)। প্রেতকার্য্যে অধিকারীর মধ্যে জ্যেষ্ঠপুত্রই প্রথম (অগ্রগণ্য)। এ সম্বন্ধে মরীচির বচন যথা—"পিতার মৃত্যুর পর পুত্রই যথাবিধি প্রেতকার্য্য সকলের অনুষ্ঠান করিবে, যদি মৃত পিতার বহুপুত্রও একত্রবাসী হয়, তাহ'লে উহাদের মধ্যে সর্ব্বজ্যেষ্ঠ পুত্র অপর পুত্রগণের সম্মতিক্রমে সাধারণের অর্থ দ্বারা যে শ্রাদ্ধাদির অনুষ্ঠান করিবে, ঐ শ্রাদ্ধাদি সকল পুত্র কর্তৃক অনুষ্ঠিত হইয়াছে বলিয়াই বিবেচিত হইবে। জ্যেষ্ঠপুত্রের অভাবে যথাক্রমে কনিষ্ঠপুত্র, পৌত্র এবং প্রপৌত্র অধিকারী।" এই যে, জ্যেষ্ঠের অভাবে কনিষ্ঠকে অধিকারী বলা হইয়াছে, টীকাকার রাধারমণ গোস্বামী উহার 'আপেক্ষিক জ্যেষ্ঠের অভাবে' এইরূপ ব্যাখ্যা করিয়াছেন কিন্তু শুনিয়াছি, স্মার্ত্তের এই পংক্তির মর্ম্মগ্রহ করিতে না পারিয়া অনেকে জ্যেষ্ঠের অভাবে একেবারে সর্ব্ব কনিষ্ঠকেই অধিকারী বলিয়া ভ্রান্ত ব্যবস্থা করেন; কিন্তু এস্থলে কনিষ্ঠ শব্দ দ্বারা 'জ্যেষ্ঠ অপেক্ষা ছোট' এইরূপ অর্থই স্মার্ত্তের অভিপ্রেত। কাশীরামও সেই কথা বলিয়াছেন, "পূর্ব্বাভাবে পর" ইতি ক্রমেণ, অর্থাৎ প্রথম জাত পুত্রের অভাবে, তৎপরজাত পুত্র, তদভাবে তৎপরজাত পুত্র এইরূপ ক্রমই ধরিতে হইবে; তা না বলিয়া যদি প্রথমজাত পুত্রের অভাবে একেবারে সর্ব্ব কনিষ্ঠ পুত্র, তদভাবে পৌত্র, এইরূপ ক্রম ধরা হয়, তাহ'লে যে স্থলে সর্ব্বজ্যেষ্ঠ এবং সর্ব্বকনিষ্ঠ পুত্র, এই উভয়েরই অভাব ঘটিয়াছে, মধ্যম পুত্র এবং পৌত্র বিদ্যমান আছে, এরূপস্থলে মধ্যম পুত্র বর্ত্তমান থাকিতেও পৌত্রের অধিকারপ্রসক্তি হইয়া পড়ে। যাহাহোক, পুত্রের অভাবে যে পৌত্র এবং তদভাবে প্রপৌত্র অধিকারী হয়, এ সম্বন্ধে বিষ্ণুপুরাণের বচন যথা—"পুত্র, পৌত্র, প্রপৌত্র,

সপিণ্ডসন্ততির্ব্বাপি ক্রিয়ার্হা নৃপ জায়তে ॥” এতচ্চ ষোড়শশ্রাদ্ধপর্য্যন্তম্। তথাচ ছন্দোগপরিশিষ্টম্,—

“পিতামহঃ পিতুঃ পশ্চাৎ প্রেতত্বং যদি গচ্ছতি।
পৌত্রেণৈকাদশাহাদি কর্ত্তব্যং শ্রাদ্ধষোড়শম্॥
নৈতৎ পৌত্রেণ কর্ত্তব্যং পুত্রবাংশ্চেৎ পিতামহঃ॥” সপিণ্ডীকরণপর্য্যন্তমপৃথক্করণমাহ লঘুহারীতঃ,—

“সপিণ্ডীকরণান্তানি যানি শ্রাদ্ধানি ষোড়শ।
পৃথক্ নৈব সুতাঃ কুর্য্যুঃ পৃথগ্দ্রব্যা অপি কচিৎ॥” এষামভাবে পত্নী। তথাচ শঙ্খঃ,—

“পিতুঃ পুত্রেণ কর্ত্তব্যাঃ পিণ্ডদানোদকক্রিয়াঃ।

পুত্রেতি জ্যেষ্ঠাতিরিক্তপুত্রেত্যর্থঃ। এতচ্চ যথাক্রমকর্ত্তব্যত্বঞ্চ। ষোড়শশ্রাদ্ধেতি বক্ষ্যমাণ-

ভ্রাতার সন্ততিবর্গ অথবা সপিণ্ডের সন্ততিগণ, হে রাজন্! ইহারাই প্রেতকার্য্যের অধিকারী হয়।” গোস্বামী বলেন, এই বিষ্ণুপুরাণের বচনে প্রপৌত্রের পর যে, ভ্রাতার সন্ততির কথা বলা হইয়াছে, ঐ প্রপৌত্র শব্দ দ্বারা “পত্নী,” ও “দুহিতা” প্রভৃতির উপলক্ষণ করা হইয়াছে; কারণ, প্রপৌত্র পর্য্যন্তের অভাবে প্রথমে ‘পত্নী’ প্রভৃতিরই অধিকার উক্ত হইয়াছে। উপরে যে, প্রেতকার্য্য বিষয়ে অধিকারীর ক্রম নির্দ্দেশ করা হইল, ইহা কেবল আদ্যশ্রাদ্ধ বিষয়ে নহে, সপিণ্ডীকরণাদি ষোড়শ শ্রাদ্ধ বিষয়েই বুঝিতে হইবে। এ সম্বন্ধে ছন্দোগপরিশিষ্টের বচন যথা,—“যদি পৌত্রের পিতার মৃত্যুর পর, পিতামহ প্রেতত্ব প্রাপ্ত হন, অর্থাৎ পিতামহের মৃত্যুর সময় পৌত্রের পিতা বর্ত্তমান না থাকে, তাহা হলে ঐ পৌত্র একাদশাহকর্ত্তব্য শ্রাদ্ধ হইতে ষোলটি শ্রাদ্ধের অনুষ্ঠান করিবে। কিন্তু পিতামহের যদি সে সময় অপর পুত্র বর্ত্তমান থাকে, তাহা হলে পৌত্র আর ঐ সকল শ্রাদ্ধ করিবে না।” পুত্রগণ, বিভক্ত হইয়া পৃথক্ হইলেও পিতার সপিণ্ডীকরণান্ত ষোড়শ শ্রাদ্ধ যে, প্রত্যেকের পৃথক্ পৃথক্ করিতে হইবেনা, তদ্বিষয়ে লঘুহারীতের বচন প্রমাণ; যথা—“সপিণ্ডীকরণান্ত যে ষোলটি শ্রাদ্ধ উক্ত হইয়াছে, পুত্রগণ পৃথগন্নবর্ত্তী হইলেও প্রত্যেকে পৃথক্ পৃথক্ রূপে কখনই উহাদের অনুষ্ঠান করিবে না।” এই পুত্র, পৌত্র এবং প্রপৌত্রের অভাবে, মৃত ব্যক্তির পত্নীই শ্রাদ্ধাদির অধিকারিণী; এ সম্বন্ধে

তদভাবে তু পত্নী স্যাত্তদভাবে সহোদরঃ ॥
ভার্য্যাপিণ্ডং পতির্দদ্যাদ্ভর্ত্রে ভার্য্যা তথৈব চ ॥”
“অপুত্রধনং পত্ন্যভিগামি, তদভাবে দুহিতৃগামি” ইতি বিষ্ণ্বাদিবচনে ধনাধিকারশ্রুতেঃ ‘তদভাব’ ইতি পদং প্রপৌত্রপর্য্যন্তাভাবপরং, পার্ব্বণপিণ্ডদাতৃত্বেন, ধনহারিত্বেন চ তেষাং বলবত্ত্বাৎ।
“অপুত্রা স্ত্রী যথা পুত্রঃ পুত্রবত্যপি ভর্ত্তরি।
পিণ্ডং দদ্যাজ্জলঞ্চৈব জলমাত্রন্তু পুত্রিণী ॥” ইতি নির্ম্মূলং, সমূলত্বে “বালদেশান্তরিতপুত্রসম্ভাববিষয়”মিতি শ্রাদ্ধবিবেকপ্রভৃতয়ঃ। পত্ন্যভাবে অদত্তা কন্যা।

বচনে শ্রাদ্ধষোড়শনিত্যুক্তেরিতি ভাবঃ। এষামভাবে পুত্রপৌত্রপ্রপৌত্রাণামভাবে। তদভাবে ইতীতি তদভাবে তু পত্নী স্যাদিত্যেতৎস্থলীয়তদভাবে ইত্যর্থঃ। তেষাং পুত্রপৌত্রাণাম্। পুত্রবত্যপীতি, স্ত্রিয়া বঃ সপত্নীপুত্রসত্ত্বত্যপীত্যর্থঃ। কন্যেতি অদত্তা বাগ্দত্তেতরেত্যর্থঃ।

শঙ্খের বচন, যথা—“পুত্রই (পুত্র, পৌত্র এবং প্রপৌত্রই) পিতার (পিতামহ, প্রপিতামহেরও) পিণ্ডোদকাদি দান ক্রিয়া করিবে, তাহাদের অভাবে অর্থাৎ পুত্র, পৌত্র এবং প্রপৌত্রের অভাবে পত্নী শ্রাদ্ধাদির অধিকারিণী হইবে, এবং পত্নীর অভাবে অর্থাৎ পত্নীর অব্যবহিত পরেই দুহিতা প্রভৃতি যে সকল অধিকারী ক্রমশ নির্দ্দিষ্ট হইয়াছে, তাহাদের অভাবে, সহোদর অধিকারী। পতি ভার্য্যার পিণ্ডদান করিবে এবং ভার্য্যাও পতির পিণ্ডদান করিবে।” “অপুত্রক অর্থাৎ প্রপৌত্র পর্য্যন্ত রহিত ব্যক্তির ধন পত্নীগামী হয়, এবং পত্নীর অভাবে দুহিতৃগামী হয়।” বিষ্ণু প্রভৃতির বচনে ধনাধিকারের স্থলে এইরূপ নিয়ম কথিত হওয়ায়, ‘অপুত্র’ শব্দের অর্থ যেমন ‘প্রপৌত্র পর্য্যন্ত রহিত’ এইরূপ করা হইয়া থাকে, সেই দৃষ্টান্তে পিণ্ডদানাধিকার স্থলেও শঙ্খের বচনস্থিত প্রথম“তদভাবে”এই পদের ‘প্রপৌত্র পর্য্যন্তের অভাব ঘটিলে,’ এইরূপ অর্থ করিতে হইবে; যেমন প্রপৌত্র পর্য্যন্তের অভাবে পত্নী ধনাধিকারিণী, সেইরূপ প্রপৌত্র পর্য্যন্তের অভাবেই পত্নী পিণ্ডদানাধিকারিণী; কারণ প্রপৌত্র পর্য্যন্ত ব্যক্তিগণের পার্ব্বণশ্রাদ্ধে পিণ্ডদানের অধিকার,এবং পত্নী থাকিতেও মৃত ব্যক্তির ধনগ্রহণে অধিকার থাকায়, শ্রাদ্ধানুষ্ঠানেও পত্নী অপেক্ষা তাহাদের প্রথমেই অধিকার উৎপন্ন হয়। শ্রাদ্ধবিবেকাদি নিবন্ধকারগণ বলেন—“সপত্নী-

"অপুত্রস্য তু যা পুত্রী সাপি পিণ্ডপ্রদা ভবেৎ।
তস্য পিণ্ডান্ দশৈতান্ বা একাহেনৈব নির্ব্বপেৎ।"

ইতি ঋষ্যশৃঙ্গবচনাৎ। "গোত্রঋক্থানুগঃ পিণ্ড" ইতি মনুবচনেন দত্তাদ্যপেক্ষয়া তস্যা বলবত্ত্বাচ্চ, পত্নীতো দুর্ব্বলত্বাচ্চ॥ ১৫৯॥

অদত্তাকন্যাভাবে যথাক্রমং বাগ্দত্তা-দত্তা-দৌহিত্রাঃ।

দশৈতান্ বেতি "দত্তামাঙ্গাপ্যদত্তানামি"তি বচনোক্তত্রিরাত্রাপেক্ষয়া ব্যবস্থিতবিকল্পার্থঃ। অদত্তানামিত্যত্র ষষ্ঠ্যর্থে নঞ্, তেন বাগ্দত্তেতি গম্যতে। ব্যবস্থা তু অদত্তয়া একাহেন, বাগ্দত্তয়া দত্তয়া চ ত্র্যহেণ পূরকপিণ্ডাদিকং [illegible]মিতি। তস্যাঃ বাগ্দত্তেত্যবস্থাঃ॥ ১৫৯॥

যথাক্রমমিতি পূর্ব্বাভাবে পরোঽধিকারীতি ক্রমেণেত্যর্থঃ। তা অদত্তা দত্তাশ্চ। তেষাং

পুত্র বিদ্যমান থাকিতেও অপুত্রা স্ত্রী, পুত্রের সহিত সমানভাবে স্বামীর উদ্দেশে জল ও পিণ্ডদান করিবে, পুত্রবতী কেবলমাত্র জলদান করিবে।" এইরূপ একটি বচনে পুত্র থাকিতেও অপুত্রা স্ত্রীর পিণ্ডদানে যে, অধিকার দৃষ্ট হইতেছে বটে, এই বচনটীকে সম্পূর্ণ অমূলকই বলিতে হইবে; আর যদি সমূলকই বল, তবে "অপুত্রা" শব্দের অর্থ পুত্র থাকিতেও যে অপুত্রা, অর্থাৎ পুত্র যার দেশান্তরস্থিত অথবা অত্যন্ত শিশু, তাদৃশ পত্নীও শ্রাদ্ধাধিকারিণী; হইবে" এইরূপ ব্যাখ্যা করিতে হইবে। পত্নীর অভাবে অদত্তা কন্যাই শ্রাদ্ধের অধিকারিণী কারণ, ঋষ্যশৃঙ্গের একটি বচন আছে "অপুত্র অর্থাৎ পত্নী পর্য্যন্ত রহিত ব্যক্তির পুত্রী (কন্যা)ই পিণ্ড প্রদাত্রী হইবে, এবং ঐ কন্যা একদিনেই ঐ মৃত ব্যক্তির দশপিণ্ড দান করিবে।" যদি বল, এই বচনে 'পুত্রী' এই সামান্য কন্যাবাচকমাত্র পদ আছে, ইহাতে তুমি পত্নীর পরই অনন্তা কন্যার পিণ্ডদানে অধিকার বলিতেছ কিরূপে? এইরূপ আপত্তির উত্তরে স্মার্ত্ত বলিতেছেন—"পিণ্ড, গোত্র এবং ধনাধিকারেরই অনুগত হইয়া থাকে, অর্থাৎ মৃত ব্যক্তির গোত্রভাগী এবং ধনভাগী ব্যক্তিরাই প্রথমতঃ পিণ্ডদানের অধিকারী হইয়া থাকে।" এই বচন অনুসারে দত্তাদি কন্যা অপেক্ষা অদত্তা কন্যারই গোত্রভাগিত্ব এবং ধনাধিকার এই উভয় কারণে প্রাধান্য দেখিয়া, এবং পত্নী অপেক্ষা ঐ দুই বিষয়ে অপ্রাধান্য দেখিয়া পত্নীর পরই অদত্তা কন্যারই পিণ্ডদানে অধিকার স্থির করা হইল॥ ১৫৯।

অদত্তা কন্যার অভাবে, যথাক্রমে বাগ্দত্তা এবং দৌহিত্রগণ পিণ্ডদানে

"দত্তানাঞ্চাপ্যদত্তানাং কন্যানাং কুরুতে পিতা।
চতুর্থেঽহনি তাস্তেষাং কুর্ব্বীরন্ সুসমাহিতাঃ।
মাতামহানাং দৌহিত্রাঃ কুর্ব্বন্ত্যহনি চাপরে।" ইতি
ব্রহ্মপুরাণম্।

"পৌত্রদৌহিত্রয়োর্লোকে বিশেষো নাস্তি ধর্ম্মতঃ।
তয়োর্হি মাতাপিতরৌ সম্ভূতৌ তস্য দেহতঃ।"
ইতি মনুবচনেন,—

"পৌত্রদৌহিত্রসংযুক্তা যে তথা চিরজীবিনঃ।
প্রিয়ঙ্করাশ্চ বালানাং তে নরাঃ স্বর্গগামিনঃ।" ইতি
বিষ্ণুধর্ম্মোত্তরেণ চ পৌত্রতুল্যত্বাভিধানাচ্চ। তেন যথা
পুত্রাভাবে পৌত্রস্তথা দুহিত্রভাবে দৌহিত্রঃ। নন্ —

পিতৃণাম্। ব্রহ্মপুরাণাদিতি ব্রহ্মপুরাণমেব বোধ্যম্। ব্রাহ্মং পাদ্মং বৈষ্ণবঞ্চেতি পুরাণ-
গণনায়াং ব্রহ্মপুরাণস্যাদ্যত্বাৎ। অতএবতদ্বচনস্যাদিপুরাণীয়ত্বং পূর্ব্বমুক্তমবিরুদ্ধমিতি।

অধিকারী হয়। কারণ, ব্রহ্মপুরাণের একটী বচন আছে "পিতা দত্তা এবং
অদত্তা (ঈষদ্দত্তা অর্থাৎ বাগ্দত্তা), উভয়বিধ কন্যারই পিণ্ডদান করিয়া থাকেন,
এবং ঐ কন্যারাও শ্রদ্ধার সহিত চতুর্থ দিনে পিতৃগণের পিণ্ড দান করে। (১)
দৌহিত্রগণ স্ব স্ব অশৌচান্তের পরদিন মাতামহদিগের পিণ্ডদান করে।"
দৌহিত্র যে কন্যার পরই পিণ্ডদানে অধিকারী, তদ্বিষয়ে যুক্তি দেখাইতেছেন—
"লোকে পৌত্র এবং দৌহিত্রের মধ্যে ধর্ম্মতঃ কোন ভেদ নাই, কারণ
উঁহাদের উভয়েরই মাতা এবং পিতা একই ব্যক্তির দেহ হইতে সম্ভূত
হইয়াছে।" এই মনুবচন দ্বারা, তথা "যে সকল ব্যক্তি পৌত্র ও
দৌহিত্রগণে পরিবেষ্টিত থাকিয়া, ঐ সকল বালকদিগের সহিত আমোদ
আহ্লাদ করত দীর্ঘকাল বাঁচিয়া থাকে, তাহারা স্বর্গে গমন করে।" এই
বিষ্ণুধর্ম্মোত্তরীয় বচনদ্বারা দৌহিত্রকে পৌত্রের সহিত সমকক্ষ ভাবে নির্দ্দেশ
করায়, পুত্রেরও পরই যেমন পৌত্র পিণ্ডদানে অধিকারী হয়, তেমনি

---

(১) রাধারমণ গোস্বামী বলেন, একেবারে অদত্তা কন্যাদিগের একাহ মাত্র
অশৌচ বচনহিত, 'অদত্তা' শব্দ 'দ্বারা' যদি গ্রহণ করা হয়, তাহা হইলে,
'চতুর্থদিনে' কথাটির সঙ্গতি হয়না, এইজন্য অদত্তা শব্দের অর্থ ঈষদ্দত্তা অর্থাৎ 'বাগ্দত্তা'
করা হইল।

"দুহিতা পুত্রবৎ কুর্য্যান্মাতাপিত্রোশ্চ সংস্কৃতা ।
অশৌচমুদকং পিণ্ডমেকোদ্দিষ্টং সদা তয়োঃ ॥" ইতি শঙ্খবচনাৎ পুত্রাদ্যনন্তরমেব স্ত্রিয়ঃ পূর্ব্বং দুহিত্রধিকারপ্রাপ্তিরি"তি চেন্ন; পত্ন্যাঃ প্রথমং ধনাধিকারাৎ । যথা যাজ্ঞবল্ক্যঃ,—

"পত্নী দুহিতরশ্চৈব পিতরৌ ভ্রাতরস্তথা ।
তৎসুতো গোত্রজো বন্ধুঃ শিষ্যঃ সব্রহ্মচারিণঃ ।

পুত্রাদ্যনন্তরমেবেতি পুত্রপরিত্যাগেন পুত্রান্তরলাভ ইত্যাশয়ঃ । ধনাধিকারাদিতি তথাচ গোত্রধনভাগিনঃ পিণ্ড ইতি মনুবচনেন দুহিত্রপেক্ষয়া পত্ন্যা বলবত্ত্বমিতি ভাবঃ । দৌহিত্রাধিকারে প্রমাণমাহ মাতামহানামিতি । ননু দুহিতুঃ পূর্ব্বং ন দৌহিত্রাধিকারঃ তত্রাহ পৌত্রেতি । তয়োর্হি ইতি তয়োঃ স্বজন্যজন্যত্বসম্বন্ধস্য উভয়ত্রাপ্যবিশিষ্টত্বাদিতি

কন্যার পর দৌহিত্রেরই পিণ্ডদানে অধিকারী হওয়া উচিত। কেহ আপত্তি করিয়াছিল, "সংস্কৃতা কন্যা পুত্রের ন্যায়ই সর্ব্বসময়েই পিতা ও মাতার অশৌচ প্রতিপালন, উদকদান, পিণ্ডদান এবং একোদ্দিষ্ট করিবে।". এই শঙ্খ-বচনের অনুসারে প্রপৌত্রের পর স্ত্রী পিণ্ডদানে অধিকারিণী না হইয়া কন্যারই ত অগ্রে পিণ্ডদানে অধিকারিণী হওয়া উচিত? স্মার্ত্ত ইহার উত্তরে বলিতেছেন, এইরূপ আপত্তি করিতে পার না, কারণ, কন্যার অগ্রে পত্নীরই ধনাধিকার হইয়া থাকে। প্রপৌত্র পর্য্যন্তের অভাবে যেরূপ ক্রমে ধনাধিকারী হইবে, যাজ্ঞবল্ক্য তাহার একটা গণনা করিয়াছেন যথা,—" (১) পত্নী, (২) কন্যাগণ, (৩) পিতা ও মাতা, (৪) ভ্রাতৃগণ, (৫) ভ্রাতৃপুত্রগণ, (৬) সগোত্র, (৭) বন্ধু, (৮) শিষ্য, (৯) সতীর্থ (এক সঙ্গে এক গুরুর নিকট যাহারা অধ্যয়ন করিয়াছে) ইহাদিগের মধ্যে পূর্ব্বপূর্ব্ববর্ত্তীর অভাব ঘটিলে, পরপরবর্ত্তী ধনভাগী হইবে।" কেহ আশঙ্কা করিয়াছিল, ভাল, ভ্রাতৃগণ অপেক্ষা দত্তা কন্যা, এবং দৌহিত্রগণ, অগ্রে যেন যাজ্ঞবল্ক্যের বচনানুসারে ধনভাগীই হইল, কিন্তু ভ্রাতৃগণে যখন তাহাদের চেয়ে পিণ্ডদানের প্রতি সগোত্রত্ব রূপ আরও একটি অধিক কারণ বর্ত্তমান রহিয়াছে, তখন পিণ্ডদানে দত্তা কন্যা

এবামতাবে পূর্ব্বেষাং ধনভাগুত্তরোত্তর” ইতি।

“ন চ ‘দত্তকন্যাদৌহিত্রাভ্যাং প্রাক্‌ সগোত্রত্বাৎ সোদরাধি-কার, ইতি বাচ্যম্‌, গোত্রবলাপেক্ষয়া পিণ্ডদানাদের্ধনসাধ্যত্বাৎ ঋকৃথগ্রাহিণোর্দুহিতৃদৌহিত্রয়োর্ব্বিবলবত্ত্বাৎ। অতএব দুহিতু-র্ধনাধিকারে তদ্ধনেন মৃতোপকারকরণং হেতুরিত্যাহ আপস্তম্বঃ,—“অন্তেবাসী অর্থান্‌ তদর্থেষু ধর্ম্মকৃত্যেষু

ভাবঃ। সগোত্রভাগিতি গোত্রঋকৃথানুগঃ পিণ্ড ইত্যনেন যথা ঋকৃথানুগমং পিণ্ডোক্তং

এবং দৌহিত্র অপেক্ষা অগ্রেই ভ্রাতৃগণের অধিকার হওয়া উচিত, যে কারণে দত্তা কন্যা এবং দৌহিত্রগণের অপেক্ষা অদত্তা কন্যার অগ্রে পিণ্ডদানাধিকার সিদ্ধ করা হইয়াছে, ভ্রাতৃগণেও সেই কারণই বর্ত্তমান। ইহার তাৎপর্য্য এই গোত্রভাগিত্ব এবং ধনাধিকার, এই দুইটীই পিণ্ডদানাধিকারের হেতু বলিয়া নির্দিষ্ট হইয়াছে, এই উভয় হেতুর বিদ্যমানতা থাকাতেই অদত্তা কন্যার দত্তা কন্যা এবং দৌহিত্রগণের অগ্রে ধনাধিকারই ঘটিয়াছে, কারণ, দত্তা কন্যা এবং দৌহিত্রগণের ধনাধিকার থাকিলেও গোত্রভাগিত্ব নাই, কিন্তু ভ্রাতাদিগের গোত্রভাগিত্ব এবং ধনাধিকার উভয় হেতুই বর্ত্তমান, সুতরাং কেবল ধনাধিকারী দত্তাকন্যা এবং দৌহিত্র অপেক্ষা ভ্রাতৃগণেরই অগ্রে পিণ্ডদানে অধিকার হওয়া উচিত। ইহার উত্তরে রঘুনন্দন বলিতেছেন, “ন চ বাচ্যম্‌” এ আপত্তি খাটে না। কারণ যদিও ভ্রাতৃগণের পক্ষে অগ্রে পিণ্ডদানে অধিকারের প্রতি গোত্রভাগিত্ব রূপ একটা অধিক বল আছে বটে, কিন্তু পিণ্ডদান ধন-সাধ্য হওয়ায় পিণ্ডদান গোত্র বল অপেক্ষা ধনাধিকারেরই কার্য্যতঃ বলবত্ত্ব সিদ্ধ হইতেছে, কাজেই প্রথমে ধনাধিকারী কন্যা এবং দৌহিত্রগণের ভ্রাতৃগণের অপেক্ষা পিণ্ডদানাধিকারেও প্রাধান্য বলিতে হইবে, অদত্তা কন্যা দত্তা এবং দৌহিত্র অপেক্ষা অগ্রে ধন ভাগিনী হয় বলিয়া এবং তাহাতে প্রথম হইতেই গোত্রভাগিত্ব থাকায়, দত্তাকন্যা এবং দৌহিত্র অপেক্ষা অগ্রে তাহারই পিণ্ডাধি-কার হওয়া উচিত। এই জন্যই আপস্তম্ব কন্যার ধনাধিকারের প্রতি ধনদ্বারা মৃতের উপকার করা সেই হেতুরূপে নির্দ্দেশ করিয়াছেন, যথা অন্তেবাসী শিষ্য গুরু হইতে উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত অর্থ সকল ঐ গুরুর পারলৌকিক

প্রযোজয়েৎ দুহিতা” বেতি। তদর্থেষু মাসিকাদিনা তস্তোপার্থং ধর্ম্মকৃত্যোষিতি অদৃষ্টার্থমিতি॥ ১৬০॥

অত্র পূর্ব্বার্দ্ধাৎ পিতৃণাং প্রাপ্তৌ, “ন পিতৃণামি”ত্যত্র পুনঃ “পিতৃণাং” গ্রহণং সনকাদীনামশেষসর্গাভ্যনুজ্ঞানার্থম্,” ইতি কল্পান্তরমুক্তং, হরিশর্ম্মণাপি “অন্যার্থং পুনর্ব্বচনমি”তি লিখিতম্ ॥ ৭৫ ॥

তমস্তমেব সপিণ্ডত্বমিতি রূঢ়িলক্ষণমহিম্নৈতৎ, তচ্চ সপিণ্ডতানিবৃত্তিপ্রাপ্তাবায় ইত্যন্তেন সূচিতম্। তথাচ যথা শৈবলাদৌ পঙ্কজনিকর্ত্তৃত্বরূপযোগার্থস্য সত্ত্বেঽপি পদ্মত্বরূপরূঢ়্যর্থা-ভাবাৎ ন পঙ্কজপদবাচ্যত্বং, তথেহাপি বোধ্যম্। শব্দাধিক্যাদর্থাধিক্যমিত্যত্র প্রাচাং সংবাদমাহ যথা শ্রাদ্ধবিবেকেঽপীত্যাদিনা। নিত্যশ্রাদ্ধেঽহরহঃ ক্রিয়মাণে শ্রাদ্ধে; তথাহি পিতৃপক্ষঘটিতং সনকাদিশ্রাদ্ধং, তত্র ন পিতৃণামিত্যনেন পিতৃপক্ষং নিরস্য সনকাদিশ্রাদ্ধাদ্যাত্মকশেষমনুজ্ঞাতম্। তদেব স্পষ্টীকৃত্যাহ শেষমিতি। শেষং পিতৃ-

অর্থবিশেষেরই অবগতি হয়, তৎসম্বন্ধে আর একটি উদাহরণ দিতেছেন—যেমন শ্রাদ্ধবিবেকে বলা হইয়াছে, “কেহ কেহ নিত্যই পার্ব্বণশ্রাদ্ধ করিবার নিয়ম করিয়াছেন, যাঁহারা এইরূপ নিত্যশ্রাদ্ধ করিবার নিয়ম করিয়াছেন, তাঁহাদের জন্য, মার্কণ্ডেয় পুরাণে নৈমিত্তিক পার্ব্বণশ্রাদ্ধের অনুষ্ঠান করিবার পর নিত্য পার্ব্বণশ্রাদ্ধের অনুষ্ঠান বিষয়ে বিকল্প উক্ত হইয়াছে। যথা—“নৈমিত্তিক পার্ব্বণ-শ্রাদ্ধের পর কেহ কেহ পিতৃগণের উদ্দেশে নিত্য পার্ব্বণ শ্রাদ্ধ করাও অভীপ্সিত বলিয়া মনে করেন। অন্যদিকে অপর পণ্ডিতগণ, কেবল পিতৃগণের নিত্য শ্রাদ্ধ করিতে হইবে না, তদ্ভিন্ন নিত্য শ্রাদ্ধের অপর অঙ্গগুলি পূর্ব্বের মতই করিবে, এই কথা বলেন।” এক্ষণে দেখ, এই বচনের পূর্ব্বার্দ্ধে যখন “পিতৃগণের” উল্লেখ করিয়া শ্রাদ্ধ বিহিত হইয়াছে, তখন দ্বিতীয়ার্দ্ধে কেবলমাত্র কেহ তাহা ইচ্ছা করেন না,” এইটুকু বলিলেই চলিত, “পিতৃণাং” এই পদের পুনরুক্তির কোন আবশ্যকতাই ছিল না, এইরূপ পুনরুক্তিদ্বারা এই প্রকার বিশেষ অর্থের জ্ঞাপন করা হইয়াছে যে,—পার্ব্বণশ্রাদ্ধের দিন কোন কোন ঋষি কেবলমাত্র পিতৃগণের নিত্য ক্রিয়া করিতে ইচ্ছা করেন না বটে, কিন্তু

"অথৈবং খলু পিণ্ডদানমকৃত্বৈব মৃতঃ, পরতস্তাপ্রাপ্তপিতৃভাবঃ, স কথং সপিণ্ডঃ, একপিণ্ডদাতৃত্বভোক্তৃত্বলক্ষণসম্বন্ধাভাবাদি"তি চেৎ? তদ্‌যোগ্যতয়েতি ব্রূমঃ। যোগ্যতাপ্রযোজকঞ্চ সামান্যশাস্ত্রবিষয়ত্বম্। এবং ভ্রাত্রাদীনামপি। ততশ্চ অত্যতিবৃদ্ধ-

ক্রিয়াতিরিক্তং সনকশ্রাদ্ধাদিকং, পূর্ব্ববৎ পার্ব্বণশূন্যদিনকং। কর্ত্তারম্ অর্থাধিক্যম্। হরিশর্ম্মণাপি শব্দাধিক্যাদর্থাধিক্যং ভঙ্গ্যা লিখিতং, তদাহ অন্যার্থমিতি,—অন্যকার্য্যোপমিত্যর্থঃ। ১৭৫।

তদ্‌যোগ্যতয়েতি। তাবদনন্তমাত্রগতত্বমেবাত্র যোগ্যত্বং বোধ্যম্। সামান্যশাস্ত্রবিষয়ত্বং তৎপিণ্ডলেপাদ্যন্তরঙ্গত্বেন শাস্ত্রগম্যত্বং, শাস্ত্রবিষয়ত্বমিত্যত্র ব্যাপারানুবন্ধিনী বিষয়তা,

নিত্য শ্রাদ্ধে পিতৃকৃত্য ছাড়া সনকাদির শ্রাদ্ধ যেমন করা হইয়া থাকে, তাহা সেইরূপই করিতে ইচ্ছা করেন।" হরিশর্ম্মাও লিখিয়াছেন, "কোন একটি বিশেষ অর্থের বোধ করাইবার জন্যই একই কথার পুনরুক্তি করা হয়।" ১৭৫।

এক্ষণে যদি জিজ্ঞাসা কর, যদি কোন ব্যক্তি উপরিতন পুরুষকে পিণ্ডদান না করিয়াই অর্থাৎ পিণ্ডদানে অধিকার হইবার পূর্ব্বেই মৃত হইয়াছে, পিতৃগণের পিণ্ডের দাতাও হয় নাই, এবং পরে তাহার সপিণ্ডীকরণ না করা হেতু পিতৃত্ব প্রাপ্ত না হওয়ায়, পিতৃগণের সহিত পিণ্ডের ভোক্তাও হয় নাই, এইরূপ ব্যক্তিকে সপিণ্ড বলিয়া গণনা করা হয় কিরূপে? কারণ, তুমি সপিণ্ডের যে লক্ষণ করিয়াছ, তদনুসারে যাহারা পরস্পর পিণ্ডদাতৃত্ব বা পিণ্ডভোক্তৃত্বের মধ্যে অন্যতর সম্বন্ধবিশিষ্ট, তাহারাই পরস্পর সপিণ্ড হয়। উপরি উল্লিখিত ব্যক্তিতে পিণ্ডদাতৃত্ব বা পিণ্ডভোক্তৃত্ব, এই উভয়বিধ ধর্ম্মের মধ্যে একটিরও সত্তা দৃষ্ট হইতেছে না, তবে, তাহাতে বিদ্যমান থাকিবে কিনা? ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন "ইতি চেৎ?" ইহাই যদি তোমার জিজ্ঞাস্য হয়, তবে আমি বলিব,—ঐ ব্যক্তিতে সাক্ষাৎ সম্বন্ধে পিণ্ডদাতৃত্ব বা পিণ্ডভোক্তৃত্বরূপ ধর্ম্ম বিদ্যমান না হইলেও, পিণ্ডদানের বা পিণ্ডভোজনের স্বরূপযোগ্যতা যে, তাহাতে বর্ত্তমান হইয়াছিল, সে বিষয়ে কোন সংশয় নাই; সেই স্বরূপযোগ্যতা নিবন্ধনই তাহাকে 'সপিণ্ড' বলা হয়। ঐরূপ ব্যক্তিতে যে, তথাবিধ যোগ্যতা হইয়াছিল, সপিণ্ডতাবিধায়ক সাধারণ শাস্ত্র হইতেই তাহা অবগত হওয়া যাইতেছে। এইরূপ ভ্রাতা প্রভৃতির স্থলেও বুঝিতে হইবে। অতএব স্থির হইল যে, অত্যতিবৃদ্ধপ্রপিতামহ হইতে অধস্তন ছপুরুষের প্রত্যেক

প্রপিতামহাবধিকাধস্তনানাং ষণ্ণাং পুংসাং প্রত্যেকাপেক্ষয়া সপ্তানামেকগোত্রাণাং, স্বাবধিপরতনানাং সপ্তানাঞ্চ সাপিণ্ড্যং পিণ্ডলেপয়োর্দাতৃত্বভোক্তৃত্বসম্বন্ধাদিতি। প্রত্তানাং স্ত্রীণান্তু ভর্তৃসাপিণ্ড্যেন সাপিণ্ড্যম্; "প্রত্তানাং ভর্তৃসাপিণ্ড্যমি"তি বচনাৎ। নন্বেবং "কন্যায়াঃ কথং সাপিণ্ড্যমি"তিচেৎ? আদিপুরাণাৎ ত্রৈপুরুষং সাপিণ্ড্যম্। যথা—

"সপিণ্ডতা তু কন্যানাং সবর্ণানাং ত্রিপৌরুষী।" অত্র কন্যা অনূঢ়া। "অপ্রত্তানাং ত্রিপৌরুষমি"তি বশিষ্ঠবচনাৎ। তেনাত্মপঞ্চমে বৃদ্ধপ্রপিতামহে সাপিণ্ড্যং নিবর্ত্ততে ইতি প্রতি-

স্বাবধিপরতনানাং স্বাবধ্যধস্তনানাং, সপ্তানামেব সাপিণ্ড্যং, ন তু স্বাবধ্যধস্তনানাং প্রত্যেকাপেক্ষয়া সপ্তানামিতি বোধ্যম্। স্ত্রীণান্তু দত্তস্ত্রীণান্তু। আদিপুরাণবচনাদিতি তথাচ কন্যায়া লেপপিণ্ডসম্বন্ধাভাবেঽপি বাচনিকং সাপিণ্ড্যমিতি। আত্মপঞ্চমে, কন্যায়াঃ পঞ্চমে,

ব্যক্তি হইতে একগোত্রসম্ভূত সপ্তম পুরুষ পর্য্যন্ত এবং আপনা হইতে অধস্তন সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ডতা বর্ত্তমান হইবে; কারণ, ইহাদের পরস্পরের মধ্যে পিণ্ডের এবং পিণ্ডলেপের দাতৃত্ব বা ভোক্তৃত্বরূপ সম্বন্ধ বিদ্যমান দৃষ্ট হয়। প্রদত্তা (বিবাহিতা) স্ত্রীদিগের স্বামীর সাপিণ্ড্য অনুসারেই সপিণ্ডতা হইবে। কারণ, "বিবাহিতা স্ত্রীদিগের স্বামীর সাপিণ্ড্য অনুসারেই সপিণ্ডতা হয়," এইরূপ একটি ঋষি-বচন দৃষ্ট হয়; অর্থাৎ ইহাদের সহিত পিণ্ডের বা লেপের দাতৃত্ব বা ভোক্তৃত্বরূপ সম্বন্ধ বর্ত্তমান না থাকিলেও বাচনিক সাপিণ্ড্য স্থির করিতে হইবে। যদি বল, উঁহাদের যেন বাচনিক ভর্ত্তার সপিণ্ডের সহিত সাপিণ্ড্য স্বীকৃত হইল, কিন্তু অবিবাহিতা কন্যাদিগকে যে, সপিণ্ড মধ্যে ধরা হইয়াছে, তাহার মূল কি? ইহার উত্তর এই যে, আদিপুরাণের বচনানুসারেই, তাহাদিগের তিনপুরুষব্যাপিনী সপিণ্ডতা ধরা হয়, অর্থাৎ ঐ বচনই তাহার মূল। সেই বচনটি যথা—"সবর্ণা ভার্য্যার গর্ভসম্ভূত কন্যাদিগের তিনপুরুষব্যাপিনী সপিণ্ডতা হইয়া থাকে।" কন্যা শব্দ দ্বারা অবিবাহিতা দুহিতারই গ্রহণ করিতে হইবে; কারণ, বশিষ্ঠের একটি বচনে "অপ্রদত্তা কন্যাদিগের তিনপুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য" একথা স্পষ্ট করিয়াই বলা হইয়াছে। অবিবাহিতা কন্যাদিগের পিতা, পিতামহ এবং প্রপিতামহ পর্য্যন্তই

পাদিত্বম্। অতএব কন্যায়াঃ প্রপিতামহভ্রাত্রা, তৎসন্ততিভিঃ

সাপিণ্ড্য, অতএব কন্যা হইতে পঞ্চমপুরুষ, কন্যার বৃদ্ধপ্রপিতামহ বা তাহার সন্ততির সহিত কন্যার যে সাপিণ্ড্য থাকে না, ইহা পূর্ব্বেই সিদ্ধ করা হইয়াছে। (১) সুতরাং প্রপিতামহের ভ্রাতা এবং তদীয় সন্ততিবর্গের সহিত

(১) নিম্নে সাপিণ্ড্যের একটি চিত্র অঙ্কিত হইল

আপনার অধস্তন প্রত্যেক ব্যক্তি হইতে আর অধস্তন ৭ সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ড চলিবে না।

সহ সাপিণ্ড্যাভাবাৎ কন্যামরণজননয়োস্তেষাং সাপিণ্ড্যাশৌচং নাস্তি, কিন্তু সমানোদকনিমিত্তমেবাশৌচম্। এবং "তেষামপি জননমরণয়োঃ কন্যানামি"তি শূলপাণিঃ॥ ১৭৬॥

যত্তু কূর্ম্মপুরাণম্,—

"অপ্রত্তানাং তথা স্ত্রীণাং সাপিণ্ড্যং সাপ্তপৌরুষম্।
প্রত্তানাং ভর্ত্তৃসাপিণ্ড্যং প্রাহ দেবঃ পিতামহঃ॥"

মরণজননয়োঃ কন্যায়া মরণজননয়োঃ। তেষামপি কন্যায়াঃ প্রপিতামহভ্রাতৃতৎসন্তানানামপি॥ ১৭৬॥

কন্যার সপিণ্ডতা না থাকায়, কন্যার জন্ম বা মরণে তাহাদিগের সাপিণ্ড্যাশৌচ হয় না, কিন্তু কেবলমাত্র সমানোদকত্ব নিমিত্ত অশৌচই হয়। এবং "প্রপিতামহের ভ্রাতা বা তদীয় সন্ততিবর্গের জন্ম বা মৃত্যুতে কন্যারও ঐরূপ অশৌচ হয়," শূলপাণি এই কথা বলিয়াছেন। ১৭৬।

তবে যে আমরা রত্নাকর নামক গ্রন্থে উদ্ধৃত কূর্ম্মপুরাণের এইরূপ একটি বচন দেখিতে পাই, "অদত্তা দুহিতাদিগের সাতপুরুষব্যাপী সাপিণ্ড্য, এবং দত্তাদিগের

কন্যার সাপিণ্ড্য। (১)

(১) এখানে কেবল কন্যার অশৌচ বিষয়ে সাপিণ্ড্য দেখান হইল। বিবাহ বিষয়ে সাপিণ্ড্য স্থানান্তরে দেখান হইয়াছে।

ইতি রত্নাকরধৃতং, তৎ বিবাহে পিতৃপক্ষবিষয়মিতি। যথা বিষ্ণুপুরাণম্,—

"সপ্তমীং পিতৃপক্ষাচ্চ মাতৃপক্ষাচ্চ পঞ্চমীম্।
উদ্বহেত দ্বিজো ভার্য্যাং ন্যায়েন বিধিনা নৃপ॥"

"সপ্তমীং" "পঞ্চমীং" পরিহৃত্যেতি শেষঃ। 'ভর্ত্তৃসাপিণ্ড্য'-মিত্যত্রাপি "সাপ্তপৌরুষমিত্যনুষজ্যতে, তেন ভর্ত্তৃসমানসাপিণ্ড্য-মিত্যর্থঃ। শঙ্খলিখিতৌ,—

"সপিণ্ডতা তু সর্ব্বেষাং গোত্রতঃ সাপ্তপৌরুষী।
পিণ্ডশ্চোদকদানঞ্চ শৌচাশৌচং তদানুগম্॥"

গোত্রতঃ গোত্রৈক্যে, তেন মাতামহকুলে কদাচিৎ ষট্পুরুষ-

অত্র বিষয়ে যদ্বচনে ইত্যাদিগ্রন্থঃ পূর্ব্বমেব দর্শিতঃ। মাতামহাদিত্রয়াস্তত্ত্বমস্থ

স্বামীর সপিণ্ডের সহিত সাপিণ্ড্য, এই কথা পিতামহদেব বলিয়াছেন।" এই সাতপুরুষব্যাপী সাপিণ্ড্যকে একমাত্র বিবাহস্থলেই পিতৃপক্ষবিষয়ক সাপিণ্ড্য বলিয়াই ধরিতে হইবে, অশৌচাদি সম্বন্ধে নহে। বিবাহস্থলে পিতৃপক্ষীয় সপ্তমী কন্যা পর্য্যন্ত যে সপিণ্ডরূপে পরিগণিত হয়, একথা বিষ্ণুপুরাণে উল্লিখিত হইয়াছে, যথা—"হে রাজন্! দ্বিজগণ পিতৃপক্ষ হইতে সপ্তমী কন্যাকে এবং মাতৃপক্ষ হইতে পঞ্চমী কন্যাকে পরিত্যাগ করিয়া ধর্ম্মশাস্ত্রীয় বিধি অনুসারে ভার্য্যা গ্রহণ করিবে।" উক্ত কূর্ম্মপুরাণের বচনে বিবাহিতা স্ত্রীদিগের যে, স্বামীর সপিণ্ডের সহিত সাপিণ্ড্য বলা হইয়াছে, সে স্থলেও সপ্তপুরুষব্যাপী সাপিণ্ড্যেরই অনুবৃত্তি করা হইয়াছে। অতএব তাহাদের সাপিণ্ড্যকে ও স্বামীর সহিত তুল্যরূপই বুঝিতে হইবে। সপিণ্ডতা যে, সাধারণতঃ সাতপুরুষব্যাপীই হইয়া থাকে, তদ্বিষয়ে শঙ্খ এবং লিখিতের একটি বচন, যথা—"একগোত্রসম্ভূত সকল ব্যক্তিরই সাতপুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য হয়; পিণ্ড, উদকদান এবং শৌচাশৌচ তদনুগামীই হইয়া থাকে। মূলবচনে স্থিত "গোত্রতঃ" এই পদের অর্থ—এক গোত্রে অর্থাৎ একগোত্র বিশিষ্ট ব্যক্তিদিগেরই সাতপুরুষ পর্য্যন্ত পরস্পর সাপিণ্ড্য. এই জন্য ঘটনাক্রমে মাতামহকুলে মাতামহাদি তিনজনের মধ্যে কোন এক জনের অথবা সকলের বেঁচে থাকা হেতু ছয় পুরুষ পর্য্যন্ত (অতিবৃদ্ধ

পর্য্যন্তং পিণ্ডসম্বন্ধেহপি ন সপিণ্ডতা। তান্ সপ্তমপুরুষান্ আ-সমন্তাৎকারেণ পিণ্ডাদিকমনুগচ্ছতীতি তদানুগম্ ॥ ১৭৭ ॥

এতেন "সপিণ্ডতা একশরীরাবয়বান্বয়েন ভবতি, তথাহি পিতুঃ শরীরাবয়বান্বয়েন পিত্রা সহ, এবং পিতামহাদিভিরপি পিতৃদ্বারেণ তৎশরীরাবয়বান্বয়াৎ, এবং মাতৃশরীরাবয়বান্বয়েন মাত্রা, মাতামহাদিভিরপি, এবং পত্যা সহ পত্ন্যা একশরীরারম্ভকতয়া সাপিণ্ড্যম্। তথাচ গর্ভোপনিষদি,—

জীবনদশায়াম্ অতিবৃদ্ধপ্রমাতামহাদিত্রয়াস্তরস্য পিণ্ডসম্বন্ধাৎ ষট্‌পুরুষপর্য্যন্তং সম্বন্ধ ইত্যেতৎসূচনায়োক্তং কদাচিদিতি ॥ ১৭৭ ॥

এতেন বক্ষ্যমাণদোষেণ, ইত্যস্য অশাস্ত্রমিত্যনেনান্বয়ঃ। একশরীরেতি এতন্মতে পিণ্ডপদেন শরীরমুচ্যতে, সমানপদেন চ একমুচ্যতে; তথাচ সাক্ষাৎ পরম্পরাসাধারণমেকশরীরাবয়বসম্বন্ধিত্বমেব সপিণ্ডত্বম্। সম্বন্ধশ্চ কচিত্তাদাত্ম্যং, কচিদ্বিলক্ষণকারণত্বং, কচিদ্বিলক্ষণজন্যত্বং, কচিৎ পরম্পরয়া বিলক্ষণকারণত্বং, কচিৎ পরম্পরয়া বিলক্ষণজন্যত্বং, কচিৎ সাক্ষাৎ পরম্পরয়া চ স্বজনকান্যত্বং, কচিচ্চ স্বজন্যজনকত্বং; তস্য চাষ্টমাদিপুরুষেষ্বতি-

---

প্রমাতামহ হইতে ঊর্দ্ধতন আরও তিন পুরুষ পর্য্যন্ত) পিণ্ডসম্বন্ধ ঘটিলেও, তাহাদের সহিত সপিণ্ডতা হইবে না। মূলবচনস্থিত 'তদনুগ' কথাটির স্মার্ত্ত এইরূপ ব্যুৎপত্তি করিয়াছেন,—পিণ্ডাদি "সেই সাতপুরুষের আ সম্যক্ প্রকারে অনুগমন করে।" ১৭৭।

সপিণ্ডতা বিষয়ে যে নির্ণয় করা হইল, অর্থাৎ পিণ্ডঘটিত সম্বন্ধনিবন্ধনই সপিণ্ডতা হয় বলিয়া যে সিদ্ধান্ত করা হইল, তাহাতে মিতাক্ষরা এবং রত্নাকর প্রভৃতি গ্রন্থে. পিণ্ড শব্দের শরীর, এবং স (সমান) শব্দের অর্থ এক, এইরূপ করিয়া, 'একই শরীরের অবয়বঘটিত সম্বন্ধ নিবন্ধনই সপিণ্ডতা হয়' বলিয়া যে, সাপিণ্ড্য শব্দের অর্থান্তর প্রদর্শিত হইয়াছিল, তাহাও নিরাকৃত হইল। তাহাদের মতটি এই,—'সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে একই শরীরাবয়বের সম্বন্ধই সপিণ্ডতার হেতু। দেখ, পিতার শরীরাবয়বের সহিত পুত্রের সাক্ষাৎ সম্বন্ধ থাকায় পিতা এবং পুত্র পরস্পর সপিণ্ড, এবং পিতাদ্বারা পরম্পরা সম্বন্ধে পিতামহাদির শরীরাবয়বের সহিত সম্বন্ধ থাকায় পৌত্রাদির সহিত তাহাদের সপিণ্ডতা হয়। এইরূপ মাতার শরীরের সম্বন্ধ থাকায়, মাতা এবং মাতামহাদির সহিত সাপিণ্ড্য হয়। পত্নীর সহিত পতির সম্মিলন অপত্য-

"এতৎ ষাট্‌কৌষিকং শরীরং, ত্রীণি পিতৃতস্ত্রীণি মাতৃতঃ, অস্থিস্নায়ুমজ্জানঃ পিতৃতঃ, ত্বঙ্‌মাংসরুধিরাণি মাতৃতশ্চে"তি শ্রুত্যা তত্রাবয়বান্বয়প্রতিপাদনাৎ। নির্ব্বাপ্যপিণ্ডান্বয়েন তু সাপিণ্ড্যে, ভ্রাতৃপিতৃব্যাদিসাপিণ্ড্যং ন স্যাদিতি।

ব্যাপ্তিঃ, সপ্তমাস্তত্বস্য প্রয়োগোপাধিত্বং স্বীকৃত্য বারণীয়া; প্রয়োগোপাধিত্বঞ্চ বিষয়তা-সম্বন্ধেন তত্তৎপদজন্যবোধং প্রতি অভাবসম্বন্ধেন প্রতিবন্ধকত্বম্। এষা চ রীতির্যোগ-রূঢ়িস্থলে বোধ্যা। তথাচোক্তং "রূঢ়ের্যোগাপহারিণী"তি। তথাহি বিষয়তাসম্বন্ধেন পঙ্কজাদিপদজন্যবোধং প্রতি অভাবসম্বন্ধেন পদ্মত্বাদেঃ প্রতিবন্ধকত্বম্, অতো ন পঙ্কজাদিপদাৎ শৈবালাদের্ব্বোধঃ, মীমাংসকৈরন্যথাখ্যাতে স্বীকারাৎ ন ভ্রমমাদায় দোষঃ। ষাট্‌কৌষিকম্, অস্থিস্নায়ুমজ্জত্বঙ্‌মাংসরুধিররূপৈঃ ষড়্‌ভিঃ কোষৈর্ঘটিতম্।

সম্বন্ধীয় একশরীরের আরম্ভ করে বলিয়া পত্নীর সহিতও পতির সাপিণ্ড্য। পতি এবং পত্নী, এই উভয়ের শরীরই যে, একশরীরের আরম্ভক, যে কথা গর্ভোপনিষদে বলা হইয়াছে। যথা "এই মনুষ্যশরীর ষাট্‌কৌষিক অর্থাৎ ছয়টি কোষের সম্মিলনে সমুৎপন্ন, তন্মধ্যে তিনটি কোষ পিতৃশরীর হইতে উৎপন্ন, এবং তিনটি মাতৃশরীর হইতে উৎপন্ন, অস্থি (হাড়), স্নায়ু (শিরা) এবং মজ্জা, এই তিন পিতৃশরীর হইতে উৎপন্ন হয়, এবং ত্বক্, মাংস, রুধির, এই তিনটি মাতৃশরীর হইতে উৎপন্ন হয়।" এইরূপ যে যে পুরুষে সপিণ্ডতা স্বীকৃত হইয়াছে, সেই সেই পুরুষের সহিত সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে একশরীরসম্বন্ধই প্রতিপাদিত করা হইয়াছে, অন্যদিকে দেয় পিণ্ডের (পিণ্ডির) সহিত সম্বন্ধানুসারে সপিণ্ডতা স্বীকার করিলে, ভ্রাতা এবং পিতৃব্যাদির সহিত আর সপিণ্ডতা হইতে পারেনা, কিন্তু ভ্রাতা এবং পিতৃব্যাদির সহিত সপিণ্ডতা সর্ব্ববাদিসম্মত, সুতরাং ভ্রাতা এবং পিতৃব্যাদিও সপিণ্ডতার লক্ষণের অন্যতম লক্ষ্যস্থল। এক্ষণে দেখ, "দেয়পিণ্ডের সহিত সম্বন্ধানুসারেই সপিণ্ডতা হয়। সাপিণ্ড্যের এইরূপ লক্ষণ করিলে, উক্ত লক্ষ্যস্থলে লক্ষণের অগমন হেতু 'অব্যাপ্তি' নামক দোষ হয়। যদি বল, ভাল, আমার লক্ষণে যেমন তুমি 'অব্যাপ্তি' দোষ দেখাইতেছ, তোমার কৃত সপিণ্ডতার লক্ষণের লক্ষ্যাতিরিক্ত স্থলে গমন হেতু উহাতেও অতিব্যাপ্তি নামক দোষ আসিয়া উপস্থিত হইতেছে; কেননা, তুমি বলিতেছ,

অতিপ্রসঙ্গস্তু সপ্তাম্যত্তমত্বেন প্রয়োগোপাধিনা নিরসনীয়ঃ। যদ্যেবং মাতামহাদীনামপি মরণে সপিণ্ডত্বেন দশাহাশৌচং প্রাপ্নোতি, স্যাদেতদ্‌যদি "মাতামহানাং মরণে ত্রিরাত্রং স্যাদশৌচকম্।" ইত্যাদি বিশেষবচনং ন স্যাৎ। "যত্র তু বিশেষবচনং নাস্তি তত্র দশাহমি"তি মিতাক্ষরারত্নাকরা-

---

নির্ব্বাপ্যাপিণ্ডান্বয়েন লেপপিণ্ডান্বয়েন। অতিপ্রসঙ্গশ্চ অষ্টমনবমাদিপুরুষেষতিপ্রসঙ্গশ্চ। তত্র দশাহমিতি তথাচ এতন্মতে প্রমাতামহাদিমরণে সম্পূর্ণাশৌচং বিশেষবচনাভাবাৎ, তচ্চ ন যুক্তিসহং, মাতামহমরণে ত্রিরাত্রং, প্রমাতামহাদিমরণে সম্পূর্ণাশৌচমিতি বিরুদ্ধশিষ্টব্যাপত্তেরিতি ধ্যেয়ম্। নন্‌ লেপভাজাং পিণ্ডভোক্তৃত্বাভাবাৎ তবমতে কথং

"সাক্ষাৎ বা পরম্পরা সম্বন্ধে একশরীরের সহিত সম্বন্ধই সপিণ্ডতার কারণ" সপিণ্ডতার এইরূপ লক্ষণ করিলে, সপ্তম পুরুষের অতিরিক্ত অষ্টম নবমাদি পুরুষেও সপিণ্ডতা থাকিবার কোন ব্যাঘাতই দৃষ্ট হয়না, কিন্তু অষ্টম নবমাদি পুরুষে সপিণ্ডতা কেহই স্বীকার করেনা, উহারা সপিণ্ডতা লক্ষণের অতিরিক্ত স্থল; এই লক্ষ্যাতিরিক্ত স্থলে লক্ষণের গমন হেতু অতিব্যাপ্তি দোষ অনিবার্য্য হইয়া পড়ে। ইহার উত্তরে আমি বলিব, সপিণ্ড কথাটীর ব্যুৎপত্তিলভ্য অর্থ ঐরূপ হইলেও কেবল ঐ যৌগিক অর্থানুসারেই উহার প্রয়োগ হয়না, উহার সহিত এইরূপ একটি বিশেষ অর্থেরও যোগ করিতে হইবে, যথা—"সপ্তম পুরুষের মধ্যে যাহাদের সহিত উক্তরূপ একশরীরের সম্বন্ধ বর্ত্তমান হইবে, তাহারাই পরস্পর সপিণ্ড" এইরূপ যোগরূঢ় অর্থেই উহার প্রয়োগ হইয়া থাকে; সুতরাং তুমি যে অতিপ্রসঙ্গ বা অতিব্যাপ্তি দোষের আশঙ্কা করিয়াছিলে, তাহা আর হইতে পারিল না। যদি বল, সাপিণ্ড্যের লক্ষণ তুল্যরূপেই বর্ত্তমান থাকায়, মাতামহাদির মরণেও দশাহাশৌচ না হয় কেন? ইহার উত্তরে আমি বলিব, "মাতামহের মরণে ত্রিরাত্র অশৌচ হইবে।" এইরূপ বিশেষ বচন থাকাতেই মাতামহের মরণে ত্রিরাত্রাশৌচ হইয়া থাকে, এই বিশেষ বচনটি না থাকিলে, মাতামহের মরণেও সপিণ্ডতা হিসাবে দশরাত্রাশৌচ নিশ্চয়ই হইত। "যে স্থলে এরূপ বিশেষ বচন দৃষ্ট হয় না, সে স্থলেও দশরাত্রাশৌচই হইয়া থাকে।" পূর্ব্বে যেরূপ ভাবে সাপিণ্ড্য বিষয়ক নির্ণয় করা হইয়াছে, তাহা দ্বারা মিতাক্ষরা এবং রত্নাকরের এই মতও খণ্ডিত হইল।

ভিন্নত্বমপাস্তম্। "লেপভাজ" ইত্যাদিবাচনিকেঽর্থে সাপিণ্ড্যে একশরীরাবয়বান্বয়রূপস্বকপোলরচিতার্থানবকাশাৎ। নির্ব্বাপ্য-পিণ্ডসম্বন্ধেন ভ্রাত্রাদীনাং সাপিণ্ড্যস্য মৎস্যপুরাণবৌধায়নাভ্যাং পূর্ব্বমুক্তত্বাৎ। কামধেনুহারলতাকল্পতরুপারিজাতকারাদিভি-স্তথৈব ব্যাখ্যাতত্বাচ্চ॥ ১৭৮॥

সাপিণ্ড্যং তত্রাহ বাচনিকে ইতি। তথাচাত্র পিণ্ডপদেন পিণ্ডো লেপশ্চ বচনবলা-দুচ্যতে ইতি ভাবঃ। নমু ভ্রাত্রাদীনাং পিণ্ডলেপয়োঃ সম্বন্ধাভাবাৎ কথং সাপিণ্ড্যং তত্রাহ নির্ব্বাপ্যেতি, যেয়েত্যর্থঃ। মৎস্যপুরাণেতি "লেপভাজশ্চতুর্থাদ্যা" ইত্যাদি-মৎস্যপুরাণবচনেনেত্যর্থঃ। পিণ্ডলেপয়োঃ সম্বন্ধাৎ সাপিণ্ড্যং মাৎস্যে উক্তং, তয়োঃ সম্বন্ধো ভ্রাত্রাদিষু যথাস্তি, তথা তত্রৈব ব্যাখ্যাতম্। বৌধায়নসূত্রং প্রপিতামহ-পিতামহা ইত্যাদি। নমু অনয়া রীত্যা সাপিণ্ড্যমুক্তং তথা কেনাপি ন ব্যাখ্যাতং তত্রাহ কামেতি॥ ১৭৮॥

কেননা, এক পিণ্ডের সহিত সম্বন্ধ না থাকিলেও কেবল বচনপ্রভাবে "লেপভোগী"-দিগকে যে, সপিণ্ড মধ্যে পরিগণিত করা হইয়াছে, তাহাতে, তোমার স্বকপোল-কল্পিত একশরীরাবয়বের সম্বন্ধমূলক সাপিণ্ড্যবিষয়ে প্রদর্শিত যুক্তির প্রবেশ হইতেই পারে না; বাচনিক অর্থে আর যুক্তি খাটে না। দেখ, তোমার কল্পিত যুক্তিমূলক সাপিণ্ড্যের লক্ষণই যদি শাস্ত্রকার ঋষিদিগের সম্মত হইত, তবে তাঁহারা লেপভোগীদিগের সপিণ্ড্য প্রতিপাদনার্থ কখনই আর বিশেষ বচনের অবতারণা করিতেন না; যেহেতু "একশরীর সম্বন্ধনিবন্ধন সপিণ্ডতা"ও তাহাদের আপনা হইতেই সিদ্ধ হইয়াছিল। যদি বল আচ্ছা, লেপভোগীদিগের যেন বচনবলেই সাপিণ্ড্য হইল, কিন্তু ভ্রাতা প্রভৃতির সহিত পিণ্ড বা লেপ, ইহার কোনটিরই সম্বন্ধ না থাকায়, তাহারা তোমার মতে সপিণ্ড হয় কিরূপে? ইহার উত্তরে আমি বলিব, "দেয় পিণ্ড বা তল্লেপভাগিত্বরূপ সম্বন্ধ নিবন্ধনই যে, ভ্রাতা প্রভৃতির সহিতও সাপিণ্ড্য ঘটে, ইহা পূর্ব্বেই পূর্ব্বোল্লিখিত "লেপভাজশ্চতুর্থাদ্যাঃ" ইত্যাদি মৎস্যপুরাণীয় বচনের এবং "প্রপিতামহ-পিতামহা" ইত্যাদি বৌধায়নসূত্রের ব্যাখ্যা দ্বারা বিশদরূপেই বুঝান হইয়াছে। কেবল আমিই যে, ঐরূপ ব্যাখ্যা করিয়াছি, তাহা নহে, কামধেনু, হারলতা এবং কল্পতরু প্রভৃতি নিবন্ধে এবং পারিজাতকার প্রভৃতি নিবন্ধকারগণও ঐরূপ ব্যাখ্যা করিয়াছেন। ১৭৮।

রেতঃশোণিতপরিণামরূপত্বাদপত্যশরীরস্য ভবতু বা তথা। পত্যা সহ পত্ন্যা একশরীরারম্ভকতায়াঃ প্রত্যক্ষবাধিতত্বাৎ কথং সাপিণ্ড্যম্? প্রমাতামহাদীনাং বিশেষবচনাভাবাৎ সপিণ্ডত্বেন দশাহাদ্যাশৌচপ্রসঙ্গাচ্চ, মাতামহাদৌ সাপিণ্ড্যস্য লোকবেদবিরুদ্ধত্বাচ্চ। ভবতু বা পত্যা সহ পত্ন্যা এক-

---

ভবতু তথা, ভবতু একশরীরাবয়বান্বয়ঃ; তথা হি একস্যাপত্যশরীরস্য অবয়বঃ অস্থ্যাদিত্রয়ং ত্বগাদিত্রয়ঞ্চ, তত্রাস্থ্যাদিত্রয়ং রেতসা জন্যতে ত্বগাদিত্রয়ঞ্চ শোণিতেন; অতস্তদন্বয়ো ভবতু ইত্যর্থঃ। একশরীরারম্ভকতায়াঃ একশরীরসমবায়িকারণতায়াঃ। নবেকশরীরারম্ভকত্বং যথা কথঞ্চিদ্রূপেণ একশরীরনিমিত্তত্বং বাচ্যম্, অতো দোষান্তরমাহ প্রমাতামহাদীনামিতি। নমু প্রমাতামহাদীনাং দশাহাদ্যশৌচে ইষ্টাপত্তিঃ কর্ত্তব্যা অতো দোষান্তরমাহ মাতামহাদাবিতি। তত্র সাপিণ্ড্যব্যবহারাভাবাৎ লোকবিরুদ্ধত্বং মাতামহমরণে ত্র্যহাশৌচস্য বেদেন প্রতিপাদনাৎ প্রমাতামহা-

---

আর একটি কথা, তুমি যে, বলিয়াছ, পতি-পত্নীর সম্মিলন একশরীরের আরম্ভক বলিয়া, উঁহারা পরস্পর সপিণ্ড, একথারই বা ভাব কি? হাঁ তুমি যে, গর্ভোপনিষদের প্রমাণ দেখাইয়াছ, তাহাতে "অপত্য সকল রেতঃ এবং শোণিতের পরিণামরূপ বলিয়া, পতি এবং পত্নীর সম্মিলন, তাহাদের শরীরের আরম্ভক হইলেও কিন্তু পতি ও পত্নীর সম্মিলনে যে, ঐ উভয়ের এক (অভিন্ন ভাব) শরীর হইতে থাকে. এই ব্যাপারও, কেহ কখন প্রত্যক্ষ করে নাই; তবে, তাহারা পরস্পর সপিণ্ড হয় কিরূপে? আরও বলি, তুমি যে, বলিলে, মাতামহ সম্বন্ধে সপিণ্ড বলিয়া দশরাত্রাশৌচ প্রাপ্ত হইয়াছিল বটে, কিন্তু বিশেষ বচনাধীন তাহার ত্রিরাত্রাশৌচই বিহিত হইয়াছে, ঐরূপ বিশেষ বচন না থাকিলে, সকল সপিণ্ডের পরস্পর দশরাত্রাশৌচই হইবে, এইবা কি কথা হইল? এবং প্রমাতামহাদির সম্বন্ধে ঐরূপ বিশেষ বচন নাথাকায় তাহাদের মৃত্যুতে দশরাত্রাশৌচই বা না হইবে কেন? আরও দেখ, মাতামহাদিতে 'সাপিণ্ড্য' শব্দের কেহই ব্যবহার করে না, কিন্তু তোমার মতে উঁহাদিগকে সপিণ্ড বলিবার কোন বাধাই থাকে না, সুতরাং তোমার মতানুসারে মাতামহাদিতে সাপিণ্ড্য ব্যবহার লোকবিরুদ্ধ হইতেছে, এবং মাতামহমরণে বেদে ত্রিরাত্রাশৌচের বিধান করায় উঁহারা যে, 'সপিণ্ড' নয়, ইহাই বেদের অভিপ্রেত, কিন্তু তোমার মতানুসারে উঁহাদিগকে 'সপিণ্ড' বলিয়া নির্দ্দেশ করা বেদবিরুদ্ধও হইয়া

শরীরদ্বারা সাপিণ্ড্যাৎ, তথাপি মনুবচনাৎ যথা সপ্তমান্তর্গতত্বং তদ্বৎ, তথা "গোত্রতঃ সাপ্তপৌরুষী"তি বচনাৎ গোত্রৈক্যমপি। প্রাগুক্তবচনাৎ কন্যায়াস্ত্রিপৌরুষম্, উঢ়ায়াশ্চ ভর্ত্তৃসপিণ্ডৈঃ সাপিণ্ড্যমিতি চেৎ, তদৈতস্যাত্তেঽপি ব্যবস্থায়াং ন ক্ষতিরিতি। অতএব সুমন্তুনাভিহিতং "বন্ধশম-পুরুষপর্য্যন্তমশৌচং, তৎ সপ্তমপুরুষাভ্যন্তরাশৌচায় নৎ

দীনাং দশাহাশৌচস্য বিষমশিষ্টাপত্তাঃ বেদবিরুদ্ধত্বমিতি ভাবঃ। ইদানীং মিতাক্ষরাদিমতং দূষ্যত্বেন স্বীকৃত্য পরিষ্কুরুতে ভবতু বেত্যাদিনা ন ক্ষতিরিত্যন্তেন। বচনাৎ "সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে" ইতি বচনাৎ। গোত্রৈক্যমপীতি তদ্-মিতি পূর্ব্বেণান্বিতম্। প্রাগুক্তবচনাৎ "অপ্রত্তানাং ত্রিপৌরুষমি"তি বচনাৎ "প্রত্তানাং ভর্ত্তৃসাপিণ্ড্যমি"তি বচনাচ্চ; তথাচ একশরীরাবয়বান্বয়স্য তুল্যত্বেঽপি বচনবলাৎ

পড়ে। আচ্ছা, যদিও বৈবাহিক মন্ত্রদ্বারা পতির সহিত পত্নীর একশরীর হয় বলিয়া উহাদিগের মধ্যে সপিণ্ডতা স্বীকার করা যায়, তাহ'লেও "সপ্তম পুরুষে সপিণ্ডতার নিবৃত্তি হয়" এই মনুবচনানুসারে, একশরীরসম্বন্ধ নিবন্ধন সপিণ্ডতা হইলেও সপ্তম পুরুষের মধ্যেই সপিণ্ডতা বর্ত্তমান হইবে, এইরূপ যেমন নিয়ম করিতে হইবে, সেইরূপ "একগোত্রসম্ভূত সাত পুরুষের মধ্যেই সপিণ্ডতা থাকিবে" এই বচনানুসারে, যে সাত পুরুষের মধ্যে সপিণ্ডতা থাকিবে, তাহারা পরস্পর যে, একগোত্রসম্ভূত হওয়া চাই, এইরূপ নিয়মও করিতে হইবে। এইরূপ সিদ্ধান্ত দ্বারা অবিবাহিতা কন্যাদিগের পিতার সহিত একগোত্রতা নিবন্ধন সাত পুরুষ পর্য্যন্ত সপিণ্ডতার প্রসক্তি হইলেও "অপ্রদত্তকন্যাদিগের পিতৃকুলে তিন পুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য হয়" এই বচন অনুসারে তিন পুরুষ পর্য্যন্তই সাপিণ্ড্য হইবে, এবং "প্রদত্তকন্যাদিগের স্বামীর সপিণ্ডদিগের সহিতই সপিণ্ডতা হইবে," এই বচনানুসারে বিবাহিতা কন্যাদিগের ভর্ত্তার সপিণ্ডদিগের সহিতই সপিণ্ডতা হইবে; একশরীরসম্বন্ধ নিবন্ধন সপিণ্ডতা স্বীকার করায় তুমি যে সকল দোষের উত্থাপন করিয়াছিলে, এক্ষণে কিন্তু যেরূপ ব্যবস্থা করা হইল, অর্থাৎ একশরীরসম্বন্ধই সপিণ্ডতার মূল কারণ হইলেও বচনবলে ভিন্ন ভিন্ন ব্যক্তিতে ভিন্ন ভিন্ন রূপ সাপিণ্ড্য হয়, ইহাতে আর ঐ সকল দোষের অবকাশ রহিল না। ইহার উত্তরে স্মার্ত্ত বলিতেছেন "ইতি চেৎ"

ত্রিরাত্রং, যথা ব্রাহ্মণানামেকপিণ্ডস্বধানামা দশমাৎ ধর্ম্ম-বিচ্ছিত্তির্ভবতি, আ সপ্তমাৎ ঋকুথবিচ্ছিত্তির্ভবতি, আ তৃতীয়াৎ স্বধাবিচ্ছিত্তির্ভবতি, অন্যথা পিণ্ডাশৌচক্রিয়াদ্যুচ্ছেদাদ্ ব্রহ্মহ-তুল্যো ভবতী"তি। অস্যার্থঃ,—একস্মিন্ সমানে পিণ্ডে স্বধা যেষাং তে তথা। যথা—

"একোদ্দিষ্টস্য পিণ্ডে তু অনুশব্দো ন যুজ্যতে।"

ইত্যত্র "অনু"শব্দেন অনুপদযুক্তমন্ত্রো লক্ষ্যতে।

সাপিণ্ড্যং ভিন্নমিতি ভাবঃ। অতএব সাপিণ্ড্যে সপ্তমান্তর্গতত্বস্য তন্ত্রত্বাদেব। আ দশ-মাদ্ধর্ম্মবিচ্ছিত্তির্ভবতি দশমপুরুষপর্য্যন্তং ত্রিরাত্রাশৌচং মাতামহসগোত্রায়াঃ কন্যায়াঃ সমানোদকতায়া অবিভাজ্যত্বঞ্চ ভবতীত্যর্থঃ। ত্রিরাত্রাশৌচাদিরূপধর্ম্মস্য বিচ্ছিত্তিঃ সমাপ্তিঃ; আড়োঽভিবিধিরর্থঃ; এবং পরত্র বোধ্যম্। আ সপ্তমাদৃকুথবিচ্ছিত্তির্ভবতি সপ্তমপুরুষপর্য্যন্তং সন্নিহিতত্বাভাবেঽপুত্রধনাধিকারো ভবতীত্যর্থঃ। আ তৃতীয়াৎ স্বধা-বিচ্ছিত্তির্ভবতি ইতি তৃতীয়পুরুষপর্য্যন্তং শ্রাদ্ধাধিকারো ভবতীত্যর্থঃ; স্বধা বৈ পিতৃ পা-

---

বচনানুসারে সপিণ্ডতার ব্যবস্থা করাই যদি তোমার শেষ সিদ্ধান্ত হয়, তাহ'লে তোমার এরূপ ব্যবস্থায় আমার মতেরও কোন ক্ষতি হইতেছে না। এই হেতুই অর্থাৎ সপ্তম পুরুষের মধ্যেই একপিণ্ডঘটিত সম্বন্ধ নিবন্ধন সপিণ্ডতা নিয়মিত হওয়াতেই সুমন্তও "পিণ্ডসম্বন্ধ সত্ত্বেই সপ্তম পুরুষের মধ্যে সাপিণ্ড্য" এই কথাই বলিয়াছেন,—যথা "দশমপুরুষ পর্য্যন্ত যে অশৌচ হয়, উহা সপ্তমপুরুষান্তর্গত ব্যক্তিদিগের অপেক্ষা ন্যূন অর্থাৎ ত্রিরাত্রাশৌচ।" এ বিষয়ে প্রমাণ যথা—'একপিণ্ডস্বধাযুক্ত ব্রাহ্মণদিগের দশম পুরুষ অতীত হইবার পর ত্রিরাত্রাশৌচাদিরূপ ধর্ম্মের বিচ্ছেদ হয়, এবং সপ্তম পুরুষ অতিক্রম হইবার পর, ধনের বিচ্ছেদ হয়, তৃতীয় পুরুষ শেষ হইবার পর স্বধার বিচ্ছেদ হয়। যদি কেহ এই নিয়মের অন্যথাচরণ করে, অর্থাৎ এই নিয়ম অনুসারে কার্য্য না করে, পিণ্ড এবং অশৌচাদিক্রিয়ার উচ্ছেদ করা হেতু, সে ব্যক্তি ব্রহ্মহত্যাকারীর তুল্য পাপ-ভাগী হয়।" স্মার্ত্ত ইহার অর্থ এইরূপ করিয়াছেন—"যাঁহাদের এক অর্থাৎ সমান-সংখ্যক পিণ্ডে স্বধাশব্দের প্রয়োগ হয়, তাহাদিগকে একপিণ্ডস্বধাযুক্ত বলা যায়, যেমন "একোদ্দিষ্টের পিণ্ডে অনু শব্দের প্রয়োগ করা হয় না" এই বচনে

অনুপদযুক্তমন্ত্রস্তু "যে চাত্র ত্বামনু যাংশ্চ ত্বমনু তস্মৈ তে স্বধে"তি, তথা "পিণ্ডস্বধা" শব্দেন পিণ্ডসম্বন্ধি স্বধাশব্দযুক্তমন্ত্র-করণকদেয়জলং লক্ষিতম্। তথাচ

"ঊর্জ্জং বহন্তীরমৃতং ঘৃতং পয়ঃ কীলালং পরিস্রুতং স্বধা স্থ তর্পয়ত মে পিতৄন্" ইত্যনেন পিণ্ডান্ সিঞ্চেৎ ইত্যুক্তম্। ততশ্চ "একপিণ্ডস্বধানাং" সমানোদকানামিত্যর্থঃ। অতএব মনুঃ,—

"জন্মন্যেকোদকানান্তু ত্রিরাত্রাচ্ছুদ্ধিরিষ্যতে।" বিষ্ণু-পুরাণঞ্চ,—

"মাতৃপক্ষস্য পিণ্ডেন সম্বন্ধা যে জলেন বা।" "মাতৃপক্ষস্য" মাতামহপক্ষস্য, পিণ্ডেন সম্বন্ধাঃ সপিণ্ডাঃ, জলেন সম্বন্ধাঃ সমানোদকা" ইতি শ্রাদ্ধবিবেকে ব্যাখ্যানম্।

মন্ত্রমিতি শ্রুতেঃ। পিণ্ডসম্বন্ধীতি ঊর্জ্জং বহন্তীরমৃতম্ ইত্যেতল্লক্ষণস্বধাশব্দযুক্তমন্ত্রকরণ-কপিণ্ডসেককরণীভূতং জলমিত্যর্থঃ। সমানোদকানাং সপ্তমোর্দ্ধদশমপর্য্যন্তানামিত্যর্থঃ।

স্থিত "অনু" শব্দ দ্বারা 'অনু' পদযুক্ত মন্ত্রের লক্ষণা করা হইয়াছে। 'অনু'পদযুক্ত মন্ত্র যথা, "যে চাত্র, ত্বামনু যাংশ্চ, ত্বমনু তস্মৈ তে স্বধা' এই মন্ত্রটি; সেইরূপ এ স্থলেও "পিণ্ডস্বধা" শব্দ দ্বারা, স্বধা-শব্দযুক্ত মন্ত্র উচ্চারণপূর্ব্বক অর্থাৎ "ঊর্জ্জং বহন্তীঃ" ইত্যাদি মন্ত্র উচ্চারণপূর্ব্বক পিণ্ডের উপর যে জলসেক করা হয়, সেই জলকেই লক্ষণা শক্তি দ্বারা বোধ করান হইয়াছে। তা হ'লেই "একপিণ্ড-স্বধাযুক্ত" এই পদের "সমানোদক" এইরূপ অর্থই হইল। এইজন্যই অর্থাৎ দশম পুরুষ অতীত হইবার পর ত্রিরাত্রাশৌচাদিরূপ ধর্ম্মের বিচ্ছেদ হয় বলিয়াই মনু বলিয়াছেন, "সমানোদকদিগের ত্রিরাত্রে শুদ্ধি হয়।" বিষ্ণুপুরাণেও পিণ্ড (পিণ্ডি) সম্বন্ধই যে, সাপিণ্ড্যের মূল এই কথাই বলা হইয়াছে। যথা "মাতৃ-পক্ষের সহিত যাহারা পিণ্ড অথবা জলদ্বারা সম্বন্ধ।" শ্রাদ্ধবিবেকে এই বচনের ব্যাখ্যা এইরূপ করা হইয়াছে,—"যাহারা, মাতৃপক্ষ অর্থাৎ মাতামহ পক্ষের সহিত পিণ্ডদ্বারা সম্বদ্ধ, তাহারা মাতামহসপিণ্ড, এবং যাহারা উঁহাদের সহিত

"অসম্বন্ধা ভবেদ্‌যা তু পিণ্ডৈনৈবোদকেন বা।" ইতি বিবাহেঽভ্যুক্তম্। অত্র পুত্রিকায়াঃ পার্ব্বণে পিণ্ডোদকয়োঃ সম্বন্ধাৎ, কন্যামাত্রেঽপি তদ্‌যোগ্যতাসত্ত্বাৎ কন্যাপি পিণ্ডোদকসম্বন্ধোচ্যতে। এতদনুসারাদপি তস্যাঃ সপিণ্ডতা বোধ্যা। তস্মা'দেকপিণ্ডস্বধানামি'ত্যনেন সমানোদকভাবঃ সমাখ্যাতঃ, ন

অতএব আ দশমাৎ ত্রিরাত্রাশৌচাদিরূপধর্ম্মবিচ্ছিত্তেরেব। পুত্রিকায়া ইতি পুত্রিকায়াঃ পুত্রস্থানাভিষিক্তত্বাদিতি ভাবঃ। তদ্‌যোগ্যতাসত্ত্বাৎ পুত্রিকাযোগ্যতাসত্ত্বাৎ। কন্যা কন্যামাত্রম্। প্রাগুক্তযুক্তেঃ পরবচনেনৈব সপিণ্ড্যসিদ্ধাবিত্যাদিপ্রাগুক্তযুক্তেঃ। অন্যথা ইতি একপিণ্ডস্বধানামা দশমাদূর্দ্ধবিচ্ছিত্তিবিধ্যর্থ দশমপুরুষপর্য্যন্তং পিত্রাদিজীবনাদিনা পিণ্ড-

---

জলদ্বারা সম্বন্ধ তাহারা মাতামহসমানোদক"। বিবাহপ্রকরণীয় সাপিণ্ড্যনির্ণয়ের সময়ও পিণ্ড (পিণ্ডি) সম্বন্ধই যে সাপিণ্ড্যের মূল, এই কথা বলা হইয়াছে। যথা—"যে কন্যা পিণ্ডের (পিণ্ডির) অথবা উদকের সম্বন্ধ শূন্য" এস্থলে ইহাও বক্তব্য যে, সাধারণতঃ কন্যাদিগের স্বকীয় পূর্ব্বপুরুষের সহিত পিণ্ড বা উদকের সম্বন্ধ নাই বটে, কিন্তু পুত্রিকারূপে পরিগৃহীত কন্যার পার্ব্বণশ্রাদ্ধে অধিকার নিবন্ধন পূর্ব্বপুরুষগণের সহিত পিণ্ড এবং উদকের সম্বন্ধ ঘটে; যেহেতু সাধারণতঃ কন্যামাত্রেরই পুত্রিকারূপে পরিগৃহীত হইবার স্বরূপযোগ্যতা অবশ্যই স্বীকার্য্য হইতেছে; এই জন্যই সেই স্বরূপযোগ্যতা নিবন্ধনই কন্যামাত্রে পিণ্ড এবং উদকের সম্বন্ধ আরোপিত করা হয় বলিয়া কন্যামাত্রকেই 'পিণ্ডোদক সম্বন্ধা' বলা হইয়াছে। সুতরাং দেহসম্বন্ধ না ধরিয়াও পিণ্ডসম্বন্ধমূলকই যে কন্যার সপিণ্ডতা, ইহাই বুঝিতে হইবে। অতএব সুমন্তুর বচনস্থিত "একপিণ্ড-স্বধাযুক্ত" পদদ্বারা সমানোদকত্ব ধর্ম্মই সূচিত করা হইয়াছে; উহা দ্বারা এরূপ তাৎপর্য্য ব্যক্ত করা হয় নাই যে, পিত্রাদির জীবদ্দশা নিবন্ধন যদি কাহারও দশম পুরুষ পর্য্যন্ত পিণ্ড এবং উদকের সম্বন্ধ ঘটে, তবে তাহার ঐ দশম পুরুষ পর্য্যন্তই সাপিণ্ড্য হইবে। পিণ্ড সম্বন্ধ ঘটিলেও যে, সাত পুরুষের উপর আর সাপিণ্ড্য হইবে না, এতদ্বিষয়ে পূর্ব্বোল্লিখিত কূর্ম্মপুরাণীয় বচনের ব্যাখ্যার সময় যুক্তি প্রদর্শিত হইয়াছে। আর একটি কথা, যদি পিণ্ডসম্বন্ধ ঘটার দরুণ দশম পুরুষ পর্য্যন্ত সাপিণ্ড্য বিধান করাই সুমন্তুর অভিপ্রেত হইত, তাহা'লে তাহার বচনে "একপিণ্ডস্বধানাং" এরূপ পদের প্রয়োগ না করিয়া "একপিণ্ডানাং"

তু দশমপুরুষপর্য্যন্তং পিত্রাদিজীবনাদিনা পিণ্ডসম্বন্ধেঽপি সাপিণ্ড্যং বিহিতম্; প্রাগুক্তযুক্তেঃ, স্বধেত্যস্য তদনুপযুক্তত্বেন বৈয়র্থ্যাপত্তেশ্চ। অপুত্রধনাধিকারস্তু সন্নিহিতবান্ধবাভাবে সপ্তমপুরুষপর্য্যন্তম্। মৃতপিতৃকস্য স্বধোপলক্ষিতশ্রাদ্ধাধিকারঃ পুরুষত্রয়পর্য্যন্তমিতি। অত্র 'স্বধা' শব্দো মন্ত্রপরঃ প্রসিদ্ধ এব, পিতৃভক্ষ্যপরোঽপি। তথাচ শুণবিষ্ণুধৃতা শ্রুতিঃ,—"স্বধা বৈ পিতৃণামন্ন"মিতি। দশমপুরুষানন্তরং সমানোদকত্বেঽপি ন ত্রিরাত্রং, কিন্তু পক্ষিণ্যাদি। তথাহি উদকক্রিয়ামধিকৃত্য

সম্বন্ধাৎ সাপিণ্ড্যমতঃ সাপিণ্ড্যরূপধর্ম্মবিচ্ছিত্তিরিত্যেতৎপরত্বে ইত্যর্থঃ। বৈয়র্থ্যাপত্তেরিতি একপিণ্ডানাঘিত্যেব ক্রয়াদিতি ভাবঃ। স্বধোপলক্ষিতেতি স্বধাশব্দেন মন্ত্রঃ পিতৃভক্ষণঞ্চোচ্যতে, অত্র তু লক্ষণয়া শ্রাদ্ধাধিকার উচ্যতে ইত্যর্থঃ। সমানোদকত্বেঽপীতি বক্ষ্যমাণপারস্করবচনাৎ সমানোদকত্বেঽপীত্যর্থঃ। নিষ্পাদয়ন্তীতি উদকদানমিতি

এইরূপ পদের মাত্র প্রয়োগ করিলেই চলিত, কারণ, উল্লিখিত রূপে ব্যাখ্যাত 'স্বধা' শব্দটীর সাপিণ্ড্যজননের প্রতি কোন প্রকার উপযোগিতা না থাকায়, ঐ স্থলে উহার প্রয়োগ সম্পূর্ণরূপে ব্যর্থ হইয়াই পড়িত। যদি বল, 'অপুত্র ব্যক্তির ধনাধিকার, নিকট সম্বন্ধীয় বান্ধবের অভাবে সাত পুরুষ পর্য্যন্ত গমন করে, এবং মৃতপিতৃক ব্যক্তিদিগের পিত্রাদি তিন পুরুষ পর্য্যন্তই স্বধাঘটিত শ্রাদ্ধ করিবার অধিকার হয়।' এ স্থলে "স্বধা' শব্দের আর তোমার উল্লিখিত 'জল' রূপ অর্থ ঘটিতেছে না। আমি বলিব, হাঁ এ স্থলে "স্বধা" শব্দের লাক্ষণিক অর্থ গৃহীত হয় নাই, কিন্তু এস্থলে "স্বধা" শব্দটীর মন্ত্রবাচকরূপ প্রসিদ্ধ অর্থেরই গ্রহণ করা হইয়াছে; তদ্ভিন্ন "স্বধা" শব্দের পিতৃগণের ভক্ষ্যদ্রব্যরূপ অর্থেরও সূচনা করা হইয়াছে। "স্বধা" শব্দটির যে, ভক্ষ্য দ্রব্যরূপ অর্থও হইতে পারে, তদ্বিষয়ে শুণবিষ্ণু একটি শ্রুতির উদ্ধার করিয়াছেন। যথা—"স্বধা শব্দটি পিতৃগণের অন্নের বাচক।" দশম পুরুষের ঊর্দ্ধতন পুরুষদিগের সহিত "সমানোদকত্ব" সম্বন্ধ থাকিলেও ত্রিরাত্রাশৌচ না হইয়া যে, পক্ষিণ্যাদি অশৌচ হইবে, ইহা জ্ঞাপন করাইবার জন্যই সুমন্ত বিশেষ করিয়া 'দশম পুরুষ পর্য্যন্তই সমানোদকতা'র কথা বলিয়াছেন। দশম পুরুষের উপরেও যে, উদকসম্বন্ধ বর্ত্তমান হয়, সে সম্বন্ধে উদকক্রিয়ার প্রক-

পারস্করঃ,—"সর্ব্বে জ্ঞাতয়ো ভাবয়ন্তি আ সপ্তমাদ্দশমাদ্বা সমানগ্রামবাসে যাবৎ সম্বন্ধমনুস্মরেয়ুর্ব্বে"তি। ভাবয়ন্তি নিষ্পাদয়ন্তি, উদকমিতি শেষঃ। অত্র "যাবৎ সম্বন্ধমনুস্মরেয়ু"-রেক কুলজাতা বয়মিতি স্মরণং ভবতীত্যনেনৈব সর্ব্বেষামুদক-দানে প্রাপ্তে, যদা সপ্তমাদ্দশমাদ্বেত্যুক্তং, তৎ সন্নিকর্ষ-তারতম্যেন অশৌচভেদেহপ্যুদককর্ম্মণি সমানার্থমিতি। অশৌচ-ভেদস্তু সপ্তমপুরুষপর্য্যন্তং সপিণ্ডত্বাদ্দশাহঃ। ততো দশমপুরুষ-পর্য্যন্তং ত্র্যহঃ। তথাচ বৃহস্পতিঃ,—

"দশাহেন সপিণ্ডাস্তু শুধ্যন্তি প্রেতসূতকে।

শেষঃ। নমু দশমপুরুষানন্তরমপি সমানোদকত্বে সত্বে কথং পৃথক্‌ পৃথগুক্তং তত্রাহ অত্র চেতি। সমানার্থমিত্যাদি তথাহি প্রেতোদ্দেশ্যকে উদককর্ম্মণি যথা সপ্তমপুরুষপর্য্যন্ত-স্যাধিকারঃ তথা দশমপুরুষপর্য্যন্তস্য তদনন্তরমপি এককুলজাতা বয়মিতি স্মরণবতস্যাধিকার ইত্যর্থঃ। নমু সমানোদকত্বস্য তুল্যত্বাৎ কথমশৌচভেদস্তত্রাহ অশৌচভেদস্ত্বিতি।

মুনি পারস্করের বচন যথা—"সপ্তম পুরুষ পর্য্যন্ত হোক্‌ অথবা দশম পুরুষ পর্য্যন্ত হোক্‌, কিম্বা একগ্রামে বাস হইলে, যত পুরুষ পর্য্যন্ত ঐ মৃত ব্যক্তির সহিত একবংশজাতত্বরূপ সম্বন্ধের স্মৃতি থাকিবে, তাবৎ পুরুষ পর্য্যন্ত সমুদয় জ্ঞাতিগণ মৃত ব্যক্তির উদ্দেশে উদক ক্রিয়া সম্পাদন (তর্পণ) করিবে।" এস্থলে ইহাও বক্তব্য যে, যদিও "যত পুরুষ পর্য্যন্ত ঐ মৃত ব্যক্তির সহিত এক-পুরুষজাতত্বরূপ সম্বন্ধের স্মৃতি থাকে, অর্থাৎ অমুকের সহিত আমরা একবংশে জন্মিয়াছি, এইরূপ স্মরণ থাকে," এই কথা দ্বারা সমুদয় জ্ঞাতিকর্তৃক উদক-দানের প্রাপ্তি হইলেও আবার যে, "সপ্তম পুরুষ পর্য্যন্তই হোক্‌ অথবা দশম পুরুষ পর্য্যন্তই হোক" এইরূপ বিশেষ করিয়া বলা হইয়াছে, উহা দ্বারা এইরূপ অভিপ্রায় ব্যক্ত করা হইয়াছে যে,—পুরুষঘটিত সম্বন্ধনৈকট্যের তারতম্য অনু-সারে অশৌচের তারতম্য হইলেও, জলদান ক্রিয়ায় কিন্তু যাবতীয় জ্ঞাতি সমান ভাবেই অধিকারী। অশৌচের তারতম্য যথা,—'সপ্তম পুরুষপর্য্যন্ত সপিণ্ডতা নিবন্ধন দশাহ, তাহার পর হইতে দশম পুরুষ পর্য্যন্ত ত্রিরাত্র।' এ সম্বন্ধে বৃহস্পতির একটী বচন যথা—"জনন এবং মরণাশৌচ স্থলে সপিণ্ডই দশ

ত্রিরাত্রেণ সকুল্যাস্তু স্নাত্বা শুধ্যন্তি গোত্রজাঃ ॥”

এবঞ্চ সকুল্যপদং সমানকুলভবত্বসমাখ্যায়াপি ত্রিরাত্রাশৌচ-ভাগিত্বেন দশমাবধিপুরুষপরং প্রতীয়তে। ততশ্চতুর্দ্দশ-পুরুষপর্য্যন্তং পক্ষিণী। ততশ্চ জন্মনামস্মৃতিপর্য্যন্তমেকাহঃ। তথাচ মিতাক্ষরাবিবাদচিন্তামণ্যোর্ব্বৃহন্মনুঃ,—

“সপিণ্ডতা তু পুরুষে সপ্তমে বিনিবর্ত্ততে।
সমানোদকভাবস্তু নিবর্ত্তেতা চতুর্দ্দশাৎ।
জন্মনাম্নঃ স্মৃতেরেকে তৎপরং গোত্রমুচ্যতে ॥”

অত্র সমানোদকত্বৈবিধ্যে পূর্ব্বত্র গৌতমঃ,—“পক্ষিণীমস-পিণ্ডে” ইতি। পরত্র হারীতঃ,—

অত্র বৃহন্মনুবচনে। সমানোদকত্বৈবিধ্যে ইতি আ চতুর্দ্দশাদিত্যেকঃ, জন্মনামস্মৃতেরিতি

রাত্রের পর শুদ্ধি লাভ করে, সকুল্যগণ ত্রিরাত্রে শুদ্ধিলাভ করে, এবং নৈকট্য-সম্বন্ধ ভিন্ন সাধারণতঃ একগোত্রজ মাত্রেই স্নান করিয়া শুদ্ধ হয়।” এস্থলে ইহাও বক্তব্য যে, যদিও ‘সকুল্য’ এই কথাটী এককুলে (বংশে বা গোত্রে) যাহাদের জন্ম হইয়াছে, এইরূপ ব্যুৎপত্তিলভ্য অর্থ অনুসারে একগোত্রজ ব্যক্তি মাত্রেরই বাচক, তথাপি উক্ত বচনে “ত্রিরাত্রাশৌচভাগী হয়,” এইরূপে সকুল্যদিগের নির্দ্দেশ করায়, এস্থলে ‘সকুল্য’ কথাটীকে ‘দশম পুরুষ’ পর্য্যন্তের বোধকই বলিতে হইবে। দশম পুরুষের পর হইতে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত পক্ষিণী অশৌচ, তাহার পর যে পর্য্যন্ত জন্ম ও নামমাত্রের স্মৃতি থাকিবে, সে পর্য্যন্ত একাহ অশৌচ। এ সম্বন্ধে মিতাক্ষরা এবং বিবাদচিন্তামণি নামক গ্রন্থে বৃহন্মনুর একটি বচন উদ্ধৃত হইয়াছে, যথা—“সপ্তম পুরুষেই সপিণ্ডতার পর্য্যবসান হয়, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদকত্ব বর্ত্তমান হয়, কেহ কেহ বলেন, জন্ম এবং নামের স্মৃতি যত পুরুষ পর্য্যন্ত চলিয়া আসে, তত পুরুষ পর্য্যন্ত ‘সমানোদক,’ তাহার পর গোত্র হয়, অর্থাৎ সাধারণ গোত্র এই আখ্যা প্রাপ্ত হয়।” বৃহন্মনুর বচনে সমানোদকত্বের দুইটি পক্ষ দৃষ্ট হইতেছে, এক-পক্ষের মতে চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত সমানোদকত্ব চলিবে, দ্বিতীয় পক্ষের মতে জন্ম ও নামস্মৃতি পর্য্যন্ত। এই দুই পক্ষের মধ্যে পূর্ব্বপক্ষবাদী অর্থাৎ চতুর্দ্দশ

"মাতামহে ত্রিরাত্রং স্যাদেকাহন্ত্বসপিণ্ডকে" ইতি। অত্রৈব "গোত্রজানামহঃ স্মৃতমি"তি জাবালবচনম্। ততঃ পরং সর্ব্বথা সমানোদকতানিবৃত্তিঃ।

"স্নানমাত্রং প্রকুর্ব্বীত স্নাত্বা শুধ্যন্তি গোত্রজা" ইতি বৃহস্পত্যুক্তত্বাদিতি ॥ ১৭৯ ॥

অথ সংক্ষেপঃ।—

জননাশৌচমধ্যে জননাশৌচান্তরপাতে পূর্ব্বাশৌচকালেন শুদ্ধিঃ। পূর্ণাশৌচান্তদিনে পূর্ণাশৌচান্তরপাতে অন্তিমদিনোত্তরদিনদ্বয়েন শুদ্ধিঃ। অন্তিমদিবসীয়োত্তরপ্রভাতে,

চৈকঃ, অতো দ্বৈবিধ্যমিতি। পূর্ব্বত্র আ চতুর্দ্দশাদিত্যত্র। পরত্র জন্মনামস্মৃতেরিত্যত্র। অত্রৈব জন্মনামস্মৃতেরিত্যত্রৈব। সর্ব্বথেতি আ দশমাৎ আ চতুর্দ্দশাৎ ইত্যাদিনানারূপেণ সমানোদকতায়া নিবৃত্তেরিত্যর্থঃ ॥ ১৭৯ ॥

পুরুষ পর্য্যন্ত সমানোদকত্ববাদীদিগের জন্যই গৌতম "অসপিণ্ডে পক্ষিণী" এই বচন দ্বারা পক্ষিণী অশৌচের বিধান করিয়াছেন; আর হারীত যে, "মাতামহে ত্রিরাত্র এবং অসপিণ্ডে একাহ" অশৌচের বিধান করিয়াছেন, তাহা জন্ম-নাম-স্মৃতি পর্য্যন্ত সমানোদকত্ববাদীদিগের জন্যই বলিতে হইবে। জাবালের যে, "গোত্রজদিগের একাহ অশৌচ কথিত হইয়াছে," এইরূপ একটী বচন দৃষ্ট হয়, উহাও জন্মনামস্মৃতিপর্য্যন্ত সমানোদকত্ববাদীদিগের সম্বন্ধেই বুঝিতে হইবে। তাহার পর সর্ব্ব মতানুসারেই সমানোদকত্বের নিবৃত্তি হয়। তাহার পর সাধারণ গোত্রজদিগের জন্য "সাধারণ গোত্রজগণ কেবল মাত্র স্নান করিবে, স্নানেই তাহাদের শুদ্ধি হয়" বৃহস্পতি কর্ত্তৃক এইরূপ একটি বচন উক্ত হইয়াছে। ১৭৯ ॥

পূর্ব্বে অশৌচ সম্বন্ধে যে সকল বিচার করা হইয়াছে, এক্ষণে সংক্ষেপ করিয়া তাহা প্রদর্শিত হইতেছে—

(১) যদি একটি জননাশৌচের মধ্যে আর একটি জননাশৌচ সঙ্ঘটিত হয়, তাহা হইলে পূর্ব্বজাত অশৌচের কাল পর্য্যন্তই উহা স্থায়ী হইবে, পূর্ব্বজাত অশৌচের কাল শেষ হইলেই উভয়াশৌচেরই নিবৃত্তি হইবে।

(২) যদি একটি পূর্ণাশৌচের শেষদিন আর একটি পূর্ণাশৌচ সঙ্ঘটিত

সূর্য্যোদয়াৎ পূর্ব্বং তৎপাতে, সূর্য্যোদয়াবধিদিনত্রয়েণ শুদ্ধিঃ। এবং মরণাশৌচেঽপি। বর্দ্ধিতদিনদ্বয়ত্রয়াভ্যন্তরে অশৌচান্তরপাতে, পূর্ব্বেণ শুদ্ধিঃ। অশৌচনিবৃত্ত্যন্তদিনকৃত্যমেকদৈব, শুদ্ধিদ্বিতীয়দিনকৃত্যং তৎপরদিনে। অত্র চ দশমদিনতৎপ্রভাতয়োঃ স্বপুত্রজননে, পিতৃমাতৃভর্তৃমরণে চ, ন দিনদ্বয়ত্রয়বৃদ্ধিঃ, কিন্তু স্বাবধ্যেব সম্পূর্ণাশৌচমিতি। জ্ঞাতিজননাশৌচ-

অন্যাশৌচ সত্ত্বেঽপি। তত্রাশৌচান্তরঃ। স্বপুত্রয়োর্জ্জননে এতাবতা স্বপুত্রজননাশৌচস্য

হয়, তাহা হইলে ঐ পূর্ণাশৌচের শেষ দিনের আরও দুই দিন পরে শুদ্ধি হইবে, অর্থাৎ আরও দুইদিন অশৌচ বাড়িবে।

(৩) পূর্ণাশৌচের অন্তিম দিনের পরবর্ত্তী প্রভাতে অর্থাৎ যে প্রভাত হওয়াতে ঐ অন্তিম দিনের অবসান হয় সেই প্রভাতে সূর্য্যোদয়ের পূর্ব্বে আর একটি পূর্ণাশৌচ সঙ্ঘটিত হইলে, আরও তিন দিনের পর শুদ্ধি হইবে, অর্থাৎ তাহার পর আরও তিন দিন অশৌচ বাড়িবে।

(৪) উপরে জননাশৌচ সম্বন্ধে যে বক্তব্য করা হইল, মরণাশৌচ স্থলে ঐরূপই বুঝিতে হইবে।

(৫) পূর্ব্বোক্তরূপে বর্দ্ধিত দিনত্রয়ের মধ্যে যদি আর একটি পূর্ণাশৌচ সঙ্ঘটিত হয়, তাহা হইলে, পূর্ব্ববর্দ্ধিতাশৌচের সহিতই উহার নিবৃত্তি হইবে। কাজেই তিন অশৌচের শেষ দিনের কর্ত্তব্য কার্য্য সকলের (ক্ষৌরাদির) সেই একদিনেই অর্থাৎ ত্রয়োদশ দিনের দিনই অনুষ্ঠান করিবে। এবং তিন অশৌচান্তের দ্বিতীয়দিনকর্ত্তব্য কার্য্য সকলের (শ্রাদ্ধাদির) তাহার পর দিনে অর্থাৎ চতুর্দ্দশ দিনের দিন অনুষ্ঠান করিবে।

(৬) এস্থলে ইহাও বক্তব্য যে, পূর্ব্বোক্ত অশৌচের দশম দিনে (শেষ দিনের দিন) অথবা তৎপরবর্ত্তী প্রভাতকালে যদি কোন সপিণ্ডের নিজের ছেলে হয়, অথবা পিতা, মাতা কিম্বা (স্ত্রীলোকের) স্বামীর মৃত্যু হয়, তাহ'লে সেই মহাগুরুনিপাত অশৌচের উক্তরূপ দিনদ্বয় বা দিনত্রয় মাত্র যে বৃদ্ধি হইবে, তাহা নহে, কিন্তু যেদিন অর্থাৎ দশ দিনের দিন, অথবা তৎপরবর্ত্তী প্রভাতে, ঐরূপ অশৌচ সঙ্ঘটিত হইবে, সেই দিন হইতেই সম্পূর্ণাশৌচ হইবে।

(৭) যদি পূর্ব্ব হইতে জ্ঞাতিজননজন্য একটি পূর্ণাশৌচ চলিয়া আসে

মধ্যে স্বপুত্রজননে পূর্ব্বার্দ্ধে পূর্ব্বেণ, পরার্দ্ধে পরেণ শুদ্ধিঃ এবং জ্ঞাতিমরণমধ্যে পিতৃমাতৃভর্ত্তৃমরণে তু পূর্ব্বার্দ্ধে পূর্ব্বাশৌচকালেন, পরার্দ্ধে পরাশৌচকালেন শুদ্ধিঃ। স্বপুত্রজননাশৌচান্তিমদিনতৎপ্রভাতয়োর্জ্ঞাতিজননেঽপি, পিতৃমাতৃভর্ত্তৃমরণাশৌচান্তিমদিনতৎপ্রভাতয়োর্জ্ঞাতিমরণেঽপি, ন দিনদ্বয়ত্রয়বৃদ্ধিঃ কিন্তু পূর্ব্বেণ শুদ্ধিঃ। এবং বর্দ্ধিতপূর্ব্বাশৌচদ্বাদশত্রয়োদশদিনতৎপ্রভাতয়োর্ম্মাতৃপিতৃভর্ত্তৃমরণেঽপি ন দিন-

---

উপান্ত্যদিনপর্য্যন্তং স্বপুত্রজননে পূর্ব্বেণৈব শুদ্ধিঃ। এবমুপান্ত্যদিনপর্য্যন্তং পরস্পরং মাতা-

---

এবং তাহার মধ্যে কোন জ্ঞাতির নিজের ছেলে হয়, এবং ঐরূপ পুত্রজন্ম, যদি পূর্ব্বাশৌচের পূর্ব্বার্দ্ধ অর্থাৎ প্রথম পাঁচ দিনের মধ্যে হয়, তবে পূর্ব্বজাত অশৌচের সঙ্গেই উহার নিবৃত্তি হইবে, আর যদি ঐরূপ পুত্রজন্ম পূর্ব্বজাত অশৌচের পরার্দ্ধে অর্থাৎ শেষ পাঁচ দিনের মধ্যে হয়, তবে যাহার পুত্র জন্মাবে কেবল তাহারই পরজাত পুত্রজন্ম জন্য অশৌচ ঐ পুত্রের জন্মদিন হইতে আবার সম্পূর্ণরূপই হইবে।

(৮) যদি পূর্ব্ব হইতে জ্ঞাতিমরণ জন্য একটি পূর্ণাশৌচ চলিয়া আসে, এবং তাহার মধ্যে কোন জ্ঞাতির পিতা বা মাতার অথবা (কোন স্ত্রীলোকের) ভর্ত্তার মৃত্যু ঘটে এবং ঐরূপ মৃত্যু যদি পূর্ব্বজাত অশৌচের পূর্ব্বার্দ্ধ মধ্যে ঘটে, তবে পূর্ব্বাশৌচের সহিতই পরজাত অশৌচের নিবৃত্ত হইবে; আর যদি ঐরূপ মৃত্যু পূর্ব্বজাত অশৌচের পরার্দ্ধে সঙ্ঘটিত হয়, তবে, যাহার পিতা, মাতা বা ভর্ত্তার মৃত্যু হইবে, কেবল তাহারই ঐ মৃত্যুদিন হইতে আবার সম্পূর্ণরূপই অশৌচ হইবে।

(৯) নিজের পুত্র জন্য অশৌচের অন্তিম দিনে অথবা তৎপরবর্ত্তী প্রভাতে যদি একজন সপিণ্ড জ্ঞাতির জন্ম হয়, কিম্বা পিতা, মাতা, অথবা (স্ত্রীলোকের) ভর্ত্তার মৃত্যুজন্য অশৌচের অন্তিম দিনে অথবা তৎপরবর্ত্তী প্রভাতে কোন সপিণ্ড জ্ঞাতির মৃত্যু হয়, তাহলে পূর্ব্বোক্তরূপ দিনদ্বয় বা দিনত্রয় ধরিয়া আর পূর্ব্ব অশৌচের বৃদ্ধি হইবে না, কিন্তু পূর্ব্বজাত অশৌচের সঙ্গেই নূতন অশৌচের নিবৃত্তি হইবে।

(১০) এবং পূর্ব্বোক্ত নিয়মে পূর্ব্বজাত অশৌচ বারদিন অথবা তের

দিনত্রয়বৃদ্ধিঃ। স্বপুত্রয়োস্তু তথা জননে, মাতাপিত্রোস্তু পরস্পরং তথা মরণে চ দিনদ্বয়ত্রয়বৃদ্ধিঃ। জননাশৌচয়োস্তু সন্নিপাতে পূর্ব্বজাতো যদাশৌচাভ্যন্তরে মৃতস্তদা সপিণ্ডানাং সদাঃশৌচেন পূর্ব্বাশৌচনাশঃ, তন্নাশাদেব পরার্দ্ধজাতপিতৃমাতৃ-ব্যতিরিক্তানাং তেষাং পরজননাশৌচস্য নিবৃত্তিঃ। পূর্ব্ব-

---

দিন বৃদ্ধি পাইবার পর ঐ বার দিনের দিন কিম্বা তৎপরবর্ত্তী প্রভাতে, অথবা ঐ তের দিনের দিন, কিম্বা তৎপরবর্ত্তী প্রভাতে যদি কাহারও পিতা, মাতা অথবা (স্ত্রীলোকের) ভর্ত্তার মৃত্যু হয় তাহলে অশৌচের বৃদ্ধি হইবে না। পূর্ব্ববর্দ্ধিত অশৌচের সহিতই পরোক্তপর্য মহাগুরুনিপাত জন্য অশৌচেরও শেষ হইবে।

(১১) যদি কোন ব্যক্তির প্রথমে এক স্ত্রীর গর্ভে একটি পুত্র জন্মায়, ঐ পুত্রজন্মজন্যাশৌচের দশদিনের দিন অথবা তৎপরবর্ত্তী প্রভাতে, (অবশ্য অপর স্ত্রীর গর্ভেই বলিতে হইবে) আর একটি পুত্র জন্মায়, তাহলেও পূর্ব্বা-শৌচেরই যথাক্রমে দুই দিন অথবা তিন দিন বৃদ্ধি হইবে। এইরূপ মাতার মৃত্যু জন্য অশৌচের দশদিনের দিন অথবা তৎপরবর্ত্তী প্রভাতে যদি পিতার মৃত্যু হয়, কিম্বা পিতার মৃত্যু জন্য অশৌচের দশদিনের দিন অথবা তৎপরবর্ত্তী প্রভাতে যদি মাতার মৃত্যু হয়, এই উভয় স্থলে পূর্ব্বাশৌচেরই যথাক্রমে দুই দিন অথবা তিন দিন বৃদ্ধি পাইবে। (ঋ) টীকাকার কাশীরাম বলেন, এই যে নিজের পুত্রজন্মজন্য অশৌচের শেষ দিনে আর একটি স্বপুত্র জন্মিলে দুই দিন এবং তৎপরবর্ত্তী প্রভাতে দ্বিতীয় পুত্র জন্মিলে তিন দিন অশৌচবৃদ্ধির কথা বলা হইল, ইহাদ্বারা সূচনা করা হইয়াছে যে, প্রথম পুত্রজন্য জন্মাশৌচের অন্তিম দিনের আগের দিন পর্য্যন্ত দ্বিতীয় পুত্রের জন্ম হইলে, আর অশৌচের বৃদ্ধি হইবেনা। পিতা ও মাতার মৃত্যু সম্বন্ধেও এইরূপ বুঝিতে হইবে।

(১২) দুইটি জননাশৌচের এককালে সন্নিপাত হইলে, যে দুইটি বালকের জন্ম হেতু ঐ দুইটি অশৌচ ঘটিয়াছে, তাহাদের মধ্যে প্রথমজাত বালকটি যদি অশৌচের মধ্যেই মৃত হয়, তাহা হইলে তন্মৃত্যুজন্য সপিণ্ডদিগের সদ্যঃ

(অ) আমরা যে এস্থলে পাঁচদিন বলিলাম, তাহা কেবল বুঝাইবার জন্য, ইহাদ্বারা যে বর্ণের যতদিন অবধি পূর্ণাশৌচ, তাহার অর্দ্ধেক দিনই বুঝিতে হইবে।

জাতপিত্রোরস্পৃশ্যত্বযুক্তং স্বস্বকালে জননাশৌচম্। পরজাত-মরণে তু ন তথা, তস্য পূর্ব্বজননাশৌচাবধি স্থায়িত্বাদিতি গুরু-চরণাঃ। এবং দ্বিতীয়জাতপিত্রোস্তু পূর্ব্বার্দ্ধজাত-মরণে পূর্ব্বা-শৌচকালাবধি অস্পৃশ্যত্বযুক্তমশৌচম্, পরার্দ্ধজাতমরণে তু স্বাবধি জননাশৌচম্ অস্পৃশ্যত্বযুক্তমিতি। ঔৎসর্গিকসম-সংখ্যদিবসীয়-জননমরণাশৌচয়োঃ সন্নিপাতে মরণাশৌচকালেন

পিত্রোর্ম্মরণে পূর্ব্বেণৈব শুদ্ধিরিতি সূচিতম্। গুরুচরণা ইতি পূর্ব্বার্দ্ধপাতিত্ব-পরার্দ্ধপাতি-ত্বাভ্যাং ন ব্যবস্থাভেদ ইতি প্রামাণ্যার্থমুক্তম্। এবঞ্চ তস্য পূর্ব্বজননাশৌচাবধি স্থায়িত্বে চ। পূর্ব্বার্দ্ধজাতমরণে পূর্ব্বার্দ্ধজাতদ্বিতীয়মরণে। ঔৎসর্গিকেতি স্বরূপকথনমাত্রম্। দ্বাদশা-

---

শৌচ হওয়ায়, উহাদ্বারা পূর্ব্বজাত বালকের জন্মজনিত অশৌচেরও নাশ হইবে, ঐ পূর্ব্বজাত বালকের জননাশৌচের নাশের সহিতই পরজাত বালকের জন্ম-জন্য অশৌচেরও নিবৃত্তি হইবে। আর যদি পরজাত বালক, পূর্ব্বজাত বালক-জন্মজন্য অশৌচের পরার্দ্ধে জন্ম গ্রহণ করে, তাহলে ঐ পরজাত বালকের মাতা-পিতারই কেবল স্বপুত্রের জন্মদিন হইতে সম্পূর্ণ জননাশৌচ হইবে। পূর্ব্বজাত বালকের মৃত্যুতে তাহার পিতা-মাতার ঐ মৃত্যুকাল হইতেই পুত্রজন্য জননাশৌচই অস্পৃশ্যত্ব রূপ ধর্ম্মযুক্ত হইবে, সুতরাং পুত্রের মৃত্যুতে তাহাদের পূর্ব্ব অশৌচের আর নিবৃত্তি হইবেনা। পরে উৎপন্ন বালকের মৃত্যুতে কিন্তু সেরূপ পূর্ব্বাশৌচের নিবৃত্তি হইবেনা; কারণ, তাহার মৃত্যুজন্য অশৌচ পূর্ব্বোৎপন্ন জননাশৌচের নির্দ্দিষ্ট সীমা অবধিই স্থায়ী হয়, এইরূপ ব্যবস্থা স্মার্ত্তের গুরুর সম্মত পরোৎপন্ন বালক, যদি পূর্ব্বজননাশৌচের প্রথমার্দ্ধের মধ্যে জন্ম গ্রহণ করে, এবং ঐ পূর্ব্বাশৌচের মধ্যেই মৃত হয়, তাহলে ঐ পরোৎপন্ন বালকের মৃত্যুতে উহার পিতা-মাতারও পূর্ব্বাশৌচের নির্দ্দিষ্ট সীমা অবধিই অস্পৃশ্যত্বযুক্ত অশৌচ হইবে। পরোৎপন্ন বালক যদি পূর্ব্বাশৌচের পরার্দ্ধে জন্ম গ্রহণ করে, এবং পূর্ব্বাশৌচের মধ্যেই মৃত হয়, তাহা হইলে, বালকের মৃত্যুতে উহার জন্মদিন হইতে জাত জননাশৌচই আপনার নির্দ্দিষ্ট সীমা অবধি [illegible] তার পক্ষে অস্পৃশ্যত্বরূপ গুরুধর্ম্মযুক্ত হইবে।

(১৩) স্বরূপতঃ তুল্যদিনব্যাপী জননাশৌচ, এবং মরণাশৌচের এককালে সম্মিলন হইলে, মরণাশৌচের সহিতই জননাশৌচের নিবৃত্তি হইবে। কিন্তু

শুদ্ধিঃ। তদন্যকালয়োস্তু দীর্ঘাশৌচকালেন শুদ্ধিঃ। ততশ্চ পুত্রবত্যা বিংশতিরাত্রাশৌচান্তদিনে পত্যুর্ম্মরণে বহুকালীনাশৌচকালেন শুদ্ধিঃ। তথা সপিণ্ডদ্বয়জননজাত-দ্বাদশাহান্ত ত্রয়োদশাহান্তদিনে পিতৃ-মাতৃ-ভর্তৃমরণেঽপি বহুকালীনাশৌচকালেন শুদ্ধিঃ। একাহে মরণদ্বয়ে যাবদশৌচং সর্ব্বগোত্রাস্পৃশ্যত্বম্। এবং সমানোদকমরণে অস্পৃশ্যত্বমেকরাত্রম্। বিদ্যুদাদিমরণেঽপি তথা। সৈতৎ ত্রিরাত্রং গুরু, বিদেশ-

এককালে সম্মিলিত জননাশৌচ এবং মরণাশৌচ যদি তুল্যদিনব্যাপী না হয়, অর্থাৎ উহাদের মধ্যে একটি বহুদিন এবং অন্যটি অল্পদিন ব্যাপী হয়, তবে অধিকদিনব্যাপী অশৌচের সহিতই অল্পদিনব্যাপী অশৌচের নিবৃত্তি হইবে।

(১৪) বহুদিনব্যাপী অশৌচের সহিত অল্পদিনব্যাপী অশৌচের নিবৃত্তি হয় বলিয়াই পুত্রপ্রসবিনীর পুত্রজন্ম জন্য বিংশতিদিনব্যাপী অশৌচের শেষ দিনেও যদি পতির মৃত্যু হয়, তবে ঐ বহুদিনব্যাপী পুত্রজন্ম-জন্য অশৌচের সহিতই পতির মৃত্যুজন্য অশৌচের নিবৃত্তি হইবে।

বহুদিনব্যাপী অশৌচের সহিত অল্পদিনব্যাপী অশৌচের নিবৃত্তি হয় বলিয়াই প্রথমে একটি সপিণ্ডের জন্মহেতু যে দশদিন অশৌচ হইয়াছিল, তাহার অন্তদিনে অথবা তৎপরবর্ত্তী প্রভাতে আর একটি সপিণ্ডের জন্মহেতু যথাক্রমে দিনদ্বয় বা দিনত্রয় পূর্ব্বাশৌচের বৃদ্ধিনিবন্ধন দ্বাদশাহ অথবা ত্রয়োদশাহব্যাপী জননাশৌচের অন্তদিনে পিতা বা মাতার মৃত্যুজন্য অশৌচও ঐ বহুকালব্যাপী জননাশৌচের সহিতই নিবৃত্ত হইবে।

(১৫) একদিনে সপিণ্ডদ্বয়ের মৃত্যুতে যাবৎকাল অশৌচ তাবৎকাল পর্য্যন্ত অস্পৃশ্যত্ব হয়, সুতরাং উহা একটি গুরু অশৌচ। পূর্ব্বে একটি সপিণ্ডের মৃত্যুজন্য মরণাশৌচ ঘটিয়াছে, ঐ অশৌচের মধ্যেই একদিনে যদি আর দুইটি সপিণ্ডে মৃত্যু হয়, তাহা হইলে প্রথমজাত অশৌচ অপেক্ষা দ্বিতীয় অশৌচের গুরুত্বহেতু পূর্ব্বাশৌচের সহিত উহার নিবৃত্তি হইবে না, কিন্তু উহার যেদিন হইতে আরম্ভ হইয়াছে, সেইদিন হইতেই আপনার নির্দ্দিষ্ট পূর্ণকাল অবধি স্থায়ী হইবে। সমানোদকদিগের মৃত্যুতে একদিন মাত্র অস্পৃশ্যত্ব হয়। বিদ্যুৎ আদি দ্বারা মৃত্যুতেও ঐ একদিন জ্ঞাতিগণের অস্পৃশ্যত্ব হইয়া থাকে।

মরণত্রিরাত্রং লঘু, স্নানেনৈব অস্পৃশ্যত্বনিবৃত্তেঃ। এতয়োরুভয়োঃ সন্নিপাতে গুরুণৈব শুদ্ধিঃ। এবং বিদেশমৃতজ্ঞাতিত্রিরাত্রাৎ বিদেশমৃতপিতৃমাতৃভর্তৃত্রিরাত্রং গুরু, সম্পূর্ণাশৌচে তু অশক্তানামপি যাবদশৌচম্ অক্ষারলবণাদ্যাশিত্বদর্শনাৎ। অত্রাপি তাবৎকালং তথাসিদ্ধত্বাৎ তত্রাপি গুরুণৈব শুদ্ধিঃ; তুল্যত্রিরাত্রয়োস্তু সন্নিপাতে পূর্ব্বেণৈব শুদ্ধিঃ। তথা কন্যাপুত্রযমজোৎপত্তৌ মাতুর্মাসেন শুদ্ধিঃ। তয়োরশৌচমধ্যে তু একতরমরণে শূদ্রাভিন্নমাতুঃ কন্যামরণাৎ শুদ্ধিঃ, ন তু পুত্র-

হান্তদিনে ইত্যুপলক্ষণম্, একাদশদিনেঽপি বোধ্যম্। বিদেশমৃতপিতৃমাতৃভর্তৃত্রিরাত্রস্য গুরুত্বে হেতুমাহ সম্পূর্ণেতি। তাবৎকালমিতি ত্রিরাত্রাদিমরণেঽশৌচানন্তরমপি

সুতরাং বিদ্যুৎ আদি দ্বারা মৃত্যু জন্য ত্রিরাত্রাশৌচ গুরু, এবং বিদেশমৃত্যু শ্রবণজন্য ত্রিরাত্রাশৌচ লঘু; কারণ,বিদেশমৃত্যু শ্রবণজন্য অশৌচে যে অস্পৃশ্যত্ব জন্মে তাহার স্নান দ্বারাই নিবৃত্তি হয়। বিদ্যুৎ আদি দ্বারা মৃত্যুজন্য ত্রিরাত্রাশৌচ এবং বিদেশমৃত্যুশ্রবণজন্য ত্রিরাত্রাশৌচ, এই উভয় অশৌচ এককালে সম্মিলিত হইলে গুরু অশৌচের সহিতই লঘু অশৌচের নিবৃত্তি হইবে।

(১৬) অস্পৃশ্যত্বের তারতম্যই অশৌচের গুরুত্ব বা লঘুত্বের মূল হওয়াতেই বিদেশমৃতজ্ঞাতির ত্রিরাত্রাশৌচ অপেক্ষা, বিদেশমৃত পিতা, মাতা বা (স্ত্রীলোকের) ভর্তার ত্রিরাত্রাশৌচকে গুরু বলিতে হইবে; কারণ পিতা, মাতা বা ভর্তার মৃত্যুর সম্পূর্ণ অশৌচস্থলে অশক্ত পুত্র প্রভৃতির পক্ষেও অশৌচের নিবৃত্তি না হওয়া পর্য্যন্ত অক্ষারলবণ ভোজন বিহিত হওয়ায়, ঐ সকল মহাপুরুষের মৃত্যু জন্য ত্রিরাত্রাশৌচস্থলেও অশৌচকাল পর্য্যন্ত অক্ষারলবণ ভোজন করিতে হইবে; তাহা আপনা হইতে সিদ্ধ হইতেছে, সুতরাং বিদেশমৃত জ্ঞাতির ত্রিরাত্রাশৌচ এবং বিদেশমৃত পিত্রাদির ত্রিরাত্রাশৌচ এককালে সম্মিলিত হইলে, গুরু অশৌচের সহিতই লঘু অশৌচের নিবৃত্তি হইবে। তুল্যরূপ ত্রিরাত্রাশৌচের এককালে সম্মিলন হইলে কিন্তু পূর্ব্বাশৌচের সহিতই পরাশৌচের নিবৃত্তি হইবে।

(১৭) যদি কন্যা এবং পুত্র যমজভাবে উৎপন্ন হয়, তাহা হইলে, মাতার মাসান্তে অশৌচের নিবৃত্তি হইবে। এবং অশৌচের মধ্যে যদি ঐ যমজ কন্যা

মরণাৎ। অত্রাঙ্গাস্পৃশ্যত্বযুক্তকন্যাজননাশৌচান্তং তদশৌচম্। অন্যেষান্তু প্রথমজাতমরণাচ্ছুদ্ধিঃ, ন পরজাতমরণাৎ। এবমন্যস্তাবাৎ সুধীভিঃ। ইত্যশৌচসঙ্করঃ ॥ ১৭০ ॥

অথ বিদেশস্থাশৌচম্।

অশৌচাভ্যন্তরে বিদেশস্থাশৌচশ্রবণে শেষাহোভিঃ শুদ্ধিঃ। অশৌচকালোত্তরশ্রবণে তু জ্ঞাতিজননে অশৌচং নাস্তি, পুত্রজননে তু সচেলস্নানাচ্ছুদ্ধিঃ। মরণাশৌচে তু বর্ষাভ্যন্তরে শ্রুতে ত্র্যহেণ শুদ্ধিঃ, সচেলস্নানাদস্পৃশ্যত্বনিবৃত্তিঃ; বর্ষোত্তর-

দিনত্রয়মক্ষারলবণান্নাশিত্বমতো বিদেশস্থপিত্রাদিমরণে পঞ্চরাত্রমক্ষারলবণান্নাশিত্বমিতি সিদ্ধবো বোধ্যঃ ॥ ১৮০ ॥

ও পুত্রের মধ্যে একের মৃত্যু হয়, তাহ'লে শূদ্রজাতীয় ভিন্ন অপরজাতীয় মাতা মাত্রেরই কন্যার মরণে অশৌচের নিবৃত্তি হইবে, পুত্রমরণে অশৌচের নিবৃত্তি হইবে না; কারণ, পুত্রমৃত্যুজন্য অশৌচ, অঙ্গাস্পৃশ্যত্বযুক্ত কন্যাজননাশৌচের নির্দ্দিষ্ট সীমা পর্য্যন্ত স্থায়ী হইবে। মাতা ভিন্ন অপর ব্যক্তিদিগের পক্ষে ঐ যমজের মধ্যে প্রথম উৎপন্নের মৃত্যুতেই অশৌচের নিবৃত্তি হইবে, পরোৎপন্নের মৃত্যুতে নহে। সুধীগণ এইরূপ অন্যান্য অশৌচসঙ্কর স্থলে আপনারাই বিচার করিয়া স্থির করিবেন। অশৌচসঙ্করের বিচার সমাপ্ত হইল। ১৭০ ॥

বিদেশস্থ অশৌচের কথা।

(১) বিদেশে মৃত জ্ঞাতির অশৌচের মধ্যে যদি ঐ অশৌচের শ্রবণ হয়, তাহা হইলে, সেই অশৌচের যতদিন অবশিষ্ট থাকিবে, সেই কয়দিন মাত্র অশৌচ থাকিবে।

(২) বিদেশস্থ জ্ঞাতিজনন জন্য অশৌচ অতীত হইবার পর যদি উহার শ্রবণ করা হয়, তবে সাধারণ জ্ঞাতিজননস্থলে আর অশৌচ হইবে না, নিজ পুত্রজননস্থলেও কেবল সবস্ত্র স্নান করিলেই শুদ্ধি হইবে।

(৩) বিদেশস্থ জ্ঞাতিমরণ জন্য অশৌচের অশৌচের দিন অতীত হইবার পর এক বৎসরের মধ্যে শ্রবণ ঘটিলে, তিন দিন মাত্র অশৌচ হইবে

শ্রবণে স্নানেন শুদ্ধিঃ সপিণ্ডানাম্। মাতৃপিতৃভর্তৃ-মরণে তু বর্ষোত্তরমেকাহেন শুদ্ধিঃ, দ্বিবর্ষোত্তরশ্রবণে স্নান-মাত্রম্। পূর্ণাশৌচাতিক্রমে ত্র্যহাশৌচম্, ন তু বালাদ্যশৌচাতিক্রমে, সর্পদংশাদিমৃতে ত্রিরাত্রাদি বিদেশস্থাশৌচম্ ॥১৭১॥

অথ গর্ভস্রাবাশৌচম্।

গর্ভস্রাবে তু স্ত্রীণামেব ষণ্মাসাভ্যন্তরেঽশৌচম্, তচ্চ লৌকিকে কর্ম্মণি মাসসমসংখ্যদিনব্যাপকম্; দ্বিতীয়মাসাবধি মাসসমসংখ্যদিনাধিক্যাৎ একদিনাৎ পরং ব্রাহ্মণ্যা বৈদিককর্ম্মাধিকারঃ। দ্বিতীয়ে ত্রিভিঃ, তৃতীয়ে চতুর্ভিরেবং ক্রমেণ, ক্ষত্রি-

অথ বিদেশস্থাশৌচম্। ন বালাদ্যশৌচাতিক্রমে ন খণ্ডাশৌচাতিক্রমে; তদুক্তং প্রামাণিকৈঃ—"ন খণ্ডে খণ্ডমিষ্যতে" ইতি। খণ্ডাশৌচাতিক্রমেঽপি যত্র মরণমাত্রং শ্রুতং, দিনমাসাদিকন্তু বিশিষ্য ন জ্ঞাতং, তত্র শ্রবণদিনাবধি স্বস্বজাত্যুক্তাশৌচমিত্যোড্রদেশীয়াঃ ॥১৮১॥

অথ গর্ভস্রাবাশৌচম্। মাসসমসংখ্যদিনাধিকাদিতি ব্রাহ্মণীক্ষত্রিয়াবৈশ্যাশূদ্রাণাং

এবং সবস্ত্র স্নানদ্বারা অস্পৃশ্যত্বের নিবৃত্তি হইবে। একবৎসরের পর শ্রবণ ঘটিলে সাধারণ সপিণ্ডদিগের স্নানেই শুদ্ধ হইবে। নিজের মাতা ও পিতার মৃত্যু জন্য অশৌচ যদি এক বৎসরের পর শুনা যায়, তবে একদিনমাত্র অশৌচ হইবে, দুই বৎসরের পর শ্রবণ করিলে কেবল স্নানেই অশৌচের নিবৃত্তি হইবে।

(৪) পূর্ণাশৌচের দিন অতীত হইয়া গেলে, অশৌচ শ্রবণে ত্রিরাত্রাশৌচ হইবে। বালাদির মৃত্যুজন্য খণ্ডাশৌচের দিন কাটিয়া যাইবার পর উহার শ্রবণে আর অশৌচ হইবে না। সর্পদংশনাদিতে মৃতব্যক্তির তিন রাত্রি মাত্র অশৌচ হইবে ॥ ১৭১ ॥

গর্ভস্রাবাশৌচ।

(১) ছয়মাসের মধ্যে গর্ভস্রাব হইলে, স্ত্রীদিগেরই লৌকিক (ঘরকন্নার) ব্যবহারে মাত্র যতমাসের গর্ভ, ততদিন অশৌচ হইবে, এবং দুইমাসের গর্ভ হইতে মাসের সমসংখ্যক দিন অপেক্ষা ব্রাহ্মণ আদি জাতিভেদে একদিন করিয়া অধিক

য়ায়া দিনদ্বয়াৎ, বৈশ্যায়া দিনত্রয়াৎ, শূদ্রায়াস্তু ষষ্ঠদিনাদিতি হারলতাপ্রভৃতয়ঃ। সপ্তমাষ্টমমাসয়োঃ গর্ভপতনে স্ত্রীণাং সম্পূর্ণাশৌচম্। নির্গুণসপিণ্ডানাং পিত্রাদীনাম্ অহোরাত্রম্, যথেষ্টাচরণ-সপিণ্ডানাং ত্রিরাত্রম্; তচ্চ জাতস্য তদ্দিন এব মরণে জ্ঞেয়ং, দ্বিতীয়দিনাদৌ তু নবমাদিমাসজাতবালক-মরণবৎ ॥ ১৭২ ॥

যথাক্রমং মাসসমসংখ্যদিনাতিরিক্তম্ একরাত্রং, দ্বিরাত্রং, ত্রিরাত্রং, ষড়্রাত্রঞ্চ দৈবপৈত্র-কর্ম্মানধিকারো বোধ্যঃ। নির্গুণসপিণ্ডানামিতি পিত্রাদীনামিত্যর্থঃ ॥ ১৭২ ॥

